দ্বিতীয় সংস্করণ

সংসদ সমার্থশব্দকোষ

অশোক মুখোপাধ্যায়

সমাজতত্ত্বকোষ

সাহিত্য
সংসদ

কয়েকটি অভিমত

সুবোধচন্দ্র সেনগুপ্ত

"সমার্থশব্দকোষ (সংসদ) বঙ্গভাষা ও সাহিত্যে একটি অতুলনীয় সংযোজন। ... যাঁহারা বাহুল্যবর্জিত, প্রসাদগুণবিশিষ্ট অথচ তাৎপর্যসমৃদ্ধ বাংলা লিখিতে অগ্রসর হইবেন, তাঁহারা নিশ্চয়ই এই গ্রন্থের সমাদর করিবেন।"

সত্যজিৎ রায়

"সমার্থশব্দকোষ ব্যবহার করে আমি বিশেষ উপকৃত হয়েছি। বাংলায় থিসরাস ছিল না, এই বই সে অভাব পূরণ করবে। যে-কোনো বাংলা লেখকের পক্ষেই বইটি অপরিহার্য বলে আমি মনে করি।"

অমিতাভ চৌধুরী

"এমন উপকারী ও দরকারি বন্ধু আর নেই। বাংলায় প্রকৃত থিসরাস তিনিই উপহার দিলেন।"

আনন্দবাজার পত্রিকা

"একথা দ্বিধাহীনভাবে বলা চলে যে কী পূর্ণাঙ্গতার বিচারে, কী সামগ্রিক উপযোগিতার বিচারে সমার্থশব্দকোষ যেকোনও বাংলা-ভাষা-ব্যবহারকারীর টেবিলে রাখার মতো বই।"

যুগান্তর

"এতদিনে বাংলায় একটি প্রয়োজনীয় থিসরাস হলো।"

কয়েকটি অভিমত

দৈনিক বসুমতী

"আলোচ্য সংকলনটি শুধুমাত্র গবেষক বা সাহিত্যের ছাত্র নয়, সমস্ত শ্রেণীর মানুষের চাহিদা মেটাবে বলেই বিশ্বাস।"

প্রতিক্ষণ

"সুখের বিষয় অশোক মুখোপাধ্যায় কিছুদিন আগে 'সমার্থশব্দকোষ' প্রকাশ করে বহুদিনের অভাব মোচন করলেন। বৈজ্ঞানিক পন্থা অনুসরণে তিনি পরিশ্রমী ও আন্তরিক। সাহিত্য সংসদ প্রকাশন সংস্থাকেও ধন্যবাদ এরকম একটা বই যত্ন করে ছাপিয়ে প্রকাশ করার জন্য।" (বিজিতকুমার দত্ত)

পরিচয়

"এটি আদ্যন্ত সুসংকলিত ও সুমুদ্রিত। সংকলকের নিরলস ও নিশ্ছিদ্র পরিশ্রম এবং প্রকাশকের তরফে মুদ্রণ পারিপাট্যের ছাপ এত স্পষ্ট যে তা আঙুল তুলে নির্দেশ করার প্রয়োজন করে না। ... এই থিসরাসটি প্রকৃত অর্থেই পূর্ণাঙ্গ।" (সুভাষ ভট্টাচার্য)

আনন্দমেলা

"সাহিত্য সংসদের অভিধানগুলি গত তিরিশ বছর ধরে বাঙালি পাঠকের কাজে লাগছে। অভিধান প্রকাশে তাঁরা একটি ঐতিহ্য এদেশে সৃষ্টি করেছেন। সমার্থশব্দকোষ সেই ঐতিহ্যকেই আরও জোরদার করবে।"

সংসদ
সমার্থশব্দকোষ

পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ

অশোক মুখোপাধ্যায়

সংকলন ও সম্পাদন সহযোগিতা
সোমা মুখোপাধ্যায়

সাহিত্য সংসদ

৩২এ আচার্য প্রফুল্ল চন্দ্র রোড
কলিকাতা-৯

© অশোক মুখোপাধ্যায়

SAMSAD SAMARTHASABDA KOSH
(Bengali Thesaurus)
by Ashoke Mukhopadhyay

ISBN 978-81-85626-09-X

প্রচ্ছদ : ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

প্রথম প্রকাশ : জানুয়ারি ১৯৮৭
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ : জুন ১৯৮৮
সংশোধিত পুনর্মুদ্রণ : ১৯৯০;
১৯৯২; ১৯৯৪; ১৯৯৪
সংশোধিত সপ্তম মুদ্রণ : ১৯৯৬
অষ্টম মুদ্রণ : এপ্রিল ১৯৯৮
নবম মুদ্রণ : মার্চ ২০০০
দশম মুদ্রণ : ফেব্রুয়ারি ২০০১
একাদশ মুদ্রণ : মে ২০০৩
দ্বাদশ মুদ্রণ : এপ্রিল ২০০৫
ত্রয়োদশ মুদ্রণ : আগস্ট ২০০৭
চতুর্দশ মুদ্রণ : ফেব্রুয়ারি ২০১০
পঞ্চদশ মুদ্রণ : আগস্ট ২০১০
ষষ্ঠদশ মুদ্রণ : মার্চ ২০১১
সপ্তদশ মুদ্রণ : নভেম্বর ২০১১

প্রকাশক
দেবজ্যোতি দত্ত
শিশু সাহিত্য সংসদ প্রা. লি.
৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলকাতা ৭০০ ০০৯

মুদ্রক
নটরাজ অফসেট
১ নিরঞ্জন পল্লি, তেঁতুলতলা
কলকাতা ৭০০ ১৩৬

₹ 150.00

প্রকাশকের নিবেদন

(দ্বিতীয় সংস্করণ)

আশাতীত স্বল্পসময়ের মধ্যে সংসদ সমার্থশব্দকোষের প্রথম সংস্করণ নিঃশেষিত হইয়া যায়। ইহাতে প্রতীয়মান হয় যে পাঠক মহলের একটি দীর্ঘকালীন অভাব বইটি মিটাইতে পারিয়াছে। বহু সুধীব্যক্তি মতামত প্রকাশের অবকাশে বইটির কিছু ত্রুটিবিচ্যুতির প্রতিও আমাদের দৃষ্টি আকর্ষণ করেন। এই ধরনের বই বার বার সংশোধিত ও পরিবর্ধিত হইয়াই পূর্ণাঙ্গ হয়। সেই কারণে পুনর্মুদ্রণ না করিয়া নূতন সংস্করণ করার সিদ্ধান্ত লওয়া হয় এবং তদনুযায়ী ইহা সম্পূর্ণ নূতনরূপে গ্রথিত করিয়া দ্বিতীয় সংস্করণ প্রকাশ করা হইল এবং এইজন্য প্রকাশে কিছু বিলম্ব ঘটিল।

এই জাতীয় গ্রন্থ সর্বদাই আরও উৎকর্ষের অপেক্ষা রাখে। পাঠকদের নিকট আমাদের অনুরোধ, এই গ্রন্থ বিষয়ে যে কোনোরকম মতামত, ত্রুটি সংশোধন আমাদের অবগত করিয়া বাধিত করিবেন।

এই সংস্করণে আমরা কিছু স্বরচিহ্নকে স্বচ্ছ করিবার উদ্যোগ নিয়াছি। এই কারণে শু, রু, গু, রূ, হৃ প্রভৃতির পরিবর্তে শু, রু গু রূ 'হৃ ইত্যাদি রূপ গ্রহণ করা হইয়াছে।

এই সংস্করণের প্রস্তুতিতে সংশ্লিষ্ট সকলকে এবং সংকলকদ্বয়কে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

প্রকাশকের নিবেদন

সাহিত্য সংসদ প্রকাশিত অভিধানগুলি বিগত তিরিশ বছর ধরিয়া বাংলাভাষাভাষী সহৃদয় পাঠকের আনুকূল্য লাভ করিয়া আসিতেছে। পাঠককুলের নিকট হইতে প্রাপ্ত এই নিরবচ্ছিন্ন আস্থা আমাদের দায়িত্ব-বিষয়েও সচেতন করিয়াছে। প্রচলিত অভিধানগুলির পরিবর্ধন ও পরিমার্জনের জন্য আমরা সাধ্যানুযায়ী চেষ্টা চালাইয়া যাইতেছি। অন্যদিকে ভিন্নতর ও নতুন ধরনের অভিধান প্রকাশনার চেষ্টাও করিয়া যাইতেছি। এইরূপ অভিধানের মধ্যে আছে চরিতাভিধান এবং সমার্থশব্দকোষ বা থিসরাস। এই সমার্থশব্দকোষটি পাঠকের হাতে তুলিয়া দিতে পারিয়া কৃতার্থবোধ করিতেছি। আশা করি, আমাদের অন্যান্য অভিধানের মতন এই সমার্থশব্দকোষও পাঠকদের কাছে যথাযোগ্য সমাদর পাইবে।

সমার্থশব্দকোষ-জাতীয় অভিধান বঙ্গভাষায় অধিক নাই। ইহার দোষগুণ, বিন্যাসপদ্ধতি, ব্যবহারযোগ্যতা প্রভৃতির পুঙ্খানুপুঙ্খ বিচার এবং প্রকৃত মূল্যায়ন একমাত্র পাঠকেরাই করিতে পারিবেন। এই বিষয়ে আপনাদের যেকোনও মতামত, সমালোচনা, ত্রুটিনির্দেশ আমাদের দপ্তরে জানাইয়া বাধিত করিবেন। বলা বাহুল্য, আপনাদের অভিমতই এই জাতীয় গ্রন্থের ভবিষ্যৎ সংস্করণগুলির পথনির্দেশক হইবে।

এই পুস্তক প্রকাশ আমরা আগাগোড়া ফটোটাইপ সেটিং পদ্ধতিতে করিয়াছি। ইহাতে মুদ্রণসৌকর্য বৃদ্ধি পায়, এবং অপেক্ষাকৃত কম স্থানে অধিক শব্দের স্থান সংকুলান হয়। তবে, ফটোটাইপ সেটিং-এর এই পদ্ধতিতে কিছু যুক্তবর্ণ এখনও পরিষ্কার ছাপানো যায় না। যেমন, ধ-এ ম, ট-এ ম, ক-এ ত-এ র-ফলা, গ-এ ধ-এ র-ফলা, এবং গ-এ দ। খুব বেশি শব্দে অবশ্য ইহাদের প্রয়োগ নাই। এইসব যুক্তবর্ণ হাতে আঁকিয়া করিতে হইয়াছে বলিয়া কিঞ্চিৎ বিসদৃশ মনে হইতে পারে। এই যন্ত্রে ড়-এ উ-কার জুড়িলে উ-কারের চিহ্ন ড়-এর বিন্দুকে ঢাকিয়া দেয়। এইরকম ক্ষেত্রে ওই বিন্দু পরে হাতে যুক্ত করা হইয়াছে—ইহা সর্বত্র একই রকম হয় নাই।

বর্ণানুক্রমিক সূচীটি ছোট অক্ষরে ছাপা হইয়াছে—তাহাতে এক পৃষ্ঠায় পাঁচ কলম শব্দ স্থান পাইয়াছে। বর্ণানুক্রমিক সূচীটি একটানা পড়িবার প্রয়োজন পাঠকের হইবে না বলিয়াই ছোট অক্ষরের নির্বাচন। ইহাতে পৃষ্ঠাসংখ্যা কমানো গিয়াছে। এখন ছাপাখরচ ও কাগজের মূল্য খুবই বেশি। পুস্তকের কলেবর কমাইতে পারিলে তাহাকে অপেক্ষাকৃত সুলভমূল্যেও দেওয়া যায়। এই গ্রন্থের মূল্যও যথাসম্ভব কম রাখিবার চেষ্টা করা হইয়াছে।

ভিন্ন ধরনের এই শব্দকোষটি রচনার জন্য আমরা সঙ্কলককে অশেষ ধন্যবাদ জ্ঞাপন করি। বাংলাভাষা-চর্চাকারীদের নিকট ইহা সমাদৃত হইলে পরিশ্রম সার্থক জ্ঞান করিব।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

এই সংস্করণে বইটির মূল কাঠামোর কোনো পরিবর্তন করা হয় নি। এটি একটি পরিবর্ধিত সংস্করণ। এবং সেইসঙ্গে সংশোধিত। প্রথম সংস্করণের তুলনায় বইটির আকার প্রায় শতকরা পঁচিশ ভাগ বেড়েছে এবং ওই একই হারে বেড়েছে শব্দসংখ্যাও, সামান্য কিছু শব্দের অবস্থানের জায়গা বদলেছে এবং বর্ণানুক্রমিক সূচিও সেইমতো পরিবর্তিত হয়েছে।

প্রথম সংস্করণের ভূমিকায় সমার্থশব্দকোষের উপযোগিতা ও ব্যবহারবিধির আলোচনা ছিল। প্রয়োজনীয় মনে হওয়ায় ভূমিকাটি আবারও মুদ্রিত হল, তবে এর সামান্য কিছু অপ্রয়োজনীয় অংশ বাদ দেওয়া হয়েছে।

এই সংস্করণের কাজেও অনেক মূল্যবান উপদেশ ও সাহায্য পেয়েছি। সংযোজনোপযোগী শব্দের একটি দীর্ঘ তালিকা পাঠিয়েছেন শ্রীজিতেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়। পরিমার্জনা ও সংশোধন বিষয়ে যাঁরা নানাভাবে সাহায্য করেছেন, তাঁদের মধ্যে আছেন শ্রীশঙ্খ ঘোষ, শ্রীস্বপন মজুমদার, শ্রীপবিত্র সরকার, শ্রীবিমল বাজপেয়ী, শ্রীসবুজ ভাওয়াল, শ্রীমনোজ মৈত্র, শ্রীঅভিজিৎ ঘোষ, শ্রীরমাতোষ সরকার ও শ্রীমতী কাঞ্চনকুন্তলা মুখোপাধ্যায়। পত্রপত্রিকায় প্রকাশিত সমালোচনা ও পাঠকদের চিঠিপত্রও দ্বিতীয় সংস্করণের প্রস্তুতিতে সহায়ক হয়েছে।

বর্তমান প্রিন্টার্স অ্যান্ড পাবলিশার্সের কর্মীদের অকুণ্ঠ সাধুবাদ প্রাপ্য। বিশেষ করে এই সংস্থার ফটোটাইপ সেটিং বিভাগের কর্মীরা অশেষ ধৈর্য ও মমতার সঙ্গে ফটোকম্পোজিং করে দিয়েছেন। ঠিক একইভাবে সাহায্য করেছেন সাহিত্য সংসদের কর্মীরাও। শ্রীগৌতম সরকার 'পেজ মেক আপ' ও সংশোধনের কাজ করেছেন। রেপ্রোগ্রাফি ও নটরাজ অফ্‌সেটের কর্মীদের সহযোগিতাও এই সঙ্গে স্মরণীয়। তা না হলে এই পরিবর্ধিত সংস্করণ সম্পূর্ণ নতুনভাবে তৈরি করে, এই সময়ের মধ্যে প্রকাশ করা যেত না। শ্রীমতী সোমা মুখোপাধ্যায় সংকলন ও সম্পাদনায় সব স্তরেই সবরকম কাজ করেছেন।

কলকাতা ২৯
৮ মে, ১৯৮৮ — **অশোক মুখোপাধ্যায়**

দ্বিতীয় সংস্করণের পুনর্মুদ্রণ প্রসঙ্গে

এটি সমার্থশব্দকোষ দ্বিতীয় সংস্করণের হুবহু পুনর্মুদ্রণ নয়। ওই সংস্করণে যা কিছু ভুল ত্রুটি অথবা অসংগতি চোখে পড়েছে, তা সংশোধন করা হল। পৃষ্ঠা সংখ্যা না বাড়িয়ে বাড়তি কিছু শব্দও যোগ করা হয়েছে। বস্তুত, এটি একটি সংশোধিত ও সামান্য পরিবর্ধিত পুনর্মুদ্রণ।

এই মুদ্রণের কাজে যাঁরা সাহায্য করেছেন অথবা পরামর্শ দিয়েছেন, তাঁদের কৃতজ্ঞতা জানাই। এঁদের মধ্যে আছেন শক্তিপ্রিয় ভট্টাচার্য, মনোজ মিত্র এবং সুবীর রায়চৌধুরী।

কলকাতা-২৯
১৬ জুলাই, ১৯৮৯ — **অশোক মুখোপাধ্যায়**

ভূমিকা

সমার্থশব্দকোষ একটি ভিন্নধরনের বাংলা অভিধান। সাধারণ অভিধানের সঙ্গে এর চরিত্রগত পার্থক্য আছে। অজানা শব্দের অর্থ জানানো সাধারণ অভিধানের মূল কাজ। সমার্থশব্দকোষ এর বিপরীত। অর্থ, ভাব বা বিষয়টা জানা আছে, অথচ ঠিক শব্দটি জানা নেই কিংবা মনে আসছে না, তখনই এই জাতীয় অভিধানের সাহায্য দরকার। এই সমার্থশব্দকোষ বাংলাভাষার থিসরাস। কোনও শব্দ, তার প্রতিশব্দ, সেই শব্দের আনুষঙ্গিক, সমশ্রেণীভুক্ত এবং সমবর্গীয় শব্দকে এই অভিধানে একত্র করা হয়েছে। বিপরীতশব্দও থাকছে তার কাছাকাছি; কিংবা কয়েকটি বিশেষক্ষেত্রে, একইসঙ্গে। এই অভিধানের বিন্যাস বর্ণানুক্রমিক নয়, বিষয়ভিত্তিক। অবশ্য, কোনও বিশেষ শব্দকে সহজে খুঁজে পাওয়ার জন্য একটি বর্ণানুক্রমিক সূচিও দেওয়া আছে গ্রন্থের দ্বিতীয় অংশে।

বাংলাভাষায় থিসরাসজাতীয় অভিধান বিশেষ নেই। এই কারণে এধরনের কোষগ্রন্থের গঠন, প্রয়োজনীয়তা ও ব্যবহার বিষয়ে স্পষ্ট ধারণা হওয়ার সুযোগ আমাদের কমই ছিল। হয়তবা আজও তা পর্যাপ্ত নয়। অন্যদিকে ১৮৫২ খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত পিটার মার্ক রজে-র 'থিসরাস অব ইংলিশ ওয়ার্ডস অ্যান্ড ফ্রেজেস' ইংরেজিভাষার বিখ্যাত থিসরাস। ইংরেজিভাষা চর্চার অপরিহার্য সঙ্গী এই থিসরাসের অনেক পরিবর্তন ও পরিমার্জন হয়েছে গত একশ তিরিশ বছরে। ইংরেজিভাষার তাবৎ শব্দকে রজে প্রথমত ছটি মূল শ্রেণী ও তার অন্তর্গত ছাব্বিশটি বিভাগে হাজারটি মূল শব্দের অধীনে সাজিয়েছিলেন। এখনকার বড় সংস্করণগুলিতে মূল এন্ট্রির সংখ্যা হাজারের কিছু বেশি। রজে-র থিসরাসের বিষয় এবং শব্দবিন্যাসের ধরনকে প্রায় অবিকল ব্যবহার করে বাংলা ভাষায় প্রথম থিসরাস ছাপা হয়েছে 'যথাশব্দ'। ১৯৭৪ সালে ঢাকার 'বাংলা একাডেমি' থেকে প্রকাশিত এই অভিধানের সংকলক মুহাম্মদ হাবিবুর রহমান। রজে-র থিসরাসের মতোই 'যথাশব্দে' মূল বিভাগ ছটি, শব্দগুচ্ছ এক হাজার। রজে-র থিসরাসের প্রথম শব্দ 'এক্‌জিস্টান্স', সহস্রতমটি 'টেম্পল'। 'যথাশব্দে' এক নম্বর শব্দ 'অস্তিত্ব' ও সহস্রতমটি 'ধর্মালয়'। মুহাম্মদ হাবিবুর রহমানের আগে প্রাণতোষ ঘটক একটি ছোট আকারের সমার্থশব্দ-সংকলন করেছিলেন—নাম 'রত্নমালা' (আশ্বিন ১৩৬২; ১৯৫৫)। এই গ্রন্থের বিন্যাস বিষয়ভিত্তিক নয়—বর্ণানুক্রমিক। 'রত্নমালা'র সঙ্গে কিন্তু ঊনবিংশ শতাব্দীর কিছু বাংলা অভিধানের চারিত্রিক সাদৃশ্য আছে। উদাহরণস্বরূপ 'শব্দাম্বুধি' (১৮৫৩) অভিধানটির উল্লেখ করা যায়। 'রত্নমালা'তে যা সমার্থকশব্দ 'শব্দাম্বুধি'তে তা অর্থ অথবা পর্যায়শব্দ। সংস্কৃতভাষার পর্যায়শব্দকোষও এক ধরনের থিসরাস—যার অগ্রগণ্য উদাহরণ হল 'অমরকোষ'। তবে বিশেষ শব্দকে খোঁজার জন্য বর্ণানুক্রমিক সূচি অথবা অন্য কোনও পদ্ধতি সে আমলে অপ্রচলিত ছিল। 'অমরকোষ' পুরোটা মুখস্থ রাখতে পারলেই বিশেষ একটি শব্দ খুঁজে পাওয়া সম্ভব ছিল—অন্যথায় নয়। সম্প্রতি আরও একটি বাংলা-ইংরেজি দ্বিভাষিক থিসরাস তথা 'অভিধান' প্রকাশিত হয়েছে—'মণিমঞ্জুষা' (বৈশাখ ১৩৯৩; ১৯৮৬), সংকলক ডঃ জগন্নাথ চক্রবর্তী। এই অভিধানের বিন্যাস বিষয়ানুযায়ী নয়—বর্ণানুক্রমিক।

এই সমার্থশব্দকোষ মূলত রজে-র আদর্শে সংকলিত—অর্থাৎ এর বিন্যাস বিষয়ভিত্তিক এবং এর শেষে আছে বর্ণানুক্রমিক সূচি। পরিচ্ছেদ বিভাগ, বিষয়ভাগ বা প্রধানশব্দের নির্বাচন অবশ্য রজে-র থিসরাস বা 'যথাশব্দে'র মতো নয়। এখানে তিরিশটি পরিচ্ছেদে প্রধানশব্দ

সাতশো সাতান্ন। কোনো ভাষার শব্দসম্ভারকে কয়েকটি বিশেষ পরিচ্ছেদভুক্ত কিছু মূল শব্দের খোপের মধ্যে আবদ্ধ করা অনায়াসসাধ্য নয়। হয়তো স্বাভাবিকভাবে করাও যায় না। অনেকক্ষেত্রেই জোর করে করতে হয় এবং এখানে তা হয়েওছে। পরিচ্ছেদ অথবা শ্রেণীবিভাগ কেমন হবে—তারও ঠিক নেই। এই বিষয়ভাগ এখানে যেমন আছে, তা না হয়ে অন্যরকমও যে হতে পারত না তা নয়। এই সমার্থশব্দকোষে তৃপ্তি অথবা সুখ আছে মূল শব্দ 'আনন্দ'র সঙ্গে। এদের পৃথক করা চলত। পরিচ্ছেদ-সংখ্যা তিরিশের পরিবর্তে বাইশ কিংবা চল্লিশও হতে পারত। তবে বর্ণানুক্রমিক সূচি থাকায়, এই বিভাগীকরণ পাঠকদের পক্ষে তত গুরুত্বপূর্ণ নয়। কেন নয়, তা এই সমার্থকোষের পরিচ্ছেদভাগ, শ্রেণীবিভাগ ও সামগ্রিক গঠন বিষয়ে কিঞ্চিৎ আলোচনার থেকে স্পষ্ট হতে পারে।

আগেই বলা হয়েছে, এই সমার্থশব্দকোষে কোনো শব্দ, তার প্রতিশব্দ বা সংশ্লিষ্ট আনুষঙ্গিক প্রাসঙ্গিক সমবর্গীয় সমচরিত্রের শব্দগুলিকে একত্রীকরণের চেষ্টা করা হয়েছে। বিপরীত শব্দও থাকছে কাছাকাছি এবং কিছুক্ষেত্রে মূল শব্দের শব্দগুচ্ছের মধ্যেই। যেমন, চাষ(৪৭)-এর মধ্যে [বিপ] অনাবাদি, অকৃষ্য, কিংবা দাঁত(৬৪·৬)-এর মধ্যে [বিপ] ফোকলা, দন্তহীন। প্রতিটি প্রধানশব্দ এক-একটি সংখ্যাদ্বারা চিহ্নিত। বাস্তবতা আছে ১২৪ নম্বরে, অবাস্তবতা ঠিক তারপরেই ১২৫-এ। আশা বা অভিলাষ যদি থাকে ২১২-তে, নিরাশা ২১৩-তে। প্রধানশব্দটির পরই থাকছে প্রতিশব্দগুলি। সমার্থক শব্দাবলির মধ্যে একই অর্থে ব্যবহারযোগ্য শব্দগুলি কমা(,) দিয়ে পৃথক্‌কৃত (সূর্য, রবি, দিবাকর)। ঠিক একই অর্থের নয়, কিন্তু যথেষ্টই কাছাকাছি যারা তাদের মধ্যেকার চিহ্ন সেমিকোলন (;)—(অনাহার, অনশন, না খাওয়া- ; উপবাস)। সেমিকোলনের অন্য ব্যবহারও আছে, যেমন সপ্তর্ষি [মরীচি ; অঙ্গিরা ; ক্রতু]। অবশ্য এই সমার্থকতা অথবা অর্থের অঙ্গাঙ্গিত্বের বিচার অনেকাংশেই সাবজেকটিভ–কখনোই চূড়ান্ত নয়। একই প্রধানশব্দের অন্তর্গত সংশ্লিষ্ট বা প্রাসঙ্গিক শব্দ থাকছে পৃথক অনুচ্ছেদে। যেমন, প্রধানশব্দ ঘুম (৭৯)-এর অন্তর্গত অনুচ্ছেদগুলি তন্দ্রা, কপটঘুম, দিবানিদ্রা, তন্দ্রাবেশ, ঘুম পাড়ানো, শোয়া, শয়নকাল, নিদ্রাসুখ, নিদ্রাবস্থা, ঘুমচোখ, হাইতোলা, স্বপ্ন, দুঃস্বপ্ন। পৃথক অনুচ্ছেদ ছাড়াও, অনেক সময়ে দাঁড়ি-চিহ্নের পর প্রসঙ্গান্তরে যাওয়া হয়েছে। যেমন (৬৪১) সাদাচামড়া। পীতজাতি, পীত। কৃষ্ণকায়, কৃষ্ণবর্ণ, অশ্বেতকায়।

সমার্থশব্দকোষে বহু ক্রসরেফারেন্স আছে এবং তা এসেছে দুভাবে। শব্দের পর বন্ধনীর মধ্যে কোনো সংখ্যা [৪০০], আর বন্ধনীর মধ্যে দ্র-র পর সংখ্যা [দ্র ৫১৬]। একই শব্দ একই অর্থে অথবা কাছাকাছি অর্থে একাধিক জায়গায় থাকতে পারে। সেখানে শব্দটি কোথায় কোথায় থাকছে তা বন্ধনীবদ্ধ সংখ্যায় দেখানো হয়েছে। একে বলা যেতে পারে গৌণ রেফারেন্স। অপরটি মুখ্য রেফারেন্স যা দ্র-চিহ্নিত। প্রধানশব্দ মঙ্গল-এ ভালো, সুখ, সৌভাগ্য, সমৃদ্ধি, শ্রীবৃদ্ধি এই সব শব্দই প্রাসঙ্গিক ও সংশ্লিষ্ট। আবার এরাই হতে পারে অন্য কোনো শব্দগুচ্ছেরও প্রধানশব্দ, অথবা অন্য শব্দগুচ্ছের অন্তর্ভুক্ত। সেজন্য মঙ্গল (৬৭৪)-এর মধ্যে থাকছে ভালো [দ্র ৫৫৬], সুখ [দ্র ৮৩], সমৃদ্ধি [দ্র ৭৩৪], শ্রীবৃদ্ধি, উদ্বর্তন [দ্র ৭৪৭]। একই চেহারার কিন্তু সম্পূর্ণ অসম্পর্কিত ও ভিন্নার্থক শব্দের মধ্যে ক্রসরেফারেন্স দেওয়া হয়নি। যেমন নেই কলা (কদলী) ও কলা (আর্ট)-র মধ্যে।

প্রধানশব্দটির প্রতিশব্দগুলি সাজানোতে বেশি প্রচলিত শব্দকে অগ্রাধিকার দেওয়ার চেষ্টা আছে। বিশেষ্য রূপটি এসেছে সবচেয়ে আগে। অবশ্য প্রয়োজনবোধে, সামান্য কয়েকটি শব্দের ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রমও দেখা যাবে। বিশেষ্যের পর এসেছে বিশেষণ রূপ। বিশেষ্য ও বিশেষণ এই দুইভাবেই ব্যবহার্য শব্দ বিণ·/বি· অর্থাৎ বিশেষণ/বিশেষ্য চিহ্নিত। ক্রিয়ারূপকে আলাদা করে দেখানো হয়নি। বাক্যে ক্রিয়াপদ আসে কাল ও পুরুষানুযায়ী নিষ্পন্ন চেহারায়। যায়, গিয়েছিল, যাব, যাচ্ছিলাম—এই সবই যাওয়া ক্রিয়ার রূপ। সাধারণত ক্রিয়াবাচক

বিশেষ্যরূপটিকেই ক্রিয়াপদ হিসেবে অভিধানে স্থান দেওয়া হয়—যাওয়া, খাওয়া, চাওয়া, পড়া, দৌড়ানো। ব্যবহার বিচারে যাওয়া, খাওয়া, চাওয়া, এই রূপগুলির বিশেষ্য ও বিশেষণ—দুরকম প্রয়োগই আছে। 'তার যাওয়াটা স্থগিত আছে' কিংবা 'দেখি নাই এমন তরণী বাওয়া' বাক্যের 'যাওয়া' অথবা (তরণী) 'বাওয়া'-র প্রয়োগ বিশেষ্যের মতো। আবার 'মালা হতে খসে-পড়া ফুলের একটি দল' কিংবা 'দেওয়ালে-ঠেকানো মাথা'-র 'খসে পড়া' অথবা 'ঠেকানো' প্রায়োগিক বিচারে নিঃসন্দেহে বিশেষণাত্মক। এই শব্দকোষে এ ধরনের শব্দকে বিশেষ্যের মধ্যে দেওয়া হয়েছে। তবে এ জাতীয় শব্দের শেষে থাকছে একটি হাইফেন(-) চিহ্ন। এটিকে ক্রিয়াবোধক চিহ্ন হিসেবে ব্যবহার করা হয়েছে। যেমন, দাঁড়ানো-, দেওয়া-, রাখা-, বসা-, পাওয়া-।

বাংলাতে করা, হওয়া, দেওয়া, পাওয়া ও আরও বেশকিছু শব্দ যোগ করে বিশেষ্য ও বিশেষণকে ক্রিয়ায় পরিণত করা হয়। যেসব শব্দে এরকম করা সম্ভব, তার শেষে বন্ধনীর মধ্যে ক, হ, দে, পা ইত্যাদি দেওয়া আছে। যেমন, অধিকার(ক), উপবাস(ক)। অধিকার করা, উপবাস করা ইত্যাদি রূপও যে সম্ভব, এই নির্দেশে সেটাই বুঝতে হবে। ক্রিয়াবিশেষণ এবং অব্যয় দেওয়া হয়েছে সব শেষে।

সমার্থক শব্দ ছাড়াও প্রতিটি প্রধান শব্দের সঙ্গে থাকছে সংশ্লিষ্ট বা প্রাসঙ্গিক শব্দ। আর আছে নাম। পাখির নাম, গাছের নাম; কিংবা রোগ, অঙ্গপ্রত্যঙ্গ, ঠাকুরদেবতা, অস্ত্রশস্ত্র প্রভৃতির নাম। বলা বাহুল্য, সমস্তরকম গাছ, প্রাণী, রাসায়নিক বা পৌরাণিক চরিত্রের নাম দেওয়া যায়নি। নানা বিষয়ের যেসব শব্দ সাধারণ অভিধানে স্থান পায়, সেগুলিই আছে। চিকিৎসক; দার্শনিক, উদ্ভিদবিজ্ঞানী প্রভৃতি নানা বিষয়ের বিশেষজ্ঞেরা তাঁদের শাস্ত্রের অনেক শব্দই পাবেন না। এজন্য আগাম ক্ষমা চেয়ে রাখি। নানা বিষয়ের অভিধান অর্থাৎ সাবজেক্ট ডিকশনারির অন্তর্গত সমস্ত শব্দ বর্তমান সংকলনে স্থান পায়নি। অন্যদিকে যে শব্দগুলি আছে, তাদের সমপর্যায়ের ও অন্তর্ভুক্ত হওয়ার ব্যাপারে সমান দাবিদার অন্য কিছু শব্দ হয়তো নেই—এটা একটা ত্রুটি।

ত্রিভুবন, সপ্তপাতাল, পঞ্চতিক্ত, দশমহাবিদ্যা, সপ্তর্ষি ইত্যাদি সমষ্টিবোধক শব্দে সংশ্লিষ্ট নাম ও শব্দাবলি দেওয়া হয়েছে বন্ধনীর মধ্যে। যেমন (৭) সূর্যের গ্রহ [বুধ; শুক্র; পৃথিবী; মঙ্গল, কুজগ্রহ,লোহিতাঙ্গ, ভৌম; বৃহস্পতি প্রভৃতি]। মঙ্গল, কুজগ্রহ ও লোহিতাঙ্গের মধ্যে আছে কমা—এসব মঙ্গলেরই ভিন্ন নাম। পৃথিবীর আরও অনেক নাম আছে যা এই পরিসরে দেওয়া যায়নি—তাছাড়া পৃথিবী নিজেই একটি প্রধানশব্দ।

আগ্রহী পাঠকরা এই সমার্থশব্দকোষ নানাভাবেই ব্যবহার করতে পারেন। তবুও এর ব্যবহারের ক্ষেত্র এবং বিধি বিষয়ে কিছু বলা প্রয়োজন। এর প্রথম ব্যবহার প্রতিশব্দ বা সমার্থক শব্দ পাওয়ার জন্য। আনুষঙ্গিক কিংবা সমগোত্রীয় শব্দ পেতে হলেও এই কোষগ্রন্থ কাজে লাগতে পারে। বিষয়টি মনে আসছে অথচ শব্দটি জানা নেই—এমন অবস্থায় সমার্থশব্দকোষ সহায়ক হতে পারে।

প্রয়োজনে ঠিক-ঠিক শব্দের হদিশ দেওয়া ও সমার্থক কিংবা আনুষঙ্গিক শব্দ জোগান দেওয়াই থিসরাসের অন্যতম কাজ। মনে করা যাক বাতাস বিষয়ে কী কী শব্দ আছে তা দেখা দরকার। তাহলে শুরু করতে হবে গ্রন্থের দ্বিতীয় অংশের বর্ণানুক্রমিক সূচি থেকে। এই সূচিতে বাতাস শব্দটির পাশে আছে ২৯ সংখ্যাটি। বই-এর প্রথম অংশের প্রধানশব্দগুলি সংখ্যানুক্রমেই সাজানো। অনেক শব্দে মূল নম্বরের পর দশমিক বিন্দু দিয়ে দ্বিতীয় স্তরের নম্বরও করা হয়েছে—বেগুন ৪৪·৮৫, মিষ্টত্ব ১২১·৩। ২৯ নম্বরে বাতাস প্রসঙ্গে থাকছে বাতাস, বায়ু, পবন, সমীর ইত্যাদি। পরে আছে বায়ুপ্রবাহ, জলবায়ু। বায়ুপ্রবাহের সঙ্গে সম্পর্কিত শব্দ ঝড়। কিন্তু ঝড় নিজেই একটি প্রধানশব্দ। সেজন্য ২৯ নম্বরে শুধু আছে ঝড় [দ্র ৩১]। বাতাসের সঙ্গে অন্য প্রাসঙ্গিক শব্দও আছে—বাতাস করা, বায়ুমণ্ডল, বায়ুর চাপ প্রভৃতি। বাতাস থেকে শুরু না করে পবন, সমীরণ অথবা নভস্থান থেকে শুরু করলেও একই জায়গায় পৌঁছোনো যাবে, কারণ বর্ণানুক্রমিক সূচিতে এইসব শব্দের সূচক সংখ্যাও ২৯।

বাতাস শব্দটি থাকছে প্রকৃতি বিষয়ক পরিচ্ছেদে। সংশ্লিষ্ট অন্য প্রধানশব্দও কিন্তু কাছাকাছিই থাকছে—আবহাওয়া ৩০, ঝড় ৩১। অন্য বিষয়গুলির পক্ষেও এই নীতি অনুসৃত। যেমন জল ১১, নদী ১২, সমুদ্র ১৪, জলপ্রবাহ ১৫, জলাশয় ১৬, কূল ১৭, তরঙ্গ ১৮, মেঘ ১৯, বৃষ্টি ২০, প্লাবন ২১, এবং বিপরীতার্থক অনাবৃষ্টি২২। বিষয়ানুযায়ী বিন্যাসের এটা একটা বড়ো সুবিধা যে কোনো শব্দ তার প্রাসঙ্গিক পরিবেশেই থাকে।

সাধারণ অভিধান এবং থিসরাস দুটো আলাদা জাতের কোষগ্রন্থ—একের প্রয়োজন অন্যে মেটাতে পারে না। এখানে কেবল শব্দই আছে—অর্থ নেই। দুন্দুভি বা অরণি কাকে বলে তার উত্তর এখানে পাওয়া যাবে না। কিন্তু দুন্দুভি যে বাদ্যযন্ত্র, এবং তা যে আনদ্ধ শ্রেণীর, আর ওই পর্যায়ে যে ঢাক ঢোল কাড়া নাকাড়া শব্দও আছে তার হদিশ মিলবে। কিংবা অরণির অন্য নাম যে চকমকি সে সন্ধানও এখানে পাওয়া যাবে। সমার্থশব্দকোষ জাতীয় অভিধানকে ভালো করে ব্যবহার করতে গেলে ভাষা বিষয়ে পূর্বজ্ঞান দরকার। হাতের কাছে দশবিশটি শব্দ থাকলে শব্দ বাছাই সহজতর হয়, কিন্তু কোনটি সবচেয়ে সুপ্রযুক্ত তার বিচার ব্যবহারকারীর। থিসরাস থেকে পাওয়া অজানা শব্দ ব্যবহারের আগে অভিধান দেখে নেওয়া ভালো, হয়তো আবশ্যিকও।

এই কোষগ্রন্থের আয়তনের অর্ধাংশ জুড়ে আছে বর্ণানুক্রমিক সূচি। রজে-র থিসরাসেও তাই। বিষয়ানুযায়ী না সাজিয়ে মূল থিসরাসকে বর্ণানুক্রমিক সাজালে এই সূচি পরিহার করা চলত। এই ধরনের সূচিকে অনেকে বাড়তি বোঝা বলেও মনে করেন। গ্রন্থের প্রাথমিক পরিকল্পনার সময়ই এ নিয়ে অনেক ভাবতে হয়েছে, এবং সব দিক বিবেচনা করে দেখা গেছে যে রজে-র এই মডেলটিই পাঠকদের পক্ষে বেশি সহায়ক। শব্দকে তার সমশ্রেণীর বা সমগোত্রীয় শব্দের পরিবেশে রাখতে গেলে বিষয়ভাগ যেমন দরকার, তাকে অল্প সময়ে খুঁজে বার করতে হলে সূচিরও তেমনই প্রয়োজন।

তবে বর্ণানুক্রমিক সূচিতে মূলগ্রন্থের সমস্ত শব্দ দেওয়ার দরকার হয়নি। সূচিটি গ্রন্থভুক্ত শব্দের তালিকা নয়—শব্দ খুঁজতে পাঠককে সাহায্য করাই এর উদ্দেশ্য। এই সূচিতে অনেক ক্ষেত্রেই শব্দের বিশেষ্য ও বিশেষণ রূপের একটিকে রাখা হয়েছে। যেমন, রূঢ় আছে, রূঢ়তা নেই। কেউ যদি রূঢ়তা থেকে খুঁজতে শুরু করেন, তিনি রূঢ় ২৩০ পাবেন। বলা বাহুল্য রূঢ়তা ২৩০-এই আছে। লালসা আছে—লালস, লালসার্ত নেই, কিন্তু লালায়িত আছে। লজ্জা থাকছে—লজ্জাশীল, লজ্জাশীলতা, লজ্জায় পড়া, লজ্জাবশত, লজ্জাজনক নেই। লাজুক আছে। লজ্জাহীন ২৪৬ অবশ্যই থাকছে, কিন্তু নেই লজ্জাহীনতা। এইভাবে কিছু শব্দ কমিয়ে সূচিটিকে কিছুটা ছোটো করা হয়েছে।

বর্ণানুক্রমিক সূচিতে অনেক জায়গায় শব্দের শেষে একাধিক নম্বর আছে—অর্থাৎ শব্দটি প্রায় একই অর্থে ওই ওই নম্বরে আছে। সূচিতে শব্দশেষে একাধিক নম্বর পাওয়া গেলে প্রথমটিকেই প্রধান বলে ধরতে হবে। রং-এই শব্দটির আছে চারটে নম্বর ৫৩৩, ৫৩৪, ৪৩৬, ৪৩৭। আপাতবিচারে এটা অনাবশ্যক বা বিন্যাসের দোষ বলে মনে হতে পারে। কিন্তু কী করে এরকম হল তা একটু দেখা যাক। রং-এর প্রধান সংখ্যা ৫৩৩। ৫৩৪-এ থাকছে বিভিন্নরকম রং-এর নাম। কিন্তু এই বিভিন্নতা যে একটা পৃথক এনট্রি তা পাঠকের জানা থাকার কথা নয়—তাই ৫৩৪ রং-এর মধ্যেও থাকছে। ৫৩৪-এ অবশ্য আরও ভাগ আছে—লাল ৫৩৪·১, নীল ৫৩৪·২ ইত্যাদি। ৪৩৬ হল চিত্র এবং ৪৩৭ অঙ্কন। এই দুই প্রসঙ্গেও রং অবধারিত ভাবেই আসবে। কিন্তু এই দুই জায়গায় রং-এর বিশদ উল্লেখ নেই—কেবল থাকছে মুখ্য রেফারেন্স [দ্র ৫৩৩, ৫৩৪]।

অনেক শব্দেরই একাধিক অর্থ আছে। আবার কখনো কখনো সম্পূর্ণ পৃথক শব্দেরও চেহারা একইরকম: বাস (গন্ধ), বাস (গাড়ি)। বর্ণানুক্রমিক সূচিতে এইসব শব্দের বিভিন্ন অর্থ এবং কখনো প্রসঙ্গ আলাদাভাবে দেখিয়ে নম্বর বসানো হয়েছে। যেমন, রদ শব্দের পাশে কোনো

নম্বর নেই, কিন্তু নিচে থাকছে নিষেধ ২৭৩, ক্ষতি ১৪৩, বাতিল ৪৫২, দাঁত ৬৪·৬। এইরকমভাবে শব্দের নিচে দেওয়া এই শব্দগুলি সব সময়ে মূল শব্দের বিভিন্ন অর্থ নয়—অনেক সময়ে প্রসঙ্গও বটে। যেমন, লাগাম শব্দে বল্‌গা ৬০·৪ ও নিবারণ ২২২ থাকছে। তার অর্থ এই নয় যে লাগাম শব্দের একটি অর্থ নিবারণ। নিবারণ প্রসঙ্গে শব্দের ব্যবহার ২২২-এ পাওয়া যাবে।

সংকলনে যে নিয়মনীতি গৃহীত হয়েছে বলে লেখা হল তা যে সর্বত্র নিখুঁতভাবে পালন করা গেছে এমন নয়। অজ্ঞতা ও অনবধানজনিত ভুলও আছে। সকলেই জানেন, অভিধানের সংকলক মাত্রেই এক অর্থে অনধিকারচর্চাকারী। এই প্রসঙ্গে, অক্সফোর্ড-অভিধানখ্যাত ফাউলার সাহেব কনসাইজ অভিধানের কৃতজ্ঞতাস্বীকারে যে অমোঘ সত্যটি লিখে গেছেন তার মর্মার্থ উল্লেখ করি। তিনি লিখেছেন, অভিধানকার নিজে যদি সবজান্তা দৈত্য না হন, তবে তাঁকে এমন বহু বিষয় নিয়ে কাজ করতে হয় যাতে তাঁর কোনো প্রত্যক্ষ জ্ঞান নেই। ফলে ভুল করার আর শব্দ বাদ দেওয়ার বহর বেড়েই চলে। শব্দ বাদ পড়ে যাওয়ার এই বিষয়টি খুবই আশ্চর্যের। আমাদের এই সংগ্রহেও অনেক সাধারণ শব্দ বাদ পড়ে গেছে— কখনো কখনো অবিশ্বাস্যভাবেই।

বলা বাহুল্য যে, বর্তমান সমার্থশব্দকোষ বাংলাভাষার পূর্ণাঙ্গ থিসরাস নয়। পূর্ণাঙ্গ হলে এর কলেবর আরও অনেক বড়ো হত। সে থিসরাস ভবিষ্যতে অবশ্যই কখনো সংকলিত হবে। এই সংকলনে সাধারণভাবে ব্যবহৃত শব্দগুলিকেই রাখার চেষ্টা করা হয়েছে। সংকলনের আকরগ্রন্থ হিসেবে প্রচলিত (এবং কিছু অপ্রচলিত) বাংলা অভিধান, সাহিত্যগ্রন্থ, সংবাদপত্র, পত্রপত্রিকা, পরিভাষা সংকলন, বিষয়াভিধান প্রভৃতির সাহায্য নেওয়া হয়েছে।

অনেক বছর ধরে এই কাজ করতে গিয়ে বহুজনের কাছেই অপরিশোধ্য ঋণে আবদ্ধ হয়েছি। এঁদের মধ্যে আছেন শ্রীজিতেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, শ্রীমতী মহাশ্বেতা দেবী। পরামর্শ দিয়ে বহু সংকট নিরসন করেছেন শ্রীশঙ্খ ঘোষ। সাহায্য করেছেন শ্রীস্বপন মজুমদার, শ্রীব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীপরিতোষ সেন, শ্রীমৈত্রেয় ঘটক, শ্রীপবিত্র সরকার, শ্রীমতী কাঞ্চনকুন্তলা মুখোপাধ্যায়, শ্রীনীলাঞ্জন দত্ত ও শ্রীমতী ঈশিতা ভট্টাচার্য। পাণ্ডুলিপি দেখে দিয়েছেন শ্রীসৌরীন ভট্টাচার্য ও শ্রীপিনাকেশ সরকার। শ্রীমনোমোহন চক্রবর্তী ও শ্রীমতী অরুন্ধতী বন্দ্যোপাধ্যায় প্রুফ সংশোধনের দুরূহ কাজটি করেছেন। টাইপসেটিং করেছেন বর্তমান প্রিন্টার্স অ্যান্ড পাবলিশার্সের কর্মীরা। বর্ণানুক্রমিক সূচি তৈরির প্রাথমিক পর্যায়ে প্রবল উৎসাহে পরিশ্রম করেছে শ্রীমান আত্রেয় ও অরিত্র মুখোপাধ্যায় এবং শ্রীমান সাম্যরূপ দাশগুপ্ত। সংকলন ও সম্পাদনার সকলস্তরে সমস্তরকম কাজ করেছেন শ্রীমতী সোমা মুখোপাধ্যায়।

সাহিত্য সংসদের কর্তৃপক্ষ বিশেষ আগ্রহ ও যত্নে এই শব্দকোষ প্রকাশের দায়িত্ব নিয়েছেন এবং আধুনিকতম প্রযুক্তির সাহায্যে এই বই ছাপা হয়েছে। এই সংস্থার প্রধান শ্রীমহেন্দ্রনাথ দত্ত ও পরিচালক শ্রীদেবজ্যোতি দত্ত এবং প্রতিষ্ঠানের অন্যান্য সব কর্মীদের কৃতজ্ঞতা জানাই।

কলকাতা ২৯
১ ডিসেম্বর ১৯৮৬

অশোক মুখোপাধ্যায়

সূচিপত্র

১ মহাবিশ্ব-প্রকৃতি-পৃথিবী-গাছপালা **১-১৮**

মহাবিশ্ব ১ আকাশ ২ ছায়াপথ ৩ নক্ষত্র ৪ সূর্য ৫ চন্দ্র ৬ গ্রহ ৭ অভিকর্ষ ৮ পৃথিবী ৯ প্রকৃতি ১০ জল ১১ নদী ১২ ভারতের প্রধান নদী ১৩ সমুদ্র ১৪ জলপ্রবাহ ১৫ জলাশয় ১৬ কূল ১৭ তরঙ্গ ১৮ মেঘ ১৯ বৃষ্টি ২০ প্লাবন ২১ অনাবৃষ্টি ২২ তুষার ২৩ মৃত্তিকা ২৪ পাথর ২৫ মরুভূমি ২৬ দ্বীপ ২৭ পাহাড় ২৮ বাতাস ২৯ আবহাওয়া ৩০ ঝড় ৩১ ভূমিকম্প ৩২ আলো ৩৩ আলোকবিচ্ছুরণ ৩৪ রৌদ্র ৩৫ জ্যোৎস্না ৩৬ অন্ধকার ৩৭ গাছ ৩৮ অঙ্কুর ৩৯ গাছের অংশ ৪০ ফুল ৪১ ফল ৪২ বীজ ৪৩ বিবিধ গাছ ৪৪-৪৪·১৮৩ বন ৪৫ বাগান ৪৬ চাষ ৪৭ ফসল ৪৮ শস্যাভাব ৪৯

২ প্রাণ-প্রাণী-শরীর **১৮-৪২**

প্রাণ ৫০ চেতনা ৫১ চৈতন্যহীনতা ৫২ প্রাণী ৫৩ জড়ত্ব ৫৪ উৎপত্তি ৫৫ জন্ম ৫৬ মৃত্যু ৫৭ হত্যা ৫৮ পশু ৫৯ নানাবিধ প্রাণীর নাম ৬০-৬০·৭২ মানুষ ৬১ শরীর ৬২ অশরীরী ৬৩ অঙ্গপ্রত্যঙ্গ ৬৪-৬৪·৪১ নারী ৬৫ পুরুষ ৬৬ ক্লীব ৬৭ ক্ষুধা ৬৮ তৃষ্ণা ৬৯ খাওয়া ৭০ খাদ্য ৭১ খাদ্যবৈভিন্ন্য ৭২ রান্না ৭৩ হজম ৭৪ অনাহার ৭৫ পুষ্টি ৭৬ অপুষ্টি ৭৭ রেচন ৭৮ ঘুম ৭৯ অনিদ্রা ৮০ স্নান ৮১ স্বাস্থ্য ৮২ স্বাচ্ছন্দ্য ৮৩ অসুস্থতা ৮৪ যন্ত্রণা ৮৫ পাগলামি ৮৬ রোগের নাম ৮৭-৮৭·৭৫ চিকিৎসা ৮৮ অচিকিৎসা ৮৯ ব্যায়াম ৯০ শারীরিক প্রক্রিয়া ৯১ রতি ৯২ শারীরিক অবস্থান ৯৩-৯৩·৬ প্রতিবন্ধী ৯৪ অঙ্গভঙ্গি ৯৫

৩ ইন্দ্রিয়-অনুভূতি **৪২-৪৯**

ইন্দ্রিয় ৯৬ অতীন্দ্রিয়তা ৯৭ দেখা ৯৮ লক্ষ্য ৯৯ অদর্শন ১০০ দৃষ্টিহীনতা ১০১ নেকনজর ১০২ কুদৃষ্টি ১০৩ শব্দ ১০৪ শব্দহীনতা ১০৫ বলা ১০৬ উক্তি ১০৭ কথোপকথন ১০৮ চিৎকার ১০৯ ভালো কথা ১১০ কুকথা ১১১ তিরস্কার ১১২ অভিশাপ ১১৩ বাচালতা ১১৪ না বলা ১১৫ শোনা ১১৬ অশ্রুতি ১১৭ বধিরতা ১১৮ গন্ধ ১১৯ স্বাদ ১২০ স্বাদবৈভিন্ন্য ১২১-১২১·৬ স্পর্শ ১২২

৪ বাস্তবতা-অস্তিত্ব-সংরক্ষণ **৪৯-৫৪**

অস্তিত্ব ১২৩ বাস্তবতা ১২৪ অবাস্তবতা ১২৫ অবস্থা ১২৬ অবিদ্যমানতা ১২৭ সংরক্ষণ ১২৮ দূরীকরণ ১২৯ অবলুপ্তি ১৩০ পরিব্যাপ্তি ১৩১

৫ কাল-ঋতু-বয়স **৫৪-৬৪**

সময় ১৩২ আবহমানকাল ১৩৩ চিরন্তনতা ১৩৪ সর্বদা ১৩৫ পৌনঃপুনিকতা ১৩৬ ধারাবাহিকতা ১৩৭ প্রচলন ১৩৮ অপ্রচলন ১৩৯ ক্ষিপ্রতা ১৪০ মন্থরতা ১৪১ আরম্ভ ১৪২ সমাপ্তি ১৪৩ বিরাম ১৪৪ নাগাদ ১৪৫ মেয়াদ ১৪৬ সময়ানুবর্তিতা ১৪৭ ইতিপূর্বে ১৪৮ পরে ১৪৯ বিলম্ব ১৫০ প্রতীক্ষা ১৫১ নতুনত্ব ১৫২ বর্তমান ১৫৩ প্রাচীনতা ১৫৪ ভবিষ্যৎ ১৫৫ ক্ষণকাল ১৫৬ আকস্মিকতা ১৫৭ অনির্দিষ্টকাল ১৫৮ যুগ ১৫৯ ঋতু ১৬০-১৬০·৬ শুভক্ষণ ১৬১ অবিহিতকাল ১৬২ দিন ১৬৩ দিনসমষ্টি ১৬৪-১৬৪·৫ সকাল ১৬৫ দুপুর ১৬৬ বিকাল ১৬৭ সন্ধ্যা ১৬৮ রাত্রি ১৬৯ বয়স ১৭০ শৈশব ১৭১ বালক ১৭২ যৌবন ১৭৩ প্রৌঢ়ত্ব ১৭৪ বার্ধক্য ১৭৫

৬ স্থান-অধিষ্ঠান-আশ্রয় ৬৪-৬৯

স্থান ১৭৬ স্বদেশ ১৭৭ বিদেশ ১৭৮ এখান ১৭৯ সেখান ১৮০ সবজায়গা ১৮১ কোথায় ১৮২ অস্থান ১৮৩ স্থানবৈভিন্ন্য ১৮৪-১৮৪·১০ বসবাস ১৮৫ আশ্রয় ১৮৬ আশ্রয়হীনতা ১৮৭ বাড়ি ১৮৮ সাময়িক বাসস্থান ১৮৯ বাড়ি বিষয়ক ১৯০-১৯০·১৫ প্রাঙ্গণ ১৯১ আসবাব ১৯২

৭ দিক-আপেক্ষিক অবস্থান-সংলগ্নতা ৬৯-৭২

দিক ১৯৩ সম্মুখ ১৯৪ পিছন ১৯৫ মধ্য ১৯৬ প্রান্ত ১৯৭ উপর ১৯৮ উচ্চতা ১৯৯ নিচ ২০০ ঝোলানো ২০১ হেলানো ২০২ দূরত্ব ২০৩ নৈকট্য ২০৪ সংলগ্নতা ২০৫ অসংলগ্নতা ২০৬ উলটো ২০৭

৮ মন-মনোভাব-মানসিকতা ৭২-৮৭

মন ২০৮ স্বভাব ২০৯ আচারব্যবহার ২১০ অন্তর্দৃষ্টি ২১১ অভিলাষ ২১২ নিরাশা ২১৩ অনভিলাষ ২১৪ পছন্দ ২১৫ অপছন্দ ২১৬ দ্বিধা ২১৭ দ্বিধাহীনতা ২১৮ মুগ্ধতা ২১৯ বিরূপতা ২২০ সহনশীলতা ২২১ সংযম ২২২ অসংযম ২২৩ আনন্দ ২২৪ হাসি ২২৫ প্রাণপ্রাচুর্য ২২৬ নির্জীবতা ২২৭ দুঃখ ২২৮ কান্না ২২৯ রাগ ২৩০ অক্রোধ ২৩১ জেদ ২৩২ সাহসিকতা ২৩৩ ভয় ২৩৪ চাপল্য ২৩৫ গাম্ভীর্য ২৩৬ আবেগ ২৩৭ উদারতা ২৩৮ অনুগ্রহ ২৩৯ ক্ষমা ২৪০ অক্ষমা ২৪১ নিষ্ঠুরতা ২৪২ গর্ব ২৪৩ বিনয় ২৪৪ লজ্জা ২৪৫ নির্লজ্জতা ২৪৬ কৃতজ্ঞতা ২৪৭ অকৃতজ্ঞতা ২৪৮ ঈর্ষা ২৪৯ ঈর্ষাহীনতা ২৫০ স্বার্থপরতা ২৫১ স্বার্থহীনতা ২৫২

৯ সম্পর্ক-সাদৃশ্য-নির্ভরতা ৮৭-৯৬

সম্পর্ক ২৫৩ পক্ষ ২৫৪ নিরপেক্ষতা ২৫৫ মৌলিকতা ২৫৬ অনুকরণ ২৫৭ সাদৃশ্য ২৫৮ বৈসাদৃশ্য ২৫৯ তুলনা ২৬০ পার্থক্য ২৬১ একত্ব ২৬২ বৈচিত্র্য ২৬৩ বৈচিত্র্যহীনতা ২৬৪ ক্রম ২৬৫ পরিবর্তন ২৬৬ অপরিবর্তন ২৬৭ আকর্ষণ ২৬৮ বিকর্ষণ ২৬৯ নির্ভরতা ২৭০ পরনির্ভরতা ২৭১ অনির্ভরতা ২৭২ নিষেধ ২৭৩ পালন ২৭৪ অবাধ্যতা ২৭৫ প্রতিবাদ ২৭৬ অভিযোগ ২৭৭ অসহযোগিতা ২৭৮ সম্মতি ২৭৯ অসম্মতি ২৮০ নির্দেশ ২৮১ অনুরোধ ২৮২ উপদেশ ২৮৩ অঙ্গীকার ২৮৪

১০ গতি-প্রবাহ-পরিবহণ ৯৬-১০৫

গতি ২৮৫ নড়ন ২৮৬ অকম্পন ২৮৭ গতিহীনতা ২৮৮ মন্থন ২৮৯ যাওয়া ২৯০ ভ্রমণ ২৯১ আসা ২৯২ অগমন ২৯৩ আগে যাওয়া ২৯৪ অনুসরণ ২৯৫ সহযাত্রা ২৯৬ পশ্চাদ্‌গতি ২৯৭ অতিক্রম ২৯৮ হাঁটা ২৯৯ দৌড় ৩০০ হামাগুড়ি ৩০১ লাফ ৩০২ সাঁতার ৩০৩ ডোবা ৩০৪ ওড়া ৩০৫ ওঠা ৩০৬ নামা ৩০৭ না ওঠা ৩০৮ আনা ৩০৯ সরানো ৩১০ নিক্ষেপ ৩১১ প্রবাহ ৩১২ পথ ৩১৩ বিপথ ৩১৪ সুগম ৩১৫ দুর্গম ৩১৬ পরিবহণ ৩১৭ বক্রগতি ৩১৮

১১ কাজ-প্রয়োগ-ব্যবস্থা ১০৫-১১৭

কাজ ৩১৯ ভালোকাজ ৩২০ অকাজ ৩২১ সংঘটন ৩২২ নিষ্ক্রিয়তা ৩২৩ ধর্মঘট ৩২৪ পরিশ্রম ৩২৫ নিয়োগ ৩২৬ কর্মচ্যুতি ৩২৭ প্রয়োগ ৩২৮ অপপ্রয়োগ ৩২৯ ব্যবস্থা ৩৩০ অব্যবস্থা ৩৩১ সম্ভাবনা ৩৩২ অসম্ভাবনা ৩৩৩ অবসর ৩৩৪ উৎসাহ ৩৩৫ অনুশীলন ৩৩৬ দক্ষতা ৩৩৭ কৌশল ৩৩৮ অদক্ষতা ৩৩৯ নিয়ন্ত্রণ ৩৪০ সাবধানতা ৩৪১ অসাবধানতা ৩৪২ একাগ্রতা ৩৪৩ অবহেলা ৩৪৪ অমনোযোগ ৩৪৫ আলস্য ৩৪৬ সাফল্য ৩৪৭ খ্যাতি ৩৪৮ অখ্যাতি ৩৪৯ ব্যর্থতা ৩৫০ সহজসাধ্যতা ৩৫১ দুরূহতা ৩৫২

১২ **নির্মাণ-বন্ধন-প্রতিকার** ১১৭-১২১

নির্মাণ ৩৫৩ উপাদান ৩৫৪ ভাঙা ৩৫৫ কাটা ৩৫৬ আঘাত ৩৫৭ অকাট্যতা ৩৫৮ শক্ত ৩৫৯ ভঙ্গুরতা ৩৬০ সংশোধন ৩৬১ ধরা ৩৬২ বন্ধন ৩৬৩ টান ৩৬৪ শিথিলতা ৩৬৫ ভাঁজ ৩৬৬ ছিদ্র ৩৬৭ খনন ৩৬৮

১৩ **মনন-জ্ঞান-জ্ঞাপন** ১২১-১৩৬

চিন্তা ৩৬৯ অচিন্তা ৩৭০ বুদ্ধি ৩৭১ নির্বুদ্ধিতা ৩৭২ কল্পনা ৩৭৩ উদ্ভাবন ৩৭৪ নির্ণয় ৩৭৫ বিবেচন ৩৭৬ কারণ ৩৭৭ অযৌক্তিকতা ৩৭৮ বিস্ময় ৩৭৯ অনুসন্ধান ৩৮০ জিজ্ঞাসা ৩৮১ সন্দেহ ৩৮২ উত্তর ৩৮৩ উদাহরণ ৩৮৪ সংকেত ৩৮৫ নাম ৩৮৬ নামহীনতা ৩৮৭ নিশ্চয়তা ৩৮৮ উদ্দেশ্য ৩৮৯ বিদ্যা ৩৯০ অধ্যয়ন ৩৯১ অনধ্যয়ন ৩৯২ অশিক্ষা ৩৯৩ শিক্ষণ ৩৯৪ বিদ্যালয় ৩৯৫ বোঝা ৩৯৬ জানা ৩৯৭ না জানা ৩৯৮ তাৎপর্য ৩৯৯ অর্থহীনতা ৪০০ স্মৃতি ৪০১ বিস্মৃতি ৪০২ বিবরণ ৪০৩ জ্ঞাপন ৪০৪ সংবাদ ৪০৫ যোগাযোগ ৪০৬

১৪ **ভাষা-সাহিত্য-সৃজনশীলতা** ১৩৬-১৫০

সৃজন ৪০৭ সংস্কৃতি ৪০৮ ভাষা ৪০৯ অক্ষর ৪১০ লেখা ৪১১ মুদ্রণ ৪১২ চিহ্ন ৪১৩ বই ৪১৪ গ্রন্থাগার ৪১৫ প্রকাশনা ৪১৬ সাহিত্য ৪১৭ কবিতা ৪১৮ কথাসাহিত্য ৪১৯ প্রবন্ধ ৪২০ জীবনী ৪২১ লোকসাহিত্য ৪২২ ধর্মশাস্ত্র ৪২৩ অনুবাদ ৪২৪ পুনর্লিখন ৪২৫ চিঠি ৪২৬ রস ৪২৭ রসহীনতা ৪২৮ ছন্দ, অলংকার ৪২৯ নাটক ৪৩০ সিনেমা ৪৩১ সংগীত ৪৩২ যন্ত্রসংগীত ৪৩৩ নৃত্য ৪৩৪ চারুকলা ৪৩৫ চিত্র, ভাস্কর্য, আলোকচিত্র ৪৩৬ অঙ্কন ৪৩৭ বিবিধশিল্প ৪৩৮-৪৩৮·১৪

১৫ **পরিমাণ-পরিমিতি-সংখ্যা** ১৫০-১৫৮

পরিমাণ ৪৩৯ পরিমাপন ৪৪০ একক ৪৪১-৪৪১·১২ গণনা ৪৪২ সংখ্যা ৪৪৩ অনুপাত ৪৪৪ আধিক্য ৪৪৫ আড়ম্বর ৪৪৬ অল্পতা ৪৪৭ বৃদ্ধি ৪৪৮ তারতম্য ৪৪৯ হ্রাস ৪৫০ সমগ্রতা ৪৫১ শূন্যতা ৪৫২ অসম্পূর্ণতা ৪৫৩ তীব্রতা ৪৫৪ মৃদুতা ৪৫৫ অতিরঞ্জন ৪৫৬ বিশালতা ৪৫৭ ক্ষুদ্রতা ৪৫৮ অগভীরতা ৪৫৯ গভীরতা ৪৬০ সীমা ৪৬১ গুচ্ছ ৪৬২ জনসমষ্টি ৪৬৩

১৬ **আকৃতি-আয়তন** ১৫৮-১৬০

আকার ৪৬৪ জ্যামিতিক আকার ৪৬৫-৪৬৫·৮ আয়তন ৪৬৬ অক্ষাংশ ৪৬৭ দৈর্ঘ্য ৪৬৮ খর্বতা ৪৬৯ মোটা ৪৭০ শীর্ণ ৪৭১ ঋজুতা ৪৭২ বক্রতা ৪৭৩ মসৃণতা ৪৭৪ অমসৃণতা ৪৭৫ তীক্ষ্ণতা ৪৭৬ অতীক্ষ্ণতা · ৪৭৭

১৭ **বস্তু-বস্তুধর্ম** ১৬০-১৬৭

বস্তু ৪৭৮ মৌলিক পদার্থ ৪৭৯-৪৭৯·১০৩ কঠিনপদার্থ ৪৮০ তরলপদার্থ ৪৮১ আর্দ্রতা ৪৮২ শুষ্কতা ৪৮৩ উদ্বায়িতা ৪৮৪ ফেনা ৪৮৫ ভার ৪৮৬ লঘুত্ব ৪৮৭ স্বচ্ছতা ৪৮৮ অস্বচ্ছতা ৪৮৯ সতেজতা ৪৯০ ম্লানতা ৪৯১ পরিপক্কতা ৪৯২ অপক্কতা ৪৯৩ মিশ্রণ ৪৯৪ নির্যাস ৪৯৫ চুম্বক ৪৯৬ ধাতু ৪৯৭ তেল ৪৯৮ তন্তু ৪৯৯ কাঠ ৫০০ কাগজ ৫০১ রাসায়নিক দ্রব্য ৫০২-৫০২·৩০ অম্ল ৫০৩ মহার্ঘবস্তু ৫০৪ বিষ ৫০৫

১৮ **আবরণ-আচ্ছাদন-পোশাক** ১৬৭-১৭২

আবরণ ৫০৬ বস্ত্র ৫০৭ অঙ্গাবরণ ৫০৮-৫০৮·২৪ মস্তকাবরণ ৫০৯ জুতো ৫১০ নগ্নতা ৫১১ উন্মুক্ততা ৫১২ পরিবেষ্টন ৫১৩ ভিতর ৫১৪ বাহির ৫১৫ প্রকাশ ৫১৬ গোপনতা ৫১৭ রুদ্ধতা ৫১৮

১৯ পরিচ্ছন্নতা-সৌন্দর্য-অলংকার **১৭২-১৮০**

পরিচ্ছন্নতা ৫১৯ অপরিচ্ছন্নতা ৫২০ ধোয়া ৫২১ শোধন ৫২২ অশোধন ৫২৩ পারিপাট্য ৫২৪ অবিন্যস্ততা ৫২৫ সৌন্দর্য ৫২৬ অসৌন্দর্য ৫২৭ মুণ্ডন ৫২৮ প্রসাধন ৫২৯ কেশবিন্যাস ৫৩০ অলংকার ৫৩১ প্রলেপ ৫৩২ রং ৫৩৩ রং বৈভিন্ন্য ৫৩৪-৫৩৪·১৬

২০ যন্ত্র-অস্ত্র-আধার **১৮১-১৮৫**

যন্ত্র ৫৩৫ যন্ত্রবৈভিন্ন্য ৫৩৬-৫৩৬·১৪ চাকা ৫৩৭ দণ্ড ৫৩৮ আধার ৫৩৯-৫৩৯·১৭ অস্ত্রশস্ত্র ৫৪০-৫৪০·১১ বর্ম ৫৪১ ফাঁদ ৫৪২

২১ সত্য-ঔচিত্য-যাথার্থ্য **১৮৫-১৯৪**

সত্য ৫৪৩ মিথ্যা ৫৪৪ ঔচিত্য ৫৪৫ অনৌচিত্য ৫৪৬ অকপটতা ৫৪৭ কপটতা ৫৪৮ বিশ্বাস ৫৪৯ অবিশ্বাস ৫৫০ হীনতা ৫৫১ নৈতিক চরিত্র ৫৫২ মহাপুরুষ ৫৫৩ গুণ ৫৫৪ দোষ ৫৫৫ ভালোত্ব ৫৫৬ মন্দত্ব ৫৫৭ বিশুদ্ধতা ৫৫৮ অবিশুদ্ধতা ৫৫৯ নেশা ৫৬০-৫৬০·৭ যথার্থতা ৫৬১ ভুল ৫৬২ অনৈতিকতা ৫৬৩ চুরি ৫৬৪ ডাকাতি ৫৬৫ শাস্তি ৫৬৬ অনপরাধ ৫৬৭

২২ তেজ-দহন-বিদ্যুৎ **১৯৫-১৯৭**

শক্তি ৫৬৮ তাপ ৫৬৯ শীতলতা ৫৭০ আগুন ৫৭১ দহন ৫৭২ নির্বাপণ ৫৭৩ অদাহ্যতা ৫৭৪ বিদ্যুৎ ৫৭৫

২৩ ধর্ম-দেবতা-উপাসনা **১৯৭-২১২**

ঈশ্বর ৫৭৬ নাস্তিকতা ৫৭৭ হিন্দুদেবদেবী ৫৭৮-৫৭৮·৩৯ সিদ্ধপুরুষ ৫৭৯ পৌরাণিক চরিত্র ৫৮০ প্রতিমা ৫৮১ ধর্মক্ষেত্র ৫৮২ সন্ন্যাস ৫৮৩ উপাসনা ৫৮৪ যজ্ঞ ৫৮৫ পবিত্রতা ৫৮৬ অপবিত্রতা ৫৮৭ পাপ ৫৮৮ অধ্যাত্মচেতনা ৫৮৯ ধর্ম ৫৯০ ধর্মবৈভিন্ন্য ৫৯১-৫৯১·৯ ধর্মপ্রচারক ৫৯২ ধর্মগ্রন্থ ৫৯৩ ধর্মীয় অনুষ্ঠান ৫৯৪ পালপার্বণ ৫৯৫ সংস্কার ৫৯৬ স্বর্গ ৫৯৭ নরক ৫৯৮ নির্বাণ ৫৯৯ অসুর ৬০০

২৪ পরিচিতি-আত্মীয়তা-তত্ত্বাবধান **২১২-২২৪**

পরিচিতি ৬০১ অপরিচয় ৬০২ বন্ধুত্ব ৬০৩ প্রণয় ৬০৪ স্নেহ ৬০৫ প্রবণতা ৬০৬ ভদ্রতা ৬০৭ অভদ্রতা ৬০৮ রীতিনীতি ৬০৯ অভিনন্দন ৬১০ ডাকা ৬১১ আপ্যায়ন ৬১২ শ্রদ্ধা ৬১৩ অশ্রদ্ধা ৬১৪ অনাদর ৬১৫ অসদ্ভাব ৬১৬ বিবাহ ৬১৭ স্বামী ৬১৮ স্ত্রী ৬১৯ কৌমার্য ৬২০ পতিহীনতা ৬২১ সতিন ৬২২ উপপত্নী ৬২৩ সংসার ৬২৪ সন্তান ৬২৫ অনপত্যতা ৬২৬ মা ৬২৭ বাবা ৬২৮ ভাই ৬২৯ বোন ৬৩০ আত্মীয়তা ৬৩১ আত্মীয়স্বজন ৬৩২-৬৩২·৩২ অনাত্মীয়তা ৬৩৩ নিজ ৬৩৪ পর ৬৩৫ প্রতিনিধি ৬৩৬ তত্ত্বাবধান ৬৩৭ প্রতিপালন ৬৩৮ অনাথ ৬৩৯

২৫ গোষ্ঠী-সমাজ-জাতি **২২৪-২২৯**

জাতি ৬৪০ জাতি, জাত, সম্প্রদায় ৬৪১ জাতিবৈভিন্ন্য ৬৪২ বংশ ৬৪৩ সমাজ ৬৪৪ উৎসব ৬৪৫ আভিজাত্য ৬৪৬ অকৌলীন্য ৬৪৭ ঐক্য ৬৪৮ অনৈক্য ৬৪৯ নিঃসঙ্গতা ৬৫০ সংগঠন ৬৫১ সভা ৬৫২ কমিটি ৬৫৩ সভ্যতা ৬৫৪ আদিমতা ৬৫৫

২৬ রাষ্ট্র-প্রশাসন-রাজনীতি **২২৯-২৩৭**

রাষ্ট্র ৬৫৬ স্বাধীনতা ৬৫৭ পরাধীনতা ৬৫৮ দেশের বিভাগ ৬৫৯ রাজনীতি ৬৬০-৬৬০·৫ রাজা ৬৬১ প্রাধান্য ৬৬২ অপ্রধান ৬৬৩ প্রশাসন ৬৬৪ অপশাসন ৬৬৫ অফিস ৬৬৬ বিচারব্যবস্থা ৬৬৭ আইন ৬৬৮ শৃঙ্খলা ৬৬৯ বিশৃঙ্খলা ৬৭০ আরক্ষা ৬৭১ অবরোধন ৬৭২ মুক্তি ৬৭৩

২৭ হিত-সহযোগিতা-সংঘাত ২৩৭-২৫০

মঙ্গল ৬৭৪ অমঙ্গল ৬৭৫ ভাগ্য ৬৭৬ সৌভাগ্য ৬৭৭ দুর্ভাগ্য ৬৭৮ বিপদ ৬৭৯ উদ্ধার ৬৮০ সুযোগ ৬৮১ বাধা ৬৮২ সাহায্য ৬৮৩ প্রতিযোগিতা ৬৮৪ শত্রুতা ৬৮৫ বিবাদ ৬৮৬ অবিরোধ ৬৮৭ অত্যাচার ৬৮৮ অনাঘাত ৬৮৯ শারীরিক আঘাত ৬৯০ পরাক্রম ৬৯১ বলহীনতা ৬৯২ অপ্রতিরোধ ৬৯৩ প্রতিরোধ ৬৯৪ বিক্ষোভ ৬৯৫ যুদ্ধ ৬৯৬-৬৯৬·৭ সৈন্য ৬৯৭ জয় ৬৯৮ পরাজয় ৬৯৯ অনবরোধ ৭০০

২৮ দেওয়া-নেওয়া-চাহিদা ২৫০-২৫৬

রাখা ৭০১ সংগ্রহ ৭০২ আরোপ ৭০৩ দেওয়া ৭০৪ বিতরণ ৭০৫ দানশীলতা ৭০৬ উৎসর্গ ৭০৭ উপহার ৭০৮ কার্পণ্য ৭০৯ চাওয়া ৭১০ না চাওয়া ৭১১ লোভ ৭১২ পাওয়া ৭১৩ অপ্রাপ্তি ৭১৪ নেওয়া ৭১৫ অগ্রহণ ৭১৬ প্রয়োজন ৭১৭ গুরুত্ব ৭১৮ অপ্রয়োজন ৭১৯ বিনিময় ৭২০ ভিক্ষা ৭২১ কর্তৃত্ব ৭২২ মালিকানা ৭২৩ অধিকার ৭২৪ হারানো ৭২৫ নিবৃত্তি ৭২৬

২৯ অর্থ-বিত্ত-জীবিকা ২৫৬-২৬৪

অর্থ ৭২৭ জীবিকা ৭২৮ উপার্জন ৭২৯ ঘুষ ৭৩০ খরচ ৭৩১ মিতব্যয়িতা ৭৩২ ঋণ ৭৩৩ সচ্ছলতা ৭৩৪ ভোগ, বিলাস ৭৩৫ অভাব ৭৩৬ বাহুল্যহীনতা ৭৩৭ ব্যাবসা ৭৩৮ বিক্রয় ৭৩৯ ক্রয় ৭৪০ দাম ৭৪১ শুল্ক ৭৪২ লাভ ৭৪৩ ক্ষতি ৭৪৪ হিসাব ৭৪৫ দলিল ৭৪৬ উন্নয়ন ৭৪৭ অবনয়ন ৭৪৮ বিনিয়োগ ৭৪৯ ভাড়া ৭৫০ জমিদারি ৭৫১ প্রজা ৭৫২

৩০ খেলা-বিনোদন-শিকার ২৬৪-২৬৭

খেলা ৭৫৩ ক্রীড়াবৈভিন্ন্য ৭৫৪-৭৫৪·৫৩ ক্রীড়া প্রতিযোগিতা ৭৫৫ বিনোদন ৭৫৬ শিকার ৭৫৭

সংকেত নির্দেশ

বি·	বিশেষ্য	পৌরা	পৌরাণিক
বিণ·	বিশেষণ	ক	করা-
বিণ·/বি·	বিশেষণ/বিশেষ্য	পা	পাওয়া
অব্যা·	অব্যয়	নে	নেওয়া
ক্রিবিণ·	ক্রিয়াবিশেষণ	দে	দেওয়া
সর্ব·	সর্বনাম	হ	হওয়া
দ্র	দ্রষ্টব্য	ই	ইত্যাদি

বর্ণানুক্রমিক বিষয়সূচি

বিষয়	পরিচ্ছেদ
অধিষ্ঠান	৬
অনুভূতি	৩
অর্থ	২৯
অলংকার	১৯
অস্তিত্ব	৪
অস্ত্র	২০
আকৃতি	১৬
আচ্ছাদন	১৮
আত্মীয়তা	২৪
আধার	২০
আপেক্ষিক অবস্থান	৭
আবরণ	১৮
আয়তন	১৬
আশ্রয়	৬
ইন্দ্রিয়	৩
উপাসনা	২৩
ঋতু	৫
ঔচিত্য	২১
কাজ	১১
কাল	৫
খেলা	৩০
গতি	১০
গাছপালা	১
গোষ্ঠী	২৫
চাহিদা	২৮
জাতি	২৫
জীবিকা	২৯
জ্ঞান	১৩
জ্ঞাপন	১৩
তত্ত্বাবধান	২৪
তেজ	২২
দহন	২২
দিক	৭
দেওয়া	২৮
দেবতা	২৩
ধর্ম	২৩
নির্ভরতা	৯
নির্মাণ	১২
নেওয়া	২৮
পরিচিতি	২৪
পরিচ্ছন্নতা	১৯
পরিবহণ	১০
পরিমাণ	১৫
পরিমিতি	১৫
পৃথিবী	১
পোশাক	১৮
প্রকৃতি	১
প্রতিকার	১২
প্রবাহ	১০
প্রয়োগ	১১
প্রশাসন	২৬
প্রাণ	২
প্রাণী	২
বন্ধন	১২
বয়স	৫
বস্তু	১৭
বস্তুধর্ম	১৭
বাস্তবতা	৪
বিত্ত	২৯
বিদ্যুৎ	২২
বিনোদন	৩০
ব্যবস্থা	১১
ভাষা	১৪
মন	৮
মনন	১৩
মনোভাব	৮
মহাবিশ্ব	১
মানসিকতা	৮
যন্ত্র	২০
যাথার্থ্য	২১
রাজনীতি	২৬
রাষ্ট্র	২৬
শরীর	২
শিকার	৩০
সংখ্যা	১৫
সংঘাত	২৭
সংরক্ষণ	৪
সংলগ্নতা	৭
সত্য	২১
সমাজ	২৫
সম্পর্ক	৯
সহযোগিতা	২৭
সাদৃশ্য	৯
সাহিত্য	১৪
সৃজনশীলতা	১৪
সৌন্দর্য	১৯
স্থান	৬
হিত	২৭

সংসদ
সমার্থশব্দকোষ

১ মহাবিশ্ব-প্রকৃতি-পৃথিবী-গাছপালা

১ মহাবিশ্ব

বি· মহাবিশ্ব, বিশ্বচরাচর, মহাজগৎ, বিশ্বব্রহ্মাণ্ড, নিখিলভুবন, বিশ্বনিখিল, নিখিলবিশ্ব, বিশ্বগোলক, অখিলবিশ্ব, বিশ্বমণ্ডল, বিশ্বচক্র, বিশ্বক, সৃষ্টি, অখিল, নিখিল, জগৎ, ব্রহ্মাণ্ড, ব্রহ্মমণ্ডল, জগন্মণ্ডল, চরাচর, জগৎসংসার, ত্রিভুবন, ত্রিসংসার [স্বর্গ : মর্ত : পাতাল], ভূত্রয়, ত্রিজগৎ, ত্রিলোক, ত্রৈলোক্য, স্বর্গ-মর্ত-পাতাল, স্থাবর-জঙ্গম।

মহাকাশ, মহাশূন্য, মহাগগন, জ্যোতির্মণ্ডল, নক্ষত্রলোক, নভোমণ্ডল, খগোল, ব্যোম, ভুবর্লোক, ভুবঃ, অন্তরীক্ষ, অনন্ত আকাশ, নিঃসীমশূন্য, শূন্য, নভঃ [দ্র ২] ; কসমস।

সৌরজগৎ ; গ্রহজগৎ [দ্র ৫]।

মহাকাশবিজ্ঞান, কসমোলজি। মহাজাগতিক রশ্মি, কসমিক রে।

মহাকাশ অভিযান, মহাকাশ যাত্রা ; মহাকাশ বিজয় ; মহাকাশযান, রকেট [দ্র ৩১৭]।

[পৌরা·] স্বর্গ [দ্র ৫৯৭], সুরলোক ; চতুর্দশভুবন [সপ্তস্বর্গ ও সপ্তপাতাল] ; সপ্তস্বর্গ, সপ্তলোক, সপ্তভুবন [ভূলোক ; ভুবর্লোক ; স্বর্লোক ; জনলোক ; মহর্লোক, মহোলোক ; তপর্লোক ; সত্যলোক]। পাতাল, নাগলোক, অধোলোক, অধোভুবন, বলিসম, বলিসদন, সপ্তপাতাল [অতল ; বিতল ; সুতল ; তলাতল ; মহাতল ; রসাতল ; পাতাল]।

বিণ· মহাজাগতিক, মহাকাশ সংক্রান্ত, আন্তরীক্ষ।

বিণ·/বি· মহাকাশচারী, নভশ্চর, নভশ্চারী, মহাকাশ অভিযাত্রী, কসমোনট, অ্যাস্ট্রনট ; মহাকাশবিজয়ী।

২ আকাশ

বি· আকাশ, গগন, অম্বর, আশমান, অভ্র, অভ্রক, নীলিমা, অন্তরীক্ষ, শূন্য, নভঃ, খ, শূন্যতল, ব্যোম, অনন্ত, নভস, উড়ুপথ, পবনপথ, মেঘাস্পদ, মেঘবেশ্ম, ঘনাশ্রয়, মেঘবর্ত্ম, দ্যুলোক, তারাপথ, দ্যু, দ্যো, দ্যৌ, পুষ্কর, ত্রিদিব, পুরবর্ত্ম, বিয়ৎ, বিহায়, অনঙ্গ, মহাবিল, ত্রিপিষ্টপ, দেবপথ, সুরপথ, সুরবর্ত্ম, অক্ষর, মরুদ্বর্ত্ম, বায়ুবর্ত্ম, নাক, ঘনবীথি, লোকালোক, নিরাকার, নীলাকাশ, ক্রন্দসী, রোদঃ, রোদসী।

আকাশমণ্ডল, অন্তরীক্ষমণ্ডল, নভোমণ্ডল, গগনমণ্ডল ; আকাশতল, গগনতল, গগনপট, আকাশপট, অম্বরতল, গগনাঙ্গন, গগনাঙ্গ, নভস্তল, নভঃস্থল ; বায়ুমণ্ডল [দ্র ২৯]।

মধ্যাকাশ, ঊর্ধ্বাকাশ, ঊর্ধ্বগগন।

আকাশপথ, আকাশমার্গ, ব্যোমপথ, রবিপথ ; আকাশসীমা।

আকাশভ্রমণ [দ্র ৩০৫]। আকাশযান [দ্র ৩১৭]।

খমধ্য, খস্বস্তিক, সুবিন্দু ; কুবিন্দু।

দিগন্ত, দিকচক্রবাল, দিগ্বলয়, দিঙ্মণ্ডল, দিকরেখা, চক্রবাল, আকাশপ্রান্ত, গগনপ্রান্ত, দিগন্তরেখা, ক্ষিতিরেখা, ক্ষিতিজরেখা, আকাশকক্ষা, গগনান্তরাল।

বিণ· আকাশি, আশমানি, আন্তরীক্ষ, গাগনিক ; আকাশস্থ, আকাশস্থিত।

বিণ·/বি· আকাশচর, আকাশচারী, নভশ্চর [দ্র ১], ব্যোমচারী, ব্যোমচর, বিয়ৎচারী, বিয়ৎচর, শূন্যচারী, খেচর [দ্র ৬০], গগনবিহারী, গগনচারী, অম্বরচর, অম্বরচারী, আকাশবিহারী।

গগনস্পর্শী আকাশছোঁওয়া [দ্র ১৯৯]।

৩ ছায়াপথ

বি· ছায়াপথ, অজবীথি, আকাশগঙ্গা, আকাশসরিৎ, অমরমার্গ, যমের জাঙ্গাল, দুধপথ, দুগ্ধসরণি, দেবযান, হরিতালিকা, হরিতালী, হারাবলী, দ্বীপবিশ্ব, গ্যালাক্সি, নীহারিকা, নক্ষত্রপুঞ্জ, নক্ষত্রবীথি, নেবুলা।

৪ নক্ষত্র

বি· তারা, তারকা, তারক, নক্ষত্র, জ্যোতিষ্ক, সিতাবা, ঋক্ষ, চন্দ্রধারা, খেট, ভ।

নক্ষত্রলোক, জ্যোতির্লোক, জ্যোতির্মণ্ডল, **নক্ষত্রমণ্ডল**, নক্ষত্রজগৎ, জ্যোতিশ্চক্র, তারামণ্ডল। ধ্রুবতারা, জ্যোতীরথ ; সন্ধ্যাতারা, সান্ধ্যতারা, শুকতারা।

নক্ষত্রমালা, নক্ষত্রচক্র, নক্ষত্রপুঞ্জ, দক্ষকন্যা, তারকাপুঞ্জ [অশ্বিনী, অশ্বযুক ; ভরণী ; কৃত্তিকা, অগ্নিদেবা ; রোহিণী ; মৃগশিরা ; আর্দ্রা ; পুনর্বসু ; পুষ্যা ; অশ্লেষা, মঘা ; পূর্বফাল্গুনী ; উত্তরফাল্গুনী, ধ্রুবগণ ; হস্তা ; চিত্রা ; স্বাতী, প্রাভঞ্জন ; বিশাখা ; অনুরাধা ; জ্যেষ্ঠা ; মূলা ; পূর্বাষাঢ়া ; উত্তরাষাঢ়া, শ্রবণা ; ধনিষ্ঠা, ধনবতী ; শতভিষা ; পূর্বভাদ্রপদ ; উত্তরভাদ্রপদ, অহিবুধ্ন ; রেবতী, অন্তভ] ; সপ্তর্ষিমণ্ডল, ঋক্ষমণ্ডল [মরীচি ; অত্রি ; অঙ্গিরা ; পুলহ ; পুলস্ত্য ; ক্রতু ;

বশিষ্ঠ], গ্রেটবেয়ার; অগস্ত্য; অভিজিৎ, শিশুমার, লুব্ধক। কালপুরুষ, অগ্রহায়ণী; তিষ্য।

নক্ষত্রবিদ্যা, নক্ষত্রবিজ্ঞান, জ্যোতিষ, জ্যোতির্বিদ্যা, জ্যোতির্বিজ্ঞান, জ্যোতিঃশাস্ত্র, অ্যাস্ট্রনমি, হোরা, হোরাবিজ্ঞান; মানমন্দির, অবজারভেটারি; প্ল্যানেটেরিয়াম।

উল্কা, উল্কাশ্ম, উল্কাপিণ্ড, অনলশিলা; উল্কাপাত, নক্ষত্রপাত, উল্কাবৃষ্টি।

ধূমকেতু, ঝাঁটাতারা, ঝাঁটিতারা।

ক্রান্তিবিন্দু; ক্রান্তিপাত; ক্রান্তিবৃত্ত; ক্রান্তিমণ্ডল, ক্রান্তিবলয়।

রাশি, অয়নাংশ। রাশিচক্র, অয়নবৃত্ত, অয়নমণ্ডল, ভচক্র, ভগোল, ভপঞ্জর, ভমণ্ডল [মেষ; বৃষ; মিথুন; কর্কট; সিংহ; কন্যা; তুলা; বৃশ্চিক; ধনু; মকর; কুম্ভ; মীন]।

নক্ষত্রজ্যোতি, নক্ষত্রালোক, তারার আলো [দ্র ৩৩]।

বিণ· তারাময়, তারকিত, তারকাখচিত, তারকাসমৃদ্ধ, তারকাদীপ্ত, তারকান্বিত, তারকায়িত, নক্ষত্রখচিত, নক্ষত্রান্বিত, নক্ষত্রশোভিত।

নাক্ষত্র।

তারকারা, তারকাসদৃশ, তারাসদৃশী।

বিণ·/বি· জ্যোতির্বিদ, জ্যোতির্বিজ্ঞানী, নক্ষত্রজীবী, নক্ষত্রদর্শ, নক্ষত্রপাঠক, নক্ষত্রদর্শক।

৫ সূর্য

বি· সূর্য, রবি, ভাস্কর, ভানু, আদিত্য, তপন, অর্ক, মিহির, মার্তণ্ড, ঋচীক, অরুণ, দিননাথ, দিনমণি, দিনেশ, দিনকর, সবিতা, অংশুমৎ, দিনপতি, দিবাকর, দিবানাথ, দিবাবসু, দ্যুমণি, দিবামণি, বিবস্বান, বিভাবসু, পূষন, সূর্যাই, ক, পূষা, বিভাকর, প্রভাকর, অঞ্জিষ্ঠ, অঞ্জিষ্ণু, অংশুমালী, কিরণমালী, মরীচিমালী, অংশুপতি, অংশুমান, অংশুহস্ত, সুর, সুরোত্তম, সূরি, ইঁতু, সুরজ, অংশুধর, তাপন, নভশ্চক্ষু, জগচ্চক্ষু, ত্বিষামীশ, ত্বিষাম্পতি, ময়ূখমালী, ধ্বান্তারি, বীতিহোত্র, অর্যমা, অহস্কর, গভস্তিহস্ত, ব্রধ্ন, ভাস্বত, ভাস্বান, সপ্তাশ্ব, দ্বাদশাত্মা, হরিদশ্ব, অহিমাংশু, অশীতকর, উষ্ণরশ্মি, উষ্ণবীর্য, উষ্ণরথি, মিত্র, বিরোচন, চিত্রভানু, অহঃপতি, সহস্রাংশু, সহস্রকর, কাশ্যপেয়, শূর, লোলার্ক, ধামকেশী, রসাধার, অর্চিষ্মান, সপ্তসপ্তি, সপ্তাশ্ববাহন, সুযাত্র, গভস্তিমান, জ্যোতিষ্মান, চিত্ররথ, খমণি, হিরণ্যরেতাঃ, গ্রহরাজ, গ্রহপতি, গ্রহাধীশ, তমোনুদ, প্রদ্যোতন, পদ্মপাণি, অদ্রি, অম্বরিষ, তমোপহ, তমোঘ্ন, তমোনাশ, তমোহর, তমোহা, তিমিরারি, ভানুমান, সহস্ররশ্মি, ঊষাপতি, কমলিনীনায়ক, বিকর্তন, সূতপাঃ, অহর্পতি, অহর্মণি, বিয়ন্মণি, খরকর, খরাংশু, আফতাব।

সৌরজগৎ, সৌরলোক, সৌরমণ্ডল, ভানুমণ্ডল, রবিমণ্ডল, গ্রহজগৎ, গ্রহমণ্ডল, সূর্যমণ্ডল, উপসূর্যক।

সৌরদিন, সৌরদিবস; সৌরমাস; সৌরসংবৎসর।

সৌর আবর্তন, সূর্যাবর্ত। সৌরকলঙ্ক।

অয়নচলন, অয়ন; অয়নপথ; উত্তরায়ণ; দক্ষিণায়ন; অয়নান্ত; অয়নান্ত প্রদেশ; অয়নবিন্দু; অয়নান্তবৃত্ত।

সূর্যোদয়, অরুণোদয়, সূর্যোত্থান, সূর্যপ্রকাশ, সূর্য ওঠা-। নবারুণ, প্রভাতসূর্য, প্রভাতরবি, বালার্ক।

সূর্যডোবা-, সূর্যাস্ত, সূর্যাস্তগমন, অস্ত [১৪৩], অস্তাচলগমন, অস্তাচলে যাওয়া-, অস্তগমন, অস্তমন।

উদয়াচল, উদয়গিরি, পূর্বাচল, পূর্বাদ্রি।

অস্তাচল, অস্তগিরি।

সূর্যকিরণ, রবিরশ্মি, মরীচি [দ্র ৩৫]।

সূর্যবন্দনা, সূর্যপূজা, ইতুপূজা; সূর্যপ্রণাম।

সূর্যগ্রহণ, গ্রহণ, উপরাগ; পূর্ণগ্রাস; বলয়গ্রাস; আংশিক গ্রাস, অংশগ্রাস।

সূর্যসারথি, অরুণ; সূর্যরথ, অরুণরথ।

বিণ· সৌর, আর্ক, বৈবস্বত, সৌর্য, সৌরি, সৌরীয়, সুরীয়, সূর্যপ্রভব, বৈকর্তন।

অস্তায়মান [দ্র ১৪৩]।

৬ চন্দ্র

বি· চাঁদ, চন্দ্র, ইন্দু, বিধু, শশী, চন্দ্রমা, চন্দ্রিমা, চন্দ্রক, শশাঙ্ক, এণকতিলক, সুধাংশু, মৃগাঙ্ক, সুধাকর, হিমাংশু, শীতাংশু, সিতাংশু, তুহিনাংশু, নিশাকর, নিশানাথ, নিশাপতি, নিশিকান্ত, নিশামণি, নিশিনাথ, নিশারত্ন, শশধর, শশভৃৎ, শশলক্ষণ, শশলাঞ্ছন, শশবিন্দু, রাত্রিকর, রাকাপতি, নিশিপতি, নক্ষত্রেশ, নক্ষত্রপতি, নক্ষত্রাধিপতি, ওষধিনাথ, ওষধিপতি, রজনীকর, রজনীশ, রজনীসখা, রজনীরাজ, রজনীকান্ত, পক্ষজ, পক্ষধর, পক্ষচর, রজনীপতি, কৌমুদীপতি, কুমুদপতি, কুমুদবান্ধব, কুমুদনাথ, তারানাথ, তারাধিপ, তারাপতি, তারাধিপতি, তারাপীড়, উডুপ, সোম, অম্ভোজ, অর্ণবোদ্ভব, যামিনীনাথ, যামিনীকান্ত, যামিনীপ্রকাশ, হিমকর, হিমধামা, হিমকিরণ, সিতরশ্মি, সিতরুচি, সিতকর, শ্বেতধামা, শীতকিরণ, শীতময়ূখ, শীতরশ্মি, রাকেশ, ঋক্ষেশ, হরিণাঙ্ক, ছায়াঙ্ক, কলাধর, কলানাথ, কলানিধি, কলাভৃৎ, রাত্রিমণি, সুধাময়, সুধাধার, সুধানিধি, রেবতীরমণ, সুধাধামা, সুধাবর্ষী, দ্বিজপতি, দ্বিজরাজ, দ্বিজেন্দ্র, ক্ষীরোদনন্দন, ক্ষীরাব্ধিজ, কান্তিভৃৎ।

চন্দ্রমণ্ডল, চন্দ্রলোক, চন্দ্রগোল; চন্দ্রলেখা, চন্দ্ররেখা, শশীকলা, চন্দ্রকলা, শশীলেখা, ইন্দুলেখা, ইন্দুদল, ইন্দুকলা, ইন্দুলেখ, ইন্দুরেখ।

চন্দ্রোদয়, চাঁদের উদয়, চাঁদ ওঠা-।

পূর্ণিমা, পূর্ণচন্দ্র, পূর্ণেন্দু, পূর্ণমাসী, ইন্দুমতী, ফুল্লেন্দু, পৌর্ণমাসী। রাকা। অমাবস্যা, অমা, দর্শ, সূর্যেন্দুসঙ্গম। পক্ষান্ত। অর্ধেন্দু। নষ্টচন্দ্র।

শরদিন্দু, শরৎশশী, শরচ্চন্দ্র; ফটিকচাঁদ। বালেন্দু, বালশশী।

চন্দ্রগ্রহণ, গ্রহণ; পূর্ণগ্রাস; অংশগ্রাস।

চন্দ্রালোক [দ্র ৩৬]। চান্দ্রমাস [দ্র ১৬৪]।

বিণ· চান্দ্র, চান্দ্রেয়, চাঁদেনি, চাঁদনি, সৌমিক। চাঁদা, চাঁদপানা।

৭ গ্রহ

বি· গ্রহ, প্ল্যানেট; সূর্যের গ্রহ [বুধ, রোহিণীতনয়, সৌম্য, ইন্দুজ, শশিসুত, চন্দ্রাত্মজ; শুক্র; পৃথিবী [দ্র ৯]; মঙ্গল, কুজগ্রহ, লোহিতাঙ্গ, ভৌম, মহীসুত, মহীজ, ধরাত্মজ,

আবনেয়, গগনোল্মুক, বর্ষাচিঃ ; বৃহস্পতি ; শনি, ক্রূরলোচন, ক্রূরদৃক, শৌরি, শনৈশ্চর ; ইউরেনাস ; নেপচুন ; প্লুটো] ; গ্রহাণু, গ্রহাণুপুঞ্জ।

উপগ্রহ, চাঁদ ; পৃথিবীর উপগ্রহ ; চন্দ্র [দ্র ৬]।

কৃত্রিম উপগ্রহ ; স্পুটনিক।

গ্রহমণ্ডল, গ্রহজগৎ। গ্রহবিদ্যা, গ্রহতত্ত্ব, জ্যোতির্বিদ্যা [৪]।

[পৌরা·] নবগ্রহ [সূর্য ; চন্দ্র ; মঙ্গল ; বুধ ; বৃহস্পতি ; শুক্র ; শনি ; রাহু, কৃষ্ণবর্ত্মা, বিধুন্তুদ, স্বর্ভানু ; কেতু]।

গ্রহেরসঞ্চার ; বক্রীগ্রহ।

গ্রহান্তর ; গ্রহান্তরের জীব ; উড়ন্ত চাকি, উফো।

৮ অভিকর্ষ

বি· অভিকর্ষ, মহাকর্ষ, মাধ্যাকর্ষণ ; মাধ্যাকর্ষণ শক্তি, গ্র্যাভিটি, গ্র্যাভিটেশন। টান, আকর্ষণ [দ্র ২৬৮]।

৯ পৃথিবী

বি· পৃথিবী, বিশ্ব, জগৎ, ধরা, ধরণী, ধরিত্রী, বসুমতী, বসুমাতা, বসুধা, বসুন্ধরা, অবনী, মেদিনী, পৃথ্বী, দুনিয়া, জাহান, মহীমণ্ডল, জগতী, মহী, ভূ, ভূমণ্ডল, ভুবন, ভুবনমাতা, ভূতল, ধরাতল, অবনীতল, ধরাধাম, মর্ত, সংসার, জীবলোক, ভবলোক, মরজগৎ, মর্ত্যলোক, মনুষ্যলোক, অধিলোক, নরলোক, নৃলোক, ইহলোক, ইহজগৎ, ভূলোক, অদিতি, ধাত্রী, ধারয়িত্রী, ধারণী, ধারিণী, ভূমি, অচলা, অনন্তা, রসা, বিশ্বম্ভরা, স্থিরা, জ্যা, ক্ষোণি, ক্ষৌণী, ক্ষিতি, ক্ষিতিজ, কাশ্যপী, সর্বংসহা, উর্বী, গোত্রা, কু, ভূর, ক্ষমা, রত্নগর্ভা, সাগরাম্বরা, সমুদ্রাম্বরা, অব্ধিমেখলা, ভূতধাত্রী, রত্নাবতী, দোহিনী, পারা, বিপুলা, সসাগরা পৃথিবী, মহাকান্তা, জগদ্বহা, গন্ধবতী, খণ্ডনী, গিরিকর্ণিকা, সাগরমেখলা, সমুদ্রমেখলা, সাগরনেমি, সপ্তদ্বীপা, মহা, অচলকীলা, অদ্রিকীলা, গো, অব্ধিদ্বীপা, দ্বিরা, ইড়া, ইড়িকা, ইলা, ইলিকা, উদধিবস্ত্রা, ইরা, আদিমা, বরা, উর্বরা, আদ্যা, নিশ্চলা, বীজপ্রসূ, শ্যামা, রত্নবতী, ধারতি, মর্ত্যধাম, ক্রোড়কান্তা, খগবতী, ভূভাগ, চরাচর, অবনীমণ্ডল, পৃথিবীমণ্ডল, পৃথিবীতল, ভূখণ্ড, অখিলখণ্ড, জগ, অখিল, নিখিল, সৃষ্টি, সৃষ্টিতল, ভূর্লোক, ক্ষ্মা, বীজসূ , পিষ্টপ।

ভূগর্ভ, মাটির তলা, মাটির নিচ, ভূ-অভ্যন্তর।

ভূত্বক [দ্র ২৪]।

ভূবিদ্যা, ভূতত্ত্ব। ভূগোল।

বিণ· পার্থিব, জাগতিক, ঔর্ব, লৌকিক, ঐহিক, ইহলৌকিক [দ্র ১২৪], ঐহলৌকিক, মর্ত্য।

ভূগর্ভস্থ।

পৃথিবীময়, পৃথিবীব্যাপী, ধরাব্যাপী, ভুবনভরা, ভুবনবিস্তারী, ভুবনময়, ভুবনব্যাপী, পৃথিবীব্যাপ্ত, জগন্ময়, জগৎময়, দুনিয়াজোড়া, জগৎজোড়া, ধরাতলব্যাপী।

বি· আকাশ ও পৃথিবী, ক্রন্দসী, রোদসী।

বিণ·/বি· ভূতাত্ত্বিক, ভূতত্ত্ববিদ।

১০ প্রকৃতি

বি· প্রকৃতি, নিসর্গ, বাহ্যজগৎ, বিশ্বপ্রকৃতি।

পরিবেশ, পরিপার্শ্ব, প্রতিবেশ, পরিমণ্ডল, পরিবেষ্টন, পারিপার্শ্বিকতা, পারিপার্শ্বিক, পরিবৃতি, আবেষ্টন, চারধার, আবেষ্টনী, পরিবেষ্টনী, পরিগম, পর্যাবরণ, আশপাশ। আবহাওয়া [দ্র ৩০]।

প্রকৃতিবিজ্ঞান, প্রকৃতিতত্ত্ব। প্রকৃতিবাদ।

পরিবেশবিজ্ঞান, পরিবেশতত্ত্ব, ইকোলজি।

বিণ· প্রাকৃতিক, নৈসর্গিক, প্রাকৃত, প্রকৃতিসম্বন্ধী, স্বাভাবিক, নিসর্গজ, প্রকৃতিজাত, প্রকৃতিজ, প্রকৃতিগত, অসৃষ্ট, প্রকৃতিসিদ্ধ, প্রকৃতিদত্ত।

পারিপার্শ্বিক, চতুর্দিগবর্তী, প্রাতিবেশ্য।

অকৃত্রিম, অজন্য, অকরণজাত; অযত্নকৃত।

বিণ·/বি· প্রকৃতিবিজ্ঞানী, প্রকৃতিতত্ত্বজ্ঞ, নিসর্গী।

পরিবেশবিজ্ঞানী।

১১ জল

বি· জল, বারি, সলিল, নীর, অপ, অম্বু, উদক, উদ, পয়, অম্ভ, তোয়, পানি, উড়ু, সরঃ, ইরা, ইলা, পুষ্কর, পাথঃ, বর্বুর, সম্বর, তামর, শীতোত্তম, বারুণ ; জীবন, প্রাণদ।

জলীয় বাষ্প, বাষ্প ; জলকণা, জলবিন্দু, বারিবিন্দু, জলকণিকা ; শীকর।

স্বচ্ছ জল ; পরিষ্কার জল, টলটলে জল [৫১৯], হংসোদক, নির্মল জল, কাকচক্ষুর মতো নির্মল জল।

ঘোলা জল, অপরিষ্কার জল।

মৃদুজল। খরজল, গুরুজল।

জলোচ্ছ্বাস, জলস্তম্ভ ; জলপ্রবাহ, জলধারা, জলস্রোত, স্রোত [দ্র ৩১২, ১৫]। জোয়ার, বান, কটাল, কোটাল, ভরাকটাল [২১]। [বিপ·] ভাটা, মরাকটাল।

জলসত্র [দ্র ৭০৫], জলছত্র, পানীয়শালিকা। জল সরবরাহ।

প্রপা, প্রপান।

কল, ট্যাপ। নল, পাইপ। বেসিন, সিঙ্ক, সিসটার্ন। চৌবাচ্চা [দ্র ১৬]। পাম্প। প্লাম্বিং।

জলকেলি, জলক্রীড়া ; জলবিহার, জলভ্রমণ।

জলচর, জলজন্তু [দ্র ৫৩, ৬০]।

জলবিজ্ঞান, হাইড্রলিকস।

জলদেবতা, বরুণ। জলপরী, জলকন্যা।

জলাধার, ট্যাঙ্ক ; মশক, ভিস্তি।

জলবাহক, ভিস্তি, ভারি।

জলসেচ [দ্র ৪৭]। জলাশয় [দ্র ১৬]। পানীয়জল [দ্র ৬৯], মিঠাজল, মিঠাপানি। নদীর জল [দ্র ১২]। সমুদ্রজল [দ্র ১৪]। বৃষ্টি [দ্র ২০]। ধারাযন্ত্র [দ্র ১৫]।

বিণ· জলীয়, সলিলী, জোলো ; ঔদক, ঔঘ, বার্য।

জলা, আনূপ, জলবহুল, কচ্ছ, জলমগ্ন, জলময়, পয়স্বান, আপ্য, জলে ভরা, জলভর্তি, জলগর্ভ, জলপূর্ণ। সুজলা। জলপ্লাবিত [দ্র ২১]।

ভিজা, ভেজা-, আর্দ্র, জলসিক্ত, সিক্ত, জলার্দ্র ; স্যাঁতসেঁতে, ভেজাভেজা [দ্র ৪৮২]।

জলজ, অম্বুজ, জলজাত, অব্জ, নীরজ, বারিজ, উদজ।

নির্মলসলিলা ; সুজলা।

১২ নদী

বি· নদী, নদ, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, কূলবতী, সরিৎ, সমুদ্রকান্তা, সমুদ্রবল্লভা, সমুদ্রদয়িতা, স্রোতোবহা, প্রবাহিনী, বহা, বাহিনী, দ্রবন্তী, রোধবতী, অপগা, আপগা, নিম্নগা, স্রোতোবহ, নির্ঝরিণী, শৈবলিনী, তরঙ্গিণী, হ্রদিনী, ধুনী, কল্লোলিনী, বারিৎ, স্রবন্তী, পয়স্বিনী ; গাঙ, দরিয়া, নই।

শাখানদী ; উপনদী, উপনদ।

নদীগর্ভ, নদীখাত ; নাব্যতা, নদীপথ [দ্র ৩১৩]।

নদীমুখ, মোহনা, মোহানা, মুহানা, সমুদ্রসংগম, খাঁড়ি।

নদীর বাঁক, বঙ্ক।

মাঝনদী, মাঝদরিয়া।

নদী উপত্যকা, অববাহিকা, দোআব, অন্তর্বেদি, সমস্থলী, বেসিন, জলবিভাজিকা।

পার্বত্যনদী, পাহাড়িনদী, নগনদী, গিরিতরঙ্গিণী।

নদীর জল ; মিষ্টিজল ; ঘোলাজল।

অন্তঃসলিলা, অন্তঃসলিল ; ফল্গুধারা, ফল্গু, অন্তঃশীলা।

মজানদী, মরানদী, মরাগাঙ ; বদ্ধজলা [দ্র ১৬]।

প্রয়াগ, নদীসংগম। ত্রিবেণী, তেমোহনা ; দোমোহনা।

বিণ· নদীজ, নাদেয়, নাদ্য।

নদীমাতৃক, নদীবহুল, অদেবমাতৃক। নাব্য।

১৩ ভারতের প্রধান নদনদী

বি· গঙ্গা, জাহ্নবী, হৈমবতী, মন্দাকিনী, সিদ্ধাপগা, সুরনদী, সুরধুনী, দেবনদী, দিব্যনদী, সুরসরিৎ, সরযু, ভাগীরথী, অধ্বগা, মকরবাহিনী, পূতোদকা, পুণ্যোদকা, পুণ্যতোয়া, পাবনী, পতিতোদ্ধারিণী, পতিতপাবনী, সরিদ্বরা, গঙ্গিকা, গঙ্গকা, গান্দিনী, বিষ্ণুপদী, অলকানন্দা ; আকাশগঙ্গা, বিয়ৎগঙ্গা। ত্রিপথগামিনী, ত্রিস্রোতা, ত্রিপথগা, ত্রিধারা [মন্দাকিনী ; অলকানন্দা ; ভোগবতী]।

পঞ্চগঙ্গা [ভাগীরথী ; গোমতী ; কৃষ্ণবেণী ; পিনাকিনী ; কাবেরী]।

গঙ্গাসাগর, সাগর। গঙ্গাতীর, নারায়ণক্ষেত্র।

গঙ্গাজল, গঙ্গোদক, গঙ্গার জল।

গঙ্গোত্রী, গঙ্গোত্তরী।

বিণ· গাঙ্গেয়।

বি· পঞ্চনদী [কিরণা ; ধৃতপাপা ; সরস্বতী ; গঙ্গা ; যমুনা]।

পদ্মা, কীর্তিনাশা ; ঘর্ঘরা ; গণ্ডক ; কোশি ; বুড়ি গণ্ডক ; রামগঙ্গা ; শোন ; কিউল ; মহানন্দা ; বালাসন ; অজয় ; দামোদর ; রূপনারায়ণ ; হলদি ; কংসাবতী, কাঁসাই, শিলাবতী, শিলাই ; ময়ূরাক্ষী ; জলঙ্গী ; চূর্ণী ; কপোতাক্ষ ; আত্রাই, আত্রেয়ী।

যমুনা, কালিন্দী, চম্বল ; হিন্দন ; শারদা ; বেতোয়া ; কেন ; টনস।

সিন্ধু। পঞ্চনদ [ঝিলম ; চন্দ্রভাগা, চেনাব ; রবি, ইরাবতী ; বিপাশা ; শতদ্রু]।

ব্রহ্মপুত্র, লুইত ; মানস ; সুবনসিরি, লোহিত ; ডিকরং ; রঙ্গা ; জিয়াভরলি ; পাগলাদিয়া ; তিস্তা ; জলঢাকা ; তোরসা ; বরাক ; করলা ; করতোয়া।

সাবরমতী। মাহী, নর্মদা, রেবা। তাপ্তী। সুবর্ণরেখা ; কানচি ; খড়কাই। ব্রাহ্মণী। মহানদী ; ঋষিকুল্যা। গোদাবরী, দক্ষিণগঙ্গা ; বুড়িবালাম ; বৈতরণী। কৃষ্ণা। পেনার। কাবেরী।

১৪ সমুদ্র

বি· সমুদ্র, সাগর, সায়র, সিন্ধু, দরিয়া, পারাবার, অর্ণব, জলধি, বারিধি, অম্বুধি, অম্বুনিধি, অম্ভোধি, অম্ভোনিধি, অম্বুপতি, অম্ভোদ, পাথার, উদধি, অব্ধি, জলনিধি, প্রচেতা, যাদঃপতি, জলেশ, জলেন্দ্র, অকূল, অকূলপাথার, জলেশ্বর, জলারণ্য, জলধর, হিরণ্যদ, নদীকান্ত, রত্নাকর, রত্নগর্ভ, নীলাম্বু, নীলাম্বুধি, অকূপার, অম্বুরাশি, অম্বুভৃৎ, অম্বুমান, অম্বুপ, অম্ভোরাশি, সরিৎপতি, অপাংপতি, মহাকচ্ছ, ধরণীপ্লব, উর্মিমালী, মকরালয়, মকরাকর, ক্ষৌণীপ্রাচীর, পয়োনিধি, নীরধি, তোয়ধি, নীরনিধি, তোয়নিধি, পয়োধি, যাদসাম্পতি, ইন্দুজনক, জলাধিপ, বারিধর, বারিনিধি, বারীন্দ্র, বারীশ, কলঙ্কষ, কুম্ভভ, ইরাবান, দ্বীপী।

মহাসাগর, মহাসিন্ধু, মহাসমুদ্র, মহার্ণব, মহোদধি [প্রশান্ত ; ভারত ; আটলান্টিক, অতলান্তিক ; সুমেরু ; কুমেরু ; দক্ষিণ]।

উপসাগর। লেগুন। বহিঃসমুদ্র, বারদরিয়া।

সাগরসংগম, সমুদ্রসংগম, মোহনা [দ্র ১২]।

নীলাম্বুরাশি ; সমুদ্রজল ; নোনাজল।

সমুদ্রযাত্রা(ক), সাগরপাড়ি(দে), কালাপানি পার হওয়া-। সমুদ্রযান, অর্ণবপোত [দ্র ৩১৭] ; সমুদ্রপথ [দ্র ৩১৩]।

সমুদ্রগর্ভ, সাগরগর্ভ, সমুদ্রহৃদয়।

সমুদ্রবিজ্ঞান।

[**পৌরা·**] সমুদ্রমন্থন, সাগরমন্থন।

সপ্তসিন্ধু, সাতসমুদ্র [লবণ ; ইক্ষু ; সুরা ; সর্পি ; দধি ; দুগ্ধ, ক্ষীর ; জল]। ক্ষীরাব্ধি, ক্ষীরোদধি, ক্ষীরোদ, ক্ষীরসাগর, ক্ষীরসমুদ্র।

বিণ· সামুদ্রিক, সামুদ্র, সামুদ্রক, সমুদ্রীয়, সাগরিক ; সাগরিকা।

সসাগরা ; আসমুদ্র।

সমুদ্রজ, সমুদ্রজাত, সৈন্ধব। সমুদ্রগর্ভস্থ।

১৫ জলপ্রবাহ

বি· জলপ্রবাহ, বারিপ্রবাহ, জলধারা, ধারা, প্রবাহ, জলস্রোত, স্রোত [দ্র ৩১২]।

নদী [দ্র ১২]। খাল, ক্যানেল, চ্যানেল, কুল্যা, নহর, খাত ; সোঁতা ; খাঁড়ি। কাটাখাল ; বেতিখাল।

জলপ্রপাত, প্রপাত, ঝরনা, নির্ঝর, ঝরা, ঝোরা, প্রস্রবণ, অঝরু, উৎস, সরি, ফলস, ফোয়ারা, ফুহারা ; শাওয়ার, ধারাযন্ত্র। উষ্ণপ্রস্রবণ।

প্রণালী, প্রণাল, যোজক।

নালী, নালা, নালি, নর্দমা, পয়নালা, পয়ঃপ্রণালী, পয়োনালা, পয়োনালি, জলনালি, জলপ্রণালী, ড্রেন, মুড়ি, ঝাঁঝরি, মুহরি ; সুঁতি, স্রোতঃপথ ; উপকুল্যা ; রেইন-ওয়াটার পাইপ।

পিচকারি, পিচকিরি; সিরিঞ্জ। সাইফন।

জলনিকাশ(ক), জলনিকাশি ব্যবস্থা, জল নির্গম, জলনির্গমনী।

১৬ জলাশয়

বি· জলাশয়, হ্রদ, লেক, দীঘি, দীর্ঘিকা, বাপী, সরোবর, সায়র, সরসী, সরস, পুকুর, পুষ্করিণী, পদ্মাকর, কুমুদ্বান, সরস্বান, তলাও, তারস, তালাও, তটাক, তটাগ, তড়াগ, কৌপ, ঝিল্ল, ঝিল; ডোবা, পল্বল, গোষ্পদ, পগার, মেটেল, মাইঠাল, খানাডোবা। উপহ্রদ, অখাত, দেবখাত।

পানাপুকুর; মজাপুকুর, এঁদোপুকুর। তালপুকুর। খিড়কিপুকুর।

জলাভূমি, জলা, বিল, খালবিল, দহ, দ, ডহর, হাওড়, বাদা, জলাজায়গা, অনূপ, কচ্ছ। বাঁওড়। কাসার।

বদ্ধজলা [১২], আবদ্ধ জলা।

খানা, খন্দ, খানাখন্দ, জুলি, নয়ানজুলি, খালিজুলি, পুলিপোস্তা, পিট।

কুয়ো, কূপ, অন্ধু, ইঁদারা, পাতকুয়ো; কুণ্ড; নলকূপ, টিউবওয়েল, টিউকল; গভীর নলকূপ; শ্যালো টিউবওয়েল, শ্যালো, অগভীর নলকূপ।

চৌবাচ্চা [১১], ট্যাঙ্ক, জলাধার, তোয়াধার, নিপান, রিজারভয়ের; অ্যাকুয়ারিয়াম।

ভূগর্ভস্থ জল, জলস্তর, অ্যাকুইফায়ার; আর্টেজীয় কূপ, আর্টিজান ওয়েল।

পুকুরকাটা-, পুষ্করিণী খনন(ক); জলাশয় প্রতিষ্ঠা(ক)।

বিণ· রুদ্ধস্রোত, স্রোতোহীন, নিষ্প্রবাহ, নিঃস্রোতা, বদ্ধ।

১৭ কূল

বি· তট, তটভূমি, তীর, তীরভূমি, তীরভাগ, কূল, কূলভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার, পাড়, পাড়ি, আড়রি, পুলিন, কচ্ছ, অতট, তটপথ, তটী, তড়, কিনার, কিনারা; মউজি; চড়া, চর, ডাঙা, বালুবেলা, বালুকাবেলা, বালুচর, সৈকতপুলিন, আড়া, পাটক, প্রতীর, কূলভূ, কাছাড়, কাঁধার।

ঘাট, ঘাটলা, ঘট্ট।

উপকূল, উপকূলভাগ, উপতীর; নদীতট, নদীকূল, নদীতীর; সমুদ্রতট, সমুদ্রতীর, সিন্ধুসৈকত, সাগরবেলা, সাগরসৈকত, সমুদ্রোপকূল, বিচ, সি-বিচ; বালিয়াড়ি। এপার, একূল। ওপার, ওকূল।

কাগচর; বগচর।

বাঁধ [৪৭], জাঙ্গাল, ভেড়ি, বাঁধাল, আলিবন্ধন, জলবন্ধক, জলবন্ধ, পুস্তা, পোস্তা, আলাং, এমব্যাংকমেন্ট, ব্যারেজ; ড্যাম।

জলকপাট; লকগেট; স্লুইসগেট।

বিণ· সৈকতিক; সৈকতী, সৈকতবান, সিকতাময়, সৈকতিল। কূলস্থিত, কূলবতী, কূলসমীপবর্তী, কূলসন্নিহিত, তীরস্থিত, তীরবর্তী, তীরস্থ, তটাবৃহ, তটবর্তী, উপকূলবর্তী, উপকূলসন্নিহিত।

উপকূলজাত, ঔপকূলিক।

১৮ তরঙ্গ

বি· ঢেউ, তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মউজ, উৎকলিকা, মহাতরঙ্গ, উল্লোল, মহোর্মি, জলতরঙ্গ, জলকল্লোল।

তরঙ্গমালা, তরঙ্গলহরী, ঊর্মিমালা, বীচিমালা, তরঙ্গশ্রেণী, তরঙ্গভঙ্গ, চলোর্মি, বীচিভঙ্গ, তরঙ্গোচ্ছ্বাস, তরঙ্গস্ফীতি, বীচিবিক্ষোভ, তরঙ্গবিক্ষোভ, তরঙ্গতাড়ন, তরঙ্গোত্থান, তরঙ্গাভিঘাত।

বিণ· তরঙ্গিত, উৎকলিত, তরঙ্গায়িত, তরঙ্গিম, কল্লোলিত, তরঙ্গভঙ্গিত, হিল্লোলিত, তরঙ্গান্বিত, তরঙ্গযুক্ত, জাততরঙ্গ, তরঙ্গময়, ঊর্মিময়, ঊর্মিমুখর, ঊর্মিল, তরঙ্গসংকুল, তরঙ্গবন্ধুর, তরঙ্গবিক্ষুব্ধ, উত্তরঙ্গ, তরঙ্গাকুল, তরঙ্গসংক্ষুব্ধ, তরঙ্গসমাকুল, তরঙ্গসমাকীর্ণ।

[**বিপ·**] নিস্তরঙ্গ, তরঙ্গহীন।

১৯ মেঘ

বি· মেঘ, নীরদ, দেয়া, অভ্র, ঘন, জলদ, জলধর, তোয়ধর, জীমূত, অম্বুদ, অম্বুবাহ, অম্বুবাহী, অম্ভোদ, পয়োমুক্, পয়োধর, পয়োদ, বারিমুক্, জলমুক্, বলাহক, ধূমিকা, তোয়দ, বারিদ, বারিবাহ, বারিবাহক, বারিবাহন, অম্বুমুচ, অম্বুধর, জীমূতেন্দ্র, পর্জন্য, কাদম্বিনী, জলকরঙ্ক, জলধরপটল, বাতধ্বজ, ধূমযোনি, সরণ্য, শক্রবাহ, মরুত্বান, তড়িত্বান, তড়িদ্গর্ভ, গর্জ, বিদ্যুত্বান, ধারাধর, নীরধর, অর্ণোদ, অবোর, পাথোদ, বর্ষধর, বায়ুবাহ, কুহার।

অলক মেঘ; ঊর্ণা মেঘ; কুণ্ডল মেঘ; কোদালে মেঘ, কুড়ুলে মেঘ; বাদল মেঘ; জলো মেঘ; ঝঞ্ঝা মেঘ; পুঞ্জমেঘ, পেঁজামেঘ, স্তরমেঘ; পুষ্করমেঘ; সিঁদুরে মেঘ, রাঙামেঘ; হাঁড়িয়ামেঘ, প্রলয়মেঘ, সংবর্তক, সংবর্তন।

মেঘরাজি, মেঘজাল, মেঘপুঞ্জ, ঘনকুল, নীরদপুঞ্জ; নবঘন।

মেঘকরা-; মেঘসাজা-, মেঘসাজ, মেঘসজ্জা, মেঘচ্ছায়, ঘনঘটা, ঘনঘোর, ঘোরঘটা, মেঘাগম, মেঘাড়ম্বর, মেঘঘনানো-; ঘনিয়ে আসা-; ঘনানো-, মেঘজমা-, ঝামর, ঝামরানো-, আকাশ ঝামরানো-।

মেঘের ডাক, মেঘগর্জন, মেঘডম্বর, মেঘস্বন, মেঘনিঃস্বন, মেঘনির্ঘোষ, মেঘধ্বনি, জীমূতনাদ, জীমূতমন্দ্র, মেঘমন্দ্র, ঘনগর্জন, মেঘনির্হ্রাদ, বজ্রনাদ, বজ্রধ্বনি, বজ্রনির্ঘোষ, বজ্রনিষ্পেষ, অভ্রোত্থ।

বজ্র [দ্র ৫৭৫], বাজ, কুলিশ, অশনি; বজ্রাগ্নি, মেঘজ্যোতি, ইরম্মদ, মেঘবহ্নি, মেঘাগ্নি, দম্ভোলি।

কুয়াশা, কুজ্ঝটিকা, কুহেলিকা, কুহেলি, কুজ্ঝটি, কুহেড়িকা, নভোরজ, কুহা।

বিণ· মেঘলা, মেঘাচ্ছন্ন, ঘনাচ্ছন্ন, মেঘমেদুর, মেঘমগ্ন, মেঘমগন, মেঘমেঘ, মেঘাবৃত, ঘনাবৃত, সঘন; মেঘান্ধকার, মেঘতিমির, মেঘকজ্জল; মেঘনীল; মেঘস্নিগ্ধ, মেঘসমাকুল।

মেঘমন্দ্রিত, মেঘস্বনিত, মেঘগম্ভীর; বজ্রসচকিত।

[**বিপ·**] মেঘহীন, নির্মেঘ, অমেঘ, মেঘশূন্য, মেঘমুক্ত, অঘন, অভ্রহীন, নিরভ্র, পরিষ্কার আকাশ।

২০ বৃষ্টি

বি· বৃষ্টি, বর্ষণ, বিষ্টি, বারি, জল, নীরদবাহন, গোধৃত, পরামৃত, খবারি, গগনাম্বু, মেঘরস, মেঘোদক, মেঘদ্রব, ঘনরস, আকাশসলিল, দিব্যোদক।

বৃষ্টিবিন্দু, বৃষ্টিফোঁটা, বারিবিন্দু; বৃষ্টিজল, আতপবর্ষ্য।

শিশির, শিশিরকণা, নীহারবিন্দু, হিমজল, পালা, খজল, রাত্রিজল, রজনীজল, শবনম, মিহিকা, হিমিকা, খবাষ্প, শীকর, হিম [দ্র ২৩]; হিমপড়া। **বিণ·** শৈশির।

বর্ষণ, বরিষণ, বৃষ্টিপাত, জল হওয়া-, বারিপাত, ধারাপাত, ধারাসম্পাত, ধারাবর্ষ, ধারাসার, ধারাজল, আসার, বারিধারা, বারিবর্ষণ, ধারাবর্ষণ, ধারাপতন, বৃষ্টিধারা, বর্ষণধারা, বর্ষাধারা, বাদলধারা, বাদলবর্ষণ, বাদলবরিষণ, বরিষণধারা, মেঘাম্বুপাত, বৃষ্টিসম্পাত, ডাওর।

বর্ষা, বাদল, বৃষ্টিবাদল, বাদলা, বর্ষাবাদল, ভরাবাদল, ভরাভাদর। ঝড়বাদল, ঝড়বৃষ্টি [দ্র ৩১]।

বর্ষাকাল [দ্র ১৬০·২], প্রাবৃট, প্রাবৃষ, প্রাবৃষা; আষাঢ়, শ্রাবণ।

প্রবল বৃষ্টি, মুষলধারা, অঝোরধারা, ঘোরবর্ষণ, অবিরলপাত, উতলধারা; আকাশভাঙা, ঝেঁপে বৃষ্টি, টিপটিপে বৃষ্টি, ঝিরঝিরে বৃষ্টি; ইলশেগুঁড়ি, গুঁড়িগুঁড়ি বৃষ্টি। শিলাবৃষ্টি [দ্র ২৩]। সুবৃষ্টি। অতিবৃষ্টি।

পশলা, একবারের বর্ষণ।

বাদলবাতাস, জোলো হাওয়া, বাদলবায়, বাদলহাওয়া। বাদলদিন, বাদলাদিন, বৃষ্টিবাদলার দিন। বাদলরাত, বাদলারাত, বাদলনিশীথ; ঝড়ের রাত, দুর্যোগের রাত। বাদলসাঁঝ, বাদলসন্ধ্যা।

দুর্যোগ, খারাপ আবহাওয়া।

বৃষ্টিমান যন্ত্র, বৃষ্টিমাপক, রেইনগেজ। বৃষ্টিচ্ছায়। বারিমণ্ডল।

বিণ· বৃষ্ট, বর্ষিত, কৃতবর্ষণ; সিক্ত, আর্দ্রীকৃত; বৃষ্টিভেজা, জলভেজা, বর্ষাভেজা, বর্ষণসিক্ত, বৃষ্টিসিক্ত, বৃষ্টিসজল, বর্ষণস্নাত, বৃষ্টিস্নাত, বৃষ্টিধোওয়া, বর্ষণধৌত, বর্ষাধৌত, বৃষ্টিস্নিগ্ধ।

বৃষ্টিমুখর, বর্ষণমুখর, বৃষ্টিমুখরিত, বর্ষামুখরিত, বরিষণমুখরিত, বর্ষণমুখরিত, বর্ষামুখর, বর্ষণমন্দ্রিত। বর্ষণশীল, বার্ষুক, বর্ষুক, বর্ষী।

বাদলা, বাদুলে। দুর্যোগপূর্ণ।

ঝিরঝিরে; টিপটিপে; গুঁড়িগুঁড়ি; ঝমঝমে।

সজল, জলগর্ভ, বর্ষণগর্ভ, বর্ষণোন্মুখ।

ক্রি-বিণ· মুষলধারে, ঝমঝমিয়ে; ধারাকারে।

[বিপ·] বৃষ্টিথামা-, বৃষ্টিধরা-।

মেঘ কেটে যাওয়া-, মেঘ কাটা-, আকাশ পরিষ্কার(হ), আকাশ কাটাল।

২১ প্লাবন

বি· প্লাবন, বন্যা, বান, জলপ্লাবন, জলোচ্ছ্বাস, ফ্লাড, জলস্ফীতি, আপ্লব, আপ্লাব, প্লাব, বিপ্লাব, সমপ্লাব, আপ্লাবন; বান ডাকা-, বান আসা-; জোয়ার, কোটাল, কটাল, ভরাকটাল, তেজকটাল; পূর্ণ জোয়ার। ষাঁড়াষাড়ির বান। **[বিপ·]** ভাটা, মরাকটাল।

মহাপ্লাবন, বিধ্বংসী বন্যা, প্রবল বন্যা, বৃষ্টি-বৈকৃত, পরিপ্লব। প্লাবিতা।

ডুবজল; গলাজল; কোমরজল; হাঁটুজল।

জলভাঙা-, জল ঠ্যাঙানো-, জলে হাঁটা-, জল ভেঙে যাওয়া-।

বন্যাত্রাণ, ফ্লাড রিলিফ।

বিণ· প্লাবিত, বন্যাপ্লাবিত, জলমগ্ন, জলপ্লাবিত, আপ্লাবিত, পরিপ্লুত, অভিপ্লুত, বন্যাকবলিত, বন্যাবিধ্বস্ত। প্লাবী। বন্যাপ্রবণ।

বেনো, কূলপ্লাবী, কূলছাপানো-, কূলভাঙা-, পাড়ছাপানো-, দুকূলভাঙা-, দুকূলপ্লাবী; উদ্বেল, উত্তাল; বেলাতিগ।

বিণ·/বি· বন্যার্ত, বন্যাগ্রস্ত, বন্যাপীড়িত, বন্যাক্লিষ্ট, বানভাসি, বন্যাদুর্গত; জলবন্দী।

প্লাবক।

২২ অনাবৃষ্টি

বি· অনাবৃষ্টি, খরা, বৃষ্টিহীনতা, বৃষ্টিস্বল্পতা, বর্ষণাভাব, বর্ষাবিঘাত, অবগ্রাহ, অবগ্রহ, অবৃষ্টি, জলাভাব, জলকষ্ট; উষরতা, নির্বর্ষ, নিরুদন; জলবিয়োজন; টান।

খরালি, শুখো সময়, রবিমরশুম।

বিণ· বৃষ্টিহীন, বৃষ্টিবিহীন; শুষ্ক, শুকনো, শুখা, জলহীন, অনার্দ্র, রসহীন, রুক্ষ, উষর, নীরস [দ্র ৪৮৩]; মরুময় [দ্র ২৬]।

২৩ তুষার

বি· বরফ; তুষার, হিম [২০], হিমানী, তুহিন, নীহার; তুষারকণা, প্রালেয়, করক। তুষাররাশি, মহদ্ধিম, হিমাবদাত, হিমসংহতি।

তুষারপাত, বরফপড়া, হিমপাত, স্নোফল, তুষারনিষ্যন্দ, তুহিনবর্ষ, তুষারবর্ষণ, তুহিনাসার; হিমঝড় [দ্র ৩১], হিমাহতি, তুষারঘাত।

শিলা, শিল, বর্ষোপল, করকা, গণ্ডোপল, ধারাঙ্কুর, ঘনোপল; মেঘাস্থি; মেঘকফ। শিলাবৃষ্টি [২০], করকাপাত।

হিমশৈল [২৫], আইসবার্গ; হিমগিরি, তুষারগিরি, তুষারাদ্রি, তুহিনাদ্রি, হিমাদ্রি, তুহিনাচল, হিমপর্বত; হিমালয় [দ্র ২৮]।

হিমবাহ, হিমানীসম্প্রপাত, গ্লেসিয়ার।

হিমায়ন, শীতলীকরণ, হিমক্রিয়া। বরফকল; ফ্রিজ, রেফ্রিজারেটার; কুলার। হিমঘর। এয়ারকন্ডিশনার।

হিমাঙ্ক।

হিমরেখা, তুষাররেখা, তুহিনরেখা। হিমমণ্ডল, হিমক্ষেত্র। তুষারযুগ।

বিণ· ঠাণ্ডা [দ্র ৫৭০]; হিম, হিমশীতল। হৈম।

বরফঢাকা, বরফাচ্ছাদিত, তুষারাবৃত, তুষারমৌলি, তুষারাচ্ছাদিত, হিমাচ্ছন্ন। তুষারধবল [দ্র ৫৩৪]।

চিরতুষার, চিরনীহার। চিরতুষার রেখা।

২৪ মৃত্তিকা

বি· মাটি, মৃৎ, মৃত্তিকা।

স্থল, ভূমি, ভুঁই, জমি, জমিন, ভূপৃষ্ঠ, ধরণীতল, পাংশু, ভূতল, ভূমিতল, ভূখণ্ড, ভূত্বক [৯], ক্ষিতি, ক্ষেত্র, ক্ষেত্রভূমি, স্থলভূমি, বপ্র, মৌলি।

মাঠ, প্রান্তর, ময়দান, অঙ্গন, মাঠঘাট।

চর, চড়া, ডাঙা, স্থলী।

গড়েরমাঠ। খেলার মাঠ [দ্র ৭৫৩]।

সমতলক্ষেত্র, সমভূমি।

কৃষিজমি [দ্র ৪৮]। চারণভূমি, চারণক্ষেত্র।

পলি, পলিমাটি, হোড়, পলল।

লালমাটি, রাঙামাটি, রক্তমৃত্তিকা, রক্তোপল, বীরমাটি; তিলকমাটি, চিকনমাটি, অ্যালামাটি; গৈরেয়, গিরিমাটি, গৈরিকমৃত্তিকা; চিনামাটি, পোর্সিলেন; এঁটেল মাটি; বেলে মাটি: দোআঁশলা মাটি, দোরসা মাটি; পাথুরে মাটি, কাঁকুরে মাটি।

কাদা, পাঁক, পঙ্ক, কর্দম, গারা, গঁদলা, দক, দ, জলকাদা, জম্বাল।

ধুলা, ধূলি, ধুলো, ধূলিকণা, ধূলিকা, ধুল, রেণু, বাতকেতু, বায়ুকেতু, রজ; ত্রসরেণু, রেতঃ।

বালি, বালু, বালুকা, সিকতা, বালুকণা, রজঃকণা।

বিণ· স্থলস্থ, স্থলস্থিত।

স্থলজ, স্থলজাত; ভূমিজ, ক্ষেত্রজ, ক্ষিতিজ; পঙ্কজ। মেঠো।

মেটে, মাটিয়া, মৃন্ময়, ভূময়, মৃত্তিকানির্মিত, মার্তিক, মাটির।

কর্দমাক্ত, কর্দমিত, পঙ্কিল, পাঁকাল, দলক, গঁদলা, কাদামাখা, সকর্দম।

বেলে, বালুকাময়।

ধুলাচ্ছন্ন, ধুলোমাখা, ধুলোভরতি, বালিপূর্ণ, বালিভরতি, ধূলিময়, ধূলিপূর্ণ, ধূলিধূসর, ধুলোপড়া, ধূলিধূসরিত, ধূসরিত, পাংশুল।

পাললিক।

বিণ·/বি· ভূচর, স্থলচর [দ্র ৫৯]।

বি· ভূমিক্ষয়, ভূপাত, ধস(নামা-), ভূমিস্খলন, ল্যান্ডস্লাইড।

ভূমিসংরক্ষণ, ভূমিক্ষয়রোধ।

২৫ পাথর

বি· পাথর, প্রস্তর, পাষাণ, শিলা, শিল, উপল, অশ্ম, দৃষৎ।

কাঁকর, কঙ্কর, শর্করা।

বেলেপাথর, বালুশিলা, স্যান্ডস্টোন; গণ্ডশিলা; পাললশিলা, পাললিক শিলা, পলিজ শিলা; গ্র্যানাইট; গ্রথিত শিলা; উদ্গীর্ণ শিলা; রূপান্তরিত শিলা; আগ্নেয়শিলা, অগ্নিপ্রস্তর, অগ্নিদগ্ধপ্রস্তর।

জীবাশ্ম, ফসিল।

কষ্টিপাথর, নিকষ [৫৫৮, ৪৭৬], নিকষোপল; শান।

শ্বেতপাথর, মার্বল, মর্মর, শ্বেতপ্রস্তর। স্লেট, স্লেটপাথর।

অরণি, চকমকি, জ্বলনাশ্ম।

নুড়ি, নড়ি, পাথরকুচি, উপলখণ্ড, রোড়া, অষ্ঠীলা, শিলখণ্ড, প্রস্তরখণ্ড; স্টোনচিপ।

মূল্যবান পাথর [দ্র ৫০৪]।

অশ্মীভবন, প্রস্তরীভবন, শিলীভবন। প্রস্তরযুগ।

বিণ· পাথুরে, পাথরিয়া, পাষাণ; পাষাণী।

প্রস্তরনির্মিত, প্রস্তরময়, শৈলময়, শিলাময়, অশ্মময়, শৈল, শিলাবয়ব, আশ্মন।

শৈলজ, শিলাজাত, শিলোদ্ভব, শৈলেয়, অশ্মজ।

কাঁকুরে, কঙ্করময়, কঙ্করাকীর্ণ, প্রস্তরাকীর্ণ, উপলময়, অশ্মময়, প্রস্তরময়, ঔপল, উপলা, শর্করিক, শর্করিল, উপলবন্ধুর, উপলসংকুল, উপলাস্তীর্ণ, উপলব্যথিত, খোয়াই।

প্রস্তরীভূত, অশ্মীভূত, শিলীভূত।

২৬ মরুভূমি

বি· মরুভূমি, মরু, মরুপ্রান্তর, মরুভূ, মরুস্থল, মরুস্থলী, বিরাবান, দশেরক, ধন্ব, ইরিণ, ইরণ।

মরূদ্যান, মরুদ্বীপ।

মরীচিকা, মৃগতৃষ্ণা, মৃগতৃষা, মৃগতৃষ্ণিকা, আতপোদক, মরুমায়া।

বিণ· মরুসম্ভব, মরুজাত।

মরুময় [২২], ধ্বধ্ব।

বৃক্ষহীন, নির্বৃক্ষ, অপাদপ।

২৭ দ্বীপ

বি· দ্বীপ, জলবেষ্টিত ভূভাগ, আইল্যান্ড; চর, চড়া, দিয়ার, দিয়াড়া, রেতী।

ক্ষুদ্রদ্বীপ, দ্বীপকণিকা, আইলেট।

দ্বীপপুঞ্জ, দ্বীপগুচ্ছ, দ্বীপমালিকা।

উপদ্বীপ, পেনিনসুলা, প্রায়োদ্বীপ; ব-দ্বীপ, ডেলটা। অন্তরীপ, কেপ।

প্রবালদ্বীপ, প্রবালপ্রাচীর, কোরাল আইল্যান্ড।

[পৌরা·] সপ্তদ্বীপ [জম্বু; কুশ; প্লক্ষ; শাল্মলী; ক্রৌঞ্চ; শাক; পুষ্কর]।

বিণ· দ্বৈপ, দ্বৈপ্য, দ্বীপসম্বন্ধী।

দ্বীপময়, দ্বীপবহুল, দ্বীপবান।

দ্বীপবাসী, দ্বীপাশ্রিত, দ্বৈপায়ন, দ্বীপায়ন।

২৮ পাহাড়

বি· পাহাড়, পর্বত, গিরি, শৈল, অদ্রি, অচল, ভূধর, নগ, অগ, ক্ষিতিধর, মেদিনীধর, পৃথিবীধর, পৃথ্বীধর, অবনীধর, পৃথিবীধারক, অবনীধ্র, ধরণীধর, ধরণীধ্র, ধরাধর, মহীধর, বসুধাধর, উর্বীধর, বসুভৃৎ, মহীধ্র, ভূভৃৎ, ক্ষিতিভৃৎ, ক্ষ্মাধর, গোধর, গোধ্র, গোভৃৎ, শৃঙ্গবান, শিখরী, শৃঙ্গী, সানুমান, পৃথুশেখর, শৃঙ্গধর, ধরণীকীলক, টেঁকি।

গণ্ডশৈল; স্তূপপর্বত; ভঙ্গিলপর্বত; সঞ্চয়জাতপর্বত; ক্ষয়জাতপর্বত।

ঢিবি, ঢিপি, টিলা, স্তূপ, উচ্চভূমি।

হিমশৈল [দ্র ২৩]। উদয়াচল [দ্র ৫]।

পর্বতশিখর, পর্বতশৃঙ্গ, শৈলশিখর, শৈলশৃঙ্গ, গিরিচূড়া, গিরিশৃঙ্গ, গিরিশিখর, পাহাড়চূড়া, পর্বতচূড়া, শিলোচ্চয়, শৈলচূড়া, শৈলাগ্র, পর্বতশিখা।

পর্বতশ্রেণী, পর্বতমালা, গিরিশ্রেণী, গিরিমালা, শৈলশ্রেণী, শৈলরাজি, শৈলমালা, পর্বতাবলি, শৈলাবলি, গিরিক্রম।

উপত্যকা, অন্তর্দেশ, ভ্যালি; গ্রস্তউপত্যকা।

পাহাড়তল, পাহাড়তলি, পর্বতপাদকূল, পাদশৈল, পর্বতপাদমূল, পর্বতমূল, প্রস্থদেশ, তরাই।

অধিত্যকা, টেব্‌লল্যান্ড, গণ্ডকূপ, সানু, সানুদেশ।

মালভূমি, সমমালভূমি। শৈলশিরা।

আগ্নেয়গিরি, অগ্নিপর্বত, অগ্নিগিরি, অগ্নিশৈল, আগ্নেয়পর্বত, ভলকানো; সুপ্ত আগ্নেয়গিরি।

অগ্নিমুখ, জ্বালামুখ, ক্রেটার।

অগ্ন্যুৎপাত, অগ্ন্যুদ্গম, অগ্ন্যুদ্গার, অগ্নি-উদ্গিরণ, অগ্নিবর্ষণ, অগ্নিবৃষ্টি। লাভা, ম্যাগমা।

গিরিগহ্বর, গুহা, কন্দর, দরি, পর্বতগুহা, পর্বতকন্দর, গিরিগুহা, গিরিকন্দর, শৈলগহ্বর, শৈলকন্দর, পর্বতগহ্বর, শৈলগুহা, গিরিদরি, কটীর, কটীরক; ফাটল [দ্র ৩৬৭]।

গিরিপথ, গিরিসংকট, গিরিবর্ত্ম [দ্র ৩১৩]।

পর্বতারোহণ, পর্বতাভিযান, মাউন্টেনিয়ারিং [দ্র ২৯১]। [পৌরা·] কুলাচল, কুলপর্বত, কুলাদ্রি, অষ্টকুলাচল, [হিমালয়; মহেন্দ্র; মলয়, দক্ষিণাচল; সহ্য; শক্তিমান; ঋক্ষ; বিন্ধ্য; পরিপাত্র, পরিযাত্র]। মৈনাক।

[পৌরা·] বর্ষপর্বত [হিমবান; হেমকূট; মেরু; শ্বেত; নীল; শৃঙ্গবান]।

[ভারতের পাহাড়-পর্বত]

হিমালয়, নগরাজ, নগাধিরাজ, হিমশীর্ষ, শীতাদ্রি, নগেন্দ্র, নগপতি, নগাধিপ, পর্বতপতি, পর্বতরাট, পর্বতরাজ, শৈলেন্দ্র, শৈলরাজ, অচলপতি, অচলাধিপ, অদ্রীশ, অদ্রিরাজ, অদ্রিরাট, গিরীশ, গিরিরাজ, গিরীন্দ্র, উদগদ্রি, উত্তরাচল; শিবালিক।

আরাবল্লী। পশ্চিমঘাট। কার্ডামন। পালনি। পূর্বঘাট। পালনিস। শেভরয়। জাতাভি। আন্নামালাই। হিন্দুকুশ। সুলেমান। খিরথর। কারাকোরাম। লাডাক। নীলগিরি। বিন্ধ্য। কাইমুর। সাতপুরা। মহাদেব। মহাকাল। রাজমহল। নামকিউ। পাতকোই। বারাইল। লুসাই। আরাকান। গারো। খাসিয়া। নাগা। পরেশনাথ।

বিণ· পার্বত্য, পাহাড়ি, পাহাড়িয়া, পার্বতীয়, পর্বতীয়, পার্বত।

শৈলজ, পর্বতজ, পর্বতজাত, গিরিজ, গিরিভূ, গিরিভব, অগজ, নগভূ, অদ্রিজ, অদ্রিভূ, গৈরিক।

পর্বতাশ্রয়ী, গিরিবাসী, পর্বতবাসী, পর্বতনিবাসী।

বিণ·/বি· পর্বতারোহী, পর্বতাভিযাত্রী, মাউন্টেনিয়ার।

২৯ বাতাস

বি· বাতাস (দে, ক), বায়ু, হাওয়া (ক, দে), পবন, সমীর, সমীরণ, অনিল, মরুৎ, মারুত, মারুত্ত, বাত, বায়, আশুগ, পবমান, সদাগতি, নভস্বান, নভঃশ্বাস, শব্দবহ, অগ্নিসখ, বহ্নিসখ, বহ্নিমিত্র, জগতায়ু, জগৎপ্রাণ, মাতরিশ্বা, জগদ্বল, গন্ধবহ, গন্ধবাহ।

বায়ুপ্রবাহ, বায়ুহিল্লোল, পবনহিল্লোল, বায়ুসঞ্চালন, বাতাস চলাচল, হাওয়া খেলা-, বায়ু নিঃসরণ; ঝড় [দ্র ৩১]।

জলবায়ু; স্থলবায়ু; অয়নবায়ু; প্রত্যয়নবায়ু; মৌসুমিবায়ু; গর্জনকারী চল্লিশা।

দখিনাবাতাস, দক্ষিণবাতাস, দক্ষিণপবন, দক্ষিণবায়ু, দখিনহাওয়া, দখিনবায়ু, দক্ষিণবায়, দক্ষিণানিল, দখিনসমীরণ, দক্ষিণ সমীর, দক্ষিণাপবন, দক্ষিণাবহ; বসন্তপবন, বসন্তবাতাস, বসন্তবায়; মলয়পবন, মলয়ানিল, মলয়বায়ু, মলয়বাতাস, মলয়সমীর, মলয়সমীরণ, মলয়মরুৎ, মলয়মারুত, মলয়বাত; উত্তুরে হাওয়া, উত্তুরে বাতাস, উত্তরসমীর, হিমেল হাওয়া।

বাতাস করা-, বীজন, ব্যজন, পাখা করা-। পাখা, ব্যজনী, বিজনী; হাতপাখা, বিউনি; টানাপাখা, আলাবর্ত; ফ্যান; সিলিংফ্যান, টেবিল ফ্যান; পেডেস্টাল ফ্যান; চামর, বালধি [৫৮৪], বালব্যজন; ধবিত্র; হাপর, ব্লোয়ার; কম্‌প্রেসার।

ফুঁ(দে), ফুঁক, ফুক, ফুৎকার, স্ফুৎকার, ফুকা-, ফুকন, ফোঁকা-, ফুকফুক(ক), ফুৎকৃতি, মুখমারুত; ভুক ভুক(ক)।

হাওয়াকল, বাতচক্র, উইন্ডমিল, বায়ুঘরট্ট।

বায়ুমণ্ডল, বাতাবরণ, বায়ুস্তর, অন্তরীক্ষমণ্ডল, অ্যাটমস্ফিয়ার; স্ট্র্যাটোস্ফিয়ার; আয়নোস্ফিয়ার; জীবমণ্ডল, বায়োস্ফিয়ার।

আবহাওয়া, আবহ, ওয়েদার; জলবায়ু, জলহাওয়া, জলবাতাস [দ্র ৩০]।

বায়ুচাপ; চাপমান যন্ত্র, ব্যারোমিটার।

বায়ুশকুন, ওয়েদারকক।

বায়ুদূষণ।

এয়ারকন্ডিশন, শীততাপনিয়ন্ত্রণ, শীতাতপনিয়ন্ত্রণ(ক)।

বিণ· বায়বীয়, বায়ব্য, বায়ব, বায়ুসম্বন্ধী; বায়ুবৎ, বায়ুপ্রায়।

বীজিত, কৃতবীজন; বীজ্য, ব্যজনযোগ্য। উপবীজ্যমান।

বায়ুপূর্ণ; হাওয়াদার, হাওয়াযুক্ত।

বায়ুহীন, বায়ুশূন্য, নিবাত, নির্বাত, অবাত। গুমট।

বাতানুকূল, শীততাপনিয়ন্ত্রিত, শীতাতপনিয়ন্ত্রিত, এয়ারকন্ডিশন্‌ড।

৩০ আবহাওয়া

বি· আবহাওয়া [২৯], জলহাওয়া, জলবাতাস, আবহ, ওয়েদার। জলবায়ু, ক্লাইমেট।

আবহাওয়া বিজ্ঞান, আবহবিজ্ঞান, আবহবিদ্যা, মিটিওরোলজি।

বায়ুগতিবিদ্যা, বায়ুভূগোল, বায়ুমণ্ডলবিদ্যা।

আবহবার্তা, আবহসূচনা, আবহাওয়ার পূর্বাভাস, আবহসংকেত, ওয়েদার ফোরকাস্ট।

হাওয়া অফিস, আবহাওয়া দপ্তর।

বিণ·/বি· আবহাওয়াবিজ্ঞানী, আবহবিৎ, আবহবিদ্যাবিৎ, বায়ুমণ্ডলবিজ্ঞানী।

বিণ· বায়ুমণ্ডলীয়; আবহাওয়া সংক্রান্ত।

৩১ ঝড়

ঝড়, ঝঞ্ঝা, ঝটিকা, বাত্যা, তুফান, ঝড়ি; ঝঞ্ঝাবায়ু,

ঝঞ্ঝানিল, ঝঞ্ঝামারুত, ঝঞ্ঝাবাত, প্রভঞ্জন, বাত্যাবিক্ষোভ।

ঝড়ঝঞ্ঝা, ঝড়ঝাপটা, ঝড়ঝাঁটি ; ঝোড়ো বাতাস, ঝোড়ো হাওয়া।

দমকা বাতাস, ঝটকা, ঝাপটা।

ঝড়বৃষ্টি [দ্র ২০], ঝড়বাদল, ঝড়জল, বৃষ্টিমারুত, জলঝড়, বৃষ্টিবাত।

আঁধি, আন্ধি, আঁধিঝড়, ধূলিঝড়। লু।

তুষারঝড়, তুষারঝঞ্ঝা, হিমঝড় [দ্র ২৩]।

কালবৈশাখী, কালবোশেখি।

ঘূর্ণিঝড়, ঘূর্ণিবাত, ঘূর্ণি, ঘূর্ণিবাত্যা, ঘূর্ণিবায়ু, ঘূর্ণিবাতাস, ঘূর্ণবাত, ঘূর্ণবায়ু, আবর্তবাত্যা, বাতাবর্ত, বাত্যাবর্ত, চক্রবাত, বাতমণ্ডলী। ঝটিকাবর্ত, ঝঞ্ঝাবর্ত।

সাইক্লোন ; হ্যারিকেন ; টর্নাডো ; টাইফুন ; টেম্পেস্ট। জলস্তম্ভ।

মরুঝড়, মরুঝঞ্ঝা, সিরক্কো।

বিণ· ঝোড়ো, ঝটিকাবিক্ষুব্ধ, ঝটিকাসংক্ষুব্ধ, ঝঞ্ঝাক্ষুব্ধ, ঝঞ্ঝাবিক্ষুব্ধ।

ঝটিকাপূর্ণ, ঝটিকাসংকুল, ঝঞ্ঝাসমাকুল। বাত্যাপীড়িত, বাত্যাবিক্ষুব্ধ, বাতাহত, বায়ুতাড়িত, বাতান্দোলিত, বায়ুবিক্ষুব্ধ, ঝটিকাহত, ঝঞ্ঝাহত।

৩২ ভূমিকম্প

বি· ভূমিকম্প, ভূকম্পন, ভূকম্প, ভূমিকম্পন, ভূস্পন্দ, ভুঁইদোল, ভুঁইকাঁপ।

ভূমিচল, ভূমিচলন, ভূচাল, ভূচালা, ভুঁইচালি, পৃথিবীচলন, ক্ষিতিচলন।

ভূকম্পনবিদ্যা, সিসমোলজি।

ভূ-কম্পনিক, ভূকম্পনমাপক যন্ত্র, সিসমোগ্রাফ।

এপিসেন্টার, উপকেন্দ্র।

ভূমিকম্পবলয়, ভূকম্পবলয়।

৩৩ আলো

বি· আলো(ক), আলোক, আলা, নুর, লাইট।

জ্যোতি, প্রভা, আভা, দীপ্তি, দীধিতি, ভাস, সুভাস, আভাস, উদ্ভাস, উদ্দ্যোত, বিভা, দ্যুতি, প্রদীপ্তি, উদ্দীপিত, ভা, রোচিঃ, ভান, রুচি, ভাতি, বিদ্যোত, বিভাসা, প্রদ্যোত, নুরানি, রৌশন, রোশন, অগ্নিপ্রভা।

উদ্ভাসন [৯৮], সমুদ্ভাসন, প্রদীপন, দীপন, জ্বালানো-, প্রজ্বলন, প্রজ্বালন, উদ্দীপন, উচ্ছ্বসন, উজ্জ্বলন, উজ্জ্বলীকরণ, ধাঁধানো-, চোখধাঁধানো-, ঝলকানো-।

রশ্মি, কিরণ, ছটা, কর, অংশু, ময়ূখ, মরীচি, চন্দিম, গভস্তি, ধৃষ্ণি, ভাম। শিখা, শিষ। আলোকধারা, আলোকচ্ছটা, আলোকরশ্মি, অংশুমালা, অংশুজাল, কিরণমালা, ময়ূখমালা।

স্ফুলিঙ্গ, ফুলকি [দ্র ৫৭১]।

সূর্যালোক [দ্র৩৫]। চন্দ্রালোক [দ্র ৩৬]। দিবসালোক [দ্র ৩৫]।

তারার আলো, নক্ষত্রালোক, জ্যোতিষ্কালোক।

বিদ্যুতালোক [৫৭৫], বিদ্যুৎপ্রভা, বিদ্যুৎচমক, বিদ্যুৎ চমকানো-, বজ্রালোক, সৌদামিনী, তড়িৎপ্রকাশ, তড়িতালোক, বিদ্যুদ্দীপ্তি, বিদ্যুৎঝলক, অচিরপ্রভা। বজ্রাগ্নি [দ্র ১৯]।

আলেয়া, আলেয়ার আলো।

উষালোক [দ্র ৩৫]। সন্ধ্যালোক, প্রদোষালোক, গোধূলিপ্রভা ; আলো-আঁধারি [দ্র ৩৭]।

ঔজ্জ্বল্য, উজ্জ্বলতা, উদ্দীপ্তি, জেল্লা, জলুস, জৌলুস, ঝলক, ঝলকানি, ঝলকা, ঝলা-, চাকচিক্য, চেকনাই, চকমকানি, চমক, রোশনি, খোলতাই, পালিশ [দ্র ৪৭৪], ঝলমলানি, ফিনিক, ঝিলিক(দে, মারা-), ঝিলকানি, ঝিকমিক(ক), ঝিকঝিক(ক), ঝিকিমিকি, ঝিলিমিলি, চিকমিক(ক), চিকমিকানি, চকমক(ক)।

স্পষ্টতা, স্ফুটতা, স্বচ্ছতা [দ্র ৪৮৮], পরিস্ফুটতা, সুস্পষ্টতা, স্ফুটন, পরিস্ফুটন, ফোটা-, ফুটে ওঠা-, প্রকাশ(হ, পা)।

প্রদীপ, বাতি, পিদিম, পিদ্দিম, দীপ, দীপিকা, দিয়াড়ি, দিয়া, শামা, চেরাগ, দেউটি, জ্বলদ্-বর্তি, বর্তি, বর্তিকা, বর্তিক, গৃহমণি, তমোঘ্ন ; কুপি, টেমি, লম্ফ, ডিবে ; লণ্ঠন, হ্যারিকেন ; শেজ, শেজবাতি, দেওয়ালগিরি ; মোম, মোমবাতি, ক্যান্ডেল। সলিতা, সলতে, পলিতা, পলতে, পিঞ্জুল।

দীপশিখা, সংবর্তিকা, সংবর্তি ; দীপালোক, প্রদীপালোক, দীপের আলো, প্রদীপের আলো।

পঞ্চপ্রদীপ, আরাত্রিক প্রদীপ ; সন্ধ্যাপ্রদীপ, সন্ধ্যাদীপ, সাঁঝের বাতি, সান্ধ্যদীপ, সেঁজুতি, সাঁজবাতি, সাঁজা, আকাশপ্রদীপ, আকাশদীপ, আকাশদিউটি।

দীপাধার, দীপগাছা, পিলসুজ, গাছা, দেরকো, বাতিদান, দিয়াদান, শামাদান, দীপপাত্র, দীপঝাড়, দীপপাদপ, দীপবৃক্ষ।

ঝাড়, ঝাড়বাতি, ঝাড়লণ্ঠন, বেলোয়ারিঝাড়, আলোধারা, শ্যান্ডেলিয়ার।

গ্যাসবাতি, গ্যাসপট, গ্যাসের আলো। হ্যাজাক, পেট্রোম্যাক্স্, ডে-লাইট। মশাল।

বিজলীবাতি, ইলেকট্রিক লাইট ; বাল্ব, ল্যাম্প ; টাংস্টেন ল্যাম্প ; মারকারিভেপার ল্যাম্প ; টিউবলাইট। নিওনলাইট ; ফ্লুরেসেন্টলাইট ; ভেপারল্যাম্প ; হ্যালোজেনল্যাম্প।

টর্চ, টর্চলাইট, টর্চবাতি।

সার্চলাইট ; হেডলাইট ; সাইডলাইট ; ব্যাকলাইট, টেললাইট ; ল্যান্ডিংলাইট।

ফ্ল্যাশ, ফ্ল্যাশলাইট, ফ্ল্যাশবাল্ব ; ইলেকট্রনিক ফ্ল্যাশ।

ফ্লাডলাইট, ওয়াশলাইট ; স্পটলাইট ; ফুটলাইট।

আলোকসম্পাত, আলোকনির্দেশ, রশ্মিপাত, কিরণসম্পাত, কিরণপাত।

আলোকসংকেত। আলোকস্তম্ভ, বাতিঘর, লাইটহাউস।

আলোকরশ্মি, আলোকতরঙ্গ। রঞ্জনরশ্মি, এক্স্ রে। অতিবেগুনি রশ্মি, আলট্রাভায়লেট রে, বেগনিপাড়ের আলো ; ইনফ্রারেড রে, অবলোহিত রশ্মি, লালউজানি আলো। তেজস্ক্রিয়তা।

আলোকবিজ্ঞান ; অপটিকস্, দৃষ্টিবিজ্ঞান।

আলোকসজ্জা, রোশনাই, দীপসজ্জা, আলোবাহার, দীপবাহার; দীপাবলি, দীপালি, দীপান্বিতা, দেওয়ালি, দিওয়ালি, দীপোৎসব; দীপমালা, দীপশ্রেণী, দীপশৃঙ্খলা।

বিণ· আলোকিত(ক), আলোময়, আলোকময়, আলোকোজ্জ্বল, আলোঝলমল, আলোকপূর্ণ; প্রজ্বালিত, জ্বালিত।

জ্যোতির্ময়, জ্যোতিঃপূর্ণ, জ্যোতিষ্মান, জ্যোতিরাত্মা, আলোকবিশিষ্ট, প্রভাযুক্ত, আভাসমান, আভাস্বর, দীপ্তিময়, দ্যুতিময়, দ্যুতিমান, দীপ্তিমান, দ্যুতিশীল, দেদীপ্যমান, দ্যোতমান, তেজোরূপ, তেজোময়, জাজ্বল্যমান, প্রভাময়, প্রভাবান, আভাময়, বিভ্রাজ, প্রদ্যুতিত, প্রধূপিত, দীপ্র, দীপ্যমান, রোচমান।

দীপ্ত, প্রদীপ্ত, ভাস্বর, উদ্ভাসিত(ক), সমুদ্ভাসিত, প্রভান্বিত, ভাসিত(ক), ভাসী, বিভাসিত(ক), ভাত, দীপিত, উদ্দীপিত, উজ্জ্বলিত, ঝলকিত, রুংশিত, প্রজ্বলিত, প্রতিকাশ, ভাসুর।

উজ্জ্বল, দীপ্তিযুক্ত, প্রোজ্জ্বল, সমুজ্জ্বল, সুপ্রভ, অত্যুজ্জ্বল, দীপ্তোজ্জ্বল, উজল; জেল্লাদার, চিকচিকে, চকচকে, ঝকঝকে, ঝকমকে, ঝিকঝিকে, ঝলমলে, জ্বলজ্বলে, চোখঝলসানো-, ঝিলমিলে, ঝিকমিকে, জলুসদার, চমকদার।

অগ্নিপ্রভ, অনলপ্রভ, অনলোজ্জ্বল।

স্বচ্ছ [দ্র ৪৮৮], স্পষ্ট, সুস্পষ্ট, স্ফুট, পরিস্ফুট, প্রকাশিত; স্ফুটিত, স্পষ্টীকৃত।

কিরণময়, কিরণমণ্ডিত, অংশুময়, অংশুল, অংশুমৎ, ছটাযুক্ত, ছটাপূর্ণ।

উদ্ভাসক, উদ্দীপক, প্রদীপক, দীপ্তিকারক, প্রকাশক, দীপক; প্রজ্বালক।

বিদ্যুতালোকিত।

তেজস্ক্রিয়, রেডিও অ্যাকটিভ।

বিণ·/বি· বাতিবাহক; মশালচি।

৩৪ আলোকবিচ্ছুরণ

বি· বিচ্ছুরণ; বিকিরণ, বিক্ষেপ, ছড়ানো-; প্রতিফলন, প্রতিবিম্বন, পরাবর্তন, প্রতিবিম্বপাত, রিফ্লেকশন; প্রতিসরণ, সরণ, রিফ্র্যাকশন।

বিম্ব, প্রতিবিম্ব [২৫৭], প্রতিচ্ছায়, প্রতিকায়, ছায়া, প্রতিরূপ, প্রতিকৃতি, প্রতিমূর্তি, প্রতিরূপক, অনুবিম্ব, আভাতি।

বাস্তববিম্ব। অলীকবিম্ব। প্রচ্ছায়া [দ্র ৩৭]।

রামধনু, ইন্দ্রধনু, রামধনুক, বড়ধনু, শক্রধনু, ইন্দ্রচাপ, মেঘধনু, সুরধনু, রেইনবো।

আয়না, আরশি, দর্পণ, মুকুর, আদর্শিকা, ছায়াগ্রহ, মণ্ডলক, মন্দর, আত্মদর্শ, কর্কর, শিসা, কর্ফর।

আতশকাচ, আতশিকাচ; সূর্যকান্ত, সূর্যমণি, লেনস, অর্কাশ্ম, অর্কোপল।

চশমা [৬৪ ৩], পরকলা, উপনেত্র, প্রতিচক্ষু, উপচক্ষু, উপাক্ষ; গ্লাস; সানগ্লাস, গগল্‌স; কনট্যাক্ট লেন্‌স। ঠুলি।

দূরবীন, দূরবীক্ষণ, টেলিস্কোপ; বাইনাকুলার, ফিল্ডগ্লাস, অপেরাগ্লাস, অক্ষিকাচ।

অণুবীক্ষণযন্ত্র, মাইক্রোস্কোপ।

বিণ· বিচ্ছুরিত, বিক্ষিপ্ত, বিকীর্ণ; প্রতিফলিত, প্রতিবিম্বিত, বিম্বাগত, বিম্বিত, জাতবিম্ব, প্রতিসরিত, সরিত, প্রতিসৃত।

প্রতিফলক, পরাবর্তক, রিফ্লেকটার।

৩৫ রৌদ্র

বি· রৌদ্র, রোদ, রোদ্দুর, ধূপ, আতপ, রৌদ্রালোক, সূর্যালোক, সৌরকর, ভানুকর, রৌদ্ররাগ, সূর্যকিরণ, সূর্যরশ্মি, রবিকর, রবিকিরণ, রবিরশ্মি, মিহিরকিরণ।

সূর্যতাপ, সৌরতাপ, রৌদ্রতাপ, রোদতাপ, তপনতাপ, তপনতাপন।

ঝাঁঝা রোদ্দুর, ঠাঠাপড়া রোদ্দুর, গনগনে রোদ, চড়া রোদ, কাঠফাটা রোদ, খর রৌদ্র, প্রখর রৌদ্র, প্রখর তপনতাপ।

উষালোক, ভোরের আলো, প্রভাতকিরণ, প্রত্যূষালোক, প্রভাতরাগ, প্রভাতরশ্মি।

দিনের আলো, দিবালোক, দিবসালোক; সন্ধ্যালোক, প্রদোষালোক [৩৩], সন্ধ্যারাগ, সাঁঝের আলো, অস্তরাগ, পড়ন্ত রোদ।

রোদ ওঠা-, রোদ হওয়া-; রোদের মুখ দেখা-; রোদ চড়া-, রোদ বাড়া-।

রোদ পড়া-, রোদ চলে যাওয়া-, রোদ যাওয়া-।

রোদ পোহানো-, সূর্যস্নান(ক), রৌদ্রস্নান, আতপস্নান, রৌদ্রসেবন(ক); রোদে দেওয়া-, রোদে মেলা-, রোদ্দুরে দেওয়া-, শুকোতে দেওয়া-। রোদে পোড়া-, রোদে ভাজা হওয়া-।

বিণ· রৌদ্রালোকিত, রৌদ্রোজ্জ্বল, রৌদ্রকরোজ্জ্বল, সূর্যকরোজ্জ্বল, রোদঝলমলে, সূর্যস্নাত, সূর্যালোকিত।

রৌদ্রদগ্ধ, রোদে পোড়া; রৌদ্রপক্ক; রৌদ্রতপ্ত, সূর্যতপ্ত, রোদে ঝাঁঝা।

ছায়াহীন, বিচ্ছায়, অচ্ছায়, ছায়াশূন্য।

৩৬ জ্যোৎস্না

বি· জ্যোৎস্না, চাঁদের আলো, জ্যোৎস্নালোক, শশীকর, চন্দ্রকিরণ, চন্দ্রালোক, চন্দ্রিকা, চন্দ্রিমা, চন্দ্রকর, চন্দ্রসুধা, চন্দ্রকান্তা, চন্দ্রাংশু, চন্দ্রাবলী, চন্দ্রাতপ, চন্দ্রজ্যোতি, চন্দ্রপ্রভা, চন্দ্ররশ্মি, কৌমুদী, দীপিকা, চাঁদনি, চাঁদিনী, চাঁদিমা, জোছনা, কৈরবী।

পূর্ণিমা, পূর্ণচন্দ্র, পূর্ণেন্দু, পূর্ণমাসী [দ্র ৬]; কোজাগর, কোজাগরী, কোজাগরী পূর্ণিমা, ভূতপূর্ণিমা; শারদ পূর্ণিমা; বৈশাখী পূর্ণিমা; শ্রাবণী পূর্ণিমা; ঝুলনপূর্ণিমা; দোলপূর্ণিমা, ফাগুনপূর্ণিমা; বুদ্ধপূর্ণিমা; রাসপূর্ণিমা।

জ্যোৎস্নারাত, চাঁদনিরাত।

শুক্লপক্ষ, সিতপক্ষ, সুদি।

চন্দ্রালোকিত, জ্যোৎস্নাস্নাত, চন্দ্ররাত, চন্দ্রালোকপ্লাবিত, জ্যোৎস্নাপ্লাবিত, জ্যোৎস্নাময়ী, চন্দ্রকরোদ্ভাসিত, কৌমুদীপ্রফুল্ল, কৌমুদীবিধৌত।

৩৭ অন্ধকার

বি· অন্ধকার, আঁধার, আঁধারি, তম, তমস, তমিস্র, তমিস্রা, তিমির, ধ্বান্ত, শর্বর, আলোকহীনতা, আলোকশূন্যতা, নভাক।

ঘোর অন্ধকার, নিবিড় অন্ধকার, নিবিড় আঁধার, ঘনান্ধকার, গাঢ় তিমির, অন্ধতমস, অন্ধতমিস্র, সন্তমস, গাঢ় অন্ধকার, নিবিড় তিমির, তিমিরপুঞ্জ, তমোরাশি, ঘুটঘুটে অন্ধকার, জমাট অন্ধকার, সূচীভেদ্য অন্ধকার, অন্ধকার ঘুটঘুট্টি।

অমা, অমাবস্যা, অমানিশি, অমানিশা, অমানিশীথ, অন্ধতামসী, অমারজনী [দ্র ১৬৯], নষ্টেন্দুকলা।

কালোশশী, কৃষ্ণচন্দ্র; কৃষ্ণপক্ষ, কৃষ্ণতিথি।

ছায়া, ছায়; প্রতিচ্ছায়া, প্রচ্ছায়া, প্রচ্ছায়; উপচ্ছায়া; তরুছায়া, তরুচ্ছায়, গাছের ছায়া, আওতা।

ছায়াতরু; ছায়ামণ্ডপ, ছায়াবিতান।

দীর্ঘছায়া; বাঁকাছায়া।

রৌদ্রাভাব, আতপচ্ছেদ, অনাতপ।

কম আলো, টিমটিমে আলো, অস্পষ্টালোক, ক্ষীণালোক।

নিষ্প্রভতা, অনুজ্জ্বলতা, অস্পষ্টতা, আবছায়া, আলো-আঁধারি, অস্বচ্ছতা [দ্র ৪৮৯]।

অন্ধকার জায়গা, অন্ধকার স্থান; অন্ধকূপ।

অন্ধকার নামা-, অন্ধকার ঘনানো-, আঁধার ঘনানো-; রাত্রিনামা-, রাত্রি [দ্র ১৬৯]।

বিণ· অন্ধকার, আঁধার, অন্ধকারময়, অন্ধকারাচ্ছন্ন, অন্ধকারাবৃত, অন্ধকারিত, সঞ্জাত অন্ধকার, ঘনান্ধকার, তামস, তমসাবৃত, তমসাচ্ছন্ন, তিমিরাবৃত, তিমিরাচ্ছন্ন, তিমিরময়, তমোযুক্ত, তমস্বান, তমস্বী, তিমির অবগুণ্ঠিত, তমোময়, অন্ধতমসাচ্ছন্ন, কৃষ্ণ; আঁধারঘেরা।

ঘুটঘুটে, ঘুরঘুট্টি; সূচীভেদ্য।

অদীপ, অপ্রদীপ, নিষ্প্রদীপ; ব্ল্যাক আউট।

অনালোকিত, নিরালোক, আলোহীন, আলোকহীন, আলোকবিহীন, আলোশূন্য; প্রভাহীন, দীপ্তিহীন, অনুজ্জ্বল, নিষ্প্রভ, অপ্রভ, অজ্যোতি, জ্যোতিহীন, জ্যোতিশূন্য, দীপ্তিহীন, নিষ্প্রতিভ, স্তিমিত, ম্লান; মিটমিটে, টিমটিমে, অস্পষ্ট, অস্ফুট, অপরিস্ফুট, ঝাপসা, স্পষ্টেতর; অর্ধপরিস্ফুট, ক্ষীণ, আবছা, আবছায়া, ছায়া-ছায়া, আলো-আঁধারি।

অরৌদ্র, রৌদ্রহীন, নিরাতপ, রোদহীন, ছায়াঘেরা, ছায়াচ্ছন্ন, ছায়াময়, ছায়াযুক্ত, ছায়াস্নিগ্ধ, ছায়াঘন, ছায়াসমাবৃত, একচ্ছায়।

ক্রি-বিণ· আঁধারে, অন্ধকারে, অন্ধ্রেরন্ধ্রে। ক্ষীণালোকে, অস্পষ্টালোকে।

৩৮ গাছ

বি· গাছ, বৃক্ষ, তরু, পাদপ, দ্রুম, পত্রী, স্কন্ধী, শাখী, বৃক, পল্লবী, বিটপী, বিরুদ, অটবী, অগচ্ছ, ভূপদ, অঙ্ঘ্রিপ, অংহ্রিপ; উদ্ভিদ, উদ্ভেদ; গাছলা, গাছপালা, গাছগাছালি, গাছ-গাছড়া; গাছালি, গাছড়া; মহীরুহ, উর্বীরুহ, ক্ষিতিরুহ, ভূরুহ, মহীজাত, মহাদ্রুম, বনস্পতি, তরুরাজ, তরুবর, দ্রুমরাজ, বৃক্ষশ্রেষ্ঠ, বানস্পত্য, নির্মুট, পর্ণখণ্ড।

গুল্ম, স্তূপ, ঝাড়, ঝোপ; ঝোপঝাড়, ঝোপ-জঙ্গল, আগাছা।

ছায়াতরু; তৃণদ্রুম।

লতা, লতিকা, ব্রততী, বীরুধ, বল্লী, বল্লরী, বল্লর, লতানে গাছ; লতাতরু, তরুলতা, কুঞ্জলতা, লতাগুল্ম, লতাপাতা; বনলতা, বনলতিকা; উদ্যানলতা, উদ্যানলতিকা।

লতাবিতান, লতাকুঞ্জ, লতাগৃহ, লতাভবন, কুটঙ্গক, লতামণ্ডপ।

গাছতলা, তরুমূল, তরুতল, গাছের তলা, বৃক্ষতল, বৃক্ষমূল।

গাছের মাথা, বৃক্ষাগ্র, তরুশীর্ষ, প্রগ্রীব; মগডাল।

পরগাছা, বৃক্ষাদনী, তরুভুক্, তরুরুহা, তরুভুজ, অর্কিড, তরুরোহিণী, তরুস্থা, বন্দাক, বন্দা, জীবন্তিকা, পরপূতগাছ।

দিব্যবৃক্ষ, দিব্যতরু, কল্পতরু, কল্পবৃক্ষ, কল্পদ্রুম।

উদ্ভিদবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, বটানি।

উদ্ভিদজগৎ [দ্র ৫৩]।

বিণ· উদ্ভিজ্জ, উদ্ভিন্ন, বৃক্ষজাত, উদ্ভিদ্‌জাত, ঔদ্ভিজ্জ, ঔদ্ভিদ।

লতানে, লতায়িত, লতানো, লতানীয়া।

গাছভর্তি, একগাছ।

বিণ·/বি· গেছো, গাছুয়া, গাছুড়ে, গাছুড়িয়া।

পর্ণমোচী, পত্রত্যাগী; চিরহরিৎ; ওষধি, ফলপাকান্ত।

অপুষ্পক। সপুষ্পক।

উদ্ভিদবিজ্ঞানী।

৩৯ অঙ্কুর

বি· অঙ্কুর [৫৫], কল, কোঁড়, কোঁড়া, বীজাঙ্কুর, নবাঙ্কুর; চারা, চারাগাছ, প্ররোহ, সংরোহ, পুকি, তেউড়, গজ, মুকি, বৃক্ষক, অইন, কচিগাছ, গেঁজ।

পত্রাঙ্কুর, কচিপাতা, নতুনপাতা, নবপল্লব, নবপত্র, কিশলয়, মুকুল, তরুরাগ, মঞ্জরি, শীষ, বোল, বউল, পত্রোল্লাস, পত্রমঞ্জরি, কণিশ। পত্রোদ্গম; মুকুলোদ্গম।

কুঁড়ি [দ্র ৪১]। কলম(ক), জোড়কলম।

অঙ্কুরোদ্গম, অঙ্কুরোদয়, অঙ্কুরণ, অঙ্কুরোদ্ভব, চারা বেরনো-, গাছ বার হওয়া-, গজানো; বীজতলা।

বিণ· অঙ্কুরিত, উদ্ভিন্ন, প্ররোহিত, প্রবৃঢ়; মুকুলিত, মঞ্জরিত, সঞ্জাতমঞ্জরি, কুসুমিত, বিকশিত, সঞ্জাত।

৪০ গাছের অংশ

৪০·১ কাণ্ড

বি· গুঁড়ি, কাণ্ড; ঝুরি, জটা, মূলের, শিফা। রলা।

বিণ· কাণ্ডজ।

৪০·২ শিকড়

বি· শিকড়, শেকড়, মূল, গোড়া, গোড়, জড়। কন্দ, বাল্‌ব, গেঁড়, এটিয়া। মূলত্র, মূলত্রাণ, মূলরোম। প্রধানমূল; গুচ্ছমূল।

বিণ· মূলীয়, মূলী; মূলজ, কন্দজ, কান্দ।

৪০·৩ শাখা

বি· শাখা, ডাল, ডালপালা, প্রশাখা, বিটপ, পালা, পল্লবাধার,

পল্লব, বৃক্ষশাখা, শাখাপ্রশাখা; কচা; কঞ্চি।
বাইল, বালদো।
আকর্ষ, আঁকশি, প্রতান।
বৃক্ষশিখর, গাছের মাথা; উঁচুডাল, মগডাল, শাখাগ্র, শৃঙ্গডাল, ঊর্ধ্বশাখা।
বিণ· শাখাপ্রসারী, প্রতানী, প্ররোহী। শাখ্য।

৪০·৪ পাতা

বি· পাতা, পত্র, পর্ণ, পল্লব, ফলক, ফলা, পাত, ছদ। অখণ্ডপত্র। কচিপাতা, নতুনপাতা, কিশলয়, নবপল্লব।
দল, পত্রমঞ্জরি, পত্রপল্লব, পত্রমুকুল।
শুকনোপাতা, শুষ্কপত্র; জীর্ণপাতা; ঝরাপাতা; পাতাঝরা-, পর্ণমোচন, পাতা ঝরানো-; পাতা ঝরার দিন; ঝরাপাতার দিন।
বিণ· পল্লবিত, পর্ণী, পর্ণযুক্ত, পত্রী, পত্রিণী, পত্রবহুল, পত্রবিশিষ্ট।
[বিপ·] পত্রহীন, নিষ্পত্র, ন্যাড়া; বিশাখ, অশাখ, শাখাহীন, বিদল, দলহীন, অদল।

৪০·৫ বল্কল।

বি· বল্কল, বাকল, ছাল, ত্বক, [illegible]কলা, ছা[illegible]।

৪০·৬ কাঁটা।

বি· কাঁটা, কণ্টক, কণ্ট, শল্য, তরুনখ, সূচী, চোঁচ।
কাঁটাগাছ।
বিণ· কাঁটাযুক্ত, কাঁটাওয়ালা, কণ্টকী, কণ্টকময়, কণ্টকাকীর্ণ, কণ্টকিত, কণ্টকাবৃত।

৪০·৭ কষ

বি· কষ, রস, নির্যাস, দুধ, ক্বাথ, স্যাপ বৃক্ষরস।
ধূপ, সর্জরস, শালনির্যাস, ধুনা; রজন; তার্পিন, সরলাঙ্গ, সরলদ্রব; রবার; হিং, হিঙ্গ, জাতুক।

৪১ ফুল

বি· ফুল, পুষ্প, কুসুম, প্রসূন, মুঞ্জরি, পুষ্পক, সুমন, মণীবক।।
কুঁড়ি, কলিকা, কলি, কোরক, উৎকলিকা, কুটমল; মুকুল, বউল, বোল; কুসুমকলি, কুসুমকোরক, জালক।
ফোটা-, ফুল ফোটা-, পুষ্পোদ্গম।
দল, পাপড়ি, ফুলদল, পুষ্পপত্র।
বৃতি, বৃন্ত, টাটি; বোঁটা, পুষ্পবৃন্ত, প্রসববন্ধন, ডাঁটি, ডাঁটা, ডাঁট।
পরাগ, কেশর, রেণু, পুষ্পরেণু, কিঞ্জল, কিঞ্জল্ক, পুষ্পরজ।
গর্ভকেশর; পুংকেশর।
কুসুমকানন [দ্র ৪৬]।
ফুলের তোড়া, তোড়া, পুষ্পস্তবক, স্তবক, কুসুমস্তবক; পুষ্পক্ষেপণী, কুসুমদাম, পুষ্পদাম।
ফুলমালা, মালা, মালিকা, কুসুমমালিকা, পুষ্পহার, পুষ্পমাল্য, পুষ্পমালা, ফুলহার, ফুলডোর।
পুষ্পবৃষ্টি, কুসুমাসার।
ফুলতোলা-, পুষ্পচয়ন(ক), কুসুমচয়ন।
ফুলদানি, ফুলদান, গুলদান, গুলদস্তা; পুষ্পপাত্র, পুষ্পাধার। সাজি, পুষ্পকরণ্ডক।
পুষ্পসজ্জা, ফুলসাজানো-; ইকেবানা।
কুসুমশয্যা, ফুলশয্যা [৬১৭], পুষ্পশয়ন।
পুষ্পমধু [দ্র ১২১·৩]।
বিণ· পুষ্পিত, কুসুমিত, ফুলন্ত, ফুল্ল, সঞ্জাতপুষ্প, পুষ্পবান; ফুলেল, ফুলোল, ফুলল, ফুলো, ফুলি, ফুলা।
বিণ·/বি· মালাকার, পুষ্পব্যবসায়ী, পুষ্পলাবী, পুষ্পাজীব, পুষ্পাবচায়ী, পুষ্পজীবী, পৌষ্প; মালী [দ্র ৪৬]।

৪২ ফল

বি· ফল; ফলমূল, ফলপাকড়। বীজাধার।
কড়া, জালি; কুশি।
শস্য, ফসল [দ্র ৪৮]; শাঁস, সস্য।
ফলন, ফলধরা-, ফল হওয়া-, ফলোৎপত্তি, ফলোদয়, ফলোদ্গম, ফলনামা-, ফলাগম, ফলোৎপাদন; প্রসবন।
ফলবাগান, অরচার্ড।
বিণ· ফলন্ত, ফলবান, ফলবতী, ফলিনী, ফলবন্ত, ফলশালী, ফলনশীল [৪৭], ফলিত, ফলী।
ফলদ, ফলদায়ক, ফলোৎপাদক, ফলদায়ী।
শাঁসযুক্ত, সস্যল।
একফলা; দোফলা।
বিণ·/বি· ফলওয়ালা, ফলব্যবসায়ী, কুজড়া, ফলমূলবিক্রেতা।

৪৩ বীজ

বি· বীজ, বিছন, বীজক, রোহি, বেছন; বীচি, বিচি; আঁটি, আঁঠি, অষ্টি, অষ্ঠি; কুশি, কষি, কোয়া, কোষ। কাঁইবিচি। বীজকোষ, বীজাধার, শুঁটি; বীজপত্র, ভ্রূণপত্র।
বীজবোনা- [দ্র ৪৭]।
বিণ· বীজপূর্ণ, বিজল, বিজাল, বিচাল, বিচিবিচি, বিচে, বীজী, বীজবান; এঁটে, আঁঠিয়া।
একবীজপত্রী; দ্বিবীজপত্রী।
[বিপ·] বীজহীন, নির্বীজ, অবীজ, অবীজক।

৪৪ বিবিধ গাছ

ফুলগাছ: ফুল

৪৪·১ পদ্ম, কমল, উৎপল, পঙ্কজ, কুমুদ, অব্জ, কৈরব, কুবল, কুবেল, অম্বুজ, অম্ভোজ, কহ্লার, কুবলয়, কুমুদী, শতদল, অরবিন্দ, নলিন, রাজীব, শ্রীপর্ণ, পুষ্কর, তামরস, নলিনী, সরোজ, সরসিজ, সরোরুহ, পুণ্ডরীক, সলিলজ, বিসপ্রসূন, বিসকুসুম, বিসজ, রাত্রিহাস, বায়ুর্ভব, কঞ্জ, নীরজ, ইন্দিরালয়, কুশেশয়; নীলপদ্ম, নীলোৎপল, নীলকমল, কালকঞ্জ, অসিতোৎপল, ইন্দিবর; লালপদ্ম, কোকনদ, রক্তপদ্ম, রক্তকুমুদ, রক্তোৎপল, রক্তকমল; শ্বেতপদ্ম, শ্বেতকমল, সিতাব্জ, সিতাম্ভোজ, কুচ্ছ।
শালুক; সুঁদি, নাল; শাপলা, পঙ্কশূরণ।
মৃণাল, বিস, নালীক, নলিনীবৃহ, পদ্মনাল, পদ্মপলাশ, ক্রৌঞ্চাদন।
পদ্মপাতা, পদ্মপত্র, সরপত্রিকা। পদ্মফল, পদ্মবীজ।

মৃণালিনী,কমলিনী, পদ্মিনী, পুটকিনী, সরোজিনী।

৪৪·২ বেলফুল, বেলি, বেল, মল্লিকা, মল্লি, সিতপুষ্প; মোতিয়াবেলি।

৪৪·৩ শিউলি, শেফালি, শেফালিকা, রজনীহাস, নিশিপুষ্পা, ভূতকেশী।

৪৪·৪ চাঁপা, চম্পক, চম্প, দোলঙ্গ, কোবিদার; কনকচাঁপা, স্বর্ণচাঁপা, কাঁটালিচাঁপা, কাঠচাঁপা, শ্বেতচাঁপা; ভুঁইচাঁপা, দোলনচাঁপা; চাম্পেয়, হেমপুষ্পক, স্বর্ণপুষ্প, শীতলাচ্ছদ, সুভগ, ভৃঙ্গমোহী, শীতল, ভ্রমরাতিথি, সুরভি, দীপপুষ্প, স্থিরগন্ধ, অতিগন্ধ, স্থিরপুষ্প, পীতপুষ্প, হেমাহ্ব, সুকুমার, বনদীপ।

৪৪·৫ জবা, জবাকুসুম; পঞ্চমুখী জবা; সপ্তমুখী জবা; রক্তজবা; সাদাজবা, শ্বেতজবা; লঙ্কাজবা; ঝুমকোজবা; ওড়পুষ্প, জপা, অর্কপুষ্পী, অর্কপ্রিয়া, রাগপুষ্পী, প্রতিকা, হরিবল্লভা।

৪৪·৬ কদম, কদম্ব, কলম্ব, নীপ, কাদম্বা, অশোকারি। কাদম্ব।

৪৪·৭ করবী, করবীর, করুপি; রক্তকরবী; শ্বেতকরবী, শ্বেতকরুপি। গুপ্তবৃক্ষ।

৪৪·৮ কেয়া, কেতকী, কেতক, কেওড়া, ইন্দুকলিকা। কেয়ানির্যাস, কেতকীনির্যাস। কেয়াকাঁদি।

৪৪·৯ চামেলি, মাধবিকা, মালতী, জাতিপুষ্প, কাপিশ।

৪৪·১০ মাধবীলতা, ভৃঙ্গপ্রিয়া, ভ্রমরোৎসব, মধুবহুলা।

৪৪·১১ গাঁদা, গেঁদা, গন্ধালি।

৪৪·১২ জুঁই, যূথিকা, যূথী।

৪৪·১৩ কাঞ্চন; শ্বেতকাঞ্চন; রক্তকাঞ্চন।

৪৪·১৪ কৃষ্ণকলি, কেষ্টকলি; সন্ধ্যামণি, সন্ধ্যামালতী।

৪৪·১৫ কৃষ্ণচূড়া, গুলমোহর; রাধাচূড়া।

৪৪·১৬ ঝিণ্টি, ঝাঁটি, ঝিণ্টিকা, কুরুবক।

৪৪·১৭ টগর, তগর, কাঠটগর, কাঠমল্লিকা; কাঠগোলাপ; নবমল্লিকা; বনমল্লিকা।

৪৪·১৮ হেনা, মেহেদি, মেহেন্দি, মেন্দি, মেন্ধী।

৪৪·১৯ কুরচি, কুটজ, কূটজ, গিরিমল্লিকা।

৪৪·২০ কলাবতী, ক্যানা, সর্বজয়া।

৪৪·২১ গোলাপ, গুলাব। গোলাবপাশ। গোলাপজল; গোলাবি, গুলাবি।

৪৪·২২ ধুতুরা, ধুতরা, ধুতরো, ধুস্তুর, ধুস্তুরী।

৪৪·২৩ সেঁউতি, সেঁওতি, সেবন্তী, সেমন্তী, শেবতী।

৪৪·২৪ মাদার, মন্দার, মান্দার, ডেউয়া, ডেহুয়া, ডেও, ডহু, লকুচ।

৪৪·২৫ দোপাটি, দ্বিপুটি।

৪৪·২৬ গুলঞ্চ, গুড় চী; অগ্নিমুখী; গোলকচাঁপা, অমৃতবল্লী।

৪৪·২৭ কুসুমফুল, কুসুম্ভ, কুঙ্কুম, অগ্নিশিখ।

৪৪·২৮ বাঁধুলি, বন্ধুক, বন্ধুজীব, বন্ধুলি, বন্ধুজীবক।

৪৪·২৯ পারুল, পাটলী।

৪৪·৩০ নাগকেশর, পুন্নাগ, নাগলিঙ্গম, কনকাহ্ব।

৪৪·৩১ পলাশ, কিংশুক, পলাশক, বিপর্ণক।

৪৪·৩২ পিউলি, পিঙ্গলী।

৪৪·৩৩ কুন্দ, কুঁদ।

৪৪·৩৪ মুচকুন্দ, মুচুকুন্দ।

৪৪·৩৫ আকন্দ, অর্ক।

৪৪·৩৬ ঘেঁটু, ভাঁট, ভাণ্ডীর, ঘণ্টাকর্ণ।

৪৪·৩৭ হাসনুহানা, হাসনোহানা।

৪৪·৩৮ [অন্যান্য ফুল]: বকুল, শকক্রম। রজনীগন্ধা। গন্ধরাজ। স্থলপদ্ম, স্থলরুহা, স্থলকমল, পুণ্ডরীয়ক, আরটী। কলকি, কলকে। দ্রোণ, দণ্ডকলস। নয়নতারা। রঙ্গন। সূর্যমুখী। চন্দ্রমল্লিকা, ক্রিসেনথিমাম। অপরাজিতা, অদ্রিকর্ণী, অশ্বখুরা। অতসী। কাঠমল্লিকা, মদয়ন্তী, বনমল্লিকা। কামিনী। মোরগঝুঁটি। অশ্বগন্ধা। ডালিয়া। জিনিয়া। পপি। লিলি। ক্যালেনড়ুলা। লাক্স্পার। ন্যাসটারসিয়াম। প্যানসি। ফ্লক্স। বেগেনিয়া।

[বাহারি গাছ] পাতাবাহার, ক্রোটন। স্বর্ণলতা। চন্দনকচু। বাগানবিলাস, বোগেনভেলিয়া।

[স্বর্গের ফুল] পারিজাত, মন্দার, পরিচ্ছত্রক, পারিভদ্র।

ফল: ফলের গাছ

৪৪·৩৯ আম, আম্র, রসাল, চূত, মাকন্দ, সহকার, আঁব; ফজলি; ল্যাংড়া; হিমসাগর; গোপালভোগ; বোম্বাই; আলফানসো; চৌসা; দশেরি; কোহিতুর; বড়সিঁদুরে; ভবানী চৌরস; রানী। আমচুর, আমশি, আম্রচুর, আমসত্ত্ব, আম্রাবর্ত, আমট। আমের শাখা, আম্রশাখা, আম্রপল্লব, সহকার শাখা। আমের মুকুল, কামায়ুধ।

৪৪·৪০ জাম, জম্বু; কাকজম্বু, বনজাম।

৪৪·৪১ কলা, কদলী, রম্ভা, কদলিকা, শিলীন্ধ্র, শিলীন্ধ্রা। মর্তমান, সবরি, চাটিম; মালভোগ, মর্ত্যভোগ; চাঁপাকলা, স্বর্ণফলা, স্বর্ণরম্ভা, চম্পক, চিনিচম্পা; মদনা, কানাইবাঁশি; সিঙ্গাপুরি; কাবুলি; বীজী, বিচে কলা; সয়া কলা; দয়াকলা; কাঁঠালিকলা, কাঠকলা, কাষ্ঠকদলী; পাহাড়িকলা, গিরিকদলী; সুবর্ণকদলী, স্বর্ণকদলী, কনককদলী; বনকদলী; কাবুলিকলা; কাঁচাকলা, আনাজিকলা।

কলাগাছ, কদলীবৃক্ষ, সারতরু, আয়তচ্ছদা, অংশুমৎফলা।

মোচা, কলার ফুল, কদলীপুষ্প; গর্ভমোচা। কলার কাঁদি, কলার ছড়া, ফেণী।

কলার তেউড়, তেড়, মুকি। থোড়, ভাদাল।

৪৪·৪২ কাঁঠাল, কাঁটাল, কণ্টকীফল, কণ্টকফল, পনস, ফলকণ্টক, কণ্টফল, কণ্টাফল, পূতফল; ইঁচড়, এঁচোড়; ভুতুড়ি, ভুশুড়ি, ভুতি, কাঁঠালের ভুতি। পানস।

৪৪·৪৩ শসা, ক্ষীরা, ক্ষীরিকা; পালাশসা; পাঁড়শসা; ভুঁইশসা। ফুটি, স্ফুটি, বাঙ্গি, কাঁকুড়। চিচিঙ্গা; বাখারি।

৪৪·৪৪ তরমুজ, তরম্বুজ, তরবুজা, তরমুজা, লতাপনস, নাটাম্র।

খরমুজ, খরবুজ, খরমুজা, খরবুজা।

৪৪·৪৫ আঙুর, দ্রাক্ষা, মৃদ্বীকা; দ্রাক্ষালতা, আঙুরলতা, প্রিয়াল। দ্রাক্ষাক্ষেত্র, আঙুরক্ষেত, দ্রাক্ষাবন, দ্রাক্ষাকুঞ্জ।

কিসমিস, মনাক্কা।

৪৪·৪৬ আপেল, সেও, সেব। আপেলবাগান, অরচার্ড।

৪৪·৪৭ কমলালেবু, কমলা, সান্তারা, নারঙ্গি, নারঙ্গা, নারঙ্গ, নাগরঙ্গ, সান্তোলা।
৪৪·৪৮ লেবু, নেবু, নিম্বু, নিম্বূক, মাতুলুঙ্গ।
বাতাবি, বাতাপি, জম্বুরা, জামির, জম্বীর, ছোলঙ্গ।
গোড়ালেবু; পাতিলেবু; ট্যাবালেবু, টাবালেবু; কাগজিলেবু; গন্ধরাজলেবু; শরবতিলেবু, শরবতি।
মুসুম্বি, মৌসাম্বি।
৪৪·৪৯ বেদানা, ডালিম, আনার, দাড়িম্ব, দাড়িম, কুচফল; আনারদানা; আনারকুলি।
৪৪·৫০ তাল, তালি; তালগাছ, মদাঢ্য। তমাল, নীলতাল। তালরস, তাড়ি। তালশাঁস।
৪৪·৫১ খেজুর, খর্জুর, খুর্মা, ছোহারা, ছোয়ারা, খোর্মা।
৪৪·৫২ আখরোট, অখরোট, আখোট, অক্ষোট, খোবানি, খুবানি।
৪৪·৫৩ বাদাম, চিনাবাদাম, মাটকলাই, নেত্রোপম, বাতাম্র, মুম্ফলি। পেস্তা, পেস্তাবাদাম; কাঠবাদাম; কাজুবাদাম, কেজুবাদাম।
৪৪·৫৪ জলপাই, কেশাম্র।
৪৪·৫৫ চালতে, চালিতা, কুসুমমধ্য।
৪৪·৫৬ আমড়া, আম্রাতক, আম্রাত, অম্রাত।
৪৪·৫৭ কতবেল, কদবেল, কয়েদবেল, কয়েতবেল, কপিত্থ।
৪৪·৫৮ করঞ্জ, করমচা, করঞ্জা, করমর্দক, অঙ্গারমঞ্জী; ডহরকরঞ্জ, ডাককরমচা।
৪৪·৫৯ কুল, বদরীফল, বদর, বদরিকা, বড়ুই, কোলি; বনকুল, বনকোলি; টোপাকুল; নারকেলি কুল।
৪৪·৬০ পেয়ারা, পিয়ারা, আমরুদ, আঁজির, অঞ্জীর।
৪৪·৬১ পানিফল, পানফল, শৃঙ্গাটক, শৃঙ্গাটিকা, সিঙ্গাড়া।
৪৪·৬২ নারকেল, নারিকেল, ফলকেশর, শিরঃফল, পুটোদক; ঝুনো নারকেল, ঝুনো; ডাব; কচিডাব, নেয়াপাতি ডাব। দোমালা। ফোঁপরা, খোপরা।
৪৪·৬৩ লিচু।
৪৪·৬৪ আতা, সীতাফল, অকোট; নোনা।
৪৪·৬৫ সুপারি, সুপুরি, পূগ, গুবাক, কাণ্ডকার, গুয়া।
৪৪·৬৬ তেঁতুল, ইমলি, তিন্তিড়ি, তিন্তিলী, তিন্তিড়, তিন্তিড়ীক, শাকাম্ল; তেঁতুল গাছ, আম্লিকা, আম্লীকা, আম্লা, অম্লিকা, অত্যম্ল।
৪৪·৬৭ ম্যাস্তা, চুকাই, চুকোই, কুদ্রুম।
৪৪·৬৮ সফেদা, চিকু, সরিফা।
৪৪·৬৯ পেঁপে, পারীশফল।
৪৪·৭০ বেল, বিল্ব, শ্রীফল, মালুর, অতিমঙ্গল্য; ত্রিপত্র; বেলগাছ, শিবদ্রুম।
৪৪·৭১ কামরাঙ্গা, কর্মরঙ্গ।
৪৪·৭২ [অন্যান্য ফল]: আনারস। জামরুল। গোলাপজাম, রাজজম্বু। ট্যাপারি। নাশপাতি। ফলসা। বৈঁচি, বিকঙ্কত, বৈকঙ্কত, কণ্টপত্র। আমলকী, আমলক, আমলা, আমলাতি, অমলক, ধাত্রীফল, ধাত্রিকা; ভুঁইআমলা, ভূম্যালকী, অজটা। রিঠা, বেণীর। মেওয়া। আলুবোখরা। পিচ। নটকান।
ত্রিফলা, ফলত্রয়, [হরীতকী; বিভীতক; আমলকী]।

তরিতরকারি

৪৪·৭৩ লাউ, অলাবু, কদু, লাউকি, তুম্ব, তুম্বক, তুম্বি, পিণ্ডফল।
৪৪·৭৪ কুমড়ো, কুমড়া, কুষ্মাণ্ড, কাশীফল; মিষ্টিকুমড়ো, মিটকুমড়ো, গুড়কুমড়া, বিলাতি কুমড়ো, কর্কারু, চালকুমড়ো, ছাঁচিকুমড়ো; দেশীকুমড়ো।
৪৪·৭৫ মুলো, মূলা, কন্দমূল। বিট। গাজর। শালগম।
৪৪·৭৬ আলু, কন্দ। রাঙ্গাআলু, মিষ্টিআলু, শকরকন্দ, আলুকি। শাঁকালু, কেশুর, সর্বতিআলু, কশেরু। চুপড়িআলু, খামালু, বারাহীকন্দ; বচ।
৪৪·৭৭ ডুমুর, উদুম্বর, উড়ম্বর, ডুম্বুর, খোকসা, অঞ্জির; যজ্ঞডুমুর, যাগডুমুর।
৪৪·৭৮ পেঁয়াজ, পিঁয়াজ, গৃঞ্জন, সুকন্দক, পলাণ্ডু; পেঁয়াজকলি।
রশুন, রসোন, মহাকন্দ, উগ্রগন্ধ।
৪৪·৭৯ কপি; ফুলকপি; বাঁধাকপি, বাঁধা। ওলকপি।
৪৪·৮০ করলা, করল্লা, উচ্ছে, কাণ্ডকটুক, কার্বেল্ল, কারিবেল্ল, কারবল্লী। কাঁকরোল।
৪৪·৮১ শিম, শিম্ব, শিম্বা, শিম্বি, শিম্বিকা; শিমলতা, কুসিম্বী; বিন; বরবটি, ব্রীহিভেদ।
৪৪·৮২ ধুঁধুল, ধুন্দুল, তরুই, রামতরুই, পরোল, ধুন্দল; ঝিঙে, ঝিঙা; চিচিঙ্গা।
৪৪·৮৩ পটোল, পটুক, পটু, পটোলিকা, পটোলী, পাণ্ডুফল; পলতা, পটোললতা, পটোলপাতা।
৪৪·৮৪ কুঁদরি, কুঁদরু, কুন্দরকী।
৪৪·৮৫ বেগুন, বৃন্তাক, বার্তাকু, বাতিঙ্গন, বার্তাকী, কণ্টানু, কটকিনী।
৪৪·৮৬ শজনে, শজিনাডাঁটা, শজিনা, শোভনক, শজনের খাড়া, শোভাঞ্জন, অক্ষীব, কাক্ষীব। নাজনে, নাজিনা।
৪৪·৮৭ ডাঁটা, ডাঁটাশাক, খাড়া, নলক, নলিকা; কাটোয়ার ডাঁটা।
৪৪·৮৮ টমাটো, বিলাতি বেগুন।
৪৪·৮৯ ঢ্যাড়স, ভিণ্ডি, ভিণ্ডিশ, টিণ্ডিশ, রামশিঙ্গা।
৪৪·৯০ কচু, কন্দ, কেচুক; ওল, শূরণ; বুনোওল, বনশূরণ, বনকন্দ; মান, মানকচু। পানিকচু। শোলাকচু। মুখিকচু। দলকচু। গাঁটিকচু। ঘেঁচু। কচুর লতি।
৪৪·৯১ পালং, পালংশাক, চীরতচ্ছদা, ছুরিকা; টকপালং।
৪৪·৯২ পুঁই, পূতিকা। পোতকী।
৪৪·৯৩ শাক, শাকপাতা, শাকসবজি।
বেথোশাক, বাথুয়াশাক, বাস্তুক, বস্তুক।
পাটশাক, পাটপাতা, পর্ণসি, নালতে, নালিতা, পট্টশাক, কোষ্টা। সুষনি, সুষুণী, তমালক, শিখী, সুনিষণ্ণক।
হেলেঞ্চা, হেলঞ্চ, হেলঞ্চী, হিঞ্চা, হিংচা, হিলমোচিকা।
কালকাসুন্দে।
ব্রাহ্মীশাক।
আমরুল।
নটে, কনকানটে, নটিয়া, কাঁটানটে, তণ্ডুলেরক।
গাঁদাল, গাঁধাল, গন্ধভাদাল, গন্ধভাদুলি।
কলমি, কলম্বী, কলম্বিকা, শতপর্বা।

পুদিনা, পূতনী, রোচনী।
লুণেশাক, লোণী।
পিড়িংশাক, পৃক্কা। গিমা।
৪৪·৯৪ চিরতা, চিরাতিক্ত, কাণ্ডতিক্ত, কিরাততিক্ত, অনার্যতিক্ত।

মশলা

৪৪·৯৫ এলাচ, এলাচি, এলা, এলীকা; ছোটএলাচ, ক্ষুদ্রৈলা; বড়এলাচ, ভদ্রেলা; এলালতা।
৪৪·৯৬ হলুদ, হলদি, হরিদ্রা; কাঁচাহলুদ, কর্চুর।
৪৪·৯৭ সরষে, সরিষা, সর্ষপ, রাই; শ্বেতসরিষা; কালোসরষে, কৃষ্ণক।
৪৪·৯৮ গোলমরিচ, কালিমরিচ, কালোমরিচ, শাকাঙ্গ; পিপুল, পিপ্পলী।
৪৪·৯৯ তেজপাতা, তেজপাত, তেজপত্র, তমালক, সুপত্র, গন্ধজাত, পাকরঞ্জন।
৪৪·১০০ জাফরান, কেশর, কেশরী।
৪৪·১০১ তিল; তিসি; মসিনা, মসনে।
৪৪·১০২ ধনে, ধনিয়া, ধন্যাক, ধান্যক, ধান্যাক।
৪৪·১০৩ লঙ্কা, মরিচ, ঊষণ; কাঁচালঙ্কা, ধানিলঙ্কা, আকাশিলঙ্কা; ঝালমরিচ; শুকনোলঙ্কা।
৪৪·১০৪ লবঙ্গ, লঙ্গ, লং, দেবকুসুম।
৪৪·১০৫ দারচিনি, দারুচিনি; কাবাবচিনি।
৪৪·১০৬ জিরে, জিরা, জীর, জীরক; শাদাজিরে, শা-জিরা, শ্বেতজিরক; কালোজিরে, কৃষ্ণজিরা।
৪৪·১০৭ মৌরি, মধুরিকা, শালেয়।
৪৪·১০৮ মেথি, মেথিকা, পীতবীজা।
৪৪·১০৯ পোস্ত, পোস্তদানা, খসবীজ; আফিমবীজ।
৪৪·১১ যোয়ান, যমানী, যবানিকা, যবানী; বনযোয়ান, জগদ্ধা।
৪৪·১১১ রাঁধুনি, রাঁধনি, রান্ধনি, রন্ধনিকা, অজমোদা।
৪৪·১১২ জয়ত্রী, জয়িত্রী, জাতিপত্রিকা, জাতিকোষ, জাতিপত্র, জায়ফল, জাতি, জাতিফল।
৪৪·১১৩ আদা, আদ্রক, আর্দ্রক, শৃঙ্গবের, শুঁঠ, শুণ্ঠি, শুষ্কার্দ্র, অনূপজ; আমআদা, আমহলদি, আমহরিদ্রা।
৪৪·১১৪ পাঁচফোড়ন [মৌরি; মেথি; কালোজিরে; জোয়ান; রাঁধুনি, রন্ধনিকা, রন্ধনী,]। গরমমশলা, [দারুচিনি; লবঙ্গ; ছোট এলাচ]।

দানাশস্য।

৪৪·১১৫ ডাল, দাল, ডাইল, দাউল।
ছোলা, চণক, চানা, বুট। মটর; মটরশুঁটি, কড়াইশুঁটি, কলাইশুঁটি; ফুটকলাই। মুগ, খেরমুগ, খেরুয়া, মুদ্গ। মসুর, মুসুর, মুসুরি। কলাই, কড়াই, কলায়, খেঁড়ি, বিউলি; বিরিকলাই; মাসকলাই, উড়শী; কুলথকলাই, কুলথি। খেসারি, খেসারিকলাই, তেওড়। অড়হর, অড়র, উরদ, উরদ। মাড়ুয়া।
৪৪·১১৬ ধান, ধান্য, ব্রীহি, সতুষতণ্ডুল। শালিধান, আমন, আঢ়ক, আঁড়ই, হৈমন্তিক; ব্রীহিশ্রেষ্ঠ, আউস, ভাদুই, আশু, আশুধান্য, জলি, ব্রীহিধান্য; ষেটেধান, বোরো। উড়কি, উড়িধান, উড়ি, ঝরাধান; নীবার, তৃণধান্য, পাতনা; কুটা, কুড়া; শ্যামক, শ্যামাক। ধান্যপঞ্চক [শালি; ব্রীহি; শূক; শিম্বি; ক্ষুদ্র] বীজধান। উচ্চফলনশীল ধান।
ধানশীষ, ধানশীর্ষ, ধান্যশীর্ষক, ধান্যমঞ্জরি, ধানের ছড়া।
ধানক্ষেত, ধান্যক্ষেত্র। ধানিজমি। বীজতলা।
ধানকাটা-, ধান্যচ্ছেদন; ধানভানা-, ধানকাঁড়া-, সাঁটা-, সাটন। ধানবোনা- ।
ভানুরি, ভাননিয়া।
ধানমাড়া-, ধানসারা-, ধানসারী, উৎকার। ধানসিদ্ধ(ক)। তুষ, ধানের খোসা, ধান্যাস্থি, কুঁড়া, ভূসি। ধানের গোলা [দ্র ৪৮]। খড় [দ্র ৭১]।

বিণ· ধানি

বি· চাল, চাউল, তণ্ডুল, তাঁউল, তাঁড়ুল, ধানশস্য। সিদ্ধ। আতপ, আলো, আরুয়, আরোয়া, অক্ষত, আমান্ন, উষ্ণ, উষ্ণা। কাঁড়া-। আকাঁড়া। খুদ, খুদকুঁড়া। চালের গুঁড়ো; পিটুলি, পিটালি, পিষ্টতণ্ডুল, চালবাটা।
গোবিন্দভোগ; গোলাপসরু; কামিনী; কালোজিরে; বালাম; বাসমতী; দাদখানি; চামরমণি; দেরাদুনরাইস।
খোসাহীন, তুষহীন, নিস্তুষ।
৪৪·১১৭ গম, গোধূম, গেঁহু। আটা, ফেনকা। ময়দা, বুলময়দা, অপূপ্য; সুজি, সমীদ; দালিয়া।
৪৪·১১৮ যব, যবক, সিতশূক, পবিত্রধান্য; বার্লি; জই।
৪৪·১১৯ ভুট্টা, মক্কা, মকাই; বজরা, বর্জরী, বাজরা, জনার; জোয়ার, জনারি, জওয়ার, পবনাল।

বৃক্ষ

৪৪·১২০ অশ্বত্থ, অশথ, পিপুল, পিপ্পল, শুচিদ্রুম, ক্ষীরদ্রুম।
৪৪·১২১ বট, ন্যগ্রোধ, যক্ষতরু, শিফারুহ, মহাচ্ছায়; পাকুড়, পর্কটি; ভাণ্ডীর, প্লক্ষ।
৪৪·১২২ সেগুন, সাগুন, শাকবৃক্ষ, শাকতরু, টিক।
৪৪·১২৩ শিমুল, শাল্মলী, শাল্মল।
৪৪·১২৪ ছাতিম, সপ্তপর্ণী, সপ্তপর্ণ, সপ্তচ্ছদ, সপ্তপত্র, বিষমচ্ছদ, বহুপর্ণী।
৪৪·১২৫ গাব, তিন্দু, তিন্দুক; কেন্দুক, কেন্দু, কেন্দুর; তমাল।
৪৪·১২৬ শাল, সর্জ, অগ্নিবল্লভ; শালকোঁড়া; শালপাতা; শালনির্যাস, ধুনা।
৪৪·১২৭ গামার, গাম্ভারি, গাম্ভারিকা।
৪৪·১২৮ সোঁদাল, কর্ণিকার, রাজবৃক্ষ।
৪৪·১২৯ মহুয়া, মধুক, মৌ, মউল।
৪৪·১৩০ ভূর্জ, সূচর্মা, ভূর্জবৃক্ষ; ভূর্জপত্র।
৪৪·১৩১ শিশু, শিংশপা।
৪৪·১৩২ বক, বকফুল, কাকশীর্ষ।
৪৪·১৩৩ শমী, সাঁই; বাবলা; সাঁইবাবলা, অগ্নিগর্ভ, কাননারি।
৪৪·১৩৪ সুন্দরী, সুঁদরি, সুঁদুরি।
৪৪·১৩৫ শেওড়া, শাখোটক; আসশেওড়া।
৪৪·১৩৬ জিওল, জিঙ্গিনি, জিগর, জিগা, জিয়ল, জিউলি, কাশীমোল্লা, কাশল্মলী।
৪৪·১৩৭ পিটুলি, পিটলী, পিণ্ডার।

৪৪·১৩৮ নিম, নিম্ব, কাকফল, পারিভদ্রক, মহাতিক্তক, পিচুমর্দ ; ঘোড়ানিম, অগ্নিধমন।

৪৪·১৩৯ হরীতকী, হরতুকি, হত্তুকি, হরিড়া ; অভয়া, অমৃতা, পাচনী, হরড়া, বনতিক্ত, অব্যথা, পথ্যা, পূতনা, চেতকী, কায়স্থা, শিবা, বয়স্থা, শ্রেয়সী, জীবন্তী, বিজয়া, হৈমবতী, রোহিণী।

৪৪·১৪০ [অন্যান্য বৃক্ষ] : জাবুল, তিনিশ। অর্জুন, ককুভ। ইউক্যালিপটাস। মেহগিনি। গরান। গেঁউয়া। শিরীষ। হিন্তাল, হেঁতাল। দেবদারু, দেওদার, দেবকাষ্ঠ, ইন্দ্রদারু, মহাদারু, কাষ্ঠদারু, বরচন্দন। পিয়াল, প্রিয়াল, পীতসাল, পীতসালক, পিয়াসাল, প্রিয়সালক, রাজাদন। লোধ, লোধ্র, ভিলোল ; লোধ্ররেণু। হিজল, ইজ্জল, হিজ্জল, অম্বুজবৃক্ষ। ওক। সাইপ্রেস। উইলো। পপলার। চেস্টনাট। আবলুস। সিকোইয়া। সরল। পাইন। ঝাউ, পিচুল।

তৃণ

৪৪·১৪১ ঘাস, তৃণ, গুল্ম, শষ্প, গবাদন ; ঘাসপালা, তৃণদাম, তৃণরাশি ; দূর্বা, দর্ভ, দূর্বাদল ; মুজঘাস, মুঞ্জ, ভাগবী। কচিঘাস, শাদ।

কুশ ; কাশ, কাশফুল, কেশে, কাশতৃণ, কশাড়, সিতপুষ্প ; ঈষিকা। মুথা, মুস্ত, মুস্তক।

শণ, শণগাছ ; শণতন্তু, শণসূত্র, শণের দড়ি ; শণের নুড়ি। উলু, উলুখড়, উলপ, উলুখাগড়া, উলুক, উলুপ, শপ্তু, বল্বজ ; গোজিহ্বা, হেটাহুলি, অধঃপুষ্পী। বানীর, বেনা, কর্মমূল। চোরকাঁটা, চোরকাঁটকি, চোরপুষ্পী, ভাটুই।

বিণ· ঘাসেছাওয়া, ঘাসেঢাকা, তৃণাবৃত, তৃণাচ্ছাদিত, তৃণময়, তৃণপূর্ণ। শষ্পাবৃত। তার্ণ।

বিণ·/বি· ঘেসো, ঘেসুড়ে, ঘাসুড়িয়া, ঘাসুড়ে, ঘেসেড়া, ঘাসি।

৪৪·১৪২ বেত, বেতস, বেতসলতা, বেত্র, নিচুল, বঞ্জুল, বানীর, বানীরক, কুক্ষিরন্ধ্র, বিদুল। শোলা ; ফুলশোলা ; কাঠশোলা।

শর, খাগ, নল, নলখাগড়া, খাগড়া, কাকেক্ষু, পোটগল।

হোগলা, হোগল, এরকা, ওগলা, গুন্দ্রমূলা।

৪৪·১৪৩ বাঁশ, বংশ, বেণু, শতপর্বা, সুপর্বা, রম্ভ, মস্কর, ধনুদ্রুম, কিলাটি। বাঁশবন, বাঁশঝাড়, বেণুবন, বাঁশড়া, বাঁশবাগান, তৃণদ্রুম।

কঞ্চি, কঞ্চিকা, বেণুশাখা। বাতা, বাখারি, চটা, চাঁচাড়ি। দরমা, চাটাই।

মুলি ; তলতা, কীচক ; মাকলা।

বংশাঙ্কুর, কোঁড়া, কোঁড়, কণ্ঠর।

বিবিধ

৪৪·১৪৪ শেওলা, শৈবাল, জলতৃণ, শেহালা, শেয়ালা, শিহালা, ভৃকেশ, জলনীলিকা, জলনীলী, জলঘাস, জলকুন্তল, সলিলকুন্তল ; ঝাঁঝি ; পাতি। ছাতা, ছত্রাক, পুষ্পিকা, স্বেদশাক, ছাৎলা, ছ্যাৎলা।

মস ; ফার্ণ। শৈবালিত।

কাঠছাতা, কোঁড়ক ; ব্যাঙের ছাতা, শিলি, অতিচ্ছত্র।

৪৪·১৪৫ পানা, কচুরিপানা, দাম, বারিপর্ণী, কুতৃণ, পানক, প্রপানক।

৪৪·১৪৬ কণ্টিকারী, কণ্টকারী, কণ্টকারিকা, কাঁটকারী, কেঁটকিরি, গণিকারিকা, অগ্নিদমন।

৪৪·১৪৭ কুঁচ, কুঁচফল, কাঁচি, কুঞ্চিকা, গুঞ্জিকা, গুঞ্জা, রক্তিকা, অঙ্গারবল্লী, অঙ্গারবল্লরী।

৪৪·১৪৮ আলকুশি, শুকশিমা, অগ্রপর্ণী, কণ্ডুরা।

৪৪·১৪৯ কর্বুরা, অজকাব, বাবুইতুলসী, মরুয়া, মরুবক ; পারুল।

৪৪·১৫০ মনসা, ফণীমনসা, সিজ, তেকাঁটা।

৪৪·১৫১ পুনর্নবা, পুন্যা, পুন্নে, সুপুন্নে, পুন্নেশাক, সুপুন্নেশাক।

৪৪·১৫২ প্রিয়ঙ্গু, শ্যামালতা।

৪৪·১৫৩ বহেড়া, বয়ড়া, বিভীতক।

৪৪·১৫৪ বাসক, বাসকপাতা, বাসা, বাকস ; বাসারিষ্ট।

৪৪·১৫৫ মূর্বা, মূর্বী, মুরুগা, ধনুঃশাখা, ধনুর্গুণা।

৪৪·১৫৬ শুলফা, শুলফো, শতাক্ষী, শতপুষ্পা।

৪৪·১৫৭ শাঞ্চে, শালিঞ্চ, শালঞ্চ, শিতসার।

৪৪·১৫৮ পান, তাম্বূল, তাম্বূলী ; গাছপান। ছাঁচিপান, শ্বেততাম্বূল ; মঘাই পান, বাংলাপাতা ; মিঠেপাতা।

বরজ। বারুই, বারই, তামলি, তাম্বূলিক, তাম্বূলিয়া, বারুজীবী, বারকী। খয়ের, খদির।

৪৪·১৫৯ তামাক [দ্র ৫৬০·২], তাম্রকূট, তামাকু।

৪৪·১৬০ তুঁত, তুঁতিয়া, তুত্থ, তুত্থক।

৪০·১৬১ ভাং [৫৬০·৩], ভাঙ্গ, ভঙ্গা ; সিদ্ধিগাছ।

৪৪·১৬২ ভুঁইআমলা, তমালিকা।

৪৪·১৬৩ তেলাকুচ, তেলাকুচো, বিম্ব, বিম্বক।

৪৪·১৬৪ বিছুটি, বিছুতি, বৃশ্চিকালি ; জলবিছুটি।

৪৪·১৬৫ রাংচিতা, রক্তচিতা, রক্তচিত্রক।

৪৪·১৬৬ শিয়ালকাঁটা, শেয়াকুল, শিয়াকুল ; শৃগালকোলি।

৪৪·১৬৭ ভেরেণ্ডা, এরণ্ড, রেড়ি।

৪৪·১৬৮ ধনিচা, ধনচে।

৪৪·১৬৯ নাটা, লতাকরঞ্জ।

৪৪·১৭০ আমরুল, অম্লাতী, অম্লবতী, অম্লপিষ্ট, অম্লোটজ।

৪৪·১৭১ বামনহাটি, অঙ্গারপর্ণী, অঙ্গারবর্ণী।

৪৪·১৭২ পাথরকুচি, পাষাণভেদী, অশ্মঘ্ন, পাথরচুর।

৪৪·১৭৩ অঁকোল, অঙ্কোট, আঁকোড় ; বাঘ-আঁচড়া ; ধলা-আঁকড়া।

৪৪·১৭৪ আপাং, চিড়চিড়ে।

৪৪·১৭৫ রুদ্রাক্ষ, নমেরু।

৪৪·১৭৬ গিলে, গিলা, কুঁচলা, কেঁচেলে।

৪৪·১৭৭ তুলসী, ত্রিমঞ্জরী, পর্ণাস।

৪৪·১৭৮ ইক্ষু, আখ, আক, ঐক্ষব, কশুর, কাজলি।

৪৪·১৭৯ [অন্যান্য] থানকুনি। শটি। হাতিশুঁড়া। বিড়ঙ্গ। নির্মলি। নিসিন্দা। গিমা। বিশল্যকরণী। নীল। ঘৃতকুমারী। সিনকোনা।

৪৪·১৮০ ইঙ্গুদি, অঙ্গারপুষ্প, ইঙ্গুদ, তাপসতরু।

৪৪·১৮১ শতমূলী, শতাবরী, কাঞ্চনকারিণী।

৪৪·১৮২ কালমেঘ, ভুঁইনিম, যবতিক্তা, শঙ্খিনী, মহাতিক্তা।

৪৪·১৮৩ বনতুলসী, গন্ধা।

৪৫ বন

বি· বন, অরণ্য, জঙ্গল, বনজঙ্গল, বিপিন, দাব, বনানী, কানন, বনী, অরণ্যানী, অটবী, বনবাদাড়, বাদাড়; ঝোপজঙ্গল, ঝোপঝাড়, ঝোপ, ঝাড়, ঝোপঝাটি, জঙ্গলাট; বনভূমি, বনাঞ্চল, বনস্থল, বনস্থলী।

কান্তার, গহনবন, গহীনবন, গভীর জঙ্গল, মহাবন, মহারণ্য, নিবিড় অরণ্য, ঘনজঙ্গল, বনগহন; শ্বাপদসংকুল অরণ্য; বিজনবন, বিজ্বন।

বনরাজি, বনশ্রেণী, বনরেখা, বনলেখা, তরুশ্রেণী, তরুরাজি; বনশ্রী। জলজঙ্গল।

অভয়অরণ্য, অভয়ারণ্য, সংরক্ষিত বন।

বনফুল, বনপুষ্প, অরণ্যপুষ্প, অরণ্যপ্রসূন, বন্যকুসুম, বুনোফুল।

দাবানল, দাবাগ্নি, বনদাব, বনবহ্নি।

বনপাল, অরণ্যরক্ষক, অরণ্যাধিকারিক, বনপালক, বনরক্ষক।

বৃক্ষরোপণ(ক); বনমহোৎসব।

বনসৃজন, অরণ্যায়ন, অরণ্যসৃজন; সমাজভিত্তিক বনসৃজন।

বনসম্পদ, অরণ্যসম্পদ।

বনবাস, অরণ্যবাস; বানপ্রস্থ, বনাশ্রম, বানপ্রস্থাশ্রম, বনজীবন, বনাশ্রয়; কাননবাস, অরণ্যনিবাস।

বনবিহার, বনভ্রমণ, বিপিনবিহার।

পঞ্চবটীবন, পঞ্চবটী [অশ্বত্থ; বট; বিল্ব; আমলকী; অশোক]। হোগলা বন; বেনাবন; উলুবন; ঘাসের বন, কসাড়; নলখাগড়ার বন; কাশবন; বাঁশবন; শালবন; সুন্দরবন; মহুয়াবন।

বিণ· বনা, জংলি, জঙ্গুলে জঙ্গলিয়া, বুনো, জংলা; আরণ্য, আরণ্যক, বনেচর, আটবিক, জাঙ্গল।

বনজ, অরণ্যজ, অরণ্যজাত, বনজাত।

বনস্থ, বনস্থিত, বনগত।

অরণ্যময়, অরণ্যসংকুল, বনাবৃত, জঙ্গলাবৃত, বনময়।

বিণ·/বি· অরণ্যচারী, বনচারী, অরণ্যচর, বনচর, বনবিহারী, বিপিনবিহারী।

বনবাসী, অরণ্যবাসী, জঙ্গলবাসী, বনাশ্রমী, বনাশ্রিত, বনবাসীজন, বনৌকা, অরণ্যৌকা।

অরণ্যরক্ষক, অরণ্যপাল।

৪৬ বাগান

বি· বাগান, উদ্যান, বাগিচা, বাগ, কানন, মালঞ্চ, প্রসেদিকা; উপবন, কুঞ্জ, নিকুঞ্জ, কুঞ্জবন, কুঞ্জকানন, ছত্বর; ফুলের বাগান, ফুলবাগান, কুসুমকানন, পুষ্পবন, পুষ্পোদ্যান, পুষ্পবাটিকা, পুষ্পারাম, ফুলবাগিচা, বাগবাগিচা, বাগাৎ।

কেয়ারি, বেড, ফ্লাওয়ারবেড, অলিবদ্ধ ক্ষেত্র।

লন, শাদ্বল।

বাগানবাড়ি [১৮৮], উদ্যানবাটিকা, কুঞ্জবাটিকা, কুঞ্জবাটি, পুষ্পবাটিকা, পুষ্পবাটি, গৃহারাম, বৃক্ষবাটিকা।

লতাকুঞ্জ, লতাগৃহ, কুঞ্জকুটির, লতামণ্ডপ, লতাবিতান। [পৌরা·] স্বর্গোদ্যান, নন্দনকানন। কুবেরের উদ্যান, চৈত্ররথ।

বিণ·/বি· মালী, মালাকার, মালিক, উদ্যানরক্ষক, উদ্যানপাল, উদ্যানপালক; মালিনী।

উদ্যানবিদ, উদ্যানবিশারদ।

৪৭ চাষ

বি· চাষ(ক), চাষবাস(ক), কৃষি, কৃষিকর্ম(ক), কৃষিকাজ, কৃষিকার্য(ক), চাষ আবাদ(ক), কৃষাণি, ক্ষেতি, খেতি, জিরাতি, খেতালি, হলকর্ম, হলভৃতি, হলভূতি, ক্ষেত্রকর্ম, কৃষ্টি, চাষকারকিত; বৈশ্যবৃত্তি।

চষা-, কর্ষণ, ভূমিকর্ষণ, কর্ষ, সংকর্ষণ; লাঙলদেওয়া-, হালদেওয়া-, হালবাওয়া-, হলচালন, হলকর্ষণ। মইদেওয়া-। নিড়ানি, নিড়ানো-। মাটি তৈরি(ক), জমি তৈরি(ক)।

কর্ষিতভূমি, কর্মভূ।

আবাদ(ক), ফলন, ফলানো-, শস্যোৎপাদন, কৃষি-উৎপাদন।

সুফলন, সুফসল, বাম্পারক্রপ।

বীজতলা।

শস্য [দ্র ৪৮]; রবি, রবিশস্য [দ্র ৪৮]; খরিফ [দ্র ৪৮]।

বীজবপন(ক), বোনা-, বপন(ক), আবাপন, আবপন, রোপণ(ক), রোয়া-, রোপ, রোপা-, বপা-, বাপ, উপ্তি, আজ্জান, বুয়া-, রোয়ানো- ।

গাছপোঁতা-, গাছলাগানো-, পোঁতা-, লাগানো-, বৃক্ষরোপণ(ক)।

জমি, চাষের জমি, ক্ষেত, মাটি, খেত, খামার, জোত, জিরাত, শস্যক্ষেত্র, কৃষিজমি, কৃষিভূমি, ক্ষেতখামার, কেদার, কেদারিকা, খলধান, খালিয়ান, ক্ষেত্রবসুধা, বপ্র। নদীভরাট জমি, পয়স্তি।

সেচ, জলসেচ, জলদেওয়া-, জলসেচন(ক), জলসেক, প্রসেক, সেচন, সেচব্যবস্থা, সেক, সিঞ্চন, উপসেক, নিষেক, আর্দ্রীকরণ, ইরিগেশন। ব্যারাজ; খাল, ক্যানেল; নলকূপ, টিউবওয়েল, ডিপ টিউবওয়েল; শ্যালো [দ্র ১৬]।

ঝাড়া, ঝাড়াই(ক), মাড়াই(ক), মাড়ানো-, কণ্ডন, কাঁড়া, কাঁড়ন, কাঁড়ানো-, ভানা-।

লাঙল [দ্র ৫৩৬·৮]। ঢেঁকি [দ্র ৫৩৬·৯]।

আল, আঁলবাঁধ, আলি, আইল, অইল, বাঁধ [১৭], ঘের; আলবাল, কেদারখণ্ড, আবাল।

লাঙলের খাত, সীতা, সীত।

উর্বরতা। সার, সারমাটি; কম্পোস্ট; কেমিক্যাল সার, ফার্টিলাইজার।

কাকতাড়ুয়া, চঞ্চা, চঞ্চাপুরুষ, ঠিকুল।

কৃষিসম্পদ; কৃষিপণ্য।

কৃষিবিদ্যা, কৃষিবিজ্ঞান, এগ্রিকালচার।

বিণ· কৃষিজাত, ক্ষেত্রজ, কৃষিজ, কৃষ্টপচ্য, ভূমিজ, মাটির, খেতের, ক্ষেত্রোৎপন্ন, ক্ষেত্রসম্ভব।

কৃষ্ট, কর্ষিত, চষা-, জিরাতি, কৃতকর্ষণ; জাত, উৎপন্ন, সমুদিত।

রোপিত, উপ্ত, বাপিত, বিরূঢ়, প্রত্যুপ্ত।

আবাদি, আবাদা, চাষযোগ্য, কৃষ্য, হল্য, কর্ষণীয়, উঠিত।

উর্বর, উর্বরা, সারবান।

সেচিত, সিঞ্চিত, জলসিঞ্চিত, প্রোক্ষিত। সেচনীয়, সেচ্য।

ফলনশীল [দ্র ৪২], ফলবতী; উচ্চফলনশীল।

এক ফসলি; দো ফসলি, দোফলা; তিন ফসলি।

[বিপ·] অনাবাদি, অকৃষ্য, অকর্ষণীয়, ঊষর, অনুর্বর, অক্ষেত্র, আফলা, অহল্য, অফলা, বন্ধ্যা। অকর্ষিত, পতিত, অচষা, অকৃষ্ট, আচোট, অনুপ্ত, অরোপিত, আচষা, বল্লুর।

অরোপণ, না বোনা-।

ব্রহ্মডাঙা, বৃক্ষহীন, অতরু।

বিণ·/বি· কৃষক, চাষী, কৃষাণ, চাষা, কিষাণ, কর্ষক, কান্তকার, সৈরিক, সৈরন্ধ্র, কৃষীবল।

হলধর, হলকর্ষক, হলী, লাঙ্গলী, লাঙ্গলগ্রহ, লাঙ্গলিক, হালী, হালিক, হালিয়া, হলভৃৎ।

বপনকারী, বপ্তা, বাপক, বায়ক, আবাপক, পয়কারী।

ক্ষেতমজুর।

বর্গাদার, বর্গা, ভাগচাষী।

কৃষিজীবী; কৃষিকারক, ক্ষেত্রাজীব, খন্দকার।

শস্যরক্ষক, ক্ষেত্রপাল, ক্ষেতোয়াল, ক্ষেতওয়ালা, ক্ষেত্রপতি, ক্ষেত্রাধিপ।

ভাননিয়া, ভানুরি।

কৃষিবিদ, কৃষিবিশারদ, কৃষিকর্মবেত্তা; ক্ষেত্রজ্ঞ।

সবজিব্যবসায়ী, পর্ণিক।

সেচক; সেচনরত, উৎসিচ্যমান।

৪৮ ফসল

বি· ফসল, শস্য, বলজ, খন্দ; শস্যদানা, দানাশস্য, শস্যবীজ।

ফল [দ্র ৪২]।

সুফসল, সুভিক্ষ, অনাকাল।

আনাজ, সবজি, তরকারি, কাঁচাতরকারি; শাক, শাকপাতা; তরিতরকারি, শাকসবজি, আনাজপত্র, আনাজাপাত, আনাজপাতি।

রবিশস্য, নওয়ালি, রবিখন্দ; খরিফ, খারি, হৈমন্তিক শস্য; চৈতালি।

শস্যাগার, শস্যগোলা, গোলা [৭০২], গোলাবাড়ি, মরাই, মরার, কোষ্ঠাগার, কুশূল, শস্যাধার, শস্যভাণ্ডার, মায়ামঘর, কড়ুই, কণ্ডোল।

বিণ· ফসলি, শস্যপূর্ণ, শস্যশালী; শস্যশ্যামল; সুভিক্ষ।

৪৯ শস্যাভাব

বি· অজন্মা, শস্যহানি, শস্যাভাব; অনুৎপাদন, অনুৎপত্তি।

আকাল, অকাল; দুর্ভিক্ষ, মন্বন্তর; অন্নাভাব, অন্নকষ্ট, খাদ্যাভাব, কাভাত।

দুঃসময়, অন্নাভাবকাল, অন্নকষ্টকাল।

অফলন, অনাবাদ, অকর্ষণ।

মহামারী [দ্র ৮৪]।

বিণ· আকালিক, আকালিকী।

দুর্ভিক্ষগ্রস্ত, দুর্ভিক্ষপীড়িত, দুর্ভিক্ষপ্রপীড়িত, দুর্ভিক্ষক্লিষ্ট।

২ প্রাণ-প্রাণী-শরীর

৫০ প্রাণ

বি· প্রাণ, জীবন, জান, জিন্দিগি, জীয়ন, চেতনা [দ্র ৫১], পরান, লাইফ।

প্রাণবায়ু, অসু, পঞ্চপ্রাণ, [প্রাণ; অপান; সমান; উদান; ব্যান]; পঞ্চবায়ু, অজপা; আত্মা, পরমাত্মা, জীবাত্মা, অন্তরাত্মা, আত্মারাম, চিদাভাস, শরীরভাক, আত্মাপুরুষ, পুরঞ্জন, পুনর্ভবী, অখণ্ডন; প্রাণপাখি, প্রাণভোমরা; প্রাণপুরুষ।

প্রাণকোষ; প্রাণময় কোষ। প্রাণাঙ্কুর, আদিপঙ্ক, প্রাণপঙ্ক, জীববীজ, প্রোটোপ্লাজম; প্রাণাপান। প্রাণী [দ্র ৫৩]।

বাঁচা-, বেঁচে থাকা-, বাঁচন, সজীবতা, জীবিতাবস্থা, জীবতারা, টেকা-, টিকে থাকা-, অস্তিত্ব, সত্তা, প্রাণ থাকা-, প্রাণস্পন্দ, প্রাণস্পন্দন। ইহজীবন, মর্ত্যলীলা, সংসারলীলা, পার্থিব জীবন, ইহলীলা, জীবজন্ম, ভবলীলা, মরজীবন, জীবলীলা।

প্রাণময়তা, সজীবতা। জিজীবিষা।

জীবনধারণ(ক), প্রাণধারণ(ক), প্রাণন, দেহধারণ, জীবনযাত্রা, দেহযাত্রা।

জীবনযাপন(ক), বেঁচেবর্তে থাকা-, বেঁচে থাকা।

জীবনপ্রবাহ, জীবনস্রোত, সংসারস্রোত। জীবনচক্র।

বাঁচানো-, প্রাণরক্ষা(ক), সঞ্জীবন, জীয়ন; টেকানো-, টিকিয়ে রাখা-, জিয়নো-, জিইয়ে রাখা-; বাঁচোয়া।

প্রাণসঞ্চার(ক), জীবনসঞ্চার(ক), প্রাণদান, জীবনদান; জীবন্যাস, প্রাণপ্রতিষ্ঠা(ক); জিয়নকাঠি।

জীবনজিজ্ঞাসা, প্রাণতপস্যা।

বেঁচে ওঠা-, প্রাণ ফিরে পাওয়া-, পুনর্জীবন (লাভ ক) নবজীবন, প্রত্যুজ্জীবন, পুনর্জন্ম।

প্রাণশক্তি, জীবনীশক্তি, প্রাণপ্রেতি।

জীবদ্দশা, জীবনকাল, জীবিতকাল, আয়ু [দ্র ১৭০], জীবৎকাল, জীবিতাবস্থা।

প্রাণীজগৎ [দ্র ৫৩]। জীবনবিজ্ঞান [দ্র ৫৩]। জীবনী [দ্র ৪২১]।

বিণ· জীবন্ত, জীবিত, জীবৎ, জ্যান্ত, জিয়ন্ত, সজীব, জিন্দা, সচেতন, জিওল; বর্তমান(থা), বিদ্যমান(থা)।

ভোজ, ভূরিভোজ, ভূরিভোজন, প্রঘস, খ্যাট, খ্যাটন; খানাপিনা(ক), খানপান; খাওয়াদাওয়া(ক); অন্নাহার(ক); অন্নভোজন(ক)।

প্রীতিভোজ, প্রীতিভোজন; ফিস্ট; বনভোজন(ক), চড়ুইভাতি, পিকনিক।

পঙ্‌ক্তিভোজন, পাতপাড়া-।

প্রাতরাশ, ব্রেকফাস্ট, ছোটহাজরি, প্রাতর্ভোজন, কল্যবর্ত, নাস্তা।

মধ্যাহ্নভোজন, লাঞ্চ, দ্বিপ্রাহরিক আহার, দুপুরের খাওয়া, বড়হাজরি। বিকেলের খাওয়া, টিফিন। জলখাবার, জলযোগ, শীতলভোগ।

নৈশভোজ, নৈশভোজন, ডিনার, সান্ধ্যভোজ, সন্ধ্যাভোজ, সায়াহ্নভোজন, সায়মাশ; রাতের খাওয়া, সাপার।

ভোজসভা, ভোজনসভা।

চিবনো-, চিবিয়ে খাওয়া-, চর্বণ(ক), চিবন, চিবানি, চিবুনি। পাকলানো-।

জাবরকাটা-, রোমন্থন(ক), রোমন্থ; গিলিত চর্বণ, ভুক্তভোজন, চর্বিতচর্বণ।

চোষা-, চোষণ(ক), চুষে খাওয়া-, চুষা।

চাটা-, চেটে খাওয়া-, লেহন(ক), অবলেহ, লেহ, চাটন, অবলেহন।

পান(ক), চুমুক দিয়ে খাওয়া-, চুমুক(দে), ঢক ঢক করে খাওয়া-, উদ্‌গ্রহ, উদ্‌গ্রহণ ; গেলা-, গলাধঃকরণ(ক) ; ঢোক গেলা।

গোগ্রাসে গেলা-, নাকে মুখে গোঁজা।

কামড়ানো-, কামড়(দে), দংশন(ক), বিদংশ, দন্তস্ফুট(ক), দন্তাঘাত(ক)।

অতিভোজন, গুরুভোজন, গুরু আহার, অধ্যশন, অত্যশন, গাণ্ডেপিণ্ডে গেলা-, ফাঁসির খাওয়া।

মিতাহার, স্বল্পাহার, কম খাওয়া ; পরিমিতাহার, লঘুভোজন, অল্পাহার, মিতভোজন ; একাহার।

অনশনভঙ্গ(ক) ; পারণ।

ভোজনাগার, ভোজনশালা, ভোজনালয় ; রেস্তরাঁ হোটেল ; ক্যান্টিন, কাফেটারিয়া ; ধাবা ; মেস ; অন্নসত্র, সত্র, অন্নক্ষেত্র, অন্নশালা ; সদাব্রত ; লঙ্গরখানা। অন্নকূট।

পাত(পাড়া-), পাতা, পাতপ, ভোজনপাত্র ; থালা [দ্র ৫৩৯·৪]।

কাঙালিভোজন, দরিদ্রনারায়ণ সেবা।

খাওয়ার ঘর, ডাইনিংরুম। খাওয়ার টেবিল, ডাইনিংটেবিল।

বিণ·/বি· ভোজনকারী, আহারী, ভোজী, ভক্ষণকারী, ভোক্তা, ভোজক, খাদক, ভক্ষক, আহারার্থী, ভোজয়িতা, খাদী, খেকো, খাদুক। অন্নভোজী, অন্নাহারী, অন্নভোক্তা, অন্নভোক্ত্রী, আশী, অন্নাদ। গ্রাসকারী।

সর্বাশী, সর্বভুক।

পেটুক, ভোজনপ্রিয়, ভোজনবিলাসী, ভোজনপটু, ঔদরিক, উদরপরায়ণ, উদরসর্বস্ব, অতিভোজী, কটখাদক ; খাইয়ে, খাউকো ; আধমণিকৈলাস।

ভোজনেচ্ছু, জিঘৎসু।

স্বল্পাহারী, মিতাহারী, পরিমিতাহারী, নিয়তাশন, মিতাশন, মিতাশী, মিতভোজী, অল্পাহারী ; একাহারী।

বিণ· ভোজ্য [দ্র ৭১], পাঙ্‌ক্তেয়।

চর্ব্য ; চূষ্য, চূষণীয়, চোষ্য, চোষণীয় ; [**বিপ·**] অচূষ্য ; অচূষিত। লেহ্য, লেহনীয়, অবলেহ্য, অবলেহনীয় ; রসনালিট। পেয়, পানীয়, পানযোগ্য।

ভুক্ত, ভক্ষিত, খাদিত, প্রাশিত, প্রত্যবসিত, অভ্যবহৃত, ভুঞ্জিত, ক্ষুন্নিবৃত্ত ; আস্বাদিত। চাটিত, অবলীঢ়, আলীঢ়, কৃতাবলেহ। দংশিত, দষ্ট। চূষিত। ভুক্ত, জগ্ধ, নিগীর্ণ। গিলিত, গ্রস্ত। রসিত ; লীঢ়, প্রত্যালীঢ় ; পীত, নিপীত।

একপেট, ভরপেট, পেটভরতি, পেটভরা।

ভুক্তাবশিষ্ট, উচ্ছিষ্ট, ভুক্তাবশেষ, উচ্ছিষ্টান্ন, ভক্ষ্যাবশেষ, অন্নশেষ।

এঁটো, সকড়ি ; এঁটোকাটা।

উচ্ছিষ্টভোজী, এঁটোখেকো, উচ্ছিষ্টভোগী ; পাতকুড়ানি।

ক্রি-বিণ· কপাকপ, গবাগব।

একগাল, একগ্রাস।

আহারান্তে, ভোজনশেষে, শেষপাতে।

৭১ খাদ্য

বি· খাদ্য, খাবার, ভোজ্য [৭০], ভোজনীয়, ভক্ষণীয়, ভক্ষ্য, ভক্ষ, অশন, আহার [৭০], আহার্য, অন্ন, ইরা, ভোক্তব্য, অভ্যবহার্য, ভোজনসামগ্রী, ভোজনদ্রব্য, ভোজ্যদ্রব্য, খাদ্যবস্তু, খাদ্যদ্রব্য, ভোজ্যান্ন, রসদ, খোরাক, খানা, জীবনক, খাবারদাবার ; অন্নজল, অন্নব্যঞ্জন, দানাপানি, দানা ; উদরান্ন, পেটের ভাত ; পথ্য, পথ্যি, সেবনীয়, সেব্য, সুখসেব্য, সুসেব্য।

জলখাবার, জলযোগ, নাস্তা, টিফিন, উপাহার, জলপান। ফলার, ফলাহার, ফলাশন, ফলাস্বাদন।

গুরুপাক, দুষ্পাচ্য, লঘুপাক, সহজপাচ্য, সুপাচ্য।

সুখাদ্য ; সুপেয়। দুধভাত।

অখাদ্য, কুখাদ্য, অখাদ্যকুখাদ্য, অপথ্য, কুপথ্য, অভোজ্য, অভক্ষ্য, অভক্ষণীয় ; অচর্ব্য, অচর্বণীয় ; কদন্ন, কুভোজন ; কচুপোড়া, কচুঘেঁচু।

নিষিদ্ধ খাবার, নিষিদ্ধ ভোজ্য। অপেয়।

খাদ্যাখাদ্য, ভক্ষ্যাভক্ষ্য।

শিশুখাদ্য, বেবিফুড। রোগীর খাবার, পথ্য।

পশুখাদ্য, পশ্বাহার, পশুর খাবার। খড়, খেড়, বিচালি, বিচুলি, পোয়াল, পল, পলাল, নাড়া। জাব, জাবনা। খড়ের গাদা, পালই, পালুই। হাঁস-মুরগির খাবার, পোলট্রিফুড। মাছের খাবার, ফিশফুড।

খোরাকি, খাইখরচা।

৭২ খাদ্য বৈভিন্ন্য

বি· ভাত, অন্ন, ভক্ত, স্বধা, ওদন। পান্তাভাত, ভিজেভাত, পরিষ্টভাত ; আমানি, কাঁজি, কাঞ্জিক, কাঞ্জিকা, কুঞ্জল, কুল্মাষ, পালনি, গৃহান্ন, আরনাল, পেজ। খিচুড়ি, খেচরান্ন, খেচরি, কৃশর, কৃশরান্ন, ওগরা ; ভুনিখিচুড়ি ; জাউ, খুদেরজাউ, আমজাউ। পোলাও, ঘৃতান্ন, ঘিভাত, পলান্ন ; ফ্রায়েড রাইস ; বিরিয়ানি। ফ্যানাভাত।

পোড়াভাত, দগ্ধান্ন, দগ্ধিকা।

মাড়, মাড়ি, মাসর, ফ্যান, ফেন।

তরকারি, সবজি, ব্যঞ্জন, ছালন, ব্যান্নন। ছেঁচকি, ছ্যাঁচড়া ; চড়চড়ি, চচ্চড়ি ; নাবড়া, লাবড়া ; ঘ্যাঁট ; নাফরা, লাফরা ; ঘণ্ট, নগরঘণ্ট, চাপড়ঘণ্ট। দম। ডালনা, দালনা। রসা। দোলমা। ছক্কা, কালিয়া ; কোর্মা। সালন। সিদ্ধ, সেদ্ধ ; ভরতা, রোস্ট। কোফতা।

শুক্তো, শুক্তনি, শুক্তানি ; তেতো।

ভাজা, ভাজি, ফ্রাই ; পাটভাজা, পোরের ভাজা ; বড়া, বটক, চাপড় ; খাস্তাভাজা, চিপস, মুচমুচে ; মাছভাজা, ফিশফ্রাই। চপ ; কাটলেট। কাবাব ; শিককাবাব ; শামি কাবাব।

তেলেভাজা ; বেগুনি ; ফুলুরি, ফুলারি ; পেঁয়াজি, পেঁয়াজবড়া ; পাকৌড়া। সিঙারা। নিমকি। কচুরি, খাস্তাকচুরি, কর্চরী, কর্চরিকা।

ডালপুরি ; রাধাবল্লভি। পরোটা, পূরিকা, পৌলি। নান, তন্দুরিরুটি। রুমালিরুটি, পোলিকা। মোগলাই পরোটা। লুচি, পুরি ; ময়ান ; লেচিকা, লোচিকা, লেচি। রুটি, চাপাটি, রোটি, চপটি, পুরোডাশ। পাঁউরুটি, ব্রেড, লোফ ; বান, বানরুটি। প্যাটিস। স্যান্ডউইচ। টোস্ট। হ্যামবারগার ; বার্জার। বেকারি ; রুটিওয়ালা, নানবাই।

ঝোল, ক্বাথ, শুরুয়া, সুপ, জুস, নিষ্কাথ।

ডাল, তরকা; টকডাল; তেতো ডাল; ডালসম্বরা। ঘুঘনি, ঘুগনি; চানা।

ধোঁকা, ঢোকলা; ধোঁকার ডালনা।

চাটনি, অম্বল, শাকর, টক, চুকা, খাট্টা।

জ্যাম; জেলি; মারমালেড।

চানাচুর, ডালমুট; সাড়েবত্রিশ ভাজা; ঝুরিভাজা; গাঠিয়া। চাট, বিদংশ, টোকনা। ফুচকা। আলুকাবলি; ভেলপুরি, বাটাটাপুরি। রোল। টিকিয়া।

ইডলি। দোসা, ধোসা; সাদাদোসা; মশলাদোসা। সাদাবড়া। দইবড়া, দহিবড়া।

বিস্কুট; ক্রিমবিস্কুট; নোনতাবিস্কুট; কলাবিস্কুট; লেড়োবিস্কুট। বাকরখানি, নানখাতাই, নানখাটাই। ঢাকাই পরোটা।

লজেন্স, লেবেঞ্চুস; টফি; চকোলেট।

আচার; সস। স্যালাড। মোরব্বা। কাসুন্দি, কাসন্দি, কাসন।

শরবত; শর্করোদক; পানা, পানক, পানীয়, শীতলপানীয়, কোল্ডড্রিঙ্ক। লেমনেড; সোডা। শেক, মিল্কশেক।

গরমপানীয়, উষ্ণপানীয়; চা, শ্যামপর্ণী; কফি; কোকো; ড্রিংকিং চকোলেট।

কুলপি, কুলপিবরফ, মালাইবরফ; আইসক্রিম।

দুধ [দ্র ৬০·৫], দুগ্ধ, গোরস, উধস্য; স্তন্য, মায়ের দুধ,বুকের দুধ [৬৪·১৬]। ক্ষীর, ঘনদুধ, খোয়া, খোয়াক্ষীর; রাবড়ি; দুধের সর, মালাই, সন্তানিকা। চাঁছি, দুধের চাঁছি।

দই, দধি; সাঁজা, দম্বল, ক্ষীরজ, দধ্যন্ন; দইয়ের মাথা, দধ্যগ্র, দধিমস্তু। ঘোল, টানাদই, তক্র, তঞ্চিত দুগ্ধ। চিনিপাতা দই; ঘোলের শরবত, লস্যি। ভাপা দই।

ঘি, ঘৃত, হবিঃ, সর্পিঃ; মাখন, মাঠা, ননি, নবনীত, নবনী, নবনীতক, সরজ, সারজ, ক্ষীরসার, পনির; গব্যঘৃত, গোঘৃত, গাওয়া ঘি, মধ্বাজ্য; ভয়সা ঘি। হৈয়ঙ্গবীন। চিজ, দধিসার।

ছানা, দুগ্ধবিকার, কিলাট, আমিক্ষা, তক্রপিণ্ড।

মুড়ি, ভৃষ্টান্ন, খেজাড়ি, হুড়ুম; ঝালমুড়ি, মশলামুড়ি।

চিঁড়ে, চিঁড়া, চিপট, চিপিটক; চিঁড়েভাজা।

খই, লাজ, উত্তুষ, খদিকা, খাজিক, ভাজাধান, ভৃষ্টধান্য; মুড়কি, খইচুর। চিঁড়েমুড়ি, মুড়িচিঁড়ে। মুড়িমিছরি।

ছাতু, সক্তু; যবের ছাতু; ছোলার ছাতু; ব্যাসন।

পাঁপড়, পর্পট; আলুর পাঁপড়; সাবুর পাঁপড়।

সাবু, সাগু; শঠি, পালো।

বড়ি, বটী; ভাজাবড়ি; গহনার বড়ি; ফুলবড়ি।

আমিষ, আমিষভোজন, আঁষ, আঁইষ, জৈবখাদ্য।

মাছ; মাছের ঝোল; মাছের ঝাল; মাছভাজা, ভাজামাছ; পাতুরি; মালাইকারি; দইমাছ; কালিয়া; কোপ্তা; ভাপা মাছ; সরষেমাছ; কালোজিরের ঝোল; লঙ্কার ঝোল। শুঁটকি মাছ।

মাংস, পল, ক্রব্য, পিশিত, গোস্ত; মটন, খাসির মাংস; পাঁঠার মাংস; রাং; দাবনা; টেংরি; মেটে; মেটুলি; মাংসের ঝোল; কষামাংস; দোপিঁয়াজি; কোর্মা। মুরগি, চিকেন। রোস্ট; চিলিচিকেন; গ্রিল। হ্যাম; সসেজ; বেকন। বিফ, গোমাংস, গরুরমাংস।

ডিম; হাঁসের ডিম; মুরগির ডিম; ওমলেট; পোচ; ডিমের ঝোল; ডিমের ডালনা।

সেমাই, নুডলস; চষি। চাওমিন।

নিরামিষ, নিরামিষ ভোজন, সাত্ত্বিকাহার, শাকাহার, শাকান্ন।

হবিষ্যি, হবিষ্যান্ন, হবিষ্য(ক); মালসাপোড়া।

সিদ্ধ, ভাতে, পক্ত্রিম; বয়েলড; হাফবয়েল।

মিষ্টি [১২১], মিষ্টান্ন, মিঠাই; মণ্ডা; রসগোল্লা; কমলাভোগ; রাজভোগ; পান্তুয়া, লেডিকেনি; লালমোহন; ছানাবড়া; ল্যাংচা; কাঁচাগোল্লা; সন্দেশ; বরফি; কলাকান্দ; জিলিপি, জিলাবি, অমৃতি; বোঁদে, বুন্দিয়া; দানাদার; মিহিদানা; সীতাভোগ; সরভাজা; সরপুরিয়া; ছানার পোলাও; লবঙ্গলতিকা; গজা; জিবেগজা, গুজিয়া; বালুশাই; চমচম; ক্ষীরমোহন; মনোহরা; খাজা, ফেনিকা; তিলকুটো, তিলকুট; বীরখণ্ডি; হালুয়া, মোহনভোগ, সুজি; সোহন হালুয়া; গাজর হালুয়া; পায়েস, পায়স, ক্ষীরেয়ী,পরমান্ন; খুরমা; মোয়া; নাড়ু, লাড্ডু, লড্ডুক, লড্ডু; বাতাসা, ফেণীবাতাসা, গুড়ে বাতাসা; কদমা, ফাণিত; চিনির মঠ; রেউড়ি; পিঠা, পিঠে, পিষ্টক, পূপ, অপূপ; নকুলদানা; পুলিপিঠে, শস্কুলী, রসপুলি; গোকুলপিঠে; চন্দ্রপুলি; পাটিসাপটা, পাটিজড়া; রসবড়া; সরুচাকলি; আসকেপিঠে; মালপোয়া; মুগসামলি, সামলি; মতিচুর; শোনপাপড়ি, আনন্দনাড়ু।

কেক, পেস্ট্রি; পুডিং; পাই।

ময়রা, হালুইকর, মোদক, মধুময়রা, আপূপিক। ভিয়েন, ভিয়ান।

[অন্যান্য] লপসি। যবমণ্ড, যবাগূ। নাপ্পি। পিজা।

বাঙালিখাবার, বাঙালিখানা। ভারতীয় খাবার। মোগলাইখানা। চিনে খাবার, চাইনিজফুড। মাদ্রাজি খাবার।

বিণ· অন্নভোজী, ভেতো।

দুগ্ধজাত, ক্ষৈরেয়, দুগ্ধপক্ব। পয়স্য।

আমিষাশী, আমিষভোজী, আমিষগৃধ্নু, আমিষভুক; মাংসভোজী, মাংসাহারী, মাংসাশী [৫৩], মাংসাদ, পলাদ, পলনাশী, পিশিতাশন, মাংসলোভী; মৎস্যাশী, মৎস্যভোজী। ননভেজিটারিয়ান। গোরুখোর, গোখাদক, গবাশন, গোমাংসভোজী।

কসাই, মাংসব্যবসায়ী, শৌনিক, মাংসিক।

নিরামিষাশী, নিরামিষভোজী, শাকাহারী, হবিষ্যাশী, ভেজিটারিয়ান। ফলাহারী।

মুখশুদ্ধি, বক্ত্রশোধী।

৭৩ রান্না

বি· রান্না(ক), রন্ধন(ক), রাঁধা-, রাঁধাবাড়া(ক), রান্নাবান্না(ক), রান্ধা, রাঁধন, পাক(ক্র), পাককরণ, পাকানো-, পাককর্ম, পাককার্য, পাকশাক, পক্তি, অধিশ্রয়ণ, রসুই(ক)। হাঁড়িঠেলা-।

সিদ্ধ(ক), ফোটানো-, ফুটনো-, সেঝা-, সিজা, সিজানো-, সেঝানো-, ভাপানো-; সেঁকা-; ঝলসানো-; পোড়ানো-, আধপোড়া করা-; জ্বাল(দে); জলমারা-, শুকনো-; সাঁতলানো-, সন্তোলন(ক), সান্তোলা; কষা-, কষে নেওয়া-; ভাজা-, ভর্জন(ক), ভুনি; ছেঁকা-, সেঁকা-।

ভর্জিত, ভৃষ্ট, ভাজিত; তেলেভাজা, তৈলপক্ব; ঘিয়ে ভাজা, ঘৃতপক্ব।

কুটনো কাটা-, তরকারি কাটা-, কোটাকুটি, কোটা-, কুট্টিতকরণ, খণ্ড খণ্ড(ক)।

বাটনা(বাটা-), মশলা(বাটা-), মশল্লা, বেশর, বেশোয়ার। ফোড়ন(দে), সম্বরা, সম্বর, উপস্কর, উপস্কার। পাঁচফোড়ন [দ্র ৪৪·১১৪]।

রান্নাঘর, পাকঘর, পাকশালা, হেঁশেল, রন্ধনগৃহ, রন্ধনশালা, পাকগৃহ, রন্ধনাগার, মহানস, রসুইঘর, রসুইশালা, পাকস্থান, বাবুর্চিখানা, প্যান্ট্রি, কিচেন।

রন্ধনপাত্র, পাকস্থালী, পাকপাত্র। হাতা, খুন্তি, ঝাঁঝরি [দ্র ৫৩৯]। রান্নার জোগাড়।

কুকার; ইকমিক কুকার; প্রেশার কুকার।

উনুন [৫৭১], উনান, আখা, উদ্ধান; স্টোভ; আভেন; তন্দুর; চুল্লি; চুলা। ঝিক।

রন্ধনবিদ্যা, রন্ধনকৌশল।

বিণ· পাকার্হ, পচ্য, পাকযোগ্য। রন্ধিত, কৃতরন্ধন, পক্ব, পাচিত; দগ্ধ, পোড়া; অগ্নিপক্ব; ভর্জিত, ভৃষ্ট; শূল্য, রোস্টেড; শূলপক্ব; অঙ্গার পরিপাচিত, অঙ্গারপক্ব।

[**বিপ·**] অপক্ব, আপক্ব, অর্ধসিদ্ধ, আধাসিদ্ধ, আধসিদ্ধ, অসিদ্ধ; কাঁচা।

বিণ·/বি· রাঁধুনি, রাঁধিয়ে, পাচক, রান্ধনি, রন্ধনকর্তা, রন্ধনকারী, রসুইকর, ঠাকুর, বামুন, বামুনঠাকুর, সূপকার, বাবুর্চি, খানসামা, রসুইয়ে, আন্ধসিক, পাকু, পাকুক, পক্ষু, পক্তা, ঔদনিক; পাচিকা; বামুনদিদি।

৭৪ হজম

বি· হজম(ক), পরিপাক(ক), জীর্ণন, আত্তীকরণ(ক), আত্মীকরণ(ক), সাঙ্গীকরণ, জারণ, আত্মভূত(ক)।

পরিপাকশক্তি, হজমশক্তি।

পরিপাকযন্ত্র, পাচনযন্ত্র, হজমযন্ত্র। পাচকরস।

বিণ· হজমি, জারক, পাচন, পাচক, পরিপাককারী, অগ্নিদীপক, অগ্নিবর্ধক [দ্র ৬৮], অগ্নিজনক, ক্ষুধাবর্ধক। জারিত। পাচ্য, লঘুপাক, সুপাচ্য, সুপচ।

সাঙ্গীকৃত।

[**বিপ·**] অজীর্ণতা, বদহজম, অপরিপাক, অপাক, অপক্বাবস্থা; অরুচি; চোঁয়াঢেকুর (ওঠা)।

বিণ· অপাচ্য, গুরুপাক, দুষ্পাচ্য।

৭৫ অনাহার

বি· অনাহার, অনশন, নিরাহার, না খাওয়া-, অভক্ষণ, অভোজন, অনুপভোগ, অনাস্বাদন, অপতর্পণ, নিরশন, অচর্বণ; উপবাস(ক), উপাস(ক), উপোস(ক); অর্ধাশন, আধপেটা খাওয়া-; হরিমটর, হরিবাসর; নির্জলা উপবাস, নিরম্বু উপবাস।

অনশনব্রত, প্রায়োপবেশন, প্রায়োপবেশ, প্রায়, প্রায়োপবেশিকা, হাঙ্গার স্ট্রাইক(ক); আহার ত্যাগ(ক), আহার বর্জন(ক), অন্নত্যাগ(ক), অন্নজলত্যাগ(ক), অন্নবর্জন(ক), খাওয়াদাওয়া ছেড়ে দেওয়া-।

অন্নকষ্ট, অন্নাভাব, খাদ্যাভাব; মন্বন্তর, দুর্ভিক্ষ, আকাল [দ্র ৪৯], দুর্বৎসর, অজন্মা।

বিণ· অনাস্বাদিত, অনুপভুক্ত, অখাদিত; অচর্বিত।

বিণ·/বি· প্রায়োপবিষ্ট, প্রায়োপেত, অনশনব্রতী।

অনাহারী, উপবাসী, উপবাসক, উপোষিত, উপোসি, সোপবাস, উপাসি; অভুক্ত, ক্ষুধার্ত, ভুখা [দ্র ৬৮], অভক্ষিত, বুভুক্ষু, অভুঞ্জিত; অন্নহীন, নিরন্ন, খাদ্যহীন, হাভাতে, নিখাকী; অনশনক্লিষ্ট, ক্ষুৎকাতর, অনাহারক্লিষ্ট।

৭৬ পুষ্টি

বি· পুষ্টি, পরিপুষ্টি, পরিপুষ্টতা, পুষ্টিসাধন, পুষ্টিসম্পাদন, পুষ্টিবিধান, পুষ্টিবর্ধন, পুষ্টিবৃদ্ধি, পোষ্টাই; বাড়, বাড়ন, বৃদ্ধি, বলন, বলবর্ধক, শক্তিবর্ধন, শক্তিবৃদ্ধি, স্বাস্থ্যবৃদ্ধি, গায়ে মাস লাগা-।

খাদ্যপ্রাণ, অন্নসার, পলীয়, ভিটামিন; সালসা, টনিক। প্রোটিন।

বিণ· পুষ্টিকর [৮২], পুষ্টিবর্ধক, পুষ্টিদায়ক, বলকারক, বলবর্ধক, বলদায়ক, বৃংহণ, পুষ্টিবিধায়ক, পৌষ্টিক, পোষ্টাই, শক্তিবর্ধক, তেজস্কর, স্বাস্থ্যকর, স্বাস্থ্যপ্রদ, স্বাস্থ্যদায়ী, স্বাস্থ্যবর্ধক।

পুষ্ট, হৃষ্টপুষ্ট, পুরুষ্ট, বৃংহিত, পরিপুষ্ট, উদ্ভিন্ন, নধর; হাঁপালো, গোলগাল, মোটাসোটা, বলবান [দ্র ৬৯১], বলশালী, তাগড়াই, দশাসই, মোটা [দ্র ৪৭০], স্বাস্থ্যবান, দৃঢ়কায়, অকৃশ, অক্ষীণ; হোঁতকা, কেঁদো, হোঁদল, হোঁদল কুতকুত, মোটকা।

ভুঁড়ো, ভুঁড়িওয়ালা, স্থূলোদর [৪৭০], তুন্দিভ, তুন্দিল, পেটমোটা, নাদাপেটা; পেটটি নাদা গণেশ দাদা।

দোহারা।

৭৭ অপুষ্টি

বি· অপুষ্টি, স্বাস্থ্যহীনতা, স্বাস্থ্যাভাব, দুর্বলতা, বলহীনতা, দৌর্বল্য, আবল্য; স্বাস্থ্যনাশ, স্বাস্থ্যভঙ্গ; কৃশতা, কার্শ্য, তনুতা, তানব, ক্ষীণতা, শীর্ণতা।

বিণ· অপুষ্ট, দুর্বল [দ্র ৬৯২], নির্বল, পুষ্পি, কাহিল, নিস্তেজ, কাবু; রোগা, কৃশ [৪৭১], ক্ষীণ, শীর্ণ, অনুদ্ভিন্ন, অমাংসল, পাতলা, রোগাপটকা; হাড্ডিসার, হাড়জিরজিরে, কঙ্কালসার, অস্থিচর্মসার, রোগাপ্যাংলা, প্যাংলা, ডিগডিগে, জিরজিরে, কাঠিসার, চিমড়ে, চিমসে, লিকলিকে, কৃশাঙ্গ, ভগ্নদেহ, ক্ষীণকায়; ক্ষীণজীবী, অল্পপ্রাণ, হীনবল, শক্তিহীন, রুগ্ণ, পুঁয়ে পাওয়া।

একহারা, ছিপছিপে, তন্বী [দ্র ৫২৬], বিতনু।

৭৮ রেচন

বি· রেচন; মলত্যাগ(ক), পায়খানা করা-, হাগা-, নাদা-, লাদা-, মলনিঃসারণ, মলভেদ, কোষ্ঠশুদ্ধি, কোষ্ঠসাফ,

বিরেচন, পায়ুস্খালন, বাহ্যকৃত্য, নাদন, বিরেক, মলনির্গমন, বিষ্ঠাত্যাগ, ভেদ; হাগানো-।

মল, বিষ্ঠা, পায়খানা, পুরীষ, ভেদ, দাস্ত, গু, বাহ্যে, বাহ্যি, কল্ক, নিহারা, উবদ্ধ, কোষ্ঠ, কোষ্ট, টাট্টি, শমল, শকৃৎ, উচ্চার। লাদ, নাদ, নাদি, লাদি, ন্যাড়, লেণ্ড, লণ্ড, লণ্ডা।

মলভাণ্ড, মলাধার, বিষ্ঠাকুণ্ড।

মলদ্বার, গুহ্যদ্বার, গুহ্যদেশ, পায়ু [দ্র ৬৪·১৮]; মলনালি, মলভাণ্ড।

পায়খানা; সেতখানা; খাটাপায়খানা; স্যানিটারি পায়খানা; বাথরুম; ল্যাভেটারি, টয়লেট; কমোড; সিসটার্ন; ফ্লাশ।

কোষ্ঠকাঠিন্য [দ্র ৮৭·৫৮]।

পাদ, অধোবায়ু, অপান, অপানবায়ু, পর্দন, বাতকর্ম, বায়ুত্যাগ(ক), পাদা-।

মূত্র, মুত, প্রস্রাব(ক), পেচ্ছাপ(ক), মেহ, পেচ্ছাব(ক), হিসি(ক), হিসু(ক), মূত্রত্যাগ(ক), মেহন, মোতা-।

বহুমূত্র [দ্র ৮৭·৫৯]।

মূত্রনালি, মূত্রপথ; মূত্রদ্বার, নুনু, শিশ্ন; মূত্রাশয় [৬৪·৩৩]; মূত্রযন্ত্র; বৃক্ক, কিডনি [৬৪·৩৩]।

প্রস্রাবখানা, ইউরিন্যাল, মূত্রকুণ্ড; টয়লেট, বাথরুম।

বিণ· রেচক, বিরেচক, মলনিঃসারক, দাস্তকর, ভেদকারক, সারক, জোলাপ, মলভেদক।

রেচিত, বর্জিত, নিঃসারিত; বিরিক্ত।

৭৯ ঘুম

বি· ঘুম(পা, দে, যা, লা), ঘুমনো-, ঘুমানো-, ঘুম আসা-, নিদ্রা (যা, দে), নিদ্রাগমন(ক), নিদ্রাকর্ষণ(ক), নিদ, সুপ্তি, সুষুপ্তি, সাধিকা, প্রসুপ্তি, নিষুপ্তি, নিত্যপ্রলয়; ঘুমঘোর; প্রস্বাপ, প্রস্বাপন, ঘোরনিদ্রা, গভীরনিদ্রা, গাঢ়নিদ্রা, গাঢ়ঘুম, সুখসুপ্তি, সুখনিদ্রা, সুখশয়ন, সুখশয্যা। কুম্ভকর্ণের ঘুম, নাকে তেল দিয়ে ঘুম, বেঘোরে ঘুম।

তন্দ্রা, ঢুলুনি, ঢোলা-, ঝিমুনি, ঝিমানো-, ঝিমনো-, চটকা, প্রমীলা, আধঘুম, আধোঘুম, আধোজাগরণ, অর্ধনিদ্রা, ঘুমঘুম ভাব; পাতলা ঘুম; সজাগ ঘুম; কাঁচাঘুম, অপূর্ণ ঘুম।

কপটঘুম; কাকনিদ্রা, কাকতন্দ্রা।

দিবানিদ্রা; ভাতঘুম।

তন্দ্রাবেশ, নিদ্রাবেশ, নিদ্রাবস্থা, ঘুমের ঘোর, ঘুমের রেশ, ঘুমের ঝোঁক।

ঘুমপাড়ানো-, শোয়ানো-। ঘুমপাড়ানি গান। জৃম্ভকাস্ত্র।

শোয়া-, শয়ন(ক), [দ্র ৯৩·১]।

শয়নকাল, নিদ্রাকাল, ঘুমের সময়। শোয়ার ঘর, শয়নকক্ষ, শয্যাগার, শয্যাগৃহ, শয়নগৃহ, শয়নকুটির, শয়নমন্দির, শয়নাগার। শয্যা, শয়নীয়; বিছানা [দ্র ১৯২]।

নিদ্রাসুখ, তন্দ্রাসুখ; সুখনিদ্রা, সুখশয়ান।

নিদ্রাবস্থা; স্বপ্নাবস্থা। চোখের পাতা এক করা-; চোখ এঁটে আসা-।

ঘুমচোখ, ঢুলুঢুলু চোখ, তন্দ্রালুনেত্র, ঘুমজড়িত চোখ; চোখবোঁজা-, প্রমীলন।

হাই(তোলা-), হামি, হর্ম, হাম্ভি, জৃম্ভণ, জৃম্ভিত, জৃম্ভা, জৃম্ভ, জৃম্ভিকা, বিজৃম্ভণ। মুখব্যাদন(ক)।

ঘুমের ওষুধ, ঘুমের বড়ি। ঘুমপাড়ানি গান।

স্বপ্ন(দেখা-), স্বপন, খোয়াব, স্বপ্নদর্শন; স্বপ্নঘোর, স্বপ্নাবস্থা, সুপ্তজ্ঞান, স্বপ্নজড়িমা, স্বপ্নজাল; স্বপ্নোদয়, স্বপ্নাবির্ভাব; স্বপ্নজগৎ, স্বপ্নলোক, স্বপ্নরাজ্য; সুখস্বপ্ন, সুস্বপন, সুস্বপ্ন, অনুকূল স্বপ্ন।

দুঃস্বপ্ন, কুস্বপ্ন, খারাপ স্বপ্ন। স্বপ্নাদেশ(পা)।

বিণ· ঘুমন্ত, নিদ্রিত, সুপ্ত, সুষুপ্ত, প্রসুপ্ত, নিষুপ্ত, নিদ্রাগত, নিদ্রাভিভূত, নিদ্রাতুর, নিদ্রাবিষ্ট, নিদ্রামগ্ন, নিদ্রামগন, নিদ্রায়মাণ, নিদ্রালু, নিদ্রাশীল, নিদ্রাচ্ছন্ন, নিদ্রাক্লিষ্ট, নিদ্রালস, তন্দ্রালু, তন্দ্রাবিষ্ট, তন্দ্রিত; নিদ্রাজড়িত, তন্দ্রাজড়িত, ঘুমমাখা, ঘুমজড়িত, ঘুমজড়ানো, ঘুমেভরা, ঢুলুঢুলু; অজাগর। অর্ধনিদ্রিত।

শয়িত, শয্যাগত, শয়ান, নিষণ্ণ।

ঘুমকাতর, ঘুমকাতুরে, নিদ্রাপ্রিয়, নিদ্রাপ্রবণ, অতিনিদ্র, ঘুমানিয়া, ঘুমুনে।

দিবাশয়, দিবানিদ্রাকারী।

ঘুমপাড়ানিয়া, ঘুমপাড়ানি, নিদ্রাকর্ষণকারী, নিদ্রাজনক, প্রস্বাপন।

জৃম্ভমাণ, জৃম্ভিত; জৃম্ভক, জৃম্ভণকারী।

স্বপ্নময়, স্বপ্নবৎ, স্বাপ্ন, স্বপ্নিল; স্বপ্নাদিষ্ট, স্বপ্নাদেশপ্রাপ্ত; স্বপ্নলব্ধ, স্বপ্নাদ্য, স্বপ্নেপাওয়া-, স্বপ্নোদিত, স্বপ্নাভ, স্বপ্নাবিষ্ট।

৮০ অনিদ্রা

বি· অনিদ্রা, নিদ্রাহীনতা, ঘুম না হওয়া-, ঘুম না আসা, ইনসমনিয়া।

জাগরণ, জাগা-, জেগে থাকা-, জাগর্তি, উন্নিদ্রা।

ঘুমভাঙা-, ঘুম চটে যাওয়া-, নিদ্রাভঙ্গ(হ), গা তোলা-, নিদ্রাশেষ; শয়নভঙ্গ, শয়নভঞ্জন; জাগানো-, তোলা-, ঘুম থেকে তোলা-, ঘুম ভাঙানো-।

বিণ· অনিদ্র, বিনিদ্র, নিদ্রাহীন, নিদ্রাবিহীন, নিদ্রাবিরহিত, নিদ্রাহারা, উন্নিদ্র, নিদ্রারহিত, ঘুমহীন; ঘুমহারা, গতনিদ্র, জাগ্রত, জাগন্ত, জাগর, জাগরূক, জাগ্রৎ, জাগরী, জাগরিত, উজাগর, প্রজাগর; নিস্তন্দ্র, অসুপ্ত, অতন্দ্র, অতন্দ্রিত, সজাগ, তন্দ্রাশূন্য, তন্দ্রাহীন।

সুপ্তোত্থিত, নিদ্রোত্থিত, ঘুমভাঙা; বীতনিদ্র, বিপ্রবুদ্ধ; ঘুমভাঙানিয়া, ঘুমভাঙানি, নিদ্রাভঙ্গকারী, জাগরণী।

স্বপ্নোত্থিত।

৮১ স্নান

বি· স্নান(ক), চান(ক); নাওয়া-, নাহা-; অবগাহন(ক), নিমজ্জন, ডুবন, অবগাহ; গোসল(ক), অভিষেক, অভিষেচন; ডুব(দে), সলিলপ্রবেশ(ক), জলপ্রবেশ(ক), গাহন, গাহ, বিগাহ; গা ধোওয়া-, গাত্রপ্রক্ষালন(ক), গা ভেজানো-, অঙ্গমার্জনা(ক) [দ্র ৫২১]। গায়ে জল ঢালা-।

হাতপা ধোওয়া-, হাতমুখ ধোওয়া-, ওজু।

মুক্তিস্নান, মোক্ষস্নান; তীর্থস্নান, পুণ্যস্নান। প্রাতঃস্নান।

সূর্যস্নান, রৌদ্রস্নান, আতপস্নান, রোদপোহানো-।

ধারাস্নান; বাষ্পস্নান, স্বেদনস্নান, স্টিমবাথ।

নাওয়ানো-, নাহানো-, স্নাপন।

স্নানাগার, স্নানঘর, স্নানগৃহ, স্নানশালা, স্নানগৃহ, স্নানকক্ষ, বাথরুম, কলঘর, কলতলা, গোসলখানা; হামাম। বাথটাব। শাওয়ার, ধারা, ঝাঁঝরি।

স্নানের জল, স্নানীয়, স্নানোদক; স্নানোপকরণ, স্নানের জোগাড়। গামছা [দ্র ৫০৭]; তোয়ালে; গাত্রমার্জনী।

বিণ· স্নাত, কৃতস্নান; অভিষিক্ত, গাহিত, কৃতাভিষেক, অবগাহিত, অবগাঢ়, কৃতোদক; সুস্নাত; সদ্যঃস্নাত, সদ্যঃস্নাতা।

স্নানকারী, স্নায়ী, স্নাতক; স্নানার্থী।

স্নাপক, স্নাপিত।

[**বিপ·**] অস্নান, অনবগাহন।

বিণ· অস্নাত।

৮২ স্বাস্থ্য, সুস্থতা

বি· স্বাস্থ্য। সুস্থতা, রোগহীনতা, ভালো থাকা-, তবিয়ত, তন্দুরস্তি, রোগাভাব, অনাময়, রোগশূন্যতা, সুস্থভাব, ব্যাধিশূন্যতা।

সুস্থদেহ, সুস্থশরীর, সুস্থকায়।

অক্লান্তি [দ্র ৮৩]।

রোগমুক্তি, আরোগ্য [৮৮], রোগমোচন, নিরাময়, সারা-, আরাম, সেরে যাওয়া-, সেরে ওঠা-, ভালো হওয়া-, উপশম, রোগশান্তি, কল্যত্ব, নিরাধি, নির্ব্যাধি, স্বস্তিলাভ(ক)। চিকিৎসা [দ্র ৮৮]।

স্বাস্থ্যরক্ষা, স্বাস্থ্যবিধি, তাকতম্বি; স্বাস্থ্যবিজ্ঞান।

স্বাস্থ্যসম্পদ; স্বাস্থ্যচর্চা, দেহচর্চা [দ্র ৯০]।

বিণ· সুস্থ, নীরোগ, রোগহীন, রোগশূন্য, অরোগ, ভালো, স্বস্থ, অগদ, অরুগ্ণ, অনাতুর, অজ্বর, নীরোগী, শংস্থ, নীরুজ; সবল [৬৯১], সমর্থ, স্বচ্ছন্দ।

বহাল, চাঙ্গা, তাজা, প্রফুল্ল, ঝরঝরে, সতেজ, চনমনে, তরতাজা; অনবসন্ন, নিরবসাদ, অপরিশ্রান্ত, অপরিক্লিষ্ট, অক্লিষ্ট, ক্লান্তিহীন [৮৩] অক্লান্ত, অশ্রান্ত, অক্লম, শ্রান্তিরহিত।

রোগমুক্ত, নিরাময়, অনাময়, উপশমিত, উপশান্ত। প্রকৃতিস্থ, অনুন্মত্ত, অপ্রমত্ত, অক্ষিপ্ত।

নবজীবন(লাভ ক), পুনর্জন্ম(পা), পুনর্জীবন(পা), প্রত্যুজ্জীবন, জীবন ফিরে পাওয়া-।

উপশমকারী, উপশমক [দ্র ৮৮]। উপশমনীয়; অমায়িক [দ্র ৮৮]।

স্বাস্থ্যকর, স্বাস্থ্যদায়ক, স্বাস্থ্যপ্রদ, স্বাস্থ্যপ্রদায়ক, বলকারক, বলবর্ধক, পুষ্টিকর [দ্র ৭৬]।

৮৩ স্বাচ্ছন্দ্য

বি· স্বাচ্ছন্দ্য, স্বচ্ছন্দতা, স্বস্তি, সোয়াস্তি, স্ফূর্তি; অক্লান্তি, ক্লান্তিহীনতা, ক্লেশহীনতা, অক্লিষ্টতা, অকষ্ট, অকাতরতা, অশ্রান্তি, অশ্রম, শ্রমাভাব, ক্লেশাভাব।

নির্ব্যথন, নির্বেদন।

আরাম, আয়েশ; বিশ্রাম [১৪৪]; সুখ। সুখানুভব, সুখানুভূতি; সুখাসন।

দম নেওয়া-, জিরিয়ে নেওয়া-, জিরানো-; গা জুড়ানো-।

আরামপ্রিয়তা; শ্রমবিমুখতা [দ্র ৩৪৬]।

বিণ· স্বচ্ছন্দ, স্বস্থ; অকাতর, ক্লান্তিহীন [দ্র ৮২]।

বেদনাহীন, ব্যথাহীন, অখিদ্য, অখিন্ন; গতব্যথ; অগ্লানি।

আরামপ্রিয়, আয়েশি।

আরামদায়ক, আরামপ্রদ, সুখকর, সুখপ্রদ, সুভগ। সুখাসীন।

৮৪ অসুস্থতা

বি· অসুস্থতা, অস্বাস্থ্য; রোগ, ব্যাধি, ব্যারাম, অসুখ, পীড়া, ব্যামো, আময়, আর্তি, ভোগ, রোগভোগ(ক), অসুখবিসুখ, আধিব্যাধি, রোগবালাই, অস্বস্থতা। বেমার, বেমারি, বিমার, বিমারি, গদ, অর্তি, বিবন্ধ, অংহতি।

মহাব্যাধি, মহাব্যামো, মহারোগ।

স্বাস্থ্যক্ষয়, স্বাস্থ্যহানি, স্বাস্থ্যভঙ্গ, স্বাস্থ্যনাশ, শরীর ভাঙা-, শরীর ভেঙে পড়া-।

রুগ্ণদশা, রোগজীর্ণতা, রোগগ্রস্ততা; রোগযন্ত্রণা; রোগকষ্ট, রোগক্লেশ, ব্যাধিযন্ত্রণা, রোগযাতনা।

রোগাক্রমণ, অসুখে পড়া-, রোগে পড়া-, রোগে ধরা-, বিছানায় পড়া-, ভোগা-, অসুখে ভোগা-, ভোগান্তি।

অঙ্গগ্লানি, অঙ্গগ্রহ [৮৫]।

রোগলক্ষণ, উপসর্গ, রোগচিহ্ন, সিম্পটম।

রোগজীবাণু, জীবাণু [৫৯], অণুজীব; উদ্ভিজ্জাণু, উদ্ভিদণু। ভাইরাস; বীজাণু, ব্যাক্টেরিয়া।

ছোঁয়াচেরোগ, সংক্রামকরোগ।

ছোঁয়াচ, স্পর্শ, স্পর্শাক্রমণ, সংক্রমণ, রোগসংক্রমণ।

পুরনোরোগ; বংশগতরোগ, বংশরোগ, বংশের রোগ, বংশানুক্রমিক ব্যাধি, পুরুষানুক্রমিক ব্যাধি।

রোগশয্যা, রোগীর বিছানা।

মহামারী, মারী, মড়ক, মারীভয়, এপিডেমিক।

জনহানি, জনক্ষয়, লোকক্ষয়; দেশ উজাড় হয়ে যাওয়া-।

বিণ· অসুস্থ, পীড়িত, রোগাক্রান্ত, রোগগ্রস্ত, রোগার্ত, রোগক্লিষ্ট, রোগজীর্ণ, ব্যাধিগ্রস্ত, রোগদুর্বল; রোগশীর্ণ, আতুর, আর্ত; রোগী, রুগি, ব্যাধিত; রোগকাতর, রোগ্না, রোগাত্তে, রোগ্য, রুগ্ণ। অকল্য, অতিক, অবরুগ্ণ; বেতর।

শয্যাগত, শয্যাশায়ী; উত্থানশক্তিরহিত, উত্থানশূন্য, উত্থানহীন, ওঠার ক্ষমতা নেই।

স্বাস্থ্যহীন, ভগ্নস্বাস্থ্য, নষ্টস্বাস্থ্য, হৃতস্বাস্থ্য, অস্বস্থ।

অস্বাস্থ্যকর, স্বাস্থহানিকর।

ছোঁয়াচে, সংক্রামক। দুরারোগ্য [দ্র ৮৯]।

৮৫ যন্ত্রণা

বি· ব্যথা, বেদনা, যন্ত্রণা, যাতনা, দরদ, তাড়স, টাড়স, লাগা-; কষ্ট, ক্লেশ, ক্লিষ্টতা, কৃচ্ছ্র, পরিক্লেশ, পরিবেদনা; টাটানি, টনটনানি, কামড়ানি, কামড়ানো-, কামড়ি, শূল, শূলানি, গাত্রশূল, কনকনানি, কনকনানো-, কনকন(ক); জ্বলা-, জ্বলুনি, জ্বলন, জ্বালা(ক), পোড়ানি, জ্বালাপোড়া(ক),

জ্বালাপোড়ানি, প্রদাহ, সংদাহ, দাহ, দহন, পুড়ন ; খিলধরা-, খিঁচুনি, খিঁচ(ধরা-) ; ফিকব্যথা, টাঁশলাগা- ; খালিধরা।

আমলানো-।

খচখচ(ক), খচখচানি ; কটকট(ক), কটকটানি ; দপদপানি ; কুটকুট(ক), কুটকুটি ; জর্জর, জরজর ; মোচড়(দে), মোচড়ানো-।

অঙ্গগ্রহ, অঙ্গগ্লানি।

ঘা(লাগা-), আঘাত(লাগা-), চোট(লাগা-) ; কাটা-, কেটে যাওয়া-, ছড়া-, ছড়ে যাওয়া-, আঁচড়(লাগা-) ; ক্ষত, ক্ষতস্থান।

ভাঙা, ফ্র্যাকচার, কমপাউন্ড ফ্র্যাকচার। মচকানো-, মচকে যাওয়া-, মচকানি।

পোড়া-, পুড়ে যাওয়া-, ছ্যাঁকা লাগা- ; পোড়া ঘা, দগ্ধক্ষত ; ফোসকা।

ক্লান্তি, শ্রান্তি, পরিশ্রান্তি, হাঁপানো-, হাঁপ(ধরা-), হাঁপিয়ে পড়া-, দম না থাকা-, থকে যাওয়া-, বেদম হওয়া- ; অবসন্নতা, অবসাদ, থকা-, ক্লিষ্টতা, সাদ, বৈক্লব্য, শ্রান্তিবোধ(ক), ক্লম, ঝিমিয়ে পড়া-, কাহিলভাব, দুর্বলতা, দৌর্বল্য, কাতরতা, ঝিমনো-, টসকানো-, ধুঁক, নেতিয়ে পড়া-।

ঝিমঝিম(ক), ঝিনঝিন(ক) ; মাথা ঝিমঝিম ; গা ঝিমঝিম।

ম্যাজম্যাজ(ক), গা ম্যাজম্যাজ(ক)। গা ঘোরা-, গা গুলনো-, গা ঢিসঢিস(ক)।

অস্বস্তি, অস্থিরতা, অসোয়াস্তি, অস্বাচ্ছন্দ্য, বৈক্লব্য, বৈকল্য, অভিভূতি, অভিভূততা। আনচান(ক), অস্থির অস্থির(ক) ; ছটফটানি, ছটফট(ক), ছটফটানো-, কাতরতা, কাতর্য, কাতরানো-, কাতরানি। আইঢাই(ক) ; দমসম।

গোঙানি, গোঙানো-, কোঁকানি, কোঁকানো- ; উচাটন, উচাট ; হাঁসফাঁস(ক), হাঁকুপাকু(ক), আঁকুপাকু(ক), হাঁকপাক(ক)।

কাঁপা-, কম্পন, কাঁপুনি, শিহরন, কম্প।

খাবি, খাবি খাওয়া-। তড়কা, কনভালসন, অঙ্গবিক্ষেপ, খিঁচুনি।

বিষম(লাগা-), গলায় লাগা-। বুক ঢিপঢিপ করা-, হৃৎকম্প উপস্থিত হওয়া- ; দাঁতকপাটি, দাঁতে দাঁত লাগা- ; চোখ উলটে যাওয়া- ; জিব বেরিয়ে আসা- ; গ্যাঁজলা বেরনো- ; ভিরমি লাগা-।

বিণ· ব্যথাতুর, বেদনাতুর, ব্যথিত, বেদনার্ত, বেদনাগ্রস্ত, ব্যথাকাতর, বেদনাক্লিষ্ট, যন্ত্রণাকাতর, যন্ত্রণাক্লিষ্ট, যন্ত্রণাতুর, আর্ত, আতুর, ক্লিষ্ট, পরিক্লিষ্ট, জর্জরিত, প্রাপ্তক্লেশ, ক্লিশিত, ক্লেশিত।

আঘাতপ্রাপ্ত ; ক্ষতবিক্ষত।

দগ্ধ, অগ্নিদগ্ধ, আগুনে পোড়া-।

বেদনাদায়ক, যন্ত্রণাদায়ক, পীড়াদায়ক, কষ্টকর, কষ্টদায়ক, জ্বালাকর, অস্বস্তিকর, কাষ্টকি।

ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত, অবসন্ন, অবসাদগ্রস্ত, আক্রান্ত, নির্দম, অবসাদিত, কাহিল, কাতর, ক্লিষ্ট, বেদম, ম্রিয়মাণ। ক্লিশ্যমান।

অস্থির, অস্বচ্ছন্দ, উচাটন।

অবসাদক।

অসহ, দুঃসহ, অসহনীয়, অসহ্য, দুর্বিষহ ; প্রাণান্তকর। কণ্টকশয্যা।

৮৬ পাগলামি

বি· পাগলামি(ক), পাগলামো, বাতুলতা, মস্তিষ্কবিকৃতি, মস্তিষ্কবিকার, মনোবিকার, মনোবিকলন, মনোব্যাধি, মানসিক ব্যাধি, মনের রোগ, মানসিক ভারসাম্যহীনতা, অপ্রকৃতিস্থতা ; পাগলপনা, পাগলাই ; বায়ুরোগ, খ্যাপ, আধি, মতিচ্ছন্নতা, মতিভ্রংশ(হ), মতিবিভ্রংস, বাতিক, ছিট, বিকার ; খেয়াল, মনোলৌল্য ; হিতাহিতজ্ঞানলোপ, উন্মত্ততা, ক্ষিপ্ততা, উন্মাদন, খ্যাপামি, ক্ষিপ্তাবস্থা।

ভীমরতি(ধরা-)।

মানসিক চিকিৎসা, সাইকিয়াট্রিক ট্রিটমেন্ট।

পাগলাগারদ, মানসিক চিকিৎসালয়, উন্মাদাগার, উন্মাদ আশ্রম, পাগলখানা, মেন্টাল অ্যাসাইলাম, লুনাটিক অ্যাসাইলাম।

বিণ·/বি· পাগল, পাগলা, খ্যাপা, বাতুল, বাউরা, বাওরা, উন্মাদ, অস্বাভাবিক, অপ্রকৃতিস্থ, বিকারগ্রস্ত, বিকৃতমস্তিষ্ক, মাথাখারাপ, মার্থাপাগল, মাথাপাগলা, মতিচ্ছন্ন, বায়ুরোগগ্রস্ত, চন্দ্রাহত, বাতিকগ্রস্ত, ছিটিয়াল, খ্যাপাটে, পাগলাটে, ন্যালাখ্যাপা, পাগলপারা, পাগলছাগল, বাইগ্রস্ত, উন্মত্ত, ক্ষিপ্ত, উন্মদ, উন্মাদিত, মত্ত, প্রমত্ত, বদ্ধউন্মাদ, বদ্ধপাগল, উদমোদা, প্রমদ, প্রমদ্বর, পূর্ণউন্মাদ ; মনোরোগী, মানসিক রোগী, মানসিক ব্যাধিগ্রস্ত, মানসিক ভারসাম্যহীন, বায়ুগ্রস্ত, দেওয়ানা, দিওয়ানা।

আধাপাগলা, আধপাগলা, আড়পাগল। পাগলি, পাগলিনি।

হন্যা, হন্যে।

বিণ· উন্মাদক, উন্মাদী, মত্ততাকারক, পাগলকরা।

[বিপ·] প্রকৃতিস্থ।

৮৭ রোগের নাম

৮৭·১ পেটের অসুখ, পেটখারাপ(হ), উদরভঙ্গ, উদরাময়, অতিসার, প্রবাহিকা, গ্রহণি, ডিসেন্ট্রি, ডায়রিয়া। পেটফাঁপা-, উদরাধ্মান।

বিণ· পেটরোগা।

৮৭·২ আমাশা, আমাশয়, আম, আমস্থলী, আমাতিসার, আমরক্ত, রক্তামাশা, রক্তাতিসার, রক্ত আমাশয়।

৮৭·৩ কলেরা, ওলাওঠা, বিসূচিকা, দাস্তবমি, ভেদবমি, ভেদবমন, নামাওঠা, ওলান, অধঃক্ষেপণ, পেটনামান ; আন্ত্রিক রোগ, গ্যাসট্রো এনট্রাইটিস।

৮৭·৪ পিত্তবিকার, পিত্তের দোষ, পিত্তাতিসার, পিত্তরক্ত।

৮৭·৫ উদরী, উদরস্ফীতিরোগ, শোথ, ফুলারোগ, ফোলারোগ, ড্রপসি ; বেরিবেরি।

৮৭·৬ অম্বল, অম্বলের ব্যারাম, অম্লপিত্ত, অম্লাধিক্য, অম্লশূল, অ্যাসিডিটি ; অম্লোদ্গার, চোঁয়াঢেকুর।

৮৭·৭ অগ্নিমান্দ্য, ক্ষুধামান্দ্য, মন্দাগ্নি, মন্দানল, অরুচি, পেটমরা- ; অজীর্ণ, অজীর্ণতা, অপাক, বদহজম, অপরিপাক,

অবিপাক, হজমের গোলমাল, নাড়ীমরা, পেটগরম, ডিসপেপসিয়া।
৮৭·৮ পিলেরোগ, প্লীহারোগ।
৮৭·৯ জন্ডিস, পাণ্ডুরোগ, পাণ্ডুক, কামলা, কাঙল, কাঁওলা, হলীমক, ন্যাবা।
৮৭·১০ আলসার, অন্ত্রক্ষত, আন্ত্রিকক্ষত; গ্যাসট্রিক, আলসার; ডুয়োডুনাম আলসার।
৮৭·১১ পাথুরি, পাথুরিয়ারোগ, অশ্মরী; পিত্তপাথুরি, পিত্তশিলা, গলস্টোন।
৮৭·১২ জ্বর, গা-গরম(হ), জ্বরি, জ্বরজারি, জ্বরজালা। পালাজ্বর, ম্যালেরিয়া। কম্পজ্বর, কম্পদিয়ে জ্বর আসা-। সর্দিগর্মি, হিটস্ট্রোক, হিটফিভার। পীতজ্বর। কালাজ্বর। ইনফ্লুয়েঞ্জা, ফ্লু। ডেঙ্গু।
বিণ· জ্বরগ্রস্ত, জ্বরাক্রান্ত, জ্বরিত, জ্বোরো।
ক্রি-বিণ· জ্বরগায়ে, গায়ে জ্বর নিয়ে।
৮৭·১৩ টাইফয়েড, আন্ত্রিকজ্বর, সান্নিপাতিক জ্বর; এন্টেরিক ফিভার, জ্বরাতিসার
৮৭·১৪ বিকলাই, একজ্বরি।
৮৭·১৫ প্লেগ।
৮৭·১৬ যক্ষ্মা, ক্ষয়রোগ, টিউবারকিউলোসিস, টিবি, থাইসিস, রাজরোগ, বুকের দোষ, কাশরোগ, ক্ষয়কাশ, বলাশ।
৮৭·১৭ প্লুরিসি, ঝিল্লিপ্রদাহ।
৮৭·১৮ কর্কটরোগ, ক্যানসার; ম্যালিগন্যান্সি, ম্যালিগনান্ট।
৮৭·১৯ বসন্ত, মায়ের দয়া, মসূরি, মসূরিকা, মারীগুটিকা, ইচ্ছাবসন্ত, গুটিরোগ, পক্স, স্মল পক্স; জলবসন্ত, পানিবসন্ত, চিকেনপক্স।
৮৭·২০ চর্মরোগ, ত্বগদোষ।
৮৭·২১ ফুসকুড়ি, গোটা, গুটি; ফোসকা, ফুরকনা; পিড়ক, বিদ্রধিকা, বিদ্রধি; ব্রণ, বয়সফোঁড়া; যৌবনকণ্টক। জ্বরঠুটো, দাহজ্বর। ঘামাচি।
৮৭·২২ ফোঁড়া, স্ফোটক, স্ফোট, পোটিক; বাগি; বিষফোঁড়া, বিস্ফোটক; স্ফোট, লোমফোঁড়া; কাঁকবেড়ালি, কক্ষস্ফোটক।
৮৭·২৩ পাঁচড়া, ঘা, খোস, খুজলি, খোসপাঁচড়া, পাঁকুই, বিচর্চিকা, পামা, পাম।
বিণ· ঘেয়ো, খোসো।
৮৭·২৪ চুলকানি, কণ্ডু, কণ্ডূয়ন, কণ্ডূতি, সৃকণ্ডু, কণ্ডূল।
৮৭·২৫ দাদ, দদ্রু।
৮৭·২৬ হাজা, পাঁকুই।
৮৭·২৭ একজিমা; বিথায়ুজ, বিসর্প, অগ্নিবিসর্প; হারপিস।
৮৭·২৮ নালিঘা, কাউর; সেপটিক; বিষাক্ত ক্ষত; ক্ষত, ঘা; পূজ, পূয, পূয়, দূষিতরক্ত, পূজরক্ত; কলতানি।
৮৭·২৯ বরণ্ড, ইরিসিপ্লাস।
৮৭·৩০ আঙুলহাড়া।
৮৭·৩১ শয্যাকণ্টক, শয্যাকণ্টকী, বেডসোর।
৮৭·৩২ হাম, হামজ্বর, মিলমিলে, মিনমিনা, মিজল্স।
৮৭·৩৩ আঁচিল, উপমাংস, আঁকচিল, চর্মকীল।
৮৭·৩৪ আব, টিউমার, অধিমাংস, অর্বুদ, অগ্রমাংস; গোঁড়, গোণ্ড, গেঁজ।
৮৭·৩৫ আমবাত।
৮৭·৩৬ ছুলি; মেচেতা।
৮৭·৩৭ যৌনরোগ, যৌনব্যাধি, ভেনারাল ডিজিজ, ভিডি; সিফিলিস, উপদংশ, বাগি, ফেরঙ্গ রোগ, গরমি; গনোরিয়া, প্রমেহ; এইডস।
৮৭·৩৮ একশিরা, মুষ্কবৃদ্ধি, হাইড্রসিল, কোরণ্ড, কুরণ্ড, কোরন্দ, কোরল, কোষবৃদ্ধি।
৮৭·৩৯ অর্শ, পাইলস; ভগন্দর, ফিসচুলা।
৮৭·৪০ হার্নিয়া।
৮৭·৪১ ঘ্যাগ, গলগণ্ড, গলগ্রন্থি, কাকল, কাকলক।
৮৭·৪২ সর্দি, শ্লেষ্মা, ঠাণ্ডালাগা-, শৈত্য।
কাশি, কাশ, কাশা-; কাঠকাশি, ঘুংরিকাশি; হুপিংকাশি, হুপোকাশি; উৎকাশ; শ্বাসকাশ। সর্দিকাশি। কাশির শব্দ; খক, খকখক(ক), ঘং ঘং।
স্বরভঙ্গ, গলাবসা-।
৮৭·৪৩ হাঁপানি, অ্যাজমা, হাঁপের রোগ, টান, শ্বাসকষ্ট, হাঁপটান, শোষানি, শোষ, শোষটান, কণ্ঠশ্বাস।
বিণ· হেঁপো।
৮৭·৪৪ কফ, সর্দি, শ্লেষ্মা, শিকনি, গয়ার, গয়ের, পোঁটা, নাকের পোঁটা।
ব্রঙ্কাইটিস, কফজমা, বুকে কফ জমা, শিঙ্ঘাণ। নিউমোনিয়া, ফুসফুসের প্রদাহ।
ত্রিদোষ [বাত; পিত্ত; কফ]।
বিণ· শ্লৈষ্মিক; শ্লেষ্মাবাহী।
৮৭·৪৫ মৃগী, অপস্মার, ফিটের ব্যারাম, মূর্ছা রোগ, হিস্টিরিয়া।
৮৭·৪৬ পক্ষাঘাত, অঙ্গ অবশ, প্যারালিসিস। পোলিও।
ঝিঁঝি ধরা-, ঝিনঝিনি, ঝিনঝিন।
৮৭·৪৭ কুষ্ঠ, কুঠ, ধসা, গলিত কুষ্ঠ, লেপ্রসি। কুষ্ঠাশ্রম।
বিণ· কুষ্ঠী, কুঠিয়া, কুষ্ঠরোগী, কুঠে, পিণ্ডরোগী।
৮৭·৪৮ বমি(ক), বমন(ক), উদ্বমন, উছড়ন, উদ্গিরণ(ক), উগরানো-, ওগরানো-, উগলানো-, ওগলানো-, সমুদ্গিরণ, সমুদ্গৃতি, উলটি, নেকার, ন্যক্কার; শুষ্কবমন, কাঠনেকার, কাঠবমি; রক্তবমি, রক্তপিত্ত।
বমিবমিভাব, বমনোদ্বেগ; গা গুলনো-, গা বমি বমি করা-, বমনেচ্ছা, বিবমিষা।
বিণ· বমিত, বান্ত, উদ্গীর্ণ, উদ্গীরিত, উদ্বান্ত, উদ্ধান্ত। বমনীয়, বমনযোগ্য।
বিবমিষু।
৮৭·৪৯ ঢেকুর(তোলা-), উদ্গার, উদ্গিরণ; অম্লোদ্গার; চোঁয়া ঢেকুর।
হেঁচকি, হিক্কা, ক্ষুদ্রিকা, হল্লাস, উকি।
৮৭·৫০ বাত, বাতরক্ত; গেঁটেবাত, অনিলাময়, গ্রন্থিপ্রদাহ, গাউট; সায়টিকা; সন্ধিবাত; পেশিবাত; আর্থারাইটিস; কটিবাত, লাম্বাগো, কটিশূল, কোমরের ব্যথা, বাতিকশূল; স্নায়ুশূল, নিউরালজিয়া। যন্ত্রণা [দ্র ৮৫]।
বিণ· বেতো, বাতকী, বাতরোগী, বাতগ্রস্ত, বাতরোগগ্রস্ত।

৮৭·৫১ গোদ, ফাইলেরিয়া, শ্লীপদ, শিলীপদ।
৮৭·৫২ চক্ষুরোগ, নেত্ররোগ, চোখখারাপ(হ); আঞ্জনি, আঁজনাই, অঞ্জনিকা, আঞ্জিনেয়, জেটি; নীলিকা; গ্লকুমা; ছানি (পড়া-)। চোখ ওঠা-, কনজাংটিভাইটিস।
৮৭·৫৩ কুনখ, কুনি, নখকুনি, নখকোনি, নখক্ষত, নখব্রণ, নখঘাত, নখশূল।
৮৭·৫৪ স্মৃতিভ্রংশ, অপস্মার, স্মৃতিবিভ্রম।
৮৭·৫৫ স্ত্রীরোগ; প্রদর, রক্তপ্রদর; ঋতুরোগ; বাধক; শ্বেতপ্রদর; সূতিকা; ঠুনকো।
৮৭·৫৬ শিরঃপীড়া, মাথাধরা, মাথাব্যথা; আধকপালি, আদকপালি।
৮৭·৫৭ রক্তাল্পতা, রক্তহীনতা, নীরক্ত, রক্তস্বল্পতা, অ্যানিমিয়া। রক্তহীন।
৮৭·৫৮ কোষ্ঠকাঠিন্য, কোষ্টবদ্ধতা, কনস্টিপেশন, মলবদ্ধতা, মলরোধ, কবজ, আনাহ, পেটআঁটা-।
৮৭·৫৯ মূত্রদোষ, বহুমূত্র [৭৮], মেহ, মূত্রমেহ, প্রমেহ, মূত্রাধিক্যরোগ; মধুমেহ, ডায়াবিটিস।
৮৭·৬০ মূত্রকৃচ্ছ্র, মূত্রনিরোধ, মূত্রবন্ধ; বালীশ, পাথুরি, মূত্রাঘাত; প্রস্টেটের অসুখ।
৮৭·৬১ ডিপথিরিয়া।
৮৭·৬২ মেনিনজাইটিস।
৮৭·৬৩ দন্তশূল; দাঁতব্যথা; দাঁতের পোকা, কেরিস, দন্তবেষ্ট, দাঁতে পোকা; দন্তরোগ, দন্তক্ষয়।
৮৭·৬৪ কানপাকা, পূতিকর্ণ, কর্ণপাক, কর্ণকণ্ড; কানচুলকানি; কর্ণকৃমি; কর্ণশূল; কান কটকট(ক); কান ভোঁ ভোঁ(ক); কান ঝাঁঝাঁ(ক)।
৮৭·৬৫ রিকেটস, পুঁয়ে পাওয়া-।
৮৭·৬৬ ধনুষ্টংকার, টিটেনাস।
৮৭·৬৭ জলাতঙ্ক, হাইড্রফোবিয়া; র‍্যাবি।
৮৭·৬৮ এনকেফেলাইটিস।
৮৭·৬৯ শকুনিগ্রহ, তড়কা, কনভালসন।
৮৭·৭০ হৃদরোগ; করোনারি থ্রম্বসিস; কারডিয়াক অ্যারেস্ট; হার্টব্লক; ইস্কিমিয়া; সন্ন্যাস রোগ।
৮৭·৭১ খুশকি, বৃসী, মরামাস।
৮৭·৭২ শিশুরোগ; বালসানো; তড়কা।
৮৭·৭৩ যৌনদুর্বলতা, অক্ষমতা, পুরুষত্বহীনতা; ধ্বজভঙ্গ।
৮৭·৭৪ শ্বেতী, শ্বেতকুষ্ঠ, ধবল, ধবলপাথর, শ্বেত, শ্বিত্র।
৮৭·৭৫ কলিক পেইন, কলিক; রেনাল কলিক।

৮৮ চিকিৎসা

বি· চিকিৎসা(ক), রোগসারানো-, রোগনাশ(ক), রোগনিবৃত্তি; রোগনাশন, আরোগ্য করা-, আরোগ্যসাধন(ক), রোগ প্রতিষেধ, নিরাময়, রোগ প্রতিকার(ক), রোগমুক্তি, আরোগ্য (লাভ ক), আরাম হওয়া-, ভালো হওয়া-, চিকিচ্ছে, ইলাজ(ক), উপশম [দ্র ৮২]।

সেবা(ক), শুশ্রূষা(ক), সেবিত্ব, সেবিতা, নার্সিং, পরিচর্যা(ক), পরিচারণ, নিষেবণ, শুশ্রূষণ, পরিষেবা, উপচর্যা(ক), সেবন; সেবাকর্ম, সেবাকার্য, পরিচরণ; সেবাধর্ম, সেবাব্রত; সেবাযত্ন(ক), দেখভাল(ক); আর্তসেবা।

আরোগ্যস্নান। আরোগ্যকামনা(ক)।

চিকিৎসাবিজ্ঞান, চিকিৎসাশাস্ত্র, চিকিৎসাবিদ্যা, ডাক্তারি, মেডিক্যাল সায়েন্স; শারীরবিজ্ঞান, দেহবিজ্ঞান।

অ্যালোপ্যাথি; হোমিওপ্যাথি, সদৃশবিধান; কবিরাজি; বায়োকেমিক; আয়ুর্বেদ, বৈদ্যক, বৈদ্যশাস্ত্র; হাকিমি, উনানি; চাঁদসি; টোটকা, মুষ্টিযোগ; দৈবচিকিৎসা; জলপড়া; তেলপড়া; ঝাড়া-, ঝাড়ফুঁক, ছুমন্তর; তুকতাক; স্বপ্নাদ্য চিকিৎসা।

শল্যচিকিৎসা, অস্ত্রচিকিৎসা; শালাক্যতন্ত্র, শল্যতন্ত্র, শল্যবিদ্যা। সার্জারি; অস্ত্রোপচার(ক), অস্ত্রকরা-, অপারেশন(ক); ইঞ্জেকশন(দে), সুঁই(দে); সিরিঞ্জ। সুচিচিকিৎসা, আকুপাংচার। অপারেশন থিয়েটার, ও টি; অবেদন(ক), স্পর্শহানি, সুপ্তবাত, অ্যানাস্থাসিয়া, অজ্ঞান করা-।

শারীরবৃত্ত, শারীরবৃত্তি, দেহবিজ্ঞান, অঙ্গসংস্থান, ফিজিওলজি; শারীরস্থান, অ্যানাটমি; স্ত্রীরোগবিজ্ঞান, গাইনোকলজি, ধাত্রীবিদ্যা, প্রসূতিতন্ত্র; শিশুস্বাস্থ্যবিজ্ঞান, কৌমারভৃত্য, কৌমারভৃত্যতন্ত্র।

চিকিৎসালয়, হাসপাতাল, চিকিৎসাগার, আরোগ্যনিকেতন [১৮৯], আরোগ্যশালা, বৈদ্যশালা, রুগ্ণাবাস, আতুরনিবাস, আতুরাশ্রম; স্বাস্থ্যকেন্দ্র, হেলথসেন্টার; ক্লিনিক, পলিক্লিনিক; নার্সিংহোম; ডাক্তারখানা, ঔষধালয়, দাওয়াখানা, ফার্মাসি, ডিসপেনসারি, কেমিস্টস শপ; স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়, স্যানাটোরিয়াম; দাতব্য চিকিৎসালয়, চ্যারিটেবল ডিসপেনসারি।

সূতিকাগার, প্রসবগৃহ, প্রসূতিসদন, মাতৃসদন, মেটারনিটি হোম; লেবাররুম [দ্র ৫৬]।

ওষুধ, ঔষধ, ঔষধি, দাওয়াই, দাওয়া, ওষদ, ব্যাধিনাশক, রোগঘ্ন, রোগহা, রোগহ, ভৈষজ্য, ভেষজ, ভৈষজ, মেডিসিন, ড্রাগ; প্রতিষেধক, নিবারক; মহৌষধ; অগদ, বিষঘ্ন, বিষান্তক, গরলনাশক; দাহঘ্ন; অ্যান্টিবায়োটিক [পেনিসিলিন; স্ট্রেপটোমাইসিন; টেরামাইসিন]; বড়ি, বটিকা, বটী, গুলি, ট্যাবলেট, পিল; ক্যাপসুল; সালসা, টনিক; অরিষ্ট; পাচন, পাঁচন; মিক্সচার; মলম, প্রলেপ, প্রদেহ, পালো, মালিশ, মালাই; পুলটিস, উপনাহ, কবলিকা, অয়েন্টমেন্ট, পেস্ট; তোকমারি। সেক, গরমসেক। জড়িবুটি; মাদুলি, কবচ, তাবিজ; টোটকা।

পুরিয়া; মাত্রা, ডোজ, দাগ; অনুপান, অবলেহ; ভেষজাঙ্গ; খল, খল্ল; নুড়ি।

ব্যান্ডেজ, পটি, পট্টি, ফেট্টি, ফেটি; প্লাস্টার। গজ। টিকা, টিকে; সিরাম; অ্যান্টিবডি; টক্সোইড।

রোগনির্ণয়(ক), রোগধরা-, ডায়াগ্‌নসিস। পরীক্ষা, প্যাথলজিকাল টেস্ট; রক্তপরীক্ষা; মল/মূত্র/থুতু পরীক্ষা। এক্সরে, স্কিয়াগ্রাম, ছবি। ইসিজি, ইলেকট্রোকারডিওগ্রাম। স্ক্যানার, বডিস্ক্যানার।

মেটিরিয়া মেডিকা। চরকসংহিতা। সুশ্রুতসংহিতা।
ভিজিট, ফি।
বিণ·/বি· ডাক্তার, চিকিৎসক, চিকিৎসাবিদ, চিকিৎসাবিজ্ঞানী, চিকিৎসাকারী, ভিষক; বৈদ্য, কবিরাজ; আরোগ্যকারী; হাকিম; ওঝা, গুণিন। অগদঙ্কার।
শল্যচিকিৎসক, শল্যবিদ, সার্জন।
গৃহচিকিৎসক, ফ্যামিলি ফিজিশিয়ান।
কম্পাউন্ডার, ফার্মাসিস্ট; ঔষধাজীব, ঔষধব্যবসায়ী।
নার্স, সেবিকা, সিসটার, পরিষেবিকা; সেবী, সেবাকারী, সেবক, পরিষেবক, সেবাভৃৎ, শুশ্রূষাকারিণী, শুশ্রূষাকারী।
দাই, ধাই, ধাত্রী [দ্র ৫৬]। ধাত্রেয়ী।
বিণ· চিকিৎসিত, সেবিত, উপচরিত, উপশাসিত, উপশান্ত। চিকিৎসনীয়, চিকিৎস্য। চিকিৎসাধীন।
আরোগ্যকর, উপশমক, আরোগ্যজনক, আরোগ্যপ্রদ, গুণকারক।
ঔষধীয়, ঔষধঘটিত।
[**পৌরা·**] সুশ্রুত; জীবক; চরক।
স্বর্বৈদ্য, স্বর্গবৈদ্য, দেবচিকিৎসক, দেববৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়; ধন্বন্তরি। বিশল্যকরণী।

৮৯ অচিকিৎসা

বি· অচিকিৎসা, বিনা চিকিৎসা; কুচিকিৎসা, ভুল চিকিৎসা।
চিকিৎসাবিভ্রাট, চিকিৎসাসংকট; বৈদ্যসংকট।
বিণ· অচিকিৎসিত। অচিকিৎসনীয়, অচিকিৎস্য, দুরারোগ্য, দুশ্চিকিৎস্য, অনারোগ্য, আরোগ্যাতীত; ডাক্তারের অসাধ্য; শিবের অসাধ্য।
বিণ·/বি· হাতুড়ে, কুবৈদ্য, কুচিকিৎসক; নাড়ীটেপা ডাক্তার। কোয়াক।

৯০ ব্যায়াম

বি· ব্যায়াম(ক), অঙ্গচালনা(ক), অঙ্গচালন, অঙ্গসঞ্চালন, কস্ত; অঙ্গমর্দন(ক), অঙ্গসংবাহন(ক), অভ্যঙ্গ, অভ্যঞ্জন, আভাং, সংবাহ, সংবাহন, দলাইমলাই(ক), গা টেপা-, গা ডলা-, ম্যাসাজ(ক), মর্দন, মালিশ, মলাই। শরীরচর্চা [৬২], দেহচর্চা, খুরলি।
মাথা টেপা-; পা টেপা-।
যোগব্যায়াম, যোগ, যোগাসন, আসন, যোগাভ্যাস(ক)।
পদ্মাসন; বীরাসন; উত্থিত পদ্মাসন; বকাসন; কুক্কুটাসন; সিদ্ধাসন; পর্বতাসন; গোমুখাসন; বজ্রাসন: যোগনিদ্রা; গরুড়াসন; শলভাসন; ধনুরাসন; চক্রাসন; বৃশ্চিকাসন; অর্ধচন্দ্রাসন; পদহস্তাসন; মৎস্যেন্দ্রাসন, পশ্চিমোত্তানাসন; হলাসন; কর্ণপিঠাসন; উত্থান পদ্মাসন; আকর্ণধনুরাসন; জানুশিরাসন; তোলাংগুলাসন; ব্যাঘ্রাসন; শীর্ষাসন; খঞ্জনাসন; অর্ধকূর্মাসন; উষ্ট্রাসন; মৎস্যাসন; শবাসন; ভুজঙ্গাসন; কূর্মাসন; পবনমুক্তাসন; ময়ূরাসন।
হাঁটা- [দ্র ২৯৯]; মর্নিংওয়াক [দ্র ২৯১]। দৌড়ানো- [দ্র ৩০০], জগিং। ড্রিল(ক)।
ব্যায়ামাগার আখড়া, আক্রীড়, আক্রীড়ভূমি, জিমনাশিয়াম, ব্যায়ামকেন্দ্র, খলূরিকা। ব্যায়ামশিক্ষক।
ডন, বুকডন, ওঠবোস(ক); বৈঠক।
রিং। বার, প্যারালাল বার। প্রেস, বেঞ্চপ্রেস। মুগুর, ডাম্বেল।
বিণ·/বি· ব্যায়ামবীর, ব্যায়ামবিদ। দেহী। ভারতশ্রী: বঙ্গশ্রী; বিশ্বশ্রী; মিঃ ইউনিভার্স। হারকিউলিস; স্যামসন; টারজান; স্যান্ডো; ভীমভবানী।
সংবাহক, অঙ্গসংবাহক, অঙ্গমর্দনকারী, অঙ্গমর্দক, অঙ্গমর্দী, অঙ্গমর্দ।
বিণ· মর্দিত, সংবাহিত।

৯১ শারীরিক প্রক্রিয়া

বি· আড়মোড়া(ভাঙা-), আড়ামোড়া, গা মোড়া(দে), আড়ভাঙা-, আড়াভাঙা-, জড়তা ভাঙা-, অঙ্গমোটন(ক), অঙ্গমোড়া-, গা ঝাড়া(দে) [৯৫]।
হাই(তোলা-), জৃম্ভণ [দ্র ৭৯]।
মুখব্যাদান(ক), হাঁ(ক)।
ঢোক গেলা-, ঢোকচাপা-, গলাধঃকরণ(ক) [৭০]।
হাঁচা-, হাঁচি, হাঁচন, ক্ষুৎ, হঞ্জি, হঞ্জিকা। নাকঝাড়া-।
কাশা-, কাশি [দ্র ৮৭·৪২]।
কোঁত(পাড়া-, দে), কোঁতানো-, কোঁথা-, কুঁথা-, কোঁথানো-, কোঁথানি, অবকুন্থন, কুন্থন।
চুলকানি, চুলকানো-, কণ্ডূয়ন, কুটকুট(ক), কুটকুটানি, খুজলানি, কণ্ডু [দ্র ৮৭·২৪]।
ঢেকুর(তোলা-) [দ্র ৮৭·৪৯]। হেঁচকি [দ্র ৮৭·৪৯]।
থুতুফেলা-, ষ্ঠীবন, নিষ্ঠীবন, থুৎকার।
ঘাম, ঘর্ম, স্বেদ, স্বেদজল, স্বেদাম্বু, স্বেদবারি, শ্রমজল, শ্রমবারি; ঘর্মাম্বু; ঘামা-, স্বেদস্রুতি, স্বেদস্রাব, স্বেদন; ঘামানো-।
বিণ· ঘর্মাক্ত, ঘেমো, ঘর্মাপ্লুত, স্বেদাক্ত, ঘর্মার্ত, স্বিন্ন, সস্বেদ, স্বেদাপ্লুত, ঘর্মসিক্ত।
ক্রি-বিণ· ঘর্মাক্তকলেবরে।
কাতুকুতু(দে)। সুড়সুড়ি(দে), শিরশির ভাব।
আঙুলমটকানো-, অঙ্গুলিমোটন, অঙ্গুলিস্ফোটন, অঙ্গুলিত্রোটন, পর্বাস্ফোট, পর্বাস্ফোটন।
আঁচড়ানো-, আঁচড়ানি।
[স্ত্রীলোকের] ঋতু, মাসিক, ঋতুস্রাব, রজঃ, স্ত্রীরজঃ, পুষ্প, আর্তব, স্ত্রীধর্ম, আদ্যঋতু।
রজোদর্শন। ঋতুকাল।
বিণ· ঋতুমতী, রজস্বলা, সরজাঃ, সরজস্কা, পুষ্পবতী, মলিনী।
[বিপ] ঋতুবন্ধ, রজোনিবৃত্তি। নিবৃত্তরজস্কা, গতার্তবা, বিগতার্তবা; অনার্তবা, অরজাঃ, অজাতরজস্কা, বিরজাঃ, নীরজাঃ, পুষ্পহীনা।

৯২ রতি

বি· সোহাগ(ক), আদর(ক), প্রেম [দ্র ৬০৪], আশ্লেষ, আলিঙ্গন [৬১০], পরিশ্লেষ, মিলন, আসত্তি, উপগৃহন, উপশ্লেষ, অত্যাধান, ক্রোড়ীকরণ; নৈকট্য, অন্বয়; বুকে টানা-, জড়াজড়ি(ক), অঙ্গসঙ্গ, পরিষঙ্গ; অঙ্গস্পর্শ(ক), তনুপরশ, কণ্ঠলগ্ন হওয়া-। পরিরম্ভ, পরিরম্ভণ।

চুম্বন(ক), চুমু(খা, দে), চুমো, চুম, অধরসুধাপান(ক), অধরচুম্বন, অধরমধুপান(ক), অধরামৃত পান(ক), মুখচুম্বন; চুমোচুমি, চুমকুড়ি।

ঢলাঢলি(ক), কামকলা, শৃঙ্গার, বিশ্রম্ভ, কামকেলি, কেলিকলা, কামকূট; লাস্য, লাস।

যৌনতা, কাম, প্রথমরিপু, ভোগেচ্ছা, আসঙ্গলিপ্সা, রিরংসা।

কামেচ্ছা, কামজ্বর, কামবাই, কামোদ্রেক, কামোন্মত্ততা, কামাগ্নি, কামানল, স্মরোদ্দীপনা।

পঞ্চশর, পঞ্চবাণ, কামবাণ, কামশর [সম্মোহন; উন্মাদন; শোষণ; তাপন; স্তম্ভন]।

আদিরস, শৃঙ্গাররস, রতিরস।

মৈথুন, রতি, রতিকর্ম, রতিক্রিয়া, রতিক্রীড়া, যৌনকর্ম, সংগম(ক), সুরত, সুরতি, যৌনসংগম, যৌনমিলন, গমন, দেহমিলন, ব্যবায়, দেহসম্ভোগ, রমণ, অভিগমন, সহবাস(ক), যৌনসম্ভোগ, সংসর্গ, স্ত্রীসংসর্গ, স্ত্রীসংগম, স্ত্রীগমন, আসঙ্গ,মিলন, নারীসম্ভোগ, নিধুবন, জম্ভন, গ্রামধর্ম।

অগম্যাগমন; পরনারীগমন, পারদার্য, পরস্ত্রীগমন; বেশ্যাগমন [দ্র ৬২৩]।

ধর্ষণ(ক), ধর্ষ, বলাৎকার, পাশবিক অত্যাচার(ক), অভিধর্ষণ, প্রসভ, প্রধর্ষণা।

ধর্মনাশ(ক), সতীত্বহানি(ক)।

দেহদান(ক), দেহার্পণ(ক)।

রমণক্ষমতা, রতিশক্তি। রমণক্ষমতাবৃদ্ধি, বাজীকরণ।

শীৎকার, শীৎকৃত, মণিত, স্তনন; চুচুকৃতি।

রতিবিদ্যা, রতিশাস্ত্র, কামশাস্ত্র, কামসূত্র, যৌনবিজ্ঞান, কামতন্ত্র।

সমকাম, সমকামিতা। ধর্ষকাম, ধর্ষকামিতা। পায়ুকাম, পায়ুকামিতা।

বিণ·/বি· কামুক, কামার্ত, কম্র, কামাতুর, কামাত্মা, কামপরবশ, রিরংসু, কামাসক্ত, রমণাভিলাষী, কামী, কামীন, কামবান, কামাত্মা, রতিকঙ্ক, অনুক, খেটী, ব্যবায়ী, অভিক। কামবিহ্বল, কামমোহিত, কামান্ধ। পারদারিক।

ধর্ষণশীল, ধৃষ্ণু।

সমকামী। ধর্ষকামী। পায়ুকামী।

বিণ· রমিত, কৃতরমণ, রতিপ্রাপ্ত।

যৌন।

কামোদ্দীপক, মদলেখা।

ধর্ষক, ধর্ষণকারী; ধর্ষিত; ধর্ষিতা, অভিধর্ষিতা।

ধৃষ্য, ধর্ষণীয়। গম্যা, অভিগম্যা। গণিকা [দ্র ৬২৩]।

[বিপ·] অগম্যা।

চুম্বিত; চুম্বনরত। আলিঙ্গিত, আশ্লিষ্ট, কণ্ঠলগ্না, কণ্ঠলগ্ন, কণ্ঠবন্ধ, কণ্ঠলীন, কণ্ঠবদ্ধ, আলিঙ্গনবদ্ধ, উপগূঢ়।

সোহাগিনী, আদরিণী, সোহাগী।

৯৩ শারীরিক অবস্থান

বি· অঙ্গস্থিতি, অঙ্গভঙ্গি [দ্র ৯৫], দেহভঙ্গি, দেহভঙ্গিমা, দৈহিক অবস্থান, শারীরিক অবস্থান।

৯৩·১ শয়ন(ক) [দ্র ৭৯], শোয়া-, শুয়ে পড়া-, লম্বা হওয়া-, উপশয়, লম্ববান হওয়া-, গা এলিয়ে দেওয়া-, এলানো, চিৎপাত হওয়া-, চিৎপটাং, শয্যা নেওয়া-।

চিত, উত্তান, চিতানো-। উপুড়, উবুড়, হামড়া, হামড়ি, হামড়ানো-, হুমড়ি। কুকুরকুণ্ডলী। কাত হওয়া-, পাশ ফেরা-, পার্শ্বপরিবর্তন(ক), অঙ্কপরিবর্তন(ক), পাশমোড়া-।

গড়ানো-, গড়াগড়ি(দে), গড়িয়ে নেওয়া-, গা ঢেলে দেওয়া-, গা ঢালা-, লুটানো-, লুটিয়ে পড়া-, বিলুণ্ঠন, অবলুণ্ঠন; আছাড় পিছাড়, আছাড়ি পিছাড়ি।

ভূমিশয্যা, ভূতলশয়ন, ধরাশয়ন, ভূশয্যা।

বিণ· শয্যাগত, শয্যাশায়ী, চিৎপাত, চিৎপটাং, শয়িত, শায়িত, অধিশায়িত, উত্তানশয়, উত্তানশায়ী, সংবিষ্ট, সটান, লম্বমান, অবলম্ব, নিষণ্ণ; বিলুণ্ঠিত।

বি· খাট, পালঙ্ক বিছানা [দ্র ১৯২]।

৯৩·২ বসা-, বসে থাকা-, উপবেশন(ক), উপবেশ; আসনগ্রহণ(ক); হাঁটু গেঁড়ে বসা-; উবু, উপু; বসে পড়া-, বসে থাকা; নতজানু, অধিজানু; আসনপিঁড়ি; বসানো-।

গুটিসুটি।

আসন, সিট, চেয়ার [দ্র ১৯২]।

বিণ· উপবিষ্ট, আসীন, সমাসীন, উপবেশিত, প্রত্যালীঢ়।

৯৩·৩ দাঁড়ানো-, খাড়া হওয়া-, দাঁড়িয়ে থাকা, পায়ে ভর দিয়ে থাকা-।

দণ্ডায়মান, খাড়া।

৯৩·৪ ঊর্ধ্ববাহু, উদ্বাহু, উত্তোলিত বাহু, হাততোলা-, দুই হাত আকাশে তোলা-।

৯৩·৫ অধোবদন, অধোমুখ, নতমুখ, মাথা হেঁট(ক), নতশির, আনত, আনতশির, অবাঙ্‌মুখ, অবনতমস্তক, নতমস্তক, ঝুঁকেপড়া-, নুয়েপড়া-।

আনত, নত, অবনত, হেঁট। ঝোঁকা-, ঝুঁকে থাকা।

ক্রি-বিণ· অধোবদনে, নতমুখে, নতশিরে, আনতশিরে, হেঁট হয়ে, নিচু হয়ে।

৯৩·৬ হেলান(দে), ঠেস(দে), পোস্তা, পুস্তা, পুস্তান, ঠেকনো(দে); ঝোঁকা-, ঝুঁকে থাকা-।

৯৪ প্রতিবন্ধী

বি· বিকলাঙ্গতা, অঙ্গবৈকল্য, শারীরিক খুঁত, অঙ্গবিকৃতি; অঙ্গহানি, অঙ্গহীনতা।

খঞ্জতা, খঞ্জত্ব, খাঞ্জ।

অন্ধতা, অন্ধত্ব, দৃষ্টিহীনতা [দ্র ১০১]।

কুঁজ, গড়ু; পৃষ্ঠগ্রন্থি।

তোতলামি(ক), তোতলানো-।

বিণ·/বি· প্রতিবন্ধী, বিকলাঙ্গ, হীনাঙ্গ, বিকলেন্দ্রিয়; নুলো, পঙ্গু, নুলা, পঙ্গুল, ঠুঁটো।

খুঁতযুক্ত, খুঁতো।

অঙ্গবিহীন, অঙ্গহীন।

খাঁদা, বোঁচা, বুঁচকি, অবটীট, বিনস, নাসিকাহীন।

গন্নাকাটা।

দন্তহীন, ফোকলা।

খোনা, নাকী, আনুনাসিক, নাকা।

হাতকাটা, ঠুঁটো, নুলো, ছিন্নহস্ত, হস্তহীন।

খোঁড়া, খঞ্জ, ল্যাংড়া, অপদ, পদহীন, নিষ্পদ; অচল, পঙ্গু; একপদ, একানড়ে।

কুব্জ, কুঁজা, কুঁজো; বক্রপৃষ্ঠ, কোঙা, ভুগ্ন, ভগ্নপৃষ্ঠ, কোলকুঁজো, গড়ুল।

বেঁটে, বামন, নাটা, বেঁড়ে, বামনবীর, ডোয়ার্ফ, গেঁড়ে, খর্বাকার, খর্বাকৃতি।

বধির [দ্র ১১৮]। বোবা [দ্র ১১৫]। তোতলা [১১৫]। অন্ধ [দ্র ১০১]।

৯৫ অঙ্গভঙ্গি

বি· অঙ্গভঙ্গি(ক) [৯৩], অঙ্গভঙ্গিমা, দেহভঙ্গি(ক), দেহভঙ্গিমা, ঠান, অঙ্গভঙ্গ, ভঙ্গি, ভঙ্গিমা, ব্যাকৃতি।

মুখভঙ্গি(ক): মুখবিকৃতি; মুখভেংচানো-, ভেঙানো-, ভেংচানো-, ভেংচি(কাটা-), ভেঙানি, ভ্যাংচানো-।

ভ্রূভঙ্গি(ক), ভ্রূকুঞ্চন(ক), ভ্রূকুটি(ক), ভ্রূসংকোচন, ভ্রূসংকেত। কটাক্ষ(ক) ভিরকুটি, কটাক্ষপাত। অপাঙ্গে দেখা-, আড়চোখে দেখা-। চোখ টেপা-।

দাঁতখিচানো-, দাঁতখিচুনি-; দন্তবিকাশ(ক), দাঁত বার করা-; মুখখিচানো-।

মুখব্যাদান(ক), বদনবিস্তার(ক), হাঁ(ক)। মাথা নাড়া-। আড়মোড়া ভাঙ্গা- [৯১], আড়মোড়া, আড়মোড়ানি।

নুয়ে পড়া-, নত হওয়া-, ঝোঁকা-, নিচু হওয়া-।

ল্যাংচানো-, খোঁড়ানো-, ল্যাংড়ানো।

হাত নাড়া-, হাত ছোঁড়া-। অঙ্গুলি সংকেত(ক), অঙ্গুলি নির্দেশ(ক), অঙ্গুলিহেলন [৩৮৫], অঙ্গুলিচালন; তর্জনীক্ষেপণ(ক); কলা দেখানো-, বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। বক দেখানো-।

ঘাড় বাঁকানো-, কাঁধ বাঁকানো।

পা নাচানো-, ঠ্যাং নাড়ানো।

চলনভঙ্গি। ঠমক, ঠাট, ঠসক।

বিণ· ব্যাকৃত।

৩ ইন্দ্রিয়-অনুভূতি

৯৬ ইন্দ্রিয়

বি· ইন্দ্রিয়, ইন্দ্রিয়গ্রাম, হৃষীক; চতুর্দশ ইন্দ্রিয়; কর্মেন্দ্রিয়, ক্রিয়েন্দ্রিয় [বাক; পাণি; পাদ; পায়ু; উপস্থ]; জ্ঞানেন্দ্রিয়, গ্রাহ্যেন্দ্রিয়, পঞ্চেন্দ্রিয়, বহিরিন্দ্রিয় [চক্ষু [৬৪·৩]; কর্ণ [৬৪·৪]; নাসিকা [৬৪·৫]; জিহ্বা [৬৪·৯]; ত্বক [৬৪·২৫]; অন্তরিন্দ্রিয় [মন [২০৮]; বুদ্ধীন্দ্রিয়; বুদ্ধি [৩৭১]; অহংকার [২৪৩]; চিত্ত [২০৮]।

ইন্দ্রিয়ানুভূতি, অনুভূতি [দ্র ৫১], ইন্দ্রিয়জ্ঞান, সংবেদ, ইন্দ্রিয়ার্থ, সংবেদন, প্রত্যক্ষজ্ঞান, সংবৃত্তি, উপলব্ধি, ইন্দ্রিয়াগ্রাহিতা, অনুভব, বোধ, চৈতন্য, চিৎ, সম্বিধান।

ইন্দ্রিয়বৃত্তি।

ইন্দ্রিয়জয়(ক), ইন্দ্রিয়দমন(ক), ইন্দ্রিয়সংযম, ইন্দ্রিয়গ্রাহিতা, রিপুজয়, রিপুদমন, দান্তি, জিতেন্দ্রিয়তা; কামাবশায়িতা; ব্রহ্মচর্য; সাত্ত্বিকতা; সংযম, বিযম।

ইন্দ্রিয়সেবা, ইন্দ্রিয়পরায়ণতা, ইন্দ্রিয়সুখ, ইন্দ্রিয়তৃপ্তি; ইন্দ্রিয়দোষ, অমিতাচার, অনাচার [দ্র ৫৬৩]।

বিণ· ইন্দ্রিয়গ্রাহ্য, ইন্দ্রিয়গম্য, ইন্দ্রিয়গোচর, ঐন্দ্রিয়িক, প্রত্যক্ষ [দ্র ৯৮], অপরোক্ষ; ইন্দ্রিয়জাত, অক্ষজ, ঐন্দ্রিয়।

ইন্দ্রিয়পর, ইন্দ্রিয়সেবী, ইন্দ্রিয়পরতন্ত্র, ইন্দ্রিয়পরবশ, ইন্দ্রিয়বশ, ইন্দ্রিয়পরায়ণ [দ্র ৫৬৩], অজিতেন্দ্রিয়।

সংবেদী, সংবেদনশীল, সুবেদী। চেতন [দ্র ৫১]। অনুভূতিপ্রবণ।

বোধগম্য, অনুভাব্য, অনুভবনীয়, আনুভাব্য।

জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়জয়ী, সাত্ত্বিক, সংযমী [দ্র ২২২], মিতাচারী, দান্ত, দমিত, জিতাত্মা, সংযত; কামজিৎ, যতেন্দ্রিয়।

৯৭ অতীন্দ্রিয়তা

বি· অতীন্দ্রিয়তা; অলৌকিকতা [দ্র ১২৫]।

দিব্যচক্ষু, দিব্যনেত্র, দিব্যদৃষ্টি।

বিণ· অতীন্দ্রিয়; ইন্দ্রিয়াতীত, অপ্রত্যক্ষ [দ্র ১০০], পরোক্ষ, ইন্দ্রিয়াগোচর; দেহাতীত; অতিপ্রাকৃত; অলৌকিক [দ্র ১২৫]; দিব্য [৫৯৭]।

ইন্দ্রিয়হীন, নিরিন্দ্রিয়।

৯৮ দেখা

বি· দেখা-, তাকানো-, চাওয়া-, চেয়ে দেখা-, দেখন, দর্শন(ক), দৃষ্টিপাত(ক), দৃক্‌পাত(ক), নেত্রপাত(ক), চাহন, অবলোকন, অবলোক, লক্ষ করা-, সাক্ষাৎ(ক), বিলোকন, লোকন, ঈক্ষণ, ঈক্ষা, বিলোচন, নিহারন, নেহারন, প্রেক্ষা, প্রেক্ষণ, নিরীক্ষণ(ক), পর্যবেক্ষণ(ক), নিরীক্ষা, সংবীক্ষণ, বীক্ষা, বীক্ষণ, সন্দর্শন, আলোকন; চোখ মেলা-, চক্ষুরুন্মীলন(ক), চোখ চাওয়া-, আঁখিপাত, নেত্রপাত, ভ্রূক্ষেপ(ক), দৃষ্টিনিবদ্ধ করা-; ঠাহর করা-, ঠাওর করা-; উঁকি (মারা-, দে); পরিদর্শন(ক)। মুলাকাত(ক), দেখাসাক্ষাৎ(ক), সাক্ষাৎদর্শন, চোখের দেখা, প্রত্যক্ষদর্শন।

চোখাচোখি, চোখে তাকানো-।

দৃষ্টি, দিঠি, নজর, দৃক্, চাহনি, গোচর; দৃক্‌শক্তি, দর্শনশক্তি, দৃষ্টিশক্তি; দর্শনানুভূতি। অক্ষিবিক্ষেপ।

দৃষ্টিসীমা, দিশাপাশ।

দিদৃক্ষা, দেখার ইচ্ছা।

প্রতীয়মানতা, প্রকটন, উদ্ভাসন [দ্র ৩৩]।

লুকিয়ে দেখা-, চুপি দেওয়া-, ঝাঁকি (মারা-), ঝাঁকা-, ঝাঁকিদর্শন।

প্রথমদেখা, প্রথমদর্শন; আপাতদৃষ্টি, আপাতদর্শন।

দেখানো-, প্রদর্শন(ক), দর্শানো-, গোচরে আনা-, দর্শা, গোচরীভূত করা-, দৃষ্টি আকর্ষণ(ক), নজর কাড়া-, চোখ টানা-, চোখ আটকে যাওয়া-, দৃষ্টি কাড়া-।

প্রদর্শনী, একজিবিশন।

প্রেক্ষাগার, প্রেক্ষাগৃহ; প্রদর্শনশালা, প্রদর্শনগৃহ।

দৃষ্টিকোণ। দৃষ্টিপথ, দৃষ্টিমণ্ডল।

[দৃষ্টিবৈভিন্ন্য] অপাঙ্গ, কটাক্ষ, কাক্ষ, উল্লোকিত, নেত্রাঙ্গ, আড়চোখ, উপান, দৃষ্টিবিক্ষেপ, তেরছানজর, বক্রদৃষ্টি, অপাঙ্গদর্শন, কটাক্ষপাত(ক), আড়চাহনি, বাঁকাচাহনি, আঁখিঠার, আলচা, নয়নবাণ, চোরাচাহনি। চঞ্চলদৃষ্টি, চঞ্চলনেত্র, চঞ্চলনয়ন। ঊর্ধ্বদৃষ্টি, উৎপশ্য। অধোদৃষ্টি, নতদৃষ্টি, তাকনিমে; উঁকিঝুঁকি(মারা-, দে), ঠার। তীব্রদৃষ্টি, তীক্ষ্ণদৃষ্টি, শ্যেনচক্ষু, শ্যেনদৃষ্টি, কড়ানজর, খরদৃষ্টি। অপলক, অপলকদৃষ্টি, নির্নিমিখ, অনিমিখ, অনিমিষ, অনিমেষ, নির্নিমেষ, নিমেষহীন, নিমেষহারা, পলকহীন দৃষ্টি, স্থিরদৃষ্টি, অচঞ্চলদৃষ্টি, বদ্ধদৃষ্টি, স্থিরনেত্র, অতিনিমিষ, একদৃষ্টি, অনন্যদৃষ্টি, ঊর্ধ্বনেত্র, শিবনেত্র।

ভাবলেশহীন দৃষ্টি, শূন্যদৃষ্টি, ফ্যালফ্যাল(ক)।

মদিরদৃষ্টি, বিলোলকটাক্ষ, নয়না।

চোখ পিটপিট(ক), পিটপিট(ক)।

চোখ [দ্র ৬৪·৩]। চশমা [দ্র ৩৪]।

বিণ· দৃষ্ট, অবলোকিত, লক্ষিত, পরিলক্ষিত, গোচরিত, আলোকিত, লোকিত, নেত্রগত, অক্ষিগত, নিরীক্ষিত, বীক্ষিত, ঈক্ষিত, পর্যবেক্ষিত, প্রেক্ষিত, গোচরীভূত, বিলোকিত।

দৃশ্যমান, দৃষ্টিগোচর(ক), নয়নগোচর, অক্ষিগোচর, নেত্রগোচর, চক্ষুগোচর, প্রতীয়মান, প্রকট, প্রকটিত, পরিস্ফুট, প্রত্যক্ষ(ক), প্রত্যক্ষগোচর, প্রত্যক্ষীভূত, আক্ষিক, চাক্ষুষ(ক), সাক্ষাৎ, নয়নপথবর্তী, প্রকাশ্য, জাজ্বল্যমান, দেদীপ্যমান, প্রকাশ্যমান, বীক্ষমাণ, বীক্ষ্যমাণ, ঈক্ষমাণ, পরিদৃশ্যমান, পরিদৃষ্ট।

দর্শনীয়, দর্শনযোগ্য, দৃশ্য, দ্রষ্টব্য, লক্ষণীয়, লক্ষ্য, প্রেক্ষণীয়, অবলোকনীয়, আলোকনীয়, ঈক্ষণীয়, বীক্ষণীয়।

প্রদর্শিত, দর্শিত, পরিদর্শিত।

বিণ·/বি· দর্শক, দর্শনকারী, দর্শী, দ্রষ্টা; প্রত্যক্ষদর্শী; পর্যবেক্ষক, নিরীক্ষক, প্রেক্ষক। সাক্ষী, প্রত্যক্ষকারী।

দর্শনাভিলাষী, দিদৃক্ষু; দিদৃক্ষমাণ।

প্রদর্শক, দর্শয়িতা; পরিদর্শক; একজিবিটার।

ক্রি-বিণ· দৃষ্টে। অপলকে, অনিমেষে, একদৃষ্টিতে, একদৃষ্টে, অনিমেষনেত্রে, নির্নিমেষে।

উদাসনয়নে, উদাসচোখে।

আপাতদৃষ্টিতে, প্রথমদেখায়, প্রথমদর্শনে [১৫৬]।

অপাঙ্গে; কটাক্ষে। জুলজুল চোখে। এক নজরে। এক পলকে। এক ঝলকে।

৯৯ লক্ষ্য

বি· লক্ষ্য, নিশানা, লক্ষ্যবস্তু, টারগেট।

টিপ(ক), তাক(ক), তাগ(ক), সই, সহি।

অব্যর্থনিশানা, অব্যর্থলক্ষ্য; অক্ষণবেধী। হাতসই। লক্ষ্যভেদ(ক)।

চাঁদমারি, দমদমা, শরব্য, বেধ্য। লক্ষ্যস্থল, উদ্দিষ্টস্থান। [বিপ·] লক্ষ্যভ্রষ্ট(হ), লক্ষ্যচ্যুত(হ), ভ্রষ্টলক্ষ্য; বেতাগ, বেতাক, মিসফায়ার।

১০০ অদর্শন

বি· না দেখা-, অদর্শন, অপ্রেক্ষণ, অপ্রত্যক্ষতা, অদৃষ্টিগোচরতা, অপ্রতীয়মানতা; অপ্রকাশ; অসাক্ষাৎ।

দৃষ্টিভ্রম, ভুল দেখা-, দৃষ্টিবিভ্রম, চোখের ভুল, দেখার ভুল, অক্ষিবিভ্রম, ধন্ধ, চোখে ধাঁধা লাগা-; আচ্ছন্নদৃষ্টি; অস্পষ্টতা [দ্র ৩৭]। মরীচিকা, মৃগতৃষ্ণিকা, মরুমায়া। অপেরণ।

লুকানো [দ্র ৫১৭]। গোপন [দ্র ৫১৭]। ঢাকা- [দ্র ৫০৬]। আড়াল [দ্র ৫০৬]।

[অদৃশ্য হওয়ার বিদ্যা] তিরস্করণী, তিরস্কারিণী।

বিণ· অদৃশ্য, অদৃষ্ট, অলক্ষ্য, অদেখা, অগোচর, অপ্রতীয়মান, আদেখা, অসমক্ষ, অচাক্ষুষ, অলোকিত, অপ্রেক্ষিত, অদৃষ্টিগোচর, অলক্ষিত, অলখ, অপ্রত্যক্ষ [৯৭]; উধাও [২৯০], ফাঁই; অন্তরালবর্তী; অপ্রকাশিত, অদর্শিত, অগোচরিত, অনবলোকিত, অগোচরীভূত, দৃষ্টিবর্হিভূত। অদৃষ্টপূর্ব।

অপ্রকট, অস্পষ্ট, আবছায়া [দ্র ৩৭]।

অদ্রষ্টব্য, অদর্শনীয়, অলক্ষ্য, অলোকনীয়, অপ্রেক্ষণীয়, দুর্লক্ষ্য, দুর্নিরীক্ষ্য।

ক্রি-বিণ· অগোচরে, আড়ালে, অলক্ষ্যে, অলক্ষিতে, তলেতলে, অজ্ঞাতসারে, অসমক্ষে, অসাক্ষাতে, গোপনে [দ্র ৫১৭], অলক্ষিতভাবে।

১০১ দৃষ্টিহীনতা

বি· দৃষ্টিহীনতা [৯৪], দৃষ্টিশূন্যতা, অন্ধত্ব, অন্ধতা, অদৃষ্টি। দৃষ্টিক্ষীণতা। চালশে, চালিশা। নক্তান্ধতা। বর্ণান্ধতা। ছানি(পড়া-)। দেখতে না পাওয়া-, চোখের মাথা খাওয়া-। চোখধাঁধানো-, চোখঝলসানো-। অন্ধীকরণ।

বিণ· দৃষ্টিহীন, অন্ধ [৯৪], কানা, অদৃক্, নজরহীন, বিগতদৃষ্টি; অচক্ষু, বিচক্ষু, চক্ষুহীন, গতাক্ষ। একচক্ষু। জন্মান্ধ, জাত্যন্ধ, চিরান্ধ; রাতকানা, নক্তান্ধ, রাত্র্যন্ধ; বর্ণান্ধ, কালার ব্লাইন্ড, রংকানা, কয়রাকানা। ক্ষীণদৃষ্টি।

অন্ধীকৃত, অন্ধীভূত।

১০২ নেকনজর

বি· সুদৃষ্টি, সুনজর, শুভদৃষ্টি, সুচোখে দেখা-, ভালোচোখে দেখা-, নজরে পড়া-, নেকনজর, কৃপাদৃষ্টি, নেকনজরে দেখা-, অনুকূলদৃষ্টি, অনুগ্রহদৃষ্টি, অনুকম্পা [দ্র ২৪০], অনুগ্রহ [দ্র ২৩৯]। মঙ্গলদৃষ্টি।

ক্রি-বিণ· সুচোখে, সুনজরে, ভালোচোখে, নেকনজরে।

১০৩ কুদৃষ্টি

বি· কুদৃষ্টি, অশুভদৃষ্টি [দ্র ৬৭৫], বিষদৃষ্টি, বিষনয়ন; নজর লাগা-; কুচোখে দেখা-, দুচক্ষে দেখতে না পারা-, কুনজর, বিষচোখ; খারাপ নজর। নজর দেওয়া-, চোখ দেওয়া-।

ক্রি-বিণ· কুনজরে, বিষদৃষ্টিতে, কুচোখে।

১০৪ শব্দ

বি· শব্দ(ক), আওয়াজ(ক), ধ্বনি, নাদ, নিনাদ, স্বন, আধ্মান, আরাব, আরব, ধ্বনন, ধ্বন, আহতি, স্তনন, স্বনন, নিস্বন, রণন, স্বান, নিস্বান, সংরাব, বিরাব, বিনদ, ধ্বান, আণ।

স্বর, রব, রোল, ঘোষ, নির্ঘোষ, হ্রাদ, প্রোদ্ঘোষণ।

শব্দব্রহ্ম, ওঙ্কার, ওম, ওউম, প্রণব, ত্র্যক্ষর, ওঁ।

কণ্ঠস্বর, গলার আওয়াজ, কণ্ঠধ্বনি, গলা, কণ্ঠ, রা, কণ্ঠরব, কণ্ঠরোল, সুস্বর, সুস্বন, কলকণ্ঠ, সুরব, কলস্বর, কলস্বন, কলকলানো-, কলকলানি, কলকল(ক), কাকলি, কলধ্বনি, কলনাদ; ডাক; কূজন। কুহর, কুহরন।

চিৎকার [দ্র ১০৯]; গর্জন [দ্র ১০৯]; হুংকার [দ্র ১০৯]।

প্রতিধ্বনি, অনুনাদ, অনুরণন, প্রতিস্বর, প্রতিনাদ, অনুধ্বনি, প্রতিনিনাদ, প্রতিরব, প্রতিশব্দ, একো, আকাশদুহিতা, আকাশনন্দিনী, আকাশসম্ভবা।

নিক্কণ, ক্কণ, ক্কণন, শিঞ্জন [৪৩৩]। তান; মূর্ছনা [৪৩২]।

টংকার, ঝংকার, ঝনৎকার, ঝংকৃতি।

অট্টনাদ, অট্টনিনাদ, অট্টরোল, তারস্বর, অট্টরব; ঢক্কানিনাদ; কোলাহল [১০৯]। বিকটশব্দ, বিস্বন।

শব্দবাদ্য; সাড়া(দে), সাড়াশব্দ(ক), উচ্চবাচ্য(ক)।

তুড়ি (বাজানো-), অঙ্গুলিধ্বনি, ছোটিকা।

বাজা-, বাজনা [দ্র ৪৩২]। বজ্রনাদ [দ্র ১৯]।

তোপধ্বনি। শঙ্খধ্বনি, শঙ্খনাদ। হুলুধ্বনি, উলুধ্বনি, হুলুরব, হুলুই, জোকার। অ্যালার্ম। সাইরেন। ঘণ্টাধ্বনি।

শব্দকরণ, রণন, স্বনন, ধ্বনন।

শব্দবিদ্যা, ধ্বনিবিজ্ঞান, স্বনবিদ্যা; অ্যাকাউস্টিকস, ধ্বনিগ্রহ, শব্দজ্ঞান।

মাইক, মাইক্রোফোন। শব্দবিবর্ধন(ক), অ্যাম্প্লিফিকেশন। চোঙ, মেগাফোন; লাউডস্পিকার; অ্যাম্প্লিফায়ার।

শব্দধারণ, শব্দগ্রহণ, রেকর্ড করা-, রেকর্ডিং; রেকর্ড, গ্রামোফোন রেকর্ড। লং প্লেয়িং রেকর্ড; স্ট্যান্ডার্ড প্লে রেকর্ড। গ্রামোফোন; কলের গান; ফোনোগ্রাম। রেকর্ডপ্লেয়ার, টার্নটেবল। স্টিরিও প্লেয়ার; স্টিরিও রেকর্ড; মনো রেকর্ড। রেডিওগ্রাম। টেপরেকর্ড; টেপরেকর্ডার; টেপ; ক্যাসেট। স্টুডিও, রেকর্ডিং স্টুডিও।

আভ্যুদয়িক, আরভমাণ, উঠন্ত, উদীয়মান, উপক্রমমাণ, প্রবর্তমান।

আদি, আদ্য, আদিভূত, আদিম, প্রথম, আরম্ভিক, প্রারম্ভিক, প্রাথমিক, উপক্রমিক, প্রবেশিকা। প্রাগৈতিহাসিক [দ্র ১৫৪]।

বুনিয়াদি।

স্থাপনীয়, স্থাপ্য, উপস্থাপনীয়, আরম্ভণীয়।

বি·/বিণ· সূচনাকারী, সূত্রপাতকারী, সূচক, আরম্ভকারী, আরম্ভক, উপক্রমকারী, উপক্রন্তা।

প্রতিষ্ঠাকারী, প্রতিষ্ঠাতা, পত্তনকারী, প্রতিষ্ঠাপয়িতা, স্থাপক, স্থাপয়িতা, সংস্থাপক, সংস্থাপিয়তা, প্রবর্তনকারী, প্রবর্তক, প্রবর্তয়িতা। সঞ্চারক, উদ্রেককারী। উদ্বোধক, উদ্বোধনকারী, উদ্ঘাটক; উদ্যোগী, উদ্যমী, আরম্ভী। দ্বারোদ্ঘাটক।

বি· শুভসূচনা, শুভারম্ভ; শুভযোগ [দ্র ১৬১]।

অশুভসূচনা; গোড়ায় গলদ, বিসমিল্লায় গলদ। অঙ্কুরেই বিনষ্ট।

[বিপ·] আদিহীন, উৎপত্তিহীন, অনাদি; আত্মভূ, স্বয়ম্ভূ; আদিঅন্তহীন, অনাদ্যন্ত, অপ্রতিষ্ঠিত, অসূচিত।

১৪৩ সমাপ্তি

বি· সমাপ্তি, শেষ(ক, হ), পরিসমাপ্তি(হ), অন্ত, অবসান, ইতি, অবধি, মেটা-, সমাপন(ক), সমাধা(ক), সম্পূর্ণ(ক), সম্পূরণ(ক), সায়, সাতি, নিষ্পাদন(ক) [দ্র ৩২২], সাঙ্গ(ক), হাসিল(ক), নির্বাহ(ক), অভিনিষ্পত্তি।

ফুরানো-, ফুরনো- [দ্র ৪৫২], নিঃশেষ(ক), কাবার(ক), উজাড়(ক), সাবাড়(ক), পযবসান(ক), সারা।

ক্ষান্তি(দে), নিবৃত্তি, ছেদ(টানা-), বন্ধ করা-, রদ(ক), থামা- [দ্র ৩২৩], উপসংহরণ।

অবশেষ, পরিশেষ, আখের, তামামি, পরিণতি, পরিণাম, অন্তিমতা; পরিশিষ্ট, অবশিষ্ট, বাকি [দ্র ৪৫২], শেষাংশ, জের, উপসংহার, উপসংহৃতি; কূলকিনারা, সাবশেষ।

পূর্ণতা, সম্পূর্ণতা, পরিপূর্তি, পূর্তি; পরাকাষ্ঠা।

লুপ্তি, বিলোপ [দ্র ১২৯]। নিষ্পত্তি, রফা, মীমাংসা [দ্র ৩৬১, ৬৬৭]। অন্ত [দ্র ৫]। মৃত্যু [দ্র ৫৭]।

যবনিকা পতন।

চুকানো- [১৩৯], চোকা-, চোকানো-, চুকিয়ে দেওয়া-, ঘোচানো-, ঘুচা-, ঘুচিয়ে দেওয়া, মিটানো-, সাবড়ানো-, শোধ [দ্র ৭০৪]।

সংক্রান্তি, মাসের শেষ, মাসকাবার, মাসান্ত। দিনান্ত [দ্র ১৬৮]। সপ্তাহান্ত, হপ্তাশেষ। পক্ষান্ত।

বিণ· সমাপ্ত(ক), পরিসমাপ্ত, শেষিত, অন্ত্য, অবসিত, অবসানপ্রাপ্ত, সাঙ্গ, সম্পন্ন(ক), পূর্ণ(ক), নিষ্পন্ন [দ্র ৩২২], উত্তীর্ণ, সমাপিত, নিষ্পাদিত, সম্পূর্ণ, পরিপূর্ণ, নির্বাহিত, কৃতশেষ, অভিনিষ্পন্ন, সমাপন্ন।

শেষ, খতম, সাবাড়, নিঃশেষিত।

অস্তমিত, অস্তগত। উপসংহৃত। পরিণত।

অন্তিম, শেষের, আখেরি, অন্ত্য; প্রান্তিক।

সমাপ্তপ্রায়, শেষাশেষি। অস্তায়মান, অস্তগামী, অস্তোন্মুখ।

মাসান্তিক। সপ্তাহান্তিক।

নিষ্পাদ্য, নিষ্পাদনীয়, সমাপ্য, সমাপনীয়, নিঃশেষণীয়।

বিণ·/বি· নিষ্পাদক, সমাপক, সমাপনকারী [দ্র ৩২২]।

ক্রি-বিণ· শেষে, অবশেষে, অন্তে, অবসানে, পরিশেষে, আখেরে।

১৪৪ বিরাম

বি· বিরাম, বিরতি [৩২৩], ছেদ, ফাঁক, ফুরসত, নিবৃত্তি, ক্ষান্তি, যতি, অবরতি, নিবর্তন, বিনিবর্তন, কামাই, বিলম্বন ; রেহাই, অব্যাহতি।

অবসর, অবকাশ, সুযোগ, সময়াবসর, গুঞ্জাইস ; ছুটি [দ্র ৩৩৪]।

বিশ্রাম(ক, নে) [দ্র ৮৩], বিশ্রান্তি, জিরান, জিরানো-, জিরিয়ে নেওয়া-।

বিরামচিহ্ন, যতিচিহ্ন [দ্র ৩৮৫]।

বিণ· বিরত, ক্ষান্ত, নিবৃত্ত, নিবর্ত, নিরস্ত, বিনিবর্তিত, বিনিবৃত্ত, প্রমৃষ্ট ; বিশ্রান্ত, বিগতশ্রম, গতক্লম।

ক্রি-বিণ· সবিরাম, সাবকাশ, সাবসর।

মাঝে মাঝে, কখনো কখনো [দ্র ১৫৮], মধ্যে মধ্যে, মাঝে মধ্যে, খবরেসবরে।

১৪৫ নাগাদ

অব্য· নাগাদ, অবধি, ইস্তক, পর্যন্ত, তক ; তাবৎ, যাবৎ।

ক্রি-বিণ· এতদিন, এতাবৎ, অদ্যাপি, অদ্যাবধি, আজপর্যন্ত, এযাবৎ, এযাবৎকাল, এতাবৎকাল, এতদিন পর্যন্ত, এই পর্যন্ত, এতেক, এখনও, আজও, ইয়ৎ, অদ্যপ্রভৃতি।

কোনোদিন [দ্র ১৪৯]।

যতকাল, যতদিন, যাবৎ, যতদিন পর্যন্ত, যদ্যপি, যদবধি, যদ্দিন ; যতক্ষণ, যতসময়।

কতদিন, কদিন, কদ্দিন, কতসময়, কতকাল ; কতক্ষণ [দ্র ১৫৮], কাঁহাতক।

ততদিন, তদ্দিন, ততসময়, ততকাল ; ততক্ষণ, সেই পর্যন্ত।

যখন, যবে, যদা।

সেইথেকে, তখন থেকে, তদবধি।

কতদিনে, কদ্দিনে। ততদিনে, তদ্দিনে।

একবার, একবারের, এককালীন।

১৪৬ মেয়াদ

বি· মেয়াদ, ধার্যসময়, সময়সীমা, মুদ্দত, কালপরিমাণ, কালসীমা, পরিমিতকাল, নির্দিষ্টসময়, বাঁধাসময়, ওয়াদা, পিরিয়ড।

ক্রি-বিণ· অল্পদিন, অল্পসময়, কিয়ৎকাল, কিয়দ্দিন, কয়দিন, কয়েকদিন, দিনকয়েক, কিছুদিন, কিছুসময়, কিছুকাল, কিছুক্ষণ, স্বল্পকাল।

দীর্ঘদিন, দীর্ঘকাল, অনেকদিন, অনেককাল, সুদীর্ঘকাল, বহুকাল, বহুদিন, সুচির, চিরকাল।

বিণ· মেয়াদি ; মুদ্দতি ; দীর্ঘমেয়াদি ; স্বল্পমেয়াদি, অল্পমেয়াদি [দ্র ১৫৬]।

পাঁচসালা ; দশসালা।

১৪৭ সময়ানুবর্তিতা

বি· সময়ানুবর্তিতা, পাংচুয়ালিটি ; সময়নিষ্ঠতা, কালজ্ঞান, কালবোধ, সময়নিষ্ঠা, সময় মানা-।

নির্ধারিত সময়, যথাসময়, ঠিকসময়, যথাকাল, দিনক্ষণ ; রাইটটাইম।

বিণ· সময়ানুবর্তী, সময়নিষ্ঠ, পাংচুয়াল, কালজ্ঞ, কালজ্ঞানী।

ক্রি-বিণ· যথাসময়ে, ঠিকসময়ে, সময়মতো, যথাকালে, সময়ানুসারে, রাইটটাইমে ; কাঁটায় কাঁটায়, ঘড়িধরে, ঘড়ির কাঁটায়।

১৪৮ ইতিপূর্বে

ক্রি-বিণ· ইতিপূর্বে, ইতঃপূর্বে [১৫৪], এর আগে ; আগে, অগ্রে, পূর্বে, আগু, আগুতে, অগ্রত, প্রথমে ; আগেভাগে, আগে থেকে, আগে থাকতে, আগের থেকে, পূর্বাহ্ণে।

একটু আগে, এক্ষুনি, এইতো, এইমাত্র, সবে, সবেমাত্র [১৫৩], অব্যবহিত পূর্বে, অনদ্যতন।

ইতোমধ্যে, ইতিমধ্যে, ইত্যবসরে, এরমধ্যে, এই ফাঁকে, এই অবসরে। মাঝে, কিছুদিন আগে।

বি· পূর্বিতা ; পূর্বগণ্যতা, অগ্রগণ্যতা।

১৪৯ পরে

ক্রি-বিণ· পরে, শেষে, অবশেষে, শেষকালে, পরিশেষে।

কোনোদিন [১৪৫], কোনোকালে, কবে কোনোদিন, কখনো, পরে কোনোদিন।

তারপর, অনন্তর, অতঃপর, তদন্তর, তদনন্তর, তারপরে, ততঃ, ততস্ততঃ, অনুপদ, তৎপর। কালক্রমে, কালবশে, কালে কালে।

তখন [দ্র ১৪৫], তৎক্ষণ, তদ্দণ্ডে, সেই সময়ে ; তখনই ; আগেই, পূর্বেই।

১৫০ বিলম্ব

বি· দেরি(ক, হ), বিলম্ব(ক, হ), বিলম্বন, তর, গৌণ, লেট(ক)। অনেক দেরি, অতিবিলম্ব, অতিকাল।

অনেকক্ষণ, বহুক্ষণ, দীর্ঘসময় ; অনেকটা সময়, অনেককাল, বহুকাল, দীর্ঘদিন, দীর্ঘকাল, অনেকদিন।

কালক্ষেপণ(ক), কালবিলম্ব(ক), সময়নষ্ট(ক), কালক্ষেপ(ক), কালাত্যয়, কালাতিপাত(ক), কালাতিক্রম, দীর্ঘসূত্রতা, সময় নেওয়া- ; বেলা করা-।

স্থগন, মুলতুবি(রাখা)-, নিবর্তন, নিলম্বন, থামা-, ফেলে রাখা-, ধামাচাপা(দে), শিকেয় তোলা-, তাকে তোলা-, আটকে রাখা-, ঝুলে থাকা-, ঝুলিয়ে রাখা- ; টালবাহানা(ক), গড়িমসি(ক), গয়ংগচ্ছভাব, ইতস্তত(ক)।

ক্ষণবিলম্ব, অনতিবিলম্ব, একটু দেরি, সামান্য দেরি।

অপেক্ষা(ক) [দ্র ১৫১] মন্থরতা [দ্র ১৪১]। আলস্য [দ্র ৩৪৬]। অচেষ্টা [দ্র ৩২৩]। জড়া।

বিণ· বিলম্বিত, দেরি, লেট, নিবর্তিত, নিবর্ত, নাবি।

স্থগিত (রাখা-), মুলতুবি ; তামাদি, অতিপত্তি।

মন্থর [দ্র ১৪১], ধীর, ঢিমা ; ঢিমেতেতালা।

বিণ·/বি· বিলম্বী, বিলম্বকারী ; ঢিলে, নিবর্তক, দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রী।

১৫১ প্রতীক্ষা

বি· প্রতীক্ষা(ক), অপেক্ষা(ক), প্রতীক্ষণ, সবুর(ক) ; আশায় আশায় থাকা-, পথ চেয়ে থাকা-, হাঁ করে থাকা-, কাল গোনা-, অপেক্ষায় থাকা- ; হাপিত্যেশ(ক), অধীরতা, উন্মুখতা ; দিনগোনা- ; এন্তেজার, এন্তেজারি।

ধৈর্য(ধরা-) [দ্র ৩৪৩], ধৈর্যধারণ করা ; ব্যবস্থা [দ্র ৩৩০]।

প্রত্যাশা(ক), আশা(ক) [দ্র ২১২], পিত্যেশ ; চাওয়া [দ্র ৭১০]।

ওত পাতা- [৫৪২, ৫৮], তক্কে তক্কে থাকা-, তাকে তাকে থাকা-, ঘাপটি মারা-।

তৈরি থাকা-, প্রস্তুত থাকা, রেডি হয়ে থাকা-। সবুরে মেওয়া ফলে।

অপেক্ষালয়, প্রতীক্ষালয়, ওয়েটিংরুম ; বিশ্রামাগার।

বিণ· প্রতীক্ষিত, অপেক্ষিত, বহুপ্রতীক্ষিত, প্রত্যাশিত [দ্র ২১২]।

আসন্ন, প্রত্যাসন্ন।

বিণ·/বি· অপেক্ষমাণ, অপেক্ষক, অপেক্ষাকারী, প্রতীক্ষমাণ, প্রতীক্ষারত, অপেক্ষী, প্রতীক্ষক, প্রতীক্ষী, প্রতীক্ষ্য; উদ্‌গ্রীব, ব্যগ্র [২১২], উৎসুক, উন্মুখ, প্রত্যাশী; ব্যাকুল, অধীর, উচাটন; তটস্থ(থাকা-)।

প্রস্তুত, রেডি, তৈরি।

১৫২ নতুনত্ব

বি· নতুনত্ব, নূতনত্ব, নব্যত্ব, নব্যতা, নবীনত্ব, নবীনতা; অভিনবত্ব, অপূর্বতা; আধুনিকতা; অত্যাধুনিকতা; উগ্র আধুনিকতা; নবীভাব।

আধুনিকীকরণ, মডারনাইজেশন।

নবীকরণ, নবীভবন; জীর্ণোদ্ধার, জীর্ণসংস্কার [দ্র ৩৬১]।

বিণ· নতুন, নূতন, নবীন [দ্র ১৫৩], নওল, হালের, নব, নব্য, নয়া, লেটেস্ট, প্রতিনব, কোরা, আনকোরা, আনকা, আনকো।

অপূর্ব [৩৭৯], অভূতপূর্ব; অভিনব, অধুনাতন, আধুনিক, অর্বাচীন, অপ্রবীণ, অপরিণত, অনাদিম।

উঠতি, উচকা।

টাটকা, তাজা, সতেজ; কাঁচা, কচি; প্রত্যগ্র।

নবগঠিত, নবনির্মিত; নবীভূত, পুনর্গঠিত।

নবজাত [দ্র ৫৬]; অনাঘ্রাত [১১৯]।

চিরনূতন, চিরনবীন।

১৫৩ বর্তমান

বি· বর্তমান, বর্তমান কাল, সাম্প্রতিক কাল, হাল, হাল আমল, এতৎকাল, সমকাল; এক্ষণ, এদিন, একাল। আজ, অদ্য।

সাময়িকতা, সমসাময়িকতা [১৩২], সমকালীনতা। প্রজন্ম। আপাত।

নবযুগ, নবকাল, নব্যযুগ, নতুনযুগ; আধুনিকযুগ; কলিযুগ, কলিকাল; বিংশশতাব্দী।

নতুনত্ব [দ্র ১৫২]। আধুনিকতা, সাম্প্রতিকতা, সমাপতন।

বিণ· বর্তমান, আধুনিক [১৫২], সাম্প্রতিক, এখনকার, হালের, আজকের, অদ্যকার, অদ্যতন, আজকালকার, আপাতক, আজকালের।

নবীন [১৫২], অর্বাচীন, নব্য, সমকালীন, সমকালিক, সমসাময়িক, সামসময়িক, বর্তমানকালীন, অবিগত, অপ্রাচীন।

সাজো, সদ্য, টাটকা; হাল, উপস্থিত, চলতি।

ক্রি-বিণ· এখন, অধুনা, ইদানীং, এই সময়, হালফিল, আজকাল, অধুনাতন, হালে, সম্প্রতি, ইদানীন্তন, এক্ষণে, এইক্ষণে, এই মুহূর্তে, বর্তমানে, আপাতত, অখন, আধানিক।

এবার, এবারকার, এই যাত্রা, এযাত্রা।

এইমাত্র [১৪৮], সবে, সবেমাত্র, কেবলই, এক্ষুনি, এইসবে; সদ্য সদ্য। টাটকা টাটকা; হাতেগরম; গরম গরম, গরমাগরম; এইবেলা, এবেলা।

যুগপৎ, একসঙ্গে, একযোগে, একই সঙ্গে, এককালে, একই সময়ে। একাধারে।

১৫৪ প্রাচীনতা

বি· প্রাচীনতা, প্রাচীনত্ব; সাবেকত্ব, সাবেকিয়ানা; প্রাগৈতিহাসিকতা; আদিমতা; পৌরাণিকতা; প্রবীণতা, প্রবীণত্ব, প্রাবীণ্য; তৎকালীনতা।

অতীত, অতীতকাল, সেকাল, তৎকাল, পুরাকাল, পূর্ব, পুরা, আদিকাল, আদ্যিকাল, প্রাচীনকাল, আদিযুগ, আদিমযুগ, সেযুগ, সে আমল, পুরনো কাল, উত্তীর্ণকাল, ভূতকাল, পুরাকল্প, পূর্বকাল, পূর্বযুগ, বিগতকাল, বিগতদিন, বিগতযুগ, সাবেককাল, প্রাক্কাল; স্মরণাতীত কাল; ফেলে আসা দিন।

মান্ধাতার আমল; আদমের যুগ।

প্রাগৈতিহাসিক যুগ; অন্ধযুগ, অন্ধকারযুগ।

সত্যযুগ, দেবযুগ, ধর্মযুগ; ত্রেতাযুগ। দ্বাপরযুগ [১৫৯]। প্রস্তরযুগ; নবপ্রস্তরযুগ; তাম্রযুগ, নবতাম্রযুগ; লৌহযুগ। মধ্যযুগ।

ইতিহাস, ইতিকথা, অতীতবৃত্তান্ত, ইতিবৃত্ত, পুরাতত্ত্ব, পুরাবৃত্ত, পুরাকথা; পুরাণ; প্রত্ন, প্রত্নতত্ত্ব, প্রত্নবিদ্যা।

কাল, গতকাল, গতকল্য, কল্য; গতপরশু, গতপরশ্ব; তরশু।

পূর্বপুরুষ [দ্র ৬৪৩]।

ধ্বংসাবশেষ [দ্র ১৩০]। পুরনো জায়গা, পুরাতন স্থান, প্রত্নৌক।

বিণ· প্রাচীন, প্রত্ন; প্রবীণ; পূর্ব, অগ্র; পুরাতন, পুরনো [১৩৯], প্রতন, গুজস্তা, চিরত্ন, প্রাগবর্তী।

অতীত, বিগত, গত, অতিক্রান্ত, বীত, অপগত, উপরত, সমতীত, যাত, ইত, আবীত।

অতীতের, আগের, তখনকার, সেকেলে, সাবেককেলে, সেকালের, আগেকার, পূর্বের, সাবেক, সাবেকি, তদানীন্তন, তৎকালীন, তাৎকালিক, পূর্বকালীন, পূর্বকালিক, প্রাক্কালীন, পৌর্বিক, পৌর্ব, পুরাগত, প্রাক্কালিক, বহুকেলে, বহুকালের, প্রাঞ্চ; আদ্যিকালের; মান্ধাতার আমলের।

পূর্বতন, প্রাক্তন, ভূতপূর্ব, পূর্ববর্তী; জের।

আদিম; প্রাগৈতিহাসিক; ঐতিহাসিক; আদি, চিরন্তন [দ্র ১৩৪], আদিঅকৃত্রিম।

অপ্রচলিত, অপ্রযুক্ত; ধ্বংসপ্রাপ্ত; লুপ্ত, বিলীন [দ্র ১৩০]।

মধ্যযুগীয়, মধ্যযুগী।

বিণ·/বি· অতীতবেত্তা, অতীতচারী; ঐতিহাসিক, ইতিহাসবেত্তা, ইতিবৃত্তকার; পুরাতত্ত্বজ্ঞ, পুরাবিৎ, পুরাতত্ত্ববিদ্, পুরাতাত্ত্বিক; প্রত্নতাত্ত্বিক, প্রত্নতত্ত্ববিৎ, প্রত্নতত্ত্বজ্ঞ, প্রত্নতত্ত্ববেত্তা, প্রত্নবিদ; ইতিবৃত্তকার।

প্রাচীনপন্থী, সেকেলে, রক্ষণশীল।

ক্রি-বিণ· তখন [১৪৯], তৎক্ষণ, সেই সময়, তদা, তদানীং।

ইতিপূর্বে [১৪৮]। একদা, এককালে, অনেকদিন আগে, আগে, অতীতে, পূর্বে, সেকালে, সেই কবে, তখনকার দিনে।

১৫৫ ভবিষ্যৎ

বি· ভবিষ্যৎ, ভাবীকাল, ভাবীযুগ, ভবিষ্যৎকাল, উত্তরকাল, অনাগতযুগ, অনাগতকাল, অগ্রবর্তীকাল, অর্বাক; আসন্নকাল, অদূরভবিষ্যৎ।

আগামীকাল, আগামীকল্য, আসছে কাল, কল্য, কাল, পরদিন, পরের দিন, পরদিবস, পরাহ; আগামী পরশু, আগামী পরশ্ব; তরশু।

আখের, পরিণাম, পরিণতি [দ্র ১৪৩]। আসন্নতা।

ভবিতব্য, সম্ভাবনা [দ্র ৩৩২]; অবশ্যম্ভাবিতা। আগামজ্ঞান, পূর্বজ্ঞান [দ্র ৩৬৯]।

পূর্বলক্ষণ, পূর্বাভাস [৩৮৫], অগ্রসূচনা। পূর্বাভাষ, ভবিষ্যদ্‌বাণী, ভাববাণী।

পরকাল, পরজন্ম, পরজীবন [দ্র ৫৭]।

বিণ· ভবিষ্যতের, আগামীকালের, ভাবী, আগামী, হবু, অনাগত, ভবিষ্য, উত্তরকালীন।

বর্তিষ্যমাণ।

ভবিতব্য।

আসন্ন, আগতপ্রায়, সমাসন্ন, প্রত্যাসন্ন, হবহব, হয় হয়, ঘনায়মান, সন্নিকট, অব্যবহিত।

বিণ·/বি· ভবিষ্যদ্‌বেত্তা, ভবিষ্যদ্বক্তা [দ্র ৬৭৬]; ভবিষ্যদ্‌দ্রষ্টা, গণক, গণৎকার [দ্র ৬৭৬]।

ক্রি-বিণ· পরে, ভবিষ্যতে, শেষে, আখেরে, অবশেষে; পরিণামে।

১৫৬ ক্ষণকাল

বি· ক্ষণকাল, ক্ষণ, ক্ষণিক, ক্ষণেক, কিয়ৎক্ষণ, খানিক, কিছুক্ষণ, একটুক্ষণ, অচিরকাল, অনতিকাল, অল্পসময়, অল্পক্ষণ।

নিমেষ, মুহূর্ত, পলক, এক ঝলক, একদণ্ড, দুদণ্ড, ক্ষণমাত্র, তিলার্ধ, দণ্ড, লহমা, সেকেন্ড, পল, বিপল, অনুপল [১৩২], নিমিষ, নিমিখ, পক্ষ্মপাত, নেত্রপাত।

ক্ষণস্থায়িত্ব, ক্ষণিকতা, সাময়িকতা [১৩২], অস্থায়িতা, অস্থায়িত্ব, অচিরস্থায়িতা, অচিরস্থায়িত্ব।

তাৎক্ষণিকতা, ক্ষণকালীনতা; আকস্মিকতা [দ্র ১৫৭]।

নশ্বরতা [দ্র ১৩০]। ত্বরা [দ্র ১৪০]। দ্রুততা [দ্র ১৪০]।

বিণ· তাৎক্ষণিক, ক্ষণকালীন, ক্ষণস্থায়ী, অল্পস্থায়ী, অচিরস্থায়ী, আগমাপায়ী; ক্ষণচর, সাময়িক, কালিক, অস্থায়ী, স্বল্পস্থায়ী, অল্পকালস্থায়ী, স্বল্পকালীন, অচিরস্থায়ী, স্বল্পমেয়াদি [১৪৬], গরকায়েম। এই আছে এই নেই।

ক্রি-বিণ· মুহূর্তে [দ্র ১৪০], অনতিবিলম্বে, অনতিপূর্বে, অবিলম্বে, অব্যবহিতপূর্বে, অচিরকালে, অচিরে, অচিরাৎ, একলহমায়, মুহূর্তের মধ্যে, চকিতে, ক্ষণিকে, ক্ষণে, দেখতে দেখতে, তৎক্ষণাৎ, [১৪০], তক্ষুনি, তখনি। পলকে, ঝলকে।

সামান্যক্ষণ, একটুক্ষণ, একমুহূর্ত, ক্ষণিক, অল্পকাল।

এক্ষুনি, এখনই; সবেমাত্র, সবে, সদ্য সদ্য [দ্র ১৫৩]।

এই ফাঁকে, এই সুযোগে।

একনজরে, আপাতদৃষ্টিতে, প্রথমদর্শনে [দ্র ৯৮]।

১৫৭ আকস্মিকতা

বি· আকস্মিকতা [১৫৬]. অনির্দিষ্টতা, অনিশ্চয়তা; অভাবনীয়তা, অপ্রত্যাশা [দ্র ৭১১]।

খেয়াল, খামখেয়াল, খেয়ালখুশি।

স্থির না থাকা-, ঠিক না থাকা-, হিসেবের বাইরে থাকা-

মেঘ না চাইতেই জল। বিনামেঘে বজ্রপাত।

বিণ· আকস্মিক, অনির্ধারিত, অতর্কিত, অপ্রত্যাশিত [দ্র ৭১১], অনির্দিষ্ট, আচম্বিত, চকিত, অভাবনীয়, অনিশ্চিত, অভাবিত, অভাব্য, কাকতালীয়, অনিয়মিত, অনিয়ত।

ক্রি-বিণ· আকস্মিকভাবে, হঠাৎ, আচমকা [৩৭০], অকস্মাৎ, সহসা, অতর্কিতে, আচম্বিতে, অতর্কিতভাবে, হুট করে, দুম করে, বেমক্কা, বিনাভূমিকায়, আলটপকা, সট্ করে, অকামিক, অচম্বা, আচকা, প্রসহ্য, প্রসভ; চকিতে [১৫৬], টপকা, দমকা।

হঠাৎ হঠাৎ, যখনতখন, হুটহাট করে; অপ্রত্যাশিতভাবে; অযাচিতভাবে।

দৈবাৎ [দ্র ৬৭৬]; ঘটনাক্রমে, ঘটনাচক্রে।

ক্বচিৎ কখনও [দ্র ১৫৮]।

১৫৮ অনির্দিষ্টকাল

বি· অনির্দিষ্টকাল, অনির্ধারিত সময়।

কালান্তর, যুগান্তর; সময়ান্তর, অন্যসময়।

ক্রি-বিণ· কখন, কোন সময়ে; কবে। কবে যেন। একদা, একদিন, এক সময়ে, কোনোকালে। কখনো, কক্ষনো, কভু, কখনোই, কদাপি, কদাচ, কদা, কদাচন, কদ্যপি, কস্মিনকালে, কোনোদিন, কদিচ।

অন্যসময়, সময়ান্তরে, বারান্তরে, কালান্তরে।

কালে কালে, দিনে দিনে।

যেদিন; যখন, যবে।

কদাচিৎ, কখনো, কালেভদ্রে, ক্বচিৎ, ক্বচিৎ কখনো, কখনোসখনো, মাঝেমধ্যে, মাঝে মাঝে [১৪৪], অবরে সবরে; অনিয়মিত [১৫৭]; খুব কম; দৈবাৎ [১৫৭, ৬৭৬]; ন মাসে ছ মাসে।

১৫৯ যুগ

বি· যুগ, দ্বাদশবৎসর; কল্প; শতাব্দী, শতক, শতবর্ষ; সময়, দিন, দিনকাল, আমল।

[**পৌরা·**] চতুর্যুগ, চারযুগ, চৌযুগ [সত্য; ত্রেতা; দ্বাপর [১৫৪]; কলি, কর্মযুগ]।

যুগধর্ম, যুগলক্ষণ, যুগের হাওয়া।

স্বর্ণযুগ। অগ্নিযুগ, বিপ্লবীযুগ।

নবযুগ, নতুন যুগ, নব্যযুগ [দ্র ১৫৩]।

লৌহযুগ; প্রস্তরযুগ [দ্র ১৫৪]।

যুগসন্ধি [২৬৬], যুগসন্ধিক্ষণ, যুগ পরিবর্তন, যুগান্তর, কালান্তর, সময়ান্তর। যুগান্ত, যুগাবসান, যুগক্ষয়।

বিণ· যুগোপযোগী, কালোপযোগী।

১৬০ ঋতু

বি· ঋতু, মরশুম, মৌসুম, আয়াম, পালা, কাল, সময়; উপযুক্ত কাল।

ঋতুপর্যায়, ঋতুচক্র, কালচক্র; ঋতুবদল, ঋতুপরিবর্তন, ঋতুসন্ধি। ষড়ঋতু, ছয়ঋতু।

বিণ· মরশুমি, মৌসুমি, ঋতুগত।

১৬০·১ গ্রীষ্ম

বি· গ্রীষ্মকাল, গ্রীষ্ম, গরমকাল, গরমের দিন, গ্রীষ্মঋতু, নিদাঘ, নিদাঘকাল, দহনদিন, দাহদিন, গরমি; বৈশাখ, জ্যৈষ্ঠ।

উষ্ণাভিগম, উষ্ণাগম, উষ্ণোপগম। গরম(পড়া-); গুমোট; ভ্যাপসা, ভাপসা; গুমসানো-, গুমসা। গরম হাওয়া, লু, হলকা। পচাগরম।

গ্রীষ্মাধিক্য, গ্রীষ্মাতিশয্য, প্রখরগ্রীষ্ম। তাপপ্রবাহ। গ্রীষ্মাবকাশ, গরমের ছুটি।
বিণ· গ্রীষ্মকালীন, গ্রৈষ্মিক, নৈদাঘ, নৈদাঘী। গ্রীষ্মপীড়িত, নিদাঘক্লিষ্ট, নিদাঘার্ত; খরাপীড়িত।

১৬০·২ বর্ষা

বি· বর্ষা, বর্ষাকাল, বর্ষণকাল, প্রাবৃট, প্রাবৃষ, প্রাবৃষা, বাদল, বাদলদিন, জলদাগম, তোয়দাগম, জলদোদয়, ঘনাকর, ঘনাগম, মেঘাগম; ঘর্মান্ত; আষাঢ়, শ্রাবণ।
বৃষ্টি [দ্র ২০]। বন্যা, প্লাবন [দ্র ২১]।
বিণ· বর্ষাকালীন, বর্ষার, বাদুলে, প্রাবৃষিক, প্রাবৃষ্য, বর্ষিক, প্রাবৃষিজ, প্রাবৃষেণ্য। বর্ষাজাত, বর্ষাতী।

১৬০·৩ শরৎ

বি· শরৎ, শরৎকাল, ঘনান্ত, মেঘাপগম, বর্ষাত্যয়, জলাত্যয়, মেঘাত্যয়, ঘনাত্যয়, প্রাবৃড়ত্যয়, বর্ষাবসান, অগস্ত্যোদয়, কৌমুদ; ভাদ্র, আশ্বিন।
শরচ্চন্দ্র, শরদিন্দু, শরৎশশী।
বিণ· শারদ, শারদীয়, শারদীয়া, শরৎকালীন; শারদী।

১৬০·৪ হেমন্ত

বি· হেমন্ত, হেমন্তকাল, শরদন্ত, হিমঋতু; কার্তিক, অগ্রহায়ণ।
বিণ· হৈমন্ত, হৈমন্তিক, হৈমন্তী, হৈমন, হেমন্তকালীন; আমন।

১৬০·৫ শীত

বি· শীত, শীতকাল, হিমঋতু, হিমাগম; পৌষ, মাঘ।
শৈত্য, ঠাণ্ডা [দ্র ৫৭০]; শীতাধিক্য, শৈত্যাধিক্য। শীতাগম। শৈত্যপ্রবাহ, শীতের প্রকোপ; হিমেল হাওয়া, উত্তুরে হাওয়া। শীত পড়া-, ঠাণ্ডা পড়া-।
বিণ· শীতকালীন, শীতের। হিমেল। শীতপ্রধান।

১৬০·৬ বসন্ত

বি· বসন্ত, বসন্তকাল, হিমান্ত, মধুমাস, মধুকাল, কামসখ, কুসুমাকর, কুসুমাগম, ঋতুপতি, ঋতুরাজ; ফাল্গুন, চৈত্র।
বসন্তবায়ু, বসন্তবাতাস, দখিনাবাতাস, বসন্তবায়, দখিনবায়।
বসন্তোৎসব, মদনোৎসব, মধূৎসব, সুবসন্তক; হোলি, দোল [দ্র ৫৯৫]।
বিণ· বসন্তকালীন, বাসন্তী, বাসন্ত, বাসন্তিক, বাসন্তিকা।

১৬১ শুভক্ষণ

বি· শুভক্ষণ, শুভমুহূর্ত, সুলগ্ন, শুভলগ্ন, শুভলগন, লগ্ন, সুসময়, শুভকাল, শুভসময়, পুণ্যকাল। কালশুদ্ধি।
প্রকৃষ্টসময়, প্রশস্তকাল, বিহিতকাল, বিহিত সময়। মাহেন্দ্রক্ষণ, মাহেন্দ্রযোগ; অমৃতযোগ; শুভগ্রহ, শুভযোগ, অধিযোগ, পুণ্যযোগ। বৃহস্পতির দশা।
শুভদিন, ভালোদিন, সুদিন, পুণ্যদিন, পুণ্যতিথি, পুণ্যাহ, পবিত্রদিন; পরবের দিন, বছরকার দিন, পর্বাহ। আনন্দের দিন, সুখের দিন, সুখবাসর।
সুপ্রভাত। শুভসন্ধ্যা। শুভরাত্রি।

১৬২ অবিহিত কাল

বি· অবিহিত কাল, অপ্রশস্ত সময়, অপ্রকৃত সময়, অপ্রশস্ত কাল, অলগ্ন।
কুক্ষণ, খারাপসময়, অসময়, দুঃসময়, অশুভক্ষণ, অশুভকাল, অশুভসময়, দুষ্কাল, আকাল, কুকাল, অক্ষণ, কুলগ্ন।
কুগ্রহ, কালবেলা, কালাশুদ্ধি, কালাসংগতি। বারবেলা। কালরাত্রি। গ্রহদোষ, অশুভযোগ, অপগ্রহ, দুর্গ্রহ; শনির দশা।
অদিন, দুর্দিন, কুদিন, অশুভদিন, অঘাহ; অশুভতিথি, আদিবস।
অযাত্রা; অশ্লেষা; মঘা। ত্র্যহস্পর্শ, ত্র্যহস্পৃক। দগ্ধা। মলমাস।
অকাল, অবেলা, বেটাইম, বেঠিক সময়, বেমরশুম।
অকালপক্কতা, অকালপক্কত্ব। অকালবৃদ্ধত্ব, অকালবার্ধক্য। অকালকুসুম। অকালমেঘোদয়, অকাল-জলদোদয়।
বিণ· অকালের, অকালজাত, অকালজ, অকালিক, বেমরশুমি, অসাময়িক।
অকালপক্ক, এঁচড়েপাকা; অকালবৃদ্ধ। অকালমৃত। অকাণ্ডজাত; অনার্তব। অসময়নিষ্ঠ।
ক্রি-বিণ· কুক্ষণে, অক্ষণে, অদিনে; অসময়ে।

১৬৩ দিন

বি· দিন, দিবস, অহ, অহ্ন, বার, রোজ, বাসর। অহোরাত্রি, দিনরাত্রি, দিবসরজনী, দিনযামিনী, দিনরজনী, নক্তন্দিব, সাবন, অহোরাত্র, চব্বিশঘণ্টা, অষ্টপ্রহর, আটপ্রহর।
অষ্টকাল [প্রাতঃ; পূর্বাহ্ণ; মধ্যাহ্ন; সায়াহ্ন; অপরাহ্ণ; প্রদোষ; মধ্যরাত্রি; নিশান্তক]।
সৌরদিন।
দিবাভাগ, দিবা, দিনমান, দিন, দিবসকাল, দিবালোক, বেলা।
তারিখ, দিনসংখ্যা, দিনাঙ্ক।
বার [সোম; মঙ্গল, ভৌমবার; বুধ; বৃহস্পতি, লক্ষ্মীবার, গুরুবার; শুক্র, জুম্মাবার, জুমা; শনি; রবি]।
তিথি, চান্দ্রদিন [প্রথমা, প্রতিপদ; দ্বিতীয়া; তৃতীয়া; চতুর্থী; পঞ্চমী; ষষ্ঠী; সপ্তমী; অষ্টমী; নবমী; দশমী; একাদশী; দ্বাদশী; ত্রয়োদশী; চতুর্দশী]; পূর্ণিমা [দ্র ৬]; অমাবস্যা [দ্র ৬]। ত্র্যহস্পর্শ। দ্ব্যহ, দ্ব্যাহিক। অতিতিথি।
একদিন, একাহ।
প্রাত্যহিকতা, প্রাত্যহিকী; দৈনন্দিনতা; দিনকৃতি, নিত্যকর্ম।
বিণ· প্রাত্যহিক [১৩৪], দৈনিক, আহ্নিক, আহ্ন; দৈনন্দিন, দিনগত, রোজের, রোজকার, দিবসীয়, দৈন, একাহিক, ঐকাহিক, প্রতিদিবসীয়, নৈত্যিক, আদ্বাহিক, দিবাতন।

ক্রি-বিণ· প্রতিদিন, দিনদিন, দৈনিক, প্রত্যহ, রোজ, রোজ রোজ, হররোজ, হরদিন, দিনের পর দিন, অনুদিন, দিনানুদিন, প্রতিবাসর, অন্বহ।

সারাদিন, দিনভর, দিবসব্যাপী, দিনব্যাপী, সারাবেলা; দিবারাত্র, অহর্নিশ, অহোরাত্র [১৩৪], অষ্টপ্রহর, সারাদিনরাত্রি, দিনরাত, রাতদিন।

দিনে দিনে; দিন থাকতে থাকতে, দিনমানে, আলোয় আলোয়, বেলাবেলি।

১৬৪ দিনসমষ্টি

১৬৪·১ সপ্তাহ

বি· সপ্তাহ, সাতদিন, সপ্তা, হপ্তা, উইক। ছাপ্পান্ন প্রহর। সপ্তাহান্ত, উইকএন্ড। সাপ্তাহিকী।

বিণ· সাপ্তাহিক। সপ্তাহভর, সপ্তাহব্যাপী।

সাপ্তাহান্তিক।

ক্রি-বিণ· সপ্তাহে সপ্তাহে, ফি সপ্তাহে, প্রতিসপ্তাহে, ফি হপ্তা।

১৬৪·২ পক্ষ

বি· পক্ষ, দ্বিসপ্তাহ, মাসার্ধ, আধমাস, পনের দিন, অর্ধমাস।

বিণ· পাক্ষিক।

১৬৪·৩ মাস

বি· মাস, তিরিশ দিন। সৌরমাস। চান্দ্রমাস। [বাংলা মাস] বৈশাখ, বোশেখ; জ্যৈষ্ঠ, জষ্ঠি; আষাঢ়; শ্রাবণ, শাওন; ভাদ্র, ভাদ্দর, ভাদর, প্রোষ্ঠপদ; আশ্বিন; কার্তিক; অগ্রহায়ণ, অঘ্রান, মার্গশির, মার্গশীর্ষ; পৌষ, তৈষ; মাঘ; ফাল্গুন, ফাগুন; চৈত্র, চোত, চিত্রিক, চৈত্য, মধুমাধব, মধুমাস। [ইংরেজি মাস] জানুয়ারি; ফেব্রুয়ারি; মার্চ; এপ্রিল; মে; জুন; জুলাই; আগস্ট; সেপ্টেম্বর; অক্টোবর; নভেম্বর; ডিসেম্বর। [হিজরি মাস] মহরম; শফর; রবিউল আউয়ল; রবিয়স সানি; জমাদিয়ল আউয়ল; জমাদিয়স্ সানি; রজব; শাবান; রমজান; শওয়াল; জেলকদ; জেলহজ্জ।

মলমাস, অধিমাস।

মাসকাবার, সংক্রান্তি, মাসান্ত।

চৈত্রসংক্রান্তি, চড়কসংক্রান্তি; পৌষসংক্রান্তি, মকরসংক্রান্তি; কার্তিকসংক্রান্তি, জলবিষুব।

মাসমাইনে; মাসোহারা [দ্র ৭২৯]।

বিণ· মাসিক; মাসান্তিক, মাসকাবারি। মাসকিয়া।

বৈশাখী; আষাঢ়ে; শ্রাবণী, শ্রাবণে, শ্রাবণিক, শ্রাবুণে; ভাদুরে, ভাদ্দুরে; আশ্বিনে; পৌষালি; মাঘী; ফাল্গুনী, ফাল্গুনে, ফাগুনি; চৈতালি, চৈতি, চৈত্রী, চৈত্রিক।

ক্রি-বিণ· মাসে মাসে, প্রতি মাসে; মাসভর, সারামাস, মাসাবধি, মাস ধরে।

১৬৪·৪ বছর

বি· বছর, বৎসর, বর্ষ, ঋতুবৃত্তি, সাল, সন, অব্দ, যুগাংশক, হায়ন; বারোমাস। খ্রিস্টাব্দ: শকাব্দ; বিক্রমাব্দ, বঙ্গাব্দ; সংবৎ; হিজরি। খ্রিস্টপূর্ব, খ্রিস্টপূর্বাব্দ।

সৌরসংবৎসর।

নববর্ষ, নতুনবছর, নিউইয়ার; বছরের প্রথম দিন, নওরোজ।

বর্ষপূর্তি।

বৎসরান্ত; সালতামামি; বছর শেষ।

শতবর্ষ; শতাব্দী, শতক। শতবার্ষিকী। দশক, ডিকেড।

পঞ্চবৎসর; বর্ষপঞ্চক [সংবৎসর; পরিবৎসর; ইদাবৎসর; উদাবৎসর; অনুবৎসর]।

বিণ· বার্ষিক, বাৎসরিক, বছরকার; সাংবৎসরিক, সাংবৎসর, সালিয়ানা। দ্বিবার্ষিক, দ্বৈবার্ষিক, দ্বৈবর্ষিক। পঞ্চবার্ষিক।

শতবার্ষিক, সেন্টিনারি।

ক্রি-বিণ· বছরে বছরে, বর্ষে বর্ষে, প্রতিবছর, ফি-বছর, হরসাল।

সংবৎসর, সম্বৎসর, সারাবছর, বছরভর, সাংবৎসরিক।

১৬৪·৫ সাময়িক [বিবিধ]

বিণ· ষাণ্মাষিক, অর্ধবাৎসরিক; ত্রৈমাসিক, কোয়ার্টারলি। দ্বিমাসিক, বাইমান্থলি। অর্ধসাপ্তাহিক, বাইউইকলি।

১৬৫ সকাল

বি· সকাল, সকালবেলা, ভোর, ভোরবেলা, প্রভাত, প্রাতঃকাল, প্রাতঃ, প্রভাতবেলা, বিভাত, প্রাতর্, ঊষা, ঊষালগ্ন, ঊষাকাল, ঊষসী, প্রত্যূষ, নিশান্ত, রাত্রিশেষ, নিশাবসান, নিশান্তিকা, নিশাত্যয়, নিশিভোর, বিহান, ফজর, সুবাহ্, উদয়কাল, অরুণোদয়, সূর্যোদয়কাল, পূর্বাহ্ণ, প্রাহ্ণ; সাতসকাল, কাকভোর; ব্রাহ্মমুহূর্ত।

রাতপোহানো-, সকাল হওয়া-, ভোর হওয়া।

প্রাতঃকৃত্য, প্রাতঃক্রিয়া [মলমূত্রত্যাগ; দন্তধাবন; স্নান; উপাসনা]।

প্রাতঃপ্রণাম। প্রাতঃসন্ধ্যা, পূর্বসন্ধ্যা [দ্র ৫৮৪]।

বিণ· প্রভাতী, প্রাতঃকালীন, ঊষসী, ভোরের, প্রভাতের, সকালের, প্রাভাতিক; পৌর্বাহ্ণিক, পূর্বাহ্ণকালীন, পূর্বাহ্ণিক।

ক্রি-বিণ· সকালে, ভোরে, প্রাতে; সাতসকালে, রাত থাকতে থাকতে, কাকভোরে, রাত না পোহাতে, ভোর না হতে, সক্কালবেলা, কোন সকালে।

১৬৬ দুপুর

বি· দুপুর, দুপোর, মধ্যাহ্ন, মধ্যদিন, মধ্যাহ্নকাল, দ্বিপ্রহর, দুইপ্রহর, মাঝবেলা, দিনদুপুর, ভরদুপুর, দিনযৌবন, দিবামধ্য, মাধ্যন্দিন, মধ্যন্দিন, যোহর।

বিণ· মধ্যাহ্নকালীন, দ্বিপ্রাহরিক, মাধ্যাহ্নিক, দুপুরের, মধ্যাহ্নের।

ক্রি-বিণ· দুপুরে, মধ্যাহ্নে; দিনদুপুরে, ভরদুপুরে।

১৬৭ বিকাল

বি· বিকাল, বিকেল, বিকেলবেলা, বৈকাল, অপরাহ্ণ, পরাহ্ণ, তিনপ্রহর, তৃতীয় প্রহর, আসর, বেলাবসান।

বিণ· বৈকালি, বৈকালিক, বৈকালীয়, বৈকালীন; বৈকালিকী,

বৈকালিনী, আপরাহ্ণিক, অপরাহ্ণকালীন, অপরাহ্ণতন; বিকালের, বিকেলের।
ক্রি-বিণ· বিকেলে, অপরাহ্ণে; বেলাশেষে।

১৬৮ সন্ধ্যা

বি· সন্ধ্যা, সাঁঝ, সাঁজ, সাঁঝবেলা, প্রদোষ, সায়াহ্ন, গোধূলি, সায়, সায়ংকাল, দিনান্ত [১৪৩], দিনশেষ, দিবাবসান, দিবাবসান-কাল, সূর্যাস্তকাল, অস্তকাল, নিশামুখ, নিশাগম, দিনাত্যয়, দিবসাত্যয়, দিনাবসান, দিনশেষ; সূর্য পাটে নামা-। ভরসন্ধ্যা। ত্রিসন্ধ্যা; ত্রৈকালিকা।
বিণ· সান্ধ্য, প্রদোষকালীন, সায়ংকালীন, সন্ধ্যাকালীন, সায়ন্তন, সাঁঝের, প্রাদোষিক।
ক্রি-বিণ· সন্ধ্যায়, প্রদোষে, সাঁঝে।

১৬৯ রাত্রি

বি· রাত্রি, রাত, রাত্তির, রাতি, নিশি, নিশা, নিশীথ, রজনী, যামিনী, যামবতী, যামী, যামিকা, শমনী, শর্বরী, বিভাবরী, ক্ষণদা, নক্ত, নিশীথিনী, নিশুতি, ত্রিযামা, ক্ষপা, তামসী, তারকিণী, ইন্দুকান্তা, অসুরা, অন্ধিকা, নিঃসম্পাত।
রাত্রিবেলা, রাত্তিরবেলা, রাতের বেলা; রাতবিরেত; সর্বাবসর। সন্ধ্যারাত, সন্ধ্যারাত্রি।
মহানিশা, মহানিশি।
মধ্যরাত্রি, মাঝরাত, রাতদুপুর, দুপুররাত, গভীররাত, ঘোররাত; অর্ধরাত্রি, রাত্রিদ্বিপ্রহর; নিশুতিরাত।
শেষরাত, ভোররাত, নিশাবসান, নিশান্ত [১৬৫], নিশান্তিক, উচ্চন্দ্র।
নিশিযাপন(ক), রাত্রিবাস(ক), রাতকাটানো- [দ্র ১৮৫]।
বিণ· নৈশ, রাত্রিকালীন, নৈশীথ, নৈশিক; রাতের, রাত্তিরের, নিশীথের।
বিণ/বি· নিশাচর, রাত্রিচর, রাত্রিঞ্চর, নক্তচর, নক্তচারী, নক্তঞ্চর, নিশাট।
ক্রি-বিণ· সারারাত, রাতভর, সারারাত ধরে; রাতে, রাত্রে, নিশীথে। রাত থাকতে থাকতে, রাতারাতি।
বি· অন্ধকার [দ্র ৩৭]। রাতজাগা [দ্র ৮০]। রাতকানা [দ্র ১০১]।

১৭০ বয়স

বি· বয়স(হ, বাড়া-), বয়েস, বয়ঃক্রম, বয়ঃকাল, উমর, বয়ঃ।
তিনকাল [বাল্য; যৌবন; প্রৌঢ়]।
আয়ু, পরমায়ু, আয়ুষ্কাল, জীবনকাল, জীবিতকাল, জীবৎকাল, জীবদ্দশা [৫০]; ইহকাল, ইহজীবন, ইহজন্ম; পরমাই, প্রমাই, আয়ুষ্মত্তা।
দীর্ঘজীবন, দীর্ঘজীবিতা, দীর্ঘজীবিত্ব; চিরজীবিতা, চিরজীবিত্ব, চিরায়ুষ্মত্তা।
হ্রস্বজীবন, ক্ষণজীবন, হ্রস্বজীবিতা, অচিরজীবিতা, অচিরজীবিত্ব।
বয়োবৃদ্ধি(পা)।
বয়োধর্ম; বয়োগুণ; বয়োদোষ।
আয়ুর্দ্রব্য।
বিণ· বয়ঃপ্রাপ্ত, প্রাপ্তবয়স্ক, বর্ষীয়; বয়স্ক; বয়স্য, বয়সী।
বয়সোচিত, বয়সোপযোগী।
আয়ুষ্মান, আয়ুষ্মতী, স্বায়ু, দীর্ঘায়ু, দীর্ঘজীবী; চিরজীবী [১৩৪], পূর্ণজীবী, পূর্ণায়ু, চিরায়ু, চিরায়ুষ্মান; শতায়ু, শতিক, শতবর্ষজীবী।
অল্পায়ু, স্বল্পায়ু, স্বল্পজীবী, অল্পজীবী, অচিরজীবী, অল্পেয়ে, অলপ্পেয়ে, অল্পাই, ক্ষীণায়ু, ক্ষণজীবন, ক্ষণজীবী।
আয়ুঃপ্রদ, আয়ুষ্কর, আয়ুষ্য, আয়ুষ্কাম, আয়ুষ্কৃৎ, আয়ুর্বৃদ্ধিকর।
বয়োজ্যেষ্ঠ, বড়, জ্যেষ্ঠ, বয়সে বড়; অগ্রজাত, অগ্রজ, অগ্রজন্মা [দ্র ৬২৯], সিনিয়র।
মধ্যম, মেজো। তৃতীয়, সেজো। ন। ফুল। রাঙা। সোনা।
অনুজ, কনিষ্ঠ [৬২৯], অনুজাত, অনুজন্মা, বয়ঃকনিষ্ঠ, ছোট, বয়সে ছোট, কনীয়ান, কণ্যান, কড়ে, খুল্ল, জুনিয়র।
হাঁটুর বয়সী, অনেক ছোট।
ক্রি-বিণ· আজন্ম, আজন্মকাল, জীবনভর, আজীবন [৫০], জন্মাবধি, যাবজ্জীবন, জীবনাবধি, জন্মইস্তক, সারাজীবন, চিরজীবন, জন্মজীবন, জন্মশোধ, জন্মাবচ্ছিন্ন।
জীবনের শেষদিন পর্যন্ত, আমৃত্যু, আমরণ।
বয়সে, আয়ুষ্কালে, জন্মে। বাপের জন্মে।

১৭১ শৈশব

বি· শৈশব, শৈশবকাল, শিশুকাল, বাল্যকাল, ছেলেবেলা, শৈশবাবস্থা, বাল্য।
শিশুভাব, শিশুত্ব; শৈশবলীলা।
শিশুপ্রকৃতি, শিশুস্বভাব; শিশুমন, শিশুহৃদয়।
শৈশবসঙ্গী [দ্র ৬০৩]।
শিশুপালন(ক), বালচর্যা।
বিণ· শিশুসুলভ, বাল্য।
বিণ·/**বি**· শিশু, বাল, বাচ্চা, কচি, কাঁচা, কচিকাঁচা, কাচ্চাবাচ্চা, ছানাপোনা, ছোটবাচ্চা, কোলাচ, অর্ভক, বালিশ, অব্রুবাণ, মুষ্টিন্ধয়, বেবি; নবজাত, নবজাতক, সদ্যোজাত [৫৬], সদ্যঃপ্রসূত; দুধের শিশু, দুধের বাচ্চা; দুগ্ধপোষ্য; পোগণ্ড, অপোগণ্ড, অঙ্কগ। বৎস, বাছা, বাছাধন, যাদুমণি, যাদুধন, যাদু; পৃথুক।
শাবক, ছানা, বাচ্চা।
ক্রি-বিণ, আশৈশব, ছেলেবেলা থেকে, আজন্ম; আবাল্য, বাল্যাবধি।

১৭২ বালক

বিণ·/**বি**· বালক, নাবালক, অল্পবয়স্ক, ছেলেমানুষ, অপ্রাপ্তবয়স্ক, অপরিণতবয়স্ক, অল্পবয়সী; অপ্রাপ্তযৌবন; অজাতশ্মশ্রু; অপরিপক্ক। কিশোর, নবীন।
পৌগণ্ড [১২৬], পৌগণ্ডক।
ছোকরা, ছেলেছোকরা, চ্যাংড়া, ছোঁড়া; নবীন কিশোর,

নওলকিশোর; অর্বাচীন, বালখিল্য; মানবক; কুমার, কৌমার, খোকা, খোকাবাবু, পোঁটা।

বালিকা, নাবালিকা; অল্পবয়স্কা, অপ্রাপ্তবয়স্কা; অপ্রাপ্তযৌবনা, অপ্রকাশিতযৌবনা, অনুদ্ভিন্নযৌবনা; অজ্ঞাতযৌবনা।

ছুকরি, ছুঁড়ি; কিশোরী, নবীনা; কুমারী; খুকি, খুকু, খুকুমণি, পুঁটি।

দুরন্ত, দামাল, দুষ্টু, দস্যি, হাতেপায়ে দুরন্ত।

বি· বাল্য, বাল্যদশা, বাল্যাবস্থা, বালকবয়স, অল্পবয়স, অপরিণতবয়স; অপ্রাপ্তবয়স্কতা; অপরিপক্কতা; নাবালকত্ব; নবীনতা, নবীনত্ব।

ছেলেমি, ছেলেমানুষি; খোকামি, খোকামো, খোকাপনা; আদুরেপনা। দুষ্টুমি, দুরন্তপনা।

কৈশোর; বয়ঃসন্ধি, বয়ঃসন্ধিকাল।

বিণ· বালকসুলভ, বালকোচিত, বালসুলভ; কিশোরসুলভ, কৈশোরক।

১৭৩ যৌবন

বিণ· যৌবন, যৌবনকাল, যৈবন, উঠতিবয়স, বয়সকাল, যুবাবয়স, যৌবনবয়স; প্রাপ্তবয়স।

যুবকত্ব, সাবালকত্ব; তারুণ্য, তরুণতা, তরুণিমা; যৌবনাবস্থা।

বড় হওয়া-, বড় হয়ে ওঠা-। যৌবনোদয়, যৌবনসঞ্চার, যৌবনারম্ভ, বয়ঃসন্ধি [১৭২], নবযৌবন।

যৌবনশ্রী, যৌবনসম্পদ, যৌবনভার, যৌবনমদ।

যৌবনলক্ষণ, বয়সা। যৌবনচাঞ্চল্য।

পুনর্যৌবন(লাভ, পা); যৌবনবটিকা; কায়কল্প।

যুবসমাজ, যুবসম্প্রদায়, যুবকসম্প্রদায়, তরুণসম্প্রদায়। যুবসম্মেলন।

যুবমানস, তরুণমন।

বিণ·বি· যুবক, যুবা, যুব, যুবাপুরুষ, জোয়ান, যুবান, নবযুবক, তরুণ, কিশোর [১৭২], নবযুবা, নওজোয়ান, যৌবনবান, যৌবনসম্পন্ন; প্রাপ্তবয়স্ক, বয়ঃপ্রাপ্ত, বয়স্থ, সাবালক, প্রাপ্তযৌবন; ধাড়ি, ধেড়ে; সেয়ানা, লায়েক, উচক্কা, উঠতি। মস্তান, মাস্তান।

অপ্রবীণ, অবৃদ্ধ।

যুবতী, তরুণী, তরুণকিশোরী, নবযুবতী, কিশোরী, যৌবনবতী, যৌবনী, যুনী, উদ্ভিন্নযৌবনা; প্রাপ্তবয়স্কা, বয়ঃপ্রাপ্তা, বয়স্থা, সাবালিকা; সোমত্ত, ডাগর, ডবকা; ছুকরি, ছুঁড়ি [১৭২], নব্যা; ধনি, ধনিকা।

বিণ· যৌবনসুলভ, তারুণ্যপূর্ণ। যুবজনোচিত।

যৌবনমদমত্তা।

১৭৪ প্রৌঢ়ত্ব

বি· প্রৌঢ়ত্ব, প্রৌঢ়তা, প্রৌঢ়াবস্থা, মাঝবয়স, আধাবয়স।

বিণ·/বি· প্রৌঢ়, মাঝবয়সী, মধ্যবয়স্ক, মধ্যবয়সী, মধ্যমবয়স্ক, আধবয়সী, আধাবয়সী, অর্ধবয়স্ক; বিগতযৌবন, গতযৌবন, যৌবনোত্তীর্ণ। আধবুড়ো, আধাবুড়ো।

প্রৌঢ়া, মধ্যবয়স্কা, অর্ধবয়স্কা; বিগতযৌবনা, যৌবনোত্তীর্ণা।

বিণ· প্রৌঢ়োচিত, প্রৌঢ়জনোচিত।

১৭৫ বার্ধক্য

বি· বার্ধক্য, বৃদ্ধদশা, বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা, বৃদ্ধভাব, প্রবীণতা।

শেষবয়স, পরিণতবয়স।

বুড়োটেভাব, বুড়োপনা।

তিনকাল গিয়ে এককাল ঠেকা-।

বয়স হওয়া-। জরায় ধরা; জরা, জীর্ণাবস্থা, জীর্ণি।

স্থাবির, স্থাবির্য।

বুড়োনো-, বুড়িয়ে যাওয়া-, বুড়ো হওয়া-।

বলিরেখা, শিথিলচর্ম, লোমচর্ম। বলিভ; জরূথ, শ্লথমাংস।

বয়সের গাছপাথর না থাকা-।

বিণ·/বি· বৃদ্ধ, বয়োবৃদ্ধ, বুড়ো, বর্ষীয়ান, শেষবয়ঃ, বর্ষিষ্ঠ, ভেটারেন।

প্রবীণ, প্রবীণবয়স্ক, প্রাচীনবয়স্ক, প্রাচীন, বয়স্বী, পরিণতবয়স্ক, প্রবর্হ, প্রবয়াঃ। অশীতিপর বৃদ্ধ।

বার্ধক্যপীড়িত, বার্ধক্যজীর্ণ, জরাগ্রস্ত, জরাযুক্ত, জীর্ণদেহ; অথর্ব, অকর্মণ্য। স্থবির। জরদ্গব, জরৎ।

থুড়থুড়ে বুড়ো, খুনখুনে বুড়ো, থুত্থুড়ে, হাবড়া, বুড়ো হাবড়া; থুবড়া, থুবড়ো; বুড়োধাড়ি।

বৃদ্ধা, বুড়ি, প্রবীণা, প্রাচীনা, শেষবয়সী; বর্ষীয়সী।

জরতী। বলিন; ত্রিবলিযুক্ত। দশমীস্থ। শতানীক।

৬ স্থান-অধিষ্ঠান-আশ্রয়

১৭৬ স্থান

বি· স্থান, জায়গা, দেশ, ক্ষেত্র, অঞ্চল, দেশাংশ, স্থল, ভূমি, জমি; ঠাঁই, ঠাম, মণ্ডল; পল্লী, পাড়া; পড়শ, তলা, তল্লাট, মহল্লা, মহল, এলাকা, দিক, মুলুক, মুল্লুক, লোকালিটি; পরগনা [দ্র ১৮৪]; তালুক [দ্র ১৮৪]।

পরিসর [দ্র ৪৫৭], ব্যাপ্তি, বিস্তার। আয়তন [দ্র ৪৬৬]। সীমা [দ্র ১৯৭, ৪৬১]।

মাঠ, ময়দান [১৯১]; চক; পার্ক।

চতুর্দিক, চৌহদ্দি। উপকণ্ঠ, উপান্ত, তল্লী, তলি, সাবার্ব, নিকটবর্তী অঞ্চল, আশপাশ।

আনাচকানাচ, কোনা, কানাচ। গলিঘুঁজি [৩১৩]।

জায়গা জুড়ে থাকা-, অধিষ্ঠান [দ্র ১৮৫], জায়গা জোড়া-, জায়গা নেওয়া-, জায়গা দখল(ক), স্থান বাগানো-।

জায়গা হওয়া-, স্থান সংকুলান(হ), জায়গা থাকা-, স্থান

হওয়া-; আঁটা-, এঁটে যাওয়া-, আঁটানো-, ধরা-, ধরানো-, ধরে যাওয়া-, তাংড়ানো-।

আঞ্চলিকতা, প্রাদেশিকতা [দ্র ৬৪৯]।

বিণ· আঞ্চলিক, স্থানীয়, লোকাল, স্থানিক, অঞ্চলীয়, স্থলীয়, স্থানী; দেশীয়, দেশী, দেশজাত, দেশজ, দৈশিক, দেশ্য, দেশিক, দেশোৎপন্ন, দেশস্থ, দিশি।

উপকণ্ঠীয়, উপকণ্ঠ্য; উপকণ্ঠবাসী।

দেশজোড়া, দেশব্যাপী, দেশময়, সারাদেশ; দেশজুড়ে। প্রাদেশিক।

১৭৭ স্বদেশ

বি· স্বদেশ, মাতৃভূমি, জন্মভূমি, স্বভূমি, পিতৃভূমি; স্বস্থান, স্বরাজ্য, মুলুক; বাসভূমি; নিজভূমি, নিজের দেশ, দেশ, নিবাস, আবাস [দ্র ১৮৫]।

দেশমাতা, দেশমাতৃকা, দেশজননী।

দেশপ্রেম, দেশভক্তি, স্বদেশপ্রেম, দেশাত্মবোধ, স্বদেশবাৎসল্য, স্বদেশানুরক্তি, স্বদেশানুরাগ। দেশহিতৈষণা, দেশহিতব্রত।

স্বাদেশিকতা[৬৪০]; জাতীয়তাবাদ; স্বাজাত্য, স্বজাতীয়তা, স্বাজাত্যবোধ, স্বাজাতিকতা; স্বজাতিপ্রেম, স্বজাতিপ্রীতি।

দেশাচার [দ্র ৬০৯, ২১০]।

নাগরিকতা, নাগরিকত্ব; ন্যাশনালিটি; জাতি [দ্র ৬৪০]।

স্বদেশবাস(ক) [১৮৫], দেশে বাস(ক), দেশে থাকা-, অপ্রবাস।

স্বদেশী আন্দোলন; স্বাধীনতা আন্দোলন, স্বাধীনতা সংগ্রাম।

[বিপ·] দেশদ্রোহিতা, দেশদ্রোহ, রাষ্ট্রদ্রোহিতা।

বিণ· স্বদেশী, স্বদেশীয়, দেশীয়, দেশী, দেশজ; স্বাদেশিক, স্বাজাতিক, দিশি।

বিণ·/বি· স্বদেশবাসী, দেশবাসী, স্বজাতি।

দেশে বসবাসকারী, স্বদেশবাসী, অপ্রবাসী।

বিণ· দেশাত্মবোধক। [বিপ·] দেশদ্রোহমূলক।

বিণ·/বি· দেশপ্রেমিক, দেশভক্ত, স্বদেশভক্ত, স্বদেশপ্রেমিক, স্বদেশবৎসল, দেশহিতৈষী, দেশহিতব্রতী; দেশপ্রিয়, দেশবন্ধু।

[বিপ·] দেশদ্রোহী, রাষ্ট্রদ্রোহী; গৃহশত্রু, স্বদেশের শত্রু, ঘরের শত্রু, ঘরভেদী; বিভীষণ; মিরজাফর; কুইসলিং; পঞ্চমবাহিনী, বিভীষণবাহিনী।

বি· ভারতবর্ষ, ভারত, হিন্দুস্থান, ইন্ডিয়া; হৈমবত।

[পৌরা·] জম্বুদ্বীপ, বর্ষ, কিম্পুরুষ, হরি, রম্যক, হিরণ্ময়, উত্তরকুরু, ইলাবর্ত, ভদ্রাশ্ব, কেতুমালা।

বঙ্গভূমি, বঙ্গ, বাংলা, বঙ্গদেশ, বাংলাদেশ, গৌড়; পশ্চিমবঙ্গ; পূর্ববঙ্গ; উত্তরবঙ্গ; সমতট; রাঢ়; বরেন্দ্রভূমি।

আর্যাবর্ত, উত্তরাপথ, উত্তরাখণ্ড। দাক্ষিণাত্য, দক্ষিণাপথ, আটব।

ভারতীয়ত্ব, ভারতীয়তা।

ভারততত্ত্ব, ভারতবিদ্যা, ইন্ডোলজি।

বিণ·/বি· ভারতীয়, ভারতবর্ষীয়; ভারতবাসী। ভারতসন্তান।

ভারতমাতা।

বঙ্গীয়, বঙ্গদেশীয়; গৌড়ীয়, গৌড়িয়া; বাঙালি।

১৭৮ বিদেশ

বি· বিদেশ, ভিনদেশ, অন্যদেশ, ভিন্নদেশ, দেশান্তর, ভিনরাজ্য, বিবাগ, বিভুঁই; বহির্জগৎ, বহির্বিশ্ব। বিদেশবিভুঁই।

পরদেশ, পরবাস, পরভূম, পরভূমি।

দেশবিদেশ, নানাদেশ। বিলেত, বিলাত।

প্রবাস, বিদেশবাস [১৮৫]।

প্রবসন, প্রবাসন, উদ্বসন, উদ্বাসন, অভিবাস।

দেশত্যাগ(ক), দেশান্তর(যাওয়া-), দেশছাড়া-; বিদেশযাত্রা(ক), বিদেশগমন(ক), বাইরে যাওয়া-; সাগরপাড়ি দেওয়া-; কালাপানি পার হওয়া-।

পাসপোর্ট, ছাড়পত্র [২৭৯]; ভিসা, প্রবেশপত্র।

বিণ· বৈদেশিক, বিদেশী, বিদেশীয়, ভিনদেশী।

পরদেশী, পরবাসী, প্রাবাসিক।

বিণ·/বি· বিদেশবাসী, প্রবাসী, প্রবসিত, দেশান্তরিত, পারদেশ্য, দেশান্তরীয়, প্রোষিত, বিবাগী, বিবাসী, অভিবাসী।

বিদেশস্থ, প্রবাসস্থিত।

বিদেশাগত; বিদেশপ্রত্যাগত; বিলেতফেরত।

উদ্বাস্তু, বাস্তুহারা, রিফিউজি।

দেশত্যাগী, স্বদেশত্যাগী; দেশান্তরী; বাস্তুত্যাগী।

বহিরাগত, অস্থানিক, অনাবাসী।

বি· বৈদেশিক নীতি, বিদেশনীতি। বৈদেশিক বাণিজ্য। বৈদেশিক মুদ্রা, বিদেশীমুদ্রা।

বিণ·/বি· বিলাতি, বিলেতি, বিলিতি; ইংরেজ। মার্কিন, মার্কিনি; অ্যামেরিকান। চীনে, চীনা, চৈনিক। জাপানি। ওলন্দাজ, ডাচ। দিনেমার। ফরাসি, ফ্রেঞ্চ; ফিরিঙ্গি। রুশি, রুশ, রাশিয়ান। পর্তুগিজ। সিংহলি। বাংলাদেশী। নেপালি। পাকিস্তানি। ইরানি। কোরীয়, কোরিয়ান। অস্ট্রেলীয়, অস্ট্রেলিয়ান। মিশরীয়। কাফ্রি। ইউরোপীয়, ইউরোপিয়ান। এশিয়ান, এশীয়। আফ্রিকান।

১৭৯ এখান

বি· এখান, এইস্থান, এই জায়গা, এতদ্দেশ।

অব্য· এখানে, এইখানে, এইস্থানে, এ জায়গায়, অত্র, হেথা, হেথায়, এথা।

অত্রস্থ, অত্রত্য।

বিণ· এইস্থানের, এখানকার, এখানের, এতদ্দেশীয়, অস্মদ্দেশীয়।

১৮০ সেখান

বি· সেখান, ওখান, সে জায়গা, সেস্থান, তথা।

অন্যস্থান, স্থানান্তর। স্থানান্তরণ।

অব্য· সেখানে, ওখানে, সেথা, সেথায়, তত্র, তথা, তথায়, ওই স্থানে, হোথা, হোথায়।

অন্যস্থানে, অন্যজায়গায়, অন্যত্র, স্থানান্তরে।

স্থানভেদে, জায়গাভেদে।

এখানে সেখানে, এদিক ওদিক, এদিকে ওদিকে, এধার ওধার, এখান সেখান, ইতিউতি।

যত্র, যেথা, যেখানে, যেথায়, যেস্থানে, যথা, যেখানটায়।

বিণ· সেখানের, সেখানকার, সেস্থানের, ওখানের, ওখানকার, তথাকার, তত্রত্য।

১৮১ সবজায়গা

বি· সবজায়গা, সর্বস্থান; দিগ্বিদিক, দিকাদিক, দিগ্‌দিগন্ত; চারদিক, চারিদিক, চতুষ্পার্শ্ব, চতুর্দিক [১৯৩]। ভূভারত।

অব্য· সর্বত্র, সবজায়গায়, সর্বস্থানে, সর্বতঃ, সমন্তত, সমন্তাৎ; চতুর্দিকে, চারদিকে, চারিদিকে; দিকে দিকে, দিগ্বিদিকে, দিগ্‌দিগন্তে।

দেশবিদেশ, দেশদেশান্ত; নানা তল্লাট, নানাস্থান।

যেখানে সেখানে, যথাতথা, এধার ওধার, আড়বাড়।

আগাপাস্তলা, আগাপাছতলা, আগাপাশতলা। আথাল পাথাল, আথালি পাথালি, এমুড়াওমুড়া।

বিণ· আসমুদ্রহিমাচল।

সর্বত্রগামী, সর্বগ, সর্বগামী। কামচর, কামগা, কামগম, কামগামী।

সর্বত্রব্যাপী, সার্বত্রিক।

১৮২ কোথায়

অব্য কোথায়, কোনস্থানে, কুত্র, কই, কোথা, কোন জায়গায়, কোনখানে, কোন দেশে।

কুত্রাপি।

কোথাকার।

১৮৩ অস্থান

বি· অস্থান; কুস্থান; অস্থানকুস্থান, অটাল।

বেজায়গা, ভুল জায়গা, অগন্তব্য।

অঘাট, আঘাটা, ঘাট, আঘাট, ঔঘট।

অকুস্থান, অকুস্থল।

১৮৪ স্থানবৈভিন্ন্য

১৮৪·১ গোলার্ধ; উত্তর গোলার্ধ; দক্ষিণ গোলার্ধ।

উষ্ণমণ্ডল, গ্রীষ্মমণ্ডল। হিমমণ্ডল। বারিমণ্ডল। অশ্মমণ্ডল। জীবমণ্ডল। নাতিশীতোষ্ণ অঞ্চল। ভূমধ্যসাগরীয় অঞ্চল।

মেরুঅঞ্চল। মেরুবৃত্ত; উত্তরমেরু, সুমেরু, ভূস্বর্গ; সুমেরুবৃত্ত; দক্ষিণমেরু, কুমেরু; কুমেরুবৃত্ত।

নিরক্ষমণ্ডল; নিরক্ষরেখা, ভূবিষুবরেখা।

তুন্দ্রাঅঞ্চল। প্রেইরি অঞ্চল।

সমভূমি, সমতলভূমি, সমতল [৪৭৪]। অববাহিকা।

মালভূমি, উন্নতক্ষেত্র, প্লেটো।

মরুভূমি [দ্র ২৬]। ডাঙা [দ্র ২৪]। জলা [দ্র ১৬]। মাঠ, ময়দান, প্রান্তর [দ্র ২৪]। মহাশূন্য [দ্র ১]।

১৮৪·২ মহাদেশ, কনটিনেন্ট; উপমহাদেশ, সাবকনটিনেন্ট।

এশিয়া; ইউরোপ; আফ্রিকা; উত্তর আমেরিকা; দক্ষিণ আমেরিকা; অস্ট্রেলিয়া; সুমেরু; কুমেরু, অবাচিকা।

বিণ· মহাদেশীয়, উপমহাদেশীয়।

১৮৪·৩ প্রাচ্যদেশ, প্রাচী, পূর্বদেশ, ওরিয়েন্ট; মধ্যপ্রাচ্য; দূরপ্রাচ্য।

বিণ· প্রাচ্য [১৯৩], প্রাচ্যদেশীয়, পৌর্ব, ওরিয়েন্টাল।

১৮৪·৪ প্রতীচী [১৯৬], প্রতীচীন, পশ্চিমদেশ।

বিণ· পাশ্চাত্য, পাশ্চাত্ত্য, প্রতীচ্য, অপরান্ত। পশ্চিমাভিমুখ, প্রত্যঙ্মুখ।

১৮৪·৫ দেশ, রাষ্ট্র [দ্র ৬৫৬]; প্রদেশ, রাজ্য, সুবা, সুবে, প্রভিন্স; সাম্রাজ্য, রাজত্ব, ভূম; রাজ্যসীমা [দ্র ৬৬১]।

বিণ· দেশীয়; রাষ্ট্রীয়; প্রাদেশিক।

১৮৪·৬ জেলা [৬৫৯], জিলা; মহকুমা; থানা; বিভাগ; ডিহি; কসবা; তহসিল; ইউনিয়ন; পঞ্চায়েত; ব্লক; তালুক; মহাল; মহল্লা; চাকলা; পরগণা, তৌজি; মৌজা; দাগ; লাট; লাটবন্দী।

১৮৪·৭ শহর, নগর, টাউন, সিটি, পুরী, পুর, পাটন, পুটভেদন, পট্টন, পত্তন, নগরী, মহানগর, মহানগরী; উপনগর, শহরতলি, নগরোপান্ত, পুরপ্রান্ত।

পৌরসভা, পুরসভা, মিউনিসিপ্যালিটি, পৌরাধিকার, নগরাধিকার, নগরসভা, নিগম, নগরনিগম, পৌরনিগম, করপোরেশন, মিউনিসিপাল করপোরেশন।

জেলাশহর, সদর; মফস্বল; মহকুমাশহর। মেট্রোপলিটন শহর।

পৌরপ্রধান [দ্র ৬৬২]।

নগরদ্বার, শহরের দরজা, পুরদ্বার।

নাগরিকতা, শহুরেপনা; নগরজীবন, শহরজীবন।

বিণ· শহুরে, নগুরে, পৌর, পৌরেয়, নগরিয়া, নাগর, নাগরী।

নগরীয়, নগরস্থ, শহরস্থ।

বিণ·/বি· নগরবাসী, শহরবাসী, পুরবাসী, নাগরিক।

১৮৪·৮ গ্রাম, গাঁ, পাড়াগাঁ, গাঁগঞ্জ, গাঁও, গণ্ডগ্রাম, অজপাড়াগাঁ, পল্লী, পল্লীগ্রাম, উপবসথ, সংবসত, খর্বট, দেহাত, কসবা; মফস্বল।

গ্রাম্যতা।

গ্রামজীবন, পল্লীজীবন।

গ্রামরক্ষক, গ্রামিক, গ্রামণী, মণ্ডল, মোড়ল।

বিণ· গ্রাম্য, গেঁয়ো, গেঁইয়া, গাঁইয়া, পাড়াগেঁয়ে, দেহাতি। গ্রামীণ।

পল্লীবাসী, গ্রামবাসী, গ্রামী।

১৮৪·৯ পাড়া, মহল্লা, এলাকা, পট্টি, অঞ্চল, টুলি, টোলা, পল্লী, বসতি, লোকালিটি।

১৮৪·১০ সদর, কেন্দ্রীয় অঞ্চল, কেন্দ্র, মূলকেন্দ্র, প্রধান অঞ্চল, সেন্টার, পীঠ, ঘাঁটি, হেডকোয়ার্টার্স, প্রধানকেন্দ্র।

প্রধাননগর; রাজধানী, ক্যাপিটাল।

১৮৫ বসবাস

বি· বাস(ক), বসবাস(ক), আবাসন, নিবসন, বসত, নিবসতি, অধিবাস, বসতকার, অধিষ্ঠাপন, অধিবেশন।

থাকা-, থাকন, অধিষ্ঠান(ক), স্থিতি, বিদ্যমানতা, বর্তমানতা [দ্র ১২৩], অবস্থান(ক), রওয়া-, অবস্থিতি, উপস্থিতি, অধ্যাসন, অধ্যাস। ওঠা-।

অতিবাহন(ক), যাপন(ক), কাটা-, কালকাটানো-, কালাতিপাত(ক), অতিপাত, কালক্ষেপ(ক), কালক্ষেপণ(ক), কাটানো-, কালযাপন(ক), কাটিয়ে যাওয়া-, গুজর, গুজারা, গুজরানো-, গোঁয়ানো, পোহানো-।

দিনযাপন(ক), দিনগুজরান(ক), দিনপাত(ক), দিনকাটা-, দিনকাটানো-, দিনাতিপাত(ক); দিনগতপাপক্ষয়(ক)। মাস কাটা-; বছর কাটা-।

চালিয়ে যাওয়া-, চালানো-, নির্বাহ(ক)।

রাত কাটানো-, নিশিযাপন(ক), রাত্রিযাপন(ক) [দ্র ১৬৯], রাত্রিবাস(ক)।

কালস্রোতে ভাসা-।

বসতিস্থাপন(ক); নগর পত্তন(ক); লোকালয় প্রতিষ্ঠা(ক); জায়গা করা-, জুড়ে বসা-; ঘর বাঁধা-, ডেরা বাঁধা-; আড্ডা গাড়া-; ভিটে পাড়া; ঘাঁটি গাড়া-। পুনর্বাসন, পুনর্বসতি।

চেপে বসা-, গেঁড়ে বসা-।

লোকালয়, জনপদ, জনবসতি, লোকবসতি, লোকস্থান, বসতি, জনালয়, জনস্থান, জনাশ্রয়, জনান্ত, উপবর্তন, নীবৃৎ; উপনিবেশ। কলোনি। ক্যাম্প। শহর [দ্র ১৮৪·৭]। গ্রাম [দ্র ১৮৪·৮]।

বাসস্থান [১৮৮], নিবাস, আবাস [১৭৭], বসতি, বসত, নিবেশ, বস্তি। বসতবাটি, বাসা, বাসাবাড়ি, আগার, বাসগৃহ, বাসভবন, বসতবাড়ি, ব্যস্ত, নিবসথ, ঠাঁই, আলয়, নিলয়, ডেরা, ধানী; সদ্ম, বেশ্ম; অবসথ, অবসথ্য। নীড়, কুলায়, আকায়। খানাবাড়ি।

ঘাঁটি, আস্তানা [১৮৮], আখড়া, আড্ডা, মোকাম।

বাস্তুভিটে, বাস্তুভিটা, ভিটে, ভিটা, ভিটেমাটি, বাস্তু, ভদ্রাসন; সাতপুরুষের ভিটে; বাপের ভিটে, জন্ম ভিটে।

দেশ, স্বদেশ, মুল্লুক; মাতৃভূমি [দ্র ১৭৭]।

ঠিকানা [৩৮৬, ৬০১], সাকিন, সাং; সন্ধান, উদ্দেশ।

থাকার ইচ্ছা, বিবৎসা।

বিদেশবাস [দ্র ১৭৮]। স্বদেশবাস [দ্র ১৭৭]।

বিণ· অধ্যুষিত, অধ্যাসিত, বসতিপূর্ণ, অধিকৃত।

উপনিবিষ্ট, উপনিবেশিত; অধিবসিত, নিবসিত, স্থিত; অধিশয়িত [১২৩], অধিষ্ঠাপিত; ঘনবসতি; ঘনবসতিপূর্ণ, ঘনবাস।

বাসযোগ্য, অনুজীব্য, বাস্তব্য, বস্তব্য, বসবাসোপযোগী, বাসোপযোগী, স্থাতব্য।

অতিবাহিত, যাপিত।

যাপনীয়, যাপ্য।

জানপদ, জনপদজাত।

বিণ·/বি· বাসিন্দা, বসবাসকারী, অবস্থানকারী, বাসকারী, বাসী, নিবাসী, আবাসিক; [**বিপ·**] অনাবাসিক।

আসীন, অধ্যাসীন, অবস্থিত, বিদ্যমান, অধিষ্ঠিত।

অধিষ্ঠাতা, অধিষ্ঠাপক, অধিষ্ঠায়ক; অধিষ্ঠাত্রী।

অধিবাসী, নিবাসী।

প্রতিবেশী, পড়শী, পাড়াপড়শী, প্রতিবাসী; পাড়ার লোক।

যাপক, অতিবাহক।

পুরনো বাসিন্দা, চিরস্থিত, চিরনিবিষ্ট, অনেকদিনের বাসিন্দা।

১৮৬ আশ্রয়

বি· আশ্রয় [২৭০], শরণ, সহায়, সংশ্রয়, আলম্ব, আস্থান; সমাশ্রয়, অগ্রভূমি; ভরসা, নির্ভর [দ্র ২৭০]।

অবলম্বন, আলম্বন, সহায়সম্বল।

থাকার জায়গা, মাথাগোঁজার ঠাঁই, গৃহ [দ্র ১৮৮, ১৮৫]।

পুনর্বাসন, পুনর্বসতি। রাজনৈতিক আশ্রয়।

আশ্রয়ণ, আশ্রয় দেওয়া-, আশ্রয়দান(ক), থাকতে দেওয়া-, রাখা-, পালন(ক) [দ্র ৬৩৮]।

শরণার্থীশিবির, আশ্রয়শিবির। উদ্ধারাশ্রম।

বিণ· আশ্রিত, সংশ্রিত, আশ্রয়ী, আশ্রয়প্রাপ্ত, অধিশ্রিত, আস্থিত; অনুজীবী; পোষ্য [৬৩৮]।

আশ্রয়প্রার্থী, শরণাপন্ন, শরণার্থী, আশ্রয়ার্থী, শরণাগত, প্রপন্ন। একাশ্রয়, একাশ্রিত। চিরাশ্রিত।

আশ্রয়ণীয়।

আশ্রয়দাতা, শরণ্য, আশ্রিতবৎসল, শরণ্যু, আশ্রয়দানকারী; দীননাথ, দীনশরণ, দীনবন্ধু।

১৮৭ আশ্রয়হীনতা

বি· আশ্রয়হীনতা, নিরাশ্রয়তা, আশ্রয়াভাব; অসহায়তা, নিঃসহায়তা।

পথে পথে ঘুরে বেড়ানো-, পথে বসা-, রাস্তায় থাকা-, ফ্যা ফ্যা করা-; ভোজনং যত্রতত্র শয়নং হট্টমন্দিরে।

বিণ·/বি· নিরাশ্রয়, অনাশ্রয়, আশ্রয়হীন, আশ্রয়শূন্য, অপাশ্রয়, আশ্রয়বিহীন, অশরণ, অনাশ্রিত, অনাশ্রমী; গৃহহীন, গৃহশূন্য, নিরালয়, ঘরহারা, অনিকেত, অগৃহ, বেছপ্পর; হাঘরে, হাঘর; অনাথ [দ্র ৬৩৯], সহায়সম্বলহীন, নিঃসহায়, নিঃসম্বল; নিরালম্ব, নিরবলম্ব; নিরুপায়, নাচার, অসহায়ী।

ছন্নছাড়া [২৯১], স্থিতিহীন, অপ্রতিষ্ঠ, ছতিছন্ন; ভবঘুরে, বাউণ্ডুলে। ঘরছাড়া-।

কম্বলসম্বল; পথের কুকুর; পথের ভিখারি; চালচুলোহীন।

আশ্রয়প্রার্থী [দ্র১৮৬]।

১৮৮ বাড়ি

বি· বাড়ি, গৃহ, বাটি, বাটিকা, বাটী, মকান, সংবাস, গেহ, ঘর [দ্র ১৯০·১] ঘরবাড়ি, মোকাম; হাউস; আলয়, কুলায় [দ্র ১৮৫], নিকেতন, নিকেত, আগার, অগার; বাড়িঘর, ঘরবাড়ি।

বাসস্থান [দ্র ১৮৫], আস্তানা, আশ্রয় [১৮৬]।

অট্টালিকা, ইমারত, দালান, পাকাবাড়ি, কোঠাবাড়ি, হাভেলি, হাউলি, ভিলা। ক্ষৌম, সঞ্জবন; চকমিলানো।

ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট; সুইট।

সৌধ, মঞ্জিল, হর্ম্য, পুরী, ধাম, মহল।

প্রাসাদ, প্যালেস; রাজবাড়ি, রাজপুরী, রাজপ্রাসাদ [দ্র ৬৬১]।

ভবন, সদন।

কুঠি, কোঠি, বাংলো।

কাঁচাঘর, মাটির ঘর, মেটেঘর, কাঁচাবাড়ি, মৃন্ময় গৃহ; কুটির, কুঁড়ে, কুঁড়েঘর, পর্ণকুটির, পর্ণশালা, পর্ণৌটিজ, পর্ণগৃহ, টবর, কুটি, চালা, চালাঘর; একচালা; দোচালা; চারচালা, চৌচালা; আটচালা; উটজ; সহোটজ; কুশঘর; গোলপাতার ঘর; শণের ঘর। ঝোপড়া, ঝুপড়ি; খোপ, খুপরি, খোপর।

ভূগর্ভস্থ গৃহ, তয়খানা, পাতালকক্ষ, বেসমেন্ট।

জলটুঙ্গি, জলগৃহ, পর্ণাসি, পর্ণসি।

বাগানবাড়ি [দ্র ৪৬], গৃহবাটিকা, কুঞ্জবাটিকা ; কুঞ্জবাটী ; লতাগৃহ [দ্র ৩৮]।

শালা, শাল। খোঁয়াড়, পিজরাপোল।

শিবির, ছাউনি ; সেনানিবাস, ব্যারাক, ক্যাম্প ; লাইনস।

ভাড়াবাড়ি। বাড়িভাড়া।

বাড়ি তৈরি, গৃহনির্মাণ, বাড়ি করা-, বাড়ি বানানো-, প্ল্যান, নকশা। পূর্ত ; পূর্তবিভাগ। সিভিল ইঞ্জিনিয়ার, বাস্তুকার।

বিণ· গৃহপালিত। গৃহগত, গৃহগতপ্রাণ।

বিণ·/বি· গৃহী, গৃহস্থ [দ্র ৬২৪]। গৃহস্বামী, গৃহকর্তা ; গৃহকর্ত্রী, গৃহস্বামিনী। বাড়িওয়ালা, ল্যান্ডলর্ড। ভাড়াটে, ভাড়াটিয়া।

ঘরকুনো, গৃহাসক্ত ; গৃহবন্দী।

ঘরমুখী, গৃহাভিমুখী, ঘরমুখো, বাড়িমুখো।

ক্রি-বিণ· বাড়ি বাড়ি, ঘর ঘর।

১৮৯ সাময়িক বাসস্থান

বি· অতিথিশালা, অতিথিনিবাস ; পান্থশালা, পান্থনিবাস, পথিকশালা, পথিকাবাস, মুসাফিরখানা, ভেটেরাখানা, সরাই, সরাইখানা, চটি, ধর্মশালা ; নাটমন্দির ; বিহার, মঠ ; আশ্রম [৫৮২], প্রতিশ্রয় ; ইমামবাড়া।

হোটেল ; মোটেল ; ইন ; রেস্টহাউস, গেস্টহাউস ; ডাক বাংলো ; হলিডে হোম ; রিটায়ারিং রুম ; ইউথহোস্টেল ; টুরিস্টলজ।

মেস, বোর্ডিং, বোর্ডিং হাউস।

হোস্টেল ; ছাত্রাবাস, ছাত্রনিবাস, ছাত্রনিলয়, ছাত্রাগার ; ডরমিটারি।

ব্রহ্মচর্যাশ্রম ; নানারি ; মোনাসট্রি ; কনভেন্ট।

হাসপাতাল ; স্বাস্থ্যনিবাস, রোগীনিবাস, আতুরাশ্রম, রুগ্ণাবাস ; স্যানাটোরিয়াম ; নার্সিংহোম ; আরোগ্যনিকেতন [দ্র ৮৮]।

অতিথি [দ্র ২৯২]। ভ্রমণকারী, ভ্রামণিক [দ্র ২৯১]।

বিণ·/বি· আশ্রমিক, আশ্রমবাসী, আশ্রমী। বোর্ডার।

সরাইরক্ষক, ভেটেরা।

১৯০ বাড়ি বিষয়ক

১৯০·১ ঘর, কোঠা, কামরা, রুম, কক্ষ, কুঠুরি, কুঠরি, প্রকোষ্ঠ, কোষ্ঠ, কাটরা, কেবিন, কিউবিকল, খোপ ; চেম্বার, খাসকামরা, অ্যাপার্টমেন্ট ; হল, হলঘর। ঘুপচি, ঘুপসি।

শোয়ারঘর, শয়নকক্ষ, বেডরুম ; বাসক। বসারঘর, ড্রইংরুম, বাইরের ঘর, বৈঠকখানা ঘর, বৈঠকখানা, দহলিজ, আসনশালা, পার্লার। রান্নাঘর, পাকঘর, পাকশালা, পাকশাল, হেঁসেল, পাকস্থান, কিচেন, প্যানট্রি ; ভাঁড়ার ঘর, ভাণ্ডার ঘর, ভাণ্ডার, স্টোর ; বাথরুম, স্নানঘর, গোসলখানা, স্নানের ঘর, টয়লেট ; পায়খানা ; পড়ারঘর, স্টাডি ; সিঁড়িঘর, কৃটাগার ; বড়ভি, চিলেঘর, বলভী, শিরোগৃহ, চন্দ্রশালা, চিলেকোঠা। গ্যারেজ, গাড়িঘর। টুঙ্গি ; বালাখানা। চোরকুঠুরি।

১৯০·২ বারান্দা, ব্যালকনি, চাতাল, অলিন্দ, টেরাস, দেহলি, চবুতর, চবুতরা, চবুতারা, চত্বাল ; রোয়াক, রক, দাওয়া, ধারী, পিড়া, ধাপি। দরদালান। গাড়িবারান্দা, পোর্টিকো। ঝুলবারান্দা।

১৯০·৩ মেঝে, কক্ষতল, গৃহতল, তলা, কুট্টিম ; গৃহকুট্টিম ; শান ; ফ্লোর, ফ্লোরিং ; কাঁচামেঝে, মাটির মেঝে ; পাকামেঝে, শানবাঁধানো-। পাটাতন।

১৯০·৪ আলসে, আলিসা, কার্নিস ; আতালি ; রেলিং, রেল, পাটাতন, ডেক, প্ল্যাটফর্ম ; বেদি ; সাঙ্গা, চাঙ্গা ; কাণ্ডপট ; মাচা, মাচান, মঞ্চ। প্যারাপিট।

১৯০·৫ ছাদ [৫০৬], ছাত ; চাল, চালা, ছাউনি, ছাদন, আচ্ছাদন, ছন্ন, ছাপর ; ছপ্পর ; জলছাদ ; ছাওয়া, রুফ, কুটঙ্ক, কলট ; পরছতি, পরচাল, পরচালা। ছই, ছত্রি।

তাঁবু, তাম্বু, বস্ত্রগৃহ, বস্ত্রাবাস, বস্ত্রকুট্টিম, বস্ত্রবেশ্ম, পটাবাস, পট্টাবাস, পটবেশ্ম, পটকুটী, পটক, পটমণ্ডপ, পোতাচ্ছাদন, বিতানক, কাণ্ডার, টেন্ট, ছোলদারি।

মেরাপ, প্যান্ডেল। ত্রিপল, কানাত।

চাঁদোয়া, চন্দ্রাতপ, শামিয়ানা, সায়বানা, ছায়ামণ্ডপ।

ছাঁচতল, অইল, অইলতলা, কানাচ।

বিণ· ছাদিত, ছাদযুক্ত, ছন্ন, আচ্ছাদিত [দ্র ৫০৬]।

১৯০·৬ দরজা, দুয়ার, দুয়োর, দোর, দ্বার, প্রবেশপথ, ফটক, নিষ্কুট, কেবার, তোরণ, গেট ; বহির্দ্বার, সদর দরজা, প্রঘণ, দেউড়ি ; সিংহদ্বার, সিংহদরজা ; গোপুর ; খিড়কি, পেছনের দরজা, পক্ষক ; চোরাদরজা, গুপ্তপথ, অন্তর্দ্বার, চোরাপথ, অদ্বার। নাছদুয়ার, পাছদুয়ার।

পাল্লা, দরজা, কপাট, কবাট, ঝাঁপ, টাটি, শাটার, বাইল, আগল, আগড় ; চৌকাঠ ; কপালি, ঝনকাঠ, অম্বুর, গোবরাট। কবজা ; হাঁসকল।

পার্শ্বদ্বার, পক্ষদ্বার, পাশের দরজা ; পক্ষপালী। চতুর্দ্বার, চারদুয়ারি।

দৌবারিক, দ্বারী [দ্র ৬৭১]।

১৯০·৭ জানালা, জানলা, বাতায়ন, গবাক্ষ, ঝরোকা, আওয়াজি ; ঘুলঘুলি ; ভেন্টিলেটার ; শার্সি ; শিক, গরাদ ; গ্রিল।

খড়খড়ি, ঝিলিমিলি, ঝিলমিল। জাফরি।

১৯০·৮ অন্তঃপুর, অন্দর, অন্দরমহল, ভিতরমহল, অন্তর্গৃহ, গৃহাভ্যন্তর, অভ্যন্তর, গৃহমধ্য, ভিতরবাড়ি, অন্তর্বেশ্ম, গৃহকোণ, শুদ্ধান্ত, ভোগালয়, ভোগগৃহ, ভোগাবাস ; হারেম। অন্তঃপুরিকা [দ্র ৬৫]।

১৯০·৯ আগদুয়ার, বাহিরমহল, সদর, বহির্বাটি, অগ্রদ্বার।

১৯০·১০ দেওয়াল, দেয়াল, প্রাচীর, পাঁচিল ; বেড়া [৫১৩, ৬৭১, ৫১৮] ; প্রাবর, কুড়া, কাঁথ, সাল, ওয়াল।

১৯০·১১ সিঁড়ি, সোপান, ধাপ, পৈঠা, পৈতান, নিঃশ্রেণী, নিঃশ্রয়ণী ; সিঁড়িঘর ; মই, আরোহণী, মত্য ; ঘড়াঞ্চি।

১৯০·১২ [গৃহনির্মাণ বিষয়ক] ইট, ইঁট, ইষ্টক, ব্রিক ; ইটভাটা, ইটখোলা ; পাঁজাখোলা। ঝামা, ঝাম, ঝামক, পিকঝামা। পাথরকুচি, স্টোনচিপস। চুন ; কলিচুন ; শঙ্খচুন। সুরকি, ইটচুর। বালি, বালু ; সাদাবালি ; লালবালি।

সিমেন্ট, বিলাতিমাটি। লোহা; শিক, রড; বিম, কড়ি, জয়েস্ট; কড়িকাঠ, আড়কাঠ; বরগা, মুদনি, মটকা, গোপানসী। পিলার, থাম [৫৩৮, ১৯৮], থাম্বা, থামাল, খাম্বা, খুঁটি, কলাম, ধন্না; পায়ার। স্থপতি, আর্কিটেক্ট, বার্ধকী প্ল্যান, নকশা, ছক। রাজমিস্ত্রি, রাজ, কুড্যক, সুধাজীবী, থইকর; যোগান, মুনিশ, ঘরামি। বাঁশ; ভারা, স্ক্যাফোল্ডিং। ভিত্তি, ভিত, গৃহভিত্তি, পোতা, পোস্তা, পোতাযামাল, ভিটা। গাঁথনি, গাঁথুনি, গাঁথা-। ঢালাই; ছাদঢালাই; ঢালাইছাদ। ছাদপেটানো-। লিন্টেল, শাঙা, সরদাল, সরদল; খিলান, আর্চ। সাটারিং, সেন্টারিং। কংক্রিট; কংক্রিট মিক্সার। পলেস্তারা, প্লাস্টার। চুনকাম [৫৩২], পোঁচরা; ডিসটেম্পার; প্লাস্টিক পেন্ট, অ্যাক্রিলিক পেন্ট; এনামেল পেন্ট, তেল রং। মোজেইক, পচ্চীকারী; টাইল। টালি, খোলা, খাপরা [দ্র ৫০৬]।

১৯০·১৩ একতলা; দোতলা, দ্বিতল; তিনতলা, ত্রিতল তেতলা; চৌতলা, চারতলা; পাঁচতলা [ই]। বহুতল, হাইরাইজ, মাল্টিস্টোরিড, স্কাইস্ক্র্যাপার। বেসমেন্ট, ভূগর্ভস্থতল।

১৯০·১৪ বিণ· চকমিলানো-, চকবন্দী, চকবন্দ।

১৯০·১৫ শান বাঁধানো-, শান বাঁধা, বাঁধানো-।

১৯১ প্রাঙ্গণ

বি· প্রাঙ্গণ, অঙ্গন, আঙন, আঙ্গিনা, আঙিনা; মুক্তাঙ্গন।

উঠোন, উঠান, চত্বর, চাতাল, চবুতর, চৌহদ্দি, গৃহপ্রাঙ্গণ, গৃহাঙ্গন, প্রকর, অন্তর্ঘন।

মাঠ [১৭৬], ময়দান, প্রান্তর, মাঠঘাট।

লন; কোর্ট।

চক, স্কোয়ার; পার্ক, উদ্যান, কানন [দ্র ৪৬]।

ক্ষেত্র। তেপান্তর, রূপ; তেপান্তরের মাঠ।

১৯২ আসবাব

বি· আসবাব, আসবাবপত্র, ফার্নিচার, গৃহসজ্জা।

চেয়ার, কেদারা, কুরসি; কাষ্ঠাসন; সোফা, কোচ, সোফাসেটি; ইজিচেয়ার, ডেকচেয়ার, আরামকেদারা; টুল; মোড়া, বেত্রাসন; বেঞ্চি, বেঞ্চ, হাইবেঞ্চ; জলচৌকি; পিঁড়ি, পিড়া।

আসন, সুখাসন; তৃণাসন, কুশাসন, দর্ভাসন। মাদুর [৫০৬, ৪৩৮·৪], শপ, শতরঞ্চি, পাতঞ্চি, কিলিঞ্জক, সুজনি, দরি; ফরাস; কার্পেট, দুলিচা, গালিচা, গালচে; চাদর [দ্র ৫০৬]।

টেবিল, মেজ; ডেস্ক; সেক্রেটারিয়েট টেবিল।

খাট, পালঙ্ক, খট্টা, খট্টাঙ্গ, খট্টিকা, পর্যঙ্ক, পল্যঙ্ক, পর্যস্তিকা; চৌকি, তক্তপোশ, ডিভান; খাটিয়া, চারপাই, চৌপায়া; বাঙ্ক, বার্থ।

পায়া, পদ; খুরা, ক্ষুরা। হাতল। ঘাড়ি।

বিছানা [৭৯], শয্যা, শেজ, শয়ন; সুখশয্যা, সুখশয়ন। তোশক; গদি, জাজিম। তল্পি, তল্প, তল্পিতল্পা। বালিশ, উপাধান, উপধান, উপবর্হ, উচ্ছীশক, মস্তকাধান, গণ্ডু, উপধানীয়, শিথান; তাকিয়া, গ্রিদা, গির্দা; কুশন, পিলো; এয়ারপিলো, হাওয়াবালিশ; পাশবালিশ, কোলবালিশ; অসিগণ্ড, গালবালিশ, গণ্ডোপধান।

* মশারি, নীশার। বেডকভার [দ্র ৫৬০]; শয্যাচ্ছাদন, শয্যাস্তরণ, বিছানার চাদর।

বিছানা পাতা-, শয্যারচনা-। বিছানা তোলা-।

কাঁথা; লেপ, রজাই [দ্র ৫০৮·২৩], কম্বল।

অয়েলক্লথ, রবারক্লথ।

পাপোশ।

পর্দা [দ্র ৫০৬], কারটেন; পেলমেট।

আলমারি [দ্র ৫৩৯·১৩]। তাক, শেল্‌ফ, থাক।

তেপায়া, ত্রিপদী।

৭ দিক-আপেক্ষিক অবস্থান-সংলগ্নতা

১৯৩ দিক

বি· দিক, দিশা, দিশ, তরফ; ডিরেকশন। দশদিক, দশদিশ, দশদিগন্ত। দিগ্বিদিক; বিদিক। পাশ, পার্শ্ব, পার্শ্বদেশ [১৯৭]।

অভিমুখ, অভিমুখীনতা, পারিমুখ্য, আভিমুখ্য, প্রতিমুখ।

দিকচক্র, দিঙ্মণ্ডল, চক্রবাল, দিক্‌চক্রবাল; দিগন্ত [দ্র ২], দিগ্বলয়, হরাইজন; দিগন্তরেখা; ক্ষিতিজ রেখা।

দিক্‌জ্ঞান, অবস্থানজ্ঞান।

দিগ্‌দর্শন, দিঙ্‌নির্ণয়; দিগ্‌দর্শী; দিঙ্‌নির্ণয়যন্ত্র, দিগ্‌দর্শনযন্ত্র, কম্পাস। হাল, হাইল, কর্ণ; রাডার; স্টিয়ারিং হুইল; হ্যান্ডেল।

দিগ্‌ভ্রম, দিক্‌ভুল(ক)।

দিগঙ্গনা, দিগ্বধূ, দিগ্বালা, দিগ্বালিকা।

[পৌরা·] দিক্‌পাল, দিক্‌পতি [ইন্দ্র; অগ্নি; যম; নির্ঋতি; বরুণ; বায়ু; কুবের; ঈশান (শিব); ব্রহ্ম; অনন্ত (নারায়ণ)]।

দিগ্‌গজ, দিগ্‌হস্তী, দিঙ্‌নাগ।

বিণ·/বি· উত্তর, উদীচী, উত্তরাশা, নর্থ।

দক্ষিণ, দখিন, অবসব্য, অবাচী, সাউথ।

পূর্ব, পুব, পুরব, প্রাচী [১৮৪·৩], পূর্বাশা, প্রাঙ্, ঐন্দ্র, ইস্ট।

পশ্চিম, প্রতীচী [দ্র ১৮৪·৪], প্রত্যক, বারুণী, অকল্যাণকরী, ওয়েস্ট।

উত্তর-পূর্ব, ঈশানকোণ, প্রাগুদীচী।

উত্তর-পশ্চিম, বায়ুকোণ।

দক্ষিণ-পূর্ব, অগ্নিকোণ।

দক্ষিণ-পশ্চিম, নৈর্ঋতকোণ।
ঊর্ধ্ব, উপর [দ্র ১৯৮]।
অধঃ, নিচ [দ্র ২০০]।
ডান, ডাইন, ডাহিন, দক্ষিণ, বামেতর, ডানপাশ, ডানদিক।
বাঁ, বাম, সব্য, বাঁ পাশ, বাঁ দিক।
এদিক, এইদিক, এধার; ওদিক, ওইদিক, ওধার; অন্যদিক, দিগন্তর, ভিন্নদিক। সবদিক, চারধার, চারিধার, চারিদিক, সর্বদিক, দিগ্‌দিগন্ত, চারদিক, চতুর্দিক [দ্র ১৮১], চৌদিক, চৌদিশা, চতুঃপার্শ্ব, চারপাশ, চারিভিত।
এপার, এইপার; ওপার, ওইপার।
বিণ· দিগন্তব্যাপী, দিগন্তপ্রসারী।
দিগ্‌ভ্রান্ত, দিশাহীন, বেদিশা, দিশেহারা, দিশাহারা, দিঙ্‌মূঢ়; লক্ষ্যহীন, বেনিশানা।
উত্তুরে, উত্তরাস্য, উদীচীন, উদীচ্য, উত্তরদিকস্থ।
দক্ষিণা, দখিনা, দোখনো, দক্ষিণী, দক্ষিণে, দক্ষিণাস্য।
পুবাল, পুবালি, পুবে, পূর্বাশা, প্রাচ্য। পুরবৈয়া, পূর্বী। প্রাঙ্‌মুখ।
পশ্চিমা, পশ্চিমে, পশ্চিমী, পাশ্চাত্য, পাশ্চাত্ত্য, প্রতীচ্য।
ক্রি-বিণ· দিকে, অভিমুখে, প্রতি, পানে।
ডাইনে, ডানে, দক্ষিণে, ডানপাশে। বামে, বাঁয়ে, বাঁপাশে।
এমুখো, এইদিকে, এদিকে, এপাশে।
ওমুখো, ওইদিকে, ওদিকে, ওপাশে।
একদিকে, একধা, একাভিমুখী, একমুখী। নানাদিকে, সবদিকে, চতুর্দিকে, চারিদিকে।
অনুবাত। প্রতিবাত। অভিকেন্দ্র, কেন্দ্রাতিগ; কেন্দ্রবিমুখ।
বিণ· অনুদৈর্ঘ্য। অনুপ্রস্থ। অনুভূমিক, আনুভূমিক। অনুলম্ব, লম্ব, ভূমিলম্ব, আলম্ব [দ্র ২০১]।
বাঁহাতি, বেঁয়ে, বেঁয়ো, বাঁইয়া, ন্যাটা। সব্য, সব্যসাচী।
অভিমুখী, মুখী, প্রতিমুখী, পারিমুখিক।

১৯৪ সম্মুখ

বি· সম্মুখ, সামনা, সামনের দিক, সমুখ, মুখ, আগা, আগ, অগ্র, পুরঃ, সমক্ষ, অভিমুখ, প্রতিমুখ, সকাশ। সদর।
পুরোভাগ, অগ্রভাগ।
পুরোভূমি; সামনের সারি; প্রথম সারি।
প্রত্যক্ষতা, সোজাসুজিভাব।
সম্মুখগমন, সামনে যাওয়া- [দ্র ২৯৪]।
বিণ· সামনের, সম্মুখের, সম্মুখবর্তী, সম্মুখস্থ, অগ্রবর্তী, পূর্ববর্তী, পুরঃসর, পুরোবর্তী, পুরোগামী [দ্র ২৯৪], সম্মুখীন(হ)।
ক্রি-বিণ· আগে আগে, অগ্রে অগ্রে, অগ্রভাগে, সামনাসামনি(হ), মুখোমুখি(হ), মুখের সামনে।
সিধে, সোজা, নাক বরাবর, বরাবর, সোজাসুজি, নাকসোজা, সটান, সরাসরি।
অব্য· সামনে, সম্মুখে, সমীপে, অগ্রে, আগে, পুরোভাগে, পুরতঃ, প্রাক্‌।

১৯৫ পিছন

বি· পিছন, পেছন, পিছ, পশ্চাৎ, পাছ, নাছ, পাছু, পৃষ্ঠ, পিঠ, পর, অনু; ব্যাক, ব্যাকসাইড; মফস্বল। পশ্চাদ্‌ভূমি, পেছনের জায়গা।
বিণ· পিছনের, পেছনের, পশ্চাদ্‌বর্তী, পিছনস্থ, অনুবর্তী [দ্র ২৯৫], পরবর্তী, পশ্চাদ্‌গামী [দ্র ২৯৫]।
ক্রি-বিণ· পিছনে পিছনে, পিছন পিছন, পেছন পেছন, পিছু পিছু, পরে পরে, পাছ পাছ, পিছে পিছে।
অব্য· পিছনে, পশ্চাতে, পরে, পাছে, শেষে, পিছু।

১৯৬ মধ্য

বি· মধ্য, মাঝ, মাঝখান, ভিতর, অভ্যন্তর [দ্র ৫১৪], অন্তঃ, মাঝার, মধ্যদেশ, মধ্যভাগ, মধ্যস্থল, মধ্যপ্রদেশ।
মধ্যবিন্দু, কেন্দ্র। ভারকেন্দ্র, ভরকেন্দ্র। মধ্যরেখা, অক্ষ; মধ্যমা; বিষুব, বিষুবরেখা; মধ্যচ্ছদা।
সমদ্বিখণ্ডন।
মধ্যবর্তিতা [দ্র ৬৬৭]।
বিণ· মধ্যবর্তী, মধ্যস্থিত, মধ্যগত, মধ্যস্থ, মাঝামাঝি, মাঝের, মধ্যগ; কেন্দ্রস্থ, কেন্দ্রগত, কেন্দ্রিত, কেন্দ্রীভূত, কেন্দ্রীয়, কৈন্দ্রিক। অন্তর্গত [দ্র ৫১৪]।
অন্তর্বাহ, অন্তর্বাহী।
সমদূরবর্তী। সমদ্বিখণ্ডক।
অব্য· মাঝে, মধ্যে, মাঝখানে, মধ্যিখানে, মাঝারে। ভিতরে ভিতরে [দ্র ৫১৭]।

১৯৭ প্রান্ত

বি· প্রান্ত, পাশ [১৯৩], পার্শ্ব, পার্শ্বদেশ; ধার, কিনারা, কিনার, কানা, কোনা, কোটি, কাষ্ঠা, পার; সীমানা, শেষসীমা, সীমারেখা, সীমা [৪৬১], প্রান্ত, শেষ; চতুঃসীমা, চতুরস্ত, চৌহদ্দি, পরিসীমা, সরহদ্দ, বাউন্ডারি, বর্ডার, তায়দাদ; পরিলেখ, পরিধি, ব্যাপ্তি, রেঞ্জ, পাল্লা। কূলকিনারা। সীমানাচিহ্ন।
আল, আইল, আলবাঁধ [৫১৩]। হাতা, এলাকা, জুরিসডিকশন।
দুইদিক, দুদিক, দুধার, উভয়পার্শ্ব।
বেড়, বেষ্টন(ক) [দ্র ৫১৩]। দিগন্ত [দ্র ২, ১৯৩]।
সীমান্ত, প্রত্যন্তদেশ।
বিণ· ধারের, পাশের, প্রান্তস্থ, পার্শ্বস্থ, প্রান্তস্থিত, প্রান্তবর্তী, প্রান্তিক, সীমান্তবর্তী, প্রত্যন্ত।
সীমাযুক্ত, সীমিত, সসীম; সীমাবদ্ধ [৪৬১]।
অব্য· প্রান্তে, কোণে, এককোণে, একধারে, একপাশে, পাশে।
দুইধারে, দুধারে, দুইপাশে, দুপাশে, দোধারি।

১৯৮ উপর

বি· উপর, ওপর, ঊর্ধ্ব; চূড়া, চুড়ো, শীর্ষ, আগা, উপরিভাগ, অগ্র, শিখর, শিখা, অগ্রভাগ, ঊর্ধ্বভাগ, শীর্ষস্থান, শীর্ষদেশ, শিরোদেশ, শিরোভাগ; শৃঙ্গ, কূট, টুঙি, ভৃগু, শির, শিখণ্ড, শিয়র, শিথান, শেখর; টঙ, মগডাল, শৃঙ্গডাল। মাথা।

উচ্চতা [দ্র ১৯৯]।
ওপরতলা, উপরতলা।
মিনার, টাওয়ার ; গম্বুজ, গুম্বজ। বুরুজ। থাম [৫৩৮], খুঁটি, পিলার, পোস্ট, খাম্বা, খাম, স্তম্ভ, নান্দীক, লাট ; মাস্তুল, মাস্ট।
বিণ· ওপরের, উপরের, উপরিস্থিত, উপরিস্থ, ঊর্ধ্বস্থ, শিখরস্থিত, অগ্রস্থ, অগ্রস্থিত ; শীর্ষস্থানীয় ; উঁচু [দ্র ১৯৯]।
অব্য· অগ্রে, উপরে, ওপরে, শীর্ষে, আগায়, অগ্রভাগে, ডগায়, মাথায়।

১৯৯ উচ্চতা

বি· উচ্চতা, দৈর্ঘ্য, লম্বাই, খাড়াই, উচাই, ঔচ্চ্য, ঔন্নত্য, তুঙ্গিমা, উচ্ছ্রয়, উচ্ছ্রায়, উন্নতি, উত্থান, উন্নমন ; উঁচু, ওপর [দ্র ১৯৮]। চড়াই।
বিণ· উঁচু [৪৬৮], উচ্চ, উত্তুঙ্গ, উন্নত, তুঙ্গ, তুঙ্গী, সুউচ্চ, অত্যুচ্চ, সমুন্নত, সুতুঙ্গ, সুদীর্ঘ, প্রোন্নত, প্রোচ্চ, পীনোন্নত ; আকাশছোঁয়া [২], গগনচুম্বী, গগনস্পর্শী, গগনচুম্বিত, অলকস্পর্শী, আকাশচুম্বী, অভ্রভেদী, অভ্রংলিহ, স্কাইস্ক্র্যাপার।
লম্বা, দীর্ঘ, দিঘল ; ঢেঙা, দীর্ঘদেহী, দীর্ঘকায় ; লম্বাটে, লম্বাপানা, অহ্রস্ব, অনত। তালগাছ।
ঊর্ধ্বগামী [৩০৬], ঊর্ধ্বমুখী, উচ্ছ্রায়ী।
সোজা, খাড়া, উল্লম্ব, ওলন, ঋজু, ভারটিকাল।
উচ্চস্থ, উচ্চস্থিত।
আজানুলম্বিত, আজানু। আগুল্ফ।
ক্রি-বিণ· লম্বালম্বি, অনুদৈর্ঘ্য, খাড়াখাড়ি।

২০০ নিচ

বি· নিচ, নিম্ন, অধঃ, অনুচ্চ, নিম্নতা। নামা [দ্র ৩০৭]।
নিম্নাংশ, অধোভাগ, অধোদেশ, নিম্নদেশ, পাদদেশ, পদাসন, পাদপীঠ, তলদেশ [৪৬০], তলা, তল, অতল। ক্রমনিম্নতা, ঢালুত্ব, ঢল, ঢাল, গড়ান, নাবাল, উৎরাই ; ক্রমনিম্নভূমি ; নিম্নাঞ্চল।
বিণ· নিচু [৪৬০]। নিম্ন, অবচ, অবনত, অনুন্নত, অতুঙ্গ।
নিচের, নিম্নস্থ, অধস্থ, নিম্নস্থিত, তলস্থ, তলস্থিত ; অবলুণ্ঠিত, ভূলুণ্ঠিত। তলানি।
অধঃস্থিত ; গভীর [দ্র ৪৬০]।
গড়ানে, ঢালু, ক্রমনিম্ন।
অব্য· নিচে, নিম্নে, তলায় ; তলে, অতলে।

২০১ ঝোলানো

বি· ঝোলানো-, ঝুলিয়ে দেওয়া-, লম্বন, আলম্বন, প্রলম্বন, বিলম্বন, দোলন [দ্র ২৮৬] ; টাঙানো-, লটকানো- ; ঝোলা-, ঝুলন, দোলা- [২৮৬]। চ্যাংদোলা(ক)।
দোলনা [৭৫৬], ঝুলনা, ঝুলা। শিকা, শিকে। বাঁক।
লম্ব, আলম্ব।
বিণ· ঝুলন্ত, লম্বিত, প্রলম্বিত, উদ্বন্ধ, আলম্বিত, বিলম্বিত ; দোলায়মান [২৮৬] ; আলম্বী, লম্বমান, বিলম্বমান।
গলায়ঝোলানো-, গললগ্ন, গললগ্নীকৃত।

২০২ হেলানো

বি· হেলানো-, হেলা-, হেলন, হেলে পড়া-, কাত(হ), আড়, এড়ো, ঝোঁকা-, ঝুঁকা, ঝোঁকানো-, নোয়া-, নুয়ে পড়া-, নোয়ানো- ; ন্যুব্জতা ; টাল, টালন, টলন।
ঢলন, ঢলতা, ঢলা-, ঢলে পড়া-, ঢলানো-, ঢলকানো-।
বিণ· বাঁকা [দ্র ৪৭৩], তির্যক, তেরছা, টেড়া, এড়ো ; একপেশে, একটেরে। ন্যুব্জ।

২০৩ দূরত্ব

বি· দূরত্ব, দূর, দূরতা, ব্যবধান, অসন্নিধান, অসন্নিকর্ষ, অন্তর, দূরান্তর, ফারাক, ফাঁক, তফাত, পাল্লা ; দূরান্ত, দূরদূরান্ত। দূরবর্তিতা। বিপ্রকর্ষ।
দূরের পথ, দূরপথ, অনেকদূরের পথ ; ঘুরপথ।
সমদূরত্ব, সমান্তর।
বিণ· দূর, দূরের, দূরস্থিত, দূরস্থ, দূরবর্তী, সুদূর, অনিকট, অসন্নিহিত, অসন্নিকৃষ্ট, বিদূর ; প্রত্যন্ত [দ্র ৪৬১], অনাসন্ন।
দুস্তর [দ্র ৩১৬], দুরতিক্রম, দুরত্যয়।
সমান্তরাল।
ক্রি-বিণ· দূরে দূরে, তফাতে তফাতে। ঘুরপথে। সাতসমুদ্র তেরো নদীর পারে। দূরে, ব্যবধানে, তফাতে।

২০৪ নৈকট্য

বি· নৈকট্য, নিকটতা, নিকটত্ব, সন্নিধান, সান্নিধ্য, নিকটবর্তিতা, অদূরবর্তিতা, সামীপ্য, সন্নিধি, সন্নিকট, অনন্তরত্ব, অব্যবধান, প্রত্যাসত্তি, আনন্তর্য, সন্নিকর্ষ, সকাশ, সদন, সন্নিকর্ষণ ; অদূর, উপকণ্ঠ, সমীপ, উপান্ত, আশপাশ ; নাগাল, অধিগম্যতা, পৌঁছ। ত্রিসীমানা, ত্রিসীমা ; পায়ে হাঁটা দূরত্ব, হাঁটা দূরত্ব, হাঁটাপথ।
বিণ· নিকটবর্তী, অদূরবর্তী, অদূরস্থ, নিকটস্থ, অদূরস্থিত, সন্নিকটস্থ, সমীপবর্তী, সমীপস্থ, সন্নিকৃষ্ট, উপস্থ, অন্তিক।
উপসদ, উপসন্ন।
নিকট, কাছ, সংকাশ, কাছে, কাছবরাবর, অনতিদূর, অবিদূর, কাছাকাছি, সমর্যাদ, অত্যন্তিক, নৈকটিক। পাশাপাশি, পার্শ্ববর্তী ; অব্যবহিত।
সংলগ্ন [দ্র ২০৫], সন্নিহিত, গায়ে লাগা।
ঠাস, ঘিচিঘিচি, ঘিঞ্জি, গিঞ্জি, ঘেঁষাঘেঁষি ; ঠাসাঠাসি, লাগালাগি।
ক্রি-বিণ· কাছে কাছে, সঙ্গে সঙ্গে ; পায়ে পায়ে ; গায়ে গায়ে।
অব্য· কাছে, অদূরে, নিকটে, সমীপে [১৯৪]।
সন্নিকটে, কাছেপিঠে, সকাশে, আশেপাশে।

২০৫ সংলগ্নতা

বি· সংলগ্নতা, সংযোগ, সংযুক্তি, যোগ, জোড়, সংলিপ্ততা, সংলেপ, সক্তি, পৃক্তি, সন্ধি, সংসক্তি, অঙ্গাঙ্গিতা, সংশ্লেষ ; সংস্পর্শ, সংস্রব, সম্বন্ধ, সম্পর্ক [দ্র ২৫৩] ; অন্বয়, সমন্বয়, মিলন ; আসক্তি ; সংহতি, সরোকার।
অবিচ্ছেদ, অব্যবধান, নৈকট্য [দ্র ২০৪], সন্নিহিতি, সন্নিধান, সন্নিকট, সামীপ্য।

আঁটা-, সাঁটানো-, আটকানো-, লেপটানো-, লেপটে থাকা-, লাগানো-, আঁকড়ানো-; জোড়া-, জোড়লাগানো- [দ্র ৩৬৩]; যোজন, সংযোজন, সংযোজনা, যোগসাধন(ক)।

সেতু, ব্রিজ, সাঁকো, পুল, পোল, সংক্রম; কালভার্ট, কালবুদ।

বিণ· সংলগ্ন [২০৪], যুক্ত, সংযুক্ত, সন্নিহিত, লিপ্ত, সংলিপ্ত, শ্লিষ্ট, পৃক্ত, সম্পৃক্ত, সংশ্লিষ্ট, সংসক্ত, সক্ত; লাগা-, লাগোয়া-, লাগাও, জোড়া; জড়িত, বিজড়িত, লপ্ত, উপসৃষ্ট, নির্ভিন্ন, ব্যসক্ত, বিলগ্ন, অবলগ্ন, অনুবদ্ধ, অনুষ্ঠূত, সমাবিদ্ধ, প্রযুত, নিষক্ত; সমন্বিত, বিশিষ্ট, সংবলিত; একত্রীকৃত, একত্র, একাকার; ঘনিষ্ঠ; অচ্ছেদ্য; লপটানো-।

নিকট, কাছে, নিকটস্থ [দ্র ২০৪]।

অন্বিত, সম্পর্কিত [দ্র ২৫৩], সম্পর্কযুক্ত, সম্বন্ধীয়, সম্মেলিত, সংযোজিত, অবিযুক্ত, অভিনদ্ধ।

গা ঘেঁষা; সঙ্গের, ঘেঁষা, অঙ্গাঙ্গি, আসন্নিক।

ক্রি-বিণ· লাগালাগি, ঘেঁষাঘেঁষি, গায়ে গায়ে।

২০৬ অসংলগ্নতা

বি· অসংলগ্নতা, বিচ্ছিন্নতা, অসংযোগ, অসংস্রব, অসংসক্তি, বিভেদ, বিশ্লেষ, বিচ্ছেদ, বিযুক্তি, অসম্পৃক্তি, অসংহতি; তফাত, পার্থক্য, ফারাক, ফাঁক; ব্যবধান, দূরত্ব [দ্র ২০৩]।

পৃথক্করণ, পৃথক্‌করণ, বিশ্লেষণ, বিযুক্তকরণ, বিভেদন, ছাড়ানো-।

বিণ· অসংলগ্ন, আলাদা, পৃথক, আলগা, অযুক্ত, বিযুক্ত, বিচ্ছিন্ন, অসংযুক্ত, বিশ্লিষ্ট, অনন্বিত, ভিন্ন, অসংশ্লিষ্ট, অযুগ্ম, অলগ্ন, অস্পর্শ, বিযুত, অলিপ্ত, খণ্ডা, অসংসৃষ্ট, অসম্বদ্ধ, অসংসক্ত, অসম্পর্কিত, সংযোগহীন, অযুগ্ম, অমিলিত, বেজোড়; বিভক্ত, ছিন্ন, বিপ্রযুক্ত, মুক্ত, বিমুক্ত; বিশ্লেষিত; দূর [দ্র ২০৩]।

অসমবায়ী, অসংহত।

নিঃসন্ধি, সন্ধিরহিত, বিজোড়, জোড়হীন।

অবলম্বহীন, অনালম্ব, নিরালম্ব [২৭২], নিরবলম্ব, শূন্যস্থিত; ত্রিশঙ্কু।

ফাঁক ফাঁক, সান্তর, সান্তরাল।

ক্রি-বিণ· ছাড়াছাড়া, আলগা-আলগা; তফাতে; ঠাঁইঠাঁই।

২০৭ উলটো

বি· উলটানো-, উলটে দেওয়া-, ওলটানো-, উলট; উলটো পালটা; উপুড়(ক), উবুড়(ক)।

বৈপরীত্য [দ্র ২৬১, ২৫৯], প্রতিলোম।

উজানি, উজানো-, উজিয়ে যাওয়া-।

বিণ· উলটো, পালটা, বিপরীত; প্রতীপ, বিপ্রতীপ; অধঃশিরা, ঊর্ধ্বমূল অধঃশাখা।

বিপরীতমুখী; উজান।

অনুত্তান।

বেতর, বিষম।

৮ মন-মনোভাব-মানসিকতা

২০৮ মন

বি· মন, চিত্ত, হৃদয়, অন্তর, মানস, হৃদি, হৃৎ, মর্ম, মর্মস্থল, আঁত, হিয়া, দিল, আশয়, পরান, অন্তঃকরণ; অন্তরাত্মা, অন্তরিন্দ্রিয়, অন্তস্তল; ধীন্দ্রিয়, স্বান্ত; চিত্তক্ষেত্র, চিত্তপট, হৃদিপট; চিত্তগুহা; হৃদয়তন্ত্রী, হৃদয়গ্রন্থি; হৃদাকাশ, হৃদাসন, হৃদয়পট, হৃদয়কন্দর, হৃদয়পিঞ্জর; হৃদয়মন্দির, মনোমন্দির।

মানসলোক, মনোরাজ্য, মনোজগৎ, অন্তর্জগৎ; ভাবজগৎ, কল্পলোক, কল্পজগৎ [দ্র ১২৫]।

বিবেক; বিবেকবুদ্ধি।

মানসিকতা, মনোভাব, মনোভাবনা, মনোবৃত্তি, চিত্তবৃত্তি, হৃদয়বৃত্তি, মানসতা, চিত্তাভোগ; দৃষ্টিভঙ্গি; মতি, মতিগতি; ধ্যানধারণা, ধারণা, চিন্তাভাবনা [৩৬৯], ধ্যানজ্ঞান; ধ্রুববিশ্বাস, দৃঢ়বিশ্বাস; প্রবণতা [দ্র ৬০৬]। বিশ্বাস [দ্র ৫৪৯]।

অন্তরের সৌন্দর্য, অন্তর্মাধুর্য, মানসিক ঐশ্বর্য, অন্তরসম্পদ।

অবচেতন মন।

মনোবিজ্ঞান, সাইকোলজি; মনস্তত্ত্ব; চিত্তজ্ঞতা, মনঃসমীক্ষণ।

বিণ· মানসিক, মনোগত, আন্তর, মানস; মনস্থ, হৃদ্‌গত, হৃদয়গত, মর্মস্থ, অন্তরস্থ, আত্মভব, হৃদয়স্থ, হৃদয়জ; চৈত্ত, চৈত্তিক।

আন্তরিক, হৃদ্য, হার্দ্য, হার্দিক; হৃদ্যতাপূর্ণ, আন্তরিকতাপূর্ণ।

প্রশস্তচিত্ত, উদারহৃদয় [দ্র ২৩৮]।

বিণ·/বি· মনোবিজ্ঞানী, মনস্তাত্ত্বিক, মনঃসমীক্ষক, সাইকলজিস্ট, সাইকিয়াট্রিস্ট।

চিত্তবিদ, আশয়জ্ঞ, চিত্তজ্ঞ, অন্তরজ্ঞ।

২০৯ স্বভাব

বি· স্বভাব, আত্মভাব, প্রকৃতি, ধর্ম, গুণ, চরিত্র, ধাত, চারিত্র্য, স্বরূপ, স্বধর্ম, স্বভাবধর্ম, স্বরূপত্ব, স্বরূপতা; নিজমূর্তি, স্বমূর্তি।

মতি, মরজি, মেজাজ।

অভ্যাস, আদত, ধাতু; প্রবৃত্তি। প্রবণতা [দ্র ৬০৬]।

অঙ্গস্বভাব; প্রকৃতিগত প্রবৃত্তি, স্বভাবপ্রেরণা; সহজক্রিয়া।

স্বভাবচরিত্র, রীতিনীতি, হালচাল, ধরনধারণ, চালচলন, ব্যবহার, হাবভাব, ভাবভঙ্গি, রকমসকম, স্বভাবপ্রকৃতি, রীতিচরিত্র, আচরণ [দ্র ২১০]।

লোকচরিত্র, মানবচরিত্র, মানুষের মন, মানবপ্রকৃতি, মনুষ্যচরিত্র; লোকব্যবহার।

আচার, রীতি, ধারা, দস্তুর, শীল। ঝোঁক [দ্র ৬০৬]।

নেশা [দ্র ৫৬০]।

ধর্ম; বয়সের ধর্ম, বয়োধর্ম; কালধর্ম, যুগধর্ম, কালপ্রভাব।

শৈলী, ভঙ্গি, স্টাইল; ফ্যাশন।

রিপু, ষড়রিপু [কাম; ক্রোধ; লোভ; মোহ; মদ; মাৎসর্য]।

নৈতিকচরিত্র, নৈতিকতা [দ্র ৫৫২]।

স্বভাবগুণ, চরিত্রগুণ, স্বভাবসৌন্দর্য; ভালো অভ্যাস; সুস্বভাব।

কদভ্যাস, বদভ্যাস, মন্দ অভ্যাস, কুঅভ্যাস, স্বভাবদোষ, চরিত্রদোষ। মুদ্রাদোষ।

বিণ· স্বভাবগত, প্রকৃতিগত, চারিত্রিক, চরিত্রগত, স্বভাবজ, স্বভাবজাত, সহজাত, স্বভাবসিদ্ধ, স্বভাবসুলভ, স্বভাবসংগত, স্বভাবী, স্বভাবসম্মত, ধাতসহ, গা সহা, প্রকৃতিসিদ্ধ।

মজ্জাগত, বদ্ধমূল; অভ্যস্ত [দ্র ৩৩৬], ধাতস্থ, চিরাভ্যস্ত।

স্বাভাবিক, প্রাকৃতিক; সাহজিক।

সাংসিদ্ধিক, স্বাভাব্য।

স্বতঃস্ফূর্ত, স্বতঃপ্রবৃত্ত।

ক্রি-বিণ· স্বভাবত; অভ্যাসমাফিক, স্বভাববশত, অভ্যাসবশত, স্বভাবগুণে, স্বাভাবিকভাবে, প্রকৃতিবশে; স্বভাবে, সহজে; আপনা আপনি।

মনেপ্রাণে, মজ্জায় মজ্জায়, শিরায় শিরায়।

২১০ আচারব্যবহার

বি· আচারব্যবহার, ব্যবহার, আচরণ, চালচলন, আচার আচরণ, আচার, ধরনধারণ, ব্যাপারস্যাপার, রীতিনীতি [২০৯], আদবকায়দা [দ্র ৬০৯]।

ভাবভঙ্গি, ভাব, হাবভাব, ভাবসাব, ভাবগতিক, রকম, রকমসকম, ধরন, গতিপ্রকৃতি, গতিক, পনা।

লাস্য, লাস, ছলাকলা, হাব; বিলাসভঙ্গি; ব্যালোল, বিলোল; ঠার, ঠারঠুর; ঠমক, ঠাঁট, ঠসক; রঙ্গ, রঙ্গভঙ্গ; লীলা, লীলাখেলা; ঢঙ; গুমর।

ধিঙ্গিপনা।

রীতিনীতি, প্রথা [দ্র ৬০৯], দেশাচার।

আকারইঙ্গিত, ইঙ্গিত [দ্র ৩৮৫]।

অভিব্যক্তি, অভিব্যঞ্জন, প্রকাশ; বহিঃপ্রকাশ; এক্সপ্রেশন।

সদাচার, সদাচরণ [দ্র ৬০৭]।

কদাচার, কদাচরণ [দ্র ৬০৮]।

বিণ· লাস্যময়ী। লীলাচঞ্চল, লীলাময়ী, লীলাবতী। ঢঙী। ধিঙ্গি।

২১১ অন্তর্দৃষ্টি

বি· অন্তর্দৃষ্টি, অন্তর্দর্শন, অন্তরাবলোকন; আত্মদৃষ্টি, আত্মদর্শন, আত্মদর্শিতা।

মানসচক্ষু, মনোনেত্র, মনশ্চক্ষু, মানসনেত্র। দিব্যদৃষ্টি।

আত্মসমীক্ষণ, আত্মসমীক্ষা [৬৩৪], আত্মানুসন্ধান, আত্মচিন্তা, আত্মান্বেষণ, আত্মপরীক্ষণ, আত্মপরীক্ষা।

আত্মজ্ঞান [৩৯০], আত্মতত্ত্ব; আত্মবুদ্ধি; আত্মজ্ঞতা, আত্মবেদিতা, আত্মতত্ত্বজ্ঞতা।

অন্তর্মুখিতা।

বিণ·/বি· আত্মদ্রষ্টা, আত্মদর্শী, আত্মজ্ঞানী, আত্মবিদ, আত্মজ্ঞ, আত্মদর্শক, আত্মতত্ত্বজ্ঞ, আত্মবেদী, আত্মধী; আত্মান্বেষী, আত্মানুসন্ধানী।

অন্তর্মুখ, অন্তর্মুখী; অন্তর্বাহী।

২১২ অভিলাষ

বি· অভিলাষ(ক), আশা(ক, দে) [১৫১], আকাঙ্ক্ষা(ক), ইচ্ছা(ক) [৩৮৯], অভিপ্রায়(ক), বাসনা(ক), কামনা(ক), বাঞ্ছা(ক), স্পৃহা, আশ, ঈপ্সা, অভীপ্সা, ইষ্টি, কাঙ্ক্ষা, ঈহা, ঈহিত, অভিরুচি, আশংসন, আশংসা, বাঞ্ছন, উমেদ, এষণা, এষা, আশয়, ইরাদা; প্রার্থনা(ক), চাওয়া- [দ্র ৭১০]।

মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কামনা, মনোভীষ্ট, মনের সাধ, মনোগত ইচ্ছা, হৃদয়বাসনা, মনোরথ; মনোভাব, উদ্দেশ্য, মতলব [দ্র ৩৮৯]। ইষ্টার্থ, তর্ষ, তর্ষণ। চিরবাসনা, চিরাকাঙ্ক্ষা, চিরাভিলাষ।

প্রত্যাশা(ক), আকুলতা, হাপিত্যেশ; ব্যগ্রতা, ব্যাকুলতা, ঔৎসুক্য; তৃষ্ণা; উমেদারি(ক)।

সাধ(ক), শখ(ক); আগ্রহ, উৎসাহ; প্রবৃত্তি; মনসরা-।

ঝোঁক [দ্র ৬০৬]। প্রতীক্ষা [দ্র ১৫১]।

মতামত [দ্র ৩৮৯]।

ফলাকাঙ্ক্ষা।

লোভ, লিপ্সা, লালসা [দ্র ৭১২]।

মনে করা-, মনকরা-, সংকল্প(ক) [দ্র ২৮৪]।

জীবনের সাধ, জন্মের সাধ।

আশাপাশ, আশাবন্ধ, আশার বাঁধন। আশাতরু, আশালতা।

উচ্চাশা, উচ্চাভিলাষ, উচ্চাকাঙ্ক্ষা।

সুবাসনা, সদ্‌বাসনা।

দুরাশা, দুরাকাঙ্ক্ষা, দুরাগ্রহ; আকাশকুসুম; দিবাস্বপ্ন; তাসের ঘর।

অন্তিম ইচ্ছা, শেষ ইচ্ছা।

ইচ্ছাপত্র, উইল, ওয়ারিসাত; অছিয়তনামা; এফিডেবিট।

আশাপূরণ(ক), ইচ্ছাপূরণ(ক), আশাপূর্ণ(হ), সাধমেটা-, শখমেটা-, বাঞ্ছাপূরণ, মনোবাঞ্ছাপূর্ণ হওয়া-।

এষণীয়তা।

বিণ· কাঙ্ক্ষিত, প্রত্যাশিত, ইচ্ছিত, আকাঙ্ক্ষিত [৭১০], অভিলষিত, ঈপ্সিত, অভীপ্সিত, বাঞ্ছিত, অভীষ্ট, অভিপ্রেত, উদ্দিষ্ট, প্রার্থিত, অন্বিষ্ট, আশংসিত, চিকীর্ষিত, তর্ষিত, অভিসংহিত, রুচিত; সংকল্পিত, মনস্থ।

আশানুরূপ, আশানুযায়ী, উদ্দেশ্যানুরূপ, অভিপ্রায়ানুযায়ী, ইচ্ছানুরূপ, ইচ্ছানুসার, ইচ্ছানুগ।

কামনীয়, বাসনীয়, এষণীয়, ইচ্ছনীয়, অভিলষণীয়, ঈপ্সনীয়, স্পৃহণীয়, বাঞ্ছনীয়, কাঙ্ক্ষণীয়, বাঞ্ছিতব্য, অভিলষিতব্য।

চিরবাঞ্ছিত, চিরপ্রার্থিত, চিরকাঙ্ক্ষিত।

কাম্য, ইষ্ট, এষ্টব্য।

ঐচ্ছিক, ইচ্ছাত্মক, ইচ্ছায়ত্ত, ইচ্ছাধীন, ইচ্ছাবশ: ইচ্ছাজনিত।

সস্পৃহ; সকাম, কামনাযুক্ত, আশাবদ্ধ। আশংসমান।

প্রিয়, মনোমত, প্রেয় [দ্র ২১৫]।

আশাব্যঞ্জক, আশাপ্রদ, আশাজনক, আশাপূর্ণ; উৎসাহব্যঞ্জক, আশাস্পদ; আশাস্য।

আশান্বিত, উৎসাহিত; স্পৃহান্বিত, জাতস্পৃহ।

উৎসুক, ব্যগ্র, আকুল, ব্যাকুল, উৎকণ্ঠ, উদ্‌গ্রীব [দ্র ১৫১], আগ্রহান্বিত, অতীচ্ছু, উদগীম।

অভীষ্টদায়ক, কামদ, অভীষ্টপূরক, কামদা, কামপ্রদ; বাঞ্ছাকল্পতরু।

বিণ·/বি· অভিলাষী, আকাঙ্ক্ষী, ইচ্ছুক, অভীপ্সু, চিকীর্ষু, কম্র, স্পৃহয়ালু, আশংসাকারী, আশংসু, ঈপ্সু, ইচ্ছক, ইচ্ছাবান; ইচ্ছাময়।

প্রার্থী [দ্র ৭১০], প্রত্যাশী, উমেদার, কামী। রাজি [দ্র ২৭৯]।

আকাঙ্ক্ষাকারী, কামনাকারী, বাসনাকারী, বাঞ্ছাকারী; সংকল্পক, প্রতিজ্ঞাকারী [দ্র ২৮৪]। লোভী [দ্র ৭১২]।

বাসনাসর্বস্ব, ইচ্ছাতন্ত্র।

উচ্চাভিলাষী, উচ্চাকাঙ্ক্ষী; ঊর্ধ্বচারী, ঋদ্ধিকামী, উন্নতিকামী, সমৃদ্ধিকামী; ফলান্বেষী।

দুরাকাঙ্ক্ষ, দুরাকাঙ্ক্ষী।

পূর্ণকাম, সিদ্ধকাম [দ্র ৩৪৭], সিদ্ধমনোরথ।

আশাবাদী।

ক্রি·বিণ· ইচ্ছামতো, ইচ্ছানুযায়ী, খুশিমতো, মর্জিমাফিক, যদৃচ্ছা, যথেচ্ছ, যাদৃচ্ছিক, যদৃচ্ছাক্রমে; যা প্রাণে চায়, সাধমিটিয়ে, মনের সাধে, আশ মিটিয়ে, মনের সুখে, চুটিয়ে।

এতদুদ্দেশে, এতদুদ্দেশ্য।

২১৩ নিরাশা

বি· নিরাশা, নৈরাশ্য, নৈরাশ, নৈরাশা, নির্বেদ; হতাশা, হুতাশ, আশাভঙ্গ(হ), নিরাশ(হ, ক), আশাভাঙা-, মোহভঙ্গ(হ), মোহমুক্তি(হ)।

ভরসাহীনতা, অভরসা। অপ্রত্যাশা [দ্র ২১৪]।

নিস্পৃহতা, নিরুৎসাহিতা, নিরাশ্বাস।

দুরাকাঙ্ক্ষা, দুরাশা [দ্র ২১২]।

মিথ্যা আশা, মায়া; অভাবনীয়তা।

সোনার হরিণ, মায়ামৃগ, স্বর্ণমৃগ; আলেয়া; মরীচিকা; আকাশকুসুম; বকাণ্ডপ্রত্যাশা। গাছে কাঁঠাল গোফে তেল। গাছে না উঠতেই এক কাঁদি। অতি ঘরন্তী না পায় ঘর। অরণ্যেরোদন। সে গুড়ে বালি।

মনোবল হারানো-, মন ভেঙে যাওয়া-, মাথায় হাত(দে), হাল ছেড়ে দেওয়া-, বসে পড়া-, পথে বসা-। দীর্ঘশ্বাস(ফেলা-), দীর্ঘনিঃশ্বাস(ফেলা-)। মাথা কোটা-, মাথা ঠোকা-।

নৈরাশ্যবাদ; নৈরাশ্যবাদিতা।

বিণ·/বি· নিরাশ(হ, ক), হতাশ(ক, হ), আশাহীন, আশাশূন্য, ভগ্নাশা, ভগ্নমনা, মনোহত, আশাভরসাহীন; ভগ্নোদ্যম, ভগ্নোৎসাহ, হতোদ্যম, হতোৎসাহ, হতাশ্বাস, হতাশাগ্রস্ত, উদ্যমহীন, উদ্যমহারা, ভগ্নহৃদয় [দ্র ২২৮], নিরুদ্যম, নিরুৎসাহ, ভগ্নচেষ্ট, নিরুৎসুক, বীতস্পৃহ, নিস্পৃহ [৬১৬], স্পৃহাহীন, বীতরাগ, উপরতস্পৃহ, গতস্পৃহ, বিগতস্পৃহ।

দুরাকাঙ্ক্ষী, দুরাকাঙ্ক্ষ [দ্র ২১২]।

নৈরাশ্যবাদী। কামনাশূন্য, বীতকাম, কামনাহীন, ব্যর্থবাসনা। উচ্চাশাহীন।

বিণ· নৈরাশ্যজনক, নৈরাশ্যব্যঞ্জক, নৈরাশ্যসূচক, নিরাশাব্যঞ্জক, হতাশাব্যঞ্জক, হতাশাসূচক।

২১৪ অনভিলাষ

বি· অনভিলাষ, না চাওয়া-, অনিচ্ছা, অনীহা, অকামনা, নিঃস্পৃহতা, অনীপ্সা; বিতৃষ্ণা [২১৬], অরুচি, অপ্রবৃত্তি, অনাসক্তি, অসাধ, অবাঞ্ছনা, অস্পৃহা, অনভিলাষিতা, অবাসনা, বৈরস্য, অলিপ্সা, নিরাকাঙ্ক্ষা, উদাসিতা, অচিকীর্ষা, অনভিপ্রায়, ঔদাসীন্য [দ্র ৩৪৫], অনাগ্রহ, অপ্রত্যাশা [দ্র ২১৩], অনাকাঙ্ক্ষা, উদাসীনতা, নির্লিপ্ততা, নির্লিপ্তি, ঔদাস্য, উদাসিতা, অনভিভবন; অকাম্যতা, অবাঞ্ছনীয়তা, বিমুখতা।

অপছন্দ [দ্র ২১৬]। নিরাশা [দ্র ২১৩]। অসম্মতি [দ্র ২৮০]।

বিণ· অনভিলষিত, অকাম্য, অবাঞ্ছিত, অপ্রত্যাশিত, অনভিপ্রেত, অবাঞ্ছনীয়, অনীপ্সিত, অনভিলষণীয়, অসংকল্পিত, অরত, অনপেক্ষিত, অনৈচ্ছিক, অকাম্য, অভাবনীয়, অসম্ভাবিত; অপ্রার্থিত; অনিচ্ছাকৃত, অস্বেচ্ছাকৃত।

অকাম, নিষ্কাম।

বিণ·/বি· নিঃস্পৃহ, অনীহ, স্পৃহাহীন, স্পৃহাশূন্য, বিতৃষ্ণ, ইচ্ছাবিহীন, অনভিলাষী, নিরাকাঙ্ক্ষ, কামনাশূন্য, বাসনাহীন, লালসাহীন।

অচিকীর্ষু, অনাগ্রহী, উদাসী, উদাসীন, উদাস, নির্লিপ্ত, নির্লেপ, অনাসক্ত, নিরাসক্ত, অসক্ত, বিমুখ, নিবৃত্ত।

অনিচ্ছু, অনিচ্ছুক, অরাজি, গররাজি, অসম্মত [দ্র ২৮০]।

নির্লোভ [৭১৬], অলিপ্সু, অলোভ, অলুব্ধ, লোভশূন্য।

মোহবর্জিত, নির্মোহ, মোহহীন।

২১৫ পছন্দ

বি· পছন্দ(ক, হ) [২২৪], পসন্দ, রুচি, অভিরুচি, প্রবৃত্তি, স্পৃহা, ঝোঁক, আসক্তি, প্রবণতা; রোচা-, রোচন, ভালোলাগা-, মনে ধরা-, মনে লাগা-, মনঃপূত হওয়া-, মনকাড়া-, মনটানা-, মন যোগানো-, মন ভোলানো, মনে দাগ কাটা-, চিত্তাকর্ষণ(ক), মনে রেখাপাত(ক); চোখে

লাগা-, চোখে ধরা-, নজর কাড়া-, নজর টানা-, দৃষ্টি আকর্ষণ(ক); মন গলা-, মন গলে যাওয়া-।

মনোনয়ন(ক), নির্বাচন(ক), বাছাই(ক), বাছা-, বাছ, বেছে নেওয়া-, বাছবিচার(ক)। মতামত [দ্র ৩৮৯]।

রুচিভেদ, প্রবৃত্তিভেদ, ভিন্নরুচি। সুরুচি; মার্জিতরুচি; কুরুচি।

বিণ· পছন্দসই, পছন্দমাফিক, পছন্দের, ইচ্ছানুরূপ, মনোমত, মনের মতো, মনঃপূত(হ); অভিপ্রেত, আকাঙ্ক্ষিত [দ্র ২১২]। প্রিয়, ফেভারিট।

মনোলোভা, মনোহারী, চিত্তহারী, মনোমোহন, মুনাসিব, মনোজ্ঞ, চিত্তাকর্ষী, চিত্তাকর্ষক।

মনোনীত(ক, হ), নির্বাচিত (ক, হ)।

রুচিকর, রুচ্য, রোচক, রুচক, রোচ্য [৫২৬]; রুচিস্নিগ্ধ, রুচিপূর্ণ।

রুচিসম্পন্ন, রুচিবাগীশ, সুরুচিসম্পন্ন।

কুরুচিকর, কুরুচিপূর্ণ।

২১৬ অপছন্দ

বি· অপছন্দ(ক, হ), অমনোনয়ন, অনির্বাচন, অরুচি, অপসন্দ, গরপছন্দ, বেপছন্দ, না পসন্দ, না পছন্দ, অপ্রবৃত্তি, অনীহা, অস্পৃহা, অনাসক্তি, বিতৃষ্ণা [২১৪], অনভিলাষ [দ্র ২১৪]; অসন্তুষ্টি, খুঁতখুতানি, খুঁতখুঁত(ক); প্রত্যাখ্যান(ক) [২৮০, ২৬৯, ৭১৬], খারিজ(ক), বাতিল(ক)। বিমুখতা, বৈমুখ্য।

ভালো না লাগা-, মন না ওঠা-, মনে না ধরা-, না রোচা-, মনঃপূত না হওয়া-, মনে না লাগা-, অমনঃপূতি। বিরাগ [দ্র ২২০]। নাকসিঁটকানো-; গা ঘিন ঘিন করা-।

বিণ· অপছন্দের, অমনোনীত, অনির্বাচিত, অরুচিকর, অরোচক, অমনঃপূত(হ); অপ্রিয়, অপ্রীতিকর [২২০, ৬১৬], অসন্তোষজনক, মনের মতো নয়, অহৃদ্য।

প্রকৃতিবিরুদ্ধ, স্বভাববিরুদ্ধ।

বিণ·/বি· নাক উঁচু, নাক তোলা, উন্নাসিক, খুঁতখুঁতে; অনীহ; বিমুখ।

২১৭ দ্বিধা

বি· দ্বিধা(ক), দ্বৈধ, দ্বৈধীভাব, কুণ্ঠা, সংকোচ(ক) [২৪৫], ইতস্তত(ক), দোনোমনো(ক), কিন্তু কিন্তু(ক), আমতা আমতা(ক); খটকা, দোদুল্যমানতা, দোটানা, দোটানায় পড়া-, টলা-, দোলাচলতা, দোলাচলচিত্ততা; খুঁতখুঁতে ভাব [দ্র ২১৬]; অব্যবস্থিতচিত্ততা, অস্থিরচিত্ততা; দ্বন্দ্ব, সংশয়, সন্দেহ, অনিশ্চয়তা [দ্র ৩৮২]।

হতভম্বভাব, কিংকর্তব্যবিমূঢ়তা, বিহ্বলতা, থতমত খাওয়া-।

ধাঁধা, হেঁয়ালি।

গুলিয়ে ফেলা-, গোলানো- [৫৬২], তালগোল পাকানো-।

করি কি না করি; তানা-না-না(ক); মতিস্থির না থাকা-, মাথার ঠিক না থাকা-। মুখ ফুটে বলতে না পারা-।

বিণ·/বি· দ্বিধাগ্রস্ত, কুণ্ঠিত, বিহ্বল, দোদুল্যমান, দোলায়মান, কুণ্ঠাযুক্ত, সংকুচিত; দোমনা, কুণ্ঠ, অব্যবস্থিতচিত্ত, দোলাচল, টলায়মান, দোলাচলচিত্ত, কুণ্ঠাগ্রস্ত, সংশয়াকুল, সংশয়গ্রস্ত।

কিংকর্তব্যবিমূঢ় [২১৯]; হতবুদ্ধি(হ), হতভম্ব(হ) [২১৯, ৩৭৯]।

কাঁচুমাচু।

২১৮ দ্বিধাহীনতা

বি· দ্বিধাহীনতা, অসংকোচ, কুণ্ঠাহীনতা, অকুণ্ঠতা, অকুণ্ঠা, অকুণ্ঠচিত্ততা, অকুণ্ঠিতচিত্ততা।

সাবলীলতা, সহজতা, সরলতা।

বিণ·/বি· নির্দ্বিধ, অকুণ্ঠ, অকুণ্ঠিত, কুণ্ঠাহীন, নিষ্কুণ্ঠ, অকুণ্ঠিতচিত্ত, বিকুণ্ঠ, দ্বিধাহীন, সংকোচহীন, সংকোচশূন্য, নিঃসংকোচ; অবিচল, অবিচলিত, অচঞ্চল; নির্বিকার।

ক্রি-বিণ· নির্দ্বিধায়, অকুণ্ঠে, অকুণ্ঠিতভাবে, অকুণ্ঠিতচিত্তে, অকুণ্ঠিতপ্রাণে, অকুণ্ঠিতমনে, অকুণ্ঠিতহৃদয়ে, অবলীলায়, অসংকোচে [২৪৬], অকপটে [দ্র ৫৪৭]।

স্পষ্টাস্পষ্টি, সাফ; বেমালুম। অম্লানবদনে; অবলীলাক্রমে, অনায়াসে, সহজে, অবহেলে।

গটগট করে; গরগর করে, গরগরিয়ে।

২১৯ মুগ্ধতা

বি· মুগ্ধতা, মোহ, মায়া, সম্মোহ, মৌগ্ধ্য, বিমুগ্ধতা, বিমূঢ়তা, বিহ্বলতা, অভিভূতি, অভিভব, ঘোর, আবেশ, ভাবাবেশ, ভাববিহ্বলতা, বিমোহ, মোহঘোর, মায়াঘোর, মোহতিমির, নবমীদশা; মোহপাশ, মোহজাল, মোহডোর, মায়াপাশ, মায়াজাল, মায়াডোর। নেশা [দ্র ৫৬০]।

গদগদভাব, বিগলিত ভাব।

সম্মোহন [৩৭২]; মুগ্ধকরণ; মন ভোলানো-, বিমোহন।

বিণ· মুগ্ধ(ক), বিমুগ্ধ(ক), মোহিত(ক), বিমোহিত(ক), সম্মোহিত(ক), বিমূঢ়, বিহ্বল, অভিভূত, আত্মহারা, বিভোল, বিভোর, বুঁদ, মশগুল, আবিষ্ট, ভাবাবিষ্ট, ভাববিহ্বল, ভাবোন্মত্ত, অজ্ঞান [দ্র ৫২], মোহগ্রস্ত, মোহপ্রাপ্ত, আচ্ছন্ন, বিক্লব, বিমূঢ়সংজ্ঞ, অঘোর, অচৈতন্য, বিবশ, অচেতন, মোহমুগ্ধ, মোহান্ধ, মোহাবিষ্ট, মোহবদ্ধ, মায়াবদ্ধ, মায়ামুগ্ধ, মায়াচ্ছন্ন, মায়াবিষ্ট। মন্ত্রমুগ্ধ।

কিংকর্তব্যবিমূঢ় [দ্র ২১৭]; হতভম্ব(হ) [২১৭], ভ্যাবাচ্যাকা(খাওয়া-); আক্কেলগুড়ুম(হ)।

মোহময়, মোহন, মোহজনক, মুগ্ধকর, মনোমুগ্ধকর, বিহ্বলকারী, বিবশকারী; মোহময়ী, মোহিনী, বিমোহিনী, সম্মোহিনী। ভুবনমোহন, জগন্মোহন।

কাষ্ঠবৎ, কাঠের মতো।

ক্রি-বিণ· মুগ্ধ হয়ে, মুগ্ধচিত্তে; মুগ্ধনয়নে, মুগ্ধচোখে।

২২০ বিরূপতা

বি· বিরূপতা, বিরক্তি, বিরূপত্ব, বৈরক্ত্য, বিরাগ [২১৬]; অসন্তুষ্টি, অতুষ্টি, বিতুষ্টি, অতৃপ্তি, অসন্তোষ, অপ্রসাদ, অপ্রীতি, অনাহ্লাদ, বেজারভাব; ভার, মনোভার, বিমর্ষতা [দ্র ২২৮]। অখুশি।

ক্ষোভ, আক্ষেপ, খেদ [দ্র ২২৮]।

অস্বস্তি, অস্বাচ্ছন্দ্য [দ্র ৮৫]।

ঘৃণা(ক), ঘেন্না(ক), রীঢ়া; ঘেন্না ধরে যাওয়া-; গা ঘিন ঘিন করা-; গা গুলিয়ে ওঠা-; বমি পাওয়া-।

বিণ· বিরূপ(হ), বিরক্ত(ক, হ) [৬৮৮, ৬১৬], বেজার(হ), অসন্তুষ্ট, অতুষ্ট, অতৃপ্ত; অখুশি, অপ্রসন্ন, অপ্রীত, অপরিতুষ্ট, বিতুষ্ট, বিমন, অবিতৃপ্ত, অসক্ত, অপ্রফুল্ল, ক্ষুব্ধ, অনভিভূত, মুখভার [দ্র ২৩০]।

উত্ত্যক্ত(হ, ক), ব্যতিব্যস্ত(হ), তিতিবিরক্ত(হ), বীতশ্রদ্ধ(হ)।

বিরক্তিকর, অপ্রীতিপ্রদ, অরুচিকর, অপ্রীতিকর, বিরক্তিজনক; অতৃপ্তিকর, অসন্তোষজনক; পীড়াদায়ক, সশল্য।

ঘৃণার্হ, ঘৃণ্য, ঘৃণিত; ঘৃণাস্পদ, ঘৃণাযোগ্য, ঘৃণাভাজন। ঘৃণাকর, ঘৃণাজনক।

ঘৃণাকারী, ঘৃণী।

খিটখিটে; বেজার। বিরসবদন, গোমড়ামুখ, ভারমুখ, গোমড়া, গোমড়ামুখো; স্বভাববিরূপ।

বিরাগভাজন, অপ্রিয়, অপ্রিয়ভাজন।

২২১ সহনশীলতা

বি· সহনশীলতা, সহিষ্ণুতা, সহ্যশক্তি, সহ্যগুণ, সহনীয়তা, ক্ষান্তি।

সহ্য(ক), সহন, সহা-, সওয়া-, প্রসহন, বরদাস্ত(ক), সপাদ, সহানো-, সহ্যকরণ, মর্ষ, সইতে পারা-; স্থৈর্য, স্থৈর্যধৈর্য, ঠর; ধৈর্য [দ্র ৩৪৩]; পরামর্ষ। প্রসার, উদারতা [দ্র ২৩৮]।

মেনে নেওয়া-, মানিয়ে নেওয়া-, হজম করা-, মুখ বুজে সহ্য করা, নীরবে সহ্য করা-, গায়ে না মাখা-, মাথা ঠাণ্ডা রাখা-, নিজেকে সংযত রাখা-, উচ্চবাচ্য না করা-।

সহ্যসীমা, সহ্যমাত্রা। কষ্টসহিষ্ণুতা।

নাই(দে, পা), লাই(দে), আশকারা(দে, পা), প্রশ্রয়(দে, পা), মাথায় তোলা-; আদর [দ্র ৬০৫]; আহ্লাদ(দে); আবদার।

বিণ· সহনীয়, সুসহ, সহনোপযোগী।

বিণ·/বি· সহনশীল, সহিষ্ণু [২৪০, ৩৪৩], ক্ষান্ত, তৈতিক্ষ, সহনক্ষম, কষ্টসহিষ্ণু, কষ্টসহ। সহ্যকারী; অব্যাকুল, ব্যাকুলতাশূন্য, নিরাকুল, নিরুদ্বেগ; অবিহ্বল, অনভিভূত, অনাকুলিত, অনাকুল, অবিক্লব; অবিতৃষ্ণ; ভাবলেশহীন; প্রশান্ত; সর্বংসহা, সর্বংসহ।

প্রশ্রিত, প্রশ্রয়প্রাপ্ত। ভুক্তভোগী।

নির্ঘৃণ, অঘৃণ, ঘৃণাশূন্য, অঘৃণ্য।

২২২ সংযম

বি· সংযম, সংযমন, সংবরা-, সংবরণ(ক), দান্তি, প্রয়াম, যমন, যত, উপরতি।

নিবারণ(ক), দমন(ক), প্রশমন [দ্র ৪৫০]; রোধ, সংরোধ, প্রতিসংহার, নিরোধ, নিয়ন্ত্রণ(ক) [৩৪০]; আয়ত্তে আনা-, আয়ত্তি।

রাশ(টানা-), লাগাম(টানা-)। মিতাচার, মিতাচারিতা; ইচ্ছাদমন(ক), ইচ্ছানিবৃত্তি(ক), বাসনাসংযম(ক)।

পরিমিতি [দ্র ৪৪৮], পরিমিততা।

ইন্দ্রিয়জয়, ইন্দ্রিয়সংযম [দ্র ৯৬]। চিত্তসংযম, চিত্তস্থৈর্য।

আত্মদমন(ক), আত্মসংযম(ক), আত্মনিয়ন্ত্রণ(ক), আত্মসংবরণ(ক)।

বিণ· সংযত, সুসংযত, সংযমিত; নির্মদ, দমিত, উদ্দান্ত, যমিত; সংরুদ্ধ, নিরুদ্ধ, রুদ্ধ; প্রশমিত(ক), নিয়ন্ত্রিত, নিবৃত্ত(ক), নিবারিত(ক), প্রতিহত(ক); আয়ত্ত(ক), প্রতিসংহৃত।

শান্ত, ধীর, অবিচলিত, স্থির [দ্র ৩৪৩], সুধীর, শিষ্ট, সুশীল, প্রশান্ত, অব্যস্থ।

নিবার্য, নিবারণীয়, দমনীয়।

মিত, পরিমিত [দ্র ৪৪৭]।

বিণ·/বি· সংযমী [৯৬], সংযমকারী, কৃতসংযম, সংযমপরায়ণ; দান্ত, যমী, দমী, যতচিত্ত, যমবান; জিতেন্দ্রিয়, সংযতেন্দ্রিয়; শান্তস্বভাব; শমী [২২৪]; অপ্রমত্ত, অমত্ত; নিষ্ঠাবান [দ্র ৩৪৩]; মিতাচারী; অব্যাকুল [দ্র ২২১]।

২২৩ অসংযম

বি· অসংযম, অনিয়ন্ত্রণ, বাড়াবাড়ি(ক) [৪৫৬, ৪৪৬]; উদ্দামতা, উচ্ছ্বাস [দ্র ২২৬]; অসহিষ্ণুতা, অসংবরণ, অসহন, অধীরতা, ধৈর্যাভাব, অধৈর্য [দ্র ৩৪৫], অস্থিরতা, চঞ্চলতা, ছটফটানি, চুলবুল(ক), চুলবুলানি, ছটফট(ক), উসখুস(ক); আকুলতা, মত্ততা, ব্যাকুলতা, আকুলিবিকুলি।

উচ্ছৃঙ্খলতা [দ্র ৬৭০]; বিশৃঙ্খলতা, বিশৃঙ্খলা [দ্র ৬৭০]; স্বেচ্ছাচার(ক), স্বেচ্ছাচারিতা, যথেচ্ছাচার [দ্র ৫৬৩], অমিতাচার, অমিতচারিতা, অনিয়তাচার, স্বেচ্ছানুবর্তিতা, স্বচ্ছন্দাচার, আত্মপ্রশ্রয়; স্বৈরাচার, স্বৈরতা, স্বৈরিতা।

লাম্পট্য [দ্র ৫৬৩], বারদোষ। ব্যভিচার [৫৬৩], ব্যভিচারিতা।

আত্মবিলাস, ইন্দ্রিয়পরায়ণতা [দ্র ৯৬]।

বিণ· অসংযমী, অসংযত, অনিয়ত, অনিয়ন্ত্রিত।

অসহিষ্ণু, অসহনশীল, অসহমান, অধীর, অধৈর্য, আকুল, ব্যাকুল; চঞ্চল, ছটফটে, উসখুসে।

উদ্দাম, বন্ধনহীন; লাগামছাড়া।

উচ্ছৃঙ্খল [দ্র ৬৭০]; বিশৃঙ্খল [দ্র ৬৭০]; স্বেচ্ছাচারী, অমিতাচারী, স্বেচ্ছাবিহারী, যথেচ্ছাচারী, স্বেচ্ছানুবর্তী, স্বেচ্ছারত; স্বৈরাচারী, স্বৈরচারী, স্বৈরী, স্বৈর; স্বৈরিণী।

লম্পট [দ্র ৫৬৩]; ব্যভিচারী, ব্যভিচারকারী; বারমুখো।

মাথাগরম [দ্র ২৩০]। বেপরোয়া; প্রমত্ত।

বাঁধনহারা, অনর্গল, আগলছাড়া, বল্‌গাহীন, মাত্রাজ্ঞানহীন, অপরিমিত।

২২৪ আনন্দ

বি· আনন্দ(পা, দে, ক, হ), প্রফুল্লতা, প্রসন্নতা, আমোদ(ক), আহ্লাদ, স্ফূর্তি, ফুর্তি(ক, হ), হাসি [দ্র ২২৫], হর্ষ, হরষ, নন্দি, নন্দ, সম্মদ, উল্লাস, হৃষ্টি, হর্ষণ, হরিষ, হ্লাদ, হ্লাদন, উলস, সৌমনস্য, প্রসত্তি, অবিষাদ, সম্প্রসাদ, মদ্র, সংহর্ষ, পুলক, সুখিত্ব।

খুশি(হ, ক), খুশিখুশিভাব, খোশ, খোশমেজাজ, মেজাজ, খুশমেজাজ, চিত্তপ্রসন্নতা, চিত্তবিনোদ, দিলখুশ, মনভালো থাকা-, মেজাজশরিফ, দিলদরিয়া ভাব।

সুখ(পা, দে), সুখানুভূতি, সুখোপলব্ধি, সুখানুভব(ক), সুখস্পর্শ, সমরস, সুখোদয়, সুখোৎপত্তি, সুখবোধ(ক); সুখান্বেষণ, সুখাশা; সুখের মুখ দেখা-; সুখস্মৃতি, সুখস্বপ্ন; সুখসাগর, সুখসিন্ধু, সুখসমুদ্র, আনন্দবাজার, সুখের হাট, সুখশান্তি, সুখস্বাচ্ছন্দ্য, সুখে থাকা-, সুখৈশ্বর্য, শর্ম, সৌহিত্য।

মহানন্দ, পরমানন্দ, মহাসুখ, অপারসুখ, স্বর্গসুখ, তুরীয়ানন্দ, সশরীরে স্বর্গভোগ।

তৃপ্তি(দে, পা), তুষ্টি, সন্তুষ্টি, সন্তোষ, পরিতৃপ্তি, পরিতুষ্টি, পরাতুষ্টি, তোষ, পরিতোষ, তোষণ; স্বাচ্ছন্দ্য, চরিতার্থতা [দ্র ৩৪৭]; নিবৃত্তি, পূর্তি; মনস্তুষ্টি, মনের সাধ মেটানো-; পিপাসামেটা-, আশামেটা-; হৃদয়জুড়ানো-; মনজুড়ানো-; প্রাণজুড়ানো-।

ভালোলাগা-, মনলাগা-, মনবসা-, পছন্দ [দ্র ২১৫]। হৃদয়ানন্দ, প্রাণারাম।

আমোদপ্রমোদ, মজা(ক, হ), প্রমোদ, বিনোদ, মোদ, আমোদ আহ্লাদ, ফুর্তি, হুল্লোড়, ফুর্তিফার্তা, হৈহুল্লোড়, প্রমোদবিলাস, রঙ্গ, রঙতামাশা [দ্র ২২৫]; কেলি, বিহার। সম্ভোগ, উপভোগ(ক), ভোগ [দ্র ৭৩৫]। রভস। আনন্দের দিন [দ্র ১৬১]।

উৎসব, আনন্দোৎসব, সুখোৎসব; পরব।

উচ্ছলতা, উচ্ছ্বাস, উচ্ছ্বসন, আনন্দের উচ্ছ্বাস, সমুচ্ছ্বাস, আনন্দোচ্ছ্বাস, আনন্দস্রোত, খুশির জোয়ার; নেচে ওঠা-; হাততালি দেওয়া-; বগল বাজানো-; আনন্দে ভাসা-; তাই রে নাই রে না। গায়ে পুলক লাগা-।

দৈহিক সুখ, আরাম [দ্র ৮৩], মৌজ।

আত্মতৃপ্তি, আত্মপ্রসাদ, আত্মতুষ্টি; চিত্তপ্রসাদ, তৃপ্তিময়তা।

উদ্বেগহীনতা, অনুদ্বেগ, শান্তি, প্রশান্তি, সুসাম্য, মানসিক শান্তি [৬৮৭]; অবিচলতা, শমগুণ, গাম্ভীর্য [দ্র ২৩৬]।

কৌতুক, রসিকতা [দ্র ২২৫], ঠাট্টা(ক), মস্করা(ক), রগড়।

পঞ্চরঙ্গ, পঞ্চানন্দ, [ভোগানন্দ; ভজনানন্দ; যোগানন্দ; জ্ঞানানন্দ; প্রেমানন্দ]।

আনন্দদান(ক), আনন্দন, আমোদন, প্রমোদন, প্রীণন, বিনোদন [৭৫৬], প্রীতিসম্পাদন, অনুরঞ্জন(ক), মনোরঞ্জন(ক), চিত্তরঞ্জন, সন্তর্পণ, মনভোলানো-, মনমাতানো-, চিত্তবিনোদন(ক); মনযোগানো-, তৃপ্তিসাধন(ক), তৃপ্তিবিধান(ক)। তুষ্টিসাধন(ক), প্রসাদন, যোষণ, আতর্পণ, ভালো লাগানো-, স্নেহন; বিগলিত করা-, মন পাওয়া-।

প্রমোদভবন, প্রমোদাগার, প্রমোদগৃহ, প্রমোদকক্ষ, প্রমোদভূমি, ক্রীড়াভূমি, রঙ্গভূমি, আনন্দভবন, সুখাগার, সুখধাম, আনন্দধাম; কেলিকুঞ্জ, কেলিগৃহ, কেলিভূমি, বিহারালয়; লীলাক্ষেত্র, লীলাভূমি; বিলাসসৌধ, বিলাসভবন, বিলাসগৃহ, বিলাসকক্ষ; সুখবাসর; প্রমোদকানন, প্রমোদউদ্যান, প্রমোদবন, আনন্দকানন, উপবন; লীলাকানন, লীলোদ্যান।

আনন্দধ্বনি, হর্ষধ্বনি, উল্লাসধ্বনি; জয়ধ্বনি, জয়নাদ। আনন্দাশ্রু [দ্র ২২৯]।

বিণ· আনন্দিত(হ), প্রফুল্ল, প্রসন্ন(হ), উল্লসিত(হ), হৃষ্ট, উৎফুল্ল, আহ্লাদিত(হ), হ্লাদিত, আনন্দবিহ্বল, হৃষিত, সংহৃষ্ট, প্রোৎফুল্ল, ফুল্ল, প্রমুদিত, মোদিত, প্রমোদিত, আমোদিত(হ), নন্দিত, সুপ্রসন্ন(হ)।

সহর্ষ [দ্র ২২৫], হর্ষিত, হরষিত; হর্ষান্বিত।

খুশি, মহাখুশি, মশগুল, মাতোয়ারা; উচ্ছ্বসিত।

অবিষণ্ণ, অবিষাদিত, অক্ষিণ্ণ, অক্ষোভিত, অক্ষুব্ধ, অক্ষুণ্ণ, অক্ষোভ, অক্ষোভ্য।

সুখী, সুখিত, নিশ্চিন্ত।

হাসিখুশি, আনন্দময়, শর্মী, হৃষ্টচিত্ত; প্রমনা; সদাপ্রসন্ন, সদানন্দ, সদাতৃপ্ত; চিরসুখী।

তুষ্ট(হ, ক), তৃপ্ত(হ, ক), পরিতৃপ্ত(হ, ক), সুপ্রীত, সুচেতা, প্রীত(হ), সন্তুষ্ট(ক, হ), পরিতুষ্ট(ক, হ), তোষিত; প্রীণ, চরিতার্থিত [৭২৬], চরিতার্থ।

বিনোদিত, প্রমোদিত, পুলকিত। ডগমগ [২২৬]।

সানন্দ, আনন্দপূর্ণ, আনন্দঘন; আনন্দময়।

অখেদ, অনুতাপহীন, অখিদ্য, অখিন্ন, অখিদ্যমান, অননুতপ্ত; দুঃখহীন, দুঃখসহ, অদীন, অকাতর; অশোচনীয়, অশোচ্য, অশোচিত, গতশোচন।

আত্মতুষ্ট, আত্মতৃপ্ত। হৃষ্টান্তঃকরণ।

আনন্দদায়ক, আনন্দপ্রদ, আনন্দজনক, আনন্দকর, নন্দন; বিনোদ, বিনোদিয়া, বিনোদী, আমোদক, প্রমোদী, মোদক; সুনন্দ, রঞ্জক, শময়িতা, শর্মদ; সুখদায়ক, সুখদ, সুখদা, সুখাবহ, সুখকর; সুখের, সুখপ্রদ, সুখজনক; তৃপ্তিদায়ক, তৃপ্তিকর; সন্তোষজনক।

প্রিয়, প্রীতিপ্রদ, প্রীতিদ, আতৃপ্য, প্রীতিকর, প্রীতিজনক, সুখময়, তৃপ্তিময়।

আনন্দজাত, আনন্দোদ্ভব।

মজাদার, মজার, মেজাজি; সরস, রসের, রসপূর্ণ।

প্রীয়মাণ।

দুঃখহর, দুঃখহারী, দুঃখাতীত, শোকাতীত।

হাসির [দ্র ২২৫], হর্ষদায়ক, হর্ষকর, হাস্যোদ্দীপক।

নিরুদ্বেগ, উদ্বেগহীন, অনুদ্বিগ্ন, শান্ত, প্রশান্ত [দ্র ২২২]; শমী; নির্ভয় [দ্র ২৩৩]।

আকর্ষণীয়, চিত্তাকর্ষক, লোভনীয়, মনোরম [দ্র ৫২৬]।

বিণ·/বি· আমুদে, আমোদী, মোদী, উল্লাসী, রগুড়ে [দ্র ২২৫], রসিক।

খুশিতে ডগমগ; আহ্লাদে আটখানা; আনন্দোদ্ভাসিত, আনন্দোচ্ছল। অশোক; বীতশোক, বিশোক, শোকহীন।

অকৃতশোক; নিবৃত্তশোক, শোকশূন্য, শোকরহিত; গতশোক, বিগতশোক।

আহ্লাদী; আহ্লাদে। সুখভাগী।

শান্তিপ্রিয়; নির্ঝঞ্ঝাট।

ক্রি-বিণ· সানন্দে, আনন্দের সঙ্গে, আনন্দে, খুশি হয়ে, উল্লাসে, আনন্দভরে, উল্লাসভরে, সোল্লাস, সোল্লাসে।

মহানন্দে; সুখে; মহাসুখে।

হৃষ্টচিত্তে, প্রফুল্লচিত্তে, প্রফুল্লমনে, খুশিমনে; প্রসন্নচিত্তে, প্রসন্নমনে; বিগলিতচিত্তে, বিগলিতহৃদয়ে, বিগলিত হয়ে।

নিশ্চিন্তে, নিশ্চিন্তমনে, নির্ভাবনায়।

২২৫ হাসি

বি· হাসি, হাসা-, হাস্য, হাস, হসন; কলহাস্য, কলহাস, হর্ষধ্বনি(ক), হাস্যরোল, হাস্যধ্বনি, হাস্যরব, হাস্যচ্ছটা, হাস্যলহরী, হাসির ঘটা, হাসির ধুম।

অট্টহাসি, অট্টহাস, অট্টহাস্য, অট্টনাদ, অট্টনিনাদ, অট্টরব, অট্টরোল, অট্টট্ট, অট্ট অট্ট; উচ্চহাস্য, অতিহসিত, অতিহাস, প্রহাস, দমফাটা হাসি, হো-হো হাসি, হেসে কুটিপাটি(হ); মুচকি হাসি, মৃদু হাসি, মৃদুহাস, বক্রোষ্ঠিকা; সুহাস; ঠোঁট-টিপে হাসা-, স্মিতহাস্য, স্মিতহাসি; কাষ্ঠহাসি, দেখনহাসি, লোক-দেখানো হাসি। বিকটহাসি, অপহসিত, অবহসিত; দেঁতো হাসি। অন্তর্হাস, গুপ্তহাসি, উদ্বর্ধন; মুখটিপে হাসা-।

হেসে ওঠা-, হেসে ফেলা-, হেসে দেওয়া-। দাঁত বার করা-, দন্তবিকাশ করা-। একগাল হাসি।

শিশুর হাসি, দেয়ালা।

কপট হাসি। ম্লানহাসি। মধুরহাসি, মিষ্টিহাসি।

হর্ষোচ্ছ্বাস, হর্ষোদয়।

কৌতুক [২২৪], পরিহাস, পরিহাস্য, রসিকতা, রঙ্গরসিকতা, রঙ্গরস, হাসিঠাট্টা, হাসিতামাশা, তামাশা, হাসাহাসি(ক), হাস্যপরিহাস; প্রহসন, কমিক, হাস্যকৌতুক, হাস্যালাপ; রঙ্গ, মজা, রঙ্গবিরঙ্গ, রঙ্গিমা, রঙতামাশা, রগড়, আমোদ, রঙঢঙ, রঙ্গভঙ্গ, নর্ম, কেলিমুখ, মশকরা; কৌতুকী, জোক, চুটকি; ক্যারিকেচার, কার্টুন, ব্যঙ্গচিত্র, নকশা, বিদ্রূপ-নকশা; ব্যঙ্গ, বিদ্রূপ, শ্লেষ, কটাক্ষ; ব্যঙ্গবাণী, বিদ্রূপবাক্য, উপহাসবাক্য, ব্যঙ্গোক্তি, ছেকোক্তি, শ্লেষোক্তি।

ঠাট্টা(ক), ইয়ারকি(ক) [৬০৮], ফাজলামি(ক) [২৩৫], ফচকেমি(ক); ভাঁড়ামি(ক), ভাঁড়ামো; ভ্যাঙানো-, নকল করা-; হাসানো-; ডেঁপোমি; প্রগল্‌ভতা, বাচালতা [দ্র ১১৪], ছ্যাবলামি(ক)। খুনসুটি(ক), ফষ্টিনষ্টি(ক), ফষ্টি, ফাটকি; বটখেরা, বটকেরা।

জব্দ(ক), বোকা বানানো-, ঠকানো-; বোকা বনা-, ঠকা-, বেকুব বনা-; বদ রসিকতা(ক); এপ্রিলফুল।

দুষ্টামি, দুষ্টুমি, দুষ্টতা, ঢঙ্গতা।

রস [দ্র ৪২৭]; রসবোধ, রসজ্ঞতা, পরিহাসবোধ, রসগ্রাহিতা [দ্র ৪২৭]।

হাসিমুখ, সহাস্যবদন, স্মিতমুখ, স্মিতানন, স্মেরানন, প্রফুল্লবদন।

বিণ· সহাস্য, হাসিমাখা, হাসিপূর্ণ, হসিত, হাসিহাসি, হাস্যযুক্ত, সস্মিত, হাস্যোজ্জ্বল, হাস্যদীপ্ত, সহর্ষ, স্মিত, সুস্মিত, সুহাস, স্মের। কুটিপাটি, হেসে কুটিপাটি।

হাসিখুশি; উচ্ছল, উচ্ছ্বসিত; হ্লাদী; হর্ষোৎফুল্ল। সদাহাস্যময়।

সুহাসিনী, শুচিস্মিতা; হাস্যময়ী, হাসিনী।

হাসির, হাস্যকর, সরস, রসালো, হাস্যোদ্রেককারী, প্রাহসনিক, কৌতুকী, হাস্যোদ্দীপক, হাস্যরসাত্মক, মজাদার, মজার, রঙদার, কৌতুকাবহ, কৌতুকপূর্ণ, সকৌতুক, কৌতুকান্বিত, আমোদজনক।

পরিহসনীয়, পরিহাসরমণীয়; ব্যঙ্গাত্মক, বিদ্রূপাত্মক, সোপহাস।

বিণ·/বি· হাসিক, হাস্যরসিক, রগুড়ে, আমুদে, কৌতুককারী; ভাঁড়, সং, বিদূষক, নকুলে, নর্মদ, ক্লাউন, জোকার, কমেডিয়ান; হাস্যকৌতুকশিল্পী। কার্টুনিস্ট, ব্যঙ্গচিত্রী, ব্যঙ্গচিত্রশিল্পী।

হাস্যরসিক, রসিক [দ্র ৪২৭], রসিকতাপ্রিয়, পরিহাসরসিক, পরিহাসপ্রিয়, কৌতুকপ্রিয়, কৌতুকপ্রবণ, রঙ্গপ্রিয়, রসপ্রিয়, আমোদপ্রিয়, আমোদী, সুরসিক, রসরাজ, হাসির রাজা, বৈহাসিক, কাটাকাপ, কেলিকিন, পরিহাসক, নর্মসচিব।

ফাজিল, ফক্কড়, ফিচেল, ফচকে।

ক্রি-বিণ· সহর্ষে, সহাস্যে, হাসিমুখে, সহাস্যবদনে। হাসতে হাসতে।

সকৌতুক, সকৌতুকে; সাহ্লাদে।

২২৬ প্রাণপ্রাচুর্য

বি· প্রাণপ্রাচুর্য, প্রাণচাঞ্চল্য, প্রাণোচ্ছ্বাস, প্রাণোচ্ছলতা, প্রাণময়তা, প্রাণাবেগ, প্রাণবন্ততা; উচ্ছলতা, উদ্দামতা, উচ্ছ্বাস [২২৩]।

প্রাণশক্তি, জীবনীশক্তি; সজীবতা।

বিণ· প্রাণবন্ত, সজীব, প্রাণশক্তিপূর্ণ, প্রাণবান, প্রাণবন্ত, প্রাণোচ্ছল, প্রাণচঞ্চল।

উচ্ছল, উচ্ছলিত, উচ্ছ্বসিত, উথলিত। টগবগে, চনমনে। ডগমগে, ডগমগ [২২৪]। সপ্রতিভ।

২২৭ নির্জীবতা

বি· নির্জীবতা, প্রাণশক্তিহীনতা, ক্ষীণজীবিতা, নিষ্প্রাণতা, মিনমিনে ভাব; অনুৎসাহ, উদ্যমহীনতা [দ্র ৩৪৬]।

বিণ· নির্জীব, প্রাণহীন, নিষ্প্রাণ, নিরুত্তেজ, অজীব, অজীবন, অতেজ, নিষ্প্রভ, ম্রিয়মাণ, উদ্যমহীন [দ্র ৩৪৬], মিনমিনে, ম্যাড়মেড়ে, নিস্তেজ, মেদামারা, মিয়নো, নির্বীর্য, নিঃসত্ত্ব, ক্ষীণজীবী, কাহিল, দুর্বল [দ্র ৬৯২]; ধীর, শান্ত, স্থির [দ্র ২২২]। অবসন্ন [দ্র ৮৫]।

২২৮ দুঃখ

বি· দুঃখ(দে, পা, ক), কষ্ট(দে, পা, ক), ক্লেশ, যন্ত্রণা(দে পা), দুখ, যাতনা, ব্যথা(দে, পা) [৮৫], অসুখ [৮৪], বেদনা, বেদন, তাপ, পীড়া; বিষণ্ণতা, বিষাদ, ভার, বিমর্ষতা, বিধুরতা, বিষাদময়তা, বিষাদমগ্নতা; তকলিফ। সুখান্ত।

অন্তর্বেদনা, মর্মবেদনা, মর্মপীড়া, হৃদয়বেদনা, হৃদয়যন্ত্রণা, হৃদয়জ্বালা, অন্তর্জ্বালা, মনের জ্বালা, মনের আগুন, মর্মজ্বালা, মনোদুঃখ, মনোবেদনা, মনোব্যথা, হৃদয়ব্যথা, মনঃকষ্ট, মর্মব্যথা, মর্মযন্ত্রণা, মনঃপীড়া, মনস্তাপ, সন্তাপ, পরিতাপ, অভিতাপ, উপতাপ, অন্তর্দাহ, অভিসন্তাপ।

মনভাঙা-, মনোভঙ্গ, মুষড়ে পড়া-, মোষড়ানো-, হৃদয়বিদারণ, বুক ভেঙে যাওয়া-, মন ভেঙে যাওয়া-, বুক ভাঙা-, হৃদয়বিদীর্ণ(হ)।

কষ্ট দেওয়া-, মনে আঘাত(দে), দুঃখ দেওয়া-, অপ্রীণন, অতর্পণ।

মনোভার, মনের ভার, মন খারাপ করা-, মন কেমন করা-, মনভারি(ক)।

চিত্তক্ষোভ; মন পোড়া-।

ক্ষোভ, ক্ষোভণ, সংক্ষোভ, দাগা, অন্তর্গ্লানি, চিত্তদাহ, অশান্তি।

আপশোস(ক, হ), অনুতাপ(হ, ক), অনুশোচনা(ক, হ), অনুশোচন, পরিতাপ (হ, ক), আক্ষেপ(হ, ক), অনুশয়, অনুশোক, পরিদেবন, পরিদেবনা, উপক্ষেপ, বিপ্রতিসার, গতানুশোচনা, পশ্চাত্তাপ, খেদ, অনুবেদনা, পস্তানো-, পস্তানি; হাত কামড়ানো-, মাথা চাপড়ানো-; আঙুল কামড়ানো-; হাহাকার(ক) [দ্র ২২৯]; হাহুতাশ(ক), হায় হায়(ক), হায়; খেদোক্তি(ক), বিলাপবচন।

শুকনো মুখ, বিরসবদন, পাংশুমুখ।

আত্মগ্লানি, আফসানি।

শোক(হ, ক, পা), শোচন, শোচনা-, শোকাবেগ, শোকোচ্ছ্বাস, শোচ, অহ, শোকপ্রবাহ, শোকানল, শোকাগ্নি, তুষানল। শোকগাথা, শোকসংগীত; এলিজি। শোকচ্ছবি।

শোকতাপ, দুঃখকষ্ট, দুঃখযন্ত্রণা, ব্যথাবেদনা, সন্তাপবেদনা। ত্রিতাপ।

আকুলতা, ব্যাকুলতা, সমাকুলতা, উৎকণ্ঠা, আকুলিবিকুলি(ক), উথালপাথাল(ক)।

স্বজনবিয়োগ, প্রিয়বিয়োগ।

অশেষ দুঃখ, সীমাহীন দুঃখ; সারাজীবন দুঃখভোগ(ক); দুঃখের কপাল; দুঃখের প্রতিমূর্তি; দুঃখের সাগর। শোকসাগরে ভাসা-, শোকসাগরে নিমজ্জিত করা-।

বিরহ; বিরহযন্ত্রণা, বিরহবেদনা, বিচ্ছেদবেদনা, বিরহযাতনা, বিরহব্যথা, বিয়োগব্যথা; বিরোহৎকণ্ঠা।

বুক চাপড়ানো-, কপাল চাপড়ানো-, শিরে করাঘাত(ক)।

বিণ· দুঃখের, দুঃখজনক, দুঃখদায়ক, দুঃখকর, দুঃখদ, তাপক, দুঃখদায়ী, দুঃখপ্রদ, অসুখদ, অসুখদায়ক, অসুখদায়ী, অসুখাবহ, পীড়াকর, ক্লেশাবহ; বেদনাদায়ক, বেদনাজনক, করুণ, সকরুণ, মর্মান্তিক, মর্মঘাতী, মর্মন্তুদ, মর্মভেদী, মর্মদ্রাবী, মর্মস্পর্শী [২৪২], হৃদয়ভেদী, হৃদয়বিদারক, শোককর, হৃদয়স্পর্শী, প্রাণস্পর্শী, বুকফাটা, অরুন্তুদ। শোচনীয়, আক্ষেপকর, আক্ষেপজনক, অনুশোচনীয়, শোচ্য।

শোকসূচক, শোকব্যঞ্জক।

বিষাদময়, বিষণ্ণ, বিষাদাচ্ছন্ন, বিষাদপূর্ণ, ভারাক্রান্ত। আধিজ।

কষ্টকর, পীড়াদায়ক, অসুখকর; দুঃখময়, দুঃখসমাকীর্ণ।

বিণ·/বি· দুঃখিত(হ), সন্তপ্ত, বেদনার্ত, বিষণ্ণ(হ), ব্যথিত(ক), বিমর্ষ(হ), তাপী, সন্তাপী, মনমরা(হ), অপ্রফুল্ল, ম্রিয়মাণ [২২৭], দুর্মনা, বিষাদগ্রস্ত, দুঃখার্ত, ক্লিষ্ট, বিষাদক্লিষ্ট, মর্মাহত(হ), দুঃখগ্রস্ত; আধিক্লিষ্ট, অসুখিত, বিমনীভূত, বেদনাচ্ছন্ন, বেদনাতুর, ব্যথাতুর, ব্যথাক্লিষ্ট, তাপিত, অভিতাপিত, অহৃষ্ট, আধিজ্ঞ, সন্তাপিত, দুঃখভারাক্রান্ত, অভিসন্তপ্ত, দুঃখপ্রাপ্ত, বেদনাভারাতুর; অসুখী, ব্যথী, বিষাদিত, বিষাদী, বিধুর, ভারগ্রস্ত, বিনির্বৃত্ত, ভারাক্রান্ত; টলিত; অখুশি, নাখোশ, নাখুশ।

দুঃখী, দুঃখার্ত, পর্যাকুল। নির্বিণ্ণ; কাতর, মুহ্যমান, নিরানন্দ।

শোকার্ত, শোকাকুল, শোকাচ্ছন্ন, শোকাতুর, শোকসন্তপ্ত, শোকবিহ্বল, শোকী, শোচিত, শোকগ্রস্ত, শোকজীর্ণ, শোকজর্জরিত, শোকদগ্ধ, শোকজর্জর, শোকতপ্ত, শোকাতপা, শোকব্যাকুল; শোকোচ্ছ্বসিত; শোকে পাগল(হ), শোকোন্মাদ।

দুঃখিনী, দুখিনী, কালিনী; জন্মদুখিনী।

ক্ষুব্ধ, ক্ষোভিত, ব্যাকুল, ব্যাকুলিত, আকুল, সমাকুল, উৎকণ্ঠিত, পর্যুৎসুক। ক্ষুভিত, অশান্ত, সংক্ষুব্ধ। ক্ষুণ্ণ, মনঃক্ষুণ্ণ, খিন্ন, বিচলিত।

ভগ্নচিত্ত, ভগ্নহৃদয়, ক্ষুণ্ণমন, ক্ষুণ্ণমনা, খিদ্যমান।

অনুতপ্ত, অনুশোচিত, পরিতপ্ত; উপতপ্ত, উপতাপিত, আক্ষেপক; আচঞ্চল, আক্ষিপ্ত।

বিরহী; বিরহকাতর, বিরহাতুর, বিরহব্যাকুল, বিরহোৎকণ্ঠিত; বিরহিণী; বিয়োগবিধুর, বিয়োগকাতর, বিচ্ছেদকাতর, বিচ্ছেদক্লিষ্ট।

ক্রি·বিণ· দুঃখের সঙ্গে, দুঃখে; সখেদ, সখেদে। করুণভাবে, সকাতরে। বিরসবদনে, পাংশুমুখে, পাংশুভাবে।

বি· সান্ত্বনা(দে, পা), প্রবোধ(দে, মানা-), সান্ত্বন, প্রবোধন; প্রবোধবাক্য, সান্ত্ব, সান্ত্বনাবাণী, সান্ত্বনার ভাষা; সহানুভূতি(দে, জানানো-), সমবেদনা, সমব্যথা, অনুকম্পা [দ্র ২৪০]। দরদ [দ্র ৬০৫]।

বিণ· প্রবোধদায়ী, সান্ত্বনাদায়ক।

বিণ·/বি· সান্ত্বনাপ্রাপ্ত, প্রবোধিত।

সহানুভূতিশীল, সমব্যথী, সহানুভূতিপ্রবণ; প্রবোধক, সান্ত্বনাদানকারী।

২২৯ কান্না

বি· কান্না, কাঁদা-, কান্দা-, কাঁদন, কান্দন, রোদন(ক), ক্রন্দন(ক), কান্নাকাটি(ক), কাঁদাকাটি(ক), কাঁদাকাটা-, ক্রোশন, ক্রুষ্ট, কণিত, সংক্রন্দন; চোখের জল ফেলা-, অশ্রুপাত(ক), অশ্রুবর্ষণ(ক), অশ্রুত্যাগ(ক), অশ্রুমোচন(ক), অশ্রুবিমোচন(ক), অশ্রুবিসর্জন(ক), নেত্রবারিপাত(ক); চোখ ছলছল করা-।

কাঁদুনি, কাঁদনি; নাকে কান্না, নাকীকান্না, ছিঁচকাদুনি, ছিঁচকান্না; চাপাকান্না; গুমরানো-, গোমরানি; ফোঁসফোঁসানি; ফোঁপানি, ফোঁপানো, ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্না; গোঙানি, গোঙানো-, ককিয়ে কান্না, কোঁকানো-, কোঁকানি; ভ্যাঁ করা-, ভ্যাঁ ভ্যাঁ করে কাঁদা; হাউ হাউ করে কান্না; ঘ্যান ঘ্যান(ক); বুকফাটা কান্না, রোলাবুলি; মড়াকান্না; ডুকরে ওঠা-, ডুকরানো-; মায়াকান্না, কপটকান্না, কুম্ভীরাশ্রু(ফেলা, পাত করা); ঠোঁট ফোলানো-।

আনন্দাশ্রু, আনন্দসলিল, পুলকাশ্রু।

কাঁদানো-, কান্দানো-।

কান্নার রোল, ক্রন্দনরোল, ক্রন্দনধ্বনি, ক্রন্দনরব, কান্নার শব্দ; আর্তনাদ(ক); বিলাপ(ক), পরিবেদনা, আর্তস্বর, কাতরোক্তি, বিলপন, বিননো-, কাতরকণ্ঠ, কাতরস্বর, আর্তরব, শোকধ্বনি, বিলাপধ্বনি; কাকুতি, আকুতি;

হাহাকার(ক), হাহারব, মাতম; হাউমাউ(ক); ভেউভেউ করে কাঁদা-; ভ্যাঁ করে কেঁদে ফেলা-; হায় হায় করা-; হাহুতাশ(ক)।

চোখের জল(ফেলা-), অশ্রু, অশ্রুজল, নয়নজল, অশ্রুধারা, অশ্রুবারি, অশ্রুপ্রবাহ, নেত্রবারি, নয়নাশ্রু, অক্ষিজল, লোতক, নেত্রাম্বু, লোচ, অশ্রুতরঙ্গ, নয়নধারা; অশ্রুভার; আঁসু; অশ্রুবিন্দু, অশ্রুকণা, কান্নাবিন্দু, চোখের জলের ফোঁটা।

বিণ· কান্নারত, ক্রন্দনরত, ক্রন্দনশীল, ক্রন্দিত, রোদনকারী, রোদিত, রুদিত, রুত, রোরুদ্যমান; ক্রন্দনোদ্যত, কাঁদো কাঁদো; কাঁদুনে; ছিঁচকাঁদুনে; অশ্রুময়, অশ্রুমান; অশ্রুমতী, অশ্রুমুখী; বিলাপী, বিলাপরত, বিলাপকারী, বিলপমান।

রুরুদিষু, রোদনেচ্ছু।

অশ্রুপূর্ণ, সাশ্রু, অশ্রুরুদ্ধ, অশ্রুসজল, বাষ্পাকুল, অশ্রুভরা, অশ্রুভারাক্রান্ত, অশ্রুকাতর, অশ্রুযুক্ত, অশ্রুময়, অশ্রুগদগদ, গলদশ্রু, পর্যশ্রু, অশ্রুলোচন, ছলছল; অশ্রুআঁখি, অশ্রুমুখ; অশ্রুসিক্ত, অশ্রুধৌত, অশ্রুপ্লাবিত।

ক্রি-বিণ· সাশ্রুনয়নে, অশ্রুচোখে, সজলচোখে, সজলনয়নে, হাপুসনয়নে; রুদ্ধস্বরে, বাষ্পরুদ্ধস্বরে, অশ্রুবিজড়িতকণ্ঠে, অশ্রুগদগদকণ্ঠে; ছলছল চোখে।

কাঁদতে কাঁদতে; চোখের জল মুছতে মুছতে।

২৩০ রাগ

বি· রাগ(ক, হ, দেখানো-), ক্রোধ, রোষ, কোপ, রুষ্টি, অমর্ষ, অমর্ষণ, ক্রোধন, আমর্ষ, রোষণ, দ্বিতীয়রিপু, তেজ। সংরম্ভ, ভাম, মন্যু, রাগদ্বেষ, রোষপরুষ।

চটা-, চটে যাওয়া-, রাগা-, রেগে যাওয়া-, রেগে আগুন হওয়া-, রোষা-, প্রকোপ, দাপাদাপি(ক), চোটপাট(ক), চটাচটি(ক), তর্জনগর্জন(ক), ফোঁসানি, ফোঁসা-, তর্জন, গর্জানো-, দাপানি, রাগারাগি(ক), তেলেবেগুনে জ্বলা-, দাপানো-, ক্ষেপে যাওয়া-, ক্ষেপা-, ক্ষিপ্ত হওয়া-, তেরিমেরি(ক), গাজ্বালা করা-, গা কশকশ(ক)। গা রিরি করা-।

মেজাজ দেখানো-, মেজাজ করা-, বদ মেজাজ, তিরিক্ষি মেজাজ, গরম(হ, দেখানো-), তাপ, উত্তাপ, ঝাঁজ, মাথা গরম(ক), গরগর করা-, রাগে গর্জানো-, গর্জন করা-, গজরানো-, গজরানি, গজগজ(ক); রুক্ষতা, রূঢ়তা।

অগ্নিমূর্তি(ধারণ ক, ধরা-), অগ্নিশর্মা(হ), রেগে টং(হ), ফেটে পড়া-, মাথায় খুন চাপা-, রুদ্রমূর্তি, রুদ্রভাব, উগ্রমূর্তি, চণ্ডমূর্তি ধারণ(ক), মারমুখো(হ), রক্তগরম(ক), উগ্রমূর্তি ধারণ(ক), রণচণ্ডী, রণমূর্তি ধারণ(ক); রেগে ব্যোম হওয়া-, টং(হ)।

রক্তচক্ষু(দেখানো-), রক্তনেত্র, আলোহিতনয়ন, আরক্তনেত্র, আরক্তনয়ন, আরক্তচক্ষু, রক্তাক্ষ, রক্ত আঁখি, রক্তদৃষ্টি, চোখ রাঙানো-, চোখপাকানো-, কটমট(ক), চোখ কটমট(ক), ক্রুদ্ধদৃষ্টি, কোপদৃষ্টি, কোপকটাক্ষ; ভ্রূকুটি(ক)।

ক্ষোভ, উষ্মা, গোসা(ক), গোস্‌সা, মান(ক), অভিমান(ক), অতিমান, মনোভার, বিরাগ, বিরূপতা, মুখভার করা-।

রোখা-, রুখে ওঠা-; খেঁকানো-, খ্যাঁক খ্যাঁক করে ওঠা-, ধমক [দ্র ৬৮৬]; দাঁত কিড়মিড়(ক), দাঁতে দাঁত ঘষা; দাঁত খিচানো-, দাঁতখিঁচুনি, খিঁচিয়ে ওঠা-, কড়মড়ানো-।

খিচড়ানো-, মেজাজ খিঁচড়ানো-।

রোষাগ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল, রোষবহ্নি, রোষানল, কোপানল, কোপাগ্নি।

গায়ের জ্বালা, গাত্রদাহ, আক্রোশ, গায়ের ঝাল; প্রতিহিংসা [দ্র ২৪১, ২৪২]; আক্রোশপরায়ণতা, প্রতিহিংসাপরায়ণতা; তাঁইশ।

স্ফাল, তুজুক, রোয়াব, রোয়াবি।

বৃথারাগ, আস্ফালন(ক), আফসানি, আফসানো-, আপসান, হম্বিতম্বি(ক), তম্বি(ক), তড়পানি, তড়পানো-; নাচাকোঁদা, নর্তনকুর্দন(ক), লাফালাফি(ক)।

ক্রোধোদ্দীপন, রাগিয়ে দেওয়া-, ক্ষেপানো-, রাগানো-, চটানো-, খেপানো-; উসকানি(দে), উসকানো-, প্ররোচনা(দে); ভিমরুলের চাকে ঢিল মারা-, কাটা ঘায়ে নুনের ছিটে দেওয়া-; খোঁচা দেওয়া-, ঘাঁটানো-; জ্বালাতন করা-, দিক করা-।

ক্রোধাগার, গোসাঘর; অভিমানকক্ষ।

বিণ· ক্রুদ্ধ(হ), রুষ্ট(হ), রাগত, কুপিত, রোষিত, রাগান্বিত(হ), কোপিত, প্রকুপিত, ক্রোধযুক্ত, ক্রোধান্বিত(হ), রোষাবিষ্ট, ক্রোধাবিষ্ট, কোপান্বিত(হ), কোপাকুল, কোপাবিষ্ট, ক্রোধিত, রোষকষায়িত, অমর্ষিত, সরোষ, রোষান্বিত, সামর্ষ, প্রকোপিত, উষ্মান্বিত, রোষদীপ্ত, সমন্যু, সংরব্ধ, খণ্ডিক; খাপ্পা, মহাখাপ্পা; রাগান্ধ, ক্রোধান্ধ, রাগোন্মত্ত, ক্রোধোন্মত্ত; ক্রোধবশ, ক্রোধপরবশ। জাতক্রোধ, জাতকোপ।

বিণ·/বি· রাগী, রগচটা, মাথাগরম, বদমেজাজি, বদরাগী, আশুরোষ, মেজাজি, খিটখিটে, তিরিক্ষি, ক্রোধী, রোষী, কোপনপ্রকৃতি, কোপবান, কোপনস্বভাব, কোপন, রোষণ, ক্রোধন, কোপী, ক্রোধপরায়ণ, ক্রোধপ্রবণ; অমর্ষপরায়ণ, অমর্ষবান, অমর্ষী, ক্রোধমতি, উষ্মাপতি; উগ্রচণ্ডা, চণ্ডমূর্তি, রাগে অগ্নিশর্মা; দুর্বাসা মুনি।

খড়্গহস্ত; এই মারে তো সেই মারে, মারমুখো(হ)।

গোঁয়ার [৬০৬], গোঁয়ারগোবিন্দ, জেদি [দ্র ২৩২]; রুক্ষ, রূঢ়, উগ্র, চণ্ড, উচ্চণ্ড।

খাণ্ডার, দজ্জাল; মারমুখো, তেড়িয়া; খেঁকি; দুর্বাক্, দুর্মুখ [১১২]।

অভিমানী, অভিমানিনী, মানী।

বিণ· ক্রোধোদ্দীপক, গা জ্বালানো-, জ্বালা ধরানো-, রোষবর্ধক, কোপবৃদ্ধিকর, কোপনীয়।

ক্রি-বিণ· রাগে, রোষে, রাগের মাথায়, রাগবশে, রোষবশে, ক্রোধবশে, সক্রোধে, রাগবশত, ক্রোধবশত, রেগে গিয়ে, রেগেমেগে, চটে গিয়ে, সরোষে। তেলেবেগুনে।

বি· ক্রোধজাত ব্যসন [পৈশুন্য; সাহস; দ্রোহ; ঈর্ষা; অসূয়া; অর্থদোষ; বাক্‌কলহ; পারুষ্য]।

ক্রোধজ দোষ [অত্যাচার; দুষ্টতা; ক্ষতি; প্রবঞ্চনা; ঈর্ষা; দ্বেষ; কটূক্তি; নিষ্ঠুরতা]।

২৩১ অক্রোধ

বি· অক্রোধ, অরোষ; অক্রুদ্ধতা, রাগহীনতা, ক্রোধাভাব, ক্রোধহীনতা, রোষহীনতা; নিরীহতা; ভালোমানুষী; তিতিক্ষা, সহিষ্ণুতা [দ্র ২২১]; অক্রোধন; মর্ষ, মর্ষণ।

রাগ কমানো-, ঠাণ্ডা করা-, জল করা-; মানভঞ্জন। মাথা ঠাণ্ডা রাখা-।

বিণ· অক্রুদ্ধ, অক্রোধিত, শান্ত, অচণ্ড, অকোপ, অকোপন; অরুষ্ট; মাটির মানুষ; নির্বিরোধ; নির্বিকার, নির্লিপ্ত, নিরুদ্বেগ।

বিণ·/বি· অক্রোধী, ঠাণ্ডা মাথা, ঠাণ্ডা মেজাজ; অকোপী; জিতক্রোধ; ধীর, স্থির; নিরীহ।

২৩২ জেদ

বি· জেদ [৬০৬], জিদ(ধরা-, ক), গোঁ, রোখ, গোঁয়ার্তুমি, গোঁয়ার্তমি(ক), একরোখামি, একগুঁয়েমি, একগুঁয়েপনা, ঠেঁটাপনা, ঠেঁটামি, নাছোড়বান্দাভাব; জেদাজেদি(ক), গোঁ ধরা-, রোখচাপা-, ঝোঁকচাপা; এক পাও না নড়া-; অনমনীয়তা, অনড়তা, অটলতা, অচলতা।

বেয়াড়াপনা।

বিণ·/বি· জেদি [২৩০], একগুঁয়ে, একরোখা, একবর্গা, গোঁয়ার, গোঁয়ারগোবিন্দ, কাঠগোঁয়ার, রোখা, রোখাল, সেরকশ, ঠ্যাঁটা, ঠেঁটা, জিদ্দিবাজ; কাঁড়াদাস, একজিদ্দি, উচক্রা, খটারূঢ়, গেঁতো, গড়ে, একঠামা, একঠোকা; অনমনীয়, অনড়, দুর্দমনীয়; তেজস্বী [দ্র ২৩৩]; নাছোড়বান্দা, নাছোড়, নেই-আঁকড়া, ছিনা, ছিনাজোঁক, ছিনেজোঁক।

বেয়াড়া [দ্র ৬০৮]।

২৩৩ সাহসিকতা

বি· সাহস, সাহসিকতা, নির্ভীকতা, অভয়, অকুতোভয়তা, বিশল্য, নিঃশঙ্কতা, নির্ভয়তা, সাহসিকত্ব, ভয়শূন্যতা, ভয়হীনতা, শঙ্কাহীনতা, ভয়রাহিত্য, নির্ভাবনা।

দুঃসাহস, দুঃসাহসিকতা, বেপরোয়াভাব, ডাকাবুকোভাব। অসমসাহস, অসমসাহসিকতা।

সৎসাহস, মনোবল, মনের জোর, বুকের পাটা, কলজের জোর, হিম্মত; আত্মবিশ্বাস, আত্মপ্রত্যয়, আত্মনির্ভরতা; ইচ্ছাশক্তি, বুকবাঁধা-, বুকবাড়া-।

তেজ, শৌর্য, বীর্য, বীরত্ব, বিক্রম, পরাক্রম [দ্র ৬৯১]।

স্পর্ধা(ক), পরোয়া না করা-, তোয়াক্কা না করা-; মনে স্থান না দেওয়া-, ধর্তব্যের মধ্যে না আনা-।

নিরুদ্বেগ, উদ্বেগশূন্যতা, উদ্বেগহীনতা, নিরুদ্বিগ্নতা, নিশ্চিন্ততা, অবিশঙ্কা, অশঙ্কা, নিশ্চিন্তভাব, নির্ভাবনা।

আশ্বাস(দে), ভরসা(দে), অভয় দেওয়া-, আশ্বাসন, আস্থা, আস্থান। বরাভয়, অভয়বাক্য, অভয়বাণী; মাভৈঃ।

বিণ· সাহসিক, দুঃসাহসিক, অসম সাহসিক।

অভয়দ, অভয়প্রদ।

বিণ·/বি· সাহসী, নির্ভীক, নিঃশঙ্ক, ভয়হীন, শঙ্কাহীন, অশঙ্ক, অশঙ্কিত, নিরাতঙ্ক, নির্ভয়, অভয়, ভয়শূন্য, অভীত, অভী, অভীক, ভয়রহিত, শঙ্কাশূন্য, নির্বিশঙ্ক, বিশঙ্ক, অভীরু, অত্রস্ত, অভীত, অবিশঙ্কিত, বিনির্ভয়, ভয়হারা, অসাধ্বস, বিভীত, ভীতিশূন্য, ভীতিহীন, দুঃসাহসী, অসমসাহসী, অসমসাহসিক, অকুতোভয়, বেপরোয়া।

অভয়দাতা, অভয়দাত্রী, আশ্বাসক।

আশ্বস্ত, আশ্বাসিত, নিশ্চিন্ত; বীতভয়।

আত্মবিশ্বাসী, আত্মপ্রত্যয়ী।

ক্রি-বিণ· নির্ভয়ে, নিঃশঙ্কচিত্তে, অকুতোভয়ে।

২৩৪ ভয়

বি· ভয়(ক, পা), শঙ্কা, ত্রাস, ভীতি, ডর, ভয়ডর, আতঙ্ক, বিগ্ন, তরাস, ত্রসন, অভিশঙ্কা, ভীষা, সাধ্বস, খতরা, ঘাবড়ানি; ঘাবড়ানো-, ঘাবড়ে যাওয়া-, ডরানো-, আঁতকে ওঠা-, আঁতকানো-, শিউরে ওঠা-, শিহরন, গা ছমছম করা-, গা কাঁপা-, গা হিম হয়ে আসা-, রক্ত জল হওয়া-, বুকের রক্ত হিম(হ), বুক শুকনো-, দুরদুরানি, দুরদুর(ক); বুক টিপটিপ(ক),গায়ে কাঁটা দেওয়া-, পেটের ভিতর হাত-পা সিঁধনো-; বুক কাঁপা-, বুক দুরদুর(ক), হৃৎকম্প(হ), ভড়কানি, ভড়কে যাওয়া-; বাবাগো মাগো(ক); হাঁউমাউ(ক); দুর্গানামজপ(ক), থরহরি, থরহরিকম্প; পরোয়া(ক)।

ভয় দেখানো-, ত্রাসন, উৎত্রাসন, ভীতকরণ, ভীতিপ্রদর্শন(ক), হুমকি(দে), হুহুংকার, হুহুংকৃতি, শাসানি, শাসানো-, হুংকার(দে), তর্জন(ক), তর্জনগর্জন(ক), ত্রাসসঞ্চার(ক)।

আশঙ্কা(ক), উদ্বেগ, উৎকণ্ঠা(হ), উচাটন(হ) [১৫১], উচাট, বৈমনস্য, অকার্যচিন্তা, চিত্তোদ্বেগ, সংবেগ, দুর্ভাবনা(হ, ক), দুশ্চিন্তা(ক, হ), কুচিন্তা(ক), ভাবনা(ক), চিন্তা(ক), অস্থিরতা, স্নায়ুদৌর্বল্য, স্নায়ুবিকার, উদ্ভ্রম, অস্থির অস্থির লাগা-, দৌর্মনস্য, আধ্যান, উৎকলিকা, উদ্বেজন; ছ্যাঁৎ(ক), ছমছম(ক); আকুলতা, ব্যাকুলতা, অধীরতা, আকুলি ব্যাকুলি; বিহ্বলতা, বিবশতা; ছটফট(ক), ছটফটানি, ধড়ফড়ানি; ধুকপুকানি; আবেগ, উত্তেজনা, অন্তর্ভাবনা, চিত্তচাঞ্চল্য, মন তোলপাড়(ক), চিত্তবৈক্লব্য, চিত্তবৈকল্য, চিত্তবিকলতা, মনশ্চাঞ্চল্য, সংক্ষোভ, টেনশন, বিচলন, বিচল; মন কেমন করা-; ঘরবার করা-; কুডাকা-; খচখচ(ক), খচ করে ওঠা-।

বিপদ [দ্র ৬৭৯]। থমথম(ক)।

রোমহর্ষণ, রোমোদ্গম।

ভীষণতা, ভয়ংকরতা, ভয়ংকরত্ব, ভয়ালতা, ভয়ানকত্ব, ভয়াবহতা, ভয়াবহত্ব, ভয়বিহ্বলতা, ভীতিবিহ্বলতা, ভয়াচ্ছন্নতা, বিভীষিকা।

সন্ত্রাস [দ্র ৬৯৫], সন্ত্রাসন, উৎত্রাস, বিত্রাস, উৎত্রসন; সন্ত্রাসবাদ; টেররিজ্‌ম, ভীতিবাদ; চরমবাদ; হিংসাশ্রয়িতা।

ভীরুতা, ভীরুত্ব, কাপুরুষতা, কাপুরুষত্ব, অপৌরুষ, পৌরুষহীনতা, সাহসহীনতা, কাতরতা; দুর্বলতা; মেয়েলিপনা; নপুংসকতা।

বিণ· ভয়ংকর, ভয়ানক, ভীষণ, শঙ্কাজনক, ভয়াল, ভয়াবহ, ভীতিজনক, ভীতিকর, ভীতিপ্রদ, ভয়দ, ত্রাসদ, শঙ্কাবহুল, শঙ্কাপূর্ণ, শঙ্কিল, আশঙ্কনীয়, ভয়প্রদ, ভয়জনক; বিভীষণ, বিভীষিকাপূর্ণ, রোমহর্ষক, লোমহর্ষক, সাংঘাতিক,

সান্নিপাতিক; মারাত্মক [দ্র ৫৮]; আসুরিক, উচ্চণ্ড; গা ছমছমে, ছমছমে; রুদ্ধশ্বাস।

বীভৎসদর্শন, বিকরাল, করাল।

বিণ·/বি· ভীত, ত্রস্ত, ত্রাসিত, ভয়ার্ত, আতঙ্কিত, আতঙ্কগ্রস্ত, ভয়ক্লিষ্ট, ভয়চকিত, ভয়গ্রস্ত, ভয়াতুর, ভয়াচ্ছন্ন, ভীতিবিহ্বল, ভয়াকুল, ভয়বিহ্বল, ভয়াভিভূত, শঙ্কিত, সশঙ্কিত, সশঙ্ক, আশঙ্কিত, ত্রাসান্বিত, সভয়, ভীষিত, বিত্রস্ত, ভয়ত্রস্ত, অপত্রস্ত, বিভীষিত, বেজিত, সন্ত্রস্ত, সন্ত্রাসিত, শিহরিত; রোমাঞ্চিত, সচকিত; ভয়ে জড়সড়, ভয়ে কেঁচো, ভয়ে কাঁচুমাচু।

ভীরু, ভীতু, কাপুরুষ, ভয়শীল, ভীরুক; দুর্বল, কাতর, ক্লীব, নপুংসক, অক্ষম, অপদার্থ, মুখচোরা, মিনমিনে; উনবুক, বুজদিল; ভেড়া, ভেড়ে।

উদ্বিগ্ন, আকুল, ব্যাকুল, অধীর, উদ্বেল, সংবিগ্ন, উন্মনা, উদ্বেগী, বিগ্ন, আবিগ্ন, বিবিগ্ন, উদ্বিগ্নচিত্ত, উৎক, উদ্বেলিত, উৎকণ্ঠিত, ব্যাকুলিত, উদ্বেজিত, উৎকলিত, উতলা, উচ্চকিত, উতরোল, সোৎকণ্ঠ, উদ্‌গ্রীব, ব্যগ্র, চঞ্চল, অস্থির; উদ্ভ্রান্ত, চিন্তিত, ভাবিত, ভাবনাগ্রস্ত, চিন্তান্বিত, চিন্তাকুল, চিন্তাক্লিষ্ট; দুশ্চিন্তাগ্রস্ত, দুর্ভাবনাগ্রস্ত, দুর্মনায়মান, উদ্বিগ্নমনা, দুশ্চিন্তাকারী, অকার্যচিন্তক, অন্তর্মনা, দুর্মনা, বিচেতা, উচাটন, আনচান; ভেবে ভেবে সারা(হ)।

সন্ত্রাসবাদী [দ্র ৬৯৫], টেররিস্ট, আতঙ্কবাদী।

বিণ· আশঙ্কাজনক, উদ্বেগজনক, উদ্বেজক, সংকটজনক।

হুংকৃত। থমথমে, ভারি আবহাওয়া।

ক্রি-বিণ· সভয়ে, ভয়ে, ভয়ে ভয়ে, ভয়ের চোটে, সশঙ্কে, তরাসে; ত্রস্তভাবে, সন্তর্পণে।

বি· মৃত্যুভয়, প্রাণভয়, প্রাণসংশয়(হ), জীবনের ভয়, জীবনাশঙ্কা। ভূতের ভয়। সাপের ভয়। বাঘের ভয়। চোরের ভয়, ডাকাতের ভয়, চুরির ভয়। অপমানের ভয়। শত্রুভয় [৬৮৫], প্রতিভয়। পরীক্ষার ভয়। যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধ্যা হয়।

২৩৫ চাপল্য

বি· চাপল্য, চপলতা, প্রগল্‌ভতা [২৪৬], তারল্য, তরলতা, চটুলতা, লঘুতা, চঞ্চলতা, চাঞ্চল্য, লঘুচিত্ততা, তরলমতিত্ব, অস্থিরচিত্ততা, অস্থিরতা, অস্থিরমতিত্ব; চিড়বিড়(ক)।

ছেলেমানুষি(ক); দুষ্টুমি, দুষ্টামি। চ্যাংড়ামি(ক)। চালবাজি।

চিত্তচাঞ্চল্য [৩৪৫], চিত্তবিভ্রম, চিত্তবৈকল্য, চিত্তবিক্ষেপ, মনশ্চাঞ্চল্য, চিত্তভ্রংশ, চিত্তবিকার।

খামখেয়াল, খেয়ালিপনা, খামখেয়ালিপনা; যা ইচ্ছা তাই।

ন্যাকামি(ক), ন্যাকাপনা, ঢং(ক), আদিখ্যেতা(ক, দেখানো-); আহ্লাদেপনা, ছ্যাবলামো, ছ্যাবলামি [১১৪, ১১৫]।

পাকামি(ক), ডেঁপোমি, জেঠামি, অকালপক্কতা। বখাটেপনা, বয়াটেপনা, কেঁড়েলি; ত্যাঁদড়ামি; জ্যাঠামি।

ভান(ক), ভণিতা, ছল, ছলনা, কৃত্রিমতা; নাটুকেপনা; কপটতা, কাপ, কাপট্য [দ্র ৫৪৮]।

ফাজলামি(ক), ফচকেমি(ক), ফিচলেমি(ক), ফক্কড়ি(ক); ইয়ারকি, ফষ্টিনষ্টি(ক) ঢমালি, ছয়লপন, ন্যাকরা। বাচালতা [দ্র ১১৪]। ঠাট্টা [দ্র ২২৫]।

ছেনালি, ছেনালপনা, রঙঢঙ, ছলাকলা, ঠাট, ঠমক, ঠ্যাকার; লাস্য [২১০]।

বিণ· চপল, তরল, লঘু, চঞ্চল, বিচঞ্চল, চঞ্চলিত, বিলোল, অগম্ভীর, অগভীর, অস্থির।

বিণ·/বি· চপলমতি, চপলমনা, লঘুচিত্ত, লঘুচেতা, লঘুপ্রকৃতি, চঞ্চলচিত্ত, চঞ্চলমতি, চঞ্চলস্বভাব, চপলচিত্ত, চলচিত্ত, অস্থিরচিত্ত, অস্থিরমতি, তরলপ্রকৃতি, লঘুস্বভাব, চটুল, ছ্যাবলা, গাম্ভীর্যহীন, তরলমতি; অস্থির, ছটফটে [দ্র ৩৪৫]।

ন্যাকা, নেকি, ঢঙি, রঙ্গিণী; আহ্লাদে, আহ্লাদী; আমুদে।

পাকা, ডেঁপো, অকালপক্ক, এঁচড়ে পাকা; জ্যাঠা। বখাটে, বয়াটে, ত্যাঁদড়। অকালকুষ্মাণ্ড।

নাটুকে, ভাবুনে। ছেনাল [দ্র ৬২৩]।

খেয়ালি, খামখেয়ালি।

কৃত্রিম, কপট [দ্র ৫৪৮]।

ফাজিল, ফক্কড়, ফচ্‌কে; প্রগল্‌ভ, ধৃষ্ণু, ধৃষ্ণক, বাচাল [দ্র ১১৪]; চ্যাংড়া। দুষ্টু।

২৩৬ গাম্ভীর্য

বি· গাম্ভীর্য, গম্ভীরতা, গম্ভীরভাব, অচাপল্য, অচপলতা, অলঘুতা, অচাঞ্চল্য, ভারিক্কিভাব।

ব্যক্তিত্ব।

প্রশান্তি [দ্র ২২৪], উদারতা [দ্র ২৩৮]। ব্যাপ্তি, অগাধত্ব, গভীরতা, প্রগাঢ়তা, মন্দ্রতা, নিবিড়তা; স্থিরতা, ধীরতা [দ্র ৩৪৩]।

মুখ হাঁড়ি(ক), মুখভার(ক), বেজার হওয়া-; নিরানন্দ হওয়া- [দ্র ২২৮]।

বিণ·/বি· গম্ভীর, সুগম্ভীর, রাশভারি, ভারিক্কি, ধীর, স্থির, অচপল, অলঘু, গম্ভীরস্বভাব, স্বভাবগম্ভীর, বজ্রগম্ভীর, গুরুগম্ভীর, মন্দ্রগম্ভীর, অচপলমতি, অতরলমতি।

গোমড়া, বেজার, গোমসা, অপ্রসন্ন, অপ্রফুল্ল, হাঁড়িমুখ, গোমড়ামুখো, নিরানন্দ [দ্র ২২৮]; রাম গরুড়ের ছানা।

বিণ· গম্ভীর, গভীর, অগাধ; মন্দ্র, উদাত্ত, গাঢ়; নিবিড়।

প্রশান্ত, সমাহিত; দুরবগাহ; বোধাতীত।

ব্যক্তিত্বসম্পন্ন, ব্যক্তিত্বপূর্ণ।

২৩৭ আবেগ

বি· আবেগ, ভাবাবেগ, ভাবাবেশ, হৃদয়াবেগ, সংবেগ, হৃদয়োচ্ছ্বাস, উচ্ছ্বাস, উচ্ছ্বসন, উন্মাদনা, উচ্ছলতা, প্রক্ষোভ; আবেশ, বিহ্বলতা; উত্তেজনা; মানসিক বিক্ষোভ; উৎসাহ, উদ্দীপনা, মাতন; আলোড়ন, রোমাঞ্চ, ত্বগঙ্কুর, উদ্ধর্ষণ, রোমবিকার, রোমবিক্রিয়া, পুলক, শিহরন।

অনুভূতি, হৃদয়ানুভূতি; ভাববিহ্বলতা, ভাবোন্মত্ততা, ভাবোচ্ছ্বাস, ভাবতরঙ্গ।

চিত্তচাঞ্চল্য, ব্যাকুলতা, আকুলতা, আকুলিবিকুলি, অস্থিরতা, চঞ্চলতা, ছটফটানি, উৎকণ্ঠা, তোলপাড়। মনে দাগ কাটা, রেখাপাত(ক), ভাবান্তর(হ), বৈলক্ষ্য, বৈলক্ষণ্য।

ভাবপ্রবণতা, আবেগময়তা, আবেগপ্রবণতা, আবেগসর্বস্বতা।

বিণ· উচ্ছ্বসিত, উদ্বেল, উদ্বেলিত, উছল, উচ্ছলিত, বিহ্বল, প্রক্ষুব্ধ, উচ্ছল; উত্তেজিত, উন্মত্ত। উৎসাহিত, উদ্দীপিত, আলোড়িত।

ভাবাভিভূত, ভাবোন্মত্ত, ভাবাবিষ্ট, ভাবোন্মাদ, ভাবভোলা, ভাববিহ্বল, আবেগবিহ্বল, আবিষ্ট, বিহ্বল, আকুল, ব্যাকুল।

আবেগময়, আবেগবান, আবেগপূর্ণ, ভাবাবেগপূর্ণ, আবেগজড়িত, আবেগস্পন্দিত, আবেগমথিত।

ভাবোদ্দীপক, আবেগসঞ্চারক, আবেগসঞ্চারী, আবেগসঞ্চারকারী।

২৩৮ উদারতা

বি· উদারতা, ঔদার্য [২৪০], অসংকীর্ণচিত্ততা, প্রশস্তচিত্ততা, মানসিক প্রসার, মানসিক প্রশস্ততা, উদারচিত্ততা, দরাজমন, বড়মন, মুক্তমন, তসরিফ; চিত্তোন্নতি, ঔন্নত্য।

মহত্ত্ব, মহদাশয়ত্ব, মহদাশয়তা, মহানুভবতা; শ্রেষ্ঠত্ব; বদান্যতা, অকৃপণতা, দয়া, দাক্ষিণ্য, অনুগ্রহ [দ্র ২৩৯]। সদাশয়তা, সদিচ্ছা, সদভিপ্রায়, সুবাসনা; সহৃদয়তা, সহানুভূতি। ঘৃণাহীনতা।

উদারনীতি, উদারপন্থা, উদারতন্ত্র, উদারমত।

বিণ· উদার, মহৎ, মহান, সুমহান, সুমহৎ; বদান্য, অকৃপণ, দরাজহস্ত, দানশীল [দ্র ৭০৬], দরাজ।

বিণ·/বি· মহানুভব, মহাপ্রাণ, মহাশয়, মহদাশয়, মহীয়ান, মহোদয়, উচ্চাশয়, মহামনা, মহামতি, উন্নতচিত্ত, উচ্চহৃদয়, উদারচিত্ত, উদারচেতা, উদারচরিত্র, উদারপ্রকৃতি, উদারহৃদয়, উদারমতি, উদারমনা, উদারস্বভাব, উচ্চমনা, উন্নতমনা; প্রশস্তচিত্ত, প্রশস্তহৃদয়, দরাজহৃদয়, দরাজমনা; সমুদ্রহৃদয়, অসংকীর্ণচিত্ত, বড়মন, মুক্তমনা; দিলখোলা, মনখোলা, দিলদরিয়া, সদাশিব; হৃদয়বান, সহৃদয়, সুহৃদয়, দরদি, মরমি, মেহেরবান, সহানুভূতিশীল, আত্মবান, দয়ালু [দ্র ২৩৯]; সদাশয়, সদাত্মা, সদন্তঃকরণ, শরিফ, সুমনা, সুমনস্ক, সদন্তঃকরণবিশিষ্ট; মহত্ত্বপূর্ণ।

বিবেকবান, বিবেকী।

উদারনীতিক, উদারনৈতিক, উদারতন্ত্রী, উদারমতাবলম্বী, উদারপন্থী, লিবারাল।

নির্ঘৃণ।

২৩৯ অনুগ্রহ

বি· অনুগ্রহ(ক, দেখানো-), অনুকম্পা(ক, প্রদর্শন করা-), কৃপা (ক, দেখানো-), অনুবল, দয়া(ক, দেখানো-, প্রদর্শন), প্রসাদ, সৌরত্য, দাক্ষিণ্য, দয়াদাক্ষিণ্য; মেহেরবানি।

করুণা(ক), কারুণ্য, রহমত, অপারকরুণা।

ক্ষমা [দ্র ২৪০]। মায়া, মমত্ব, মমতা [দ্র ৬০৫]; টান, দরদ, ভালোবাসা [দ্র ৬০৪]।

বদান্যতা, দয়াশীলতা, সদাশয়তা, দয়ালুতা, অনুজিঘৃক্ষা।

দয়াধর্ম, দানশীলতা [দ্র ৭০৬]; উদারতা [দ্র ২৩৮]; মহানুভবতা [দ্র ২৩৮]।

আন্তরিকতা [৫৪৭, ৬০৩, ৬০৫], অন্তর্ভব, সহৃদয়তা; সহানুভূতি(দেখানো-), সমবেদনা(জানানো-), সমব্যথা, সহমর্মিতা, সংবেদনশীলতা, সহমর্মিতাবোধ; সমানুভূতি, অন্তর্ভাব।

উদ্ধার করা-, চোদ্দপুরুষ উদ্ধার(ক), ধন্য করা-।

সান্ত্বনা(দে, পা), প্রবোধ(দে) [দ্র ২২৮]।

আনুকূল্য, প্রসাদ; সহায়তা [দ্র ৬৮৩]; তিতিক্ষা, সহিষ্ণুতা [দ্র ২২১]।

অহিংসা [২৪.২], অকঠোরতা, অকঠোরত্ব, অপৈশুন্য, অক্রূরতা, অনির্দয়তা, অনিষ্ঠুরতা, আনৃশংস্য, অখলতা [৫৪৭], অখলত্ব।

বিণ·/বি· অনুগ্রাহক, অনুগ্রাহী, অনুগ্রহকারী; ক্ষমাশীল [দ্র ২৪০]।

অনুগৃহীত, অনুগ্রহপ্রাপ্ত, অনুগ্রহভাজন, তিতিক্ষিত, বাধিত(হ); অনুগ্রহযোগ্য, অনুগ্রাহ্য।

কৃপাপ্রাপ্ত, কৃপাভাজন, কৃপাধন্য।

দয়ার্দ্র, দয়াপরবশ, দয়াপরতন্ত্র, দয়াগুণসম্পন্ন; কৃপাপূর্ণ।

মরমি, দরদি, দরদিয়া, মরমিয়া, হৃদয়িক, হৃদয়ালু; সহৃদয়, সংবেদনশীল, সমবেদনাপূর্ণ।

দয়ালু, দয়াল, দয়াশীল, সদয়, দয়াবান, দয়ানিধি, দয়াময়, কৃপাপরতন্ত্র, সানুকম্প, কারুণিক, অকঠোর, কৃপাময়, কৃপালু, কৃপানিধি, কৃপাসিন্ধু।

করুণাময়, পরমকরুণাময়, পরমকারুণিক, করুণানিদান, করুণানিধান, করুণানিধি, মেহেরবান, রহমান। মমতাময় [দ্র ৬০৫]।

উদার, উদারহৃদয়, মহাপ্রাণ [দ্র ২৩৮]।

বদান্য, দানশীল [দ্র ৭০৬]। সদাশয় [দ্র ২৩৮]। সহায়ক, সহায় [দ্র ৬৮৩]। সহিষ্ণু [দ্র ২২১]।

সহানুভূতিশীল, সমব্যথী, সহমর্মী। প্রবোধদায়ী, সান্ত্বনাদায়ক [দ্র ২২৮]।

দয়ার্হ, কৃপার্হ।

অহিংস, অনৃশংস, অক্রূর, অনিষ্ঠুর, অনির্দয়, অপিশুন, অখল [৫৪৭]।

ক্রি-বিণ· অনুগ্রহপূর্বক, অনুগ্রহবশত, দয়া করে, অনুগ্রহ করে; অনুগ্রহে, দয়ায়, কৃপায়।

২৪০ ক্ষমা

বি· ক্ষমা(ক), মাপ(ক), মাফ, মার্জনা(ক), কৃপা(ক), অনুকম্পা(ক); অনিষ্ঠুরতা, অনুক্রোশ, ক্ষান্তি, দয়া, মায়া, অনুগ্রহ [দ্র ২৩৯]।

ক্ষমাগুণ, ক্ষমাধর্ম, তিতিক্ষা, সহনশীলতা, সহিষ্ণুতা, সহন [দ্র ২২১]; ক্ষমাশীলতা, ক্ষমাপরায়ণতা; ঔদার্য [দ্র ২৩৮]। অহিংসা [দ্র ২৩৯]।

ক্ষমাভিক্ষা(ক), ক্ষমাপ্রার্থনা(ক), মার্জনাভিক্ষা(ক), কৃপাভিক্ষা, ক্ষমা চাওয়া-, মাপ চাওয়া-; ঘাটমানা-; জোড়হাত(ক) [দ্র ৬৪·১৯], জোড়হস্ত, হাতজোড় করা-; দোষ না নেওয়া; মনে না করা-।

অন্যায়স্বীকার(ক), দোষস্বীকার(ক), কবুল(ক)।

ছেড়ে দেওয়া-, মকুব(ক), ছাড়(দে), রেহাই(দে, পা),

অব্যাহতি(দে, পা), নিষ্কৃতি(দে, পা), খালাস(দে, পা), মুক্তি(দে, পা), মার্জন।

আপোশ(ক), মিটমাট(ক), মীমাংসা(ক) [দ্র ৩৭৫], রফা(ক)।

দোষক্ষালন(ক), নির্দোষপ্রমাণ; সাতখুন মাপ; কসুর মাপ; নাকমলা; কানমলা(খাওয়া-)।

বিণ· ক্ষমাশীল, ক্ষমাবান, ক্ষমাপরায়ণ, ক্ষমাপর, ক্ষমী, ক্ষন্তা, ক্ষমিতা; সহিষ্ণু [২২১], সহনশীল, তিতিক্ষু, তিতিক্ষাকারী, ক্ষান্ত, মায়াময়; উদার, অনুকম্পায়ী।

ক্ষমার্হ, ক্ষমাযোগ্য, ক্ষম্য, ক্ষন্তব্য, মার্জনীয়, কৃপাযোগ্য; তিতিক্ষিত, তিতিক্ষাযুক্ত, ক্ষমাপূর্ণ।

বিণ·/বি· ক্ষমাপ্রার্থী, ক্ষমাভিক্ষু, ক্ষমাপ্রার্থনাকারী, কৃপাপ্রার্থী, কৃপার্থী, মার্জনাপ্রার্থী, মার্জনাভিক্ষাকারী।

ক্ষমাপ্রাপ্ত, ক্ষমিত, অনুক্রুষ্ট।

ক্ষমাকারী, ক্ষমাদাতা, মার্জনাকারী, মার্জক, অনুকম্পায়ী।

মীমাংসক, মীমাংসাকারী, সালিশ।

অহিংস, অহিংসক, অহিংস্রক, বিমৎসর।

ক্রি-বিণ· করজোড়ে, হাতজোড় করে; নতজানু হয়ে; পায়ে ধরে, হাতে-পায়ে ধরে।

২৪১ অক্ষমা

বি· অক্ষমা, ক্ষমাহীনতা, ক্ষমাশূন্যতা, অক্ষান্তি, অমর্ষ, অমর্ষণ; অনুদারতা, ঔদার্যহীনতা, ক্ষুদ্রাশয়তা, নীচতা, হীনতা; সংকীর্ণতা; নিষ্ঠুরতা [দ্র ২৪২]। কঠোরতা।

আক্রোশ [দ্র ২৩০], প্রতিহিংসা [২৪২], প্রতিহিংসাপরায়ণতা, প্রতিশোধ(নে), শোধতোলা-, বদলা(নে), আক্রোশপরায়ণতা, আক্রোশন, বিদ্বেষ, অপরাগ; প্রতিফল; রাগ থাকা-, রাগ পুষে রাখা-, ঝাল থাকা-; গায়ের ঝাল মেটানো-; দাদ, ঝাল; কষকষ(ক), গা কষকষ(ক), কষকষানো-।

একহাত নেওয়া-, ঝালঝাড়া-।

আপোশহীনতা।

বিণ· প্রতিশোধমূলক, প্রতিহিংসামূলক, আক্রোশমূলক, আক্রোশনীয়, আক্রুষ্ট।

প্রতিহিংসাপরায়ণ, আক্রোশপরায়ণ।

ক্ষমাহীন, ক্ষমাশূন্য; আপোশহীন; অমার্জনীয়।

বিণ·বি· কঠিনহৃদয়, কঠোরহৃদয়, পাষাণহৃদয়, কঠিনচিত্ত, কঠিনপ্রাণ; মমতাশূন্য। কঠোর।

করুণাহীন, নিষ্করুণ [দ্র ২৪২], অকরুণ; অনুদার; সংকীর্ণ, ক্ষুদ্রাশয়, সংকীর্ণমনা, হীনচেতা, নীচাশয়, অপ্রশস্তচিত্ত, নিচুমন, ছোটমন, মন ছোট, নীচান্তঃকরণ।

২৪২ নিষ্ঠুরতা

বি· নিষ্ঠুরতা, নির্দয়তা, নির্মমতা, নির্মমত্ব, নিষ্ঠুরত্ব, নৃশংসতা, নৈষ্ঠুর্য, নিষ্ঠুরাচরণ; মমতাহীনতা, মমত্বশূন্যতা, দয়াহীনতা, করুণাহীনতা, হৃদয়হীনতা; মমতা না থাকা-, দয়ামায়া না থাকা-, মায়াদয়া না থাকা-।

কঠোরতা, কঠোরত্ব, কাঠিন্য, অকোমলতা, অকোমলত্ব।

ক্রূরতা, খলতা, খলত্ব, ক্রৌর্য, ক্রূরাচার; হিংসা, হিংস্রতা, হিংসন; হিংসাশ্রয়িতা; প্রতিহিংসা [দ্র ২৪১]।

অসূয়া, দ্বেষ, বিদ্বেষ, রিষ, রেষ, মৎসর।

বর্বরতা, পাশবিকতা, অমানুষিকতা।

নিগ্রহ(ক), নিপীড়ন(ক), উৎপীড়ন(ক), জুলুম(ক), অত্যাচার(ক) [দ্র ৬৮৮]।

বিণ· নিষ্ঠুর, নির্দয়, নির্মম, নৃশংস, আনৃশংস্য, নিঠুর।

অকরুণ, দয়াহীন, মায়াহীন, অনুভূতিহীন, মমতাহীন, হৃদয়হীন, নিকরুণ, কৃপাহীন [দ্র ২৪১], হৃদয়শূন্য, দয়াশূন্য, দয়ামায়াহীন, নিষ্করুণ [২৪১], অদয়, অকৃপ, বিকরুণ, পলাশ; কাঠখোট্টা; পাষাণ।

কঠোর, করুণাহীন, কঠিন, অকোমল।

হিংসাশ্রয়ী, হিংসাময়, হিংসাত্মক।

ক্রূর, খল, ক্রূরমতি।

পাশবিক, বর্বর, অমানবিক, অমানুষিক, অমানুষোচিত, অমানবোচিত, বর্বরোচিত, পৈশাচিক [১২৫]।

দারুণ, নিদারুণ, মর্মবিদারক, মর্মস্পর্শী [দ্র ২২৮]।

হিংসনীয়, হিংস্য।

বিণ·/বি· বিদ্বেষী [দ্র ২৪৯]।

হিংসাপরায়ণ, হিংস্র, হিংসালু, হিংসক, হিংস্রক, হিংসারু, দাশুরি, অররু। কসাই। জল্লাদ। রক্তপিপাসু, রক্তপিশাচ, রক্তলোলুপ। পিশাচ। দানব, শয়তান। পশ্বাধম।

উগ্রকর্মা, উগ্রপ্রকৃতি, উগ্রস্বভাব; ক্রূরকর্মা।

২৪৩ গর্ব

বি· গর্ব(ক, হ), অহংকার(ক, হ), দম্ভ(হ, ক), দর্প, গরব, শ্লাঘা, অহম্মতি, অহম্বুদ্ধি, অহমিকা, অস্মিতা, আমিত্ব, অহংভাব, দাম্ভিকতা, গর্বিতভাব; গুমানো-, গাবানো-।

গৌরব, গরিমা, মর্যাদা।

দাপ, মদ, মনোমদ; দেমাক(ক, হ), গুমর, ডাঁট, ফুটানি, জাঁক, তেজ, গরম, ঠেকার, চালিয়াতি; বড়াই(ক), স্পর্ধন, স্পর্ধা(হ, ক), আস্পর্ধা(হ), আম্বা, বাড়; ঔদ্ধত্য, উদ্ধতি, উদ্ধতচারিতা, সাপট; অবিনয়, ধৃষ্টতা, ধার্ষ্টামি, ধৃষ্টামি, ধার্ষ্ট্য; বেয়াড়াপনা; পাঁয়তারা(ক), মদগর্ব, আটোপ, হম্বিতম্বি(ক), লম্ফঝম্ফ, আস্ফালন(ক), টেণ্ডাইমেণ্ডাই, তড়পানি, তড়পানো-, বারফট্টাই। দম্ভোক্তি, গর্বোক্তি, লম্বাকথা, বহ্বাস্ফোট, সগর্ববাক্য, অহংকারোক্তি, ডাঁটের কথা, আটোপটংকার।

ঠোঁট উলটানো-, নাক সিটকানো-।

আত্মম্ভরিতা, হামবড়াই, হামবড়াভাব; উন্নাসিকতা।

সম্মান, মান [দ্র ৩৪৮]।

আত্মমর্যাদা, আত্মশ্লাঘা, আত্মসম্মানজ্ঞান, আত্মসম্ভ্রম, আত্মশ্লাঘিতা, আত্মাভিমান, আত্মগৌরব, আত্মগরিমা, আত্মগর্ব, আত্মসম্মান [দ্র ৩৪৮]। অস্মিতাবোধ, আত্মমর্যাদাবোধ।

আত্মতুষ্টি, আত্মপ্রশংসা, আত্মনাম।

অতিমান, অতিদর্প, অতিগর্ব, অতিবাড়।

অভিমান(ক), মান(ক)।

বংশগৌরব, বংশকৌলীন্য, বংশগরিমা, কুলগর্ব, কুলমর্যাদা [৬৪৬], জাত্যভিমান। রূপের গর্ব, রূপের

দেমাক। টাকার গরম, অর্থগৌরব। বিদ্যাভিমান, শিক্ষাভিমান।

মাথা উঁচু করে চলা-; ধরাকে সরা জ্ঞান করা-। মাটিতে পা না পড়া-। দেমাকে পা না পড়া-। তেল হওয়া-। লঘুগুরু জ্ঞান না থাকা-।

বিণ· গর্বিত, গর্বী, অহংকারী, দর্পিত, দর্পী, গরবী, গরবিনী।

সগর্ব, সদর্প, সাহংকার, দর্পযুক্ত; অহংকৃত। ঔদ্ধত্যপূর্ণ।

গরিমাময়, গর্বোজ্জ্বল, গরিমাদীপ্ত; মানী।

অতিমানী, অতিগর্বিত, অতিগর্বী।

শ্লাঘনীয়, শ্লাঘ্য, দর্পযোগ্য, গর্বের।

বিণ·/বি· গরীয়ান, দর্পশালী।

দাম্ভিক, দম্ভী, দৃপ্র, দৃপ্ত, প্রদীপ্ত, দম্ভক, স্বয়ংশ্রেষ্ঠ, হামবড়া, হামবাগ, উচ্চভাষী; দেমাকি, ডাঁটিয়াল, ঠেকারে, জাঁকাল, ফুটানিরাম; চালবাজ, চালিয়াত।

পায়াভারি; মদোন্মত্ত, মদান্ধ, গর্বান্ধ, মদমত্ত, সমুদ্ধত, উদ্ধতপ্রকৃতি, উদ্ধতচারী-, গর্বোদ্ধত, মদোদ্ধত, উদ্ধতমনা; উন্নাসিক, নাকউঁচু, নাকতোলা। খাঞ্জা খাঁ।

অবিনয়ী, উদ্ধত, অবিনীত, ধৃষ্ট, প্রধৃষ্ট, স্পর্ধী, স্পর্ধিত, উদ্ধতস্বভাব, বেয়াড়া, শৌণ্ডির।

উদ্ধতভাষী।

অভিমানী; অভিমানিনী, মানিনী; অভিমানকারী।

আত্মমর্যাদাসম্পন্ন [দ্র ৩৪৮]; অস্মিতাপূর্ণ, আমিত্বপূর্ণ, আমিত্বসম্পন্ন, আত্মগর্বী, আত্মম্ভরি, আত্মাভিমানী।

ক্রি-বিণ· সগর্বে, সদর্পে, সদম্ভে, সাহংকারে, দর্পভরে; সগৌরবে।

২৪৪ বিনয়

বি· বিনয়, বিনতি, সন্নতি, আনতি, অবনতি, নতি; প্রণতি [দ্র ৫৮৪, ৬১০]; অগর্ব, অনহংকৃতি; নম্রতা, নম্রভাব, নমনীয়তা, নমনশীলতা, বিনমন; শিষ্টতা, সৌজন্য, ভদ্রতা [দ্র ৬০৭]; অমায়িকতা, গর্বহীনতা; শালীনতা, লজ্জাশীলতা [দ্র ২৪৫]। অতিবিনয়।

বিণ·/বি· বিনয়ী, নম্র, বিনীতচিত্ত, ভদ্র [দ্র ৬০৭]; শান্ত, শিষ্ট, সুবিনীত; সংযত, সনম্র; কোমল; সুজন [৬০৭]; অমায়িক, নিরহংকার, নিরহংকারী, অনহংকৃত, অনহংকারী, অনহংকার, নিরভিমান, অগর্বিত, অগর্বী, দর্পহীন, দর্পশূন্য, নির্মৎসর, গর্বহীন; মৃদুস্বভাব, ঠাণ্ডামেজাজ, কোমলস্বভাব, শান্তশিষ্ট; চুপচাপ; সাদাসিধা, সোজা, সহজ; বিনীত, বিনয়াবনত, বিনম্র, বিনয়নম্র, বিনমিত, বিনয়ান্বিত, বিনত, আনত, সন্নত [৫৮৪]।

বিনম্রহৃদয়, বিনীতাত্মা, অনুদ্ধত, বিনয়শীল; বিনেতা, বিনয়কারী; বিনয়গ্রাহী।

বিণ· বিনয়যুক্ত, বিনীত, সবিনয়; ভদ্রতাপূর্ণ, ভদ্রোচিত [দ্র ৬০৭]।

বিনেয়, বিনয়যোগ্য, অনুনীত; নমনীয়।

সুকুমারমতি; ক্ষীণপ্রকৃতি।

ক্রি-বিণ· সবিনয়ে, বিনীতভাবে, বিনয়সহকারে, বিনয়ের সঙ্গে; নম্রভাবে, নত হয়ে।

২৪৫ লজ্জা

বি· লজ্জা(পা, ক, দে), লাজ, হায়া, ব্রীড়া, হ্রী, ত্রপা, শরম(লা), সম্ভ্রম; লাজলজ্জা, হায়ালজ্জা, লজ্জাশরম, ভরম, মন্দাস্য, শরমভরম; সংকোচ, কুণ্ঠা, দ্বিধা [দ্র ২১৭]। আবরু [দ্র ৩৪৮]। অপমান [দ্র ৩৪৯]।

লজ্জাশলীতা, লাজুকভাব, লাজুকতা, সলজ্জভাব, লজ্জাবত্তা, লজ্জাবোধ(ক), কুণ্ঠাবোধ(ক), সংকোচবোধ(ক); অস্বস্তিভাব, অসোয়াস্তির ভাব; কিন্তু কিন্তু করা-, মুখ ফুটে বলতে না পারা- [দ্র ২১৭]।

লজ্জায় অধোবদন হওয়া-, লজ্জায় লাল হওয়া-, মুখ লুকানো-, লজ্জায় জিভকাটা-, জিভকাটা-, লজ্জার একশেষ(হ); মুখে চুনকালি পড়া-। লজ্জায় মাথাকাটা যাওয়া-। নাককাটা(যাওয়া-)।

চক্ষুলজ্জা; লজ্জাদৃষ্টি। লোকলজ্জা, লোকভয়, লোকাপবাদ [দ্র ৩৪৯]। লজ্জার কথা।

লজ্জায় ফেলা-, লজ্জায় পড়া-; লাজানো-।

বিণ· লজ্জাকর, লজ্জাজনক, ব্রীড়াজনক; বিতিকিচ্ছিরি; অস্বস্তিকর, অপ্রস্তুত।

সলজ্জ, সলাজ, সব্রীড়।

বিণ·/বি· লজ্জিত, লজ্জাপ্রাপ্ত, শরমিত, কুণ্ঠিত, সংকুচিত, অপ্রস্তুত, অপ্রতিভ, বিব্রত, ব্রীড়িত, ব্রীড়ানত, ব্রীড়াবনত, ত্রপিত, ত্রপান্বিত, হ্রিত, হ্রীমান, হ্রীজিত, লজ্জানম্র, লাজনম্র, লজ্জাবনত, লজ্জমান, ত্রপমাণ, অনপত্রপ, ত্রপিষ্ঠ, লজ্জানত, লজ্জালু, লজ্জারুণ, লজ্জারাঙা।

লাজুক, লজ্জাশীল, ব্রীড়াবান; মুখচোরা, লজ্জাবতী, লাজবন্তী, লজ্জাবতীলতা, লজ্জাশীলা, ব্রীড়াবনতা, লজ্জিতা; কনে বউ, বিয়ের কনে; কলাবৌ।

অমিশুক, কুনো, ঘরকুনো; কুয়োর ব্যাঙ, কূপমণ্ডূক।

ক্রি-বিণ· লজ্জায়, শরমে, লাজে, লজ্জাবশত, লজ্জাহেতু; সলজ্জভাবে, লাজুকভাবে।

২৪৬ নির্লজ্জতা

বি· নির্লজ্জতা, লজ্জাহীনতা, বেহায়াপনা, প্রগল্‌ভতা [দ্র ২৩৫]; বেলেল্লাপনা [৫২৭]; ধৃষ্টতা [দ্র ২৪৩]।

লজ্জার মাথা খাওয়া-, চোখের চামড়া না থাকা-।

বিণ·/বি· লজ্জাহীন, অলজ্জ, নির্লজ্জ, অলজ্জিত, লাজলজ্জাহীন, বিত্রপ, নিরপত্রপ, অপত্রপ, গতত্রপ, গতলজ্জ, বিলজ্জ, নিলাজ, বেহায়া, বেশরম, লজ্জাশূন্য; বেল্লিক, বেলেল্লা, ক্ষপণ।

কানকাটা, দুকানকাটা; কালামুখো।

ক্রি-বিণ· লজ্জা না পেয়ে, অনায়াসে, অসংকোচে [দ্র ২১৮], নির্লজ্জভাবে।

২৪৭ কৃতজ্ঞতা

বি· কৃতজ্ঞতা, উপকার স্বীকার(ক), উপকার স্মরণ(ক), উপকারীর উপকার স্মরণ(ক), দায় স্বীকার, ঋণ স্বীকার(ক), নিমকহালালি, ইমানদারি, বিশ্বস্ততা, অকৃতঘ্নতা, অকৃতঘ্নত্ব। ধন্যবাদ জানানো-।

কৃতজ্ঞতাবোধ।

বিণ· কৃতজ্ঞতাবদ্ধ, কৃতজ্ঞ(থাকা-), সকৃতজ্ঞ, নিমকহালাল, ধন্য(হ), বাধিত(হ), অনুগৃহীত(হ) [দ্র ২৩৯], কৃতার্থ; বিশ্বস্ত; ঋণী।

কৃতজ্ঞচিত্ত, কৃতজ্ঞমন; অকৃতঘ্ন।

কৃতজ্ঞতাপূর্ণ।

ক্রি-বিণ· কৃতজ্ঞচিত্তে, কৃতজ্ঞমনে, কৃতজ্ঞতার সঙ্গে।

২৪৮ অকৃতজ্ঞতা

বি· অকৃতজ্ঞতা, কৃতঘ্নতা, বেইমানি(ক), নিমকহারামি(ক), আনুবিধিৎসা, উপকারীর উপকার স্বীকার না করা-, উপকার ভুলে যাওয়া-। বিশ্বাসঘাতকতা(ক), বিশ্বাসভঙ্গ(ক)। গাছে তুলে মই কাড়া-।

কাজের বেলায় কাজি কাজ ফুরলে পাজি। পার হলে পাটনি মন্দ।

বিণ· অকৃতজ্ঞ, কৃতঘ্ন, বেইমান, নিমকহারাম; বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতী, বিশ্বাসহন্তা।

মিরজাফর; বিভীষণ; ঘরভেদী বিভীষণ; কুইসলিং।

গৃহশত্রু, ঘরভেদী।

২৪৯ ঈর্ষা

বি· ঈর্ষা(ক), হিংসা(ক), দ্বেষ, অসূয়া, বিদ্বেষ, রিষ, রেষারেষি, নিহিংসন, আকচাআকচি, আঁকশা আঁকশি; অন্তর্দাহ, গায়ের জ্বালা, মনের বিষ, মনের ঝাল; মৎসর, মাৎসর্য; বিরাগ, বিরক্তি, অসন্তোষ; চোখ টাটানো-, গায়ে জ্বালা ধরা-, সহ্য করতে না পারা-।

পরহিংসা, পরদ্বেষ, প্রদ্বেষ; দ্বেষণ, হিংসন, ঈর্ষাকরণ।

হিংসার আগুন, ঈর্ষানল, বিদ্বেষানল।

বিদ্বেষবুদ্ধি, হিংসাবৃত্তি; হিংসুটেপনা; ঈর্ষাপরায়ণতা, ঈর্ষাকাতরতা, বিদ্বেষপরায়ণতা।

পরশ্রীকাতরতা, পরের ভালো দেখতে না পারা-।

বিণ· ঈর্ষণীয়, হিংস্য, হিংসনীয়, হিংসিতব্য; ঈর্ষাউদ্রেককারী।

ঈর্ষামূলক, হিংসাত্মক, হিংসাপূর্ণ; ঈর্ষাযুক্ত, বিদ্বেষযুক্ত; ঈর্ষাপ্রসূত, বিদ্বেষপ্রসূত; হিংসিত।

বিণ·/বি· হিংসুটে, হিংসুক, ঈর্ষান্বিত(হ), ঈর্ষাপরায়ণ, ঈর্ষাকাতর(হ) ঈর্ষালু, ঈর্ষী, হিংসাপরায়ণ, হিংসালু, হিংসক, হিংসাকারী, বিদ্বেষ্টা, বিদ্বেষকারী, দ্বিষৎ, দ্বেষ্টা, দ্বেষী, বিদ্বিষ্ট, দ্বেষকারী, বিদ্বেষী, দ্বেষশীল, বিদ্বেষপরায়ণ, প্রদ্বেষ্টা, প্রদ্বেষী, অসূয়ক, বিদ্বেষশীল, হিংসাশীল, অসূয়াপরতন্ত্র, অসূয়াপরবশ, অসূয়াবশ।

পরশ্রীকাতর, মৎসরী, পরদ্বেষী, পরহিংসক; নিন্দক, নিন্দুক [দ্র ৩৪৯]।

দ্বেষ্য, বিদ্বিষ্ট, বিদ্বেষভাজন, বিদ্বেষের পাত্র; বৈরী, শত্রু [দ্র ৬৮৫]।

২৫০ ঈর্ষাহীনতা

বি· ঈর্ষাহীনতা, ঈর্ষাশূন্যতা, দ্বেষহীনতা, বিদ্বেষাভাব, অবিদ্বেষ, অহিংসতা, অহিংসা, অনসূয়া।

বিণ· অমৎসর, অনসূয়, দ্বেষহীন, ঈর্ষাহীন; অহিংস।

২৫১ স্বার্থপরতা

বি· স্বার্থপরতা [৬৩৪], স্বার্থপরায়ণতা, স্বার্থান্বেষিতা, আত্মপরায়ণতা, আত্মকেন্দ্রিকতা, আত্মগ্রাহিতা, আত্মসর্বস্বতা।

স্বার্থ, নিজের ভালো, আত্মাদর, আত্মোপকার, আত্মপ্রেম, আত্মপূজা, আত্মপ্রীতি, স্বাদর।

স্বার্থচিন্তা(ক), স্বার্থান্বেষণ(ক), স্বার্থান্ধতা, আত্মহিতচিন্তা।

স্বার্থপূরণ(ক), স্বার্থসিদ্ধি(ক), স্বার্থরক্ষা(ক), স্বার্থসাধন(ক)।

স্বজনপোষণ(ক), স্বজনতোষণ(ক), স্বজনপ্রিয়তা, স্বজনপ্রীতি।

সুবিধাবাদ, সুযোগসন্ধান, তক্কে তক্কে থাকা-, ঝোপ বুঝে কোপ মারা-।

নিজের কোলে ঝোল টানা-; নিজেকে নিয়ে মত্ত থাকা-; নিজের বেলায় আঁটিসাঁটি পরের বেলায় দাঁতকপাটি। কেবল নিজেরটা বোঝা-।

অনুদারতা, সংকীর্ণতা [২৫৪]; হীনতা, নীচতা; সংকীর্ণমনস্কতা। আত্মরতি।

বিণ· স্বার্থপ্রণোদিত।

বিণ·/বি· স্বার্থপর, স্বার্থান্বেষী, স্বার্থপরায়ণ, স্বার্থবাদী, স্বার্থিক, স্বার্থোন্মত্ত, স্বার্থোদ্ধত, স্বার্থসাধক, অসূয়ক, আত্মপরায়ণ, আত্মসর্বস্ব, আপনসর্বস্ব, আত্মসার, আত্মগ্রাহী, আত্মরত, আত্মার্থ, আপ্তসার, আপ্তয়াসী, আত্মকেন্দ্রিক; স্বার্থান্ধ; একলসেঁড়ে, কেঁয়ে, আপ্তগরজি।

হিংসুটে [দ্র ২৪৯]। সুবিধাবাদী, সুযোগসন্ধানী, মতলবি; স্বার্থসিদ্ধ; স্বোদরপূরক।

স্বজনতোষণকারী, স্বজনপোষক, স্বজনপোষণকারী।

অনুদার, সংকীর্ণমনা; হীন, নীচ, নীচাশয় [দ্র ৫৫১]।

ক্রি-বিণ· স্বার্থে, নিজের স্বার্থে।

২৫২ স্বার্থহীনতা

বি· স্বার্থহীনতা, নিঃস্বার্থতা, স্বার্থশূন্যতা; স্বার্থত্যাগ(ক), স্বার্থবিসর্জন(ক); আত্মত্যাগ(ক), আত্মবিসর্জন(দে), আত্মবলিদান(দে), আত্মদান(ক) [৭০৭, ৫৮], আত্মোৎসর্গ(ক), আত্মনিবেদন(ক), আত্মাহুতি(দে)। উদারতা [দ্র ২৩৮]।

পরহিতৈষণা, পরহিত, পরোপকার [৬৩৫], পরার্থপরতা, পরার্থবাদ, পরার্থিতা, লোকের উপকার(ক), লোকহিত, লোকহিতৈষণা, জনহিত, মানবহিতৈষণা, জনক ণ, সমাজকল্যাণ, সমাজহিত, সমাজমঙ্গল, সমাজসেবা(ক)।

পরহিতব্রত, পরহিতাকাঙ্ক্ষা, পরোপকারেচ্ছা, লোকহিতব্রত, লোকব্রত।

মানবপ্রেম, মানবপ্রীতি; বিশ্বপ্রেম, বিশ্বভ্রাতৃত্ব [৬৪৮], বিশ্বমৈত্রী; বিশ্বজনীনতা, বিশ্ববোধ।

মনুষ্যত্ব, মানবিকতা [দ্র ৬১], মানবধর্ম, নৃধর্ম; মানবিকতাবাদ, মানবতাবাদ; বিশ্বমানবতা।

নিজেকে বিলিয়ে দেওয়া-, নিজেকে উজাড় করে দেওয়া-, নিজেকে সঁপে দেওয়া-; আত্মবঞ্চনা, আত্মপ্রতারণা, আত্মপ্রবঞ্চনা। পরের দিকে তাকানো-।

বিণ· নিঃস্বার্থ, স্বার্থহীন, স্বার্থশূন্য, অস্বার্থ, আত্মহীন; নিষ্কাম;

জনহিতকর [দ্র ৬৮৩], লোকহিতকর, জনকল্যাণমূলক; বিশ্বজনীন।

বিণ·/বি· পরোপকারী, পরহিতৈষী, পরহিতব্রতী, পরহিতাকাঙ্ক্ষী, পরার্থপর; উপচিকীর্ষু; দেশহিতৈষী, লোকবান্ধব, সমাজহিতৈষী, সমাজহিতার্থী; মানবদরদি, মানবপ্রেমিক, সমাজপ্রেমিক; সমাজসেবী, সমাজসেবক, সমাজবন্ধু, দেশসেবক, দেশপ্রেমিক [দ্র ৬৫৬]; সমাজসংস্কারক। বিশ্বপ্রেমিক, বিশ্বপ্রেমী।

আত্মবঞ্চক।

ক্রি-বিণ· নিঃস্বার্থভাবে; পরার্থ, পরার্থে, পরের কারণে।

৯ সম্পর্ক-সাদৃশ্য-নির্ভরতা

২৫৩ সম্পর্ক

বি· সম্পর্ক (হ), সম্বন্ধ, যোগ, সংযোগ, সংস্রব, যোগাযোগ, সংসর্গ, সাহচর্য, সংস্পর্শ, সংসৃষ্টি, সংশ্লেষ; একাত্মতা, অবিচ্ছিন্নতা, অবিচ্ছেদ্যতা; অনুবন্ধ, অন্বয়, অনুষঙ্গ; সমভিব্যাহার; সংযুক্তি, সংশ্লিষ্টতা, সংলগ্নতা [দ্র ২০৫]।

সমন্বয়, সামঞ্জস্য, মিল, মিলন, সন্ধি, নির্বন্ধ, সন্নিবেশ, সংযোজন(ক), যোজন।

যোগসূত্র, সূত্র, মাধ্যম, বন্ধন [দ্র ৩৬৩], বাঁধন। যোটক।

সঙ্গ, আসঙ্গ, সান্নিধ্য [দ্র ২০৪], সাথ [৬০৩], সংসৃতি, সাহিত্য।

প্রাসঙ্গিকতা, প্রসঙ্গ, বিষয়; কথায় থাকা-, কথার মধ্যে থাকা-। প্রসঙ্গান্তর, অন্যপ্রসঙ্গ।

আত্মীয়তা [দ্র ৬৩১]। একাত্মতা।

পাতানো-, সম্পর্কস্থাপন(ক), সম্পর্ক পাতানো-।

বিণ· সম্পর্কিত, সম্বন্ধযুক্ত, সম্পর্কযুক্ত, যুক্ত, সংযুক্ত, সমন্বিত, সম্বন্ধিত, সংশ্লিষ্ট, শ্লিষ্ট, সংস্রবযুক্ত, সন্নিবিষ্ট, জড়িত, বিজড়িত, সংযোগিত, লিপ্ত, সংলগ্ন [দ্র ২০৫], অন্বিত, অন্বয়ী, অনুবন্ধী, সান্বয়, একাত্ম, অবিচ্ছিন্ন [দ্র ২০৫], অন্তর্ভুক্ত, সন্নিবিষ্ট।

সম্পর্কীয়, সম্বন্ধীয়, সম্বন্ধী, সংক্রান্ত, সম্পর্কী; সংযোগী, সংযোজ্য। তৎসংক্রান্ত, তদবিষয়ক।

আনুষঙ্গ, আনুষঙ্গিক, অনুষঙ্গী, অনুবন্ধী।

সহিত, সমেত, সহযুক্ত, সহ, সঙ্গের, সাথের, বিশিষ্ট, শালী, শালিনী।

প্রাসঙ্গিক, বিষয়ক, সংক্রান্ত। জনিত, ঘটিত, মুতালিক।

ক্রি-বিণ· সঙ্গে, সাথে; সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, প্রসঙ্গত, প্রসঙ্গক্রমে; যোগে, মাধ্যমে; সমভিব্যাহারে।

মধ্যবর্তিতায়।

অব্য· দ্বারা, দিয়া, কর্তৃক, মারফত।

২৫৪ পক্ষ

বি· পক্ষ, দিক, তরফ [৪৬৩], সাইড; পক্ষ নেওয়া-, টানা-, সাইড নেওয়া-, ভিড়ে যাওয়া-, দলে ভেড়া-, ভেড়া-; কোলে ঝোল টানা-। গণতা, তরফদারি।

পক্ষপাতিত্ব(ক), পক্ষপাত, অনিরপেক্ষতা, একদেশদর্শিতা, পক্ষানুরাগ, পক্ষপাতিতা, একচোখামি, অসমদর্শিতা, সপক্ষতা, পক্ষাবরণ(ক), পক্ষভাব, পক্ষাবলম্বন(ক), পক্ষসমর্থন(ক), পক্ষগ্রাহিতা; সংকীর্ণতা [দ্র ২৫১]।

নিজের দল, সপক্ষ; একপক্ষ, একদল; মিত্রপক্ষ, মিত্রদল।

হাত করা-, দলে টানা-, দলে আনা-।

সমর্থন(ক) [দ্র ২৭৯], প্রতিপোষকতা, প্রতিপোষণ, সমর্থনা, অনুকূলবর্তিতা, আনুকূল্য প্রদর্শন, সাপোর্ট(ক)।

দলাদলি(ক), দলবাজি(ক), পক্ষাপক্ষ, দলীয়তা, দলীয় মনোভাব, দলপাকানো, দলবাঁধা-; ঘোঁট পাকানো-।

বিণ· একতরফা, তরফা, একপেশে; পক্ষপাতদুষ্ট, পক্ষপাতমূলক, পক্ষাশ্রয়ী, পক্ষপাতপূর্ণ, পক্ষপাতযুক্ত, পক্ষপাতদোষদুষ্ট, পক্ষভুক্ত, নিরপেক্ষতাহীন; দলীয়, পক্ষীয়; একচক্ষু হরিণ।

উভয়পক্ষীয়, দোতরফা।

বিণ·/বি· পক্ষপাতী, অনিরপেক্ষ, একদেশদর্শী, পক্ষাবলম্বী, পক্ষানুরাগী, একচোখা, অসমদর্শী, পক্ষগ্রাহী, তরফদার, নিরপেক্ষতাহীন। সংকীর্ণ [দ্র ২৫১]।

সমর্থক, প্রতিপোষক, সমর্থনকারী, সাপোর্টার।

২৫৫ নিরপেক্ষতা

বি· নিরপেক্ষতা, সমদর্শিতা, সমদর্শন, অপক্ষপাত, অপক্ষপাতিতা, পক্ষপাতশূন্যতা, অপক্ষপাতিত্ব, সমদৃষ্টি, নৈরপেক্ষ্য; ব্যক্তিনিরপেক্ষতা।

যথার্থবাদ, সদ্বিচার(ক), ন্যায়বিচার(ক), সুবিচার(ক) [৬৬৭], ন্যায়কারিতা; ঔদার্য [দ্র ২৩৮]।

কিছুর মধ্যে না থাকা-, সাতে পাঁচে না থাকা-, দলমতের ঊর্ধ্বে থাকা-। সূক্ষ্মবিচার(ক)।

বিণ·/বি· নিরপেক্ষ, সমদর্শী, অপক্ষপাতী, পক্ষপাতহীন, ভেদজ্ঞানরহিত, সমদর্শনকারী, সমদৃষ্টিসম্পন্ন, পক্ষপাতশূন্য; নির্বিকার; দলাদলিহীন; যথার্থবাদী; ন্যায়দর্শী; উদার [দ্র ২৩৮]।

স্বাধীন ভাব, স্বাধীনচেতা।

ব্যক্তিসম্পর্কহীন, নৈর্ব্যক্তিক, ব্যক্তিনিরপেক্ষ; অনাত্ম।

বিণ· ন্যায্য [দ্র ৫৪৫]। সত্য [দ্র ৫৪৩]। যথার্থ [দ্র ৫৬১]।

ক্রি-বিণ· নিরপেক্ষে, অপক্ষপাতে; জাতিধর্মনির্বিশেষে; দলমতনির্বিশেষে; স্বাধীনভাবে; নিরপেক্ষভাবে। খোলাচোখে, মুক্তমনে, অসংকুচিতচিত্তে, অসংকোচে।

২৫৬ মৌলিকতা

বি· মৌলিকতা, মৌলিকত্ব; সর্জনা, স্বকীয়তা, স্বাতন্ত্র্য [২৬১], স্বকীয়ত্ব, স্বতন্ত্রতা, প্রাতিস্বিকতা, নিজস্বতা [দ্র ৬৩৪]; অনন্যতা, বৈশিষ্ট্য [২৭২], বিশিষ্টতা, অসাধারণত্ব, অদ্বিতীয়তা। পার্থক্য, পৃথকত্ব [দ্র ২৬১]। অননুকরণ। ওরিজিনালিটি; অনন্যতন্ত্রত্ব, অনন্যতন্ত্রতা; অপূর্বতা।

মূল, আদি [৫৫], নিদান।
মূলপদার্থ, উপাদান, মৌল, মূলাংশ।
সৃজন [দ্র ৪০৭]।
বিণ· মৌলিক, মৌল, মূলগত, মূলোৎপন্ন, ওরিজিনাল, অকৃত্রিম; অনন্যতন্ত্র।
স্বতন্ত্র, স্বকীয়, স্বীয়, প্রাতিস্বিক, স্বক, নিজস্ব [দ্র ৬৩৪]। অনন্য, অসাধারণ, বিশিষ্ট, বিশেষ, সবিশেষ, বিশেষিত, অনন্যসাধারণ, অসামান্য, অবিকল্প, অলোকসামান্য; অলোক, অলোকসাধারণ; অদ্বিতীয়, অতিদ্বয়, একমাত্র, অনন্যপূর্ব, অপূর্ব; মার্কামারা।
আদিম, আদি- [দ্র ৫৫]। পৃথক [দ্র ২৬১]। আসল, সাচ্চা [দ্র ৫৫৮]।
অননুকরণীয়, অননুকার্য; নির্বিকল্প, অপ্রতিরূপ; জবাব নেই, না-জবাব।

২৫৭ অনুকরণ

বি· অনুকরণ(ক), নকল(ক) [দ্র ৪২৫], অনুসরণ(ক), সাদৃশীকরণ, সদৃশকরণ, অনুহার, অনুবিধান, অনুহরণ।
অনুকৃতি, অনুকর্ম, অনুক্রিয়া, অনুকার, অনুবৃত্তি, অনুসৃতি; পুনর্বৃত্তি; ছায়া।
পদাঙ্ক অনুসরণ(ক)।
সাদৃশ্য [দ্র ২৫৮]; আদল, আভাস, ছাঁচ, ছাঁদ, আকার; মডেল।
প্রতিমূর্তি, প্রতিরূপ, প্রতিকৃতি, প্রতিমা, প্রতিচ্ছবি, প্রতিবিম্ব [৩৪], প্রতিচ্ছায়া। প্রতিধ্বনি [১০৪]।
ভেংচানো- [৪৬৪], ভ্যাংচানো-, ভাঁড়ামো-(ক), ভাঁড়ামি, ক্যারিকেচার(ক)। বহুরূপী; হরবোলা।
অনুচিকীর্ষা, অনুকরণপ্রিয়তা; তোতাবৃত্তি, অনুকরণবৃত্তি, অনুকরণস্পৃহা, অনুকরণপ্রবৃত্তি।
নকলনবিশি।
টোকা-, টোকাটুকি(ক), টুকলি(ক); ঝেপে দেওয়া-, মেরে দেওয়া-। প্রতিলিপি(ক), অনুলিপি, অনুলেখন; কপি(ক), ট্রেস(ক), ট্রেসিং(ক)। ডুপ্লিকেশন, ডুপ্লিকেট করা-। জেরক্স কপি, প্রতিচিত্র।
অনুবাদ [দ্র ৪২৪]।
প্রত্যয়িত নকল, অ্যাটেস্টেড কপি।
বিণ· অনুকৃত, অনুসারী; নকল, কৃত্রিম, জাল [দ্র ৫৫৯]।
সদৃশ [দ্র ২৫৮]।
অনুকরণীয়, অনুকার্য।
অবিকল, অবিকৃত, যথাযথ, একইরকম, হুবহু, অক্ষরে অক্ষরে, একেবারে, একদম।
এইপ্রকার, অনুযায়ী, ইত্যাকার, অভেদ, অবিশেষ।
তদনুসারী, তদনুগ, তদনুগামী, তদনুবর্তী, তদনুযায়ী, তদ্রূপ [দ্র ২৬০]।
বিণ·/বি· অনুকরণকারী, অনুকারী; অনুকারক, অনুকর্তা; নকলনবিশ, নকুলে।
অনুচিকীর্ষু; অনুকরণপ্রিয়; অনুকরণক্ষম, অনুকরণশীল; তোতাপাখি। মাছিমারা কেরানি।
চন্দ্ররেণু, কুম্ভিলক।
ক্রি-বিণ· অনুকরণে, অনুসরণে, অনুসারে, ছায়াবলম্বনে; অনুসারী, অনুযায়ী, দেখাদেখি; আদলে, ছাঁচে। ইত্যনুসারে। যথাযথভাবে, ঠিক ঠিক। সেইমতো, তদনুসারে।

২৫৮ সাদৃশ্য

বি· সাদৃশ্য, মিল, সদৃশতা, সৌসাদৃশ্য, আনুরূপ্য, একরূপতা, সমরূপত্ব, অনুরূপতা, সাযুজ্য, সমানয়ন, সরূপতা, সমানতা, সমকক্ষতা, তুল্যতা, সমরূপতা, সংগতি, সারূপ্য, সাম্য, সমত্ব, সমতা, সমভাব, সামঞ্জস্য, অভেদ, অভিন্নতা [দ্র ২৬২]।
সদৃশলক্ষণ, অভিলক্ষণ।
ছায়া, আভাস, প্রতিকায়, আদল, আদরা।
একত্ব, ঐক্য [দ্র ৬৪৮], সমন্বয়। সর্বসমতা।
সমভাব; একরূপ, সাধর্ম্য, একভাব; সমপদ।
মানানো-, মানিয়ে নেওয়া-। সাদৃশীকরণ [দ্র ২৫৭]।
বিণ· সদৃশ [২৫৭], অনুরূপ, একইরকম, তুল্য [দ্র ২৬০], প্রতিম, সংকাশ, সরূপ, সমঞ্জস, সম্মিত, সমরূপী, অভিন্ন [দ্র ২৬২]; সমতুল্য, সমতুল, সমকক্ষ, সমান, সমবস্তু, সংবাদী, সম; সবিধ; ধরনের, গোছের, রূপ, মতো, মতন, প্রায়; সমানীত।
অবিকল, অবিকৃত, হুবহু, আক্ষরিক, বজনিশ, একেবারে।
সমাকৃতি, সর্বসম, একঢল, একডৌল, একাকার; সমজাতীয়, সমগোত্রীয়, সমপ্রকৃতি; একজাতীয়, সমধর্মী, একধর্মী, একধর্মা।
সমপদস্থ; সমশ্রেণীভুক্ত; তুল্যমূল্য, সমান সমান; জোড়া, জুটি, জুড়ি, দোসর, জুড়িদার, যুগল; এক ক্ষুরে মাথা কামানো-; উনিশ বিশ; যাহা বাহান্ন তাহা তিপ্পান্ন।
এইরকম, এইরূপ, এতদ্রূপ, এতাদৃশ, ইত্যাকার, ঈদৃক, ঈদৃশ, ঈদৃশী, এতাদৃক, এবম্প্রকার, এবংবিধ, এরূপ, এতদ্রূপ, এতত্তুল্য, এমদ্বৎ, এবম্ভূত। সেইরকম, সেরকম, তদাকার, তদাকৃতি, সেইপ্রকার।
একার্থক, সমার্থক, সমার্থ, একার্থবোধক; একভাব, সমভাব।
এক, একই, একইরকম, একইপ্রকার।
মানানসই, জুতসই [৩৫১, ৬৮১], যোগ্য, উপযুক্ত [দ্র ৩৩৭], লাগসই।
ক্রি-বিণ· অক্ষরে অক্ষরে, প্রত্যক্ষর, যথাযথ, ঠিক ঠিক, যথাযথভাবে, সর্বাংশে, সঠিক, বর্ণে বর্ণে। ঠিকঠাক।
অব্য· এমন, অমন, তেমন, তেমতি, ওইরকম, ওইপ্রকার, অমনিই, অমনি, এমনতর, এমত, এমতি, এহেন।
যেমন, যেমতি, যেন, যাদৃশ; তথা।
মতো, মাফিক।

২৫৯ বৈসাদৃশ্য

বি· বৈসাদৃশ্য, অসাদৃশ্য, ভিন্নরূপতা, অন্যরূপতা, অসমরূপতা, বিসদৃশতা, অমিল, বেমিল, মিলহীনতা, অসমতা, অসামঞ্জস্য, ভেদ, বিভেদ, বিভিন্নতা, পার্থক্য [দ্র ২৬১], বৈষম্য, বিষমতা, বিষমত্ব, অসমতা, অসমত্ব,

অতুলনা, বিরোধ [দ্র ৬৮৬], বৈপরীত্য [দ্র ২৬১], প্রভেদ, আলাদাভাব, অমিলন, গরমিল, অমিল; বেসুরো ঠেকা-, একরকম না লাগা-, খাপছাড়া লাগা-, বেপোট। মৌলিকতা, স্বাতন্ত্র্য [দ্র ২৫৬]। নতুনত্ব [দ্র ১৫২]।

বিণ· অসদৃশ, বিসদৃশ, সাদৃশ্যহীন, অন্যরকম, ভিন্ন, পৃথক [দ্র ২৬১], অপ্রতিম, মিলহীন, বিষম, অসম, আলাদা, বিপরীত [দ্র ২০৭], বেমানান, অসমঞ্জস; খাপছাড়া; বিসংগত, বিরুদ্ধ; দলছাড়া [৬৫০], দলছুট, অসংগত, উলটো; বিজাতীয়; অন্যরূপ, অন্যপ্রকার, ভিন্নরূপ; মৌলিক [দ্র ২৫৬], স্বতন্ত্র; নতুন [দ্র ১৫২]। দুরন্বয়।

অতুলনীয়, তুলনাহীন, নিরুপম, অনুপম, উপমারহিত, অতুলিত, অনুপমিত, তুলনারহিত, অতুল্য, অতুল, বেনজির।

সৃষ্টিছাড়া; অনাসৃষ্টি। অন্যজাতের; বেলাইনের।

২৬০ তুলনা

বি· তুলনা(ক), তুলন, সাদৃশ্যনিরূপণ(ক), তুল্যতা নির্ধারণ(ক); উপমা(দে), সাদৃশ্য, মিল, অনুরূপতা, তুল্যতা, সমতুল্যতা, সমরূপতা [দ্র ২৫৮], আশ্চর্য। মানানো-, মানিয়ে নেওয়া-, খাপ খাওয়ানো-।

সমকক্ষতা, উপযুক্ততা, যোগ্যতা [দ্র ৩৩৭], উপযুক্তি, ঔপম্য, সমতা।

উপমিতি, সাদৃশ্যজ্ঞান; একাসনে বসানো-, সমীকরণ(ক), এক করে দেখা, তফাত না করা-, ভিন্ন মনে না করা-।

নজির, দৃষ্টান্ত [৩৮৪], উদাহরণ(দে), নিদর্শন, উপমান, প্রতিমান, প্রমাণ [দ্র ৩৭৭], প্রতীক; উল্লেখ, উদ্ধৃতি; নমুনা।

আপেক্ষিকতা; তুলনীয়তা।

বিণ· তুলনীয়, উপমেয়; তুল্য, তুল, সমতুল, তুল্যমূল্য, সমতুল্য, তুল্যরূপ, সধর্মী, সধর্মা, সন্নিভ, সম, অনুরূপ [দ্র ২৫৮], প্রতিম, একইরকম, তুল্যাকৃতি।

তুলনামূলক; তুলনাত্মক, সোপম; ঔপমিক। আপেক্ষিক। অপেক্ষাকৃত।

উপমিত, তুলিত, তুল্য; উদাহৃত, উল্লিখিত [৩৮৪], উদ্ধৃত, চিহ্নিত। উপমান। উদাহরণস্বরূপ, দৃষ্টান্তস্বরূপ।

সমকক্ষ, সমান, সমান সমান; লাগসই, মানানসই [দ্র ২৫৮], যোগ্য, যথাযোগ্য, উপযুক্ত, শোভন।

তেমনি, তদ্রূপ, তাদৃক, তাদৃশ, তথাবিধ, তথা, সেরকম, সেইরকম, সেইরূপ, সেরূপ, সেইমতো, তদনুরূপ, তারমতো, তত্তুল্য, তৎসদৃশ, তদ্বিধ, তৎস্বরূপ; তদেক, তথাহি, তথাভূত।

এইরকম, এইরূপ, এরূপ, একপ্রকার, একরকম, একতর।

যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল; সেয়ানে সেয়ানে; শঠে শাঠ্যং; সোনায় সোহাগা; মণিকাঞ্চন; মাণিকজোড়; রাজযোটক।

অব্য· চেয়ে, থেকে, অপেক্ষা, সর্বাপেক্ষা, চাইতে, সবচাইতে, সবচেয়ে, সবার চেয়ে, সাপেক্ষ, সাপেক্ষে, তুলনায়।

২৬১ পার্থক্য

বি· পার্থক্য [২৫৯], ভিন্নতা, প্রভেদ(ক), ভেদ, ভেদাভেদ, বিভেদ, তফাত(ক), ফারাক, বিচ্ছেদ, ব্যতিরেক, পৃথকত্ব, অন্যত্ব, অন্যতা; স্বাতন্ত্র্য [দ্র ২৫৬], স্বতন্ত্রতা, অনন্যতা, অনন্যত্ব, বিশেষত্ব, বৈশিষ্ট্য, বিশিষ্টতা [২৫৬], অসাধারণত্ব, অসাধারণতা; ব্যতিক্রম, ব্যত্যয়, বৈলক্ষণ্য, বৈপরীত্য [২০৭], ব্যত্যাস, ব্যষ্টি, অন্তর, পর্যয়, পরত্ব, পরভাব।

বিভিন্নতা, বৈভিন্ন্য, বৈচিত্র্য [দ্র ২৬৩]। বৈলক্ষণ্য, বিকল্পতা। দ্বৈবিধ্য, দ্বিবিধতা।

অসামান্যতা, চমৎকারিত্ব, উৎকর্ষ [দ্র ৫৫৬]।

রকমফের, অন্যকিছু, ইতরতা; কমবেশি, বেশিকম, ইতরবিশেষ, উনিশবিশ, হেরফের, তারতম্য, অসামঞ্জস্য; অন্যথাভাব, বিকার, বৈকল্য, বৈগুণ্য।

পৃথক্‌করণ, আলাদা করা-, পৃথক করা-, পৃথক করণ, বিচ্ছিন্ন করা, অঙ্গচ্ছেদ, অঙ্গচ্ছেদন, অংশকরা-, কাটা- [দ্র ৩৫৬]।

ভেদজ্ঞান, ভেদবুদ্ধি; বিচ্ছিন্নতাবাদ, সংহতি-বিরোধিতা।

মতপার্থক্য [২৮০, ৬৮৬], মতান্তর [৬৪৯]; অন্তর্বিরোধ, স্ববিরোধ; পরস্পর বিরোধিতা।

বৈসাদৃশ্য [দ্র ২৫৯]।

বিণ· পৃথক(ক) [২৫৬], আলাদা, ভিন্ন, ভিন, অন্য [দ্র ৬৩৫], অপর, পর, আন, বিকল্প, অনুকল্প, ব্যতিক্রান্ত, ব্যত্যস্ত। বৈকল্পিক, বৈভাষিক। অসংলগ্ন [২০৬]।

অন্যবিধ, অন্যরকম, অন্যান্য, অপরাপর, আর আর, অনেকানেক; ইতর, ব্যতীত, ব্যতিরিক্ত, স্বতন্ত্র, বিশিষ্ট, সবিশেষ; অনন্য, অন্যতম, অসামান্য, বিশেষ, অসাধারণ, অনন্যসাধারণ, অনন্যসুলভ, একতম। সর্বাতীত, সবকিছুর বাইরে, দুনিয়ার বার।

দুরকম, দ্বিবিধ।

অসমঞ্জস, বেখাপ্পা, অমিল, বেমিল, বেমানান, অশোভন, বেখাপ; হংসমধ্যে বকো যথা; আশমান জমিন ফারাক, আকাশ পাতাল।

স্ববিরোধী; বিবাদী, প্রতিবাদী, পরস্পরবিরোধী, অন্যোন্যবিরোধী।

পৃথক্‌কৃত, অন্তরিত।

বিণ·/বি· অসমকক্ষ, অপ্রতিযোগী, অপ্রতিদ্বন্দ্বী। পৃথককারী, প্রভেদকর্তা, বিভেদক।

অব্য· এছাড়া, এভিন্ন, বই, এতদ্ভিন্ন, এতদ্ব্যতীত; শুধু, কেবল, কেবলমাত্র, একমাত্র; বিনা, ছাড়া, বাদে, ব্যতীত, ভিন্ন; কিংবা, অথবা, বা।

তদ্ব্যতীত, তদ্ভিন্ন, তদন্য, তদ্ব্যতিরিক্ত।

ক্রিবিণ· বিকল্পে, পক্ষান্তরে, অন্যথায় [৩৭৭]। মতান্তরে, অন্যমতে।

২৬২ একত্ব

বি· অভিন্নতা [২৫৮], অভিন্নত্ব, অভেদ, একত্ব, ভেদরাহিত্য, অবিকল্পতা, বিকল্পহীনতা, একতা [দ্র ৬৪৮], ঐক্য, একীভাব, অদ্বিতীয়ত্ব, অবিশেষ, অপার্থক্য, অবিচ্ছেদ্যতা, অবিচ্ছিন্নতা [২০৫], সমতা [২৬০], সামঞ্জস্য।

একীকরণ, একতাবিধান(ক), একত্রীকরণ।

বিণ· এক, অভিন্ন, অপৃথক, ভেদরহিত, বিকল্পহীন ; তদভিন্ন, নির্বিভেদ ; অবিচ্ছেদ্য, অবিচ্ছিন্ন [দ্র ২০৫], সম, তুল্য [দ্র ২৫৮, ২৬০]। একীভূত।

অবিশেষ, সাধারণ, নির্বিশেষ, এইরকম, এমন, হেন।

২৬৩ বৈচিত্র্য

বি· বৈচিত্র্য [২৬১], বিভিন্নতা, বৈভিন্ন্য, বিচিত্রতা, নানারূপতা, বহুরূপতা, বহ্বাকার ; রকম, প্রকার, বিধা, কিসম, কছম। নতুনত্ব, অভিনবত্ব [দ্র ১৫২]। ভেদ [দ্র ২৬১]; ব্যতিক্রম [দ্র ২৬১]। নানামত, মতবৈভিন্ন্য ; মতভেদ [দ্র ৬৮৬, ৬৪৯]।

বিণ· বিচিত্র, বিভিন্ন, নানাপ্রকার, হরেকরকম, রকমারি, রকমফের, তরবেতর, বহুবিধ, বিবিধ, হরেক, নানান, নানা, প্রভিন্ন, কত কী, হরকিসম, অনেকরকম, অনেকধা, বহুধা, পুরুধা, অনেকপ্রকার, অনেকবিধ, নানাবিধ, নানারকম, নানানরকম, বহুপ্রকার, বহুরকম, অনেকরূপ, নানারূপ ; পাঁচমিশেলি, সাতসতেরো, সাতপাঁচ ; শতেকপ্রকার।

সবরকম, সর্ববিধ, সর্বপ্রকার ; অশেষপ্রকার, অশেষবিধ।

কতবিধ, কতরকম, কত কী, কতকিছু।

অব্য· কেমন, কীরকম, কীপ্রকার, কেমনতর, কীদৃশ, কীদৃশী।

২৬৪ বৈচিত্র্যহীনতা

বি· বৈচিত্র্যহীনতা, গতানুগতিকতা, একঘেয়েমি, নতুনত্বহীনতা। অপরিবর্তন [দ্র ২৬৭]। থোড় বড়ি খাড়া খাড়া বড়ি থোড়।

বিণ· বৈচিত্র্যহীন, একঘেয়ে, গতানুগতিক, নতুনত্বহীন, নতুনত্ববর্জিত, চিরাচরিত, সনাতন, পুরাতন, পুরনো [দ্র ১৫৪]; বিরক্তিকর।

সাধারণ, সাদামাটা, মামুলি, অকিঞ্চিৎকর, সাদাসিধা, সাদাসিধে, প্রায়িক, সোজাসুজি, সরল, অনাড়ম্বর, সাদাসাপটা, বিশেষত্বহীন, বিশিষ্টতাবর্জিত, চলনসই, অর্ডিনারি।

২৬৫ ক্রম

বি· ক্রম, অনুক্রম, পরম্পরা, আনুপূর্ব, পারম্পর্য, ধারা, বিপর্যায়, পালা, ধারাবাহিকতা [১৩৭]।

সূচি, সূচিপত্র, অনুক্রমণিকা, অনুক্রমণী, ইনডেক্স, নির্ঘণ্ট, কুঞ্চিকা।

তালিকা, সারণি, ফর্দ, লিস্ট, টেব্‌ল। তফসিল, সিডিউল, জায়।

ক্রমানুসারিতা, ক্রমিকতা, আনুপূর্বিকতা ; যথাক্রম, আনুলোম্য।

ঐতিহ্য, ট্র্যাডিশন। জের(টানা-)। পারম্পর্যোপদেশ।

সারি, পঙ্‌ক্তি, লাইন, পাঁতি।

বিণ· ক্রমিক, পরম্পরাগত, পরম্পরীণ, ক্রমানুসারী, অনুক্রমিক, আনুপূর্বিক।

পরম্পরাগত, শ্রৌত, ক্রমায়াত।

ক্রি-বিণ· ক্রমে, ক্রমানুযায়ী, ক্রমানুসারে, পরপর, পরম্পরায়, পরম্পরাক্রমে, পর্যায়ক্রমে, যথাক্রমে, আনুপূর্বিকভাবে, অনুক্রমিকভাবে ; একাদিক্রমে, একনাগাড়ে [দ্র ১৩৫], ক্রমান্বয়ে, একটার পর একটা, একের পর এক, একে একে ; সারি সারি।

তালিকানুযায়ী, জায়মাফিক।

বি· বর্ণানুক্রম, অকারাদিক্রম [দ্র ১৩৭]; সংখ্যানুক্রম, মানানুসার।

বিণ· বর্ণানুক্রমিক ; মানানুসারী, সংখ্যানুক্রমিক।

ক্রি-বিণ· মানানুসারে, সংখ্যানুক্রমে। অকারাদিক্রমে।

[বিপ·] উৎক্রম, ক্রমভঙ্গ [দ্র ৬৭০], বিপরীতক্রম, ব্যুৎক্রম।

২৬৬ পরিবর্তন

বি· পরিবর্তন(ক), বদল(ক), পরিবৃত্তি, রূপান্তর, রূপান্তরণ, বিপরিণতি, অনুকল্প, অদলবদল(ক), বদলে নেওয়া-, পরিবর্ত, বদলানো-, পালটানো-, পালটা, বদলি, রদবদল(ক), হেরফের(ক), পর্যাস, ফেরাফিরি, তরমিম ; উলটপালট(ক), উলটাপালটা ; অবস্থান্তর [১২৬]; অবস্থাভেদ ; ক্রান্তি ; সংস্কার, সংশোধন [দ্র ৩৬১]।

ভোল পালটানো-, চেহারা পালটানো-, খোলনলচে বদলানো। বিপরিবর্তন, বিপরিণাম।

বিবর্তন, ক্রমপরিবর্তন, ধারাবিকাশ, ক্রমবিবর্তন, ক্রমবিকাশ, অভিব্যক্তি, ক্রমোন্নতি, এভলিউশন।

ওঠানামা-, উত্থানপতন [৪৪৯] ; বাড়াকমা-, কমাবাড়া-, ক্ষতিবৃদ্ধি, হ্রাসবৃদ্ধি। তারতম্য [দ্র ৪৪৯]।

বিকৃতি, রং চড়ানো-, রং ফলানো-।

বিনিময় [দ্র ৭২০], পালটে নেওয়া-, বদলাবদলি(ক), পরাবর্ত, ব্যতিহার।

ভাবান্তর ; ভাববৈলক্ষণ্য, ভাববিকার, বিকার ; গুণান্তর।

পরিবর্তনশীলতা, পরিবর্তনীয়তা, অস্থিতি, অস্থিতাবস্থা।

অভিব্যক্তিবাদ, বিবর্তনবাদ।

প্রগতিশীলতা।

পরিবর্তনের সময়, সন্ধিক্ষণ ; যুগসন্ধি [দ্র ১৫৯]।

বিণ· পরিবর্তনশীল, পরিবর্তমান, অস্থির, বিকারী, অনিশ্চিত, অধ্রুব, অনির্দিষ্ট, রূপান্তরশীল, পরিবর্তী। পরিবর্তনীয়, বিকার্য, অরক্ষণীয়, অরক্ষ্য ; বিনিময়যোগ্য।

পরিবর্তিত, অবস্থান্তরিত, রূপান্তরিত, বিপরিণত ; বদলি, পালটা।

বিকল্প, বিকল্পিত।

বিকৃত(ক), অপভ্রষ্ট।

বিণ·/বি· পরিবর্তনকারী, পরিবর্তক ; বিনিময়কারী।

প্রগতিশীল, পরিবর্তনপন্থী।

২৬৭ অপরিবর্তন

বি· অপরিবর্তন [২৬৪], অক্ষুণ্ণতা, বলবৎ(থা), বজায়(থা), বহাল(থা)।

অমোচন।

অপরিবর্তনীয়তা, ধ্রুবতা [১৩৪], ধ্রুবত্ব, স্থিতি, সংস্থিতি, স্থৈর্য [দ্র ১২৩], অচঞ্চলতা, অটলতা ; অবিকৃতি, বিকাররাহিত্য ; চিরস্থায়িতা, চিরস্থায়িত্ব [দ্র ১৩৪]।

পূর্বাবস্থা, তদবস্থা, আগের অবস্থা।

রক্ষণশীলতা, রক্ষকতা, গোঁড়ামি, পরিবর্তন বিমুখতা, সংস্কারবিমুখতা; স্থিতাবস্থা, স্থিতিশীলতা [দ্র ১২৩]।

শিকড়গাড়া-, মাটি আঁকড়ে থাকা-, মাটি কামড়ে থাকা-, যক্ষের ধনের মতো আগলে থাকা-।

বিণ· অপরিবর্তিত; অবিকৃত, অবিকার, অবিকারী, বিকারহীন, অক্ষুণ্ণ(থা), অব্যাকৃত; যেমনকার তেমন, যা ছিল তাই, আগের মতো, পূর্ববৎ, পূর্বের মতো, যথাপূর্ব, পূর্বানুগ, পূর্বাবস্থ, তদবস্থ; তথৈব, তথৈবচ।

স্থিতিশীল, বর্তিষ্ণু [দ্র ১২৩]।

ধ্রুব, অপরিবর্তনীয়, পরিবর্তনহীন, বর্তিতব্য, অপরিবর্তনশীল, স্থির, অনড়, অটল, অচঞ্চল, অবিচল, স্থাণু; নিত্য, চিরস্থায়ী [দ্র ১৩৪], মুদামি।

রক্ষিত [দ্র ১২৮]।

পাকা, মজবুত, শক্ত [দ্র ৩৫৯]।

অমোচ্য, অমোচনীয়, দুর্মোচ্য, অনপনেয়, দুরপনেয়।

মজ্জাগত, অস্থিগত, জন্মগত, বদ্ধমূল, দৃঢ়বদ্ধ; অবিচ্ছেদ্য।

অসংশোধনীয়, অপ্রতিবিধেয়, অপ্রতিকার্য, অপ্রতিকরণীয়; অচিকিৎস্য [দ্র ৮৯]।

বিণ·/বি· রক্ষণশীল, গোঁড়া; অপ্রগতিশীল; প্রাচীনপন্থী, সেকেলে।

ক্রি-বিণ· তদবস্থায়।

২৬৮ আকর্ষণ

বি· আকর্ষণ(ক), টান [৩৬৪], টানা-, আকর্ষ, প্রকর্ষণ, সংকর্ষণ, অনুকর্ষণ, পরিকর্ষ, সমাকর্ষণ, প্রতিকর্ষ, খিঁচা-, খেঁচা-; হ্যাঁচকা টান, হ্যাঁচকা, হ্যাঁচড়ানো-, টেনে হিঁচড়ে নেওয়া-, হিড় হিড় করে টানা-; ছ্যাঁচড়ানো-, ছেঁচড়ে টানা-, হ্যাঁচকানো-, টানাহ্যাঁচড়া(ক)।

ঝটকা(মারা-), ঝটক, ঝড়কা, ঝটকানো-, ঝটকানি, ঝড়কানো-।

গোটানো-, জড়ানো-, গুটিয়ে ফেলা-, গুটিয়ে নেওয়া-।

মাধ্যাকর্ষণ, মহাকর্ষ, অভিকর্ষ [দ্র ৮]। চুম্বক [দ্র ৪৯৬]।

আকর্ষণীশক্তি; আকর্ষণীয়তা।

প্রবণতা [দ্র ৬০৬]; ভালোবাসা [দ্র ৬০৪]; স্নেহ [দ্র ৬০৫]।

বিণ· আকর্ষণী, আকর্ষক, আকর্ষিক, আকর্ষণীয়।

আকৃষ্ট, আকর্ষিত, সমাকৃষ্ট; আকর্ষী, সমাকর্ষী; আকৃষ্যমাণ।

কেন্দ্রাভিগ, অভিকেন্দ্র।

২৬৯ বিকর্ষণ

বি· বিকর্ষণ(ক), বিপ্রকর্ষ, বিপ্রকর্ষণ, দূরে ফেলা-; ঠেলা-, ঠেলন, ধাক্কা(দে, মা), ধাক্কানো-, পেলা; সরানো- [দ্র ৩১০]; ছোঁড়া-, নিক্ষেপ [দ্র ৩১১]; তাড়ানো- [দ্র ১২৯]।

পরিত্যাগ(ক), বর্জন(ক), বিবর্জন, ত্যাগ(ক) [দ্র ৭০৭, ৭১৬], পরিবর্জন, ছাড়া-, ছেড়ে দেওয়া-; প্রত্যাখ্যান(ক) [দ্র ৭১৬, ২১৬, ২৮০]।

বিকেন্দ্রণ, বিকেন্দ্রীকরণ।

গায়ে জ্বর আসা-; গায়ে ঝাঁটা মারা-; দেখতে না পারা-, সইতে না পারা-, অপছন্দ [দ্র ২১৬]।

বিরোধিতা(ক) [দ্র ২৭৬]; অবনিবনা [দ্র ৬৮৬]। পরস্পরবিরোধিতা।

বিণ· বিপ্রকৃষ্ট, বিকর্ষী; বিবাদী, প্রতিবাদী।

বিবর্জিত, পরিত্যক্ত [দ্র ৭১৬], পরিবর্জিত, বর্জিত, বিকৃষ্ট।

বেমানান [২৫৯]। বিরোধী [দ্র ২৭৬]।

বিকর্ষক, বিকর্ষণকারী।

বিকেন্দ্রিত, বিকেন্দ্রীকৃত, বিকেন্দ্রীভূত।

কেন্দ্রাতিগ, অপকেন্দ্র, বহির্মুখী।

২৭০ নির্ভরতা

বি· নির্ভরতা, নির্ভর(ক), অবলম্বন, অবলম্ব, আলম্ব, সহায়, উপস্তম্ভ, ভরসা, আস্থা, আস্থান, বিশ্বাস [দ্র ৫৪৯], শ্রয়, শ্রয়ণ, সংশ্রয়, আলম্বন; সম্বল [দ্র ৭২৭], সংস্থান।

নিরাপত্তা [দ্র ৬৭১]। স্থিরতা, নিশ্চয়তা [দ্র ৩৮৮]। সাহায্য [দ্র ৬৮৩]। রক্ষণাবেক্ষণ [দ্র ১২৮]। তত্ত্বাবধান [দ্র ১২৮, ৬৩৮]। আশ্রয় [দ্র ১৮৬]। প্রয়োজন [দ্র ৭১৭]।

নির্ভরযোগ্যতা, বিশ্বাসযোগ্যতা।

বিণ· নির্ভরযোগ্য [৫৪৯], বিশ্বাসযোগ্য [দ্র ৫৪৯]; নিরাপদ [দ্র ৬৭১]; ভরসাযুক্ত; চিরনির্ভর।

পরস্পর সাপেক্ষ, অন্যোন্যাশ্রয়, অন্যোন্যসাপেক্ষ।

অবলম্বিত [দ্র ২৭১]।

বিণ·/বি· অবলম্বী, আলম্বী, অবলম্বনকারী; আস্থাবান, বিশ্বাসী।

সাহায্যকারী [দ্র ৬৮৩]।

২৭১ পরনির্ভরতা

বি· পরনির্ভরতা, নির্ভরতা [দ্র ২৭০], পরমুখাপেক্ষিতা, মুখাপেক্ষিতা, পরমুখাপেক্ষা, পরনির্ভরশীলতা, নির্ভরশীলতা।

বশ্যতা, পরাধীনতা, অধীনতা [দ্র ৬৫৮], পারবশ্য, পরবশতা, পরতন্ত্রতা, পারতন্ত্র্য; বাধ্যতা, আনুগত্য [দ্র ৬৫৮]। নির্ভর [দ্র ২৭০]।

পরোয়া(ক), ধার ধারা-, তোয়াক্কা(ক) [৬১৩, ৬৬২], ওয়াস্তা।

আপেক্ষিকতা; বশবর্তিতা; সম্বন্ধ [দ্র ২৫৩]।

দাসত্ব(ক), গোলামি [দ্র ৩২৫]। পদচ্ছায়া।

পরাশ্রয়, পরায়তি; পরজীবিতা, পরাশ্রয়িতা; পরগাছা [দ্র ৩৮]। হাতের লোক।

পরের মুখের দিকে তাকিয়ে থাকা-, অন্যের মুখ চেয়ে থাকা-, মুখ চাওয়া-, অন্যের মুখ চাওয়া-।

বিণ· পরনির্ভর, পরমুখাপেক্ষী, মুখাপেক্ষী, পরায়ত্ত, অন্যগত, পরনির্ভরশীল; পরজীবী, পরোপজীবী, পরগাছা, পরভৃত, পরাশ্রিত, পরাশ্রয়ী, উপাশ্রিত, আশ্রিত [দ্র ১৮৬]; অবলম্বিত [২৭০], সংশ্রিত, আলম্বিত; অন্যকৃত। অধীন, অন্যাধীন, পরাধীন [দ্র ৬৫৮]।

পরবশ, বশীভূত [দ্র ৬৯৯], পরচ্ছন্দ, পৃষ্ঠপোষিত; পেটোয়া, অনুগত [দ্র ৬৫৮], তাঁবেদার, ধামাধরা,

তোয়াজকারী [দ্র ২৮২], পোঁ-ধরা, লেজ ধরা-; ল্যাংবোট; হাততোলা, হাতের পুতুল, কলের পুতুল, ক্রীড়নক।

দাস, গোলাম [দ্র ৩২৫], কেনাগোলাম(হ), জো হুজুর।

সাপেক্ষ, নির্ভরশীল; সর্বাধীন, অধ্যধীন।

অন্যপুষ্ট, অন্যৎপুষ্ট, অন্যবর্ধিত, অন্যভৃত; পরঘরী, পরের ঘরে মানুষ।

২৭২ অনির্ভরতা

বি· অনির্ভরতা; স্বয়ংসম্পূর্ণতা, স্বয়ম্ভরতা, অনন্যপরতা, অনন্যনির্ভরতা, আত্মনির্ভরতা, স্বনির্ভরতা, স্বাবলম্বিতা, স্বাবলম্বন(ক), স্বাবলম্ব, আত্মনির্ভরশীলতা, আত্মাশ্রয়িতা, আত্মাশ্রয়, আত্মসহায়তা, অনন্যমুখাপেক্ষিতা; অনবলম্বন।

আত্মশক্তি, আত্মক্ষমতা।

আত্মবিশ্বাস [দ্র ৫৪৯]। স্বমতাবলম্বিতা। স্বাতন্ত্র্য, বৈশিষ্ট্য [দ্র ২৫৬]। স্বাধীনতা [দ্র ৬৫৭]।

স্বয়ংক্রিয়তা।

স্বৈরাচার, স্বৈরতা, স্বৈরিতা, স্বেচ্ছাচারিতা [দ্র ৫৬৩, ২২৩]।

নিজের পায়ে দাঁড়ানো-; নিজেরটা নিজে সামলানো-; যার যার তার তার। আপন হাত জগন্নাথ।

নিজমত, স্বমত [দ্র ৬৩৪]। স্বকাজ [দ্র ৬৩৪]। স্বোপার্জন [৬৩৪]।

বিণ·/বি· আত্মনির্ভর, স্বনির্ভর, স্ববশ, স্বতন্ত্র [দ্র ২৫৬], স্বয়ংসম্পূর্ণ, স্বয়ম্ভর, অনন্যপর, অনন্যসাপেক্ষ, অনন্যনির্ভর, আত্মনির্ভর, স্বাবলম্বী, আত্মনির্ভরশীল, স্বয়ংবশ, আত্মাশ্রয়ী, অনন্যমুখাপেক্ষী। অনির্ভর, নিরালম্ব [দ্র ২০৬], অবলম্বনহীন; আধারহীন, নিরাধার।

আত্মবিশ্বাসী [দ্র ৫৪৯]। স্বমতাবলম্বী। স্বাধীন [দ্র ৬৫৭], আত্মাধীন, স্বেচ্ছাধীন।

অনন্যসহায়, আত্মসহায়, আত্মাবলম্বী, আত্মোপজীবী।

স্বেচ্ছাচারী [দ্র ৫৬৩]।

স্বয়ংলব্ধ, স্বোপার্জিত, স্বার্জিত।

বিণ· স্বতঃপ্রবৃত্ত, স্বতঃপ্রণোদিত; স্বয়ংক্রিয়, অটোমেটিক [দ্র ৬৩৪]।

ক্রি-বিণ· স্বেচ্ছায় [দ্র ৬৩৪], আপনখেয়ালে, মর্জিমাফিক।

২৭৩ নিষেধ

বি· নিষেধ(ক), বারণ(ক), বাধানিষেধ, বাধা(দে), মানা(ক), নামঞ্জুর(ক), নিষিদ্ধকরণ, না করা-; বিধিনিষেধ আরোপ(ক), নিষেধাজ্ঞা জারি(ক) [দ্র ২৮১]।

বন্ধ করা-, আটকানো-, সামলানো-, ঠেকানো-, নিবৃত্ত করা-, নিরস্ত করা-, থামানো- [দ্র ২৮৮], ক্ষান্ত করা-, ঠাণ্ডা করা-।

নিবারণ(ক), সংবরণ(ক), নিয়ন্ত্রণ(ক), নিবৃত্তি, ক্ষান্তি, নিরোধ, সংযত করা-, প্রশমন(ক) [৩৪০], নিবার, সংরোধ, বিনিয়ম, স্তম্ভন, শমন, প্রতিনিবৃত্তি, প্রতিষেধ।

রদ(ক), নাকচ(ক), মকুফ(ক), ছাড়া-, বাদ(দে), বর্জন(ক), বাতিল(ক), পরিহার(ক) [দ্র ৭১৬], খারিজ(ক), ডিশমিশ(ক); প্রত্যাহার(ক), উঠিয়ে নেওয়া-, তুলে নেওয়া-, তোলা-; ভেঙে দেওয়া-, ভণ্ডুল(ক) [৩৫০], বানচাল(ক)।

বাগড়া(দে), বাদ, বাদসাধা- [২৭৬], ফ্যাকড়া (বার ক), ব্যাঘাত (সৃষ্টি ক)।

বিঘ্ন, বাধা [দ্র ৬৮২]। প্রতিরোধ [দ্র ৬৯৪]। দমন [দ্র ৬৯৮]। অসহযোগিতা [দ্র ২৭৮]। বিরোধিতা, বিরুদ্ধবাদিতা [দ্র ৬৯৪]। প্রতিবাদ [দ্র ২৭৬]। অসম্মতি [দ্র ২৮০]। অবাধ্যতা [দ্র ২৭৫]।

অবৈধতা।

ভেটো। হুকুমনামা, ইনজাংশন। সেন্সর(ক)।

নিষিদ্ধবস্তু; হারাম।

পথের কাঁটা হওয়া-; বেঁকে দাঁড়ানো-; উলটো গাওয়া-।

বিণ· নিষিদ্ধ, নিবারিত, বারিত, বিনিয়ত, বিনিবারিত।

নিয়ন্ত্রিত [দ্র ৩৪০], নিবৃত্ত(ক), নিরস্ত, বিরত, ক্ষান্ত, উপরত, প্রশমিত, প্রতিষিদ্ধ; উপারত, শমিত, ব্যাসিদ্ধ; ব্যাহত, বিঘ্নিত [দ্র ৬৮২]। প্রতিহত [দ্র ৬৯৪]। প্রতিনিবৃত্ত, ব্যাপাকৃত।

বাতিল(ক) [দ্র ৭১৬], অগ্রাহ্য(ক), রদ; বর্জিত, প্রত্যাহৃত, পরিত্যক্ত; বাজেয়াপ্ত।

নিবার্য, নিবারণীয়, পরিহার্য, ত্যাজ্য [দ্র ৭১৬], নিষেধ্য, বাধ্য, বারণযোগ্য।

বিধিবহির্ভূত, বে-আইনি [দ্র ৬৭০]। চোরা, চোরাগোপ্তা।

বিণ·/বি· নিষেধকারী, নিষেধক; নিবারক, সংরোধক, বারক, বারয়িতা, নিবারণকারী, নিবৃত্তিকারক, নিয়ন্ত্রণকারী, নিয়ন্ত্রক, নিয়ন্তা, প্রশমনকারী; প্রতিষেধক, প্রতিষেদ্ধা।

ব্যাঘাতক, ব্যাঘাতকারী, ব্যাঘাতসৃষ্টিকারী।

২৭৪ পালন

বি· পালন(ক) [২৮২], আদেশ পালন(ক), হুকুমতামিল(ক), আজ্ঞানুবর্তন, আজ্ঞানুবর্তিতা, তামিল(ক) [৩২২], মানা-, বাধ্যতা [দ্র ৬৫৮], অনুবর্তিতা, অনুগামিতা, গ্রাহ্য করা-, আমল(দে), নির্বাহ(ক), প্রতিপালন, সম্পাদন, নিষ্পাদন [দ্র ৩২২], হাসিল(ক), অনুসরণ(ক), অনুসৃতি, অনুবর্তন, মান্যকরণ, মান্য করা-, অলঙ্ঘন; মানিয়ে চলা-।

অক্ষরে অক্ষরে পালন করা-, মেনে চলা-; মাথা পেতে নেওয়া-, মেনে নেওয়া-, শিরোধার্য করা-, মাথায় করে নেওয়া-, কথা মতো চলা। মুচলেকা(দে), ট্যাঁ ফোঁ না করা-।

প্রতিজ্ঞাপালন(ক), কথা রাখা- [দ্র ২৮৪]।

বাধ্যবাধকতা, বাঁধাবাঁধি, অবশ্যপালনীয়তা, আবশ্যিকতা। কড়াকড়ি, ঠেলায় পড়া-, দায়ে পড়া-, দায় ঠেকা-।

বাধ্য করা-, বাধ্যকরণ, পালন করানো-, মানানো-। জোর করা-, জোরাজুরি করা-, চাপসৃষ্টি করা-, চাপ রাখা-, চেপে ধরা-, ঠেলা মারা-।

বিশ্বস্ততা [দ্র ৫৪৯]। আনুগত্য [দ্র ২৭১, ৬৫৮], বশ্যতা [দ্র ৬৫৮]। খিদমত [দ্র ৩২৫]।

বিণ· পালিত, কৃত, প্রতিপালিত; অলঙ্ঘিত।

পালনীয়, প্রতিপাল্য, মান্য, পাল্য; অবশ্যপালনীয়, বাধ্যতামূলক, আবশ্যিক, ধরাবাঁধা, অবশ্যকর্তব্য; শিরোধার্য; অলঙ্ঘ্য, অলঙ্ঘনীয়।

বিণ·/বি· পালক, পালনকারী, আজ্ঞাবহ [২৮১], আজ্ঞাধীন, আজ্ঞানুবর্তী, মতানুবর্তী, আজ্ঞাপালক, আদেশপালক, অনুগামী।

বশংবদ, বিশ্বস্ত [দ্র ৫৪৯], বাধ্য, বশ্য।

খিদমতগার [দ্র ৩২৫], হুকুমবরদার, আজ্ঞাবরদার; তল্পিবাহক।

যে-আজ্ঞে, যো-হুকুম।

ক্রি-বিণ· অনুসারে, অনুযায়ী, মোতাবেক, মুতাবিক, বাবদে, বাবদ; আজ্ঞানুসারে, আদেশানুযায়ী।

২৭৫ অবাধ্যতা

বি· অবাধ্যতা [২৭৩], অমাননা(ক), আদেশ অমান্য(ক), নিষেধ না মানা-, অমান্য(ক), আজ্ঞা লঙ্ঘন(ক), কথা না শোনা-, হুকুম না মানা-, অতামিল, অন্যথাচরণ(ক), অকরণ, অন্যথা(ক), অপালন(ক), আজ্ঞাবিঘাত, আজ্ঞাভঙ্গ(ক), খেলাপ(ক), খেলাপি, ব্যত্যয়, নড়চড়(ক), হেরফের, বরখেলাপ।

লঙ্ঘন(ক), ভঙ্গ(ক), গ্রাহ্য না করা-, বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো-, কলা দেখানো।

অবশীভাব; ঢেঁটামি।

এড়ানো-, এড়িয়ে যাওয়া-, ফাঁকি(দে); গাফিলতি [দ্র ৩৪৯]।

সত্যভঙ্গ(ক), সত্যের অপলাপ(ক), সত্যলঙ্ঘন, কথার নড়চড়, কথা নড়ানো-, কথা পালটানো-, কথান্তর, কথার হেরফের, কথা না রাখা-; কথার অবমাননা(ক); শর্তভঙ্গ(ক), প্রতিশ্রুতিভঙ্গ(ক), প্রতিজ্ঞাভঙ্গ(ক); কথার খেলাপ(ক, হ) [৫৫০], কথা ফেলা-; অপহ্নব, অপকুতি, অপলাপ।

বিশ্বাসভঙ্গ, বিশ্বাসঘাতকতা [দ্র ৫৪৮]। হেয় করা-, অবজ্ঞা(ক), অসম্মাননা [দ্র ৩৪৯]। অশিষ্টতা, বেআদপি [দ্র ৬০৮]। বিদ্রোহ [দ্র ৬৯৫]। ধৃষ্টতা, ঔদ্ধত্য [দ্র ২৪৩]। পরিহার [দ্র ৭১৬]। নিষেধ [দ্র ২৭৩]। প্রতিরোধ [দ্র ৬৯৪]। বিরুদ্ধাচরণ [দ্র ২৮০]।

আইনভঙ্গ, আইন অমান্য [দ্র ৬৯৫]।

বিণ· অপালিত; লঙ্ঘিত; অরক্ষিত।

বিণ·/বি· অবাধ্য, অমান্যকারী, অন্যথাকারী, লঙ্ঘনকারী।

আজ্ঞালঙ্ঘনকারী, অগ্রাহ্যকারী, অনববাদক। আদেশ অমান্যকারী।

কথাখেলাপকারী। প্রতিজ্ঞাভঙ্গকারী।

অশিষ্ট, বেআদপ [দ্র ৬০৮]; ঢেঁটা।

পরিহারকারী [দ্র ৭১৬]।

ক্রি-বিণ· অপার্যমানে।

২৭৬ প্রতিবাদ

বি· প্রতিবাদ(ক, জানানো-) [৬৯৪], আপত্তি(ক, জানানো-), অসম্মতি [দ্র ২৮০], বাধা [দ্র ৬৮২], বাদসাধা- [দ্র ২৭৩], প্রতিকূলবচন, প্রতিকূলতা, প্রতিকূলাচরণ(ক), বাগড়া [২৭৩]। বিক্ষোভ [৩৩১], ক্ষোভ। মৃদু প্রতিবাদ, উচ্চবাচ্য(ক), ট্যাঁ ফোঁ (ক)।

বিরোধিতা(ক) [দ্র ৬৯৪, ২৬৯], বিরুদ্ধাচার, বিরুদ্ধাচরণ(ক) [২৭৩, দ্র ২৮০], বিরুদ্ধতা(ক), বিরুদ্ধবাদিতা(ক); বিপক্ষতা, প্রতিপক্ষতা। নিষেধ [দ্র ২৭৩]।

অমান্য(ক) [দ্র ২৭৫], অন্যথাচরণ, অসহযোগিতা, অসহযোগ।

প্রতিরোধ(ক) [দ্র ৬৯৪], প্রতিরোধন; নিরোধ, সংরোধ, সংরোধন, অবরোধ, অবরোধন। প্রত্যাখ্যান(ক) [দ্র ৭১৬]। দ্রোহ, বিদ্রোহ [দ্র ৬৯৫]।

বিক্ষোভপ্রদর্শন [দ্র ৬৯৫], আন্দোলন। ধর্মঘট [দ্র ৩২৪]।

কালো পতাকা দেখানো-; কুশপুত্তলিকা দাহ [দ্র ৬৯৫]।

বিণ· প্রতিবাদমূলক, আপত্তিজনক, আপত্তিকর [২৮০]।

বিণ·/বি· প্রতিবাদী, প্রতিবাদকারী, প্রত্যর্থী; বিরোধী, বিরুদ্ধবাদী, প্রতিকূলাচারী, বিরুদ্ধাচারী; অমান্যকারী [২৭৫], অসহযোগী, অন্যথাচারী; বিপক্ষ, বিপক্ষীয়, প্রতিপক্ষ [দ্র ৬৮৪]।

বিক্ষোভকারী; আন্দোলনকারী [দ্র ৬৯৫]।

২৭৭ অভিযোগ

বি· অভিযোগ(ক), অনুযোগ, নালিশ(ক), ফরিয়াদ, তহমত, শিকায়ত, দোষারোপ(ক), দোষ চাপানো-, দোষ দেওয়া-, দূষণ, দোষা-, দূষা-, দোষী করা-, দায়ী করা-, অভিশংসন; অপবাদ(দে) [দ্র ৩৪৯]; কান ভাঙানো-, চুকলি কাটা-; লাগানো-, লাগানিভাগানি।

রিপোর্ট(ক), কমপ্লেন(ক), চার্জ(ক); আবেদন, দরখাস্ত, পিটিশন; অভিযোগপত্র, চার্জশিট। থানায় ডায়েরি করা-, এফ-আই-আর; এজাহার। মামলা(দায়ের ক, রুজু ক) [দ্র ৬৬৭]; সোপর্দ; দায়রা সোপর্দ।

পালটা নালিশ, প্রত্যভিযোগ, পালটা অভিযোগ; উলটে দোষ দেওয়া-।

যত দোষ নন্দ ঘোষ।

বিণ· অভিযোগ্য, অনুযোগ্য, নালিশযোগ্য; অভিশংসনীয়।

বিণ·/বি· অভিযোগকারী, বাদী, ফরিয়াদি, অভিযোগকর্তা, অনুযোগকারী, অনুযোজক, অনুযোক্তা, অভিযোক্তা, প্রসিকিউটার।

অভিযুক্ত, আসামি, বিবাদী, প্রতিবাদী, অনুযুক্ত।

দোষদর্শী [দ্র ৫৫৫]; দূষক [৩৪৯, ৫৫৫], দূষয়িতা।

২৭৮ অসহযোগিতা

বি· অসহযোগিতা(ক), অসহযোগ, প্রতিকূল আচরণ; বিরুদ্ধাচরণ, বিরোধিতা [দ্র ২৮০]; বিপক্ষতা [দ্র ২৭৬]; রেষারেষি [দ্র ৬৮৬]; বাগড়া(দে) [দ্র ২৭৩]; প্রতিবন্ধকতা [দ্র ৬৮২]; ব্যাঘাত [দ্র ২৭৩]; অসুবিধা ঘটানো [দ্র ৬৮২]; শত্রুতা [দ্র ৬৮৫]; অসহায়তা, অসাহায্য; প্রতিযোগিতা [দ্র ৬৮৪]।

এড়ানো-, এড়িয়ে যাওয়া-; এগিয়ে না আসা-; গা না করা-; পালানো-, পলায়নি মনোবৃত্তি; নিজেকে না জড়ানো-; মুখ ঘুরিয়ে থাকা-; মুখ লুকানো-; নিরাপদ

দূরত্বে থাকা-; দায়সারাভাব; দরজা বন্ধ করা-, দ্বাররোধ(ক), মুখের ওপর দরজা বন্ধ করা-, দরজা বন্ধ করে থাকা-।

বিণ· অসহায়ক; অসহযোগিতাপূর্ণ; দায়সারা।

বিণ·/বি· অসহযোগী; শত্রু [দ্র ৬৮৫]; বিরুদ্ধবাদী [দ্র ২৮০]; প্রতিযোগী [দ্র ৬৮৪]।

২৭৯ সম্মতি

বি· সম্মতি(দে), মত(দে), রাজি হওয়া-, মেনে নেওয়া-, ইচ্ছা(ক, জানানো-) [২১২], অভিপ্রায় (জানানো-, প্রকাশ), সায়(দে, জানানো-)। তথাস্তু।

অনুমতি(দে) [২৮১], অনুমত, হ্যাঁ বলা-, আজ্ঞা(ক, দে), পারমিশন(দে)।

অনুমোদন(ক), মঞ্জুর, মঞ্জুরি, পারমিট।

সমর্থন(ক, জানানো-) [২৫৪], মতে মত দেওয়া-; মদত(দে), প্রতিপোষণ; সামিল(হ); হাত তোলা-, পক্ষ নেওয়া-, মাথা নাড়া-, ঘাড় নাড়া।

নীরব সমর্থন, মৌন সম্মতি, নীরব সম্মতি; মৌনং সম্মতিলক্ষণম্।

সর্বসম্মতি, সর্বমত।

স্বীকার(ক), স্বীকৃতি, কবুল(ক), কড়ার, কবলানো-; স্বীকারোক্তি; স্বীকরণ, মুকির, এজাহার, বিবৃতি [দ্র ১০৭]।

অঙ্গীকার(ক), প্রতিশ্রুতি [দ্র ২৮৪]।

একমত(হ), সমঝোতা, মতৈক্য, মতের মিল, ঐকমত্য; একবাক্যতা, সমোক্তি, ঐকবাক্য, সমস্বর, একসুরে কথা বলা-, এক রা, একরার।

আপোশ(ক), বোঝাপড়া(ক), সন্ধি, মীমাংসা [দ্র ৬৮৭], চুক্তি, সংবিদা।

সম্মতিপত্র, অনুমতিপত্র, রাজিনামা, একরারনামা, কবুলিয়ত, কবুলতি, কবুলত, হলফনামা, সোলেনামা।

সমর্থন চাওয়া-, উপার্থন, ক্যানভাসিং, ক্যাম্পেন, প্রচার [দ্র ৪০৪]।

অনুমতিপত্র, ছাড়পত্র [১৭৮]; রাহাদারি; পাসপোর্ট; ভিসা; টিকিট; পারমিট; লাইসেন্স।

বিণ· সম্মত(হ), রাজি(হ) [২১২], স্বীকৃত(হ), প্রতীষ্ট, ইচ্ছুক, ইচ্ছু [দ্র ২১২]; নিমরাজি।

সমর্থিত, অনুমোদিত, অনুমোদনপ্রাপ্ত, মদতপুষ্ট, সমর্থনপুষ্ট; মঞ্জুরীকৃত, মঞ্জুর; সম্মতিসূচক; সর্বসম্মত।

স্বীকার্য, স্বীকর্তব্য; স্বতঃসিদ্ধ [দ্র ৫৪৩]।

ইচ্ছাকৃত, স্বেচ্ছাকৃত; ইচ্ছাপ্রযুক্ত।

বিণ·/বি· একমত, সমমতাবলম্বী, একমতাবলম্বী, অনন্যমত, এক পরামর্শী, মতাবলম্বী। অনুমতিপ্রাপ্ত, অনুজ্ঞাত। আগ্রহশীল, আগ্রহান্বিত [দ্র ৩৩৫]।

অনুমতিদাতা, অনুমন্তা, অনুমোদনকারী, অনুমোদক; আজ্ঞাকর্তা, আজ্ঞাদানকারী।

ক্রি-বিণ· সম্মতিক্রমে, মতে, ইচ্ছায়, অনুমতিক্রমে; স্বেচ্ছায়, ইচ্ছাকৃতভাবে; সর্বসম্মতিক্রমে, প্রশ্নাতীতভাবে।

ইচ্ছানুসারে, ইচ্ছানুযায়ী, ইচ্ছাপূর্বক, ইচ্ছাহেতু, ইচ্ছাতে, ইচ্ছাক্রমে, বাসনানুসারে, বাঞ্ছাপূর্বক।

সমস্বরে, একসুরে, একবাক্যে।

অনুমতি সাপেক্ষে।

অব্য· হ্যাঁ; আচ্ছা; বিলক্ষণ, অবশ্যই, নিশ্চয়ই, ঠিক আছে, আচ্ছা বেশ।

২৮০ অসম্মতি

বি· অসম্মতি(দে) [২১৪], অমত(ক), অননুমতি, বিমত, মত না দেওয়া-, নিষেধ(ক), আপত্তি(ক), মানা(ক) [দ্র ২৭৩], না করা-, রাজি না হওয়া-, বিমতি, নামঞ্জুর [৭১৬], অননুমত, অনভিমত, অনভিপ্রায়, অনভিলাষ, অনিচ্ছা [দ্র ২১৪], অসমর্থন(ক), অননুমোদন, প্রত্যাখ্যান(ক) [২১৬ ২৬৯, ৭১৬], অগ্রাহ্য করা-। অনুপদেশ।

অমান্য(ক), অন্যথাচরণ(ক), না মানা-, নাকচ [দ্র ২৭৩], নস্যাৎ(ক)।

মত পরিবর্তন(ক), মত পালটানো-, কথা ফেরত নেওয়া-, কথাফেলা-, কথা না শোনা-, অনুরোধ অস্বীকার(ক); ভিন্নমত পোষণ(ক), মতপার্থক্য (থাকা-); মতের অমিল(হ), মতবিরোধ [দ্র ৬৮৬], মতান্তর, মতানৈক্য, মতদ্বৈধ, দ্বৈধ, দ্বিমত পোষণ(ক), বিরোধ [দ্র ৬৮৬]।

অস্বীকার(ক), অস্বীকৃতি, অপলাপ, মনকির।

বাধা(দে), বাধাদান(ক) [দ্র ৬৮২, ২৭৩], বাগড়া(দে) [দ্র ২৭৩]; ফ্যাকড়া, বাহানা(ক), টালবাহানা(ক)।

নিষেধাজ্ঞা [দ্র ২৭৩]; বিরোধিতা [দ্র ৬৯৪]; বিরুদ্ধবাদিতা, বিরুদ্ধাচরণ [২৭৫]।

বিণ· অসমর্থিত, অননুমোদিত, অস্বীকৃত, অপলাপিত, অননুজ্ঞাত, অনাদিষ্ট। প্রত্যাখ্যাত, প্রত্যাহৃত।

আপত্তিজনক, আপত্তিকর [দ্র ২৭৬], অস্বীকার্য; নঞর্থক। ইচ্ছাবিরুদ্ধ, ইচ্ছাব্যতীত।

বিণ·/বি· অসম্মত(হ), অনিচ্ছুক [দ্র ২১৪], নারাজ, অরাজি(হ), গররাজি(হ), অনভিমত, অননুমত, অমতাবলম্বী।

অপ্রতিশ্রুত, অপ্রতিশ্রুতিবদ্ধ, অনঙ্গীকারবদ্ধ।

অসমর্থক, বিরোধী; প্রত্যাখ্যানকারী, অন্যথাচারী, অগ্রাহ্যকারী।

অস্বীকৃত, ব্যপাকৃত, গরস্বীকার, ভিন্নমতাবলম্বী।

ক্রি-বিণ· অমতে, অনিচ্ছায়, ইচ্ছার বিরুদ্ধে। বিনা অনুমতিতে, অসম্মতিক্রমে; অন্যথায়।

অব্য· না; উঁহু।

২৮১ নির্দেশ

বি· নির্দেশ(দে), আদেশ(দে, ক), আজ্ঞা(ক), অনুজ্ঞা, নির্দেশনা [৩৪০], নির্দেশন, অনুসূচন, আজ্ঞাপন, নিদেশ, ফরমায়েশ(ক); হুকুম(দে, ক, জারি ক), অর্ডার(দে), আজ্ঞপ্তি, বিজ্ঞপ্তি। অপদেশ।

অর্ডিন্যান্স, বিহিতক [দ্র ৬৬৮], আজ্ঞাপত্র, আজ্ঞালিপি, হুকুমনামা, ফরমান, নির্দেশনামা, আদেশনামা, আদেশপত্র, ফতোয়া(দে), ডিক্রি।

রায়; বিধান, অনুশাসন; বিচারফল, নিষ্পত্তিবাক্য।

সনদ, সনন্দ, সরখত।

ফাইফরমায়েশ(খাটা-)।

পরোয়ানা(জারি ক); ওয়ারেন্ট [দ্র ৬৭২], গ্রেপ্তারি পরোয়ানা, দস্তক; সমন, সপিনা [দ্র ৬৬৭]।

দখলনামা [দ্র ৭২৪], আমলনামা।

অনুরোধ [দ্র ২৮২]। উপদেশ [দ্র ২৮৩]। অনুমতি [দ্র ২৭৯]। হুমকি [দ্র ২৩৪]। আদেশপালন [দ্র ২৭৪]। নিষেধাজ্ঞা [দ্র ২৭৩]।

দৈববাণী [দ্র ৬৭৬], দৈবাদেশ, প্রত্যাদেশ, আকাশবাণী।

বিণ· আদিষ্ট, নির্দিষ্ট, উপদিষ্ট [দ্র ২৮৩]; আজ্ঞাপ্রাপ্ত, আদেশপ্রাপ্ত, অনুজ্ঞাপ্রাপ্ত, নির্দেশিত, আজ্ঞাপিত, অনুজ্ঞাত, আজ্ঞপ্ত, নির্দেশপ্রাপ্ত, সন্দিষ্ট।

অর্ডারি, ফরমায়েশি।

নির্দেশাত্মক, আদেশাত্মক; আদেশপ্রমাণ, আদেশসম্মত।

প্রত্যাদিষ্ট।

বিণ·/বি· আজ্ঞাকারী, আদেশক, আদেষ্টা, নির্দেষ্টা, নির্দেশক, আজ্ঞাকারক, হুকুমদাতা, আদেশকারী, আদেশকর্তা, ফরমানদার, আজ্ঞাদাতা, আদেশী, আদেশদাতা, অনুসূচক।

রায়দাতা, বিধায়ক, অনুশাসক, বিচারক [দ্র ৬৬৭]; ডিক্রিদাতা।

আজ্ঞাবহ [দ্র ২৭৪], আজ্ঞানুগত, আজ্ঞানুবর্তী, আজ্ঞানুসারী, হুকুমবরদার, আজ্ঞাবন্দী, আজ্ঞাধীন; ভৃত্য [দ্র ৩২৫], অনুচর।

ক্রি-বিণ· আদেশে, আদেশবলে, নির্দেশানুসারে, আদেশানুযায়ী, আদেশমাফিক, অনুমত্যনুসারে। আজ্ঞানুক্রমে, আজ্ঞানুযায়ী, আজ্ঞানুরূপ, আজ্ঞানুসারে, আদেশমতো, আদেশানুরূপ, অর্ডারমাফিক।

২৮২ অনুরোধ

বি· অনুরোধ(ক), উপরোধ(ক), অনুনয়, অনুনয় বিনয়(ক), অনুরোধ উপরোধ, নির্বন্ধ, অনুবন্ধ, মিনতি(ক), বিনতি, সনির্বন্ধ অনুরোধ, বিনীত অনুরোধ; ধরা-, পীড়াপীড়ি(ক), সাধা-, সাধাসাধি(ক), সাধ্যসাধনা(ক), কাকুতি মিনতি(ক), ধরা-, ধরে পড়া-, ধরে বসা-, ধরাধরি(ক), ধরাপড়া(ক), হাতে ধরা-, পায়ে ধরা-, হাতে পায়ে ধরা-; ঘ্যানঘ্যান(ক), প্যানপ্যান(ক), ঝুলোঝুলি(ক); জেদাজেদি(ক), কষাকষি(ক)।

আবদার(ক), বায়না(ক), বায়নাক্কা, অখট্টি, আখুটি; আর্জি(জানানো-), আবেদন(ক), নিবেদন(ক), আবেদন নিবেদন(ক), প্রার্থনা, সাধনা, যাচনা [দ্র ৭১০]।

তোষামোদ(ক), খোশামদ(ক), খোশামুদি, তোয়াজ(ক), ভজানো-, আকুতি, আকুত, আকুলতা, কাকুতি, কাকুবাদ, চাটুকারিতা, চাটুবাদ, চাটুবৃত্তি, স্তাবকতা, মোসাহেবি, শ্ববৃত্তি।

মন রাখা-, মনরক্ষা(ক)।

সুপারিশ(ক) [২৮৩], ক্যানভাস(ক), উমেদারি(ক), উপার্থন, তদবির(ক); ফোঁপর দালালি(ক)।

ধরনা(দে), ধন্না(দে), হত্যা দেওয়া-; মাথা খোঁড়া-; প্রার্থনা [দ্র ৭১০]।

তেল দেওয়া-, তেলানো-।

এত করে বলা-, বুঝিয়ে বলা-, করজোড়ে বলা-; হাত কচলানো-; মুখ চাওয়া-।

দরখাস্ত(ক), আপিল (ক, জানানো-), পিটিশন(ক)।

আবেদনপত্র, দরখাস্ত(ক); সুপারিশপত্র।

পদলেহন(ক), পা চাটা-। ব্যক্তিপূজা [৬১]; গলবস্ত্র হওয়া-।

উপরোধে ঢেঁকি গেলা-।

বিণ· অনুরুদ্ধ, উপরুদ্ধ; আবেদিত।

সানুনয়, সনির্বন্ধ, সানুরদ্ধ, সানুগ্রহ, সোপকার, সাগ্রহ, একান্ত।

আবেদনীয়, আবেদ্য, অনুনেয়।

বিণ·/বি· অনুরোধকারী, উপরোধক, অনুনয়কারী, অনুনয়ী।

আবেদক, নিবেদক, নিবেদনকারী, আবেদনকারী, দরখাস্তকারী; আবেদ্যমান।

আবদেরে, আখুটে, আখটে।

উমেদার, অর্থী, প্রার্থী।

তদবিরকারক; তোষামোদকারী, খোশামোদকারী, খোশামুদে, তোষামুদে, তোয়াজকারী [২৭১]। চামচা [৬৫৮], চাটুকার, মোসাহেব; কাছাধরা; কর্তাভজা; স্তাবক; ধামাধরা, পোঁ ধরা। ফোঁপর দালাল।

ওপর পড়া; গায়েপড়া, গাচাটা, গাত্রলেহনকারী। পদলেহী, পাচাটা।

জি হুজুরের দল।

ছিনে জোঁক, নাছোড়বান্দা; ভবী।

২৮৩ উপদেশ

বি· উপদেশ(দে), পরামর্শ(দে), মন্ত্রণা(দে), মন্ত্রণ, সলা, সলাপরামর্শ; বুদ্ধি দেওয়া- [৩৭১]।

হিতোপদেশ, হিতোক্তি, নীতিকথা, নীতিবাক্য, অনুশাসন।

সদুপদেশ, দেশনা, সুমন্ত্রণা, সুপরামর্শ, সুবুদ্ধি(দে), সুযুক্তি(দে); ভালোর জন্য বলা-। প্রত্যুপদেশ।

অনুপ্রেরণা(দে), অনুপ্রেরণ, অনুপ্রাণনা, প্রেরণা (দে), প্রণোদন, প্রোৎসাহন, উৎসাহদান [দ্র ৩৩৫]।

সুপারিশ(ক), উমেদারি [দ্র ২৮২]।

সাবধান করা- [দ্র ৩৪১], হুঁশিয়ারি, বারণ(ক), নিষেধ(ক), মানা(ক), নিরস্ত করা-; নিষেধাজ্ঞা [দ্র ২৭৩]।

অসদুপদেশ(দে), কুবুদ্ধি(দে), দুর্বুদ্ধি(দে), কুপরামর্শ(দে), কুমন্ত্রণা(দে), কুমতলব, বদবুদ্ধি, অপরামর্শ, কুশিক্ষা(দে)।

গোপন উপদেশ, ফুসমন্তর(দে)।

ভাংচি(দে)। কলটেপা-, কলকাঠি নাড়া-।

প্ররোচনা(দে), উস্কানি(দে), ইন্ধন(যোগানো-); খোঁচানো-; কানে মন্ত্র দেওয়া-।

বিণ· উপদেশাত্মক, উপদেশমূলক, পরামর্শমূলক, উপদেশপূর্ণ, উপদেশগর্ভ; ঔপদেশিক, আনুশাসনিক।

উপদেশ্য, উপদেষ্টব্য, উপদেশনীয়, উপদেশযোগ্য, মন্ত্রণীয়, মন্ত্রণাযোগ্য।

অনুপ্রেরণামূলক, প্রেরণামূলক, অনুপ্রেরণাদায়ক, প্রেরণাদায়ক।

প্ররোচনামূলক।

বিণ·/বি· উপদেষ্টা, উপদেশক, পরামর্শদাতা, মন্ত্রণাদানকারী, যুক্তিদাতা, মন্ত্রকৃৎ, উপব্যক্তা, মন্ত্রণাদাতা, উপদেশদাতা, উপদেশী, উপাধ্যায়; সুবুদ্ধিদাতা; প্রত্যুপদেষ্টা; প্রত্যুপদেশক।

মন্ত্রণাপটু, মন্ত্রণাকুশল।

সুপারিশকারী; উমেদার।

কুবুদ্ধিদাতা, কুচক্রী।

প্রেরণাদানকারী; উৎসাহক, উৎসাহদাতা [দ্র ৩৩৫]।

প্ররোচক, প্ররোচনাদানকারী।

উপদিষ্ট [২৮১], উপদেশপ্রাপ্ত, গৃহীতোপদেশ, দত্তোপদেশ; প্রত্যুপদিষ্ট; অনুশিষ্ট।

প্ররোচিত(হ, ক)।

উপদিশ্যমান।

অনুপ্রাণিত, প্রণোদিত, প্রাণিত।

সাবধানকারী [দ্র ৩৪১]।

২৮৪ অঙ্গীকার

বি· অঙ্গীকার(ক) [২৭৯], প্রতিজ্ঞা(ক), সংকল্প(ক) [২১২], পণ, প্রতিজ্ঞান, শপথ, সত্যার্পণ, সত্য, প্রতিগ্রহ; প্রতিশ্রুতি(দে), আশ্রব, প্রতিশ্রব, সত্যাকৃতি, সত্যঙ্কার, জামিনি, কথা দেওয়া-, প্রতিজ্ঞাবন্ধন, অঙ্গীকরণ, কথা, মুখের কথা, জবান। বাগদান(ক)।

গায়ে মাখা-, নিজের ওপর নেওয়া-।

স্বীকার [দ্র ২৭৯]।

হলফ, কসম, একরার, কড়ার, ওয়াদা; মুচলেকা(দে)।

দিব্য, দিব্যি, কিরে, কিরা, দোহাই; তিনসত্য; মাথার দিব্যি; মা কালীর দিব্যি।

মানত, মানসিক। তামা-তুলসী।

ভীষ্মের প্রতিজ্ঞা; ধনুর্ভঙ্গ পণ; কঠিন শপথ; অগ্নিমন্ত্র। ভদ্রলোকের এক কথা।

শর্ত, চুক্তি; গ্যারান্টি, জামিন [৭৩৩]; প্রাত্যয়িক, প্রাতিভাব্য, প্রত্যাভূতি।

লিখে দেওয়া-, লিখিতভাবে দেওয়া-।

প্রতিজ্ঞাপত্র, একরারনামা, শপথনামা, হলফনামা; এফিডেভিট। জামিননামা।

কথারাখা [২৭৪], প্রতিজ্ঞাপালন(ক), সত্যরক্ষা, পণরক্ষা, প্রতিশ্রুতিপালন(ক)।

এককথা, একবাক্য।

বিণ· অঙ্গীকৃত, অঙ্গীকারবদ্ধ, প্রতিজ্ঞাবদ্ধ, প্রতিজ্ঞাত, সত্যবদ্ধ; সংকল্পিত, প্রতিজ্ঞ [২১২], দৃঢ়প্রতিজ্ঞ, অভ্যুপেত, পণবদ্ধ, কৃতপ্রতিজ্ঞ, স্থিরপ্রতিজ্ঞ।

প্রতিশ্রুত, প্রতিশ্রুতিবদ্ধ, উপশ্রুত, সংকল্পবদ্ধ, কৃতসংকল্প, বদ্ধপরিকর, যতব্রত; অধ্যবসায়ারূঢ়; শপথবদ্ধ, কৃতপণ, কড়ারি, আশ্রুত।

চুক্তিবদ্ধ, দায়বদ্ধ, দায়গ্রস্ত, মুচলেকাবদ্ধ।

অঙ্গীকার্য, প্রতিজ্ঞেয়, অঙ্গীকারযোগ্য।

বিণ·/বি· প্রতিজ্ঞাকারী, অঙ্গীকারকারী।

জামিনদার।

কথার মানুষ, বাঙ্‌নিষ্ঠ, সত্যপ্রতিজ্ঞ।

ক্রি-বিণ· প্রাণপণ, জীবনপণ; কায়মনোবাক্যে, মনেপ্রাণে।

১০ গতি-প্রবাহ-পরিবহণ

২৮৫ গতি

বি· গতি, জঙ্গমতা, জঙ্গমত্ব, সৃতি, অস্থিতি, অস্থবিরতা, অস্থিরতা, বীতি, ঋতি।

গতিময়তা, গতিময়ত্ব, গতিশীলতা, গম্যতা, গমনশীলতা, সচলতা।

বেগ [দ্র ১৪০], বেগবত্তা; গতিশক্তি, চলৎশক্তি, চালিকাশক্তি, তরস।

চলা-, নড়া- [দ্র ২৮৬], চলন, বিচলন, সংক্রম, সংক্রাম, সংক্রমণ, প্রসর, প্রসরণ, যাওয়া-, গমন [দ্র ২৯০], সরণ, পরিচলন, পরিবহণ, সঞ্চলন, ক্রান্তি, সঞ্চর, সর্পণ, প্রসর্পণ; ভ্রমণ, ক্রমণ, পরিক্রমণ, পরিক্রমা(ক) [দ্র ২৯১], প্রক্রম; চরা-, বিচরণ(ক), প্রচরণ, চরে বেড়ানো-; সঞ্চরণ(ক), সঞ্চার, ইঙ্গন।

চলাফেরা(ক), গমনাগমন(ক), গতায়তি, গতাগতি, গতায়াত, গতাগত, গমাগম, চলাচল(ক), আসাযাওয়া-, যাওয়া আসা-, যাতায়াত(ক), গতিবিধি, ঘোরাফেরা(ক), আনাগোনা। টানাপোড়েন।

চলিষ্ণুতা, চলনশীলতা, চলমানতা, চলনীয়তা; চলনধর্ম।

প্রগতি, অগ্রগতি [দ্র ২৯৪]।

চালানো-, সারণ, সঞ্চালন(ক), সচল করা-, চালু করা-, চালন, চালনা(ক); হাঁকানো-; ড্রাইভ(ক)।

গতিবেগ, স্পিড; ভেলোসিটি [দ্র ১৪০]।

গতিপথ, চলনপথ, চলার পথ, কক্ষ [৩১৩], কক্ষপথ, সঞ্চারপথ।

গতিবিদ্যা, গতিবিজ্ঞান, ডিনামিক্‌স।

বিণ· গতিশীল, জঙ্গম, অস্থবির, সচল, চলন্ত, চলমান, চলিষ্ণু, চলনশীল, চরিষ্ণু, গমনশীল [২৯০], সঞ্চরণশীল, অস্থির, অস্থিত, সঞ্চরমাণ, চলনদার, গমনরত, গন্তা, গন্তু, গম্যমান, গত্বর, গামুক, সর্পী, উরু, ধাবিত, সঞ্চারিত, সঞ্চরিত, ঋত, সঞ্চলিত, ক্রমমাণ, বিচরণশীল।

গতিময়, বেগবান, ধাবমান, ধাবিত, বেগার্ত [দ্র ১৪০], গতিযুক্ত, দ্রুতগামী, উদ্‌দ্রুত।

চলনযোগ্য, চলনক্ষম; সঞ্চারযোগ্য, সঞ্চারিক; চলনীয়,

চলিতব্য; বিচরণীয়; অস্থাবর। গম্য, গমনীয়, অভিগম্য, গমনার্হ, গন্তব্য।
গমনকারী, গামী।
গতীয়, গতিসংক্রান্ত।
চালিত, সারিত।
অব্য· সড়সড়; সড়াক; সুরসুর; সড়াৎ; তড়াক; বোঁ; হুট; গুড়গুড়।

২৮৬ নড়ন

বি· নড়া- [২৮৫], নড়ন, নড়াচড়া(ক), নড়নচড়ন।
আন্দোলন, আলোড়ন, বিলোড়ন, সংক্ষোভ; সঞ্চলন, সঞ্চরণ; চঞ্চলতা, চাঞ্চল্য।
দোলা-, দোলন, দুলুনি, দুলন, ললন, হিন্দোল, হিল্লোল, হিলোরা, দোদুল্যমানতা; টলা-, টলন।
দোলক, পেন্ডুলাম; দোলনা, ঝুলা।
ঢেউ, তরঙ্গ, উৎকলিকা [দ্র ১৮]।
কাঁপা-, কম্পন, কাঁপুনি, কম্প, আকম্পন, কাঁপন, স্পন্দন, পরিস্পন্দন, পরিস্পন্দ, আস্পন্দন, ধূনন, প্রকম্পন, বিধূনন, বিধুনন, উদ্ধূনন, উৎকম্পন, বিকম্পন, প্রকম্প, শিহরন, রোমাঞ্চ, বেপথু, বেপন, প্রস্ফুরণ, বিস্ফুরণ; থরথরানি, পতপতানি, থিরথিরানি, ঝিরঝিরানি, থরথর(ক), পতপত(ক), ঝিরঝির(ক), শিরশির(ক), ধুকপুক(ক), ধুকপুকানি, ধড়ফড়নি, ধড়ফড়(ক); ছটফটানি, ছটফট(ক); লটপট(ক)।
ঝাঁকি, ঝাঁকুনি(দে); ঝাপটানি, ঝটপটানি; হুটোপাটি(ক), লুটোপুটি(ক); হুড়োহুড়ি(ক); লাফালাফি(ক); মাতন, মাতামাতি(ক)।
ফোটা-, টগবগ(ক), টগবগানি; উছলন, উথলানো-, উৎলানো-, বলক, উথলে ওঠা-; ওঠানামা(ক)। টলা-, টলানো-। টালমাটাল।
নড়নশীলতা, স্পন্দনীয়তা; কম্পনীয়তা।
নড়ানো-, নাড়ানো-; ঝাঁকানো-, ঝাঁকি দেওয়া-, ঝাঁকরানো-; কাঁপানো-; দোলানো-।
বিণ· নড়নশীল, নড়ন্ত; নড়বড়ে।
আন্দোলিত, আলোড়িত, বিলোড়িত, সংক্ষুব্ধ, ক্ষুভিত, ক্ষুব্ধ; সঞ্চলিত, সঞ্চরিত, বিচলিত, চঞ্চল, আলোল, ক্রান্ত; আস্ফালিত, অশান্ত, অস্থির, সচকিত; সঞ্চরণশীল।
দোলায়িত, দোলিত, হিন্দোলিত, হিল্লোলিত, উল্লোল, দোদুল, দুদুল, উল্লোলিত, উল্লল, বিলুলিত, লোলায়মান, দলম্মল, উদ্বেলিত, উচ্ছলিত, উচ্ছল, উছল, বিচালিত, সমুচ্ছলিত, উথলিত, উথল, উতল; দোদুল্যমান, দোলনশীল।
কম্পিত, আকম্পিত, উৎকম্পিত, প্রকম্পিত, শিহরিত, স্পন্দিত, রোমাঞ্চিত, প্রস্ফুরিত, কম্পান্বিত, আকম্প্র, কম্প্র, কম্পমান, বেপমান, বেপথুমান, বিধূনিত, বিকম্পিত, বিধূত, নির্ধূত, বিনির্ধূত, ধূত, উদ্ধূত, আধূত, লোলিত, ললৎ, লুলিত; থিরথিরে, শিরশিরে।
স্পন্দনশীল, স্পন্দনময়; বিধূয়মান, ধূয়মান, দোধূয়মান।
অশান্ত, উত্তাল।
ফুটন্ত। টগবগে, ছটফটে; থিরথিরে, থরথরে।
স্পন্দ্য, স্পন্দনীয়, কম্পনীয়।
টলায়মান, লটপটে।

২৮৭ অকম্পন

অভ্যাসজাত; অনুশীলনজাত।

বিণ·/বি· অভ্যাসী, অভ্যাসকারী, আভ্যাসিক, চর্চাকারী, অধ্যবসায়ী, অধ্যবসায়শীল; উদ্যোগী [দ্র ৩৩৫]; চেষ্টিত, যত্নবান [দ্র ৩৪৩]।

ক্রি-বিণ· অভ্যাসমতো, অভ্যাসানুযায়ী।

৩৩৭ দক্ষতা

বি· দক্ষতা [৩১৯], পটুত্ব, পটুতা, সমর্থতা, সক্ষমতা, পারদর্শিতা, নিপুণতা, নৈপুণ্য, পারগতা, পারংগমতা, পারক্য, পারকতা, বাহাদুরি, কেরামতি, ওস্তাদি, কুশলতা, পটিমা, পাটব, দাক্ষ্য, কর্মকুশলতা, কর্মণ্যতা, কর্মদক্ষতা, যোগ্যতা, ক্ষমতা, সামর্থ্য, মুনশিয়ানা, এলেম, কারকিত, হেকমত, হিকমত, কেরদানি, দৌড়।

অভিজ্ঞতা, এক্সপিরিয়েন্স, অভ্যস্ততা; পূর্বজ্ঞান; কাজ জানা-।

আয়ত্তি, অধিকার, দখল; কায়দা [দ্র ৩৩৮]।

হাতযশ; বিশেষ নৈপুণ্য।

উপযোগিতা, উপযোজন, উপযুক্ততা, কার্যোপযোগিতা, কারিকাশক্তি; যথাযোগ্যতা।

স্বাভাবিক দক্ষতা, সহজাত দক্ষতা; অশিক্ষিত পটুত্ব। বংশগত বিদ্যা, কুলবিদ্যা, কুলক্রমাগত বিদ্যা।

বিশেষ জ্ঞান, এক্সপারটাইজ, নো হাউ।

বিণ· দক্ষ [৩১৯], দড়, পটু, পারদর্শী, নিপুণ, সুনিপুণ, কর্মণ্য, সুদক্ষ, প্রগুণ, অতিপেশল, ওস্তাদ, কুশল, কর্মকুশল, কার্যকুশল, কর্মনিপুণ, কুশলী, কৌশলী, পটীয়ান, কার্যদক্ষ, বাহাদুর, পটিষ্ঠ, ক্রিয়াকুশল, কার্যপটু, ধুরীয়, কামিল, কাবিল। ক্ষেত্রজ্ঞ; সিদ্ধ। দক্ষা, পটুী, পটীয়সী।

অভ্যস্ত [দ্র ৩৩৬]।

পারগ, পারক, পারংগম, পারৎ, সক্ষম, ক্ষম, সমর্থ, যোগ্য, সুযোগ্য, উপযুক্ত, ক্ষমতাবান, এলেমদার, এলেমবাজ, হিকমতে, অধিকারী।

করিতকর্মা [দ্র ৩১৯], কেজো, ধুরীণ, কাজের লোক, কেজুয়া; কর্মঠ, পরিশ্রমী, খাটিয়ে [দ্র ৩২৫]।

চৌকস, ধুরন্ধর, ওয়াকিফ, খলিফা, দুঁদে, ঝানু, পাকা, আটপিঠে, আটপিঠা [দ্র ৩১৯], হুনুরি, হুনহর, চোখল, তুখড়; চালু, চোখ কান খোলা।

অভিজ্ঞ; পাকাহাত, সিদ্ধহস্ত, কৃতহস্ত, ক্রিয়াসিদ্ধ।

উপযোগী, যথাযোগ্য, যথাযুক্ত, কার্যোপযোগী।

বিশারদ, বিশেষজ্ঞ, এক্সপার্ট; বিজ্ঞ, সুশিক্ষিত [দ্র ৩৯০]। কাজ জানা, কর্মজ্ঞ।

ক্রি-বিণ· দক্ষহাতে, পাকা হাতে, অভ্যস্তহাতে।

অবহেলে, অনায়াসে, সহজে [৭০০]।

৩৩৮ কৌশল

বি· কৌশল, প্রকরণ, কলাকৌশল; প্রণালী, নিয়ম, প্রক্রিয়া, পদ্ধতি, পন্থা, উপায়, টেকনিক, ভঙ্গি, ধরনধারণ, অন্ধিসন্ধি, হদিশ, রীতি, বিধি, বিধান, তরিকা, তত্ত্ব, নির্বন্ধ।

কর্মপন্থা, কৃৎকৌশল, কর্মকৌশল, শিল্পকৌশল, কারিগরি, কারিকুরি, কর্মপদ্ধতি, কর্মধারা, কার্যবিধি, প্রকৌশল, প্রযুক্তি, নো হাউ [৩৩৭]।

কায়দা [৩৩৭], কায়দাকানুন, কেরামতি, কেরদানি, জারিজুরি, কসরত।

ফন্দি, ফিকির [৩৮৯], ফন্দিফিকির, ফন্দিবাজি, ছল, চাল, কারসাজি(ক), কারচুপি(ক), কূটকৌশল; তাগবাগ, ঘাঁতঘোত, কলকৌশল, সুলুক সন্ধান, ব্যাপার স্যাপার, চাতুর্য, সুকৌশল; ধান্দা। প্যাঁচ(ক)।

ছলাকলা, ছলচাতুরী, কপটতা [দ্র ৫৪৮]।

প্রকারান্তর, উপায়ান্তর।

সাধনপ্রক্রিয়া [দ্র ৫৮৪]। ন্যায়পন্থা [দ্র ৫৪৫]।

বিণ· কৌশলগত, প্রাকরণিক, প্রকরণগত। প্রণালীবদ্ধ, প্রথাগত, প্রথাসিদ্ধ।

বিণ·/বি· কুশলী [দ্র ৩৩৭], কৌশলজ্ঞ, কৌশলী।

কর্মকুশল, কর্মদক্ষ [দ্র ৩১৯]।

শিল্পকুশল, শিল্পনিপুণ; প্রযুক্তিবিদ, যন্ত্রকুশলী, প্রকৌশলবিদ।

কলাকুশলী, শিল্পী [দ্র ৪০৭]।

ফন্দিবাজ, ধান্দাবাজ, ফিকিরবাজ, কূটকৌশলী।

ক্রি-বিণ· সুকৌশলে, কৌশলে, কায়দা করে।

যেনতেন প্রকারেণ, যে ভাবেই হোক, যেমন করেই হোক; ছলে বলে কৌশলে।

কী উপায়ে, কী প্রকারে, কেমন করে, কেমনে।

প্রকারান্তরে।

৩৩৯ অদক্ষতা

বি· অদক্ষতা, অপটুতা, অক্ষমতা [৩৫০], অশক্ততা, অপারংগমতা, অপারগতা, অনৈপুণ্য, অসামর্থ্য, অপটুত্ব, অনিপুণতা, অপারদর্শিতা, অনুপযোগ, অশক্তি, অচাতুর্য, নাতোয়ান।

অযোগ্যতা, অনুপযুক্ততা, অনুপযোগিতা।

অব্যবসায়, অনধিকার, অনধিকারচর্চা(ক)।

অনভিজ্ঞতা [৩৯৮, ৩৯৩]; অনভ্যস্ততা [৩৪৬], অনভ্যাস, অচর্চা।

আনাড়িপনা; অকর্মণ্যতা; হাতুড়েপনা।

কাঁচাহাত; অনভ্যস্তহাত।

আড়ষ্টতা, আড়ষ্টত্ব। অসাধ্যতা, অশক্যতা।

নাক গলানো-। না জেনে কথা বলা-।

বিণ·/বি· অপটু, অদক্ষ, আনাড়ি, অনিপুণ, অক্ষম, অশক্ত, অসমর্থ, অপারগ, অপারংগম, অপারক [৩৫০, ৬৯২], অকৃতকর্মা, অকৌশল, অপারদর্শী, কাঁচা, নভিস।

অনভ্যস্ত, অনভিজ্ঞ, অভিজ্ঞতাহীন; অপরিপক্ক।

অযোগ্য, অনুপযুক্ত, অনুপযোগী; নালায়েক।

অকর্মণ্য, অপদার্থ, ষাঁড়ের গোবর, মাকালফল, কাজের নয়, কম্মের নয়; গোবর গণেশ। অকালকুষ্মাণ্ড।

অনধিকারী, অব্যবসায়ী, অপাত্র, কুপাত্র, অক্ষেত্র, অচল, অভাজন।

আড়ষ্ট।

হাতুড়ে, হাতুড়িয়ে।

বিণ· অনভিজ্ঞতাপ্রসূত, অযোগ্যতাপ্রসূত।

অসাধ্য, সাধ্যাতীত, অশক্য, ক্ষমতাতীত,সাধ্যহীন, দুঃসাধ্য, দুরূহ [দ্র ৩৫২], সাধ্যাতিরিক্ত; অসম্ভব [দ্র ৩৩৩]।
ক্রি-বিণ· অক্ষমতাবশত, অপার্যমানে।
কোনও মতে, যে কোনও ভাবে, যেমন করে হোক, যেন তেন প্রকারে।

৩৪০ নিয়ন্ত্রণ

বি· নিয়ন্ত্রণ(ক), কন্ট্রোল(ক), সামলানো-, নিয়মন, আয়ত্তে রাখা-, বাগে রাখা-, বশে রাখা-।
সংবরণ(ক), নিবারণ(ক), রাশ(টানা)-, সংযমন, প্রশমন(ক) [দ্র ২৭৩]।
দাবানো-, দমানো- [দ্র ৬৯৮]। কমানো-।
চালানো- [দ্র ২৮৫]। থামানো- [দর ২৮৮]।
পরিচালন, পরিচালনা(ক), পরিচালকতা, চালনা(ক), সঞ্চালন(ক); নির্দেশনা [দ্র ২৮১]। শাসন [দ্র ৬৬৪]।
রোধ, রোধন, সংরোধ, নিরোধ, বাধা(দে) [দ্র ৬৮২]।
সুনিয়ন্ত্রণ, সুপরিচালন, সুনির্দেশনা।
লাগাম [৬০·৪], বলগা, রাশ, প্রগ্রহ, প্রগ্রাহ। হাল, কর্ণ। রাডার। স্টিয়ারিং হুইল। হ্যান্ডেল।
নিয়ন্ত্রণ কক্ষ, কন্ট্রোল রুম।
বিণ· নিয়ন্ত্রিত [২৭৩]; সুনিয়ন্ত্রিত।
সংবৃত, নিবারিত, দমিত, প্রশমিত, শমিত, সংযত(ক), বিনিয়ত, বিনিবৃত্ত।
আয়ত্তাধীন।
চালিত, সঞ্চালিত। পরিচালিত, নির্দেশিত।
বিণ·/বি· নিয়ন্ত্রক, নিয়ন্তা, নিয়ন্ত্রণকারী, নিয়ামক, কন্ট্রোলার, পরিচালক, পরিচালনাকারী, নির্দেশক, নির্দেশকারী, প্রাজক, সঞ্চালক।

৩৪১ সাবধানতা

বি· সাবধানতা, সতর্কতা, সতর্কতাবলম্বন(ক), সামাল(দে), হুঁশিয়ারি, হুঁশ, সচেতনতা, সামলে চলা-, বুঝে শুনে চলা-, দেখে চলা-, রয়ে সয়ে চলা-, প্রতিজাগর; সজাগ থাকা-, চোখকান খোলা রাখা-; গা বাঁচানো-, গা বাঁচিয়ে চলা-, গা বাঁচিয়ে কাজ করা-, চামড়া বাঁচানো-।
পরিণামদর্শিতা, অগ্রপশ্চাৎ বিবেচনা(ক), দূরদর্শিতা, দূরদৃষ্টি [দ্র ৩৯০]; আটঘাট বাঁধা-।
সতর্কীকরণ, সাবধান করা-, চেতাবনি, খবরদারি; পাহারা [দ্র ৬৭১]।
সতর্কবাণী, সতর্কবার্তা, বারণ, নিষেধ, নিষাধাজ্ঞা [দ্র ২৭৩], সাবধানবাণী, চেতানো-, ওয়ার্নিং (দে); প্রিকশন।
বিপদসংকেত [৬৭৯], বিপদবার্তা, বিপদধ্বনি, চেতাবনি, সংকেতধ্বনি, অ্যালার্ম, অ্যালার্মসিগনাল, সাইরেন, ডেঞ্জার সিগনাল; লাল আলো, লালবাতি; লালপতাকা। সিঁদুরে মেঘ; অশনি সংকেত। কু-ডাকা।
চোখে চোখে রাখা-, নজর রাখা-; সাবধানে রাখা-, আগলে রাখা-। আগলানো- [দ্র ১২৮, ৬৯৪]।
কান খাড়া রাখা-, কান সারা-।
সাবধানের মার নেই।

বিণ· সাবধান(ক), সতর্ক(ক), হুঁশিয়ার(ক); সজাগ, সচেতন, অতন্দ্র, উন্নিদ্র [দ্র ৮০]।
সতর্কতামূলক, প্রিকশনারি।
সতর্কীকৃত, কৃতসাবধান। সাবহিত।
বিণ·/বি· সাবধানী, অতি সাবধানী।
পরিণামদর্শী, দূরদৃষ্টিসম্পন্ন, দূরদর্শী [দ্র ৩৯০]; কার্যচিন্তক।
ক্রি-বিণ· সাবধানে, সন্তর্পণে; সামালকে, সামলে; দেখেশুনে, বুঝেশুনে। তর্কে তর্কে।

৩৪২ অসাবধানতা

বি· অসাবধানতা, অসতর্কতা।
অমনোযোগ [দ্র ৩৪৫], বেখেয়াল, অনবধানতা [দ্র ৩৯৮]; অন্যমনস্কতা।
বিণ·/বি· অসাবধান, অসতর্ক, অসামাল, বেসামাল, বেখেয়ালি; বেহুঁশ; অলবড়্ডে; আলাভোলা।
অসাবধানী; কাছা আলগা, কাছাখোলা, মুক্তকচ্ছ; অমনোযোগী [দ্র ৩৪৫], অন্যমনস্ক; অনবধান।
ক্রি-বিণ· অসাবধানে, অসাবধানতাবশত, অসতর্কতায, অসাবধানতায়; বেখেয়ালে; অসাবধানভাবে।

৩৪৩ একাগ্রতা

বি· একাগ্রতা, একনিষ্ঠতা, একনিষ্ঠ, ঐকাগ্র্য, একাগ্রচিত্ততা, অনন্যচিত্ততা, ঐকার্থ্য, একার্থিতা, অনন্যচিন্তা, অনন্যবৃত্তি।
মনোযোগ(দে), মনোনিবেশ(ক), সমবধান, মনঃসংযোগ(ক), মন দেওয়া-, অভিনিবেশ, নিবিষ্টতা, অনন্যমনস্কতা, তন্ময়তা, তন্ময়ত্ব, তদ্গতচিত্ততা, প্রণিধান, নিবিষ্টচিত্ততা, মগ্নতা।
নিষ্ঠা [৩১৯], ঐকান্তিকতা, তন্নিষ্ঠতা।
আত্মনিয়োগ(ক), আত্মনিবেশ; আত্মমগ্নতা, আত্মনিষ্ঠা।
যত্ন(ক), প্রযত্ন; অধ্যবসায় [দ্র ৩৩৬]।
আগ্রহ [দ্র ৩৩৫]। চেষ্টা [দ্র ৩৩৫]। সতর্কতা [দ্র ৩৪১]।
ধৈর্য (ধরা-), স্থৈর্য; ধীরতা, দিধি, স্থিরতা, ধৈর্যধারণ(ক), ধৈর্যাবলম্বন(ক), অচলতা, অচঞ্চলতা, অচাপল্য, অচাঞ্চল্য, শান্তভাব, স্থিরচিত্ততা, অচঞ্চলচিত্ততা, দৃঢ়তা, অটলতা; মাথা ঠিক রাখা-, মাথা ঠাণ্ডা রাখা-, স্থিরমতিত্ব, মতিস্থৈর্য, সংযম [দ্র ২২২]।
সহিষ্ণুতা, তিতিক্ষা, সহনশীলতা [দ্র ২২১]।
বিণ· একাগ্র, একনিষ্ঠ, একাগ্রচিত্ত, অনন্যচিত্ত, একমনা, অনন্যমনা, একচিত্ত, অনন্যমন, অনন্যমনস্ক, একৎপর। স্থিরব্রত; মনোযোগী, নিবিষ্টচিত্ত, নিবিষ্টমনা, প্রণিহিত, অভিনিবিষ্ট, নিবিষ্ট, তন্ময়; তদ্গত, তন্মনা, তন্মন, তন্মনস্ক, তদাত্মক, তন্নিবিষ্ট, তদ্গতচিত্ত, প্রণিহিত, তন্নিষ্ঠ।
নিষ্ঠাবান, নিষ্ঠাযুক্ত, নিষ্ঠিত; ঐকান্তিক, সযত্ন।
যত্নবান, যত্নশীল, যত্নকারী; অধ্যবসায়ী [দ্র ৩৩৬]।
আগ্রহান্বিত [দ্র ৩৩৫]। চেষ্টিত [দ্র ৩৩৫], সচেষ্ট। সাভিনিবেশ।
ধৈর্যশীল, ধৈর্যশালী, ধৈর্যবান; ধীর, স্থির, ধীরস্থির,

সুস্থির, সুধীর [২২২], অচপল, অচঞ্চল, শান্ত, অচঞ্চলচিত্ত, ধৃতিমান।

আত্মগত, আত্মলীন, আত্মসমাহিত, আত্মনিমগ্ন, আত্মনিবিষ্ট, অবগাঢ়, অন্তঃপ্রবিষ্ট, নিমগ্ন, আত্মমগ্ন, আত্মস্থ, বিভোর, মগ্ন, প্রমগ্ন, সমাবিষ্ট, আবিষ্ট, সংবিষ্ট, সমাহিত।

আত্মনিষ্ঠ, সংযত; সংযতাত্মা, সংযতচিত্ত, সংযতেন্দ্রিয়।

সহিষ্ণু [দ্র ২২১]। দৃঢ়ব্রত; স্থিরপদ, দৃঢ়পদ।

স্থিরমতি, মতিস্থির, স্থিরচিত্ত; ঠাণ্ডা মাথা।

অবধেয়, প্রণিধানযোগ্য।

বিণ·/বি· মনোনিবেশকারী, মনোযোগী।

ক্রি-বিণ· একাগ্রচিত্তে, একমনে, নিবিষ্টমনে, অনন্যমনে, অভিনিবেশ সহকারে, মনোযোগ সহকারে, মন দিয়ে, নিবিষ্ট চিত্তে, তদ্গতচিত্তে; যত্নে, সযত্নে, যত্নপূর্বক; ধৈর্যে, ধৈর্যের সঙ্গে।

কায়মনোবাক্যে।

দৃঢ়পদে, স্থিরপায়ে।

প্রাণপণে [দ্র ৩৩৫]।

৩৪৪ অবহেলা

বি· অবহেলা(ক), হেলা(ক), অবজ্ঞা(ক), অগ্রাহ্য(ক), অনাদর(ক), উপেক্ষা(ক) [দ্র ৬১৫], উপেক্ষণ, অবহেলন, হেলন, অযত্ন।

অনতিযত্ন; অনিষ্ঠা; দায়িত্বহীন, দায়িত্বজ্ঞানহীন।

তাচ্ছল্য, তুচ্ছতাচ্ছিল্য(ক), ঠাট্টা(ক) [দ্র ২২৫]।

অবমাননা, অশ্রদ্ধা [দ্র ৬১৪]। অননুরাগ, বিরূপতা [দ্র ২২০]। অপছন্দ [দ্র ২১৬]। ঘৃণা [দ্র ২২০]।

অগ্রাহ্য করা-, পাত্তা না দেওয়া-, আমল না দেওয়া-; মুখ বেঁকানো-।

অমনোযোগ [দ্র ৩৪৫], গা ছাড়া ভাব, যেমন তেমন করে কাজ করা-, ঠেলা গোঁজা(দে), কেয়ার না করা-, কেয়ার না নেওয়া-, গা না করা-, গা না লাগানো-; গায়ে ফুঁ দিয়ে বেড়ানো-; গায়ে হাওয়া লাগানো-; দায়সারাভাব, অমনোযোগিতা, কোনো রকমে করা-, হেলাফেলা(ক), গাফিলতি, গাফিলি, আলস্য [দ্র ৩৪৬]। জোড়াতালি(দে), গোঁজামিল(দে), জোড়াতাড়া(দে)।

অননুশীলন [৩৪৬], অচর্চা, অনভ্যাস, অপরিশীলন। ফাঁকি(দে)।

নিষ্ক্রিয়তা [দ্র ৩২৩]। অনুৎসাহ [দ্র ৩৪৬]। অপ্রয়োজন [দ্র ৭১৯]।

বিণ· অবহেলিত, অবজ্ঞাত, অবজ্ঞাপ্রসূত, উপেক্ষিত, অনাদৃত [দ্র ৬১৫]। অবজ্ঞেয়, অবহেলনীয়, উপেক্ষণীয় [৭১৯], অবগ্রাহ্য, অনাদরণীয় [দ্র ৬১৫]। অশ্রদ্ধেয় [দ্র ৩৪৯]। বিরূপ [দ্র ২২০]। ঘৃণ্য [দ্র ২২০]। অননুশীলনীয়, অচর্চ্য।

অননুশীলিত, অচর্চিত, অনভ্যস্ত [দ্র ৩৪৬]।

বিণ·/বি· অমনোযোগী [দ্র ৩৪৫]।

অবহেলাকারী, উপেক্ষাকারী, উপেক্ষক, উদাসীন [দ্র ৩৪৫]। ফাঁকিবাজ, গাফিল।

দায়িত্বহীন, দায়িত্বজ্ঞানহীন।

ক্রি-বিণ· হেলায়, অবহেলায়, অবলীলায়, অবলীলাক্রমে, অবহেলে, সহজে।

অবজ্ঞায়, অবজ্ঞাভরে; কোনোরকমে, জোড়াতালি দিয়ে।

৩৪৫ অমনোযোগ

বি· অমনোযোগ [৩৪৪], অন্যমনস্কতা, বিমনস্কতা, অপ্রণিধান, অনাবেশ, আনমনাভাব, মনোযোগহীনতা, মনোযোগশূন্যতা, অমনোযোগিতা, মন না দেওয়া-, মন না থাকা-।

উদাসীনতা [২১৪], উদাসিতা, ঔদাসীন্য, নির্লিপ্ততা, নির্লিপ্তি, অনুৎসাহ [দ্র ৩৪৬]। অবহেলা [দ্র ৩৪৪]।

অধীরতা, অস্থিরতা, ধৈর্যহীনতা, অস্থৈর্য, অধৃতি, ধৈর্যহানি, ধৈর্যচ্যুতি, ধৈর্যহারানো- অস্থিরচিত্ততা, চঞ্চলতা, অনবস্থা, চাঞ্চল্য, চিত্তচাঞ্চল্য [২৩৫], মনশ্চাঞ্চল্য।

ব্যাকুলতা, উৎকণ্ঠা, উদ্বেগ [দ্র ২৩৪]।

চুলবুলানি, চুলবুল(ক), উসখুস(ক), ছটফট(ক), ছটফটানি, উসখুসানি; তিড়বিড়(ক), হড়বড়(ক), নিশপিশ(ক)।

দুরন্তপনা।

বিণ·/বি· অমনোযোগী, অন্যমনস্ক, অন্যমনা, আনমনা, বিমনস্ক, বিমনা, অপ্রণিহিত, বিমনায়মান, অনবহিত।

উদাসীন [২৮০], উন্মনা, উন্মন, উদাস, নির্লিপ্ত, উদাসী, আপনভোলা, বেখেয়াল।

ধৈর্যহীন, অধীর, অধৈর্য(হ) [২২৩], ধৈর্যহারা, অকালসহ; অস্থির(হ), অনবস্থ, অনবস্থিত, চঞ্চল, চঞ্চলচিত্ত, দোলাচলচিত্ত, অনবস্থিতচিত্ত, অব্যবস্থিতচিত্ত, অনাবিষ্ট, অব্যবস্থিত।

দুরন্ত, অশান্ত, ছটফটে, তিড়বিড়ে।

অস্থিরচিত্ত, অস্থিরমতি, অস্থিরমনা, চঞ্চলমতি, অপ্রতিজ্ঞ, চলেন্দ্রিয়।

কাজভোলা।

৩৪৬ আলস্য

বি· আলস্য, অলসতা, অলসত্ব, আলসেমি(ক), কুঁড়েমি, ঢিলেমি, শৈথিল্য, স্তৈমিত্য, টালন, জড়তা, জাড্য, নিষ্ক্রিয়তা, অক্রিয়া [দ্র ৩২৩]।

অনুৎসাহ, উৎসাহহীনতা, উদ্যমহীনতা, অনুৎসাহিতা, অনধ্যবসায়, অননুশীলন [দ্র ৩৪৪], অপ্রযত্ন; অপ্রস্তুতি, অনভ্যাস; অনীহা, অনাগ্রহ, অনিচ্ছা [দ্র ২১৪], গাফিলতি(ক) [২৭৫], অচেষ্টা, অনুদ্যম, অনুদ্যোগ, অনাবৃত্তি, শ্রমবিমুখতা; ঔদাসীন্য [দ্র ২১৪, ৩৪৫]।

ঢিল(দে), ঢিমাতাল, দেরি করা- [দ্র ১৫০], বিলম্বন, বিলম্ব করা-, গড়িমসি(ক), চিরকারিতা, গয়ংগচ্ছভাব, হচ্ছে হবে ভাব, টাল বাহানা(ক), দীর্ঘসূত্রতা, গতিক্রিয়া, গা ছাড়া ভাব, গা ছেড়ে দেওয়া-, নিশ্চেষ্টতা, অচেষ্টপরতা।

শ্লথন, মন্থরতা, ধীরতা [দ্র ১৪১]; অজগরব্রত।

ফাইল বন্দী করা রাখা-; লালফিতের ফাঁস।

যে ব্যক্তি শুয়ে থাকে তার ভাগ্যও শুয়ে থাকে।

অক্রিয়া [দ্র ৩২৩]। অবহেলা [দ্র ৩৪৪]। অমনোযোগ [দ্র ৩৪৫]। অসতর্কতা [দ্র ৩৪২]।

বিণ·/বি· অলস, আলস্যপরায়ণ, আলসে, আলিসা, কুঁড়ে। চিরকর্মা, চিরক্রিয়, চিরকারী।

কুঁড়ের বাদশা, আলসের ডিম, পিপুফিশু, দীর্ঘসূত্রী, আঠারো মাসে বছর, গা-ছাড়া, ঢিলে, ঢিমে, শ্লথ, লেদাড়ু, লেদাড়ে, জড়প্রকৃতি, জড়ভরত। ম্যাজম্যাজে।

উদ্যমহীন, নিরুদ্যম, অনুৎসাহী, অচেষ্ট, নিশ্চেষ্ট, নিরুদ্যোগ, উৎসাহহীন, নিরুৎসুক, নিরুৎসাহ, অনুদ্যত, অনুদ্যোগী,অনুদ্যুক্ত, অব্যগ্র, উদ্যমহীন, উদ্যমশূন্য, অনাগ্রহী, অনিচ্ছুক, অনিচ্ছু [দ্র ২১৪], চেষ্টাহীন, বিচেষ্ট, বিচেষ্টিত, শ্রমবিমুখ; নিষ্ক্রিয় [দ্র ৩২৩]; গেঁতো, গড়ে, শোঠ, ঢিপেশোকা, গতরখেকো, গোঁফখেজুরে।

ক্রি-বিণ· আলস্যে, অচেষ্টায়, নিষ্ক্রিয়তায়।

৩৪৭ সাফল্য

বি· সাফল্য, সফলতা, কৃতকার্যতা, কৃতকর্মতা, সিদ্ধি, সুসিদ্ধি, সার্থকতা, চরিতার্থতা [২২৪], উত্তরণ, উতরে যাওয়া-, পাশ(ক), উতরানো-।

কামাল(ক), কেল্লাফতে(ক), কিস্তিমাত(ক), মাত(ক), মেরে দেওয়া-, জয়(ক), বিজয়(ক), দিগ্‌বিজয়(ক) [দ্র ৬৯৮]।

সুসমাপন [৩২২], সুসমাপ্তি, অচ্ছিদ্রাবধারণ।

পারা-, করতে পারা-, পারংগমতা [দ্র ৩৩৭]।

সিদ্ধি লাভ(ক), ফললাভ(ক), ফলপ্রাপ্তি, ফল পাওয়া-, অভীষ্টসিদ্ধি, ইষ্টসিদ্ধি, অভীষ্টলাভ; কার্যসিদ্ধি(ক), কার্যোদ্ধার(ক), অর্থসিদ্ধি, কর্মসিদ্ধি(ক), কাজ হাসিল(ক), হাসিল(ক)।

আলোড়ন সৃষ্টি(ক), হুলুস্থুলু(ফেলা-), শোরগোল তোলা-, কাণ্ড বাধানো-, তুমুল কাণ্ড, হৈচৈ ফেলা-।

ফল, সুফল, ফলাফল, ফলশ্রুতি, আখের, পরিণাম, পরিণতি; উপসংহার, পরিসমাপ্তি, ফলনিবৃত্তি।

নিশ্চিত সাফল্য; অমোঘতা; অবশ্যম্ভাবিতা; এক কাটে ধারে আর কাটে ভারে।

ফলাকাঙ্ক্ষা(ক), ফলান্বেষণ, প্রত্যাশা [দ্র ২১২]।

কুফল, খারাপ ফল।

পূর্ণতা, কৃতিত্ব, পারদর্শিতা [দ্র ৩৩৭]।

বিণ· সফল, সফলকাম, সার্থক, সফল মনোরথ, পূর্ণ মনোরথ, সিদ্ধকাম [২১২], আপ্তকাম, লব্ধকাম, সিদ্ধমনোরথ, সিদ্ধ, কৃতকার্য, কৃতকর্ম, কৃতকাম, কৃতী, কৃতকৃত্য, কৃতকর্মা, উত্তীর্ণ, বিতীর্ণ, কৃতার্থ, চরিতার্থ(ক), চরিতার্থিত [৭২৬, ২২৪], কৃতকীর্তি, কৃতক্রিয়, কৃতমুখ, অর্থসিদ্ধ, গতার্থ, সিদ্ধিযুক্ত, কৃতসিদ্ধ, লব্ধসিদ্ধি, সাফল্যমণ্ডিত(হ), সুসিদ্ধ, সফলীকৃত, পারগত।

কৃত [দ্র ৩২২]। পাশ।

ফলপ্রসূ, ফলদায়ক, সুফলদায়ক, ফলপ্রদ, ফলশালী, ফলদ, ফলদায়ী, সুফলা; কার্যকর [দ্র ৩২২]; উপকারী [দ্র ৬৮৩]।

সুসম্পন্ন(ক), সুসমাপ্ত।

নিশ্চিতফলদায়ক, নিশ্চিত, অমোঘ, অব্যর্থ, অবশ্যম্ভাবী। সিদ্ধিদায়ক, সিদ্ধিযুক্ত, পয়মন্ত।

বিণ·/বি· আলোড়ক, আলোড়নসৃষ্টিকারী।

সাফল্যদানকারী, সাফল্যদায়ী, সিদ্ধিদাতা। ফলান্বেষী। আফলোদয়কারী, আফলোদয়কর্মা।

ক্রি-বিণ· না হওয়া পর্যন্ত, আফলোদয়।

৩৪৮ খ্যাতি

বি· খ্যাতি, যশ, প্রসিদ্ধি, বিশ্রুতি, সুখ্যাতি, সুনাম, নাম, সুবাদ, প্রখ্যাতি, শ্লোক, সুযশ, সম্প্রতীতি, বিখ্যাতি, নিরূঢ়ি, খুশনাম, নামযশ, নামডাক, নিরুপাখ্য, অভিখ্যা, প্রখ্যা, সুপ্রসিদ্ধি, সুপ্রতিষ্ঠা, নাম হওয়া-; প্রচার, পসার, হাতযশ; প্রতিপত্তি, প্রতিষ্ঠা [দ্র ৭২২]।

মান, সম্মান(ক, দে), গৌরব, মর্যাদা, মানমর্যাদা, মানসম্ভ্রম, সম্ভ্রম (ক, দেখানো-), সাধ্বস; সমাদর(ক), খাতির(ক), কদর; পদমর্যাদা; ইজ্জত, আবরু; আভিজাত্য, বংশগৌরব, কুলগর্ব, বংশমর্যদা [দ্র ৬৪৬]। আত্মসম্মান [২৪৩], আত্মমান, আত্মমর্যাদা।

সম্মাননা, সম্মানন, সম্মান দেখানো-, মান্যমাননা(ক), মাননা(ক), সমীহ(ক), সংবর্ধন, সংবর্ধনা(দে), প্রবর্ধন, অভিনন্দন [দ্র ৬১০]; শ্রদ্ধা(ক), অর্হ, অর্হণ, ভক্তি(ক) [৫৮৪]; প্রণাম(ক) [দ্র ৫৮৪, ৬১০], সালাম(ক), কুরনিশ(ক) [৬১৩], স্যালুট(ক)। গার্ড অব অনার।

উপাধি(দে); শিরোপা(পা), আখ্যা, খিলাত, খেলাত, খেলোয়াত; রাজসম্মান, খেতাব।

প্রশংসা(ক), শংসা, শংসন, প্রশংসন, প্রশস্যতা, গুণকীর্তন, যশঃকীর্তন, কীর্তন, যশঃপ্রচার(ক), গুণবর্ণন, গুণকথন, কায়বার, অর্থবাদ, ঈড়া, যশঃখ্যাপন, স্তুতি(ক), স্তব, স্তবস্তুতি, বন্দনা [দ্র ৫৮৪], বন্দন; স্তুত্য, স্তুতিগান, পরিকীর্তন, সংকীর্তন, ককুহাস, শোহরত।

তারিফ(ক), বাহবা(দে), সাধুবাদ(দে), প্রশংসাবাদ, গুণানুবাদ, স্তুতিবাদ, প্রশস্তি; আকাশে তোলা-; গাছে চড়ানো-, গাছে তোলা-। গাথা, গৌরবগাথা, যশোগান, যশোগাথা, যশোগীতি; প্রশংসাবাক্য; হাততালি(দে), করতালি, করাঘাত, উভচোট, তালিক; সাধু সাধু, শাবাশ, কেয়াবাত, না জবাব, বলিহারি, আহামরি, আমরি, ধীশব্দ, এক্কোর; জিন্দাবাদ; থ্রি চিয়ারস; হিপ হিপ হুররে; মারহাবা।

অভিনন্দন বাণী [দ্র ৬১০]। প্রশংসাপত্র, শংসাপত্র, সার্টিফিকেট।

যশস্কামনা, যশাকাঙ্ক্ষা, যশোলিপ্সা। যশোভাগ্য।

মুখ উজ্জ্বল করা-; উন্নতমস্তক, উচ্চশির, মাথা উঁচু করে চলা-।

মুখরক্ষা(ক), মুখরাখা-, মান বাঁচানো-, মান রাখা-, সম্মান বাঁচানো-।

প্রশংসনীয়তা, প্রশস্যতা। স্বর্ণাক্ষর।

জনপ্রিয়তা, লোকপ্রিয়তা, জনসমাদর, সমাদর, আদর, কদর, লোকপ্রীতি, জনপ্রীতি, জনাদর, লোকযশ, লোকসমাদর, খাতির(ক)।

কীর্তি [৩২০], অবদান, কীর্তিকলাপ, প্রকীর্তি, কৃতিত্ব [দ্র ৩৪৭], সুকীর্তি; অক্ষয়কীর্তি, চিরকীর্তি; কীর্তিধ্বজা, কীর্তিমন্দির, কীর্তিমেখলা; কীর্তিস্তম্ভ, মনুমেন্ট।

বিণ· খ্যাতিজনক, প্রশংসনীয়, প্রশংস্য, প্রশস্য, শংস্য, প্রশংসার্হ, অনিন্দনীয়, অনিন্দ্য, প্রশংসিতব্য, খ্যাতিকর, যশস্কর, যশস্য, যশোদ, যশোদায়ী, অর্হণীয়, মর্যাদাপূর্ণ, গৌরবজনক, মর্যাদাকর; অবিগীত, অনবগীত, অজুগুপ্সিত, অবিগর্হিত, অনিন্দিত, অগর্হ, অগর্হিত। সাম্মানিক, স্তবনীয়, স্তাব্য, স্তব্য, খ্যাতব্য, সম্মানজনক, সম্মানপূর্ণ, সসম্ভ্রম, সসম্মান।

প্রশংসিত, শংসিত, শংসাপ্রাপ্ত; কীর্তিত, পরিকীর্তিত, সংস্তুত, সংকীর্তিত; ঈড়িত, প্রণুত, স্তুত, অভিষ্টুত [দ্র ৫৮৪]।

শ্রুতকীর্তি, লব্ধকীর্তি, দীপ্তকীর্তি; কীর্তিজনক, কীর্তিকর।

যশাকাঙ্ক্ষী, যশোলিপ্সু, যশস্কাম।

বিণ·/বি· খ্যাত, বিখ্যাত, প্রখ্যাত, সুবিখ্যাত, সুখ্যাত, বিশ্রুত, শ্রুত, অধ্যুষ্ট, খ্যাত্যাপন্ন, পরিখ্যাত, আখ্যাত, প্রসিদ্ধ, সুপ্রসিদ্ধ, প্রথিত, খ্যাতিমান; বরিষ্ঠ, চুঞ্চু; লোকবিশ্রুত, জগদ্বিখ্যাত, জগদ্বরেণ্য। বিশ্ববিখ্যাত, বিশ্ববিশ্রুত; নামী, নামকরা, খ্যাতনামা, নামজাদা, স্বনামধন্য, নামীদামি, বিদিত, সুবিদিত, প্রথিতনামা, মশহুর; যশস্বী, প্রথিতযশা, যশোমণ্ডিত, যশোবন্ত, যশোবান, যশস্বান, যশোধন।

স্বনামখ্যাত, স্বনামপ্রসিদ্ধ।

মানী, মান্য, মাননীয়, মান্যগণ্য, গণ্যমান্য, মহামান্য, মানিত, মহামানী, লোকমান্য, সম্মানিত, মর্যাদাশালী, সম্মানী, সম্মানার্হ, সম্মাননীয়, ভদন্ত, বরণীয়, গণ্য, গণীভূত, বরেণ্য, বরীয়ান; মহনীয়; শ্রদ্ধেয়, পরমশ্রদ্ধেয়, শ্রদ্ধাভাজন, শ্রদ্ধাস্পদ, শ্রদ্ধার্হ; প্রণম্য [দ্র ৫৮৪], ভট্টার, যশোভাজন, পূজ্য, নমস্য, পূজনীয়, বন্দ্য, বন্দনীয়, বন্দিত, পূজিত [দ্র ৫৮৪]।

কীর্তিমান।

অভিনন্দিত [দ্র ৬১০], সংবর্ধিত।

সম্ভ্রান্ত [দ্র ৬৪৬], অভিজাত, কুলীন।

সুপ্রতিষ্ঠিত, প্রতিষ্ঠ, সুপ্রতিষ্ঠ, প্রতিষ্ঠিত, লব্ধপ্রতিষ্ঠ।

জনপ্রিয়, জনসমাদৃত, লোকপ্রিয়, লোকসমাদৃত, অখিলপ্রিয়, দেশপ্রিয়, দেশবরেণ্য, বিশ্ববন্দিত, সর্বজনপ্রিয়, জগন্মান্য, সর্বজনশ্রদ্ধেয়, সর্বজনপূজিত, লোককান্ত, লোকপ্রসিদ্ধ, দেশবিখ্যাত; সমাদৃত, আদৃত। অজাতশত্রু, শত্রুহীন; অসপত্ন।

গৌরবশালী, গৌরবান্বিত, গৌরবদীপ্ত, গৌরবোজ্জ্বল, গরিমান্বিত, গরিমাদীপ্ত।

চিরপ্রসিদ্ধ, বহুপ্রসিদ্ধ।

অবিস্মরণীয়, স্মরণীয়, চিরস্মরণীয়, প্রাতঃস্মরণীয়।

প্রশংসক, প্রশংসাকারী, বন্দী, বন্দারু, বন্দক, চারণ।

সংবর্ধক, প্রবর্ধক; স্তুতিকারী, স্তাবক; ভক্ত [দ্র ৫৮৪]।

সম্মানদাতা, মানদ, মানরক্ষক।

আত্মমর্যাদাসম্পন্ন, আত্মসম্মানযুক্ত।

ক্রি-বিণ· সসম্মানে, সসম্ভ্রমে, মানে মানে।

ভক্তিভরে।

৩৪৯ অখ্যাতি

বি· অখ্যাতি(ক), অপযশ, অযশ, অপ্রসিদ্ধি, অপ্রতিষ্ঠা, অমর্যাদা(ক), অপ্রশংসা, অগৌরব, অপ্রতিপত্তি।

দুর্নাম(ক, দে), বদনাম(ক, দে), অপবাদ(দে), উপবাদ, কুনাম, অববাদ, নির্বাদ, অভিবাদ, অপ্রিয়বাদ, জনাপবাদ, অধিক্ষেপ, অস্তুতি; নিন্দা(ক) [১১২], নিন্দে(ক, হ), নিন্দাবাদ, নিন্দন, নিন্দামন্দ(ক), পরিবাদ, পরবাদ, কুৎসা(ক), কেচ্ছা, অস্ত্যান, জুগুপ্সা, অপক্রোশ; বিগর্হণ, বিগর্হণা, ধিক্কার(দে), ধিক্‌ক্রিয়া, গঞ্জনা(দে), অভিশংসন, অভিশংসা; লোকাপবাদ, লোকনিন্দা; ঢি ঢি (পড়া-), ঢিঢিক্কার, ছি ছি(পড়া-), ছিছিক্কার, খড়িকার, খাকার, খোয়ার; দুর্বাচ্য।

কুখ্যাতি, অধন্যতা।

কথা হওয়া-, কথা ওঠা-; কাদা ছোঁড়া-; কলঙ্ক(হ), গ্লানি, অপকলঙ্ক, কালিমা।

অসম্মান(ক), অপমান(ক) [৬০৮], অবমাননা(ক), অসম্মাননা [২৭৫], অসম্ভ্রম, অবধীরণ, অশ্লাঘা, বেইজ্জত(ক), বেইজ্জতি, অবমতি, অবমান, বিমাননা; ছোট করা-, হেয় করা-, হেলা করা-, হেয়জ্ঞান(ক), অবজ্ঞা(ক), অশ্রদ্ধা(ক) [৩৪৪], অভক্তি(ক); অবহেলা(ক), অবহেলন; লঘুজ্ঞান(ক), তুচ্ছতাচ্ছল্য(ক), তাচ্ছিল্য(ক) [৬১৪], অপজ্ঞান(ক), তৃণজ্ঞান(ক); নকড়া-ছকড়া(ক), নিকার; দূর ছাই(ক)। নাজেহাল(ক); হতাদর, হতশ্রদ্ধা, পরাকরণ।

আত্মাবমাননা, স্বাবমাননা, আত্মসম্মান হারানো-।

মর্যাদাহানি(ক), মানহানি(ক), গৌরবহানি(ক), যশোহানি(হ), খ্যাতিনাশ(হ), মান যাওয়া-; নাম ডোবানো-; মাথা হেঁট(হ), মুখ ছোট (হ); চুনকালি পড়া-; লজ্জায় পড়া-; নাক কান কাটা যাওয়া-; লজ্জার একশেষ; অপমানের একশেষ; প্রেস্টিজ পাংচার; কান পাতা দায়; মুখ হাসানো-।

সমালোচনা(ক), সমালোচন; খুঁত ধরা-, খুঁত কাটা-, খুঁত কাড়া-, ছিদ্রান্বেষণ(ক), ছিদ্রানুসন্ধান(ক), ছিদ্রানুসরণ(ক), ছিদ্রান্বেষিতা, দোষবার করা-, দোষদর্শিতা, দোষৈকদর্শন, অনুপাসনা, পৌরোভাগ্য, দোষদর্শন, সবেতেই ভুল ধরা-, চুকলি কাটা।

পরচর্চা(ক), পরনিন্দা(ক); পরগ্লানি, পরদোষ, পরচ্ছিদ্র; কানভাঙানি। কালিমা লেপন(ক), চরিত্রহনন(ক)।

দোষারোপ(ক), গর্হণ, গর্হণা, গর্হা, শিকায়ত।

তিরস্কার, ভর্ৎসনা [দ্র ১১২]। গালিগালাজ [দ্র ১১২], বাগদণ্ড।

দর্পহরণ(ক), দর্পচূর্ণ(ক), গুমর ভাঙা-, থোতামুখ ভোঁতা করা-।

ব্যঙ্গ(ক), বিদ্রূপ(ক), শ্লেষ, উপহাস(ক) [১১২, ৬১৪], অপহাস, ঠাট্টা(ক)।

অপকীর্তি, কুকীর্তি, অকীর্তি, কেলেঙ্কারি।

ঘৃণা(ক) [দ্র ২২০], বিতৃষ্ণা, অসূয়া। লজ্জা [দ্র ২৪৫]।

বিণ· অখ্যাতিকর, অখ্যাতিজনক, অখ্যাতিকারক, অপমানজনক, অপমানাত্মক, অযশস্কর, অযশস্য,

অপ্রসিদ্ধিমূলক, অমর্যাদাকর, অমর্যাদাসূচক, অপমানসূচক, অসম্মানজনক, অবমাননাকর, অগৌরবজনক, মানহানিকর, অকীর্তিকর, অকীর্তিজনক, মর্যাদাহীন, অমর্যাদ, গ্লানিকর, গ্লানিজনক; লজ্জাকর [দ্র ২৪৫]; অশ্রদ্ধেয়। ঘৃণ্য [দ্র ২২০]।

অপবাদমূলক, নিন্দনীয়, নিন্দার্হ, নিন্দাজনক, নিন্দাকর, গর্হিত, বিগর্হিত, গর্হ্য, ন্যক্কারজনক; কলঙ্ককর, কলঙ্কজনক, গ্লানিকর, দুঃসম।

অপ্রশংসনীয়; অশ্লাঘনীয়, অশ্লাঘ্য।

অসম্মান্য; অস্তবনীয়, অবরেণ্য, অপূজ্য।

প্রদূষ্য, দূষ্য; গ্লেয়।

উপহাস্য; বিদ্রূপাত্মক; ধিকৃত, ধিক্কৃত, উপহসিত। তিরস্কৃত [দ্র ১১২]।

সমালোচ্য, সমালোচনীয়; সমালোচিত।

বিণ·/বি· অখ্যাত, অপ্রসিদ্ধ, অবিশ্রুত, অপ্রথিত, অগৌরবান্বিত।

অপ্রশংসিত, দুর্নামগ্রস্ত, বদনামের ভাগী, কুপ্রসিদ্ধ, কুখ্যাত, কুনামা; নিন্দিত, বিনিন্দিত, অবগীত, অবগদিত, অপবাদগ্রস্ত, অধিক্ষিপ্ত, বিগীত, জুগুপ্সিত, অভিশংসিত; কলঙ্কিত, কলঙ্কী, কলঙ্কভাগী; ঘৃণিত [দ্র ২২০]।

অপমানিত, অবমানিত, অসম্মানিত, অপবাদিত, অপমানগ্রস্ত; হৃতমান, হতমান, হতগৌরব, হৃতসম্ভ্রম, হৃতগৌরব, গৌরবচ্যুত; যশোহীন, অযশস্বী, গৌরবহীন; লাঞ্ছিত, অপদস্থ(ক), হেয়(ক), নাকাল(ক, হ) [৫৬৬], নিকৃত।

অনুপাসিত, অস্তুত, অপূজিত; উপহাসাস্পদ।

অনাদৃত, অবজ্ঞাত, অবহেলিত, পরাকৃত; অজানা, অজানা অচেনা, অখ্যাতনামা, অজ্ঞাতপরিচয়, অবিদিত, অনামা; অপ্রতিষ্ঠ, অপ্রতিষ্ঠিত; নগণ্য, তুচ্ছ; অধন্য।

অকীর্তিমান, কীর্তিহীন।

হতগর্ব, হতদর্প, আত্তগর্ব।

নিন্দক, নিন্দুক, নিন্দাকারী, বিশ্বনিন্দুক, কুটনা, অপবাদক, পরিবাদী, অপবাদকারী, দূষক [২৭৭, ৫৫৫], পরিবাদক, জুগুপ্সক; অসূয়ক, বিদ্বেষী।

ছিদ্রান্বেষী, দোষগ্রাহী, দোষদর্শী, ছিদ্রদর্শী, ছলগ্রাহী, দোষৈকদর্শী, দোষৈকদৃক, পুরোভাগী, পৌরোভাগী, দোষারোপকারী; বিদূষক।

কুৎসারটনাকারী, খটেল; পিশুন।

দর্পহারী, দর্পহা, দর্পহরণকারী।

উপহাসকারী, বিদ্রূপকারী।

অপমানকারী, অবমাননাকারী, অবমন্তা, অমর্যাদক, অমর্যাদাকারী, অবজ্ঞাকারী।

সমালোচক।

অব্য· ছি ছি(ক), ছি, ছ্যা ছ্যা, দুয়োদুয়ো; ধেৎ; ধুৎ।

৩৫০ ব্যর্থতা

বি· ব্যর্থতা, অসাফল্য, অসফলতা, নিষ্ফলতা, অকৃতার্থতা, বিফলতা, বৈয়র্থ্য, অকৃতিত্ব, অচরিতার্থতা, ফেল(ক), অকৃতকার্যতা, অসিদ্ধি, অকৃতকর্মতা; পরাজয়, পরাভব, হার [দ্র ৬৯৯]।

অক্ষমতা [দ্র ৩৩৯], অপারগতা, অসামর্থ্য।

অক্রিয়া, অসম্পাদন [দ্র ৩২৩]।

নিরর্থকতা, অনর্থকতা, আনর্থ, আনর্থ্য, আনর্থক্য, অসার্থকতা।

ভেস্তানো-, ভেস্তে যাওয়া-, ভেস্তে দেওয়া-, বানচাল(ক), পণ্ড(ক) [১৩০], নষ্টকরা-, ভণ্ডুল করা-, কাঁচানো-, ডোবানো-, জজানো-, মাটি করা-, কাজ বাড়ানো-, কাজ নষ্ট করা-; তাসানো-, ধেড়ানো-; মাটি হওয়া-।

পণ্ডশ্রম(ক) [৩২৩], বৃথাচেষ্টা, ব্যর্থচেষ্টা(ক)।

কুফল [দ্র ৬৭৫], কুপরিণাম।

তর্জনগর্জন সার; বহ্বারম্ভে লঘুপ্রিয়া; ফাঁকা আওয়াজ(ক); কাজের বেলায় অষ্টরম্ভা।

বিণ· ব্যর্থ, অসফল, অকৃতকার্য, অকৃতার্থ, নিষ্ফল, বিফল, অনুত্তীর্ণ, অকৃতী, অকৃতকর্ম, অসার্থক, অচরিতার্থ, অকৃতকৃত্য, অকৃতকীর্তি, অসিদ্ধ।

অক্ষম, অপারক, অপারগ [দ্র ৩৩৯], অসমর্থ।

অনর্থক, নিরর্থক, অর্থহীন, বৃথা [৩২১], নিষ্প্রয়োজন; অফলদায়ী, অফলদায়ক।

আশাভঙ্গ, ব্যর্থমনোরথ, বিফল মনোরথ, অসিদ্ধকাম, ব্যর্থমনস্কাম, নিরাশ, হতাশ [দ্র ২১৩]। বিফলজীবন, ব্যর্থজীবন, বিফলাত্মা, অকৃতাত্মা, জীবনই বৃথা।

কর্মনাশা, পণ্ডকারী, কর্মপণ্ডকারী।

লণ্ডভণ্ড(ক), পণ্ড, নষ্ট, ভণ্ডুল।

ক্রি-বিণ· শুধুশুধু, মিছিমিছি।

৩৫১ সহজসাধ্যতা

বি· সহজসাধ্যতা, অনায়াসলভ্যতা, অনায়াসাধ্যতা, সরলতা, সুকরতা, অকঠিনতা, অকঠিনত্ব, সৌকর্য, সুসাধ্যতা। মসৃণতা।

অক্লেশ, অবলীলা, সাবলীলতা, অনায়াস, সহজতা, স্বচ্ছন্দতা, সুসার, সুগমতা; সুযোগ [দ্র ৬৮১], সুবিধা।

সহজবোধ্যতা, প্রাঞ্জলতা [দ্র ৩৯৬]।

ছেলের হাতের মোয়া, জলভাত হওয়া-; ছেলেখেলা; নস্যি।

বিণ· সহজ, অনায়াস, সোজা, সরল, অকঠিন, অজটিল, সিধা, প্রাঞ্জল [দ্র ৩৯৬], হালকা, স্বচ্ছন্দ; সহজসাধ্য, অনায়াসসাধ্য, অনায়াসসিদ্ধ, অনায়াসলভ্য, সহজলভ্য, সুলভ, সুসাধ্য, সুখসাধ্য, সুবহ, সুসহ, সুকর; সুবিধাজনক, জুতসই [২৫৮, ৬৮১]।

অবাধ [দ্র ৫১২], নির্বিঘ্ন, সুগম, অবারিত, বাধাহীন, মসৃণ [দ্র ৪৭৪]।

সাবলীল; লীলায়িত।

অবলীলাকৃত, অনায়াসকৃত, অক্লেশলব্ধ, সহজসাধিত, অক্লেশপ্রাপ্ত, অযত্নসম্পন্ন; অযত্নসিদ্ধ, অযত্নসাধিত, অযত্নসম্ভূত, অযত্নপ্রাপ্ত, অযত্নলব্ধ।

ক্রি-বিণ· সহজে, অনায়াসে [৩৩৭], অক্লেশে [৩১৫], অকাতরে, অবলীলায়, অবলীলাক্রমে, হেলায়। অবাধে, অবহেলে, বিনাচেষ্টায়, বিনা আয়াসে, স্বচ্ছন্দে, সরলভাবে। ফুঁয়ে। তুড়িতে। চোখ বন্ধ করে, হাসতে হাসতে।

৩৫২ দুরূহতা

দুরূহতা, কাঠিন্য, কঠিনতা, কঠিনত্ব, অসহজতা, অসাধ্যতা, দুঃসাধ্যতা, কঠোরতা।

দুর্বোধ্যতা, দুর্জ্ঞেয়তা [দ্র ৩৯৮]।

সমস্যা, সংকট; জটিলতা, গুঢ়ৈষণা, জট, জট পাকানো-, তালগোল পাকানো-; পাকচক্র; নটখটি, হ্যাপা।

দুর্ভোগ, দুর্গতি, বিপাক, বিপত্তি, বাধা, বিঘ্ন, ব্যাঘাত, প্রতিবন্ধকতা [দ্র ৬৮২]।

ফ্যাসাদ [দ্র ৬৮২], ফ্যাসাদে পড়া-, ফ্যাঁকড়া(বার করা-), ঝঞ্ঝাট, ঝামেলা, ঝকমারি, বিভ্রাট, ভজকট, মুশকিল, অসুবিধা, ফাঁপড়, কার, বেকায়দা, বেজুত, বেগোছ, কুবিধা, অবিধা, অসুসার।

ধাঁধা [৩৭৯], ধন্ধ, প্রবহ্লিকা, বিপাদিকা, বাচনক, ধন্দ, ধোঁকা(দে), হেঁয়ালি, রহস্য, প্রহেলিকা; গোলকধাঁধা।

উভয় সংকট; বিপদ [দ্র ৬৭৯]।

অস্বাচ্ছন্দ্য, আড়ষ্টতা।

বিভ্রান্তি, ভ্রান্তি [দ্র ৫৬২]।

বিণ· দুরূহ [৩২৫], দুষ্কর, সুদুষ্কর, অসুকর, দুরাচর, দুরাচরণীয়, কঠিন, অসহজ, কঠোর, সুকঠিন, শক্ত; অসাধ্য, দুঃসাধ্য, সাধ্যাতীত, কষ্টকর, কষ্টসাধ্য, শ্রমসাধ্য [দ্র ৩২৫], কৃচ্ছ্রসাধ্য।

দুর্জ্ঞেয়, দুর্বোধ, দুর্বোধ্য [৪০০, দ্র ৩৯৮], দুর্বেদ, দুর্বিগাহ, বোধাতীত, দাঁতভাঙা-, দুরভিগ্রহ, কূট, দুর্ভেদ্য, দুষ্প্রবেশ্য। ব্যাসকূট।

সমস্যাসংকুল, সমস্যাকণ্টকিত, সমস্যাজর্জরিত; সমস্যাজর্জর, সংকটময়, সংকটজনক, সংকটপূর্ণ; জটিল, গোলমেলে।

দুর্ভোগময়, দুর্গতিপূর্ণ; ব্যাঘাতময়, বিঘ্নময় [দ্র ৬৮২]।

অসুবিধাজনক, মুশকিল।

রহস্যময়; প্রহেলিকাময়।

সংকটময়, বিপদজনক [দ্র ৬৭৯]।

অস্বচ্ছন্দ, আড়ষ্ট।

বিভ্রান্তিকর, ভ্রান্ত [দ্র ৫৬২]।

ক্রি-বিণ· কষ্টে, কষ্টেসৃষ্টে; কোনোক্রমে, কোনোরকমে, কোনোমতে; অনেক চেষ্টায়; অনেক কাঠখড় পুড়িয়ে; নাকানি চোবানি খেয়ে।

কিছুতে, কোনোভাবেই।

পাকেচক্র।

১২ নির্মাণ-বন্ধন-প্রতিকার

৩৫৩ নির্মাণ

বি· নির্মাণ(ক), গড়া-, গড়ন, বানানো-, তৈয়ার(ক), তৈরি(ক), গড়ে তোলা-, প্রস্তুত করা-, রচনা(ক), প্রণয়ন(ক), প্রস্তুতকরণ, গঠন(ক); নির্মিতি, নির্মাণকার্য, গঠনক্রিয়া, প্রস্তুতি। গঠনপ্রণালী, নির্মাণশৈলী, নির্মাণপদ্ধতি।

সৃষ্টি(ক), সৃজন(ক), সর্জন; সৃষ্টিকর্ম, সৃষ্টিকার্য, সৃষ্টিক্রিয়া, সৃজনকর্ম; সৃজনশীলতা [দ্র ৪০৭]।

ভিত্তি(ক), ভিত্তিস্থাপন(ক), প্রতিষ্ঠা(ক), প্রতিষ্ঠান, স্থাপন(ক), স্থাপনা(ক), ভিত গড়া-, বনিয়াদ প্রতিষ্ঠা, বনেদ, কায়েম(ক); শুরু, আরম্ভ [দ্র ১৪২]।

উৎপাদন(ক), অধিজনন, সঞ্জনন, সঞ্জননা, সম্ভূতি; চাষ [দ্র ৪৭]।

শিল্প, শিল্পসংস্থা, ইন্ডাস্ট্রি; কারখানা, কলকারখানা, ফ্যাক্টরি, মিল, ওয়ার্কস, ওয়ার্কশপ, কর্মশালা; শিল্পশালা, শিল্পাগার, কারুভবন, প্রাবেশন; ভারিশিল্প, হেভিইন্ডাস্ট্রি; বৃহৎ শিল্প; ক্ষুদ্রশিল্প, স্মলস্কেল ইন্ডাস্ট্রি; কুটিরশিল্প, কটেজ ইন্ডাস্ট্রি; হস্তশিল্প, হ্যান্ডিক্রাফ্‌ট; গৃহশিল্প।

উৎপন্নদ্রব্য, উৎপাদন, উৎপাদ, প্রোডাক্ট, আউটপুট; বাইপ্রোডাক্ট।

নির্মাণেচ্ছা, নির্মিৎসা, সিসৃক্ষা।

উৎপাদনশীলতা, উৎপাদনক্ষমতা, উৎপাদিকাশক্তি। শিল্পোৎপাদন।

কৃত্রিমতা।

বিণ· নির্মিত, গঠিত, রচিত, প্রস্তুত(ক); সৃষ্ট, সৃজিত।

সুনির্মিত, সুপ্রতীক।

প্রতিষ্ঠিত, স্থাপিত।

উৎপন্ন, জাত, উৎপাদিত, উপপন্ন, অবজনিত, উদ্ভূত, সঞ্জাত, সম্ভূত।

শিল্পজাত, কারখানাজাত; গৃহজ, গৃহজাত। মনুষ্যনির্মিত, মানুষের তৈরি; কৃত্রিম, কৃতক। যন্ত্রনির্মিত, কলেপ্রস্তুত, যন্ত্রে বানানো-। হাতে গড়া-, হাতে বানানো-, হস্তনির্মিত।

উৎপাদনক্ষম; সৃষ্টিসম্ভব।

নির্মীয়মাণ, সৃজ্যমান, জায়মান [৫৫], উৎপাদ্যমান।

উৎপাদনীয়, উৎপাদ্য।

অর্ধনির্মিত, আধগড়া।

বিণ·/বি· নির্মাতা, নির্মাণকারী, নির্মাণকারক, গঠনকারী, সৃজক, সৃষ্টিকর্তা, স্রষ্টা, সৃষ্টিকারী, প্রস্তুতকারী।

স্থপতি, স্থাপয়িতা, প্রতিষ্ঠাতা, স্থাপক।

নির্মাণেচ্ছু, সিসৃক্ষু, নির্মিৎসু, সৃষ্টিকামী।

উৎপাদনকারী, উৎপাদক, উৎপাদয়িতা, উৎপাদী; শ্রমিক [দ্র ৩২৫]।

বিণ· [বিপ·] অকৃত্রিম, স্বাভাবিক [দ্র ১০]।

৩৫৪ উপাদান

বি· উপাদান, উপকরণ, উপচার, নির্মাণসামগ্রী, জিনিসপত্র।

মালমশলা, সম্ভার; আয়োজন; সরঞ্জাম; যোগাড়যন্ত্র, সাজসরঞ্জাম, সাজসজ্জা।

কাঁচামাল, র-মেটেরিয়াল।

সামগ্রী, বস্তু, দ্রব্য, দ্রব্যসামগ্রী।

বিণ· ঔপচারিক, উপাদান সম্বন্ধীয়।

৩৫৫ ভাঙা

বি· ভাঙা- [১৩০], ভেঙে ফেলা-, ভঙ্গ(ক), ভাঙন, বিদারণ(ক), বিদার, ভেদ, ভেদন(ক), ভঞ্জন(ক), ভাঙাচোরা(ক), ভাঙচুর(ক), ভেদা-, দারণ, বিপাটন, অবদারণ, তোড়া-, ধসানো-, উফড়নো-, নির্ভেদ।

ফাটা-; ফাটানো-, ফেটে যাওয়া-, ফাটিয়ে দেওয়া-; ফাটল (ধরানো-), চিড়(খা), চটা-, চটানো-; ধসা-, ধসে পড়া-।

চূর্ণ(ক), চূর্ণন, বিচূর্ণ(ক), বিচূরণ, চূর, অবচূর্ণন, চূর্ণবিচূর্ণ(ক), বিচূর্ণন, চুরমার(ক), গুঁড়ানো-, গুঁড়নো-, গুঁড়িয়ে ফেলা-; পেষা-, পেষণ [৩৫৭], পেষাই(ক), নিষ্পেষণ, পিষ্টকরণ, বিনিষ্পেষ, পিষণ, নিষ্পেশ; জীর্ণন, অবঘর্ষণ; ছাতু করা-, পাউডার করা-, ভাঙানো-। পেষণযন্ত্র [দ্র ৫৩৬·৯]।

ছ্যাঁচা-, ছেঁচা-, থ্যাঁতলানো-, থেঁতলানো-, থেঁতা-, থেঁতানো-, থেঁতো করা-, বাটা-; অবহনন, অবহত।

মর্দন(ক), বিমর্দন, বিমর্দ।

টুটন, টুটা-, ঢুটে যাওয়া-।

বিস্ফোরণ, প্রস্ফোটন।

ছেদন(ক), কাটা- [দ্র ৩৫৬], ভিদা; মটকানো-, মটকে ভাঙা-।

ধ্বংস, বিনাশ [দ্র ১৩০]। ভণ্ডুল, ভেস্তানো- [দ্র ৩৫০]। ভঙ্গুরতা [দ্র ৩৬০]।

গুঁড়ো(ক), গুঁড়া, চুর, চূর্ণ, রেণু, কণা, কণ, কুচি, কুচো, কুটি, গুঁড়ি, পাউডার; খুদ।

ভগ্নদশা, জীর্ণদশা, ভাঙাচোরা অবস্থা, জীর্ণতা, জীর্ণত্ব। ভগ্নস্তূপ, ভগ্নাবশেষ।

বিণ· ভগ্ন, ভগ্নিত, ভেদিত, বিদীর্ণ, দীর্ণ, বিদারিত, দারিত, অবদীর্ণ, দরিত, ত্রুটিক, ত্রুটিত, শিকস্তি।

জীর্ণ, চীর্ণ। খণ্ডিত [দ্র ৩৫৬]।

চৌচির; ফুটিফাটা।

চূর্ণিত, গুণ্ডিত, চূর্ণীকৃত, চূর্ণীভূত, বিচূর্ণ, বিচূর্ণিত, অবচূর্ণিত, সংচূর্ণিত; পাটিত; ক্ষয়িত।

নিষ্পেষিত, পেষিত, নিপিষ্ট, কুট্টিত, পিষ্ট, অবঘৃষ্ট, অবঘর্ষিত।

বিস্ফোরিত; বিমর্দিত, মর্দিত।

ভঙ্গুর [দ্র ৩৬০]; ঠুনকো, পলকা, অপলকা; ক্ষয়শীল, ক্ষয়িষ্ণু। ভেদনীয়, ভেদ্য, ভঙ্গ্য। ভিদ্য, ভঙ্গিল।

চূর্ণ্য, চূর্ণিতব্য। বিভজনীয়।

ভিদ্যমান, বিভজ্যমান।

বিণ·/বি· ভেদক, ভেদী, ভেত্তা; বিদারী, বিদারক, বিদারণকারী, অবদারক।

পেষক, পেষাইকারী, চূর্ণক; নিষ্পেষক, নিষ্পেষণকারী।

বিস্ফোরক।

৩৫৬ কাটা

বি· কাটা- [৩৬৮], কর্তন(ক), কেটে ফেলা-, কাটন, কাটানো-; ছাটা-, ছেঁটে ফেলা-, ছাঁটন, খণ্ডন(ক), ছেদন(ক) [৩৫৫], উৎকর্তন(ক), শাতন, নিকৃন্তন, ছিত্তি, কুট্টন, ছেদ করা-, ছেঁড়া, ফাড়া-, ছিঁড়ে ফেলা-; ফাঁসানো-, হাঁসানো-; চেরা-, চিরে ফেলা-, চেরাই(ক); চেরানো, চিরানো-; বিভাজন(ক), ভাগ করা-, অংশ করা-, অবচ্ছেদ(ক), অবচ্ছেদন(ক), ব্যবচ্ছেদ(ক)।

চাঁছা-, ছোলা-, চাঁছাছোলা(ক), নির্লেখন, চাঁচানো-, ছোলানো-, ছাড়ানো-; তক্ষণ; কামানো-। পারান(ক)।

কোপ(দে), কোপানো-; চোপ।

কুরানো-, কোরানো-, কোরা-, কুরা-; কোটা-, কুটানো-; কুচানো-; কুটনো কাটা- কোঁদা-, কুঁদন।

আঁচড়(দে, কাটা-), আঁচড়ানো-, আঁচড়ে দেওয়া।

আচ্ছেদ, টেনে ছেঁড়া-।

লম্বচ্ছেদ; প্রস্থচ্ছেদ।

খনন [দ্র ৩৬৮]।

অঙ্গচ্ছেদ(ক), অঙ্গচ্ছেদন(ক)।

কাটাই, কাটানি, কাটানোর খরচ।

কর্তনী, ছেদনী, কাটার যন্ত্র [দ্র ৫৩৬·৫]।

টুকরো(ক) [৪৫৩], অংশ(ক), কর্তিত অংশ, ছাঁট, খণ্ড, ফালি(ক), ফালা, চিলতে(ক); খণ্ড খণ্ড করা-, খণ্ড করা-, খণ্ডীকরণ, কুচি করা-, কুচি কুচি করা-, কাটাকুটা, কাটাকুটো, কুটি কুটি করা-; কচুকাটা(ক); ফালাফালা করা-; চাকা চাকা করা-; ডুমো ডুমো করা-; টুকরো টুকরো করা-।

দুটুকরো(ক), দুফালা(ক), দোফালা(ক), দোফ্যাকড়া(ক), দু আধখান(ক), দ্বিধাকরণ, দ্বিধীকরণ।

বিণ· কর্তিত, কাটিত, ছিন্ন(ক), অংশিত, বিচ্ছিন্ন(ক), ছিত, পরিচ্ছিন্ন, ছেদিত, অবচ্ছিন্ন, খণ্ডিত, বিভক্ত, খণ্ডীকৃত, খণ্ডীভূত, কুট্টিত; পৃথক্‌কৃত; সংবিভক্ত, নিকৃত্ত, দ্বিখণ্ডিত, দ্বিধাবিভক্ত, দ্বিধাকৃত।

ছিন্নভিন্ন(ক), ছিন্নবিচ্ছিন্ন, খণ্ডবিখণ্ড(ক)। ছিদ্রিত। জীর্ণ, ছেঁড়া-, শতচ্ছিন্ন।

ফর্দাফাঁই(ক); ছেঁড়াখোঁড়া(ক), কাটাছেঁড়া(ক)।

কর্তনীয়, বিভাজ্য, খণ্ডিতব্য, খণ্ডনীয়, কাটব্য, কাট্য, ছেদ্য, ছেদনীয়, বিভাজনীয়, অংশনীয়, খণ্ড্য, ছেত্তব্য।

অংশ্যমান; ছিদ্যমান।

বিণ·/বি· কর্তনকারী, খণ্ডক, বিভাজক, অবচ্ছেদক, বিভাজনকারী, কৃন্তক, ছেদক, কর্তক, ছেত্তা, কুট্টক, নিকৃন্তী, ছিত্বর, ত্রোটক।

ক্রি–বিণ· খ্যাঁচ করে, খ্যাঁচ করে; কুচুৎ করে; ক্যাঁচ করে, কচাৎ করে; কচ করে; কটাৎ করে, কটাস করে। খচাখচ, খচ করে।

৩৫৭ আঘাত

বি· আঘাত(লাগা-, ক), সংঘাত, ঘা(মা, দে), সংঘর্ষ, সংঘট্ট, পরিঘাতন, পরিঘাত, ধাক্কা(লাগা-), কলিশন; লেগে যাওয়া-, লাগা-, ঠেকা-, ঠেকে যাওয়া-, ঠোকাঠুকি(হ), ঠেকাঠেকি, ঠেসা-; লাগানো-, ঠেকানো-, ঠেসানো-; ছোঁয়া-, স্পর্শ [দ্র ১২২], ছোঁয়ানো-।

ঠোকা-, ঠোকন, ঠুকন, ঠুকে দেওয়া-।

ঘষা, ঘর্ষণ(ক), ঘর্ষ, ঘষাঘষি(ক), সংঘর্ষণ, বিঘট্টন; ঘষটানো-, ঘেঁষটানি, উখন, নিকাষ, ঘিষ্টানো-, ঘৃষ্টি, ঘষালাগা-, ঘষা খাওয়া-।

মর্দন(ক), দলন, দলাইমলাই(ক), দলা-, বিমর্দন, উপমর্দ; মোচড়ানো-, অবমোটন-; রগড়ানো-, মার্জন, প্রমাথ, প্রমথন; ডলা-, ডলন, মলা-, মলন।

পেষা-, পেষণ [দ্র ৩৫৫], মাড়ানো-, মাড়াই; ভানা-।

টোকা, টোকামারা-, টুকিমারা-, টুসকি(মারা-), ঠোনা(মারা-)।

পদদলন, পায়ে দলা-, পাড়ানো-, মাড়ানো-, পায়মাল।

টেপা-, টেপাটেপি(ক), টিপন, টিপুনি; টেপানো-।

ঘষার দাগ, কিণাঙ্ক, কিণ, ঘাটা।

ছিবড়ে, চিবা, চেব।

বিণ· ঘষ্টিত, ঘর্ষিত, সংঘৃষ্ট, ঘৃষ্ট, বিঘট্টিত।

দলিত, মর্দিত, বিমর্দিত, আমৃষ্ট; পিষ্ট, উৎপিষ্ট; প্রমথিত।

কিণাঙ্কিত।

বিণ·/বি· ঘর্ষণকারী।

মর্দনকারী, মর্দী, দলনকারী, প্রমাথী।

৩৫৮ অকাট্যতা

বি· অকাট্যতা, অচ্ছেদনীয়তা, অখণ্ডনীয়তা, অখণ্ডনতা, অখণ্ডনত্ব, অকর্তনীয়তা, অচ্ছেদ্যতা, অভেদ্যতা, অভেদনীয়তা, অভঙ্গুরতা, দুর্ভেদ্যতা।

অকর্তন।

বিণ· অকাট্য, অচ্ছেদ্য, অভেদ্য, দুর্ভেদ্য, অভেদী, অখণ্ড্য, অখণ্ডনীয়, অচ্ছেদনীয়, দুশ্ছেদ্য, অচ্ছেদিতব্য, অবিভাজ্য, অভঙ্গুর; শক্ত, দৃঢ় [দ্র ৩৫৯]।

আকাটা, অকর্তিত, অচ্ছিন্ন, অবিভক্ত, অচ্ছেদিত, অখণ্ডিত।

অবিদীর্ণ, অবিদ্ধ।

৩৫৯ শক্ত

বিণ· শক্ত [২৬৭, ৩৫৮], দৃঢ়, সুদৃঢ়, দ্রঢ়িষ্ঠ, কঠোর, কঠিন, কড়া, আশক্ত, অনমনীয়, দড়; জমাট, জমা, নিরেট, সংহত; অভঙ্গুর, অভেদ্য, দুশ্ছেদ্য, দুর্ভেদ্য [৩৫৮], নির্বিদার।

অচূর্ণনীয়, অচূর্ণ্য।

মজবুত, টেঁকসই, পাকা [১৩৪], পোক্ত, পাকাপোক্ত, শক্তপোক্ত, দৃঢ়াঙ্গ। ঝুনো। সুসংহত।

ভারসহ।

নিশ্চিদ্র, ছিদ্রহীন, অচ্ছিদ্র, অরোক।

বজ্রকঠিন, লৌহদৃঢ়, লৌহকঠিন; পাথুরে।

চিমড়ে, পাকানো-।

অবিনাশী [দ্র ১৩৪]।

দৃঢ়ীকৃত, দৃঢ়ীভূত, দৃঢ়সম্বদ্ধ; কাঠিন্যপ্রাপ্ত, ঘনীভূত, জমে যাওয়া-, জমাট(বাঁধা-); অবিচ্ছেদ্য।

গূঢ়, অন্তর্নিহিত; বদ্ধমূল, দৃঢ়মূল।

স্থিতিস্থাপক; স্প্রিং, কামানি, কুণ্ডলী।

বি· দৃঢ়তা, দৃঢ়ত্ব, দার্ঢ্য, দ্রঢ়িমা, কাঠিন্য, কঠিনতা, অনমনীয়তা; অভঙ্গুরতা, অভেদ্যতা, দুর্ভেদ্যতা [৩৫৮]।

অবিনাশিতা [দ্র ১৩৪]।

গূঢ়তা, গূঢ়ত্ব।

দৃঢ়ীকরণ।

৩৬০ ভঙ্গুরতা

বি· ভঙ্গুরতা, ভঞ্জনীয়তা, ভঙ্গপ্রবণতা; অশক্ততা, ক্ষণভঙ্গুরতা। ভাঙা [দ্র ৩৫৫]।

অকঠিনতা, অকঠিনত্ব, অকাঠিন্য।

কোমলতা, কোমলত্ব, পেলবতা; মৃদুতা, ম্রদিমা।

ক্ষণস্থায়িত্ব [দ্র ১৫৬], অনিত্যতা, অনিত্যত্ব, অস্থায়িত্ব, অস্থায়িতা।

তাসের ঘর; বালির প্রাসাদ; পদ্মপত্রে জল।

বিণ· ভঙ্গুর, অশক্ত, পলকা, দুর্বল, ঠুনকো, কমজোরি, দুবলা, অমজবুত, অদৃঢ়; হালকা, পাতলা, ভিদুর।

ভঙ্গপ্রবণ, ভঙ্গিল; ক্ষণধ্বংসী, ধসকা; ভঞ্জনীয়; ক্ষণভঙ্গুর, ক্ষণস্থায়ী [দ্র ১৫৬। ভগ্নপ্রায়।

কোমল, মোলায়েম, নমনীয়, নরম [৪৫৫], কুসুমকোমল, অকঠিন, মচকা, কান্ত, পেলব, মৃদু।

ভসকা, ফ্যানফেনে, ফনফনে, ফঙ্গবেনে, ফঙ্গবানি; মচমচে, মুচমুচে, মুড়মুড়ে, ঝুরঝুরে, ঝরঝরে, লজঝড়, কড়মড়ে।

ফ্যারফেরে; ধসধসে; ল্যাতপেতে।

৩৬১ সংশোধন

বি· সংস্কার(ক), সংস্করণ, সংক্রিয়া, সংস্কৃতি; সংশোধন(ক) [২৬৬]; কাটাকুটি(ক), কাটকুট(ক)।

সারাই(ক), মেরামত(ক), সারানো-, ঠিক করা-, মেরামতি। জীর্ণোদ্ধার(ক), নবীকরণ, নবীভবন [১৫২], দাগরাজি।

শোধরানো-, শুধরানো-, শুধরে নেওয়া-।

প্রতিকার(ক) [৩৭৫], বিহিত(ক), ব্যবস্থা(ক), প্রতিবিধান(ক), প্রতিসমাধান, প্রতিকর্ম, প্রতিকৃতি, মীমাংসা(ক) [৬৬৭], মেটা-, মেটানো-, সমাধান(ক), হিল্লে(ক), গতি(ক), নিষ্পত্তি(ক), সুরাহা(ক), সমাধা(ক), উপায়(ক), মিটমাট, সিদ্ধান্ত(ক) [দ্র ৩৭৫], বিধান(ক), বিচার(ক) [দ্র ৬৬৭]। উপশম [দ্র ৮২]।

ঝালা-, ঝালানো-।

হেস্তনেস্ত(ক), ফয়সালা(ক, হ), এসপার-ওসপার(ক); ভালোমন্দ।

প্রতিবিধিৎসা, প্রতিবিধানেচ্ছা।

ভ্রম সংশোধন, ভুল সংশোধন(ক), অশুদ্ধিশোধন(ক)।

বিণ· সংশোধিত, সংস্কৃত।

প্রতিবিহিত, ব্যবস্থিত, প্রতিকৃত; মীমাংসিত, বিহিত।

প্রতিকরণীয়, প্রতিকার্য, প্রতিবিধেয়।

বিণ·/বি· সংস্কারক, সংস্কর্তা; মেরামতকারী; সংশোধক, সংশোধনকারী; প্রতিবিধানকারী, প্রতিকারকারী, প্রতিকর্তা, উপায়জ্ঞ, বিধায়ক, বিধানকর্তা [৩৩০]।

৩৬২ ধরা

বি· ধরা-, ধরাছোঁয়া, ধরে ফেলা-, আঁকড়ানো-, আঁকড়ে ধরা-, পাকড়ানো-; চেপে ধরা-, চাপা-; ঠোসা-, ঠুসে ধরা-, ঠেসে ধরা-; জাপটানো-, জাপটে ধরা-, জড়ানো-, জড়িয়ে ধরা-, সাপটানো-, সাপটে ধরা-; জড়াজড়ি(ক), জাপটাজাপটি(ক), ধরাধরি(ক), আলিঙ্গন(ক) [দ্র ৬১০]।

ধরন, ধৃতি, বিধৃতি; ধারণ(ক)। আয়ত্তি, আয়ত্তে আনা-, বশে আনা [দ্র ৬৯৯]।

বাঁধা- [দ্র ৩৬৩], বন্ধন।

গ্রেপ্তার(ক) [দ্র ৬৭২]।

দৃঢ়মুষ্ঠি, বদ্ধমুষ্ঠি।

আঁকড়ি, আঁকড়া, আংটা, হুক; হাতল, হ্যান্ডেল, বাঁট, আছাড়ি, কুঁদা, ডাঁট, ডাণ্ডি; আঁকশি; কড়া, রিং, বালা, বলয়। সাঁড়াশি, সন্দংশ, সন্দংশিকা, সন্দংশী; চিমটে, চিমটা [৫৩৬·৬], সন্না; প্লায়ার্স; ফরসেপস। ভাইস।

বিণ· ধৃত, বিধৃত; আয়ত্তীকৃত, আবদ্ধ, নিবদ্ধ, বদ্ধ, আটকা।

ধর্তব্য, ধারণযোগ্য, ধারণীয়; ধ্রিয়মাণ।

হস্তধৃত, করধৃত।

বিণ·/বি· ধারক, ধারণকারী, ধারয়িতা, ধারয়িষ্ণু, ধর্তা।

ক্রি–বিণ· শক্তহাতে।

৩৬৩ বন্ধন

বি· বন্ধন(ক), বাঁধা- [৩৬২], বাঁধন, বাঁধুনি, বাঁধ, বন্ধনী, বাঁধাছাঁদা, ছাঁদন, সন্নিবন্ধ, সন্নিবন্ধন, শ্রথন, শ্রন্থন, প্রতিবন্ধকতা [দ্র ৬৮২]।

কষণ, কষা- [দ্র ৩৬৪], কষে বাঁধা-; পিছমোড়া(ক)।

বাঁধাই(ক), বাঁধানো-। বই বাঁধাই; ছবি বাঁধাই।

গিঁট(দে, বাঁধা-), গেরো, গ্রন্থি, গাঁট, গিরা, গিরে, গুষ্ঠ, গাটি, গাণ্ডি; গ্রন্থিবন্ধন; ফাঁস, পাশ।

বোনা-, বুনন, বুনট, বুনুনি, বয়ন(ক)।

সেলাই(ক), সিলনো-, সীবন, সীবনকার্য, স্যূতি, সূচীকর্ম; সীবনশিল্প [দ্র ৪৩৮·২]। তালি দে [৫০৬], পটি(দে), পট্টি(দে)।

তাপ্পি। ফোঁড়া-, ফোঁড়; টাঁকা-, টাঁক, টঙ্কন।

কামড়ি, কামড়, কামড়ে ধরা-, কাপটি, খামটি।

গাঁথা, গাঁথনি(ক), গ্রন্থন(ক), গ্রথন, গাঁথন, গাঁথুনি।

যোতা-, যুতা।

জোড়া-, জোড়া লাগানো-, জোড়া দেওয়া-, জোড় লাগা-, লাগানো-, যোজন, সংযোজন, সংযুক্তি, যুক্ত করা-; সাঁটা-, সাঁটানো-, সংলগ্নীকরণ, লেপটানো-, লেপটে থাকা-, সাপটানো- [দ্র ৩৬২]; গুম্ফন; ঝালাই(ক), ঝাল(দে), ঝালা-; রাংঝাল, পান, ব্রেজিং, ওয়েল্ডিং; কামড়ি।

আটকানো-, এঁটে দেওয়া-, আঁটুনি, আঁটা- [দ্র ৫১৮]। টান [দ্র ৩৬৪]।

জড়ানো-, গোটানো-, গুটানো-।

সুতো, সুতা, সূত্র, সুতলি, ডোর, তাগা। দড়ি, দড়া, দড়িদড়া, কাটা, ডুরি; কাছি, কচড়া, রশি, রজ্জু, রশারশি; তনিকা, উদ্বাহিনী, গুণ; নারকোল দড়ি, কাতা; শনদড়ি, শনসূত্র, শনতন্তু; চর্মরজ্জু, নদ্ধী। ফিতা, ফিতে, নেয়ার, টেপ।

শেকল, শিকল, শৃঙ্খল, নিগড়, বেড়ি, জঞ্জির, জিঞ্জির, চেইন। তার, তন্ত্রী, গুনা।

আঠা, গঁদ, লেই, কাই, সিরিশ; গাম, অ্যাধেসিভ।

পিন, আলপিন; পেরেক, কাঁটা, কীল, কীলা, গজাল, নাছি; স্ক্রু; নাট, বল্টু; রিভেট; ক্লিপ; হুক; জিপ ফাস্‌নার; বোতাম, ঘুন্টি; বোতামঘর, ঘুন্টিঘর; টিপ, টিপকল; সেফটিপিন; বকলস।

সিমেন্ট, মর্টার, বিলিতিমাটি; চুন; সুরকি।

সূচ, ছুঁচ, সীবনী; কাঁটা; ক্রুশ, ক্রুশকাঁটা, ক্রুশকাঠি।

লাছি, লেচি; টোটা, কার্টিম, স্পুল, ববিন; লাটাই, নাটাই; মাকু, টাকু [৫৩৬·১০], টাকুয়া, তকলি।

খিল, অর্গল, আগল [দ্র ৫১৮]।

ঠেকনা, ঠেক, ঠেকনো, ঠেস, পেলা; খুঁটি [দ্র ৫৩৮]। পোঁতা- [দ্র ৩৬৮]।

নঙ্গর, নোঙ্গর।

বিণ· বদ্ধ, আবদ্ধ [দ্র ৫১৮], নিবদ্ধ, সন্নিবদ্ধ। পাশবদ্ধ, রজ্জুবদ্ধ, দড়িবাঁধা।

গ্রথিত, গ্রন্থিত, খচিত, শ্রথিত, শ্রন্থিত, টঙ্কিত, সুগ্রথিত; স্যূত, অনুস্যূত, নিষ্যূত, অনুবিদ্ধ।

যুক্ত, সংযুক্ত [দ্র ২০৫], লিপ্ত, গুম্ফিত।

আঠালো, চটচটে, চ্যাটচেটে, চিটচিটে, চ্যাটপেটে।

প্রোত, প্রোথিত।

বিণ·/বি· গ্রন্থিক, গাঁথিয়ে। বুনিয়ে, বুননকারী।

বাঁধিয়ে, দপ্তরি, জিলদগর।

ক্রি–বিণ· আষ্টেপৃষ্ঠে, অষ্টেপৃষ্ঠে, অষ্টেপৃষ্ঠে ললাটে।

৩৬৪ টান

বি· টান(মা, দে, লা), টানা-, আকর্ষণ [দ্র ২৬৮]।

আঁটাআঁটি(ক), আঁট, আঁটুনি, আঁটনি, আঁটা-; কষাকষি(ক), কষা-।

টেনশন। বন্ধন [দ্র ৩৬৩]।

বিণ· আঁট, আঁটোসাটো, আঁটসাট, টানটান, টাইট; দৃঢ়বদ্ধ, দৃঢ়, শক্ত।

অশিথিল, আলোল, আলোলিত।

৩৬৫ শিথিলতা

বি· শিথিলতা, শৈথিল্য, শ্লথভাব; ঢিল(দে), লোলতা, লোলত্ব; আলগাভাব, অসম্বদ্ধতা, আলগোছ।

ঢলঢল করা-, ঝলঝল করা-, ঝলা-, ঝুলে থাকা-, হলহল করা-। এলানো-, এলিয়ে দেওয়া-।

চুপসানি, চুপসে যাওয়া-, চুপসানো-, চোপসানো-; চেপটে যাওয়া-।

অনিয়ন্ত্রণ; লাগামছাড়াভাব।

বিণ· শিথিল, শ্লথ, বিশ্লথ, প্রপথ; ঢিল, ঢিলে, ঢিলেঢালা, লোলিত, লোল, ঢোলা, ঢলঢলে, ঝলঝলে, হলহলে, ঝোলা, থলথলে, থসথসে।

আলগা(ক, হ), আলতো, অনাবদ্ধ, অসংলগ্ন, অসম্বদ্ধ, আবাঁধা, অবদ্ধ, অসন্নদ্ধ, খোলা [দ্র ৫১২]।

এলায়িত, এলো, আলুলায়িত, আলুল, অবেণীবদ্ধ।

ফসফসে, ফসকা, ফস।

অনিয়ন্ত্রিত; বল্‌গাহীন, লাগামছাড়া। উসকো খুসকো, উসকো, অযত্নবিন্যস্ত।

ক্রি-বিণ· আলগোছে, হালকাভাবে, আলতোভাবে।

৩৬৬ ভাঁজ

বি· ভাঁজ(ক), পাট(ক), প্রস্থ, পাট্টা; কুঞ্চন, কোঁচানো- [৪৭৩]। গিলে করা-।

মোড়া-, মোটন, দুমড়ানো-, মোচড়ানো-, দোমড়ানো মোচড়ানো-, পাকানো-, বাঁকানো-, প্যাঁচানো-, পাক(দ), মোচড়(দে), তা দেওয়া-, চুমরানো-; চুপসানো [দ্র ৩৬৫]; মচক; সিটকানো-; চেপটে যাওয়া-।

খাঁজ, খোঁচ, ফাট, চিড়ফাট [দ্র ৩৬৭]।

বলিরেখা, বলি; ত্রিবলি।

স্তর [৪৬২], থাক, পরত, তবক, আস্তরণ, পলি, প্রলেপ [দ্র ৫০৬], পরদা, থর।

পল, শির, শিরা।

বিণ· কুঞ্চিত। ভাঁজ পড়া, ভাঁজ ভাঙা, লাটভাঙা, পাটভাঙা, ভঙ্গিল।

খাঁজকাটা; পল তোলা, শিরতোলা; ঢেউ তোলা, ঢেউ খেলানো, করোগেটেড।

[বিপ·] নিপাট, নিভাঁজ, ভাঁজহীন; ইস্তিরি করা-; অকুঞ্চিত; মসৃণ [দ্র ৪৭৪]।

ক্রি-বিণ· ভাঁজে ভাঁজে; পরতে পরতে; থরে বিথরে, থরে থরে।

৩৬৭ ছিদ্র

বি· ছিদ্র, ছেঁদা, ছাঁদা, ফুটো, ফুটা, রন্ধ্র, বিধ, শ্বভ্র, লিক; ফাঁক, ফোকর, ফুকর; ফাঁক ফোকর, ফুটোফাটা; গর্ত, সাঁধি, সিঁধ, খোদল, খোঁড়ল, গহ্বর, খোবর, খোন্দল, খোরল, রোক, কুহর, কন্দর, কোটর, সুরুক, বিবর; শুষির, সুষির; হাঁড়ল।

ফাঁটা-, ফাট, ফাটল, চিড়, চিড়ফাট [৩৬৬]; টুটা-, টুটাফাটা; টোল; খাঁজ [৩৬৬]; খোঁচ।

জাল, জালি, জালক, জাফরি, জালতি; ঝাঁপ।

আল, আলবিধ, বিধ, বিধন, বেধ, বেধন, বিদ্ধকরণ, বিঁধানো-, বেঁধা-, বেঁধানো-। কোঁদা-, কুঁদা-, কুঁদন, খোদাই(ক); খোঁচানো-; খনন [দ্র ৩৬৮]।

সুড়ঙ্গ, সুরঙ্গ, সুরঙ্গপথ, সুরাখ, সুঁড়িপথ।

বৃক্ষকোটর, গাছের ফুটো।

নল, নালিকা, নলি, নলিকা, নালী, নালি, ধমন, পাইপ [১১], টিউব; চোঙ, চোঙা, চুঙি; চিমনি [৫৭১]। ঝাঁঝর, ঝাঁজর, ঝাঁঝরি, ঝাঁজরি, ঝারি।

ড্রিল, তুরপুন, ভোমর, বেধনী, স্ফোটনী, বেধনাস্ত্র; কাঁটা, আল; কুঁদ, খরাদ [৪৭৪]।

বিণ· ছিদ্রিত, ছিদ্রযুক্ত, ছিদ্রময়, সছিদ্র, ছেঁদাল, ফারফোর-; ঝাঁঝরা, ঝাঁজরা; ফাঁপা [দ্র ৪৫২], ফোঁপরা, শূন্যগর্ভ; জ্যালজেলে।

ফাটা, দীর্ণ [দ্র ৩৫৫]।

ক্রোড়িত, খোবরাল।

বিদ্ধ, আবিদ্ধ।

ছিদ্রস্থিত, গর্তেবসানো-, কোটরাগত, খোল্লো, সেঁধানো, ঢুকে যাওয়া-, বসে যাওয়া।

৩৬৮ খনন

বি· খনন(ক), খোঁড়া-, উৎখনন, বিলিখন, উল্লেখন; মাটি কাটা-, এক্সক্যাভেশন; কাটা [দ্র ৩৫৬]; কোদলানো-, কোদাল পাড়া-।

পরিখা, খদ, খড। গাড্ডা।

খাল, খানা, ক্যানেল, খন্দ, খাদ, খাত, গর্ত; গুহা, কন্দর, তল্প। গড়খাই, গুম্ফা, সুরঙ্গ [দ্র ৩৬৭]। নয়নজুলি [দ্র ১৬]।

গর্ত(ক), গহ্বর; খাই, খোঁড়ল, খোদল [দ্র ৩৬৭]; খাঁজ, অবতল, কুণ্ড; খনি; কূপ [দ্র ১৬]; পুকুর [দ্র ১৬]।

পোঁতা- [৩৬৩], প্রোথন, গাড়া-, পোঁতন, গাড়ন।

পুকুর কাটা-, খাল কাটা-।

খননযন্ত্র, খনিত্র [৫৩৬·৫], খনয়িত্রী, আখনিক; কোদাল, কুদাল, কুন্দাল, কুদ্দার; গাঁতি, গাঁইতি; খুরপি, দাউলি, খুরপা, ক্ষুরপ্র; শাবল, খন্তা, খোন্তা; লাঙল [দ্র ৪৭]।

[পশুর] উৎখাতকেলি, বপ্রক্রীড়া।

বিণ· খাত, উৎখনিত, খনিত, নিখাত। খননীয়, খন্য।

ক্ষোদিত, উৎকীর্ণ(ক), সমুৎকীর্ণ।

অবতল।

প্রোথিত।

[বিপ·] না খোঁড়া-, অখনন। অখাত, আখাত; দেবখাত।

বিণ·/বি· খননকারী, খনক, খনৎকার, বেলদার। কোদালিয়া।

১৩ মনন-জ্ঞান-জ্ঞাপন

৩৬৯ চিন্তা

বি· চিন্তা(ক), চিন্তাভাবনা(ক) [২০৮], ভেবেচিন্তে দেখা-, ভাবনাচিন্তা(ক), ভাবনা(ক), ভাবন, ভাবা-, ভাবুকতা [দ্র ৩৭৩], চিন্তন, বিভাবন।

মনন, ধ্যান, অনুধ্যান, আধ্যান, অনুধাবন, অনুচিন্তন, অনুচিন্তা, অবধান(ক), মন্য, অভিধ্যান, ধেয়ান, অবমর্শ, অবমর্শন, মনস্বিতা, প্রণিধান, নিদিধ্যাসন, নিদিধ্যাস।

কল্পনা [দ্র ৩৭৩]। বিবেচনা(ক), বিচার [দ্র ৩৭৬]। যুক্তি [দ্র ৩৭৭]। ধ্যানধারণা [দ্র ২০৮]।

ভাবোদয়, ভাবোদ্রেক, ভাবোন্মেষ।

মাথা ঘামানো-, মাথা খাটানো-, বুদ্ধি খাটানো-, মস্তিষ্ক চালনা(ক), মতিপ্রকর্ষ [দ্র ৩৭১]।

ভাবানো-, ভাবিয়ে তোলা-।

অনুমান(ক), আন্দাজ(ক), অনুমিতি, আঁচ(ক), আঁচা-, কেয়াস, ধারণা(ক), টের(পা), অনুভব(ক); পূর্বজ্ঞান [১৫৫], অগ্রজ্ঞান, পূর্বধারণা, আগে ভাবা-, পূর্বনির্ধারণ(ক), পূর্বপরিকল্পনা, অগ্রনিরূপণ।

পরিকল্পনা(ক), পরিকল্পন, পরিচিন্তন; সংকল্প,

স্থিরীকরণ, নির্ধারণ(ক) ; প্ল্যানিং, যোজনা।
পশ্চাৎচিন্তা, পশ্চাদ্বোধ, অনুবোধ, পরে মনে হওয়া-।
মননশীলতা, চিন্তাশীলতা।
চিন্তাশক্তি, ভাবার ক্ষমতা; মাথার দৌড়, বুদ্ধি [দ্র ৩৭১]।
চিন্তার খোরাক, ভাবার বিষয়; মনের খাবার।
বিবেচ্য বিষয়, আলোচনার বিষয়। নির্বাহিত বিষয়। প্রসিডিংস, কার্যবাহ, মিনিট।
সুচিন্তা(ক), সাধুচিন্তা, সচ্চিন্তা।
আকাশকুসুম কল্পনা [দ্র ৩৭৫]। দুশ্চিন্তা [দ্র ২৩৪]।
বিণ· সুচিন্তিত, সুভাবিত, অনুধাবিত, অনুধ্যিত; চিন্তাপূর্ণ, চিন্তাসমৃদ্ধ, মননগর্ভ, চিন্তাঋদ্ধ।
কৃতনিশ্চয়, কৃতসংকল্প, স্থিরনিশ্চয়।
পরিকল্পিত, ব্যবসিত।
চিন্তনীয়, চিন্ত্য, মননীয়, ভাবনীয়, ভাবনার্হ, চিন্তনযোগ্য, অনুধাবনীয়, অনুধ্যানীয়, অনুধ্যেয়, অনুচিন্তনীয়, চিন্তয়িতব্য, মননযোগ্য, ধ্যেয়, ভাব্য; বিবেচ্য [৩৭৬], বিবেচনাযোগ্য, বিচার্য; চিন্তাজনক, চিন্তাকর।
আনুমানিক [৩৭৩], অনুমানলব্ধ, অনুমানপ্রসূত; কমবেশি, মোটামুটি, প্রায়িক; আন্দাজি।
অনুমিত; অনুমেয়।
অনুমানসাধ্য, চিন্তাগম্য, ধ্যানগম্য, চিন্তাসাধ্য। অনুমানজনক; অনুমাপক।
বিণ·/বি· চিন্তাশীল, ভাবনাশীল, মননশীল, মনস্বী, চিন্তাবিদ, চিন্তাকারী, চিন্তক, অনুধ্যায়ী, অনুচিন্তক, চিন্তয়িতা, ভাবয়িতা; ধ্যাতা, ধ্যানী, ধ্যানশীল; ভাবক, ভাবুক; স্থিতধী [৩৭১], কৃতধী; বিবেচক, বিবেচনাকারী।
চিন্তিত [দ্র ২৩৪]।
অনুমানকারী।
চিন্তাকুল, চিন্তামগ্ন, চিন্তানিমগ্ন; ধ্যানগম্ভীর।
ভাবপ্রবণ, ভাবনাপ্রবণ, চিন্তাপ্রবণ।

৩৭০ অচিন্তা

বি· অচিন্তা, চিন্তার অভাব, না ভাবা-, অবিবেচনা-, অভাবনা-, অসমীক্ষণ, অসমীক্ষা, অননুমান, নির্বিচার, চিন্তাভাব, ধ্যানাভাব, অকল্পনা; বেহিসাব [৩৭২]।
অপ্রত্যাশা [দ্র ৭১১]। অভাবনীয়তা, অসম্ভাব্যতা [দ্র ৩৩৩]। অচিন্তনীয়তা [৩৩৩], অচিন্তনীয়ত্ব।
অপরিণামদর্শিতা [দ্র ৩৭২], অসমীক্ষ্যকারিতা, হঠকারিতা, অগ্রপশ্চাদ্‌বিবেচনা না করা-, অবিমৃশ্যকারিতা, বিচারমূঢ়তা।
আন্দাজে ঢিল মারা-; অন্ধকারে হাতড়ানো- [দ্র ৩৮২]।
অকৌতূহল, অজিজ্ঞাসা, জানতে না চাওয়া-; শেখার চাড় না থাকা-; গা না করা-; শেখার ইচ্ছে না থাকা-।
বিণ· অবিবেচনাপ্রসূত; বেহিসাবি, আন্দাজি, বে-আন্দাজি, বে-আন্দাজ।
অচিন্তনীয়, অচিন্ত্য [৩৩৩], চিন্তাতীত, অকল্প্য, অভাবনীয়, অননুমেয়, অভাব্য, অসম্ভাব্য। অবিবেচ্য, অবিবেচনীয়, অবিচার্য; অজিজ্ঞাসনীয়, অজিজ্ঞাসিতব্য।
অচিন্তিত, অকল্পিত, অনপেক্ষিত, অপরিকল্পিত। অবিচারিত; অজিজ্ঞাসিত; অচিন্তিতপূর্ব, অভাবিত [৭১১], অবিবেচিত, অভাবিতপূর্ব।
অতর্কিত, আকস্মিক [দ্র ১৫৭], আচমকা, হঠাৎ; অপ্রত্যাশিত, অনপেক্ষিত [দ্র ৭১১]।
বিণ·/বি· অবিবেচক, বিচারমূঢ়, হঠকারী [দ্র ৩৭২], বেহুদা।
অসমীক্ষ্যকারী; অজিজ্ঞাসু, অকৌতূহলী।
ক্রি-বিণ· না ভেবে, না ভেবেচিন্তে, আন্দাজে, অকারণে; সহসা, হঠাৎ [দ্র ১৫৭]।
নির্বিচারে।

৩৭১ বুদ্ধি

বি· বুদ্ধি [৩৬৯], বুদ্ধিমত্তা [৩৯০], ধী, ধীশক্তি, ধীগুণ, মেধা, মতি, ধিষণা, ধিষণ, পুরঞ্জনী, শেমুষী।
বুদ্ধিবৃত্তি, প্রজ্ঞান, মতিপ্রকর্ষ [৩৬৯], বোধি।
বুদ্ধিশুদ্ধি, জ্ঞানবুদ্ধি, জ্ঞানগম্যি, বোধভাষ্যি, বোধ, আক্কেল, অকুব, বোধশোধ, ধারণা, বুঝ; কাণ্ডজ্ঞান, প্রকরণজ্ঞান; সাধারণ জ্ঞান, সহজ বুদ্ধি। জ্ঞানচক্ষু।
মননশীলতা [দ্র ৩৬৯]।
বিবেচনা [দ্র ৩৭৬], বিচারশক্তি, বিবেচনাশক্তি, বিচক্ষণতা [৩৯০], বৈচক্ষণ্য; সমজ; যুক্তি [দ্র ৩৭৭]; বিমর্শ, বিমর্শন, বিমৃশ্যকারিতা।
উপস্থিতবুদ্ধি, প্রত্যুৎপন্নমতিত্ব, উৎপন্নমতিত্ব।
বুদ্ধিচাতুর্য, বুদ্ধিকৌশল, সূক্ষ্মবুদ্ধি, সূক্ষ্মদর্শিতা।
চালাকি, চাতুর্য, চতুরতা, চাতুরী, চতুরালি [৫৪৮], ধৌর্তক, ধূর্ততা, ধূর্তামি, ধূর্তামো, ফন্দি, কূটবুদ্ধি, কূট, কৌশল, ধান্দাবাজি, মতলব, রমজানি।
হিতাহিতজ্ঞান, হ্রস্বদীর্ঘজ্ঞান, লঘুগুরুজ্ঞান, কাণ্ডাকাণ্ডজ্ঞান, কাণ্ডগ্রহ, কর্তব্যাকর্তব্যজ্ঞান, ভালোমন্দবোধ।
চেতনা [দ্র ৫১], চেতন, সংবিৎ, অভিজ্ঞা, উপলব্ধি।
বৈদগ্ধ্য, পাণ্ডিত্য, জ্ঞান, মনীষা [দ্র ৩৯০]।
মগজ, মাথা থাকা-, ঘিলু, মাঘার ঘি।
সুবুদ্ধি, শুভবুদ্ধি, সুমত, সুমতি, সদ্‌বুদ্ধি, হিতবুদ্ধি, শোভনবুদ্ধি। পাটোয়ারি বুদ্ধি, ব্যাবসাবুদ্ধি। উকিলি বুদ্ধি।
দুর্বুদ্ধি [৩৮৯, ৫৪৮], বদবুদ্ধি, কুবুদ্ধি, মন্দবুদ্ধি, দুষ্টবুদ্ধি; দুর্মতি, মন্দমতি; কুটিলতা, কৌটিল্য। অতিবুদ্ধি; অতি চালাকের গলায় দড়ি।
বুদ্ধি দেওয়া- [দ্র ২৮৩]।
বোঝা-, বোঝানো- [দ্র ৩৯৬]; বোধগম্যতা, সহজবোধ্যতা, সুবোধ্যতা [দ্র ৩৯৬]।
ধীগুণ, বুদ্ধিগুণ [কৌতূহল; শ্রবণ; আহরণ; স্মৃতিতে ধারণ, স্মরণ; সন্দেহ, তর্ক; নিরসন; অর্থবোধ [দ্র ৩৯৯]; মর্মাবধারণ]।
বুদ্ধির দৌড়।
বোধন, প্রতিবোধ, প্রতিবোধন, বিকাশ।
বোধোদয়(হ), চৈতন্যোদয়; চোখ খোলা-, চোখফোটা-; জ্ঞানচক্ষু খোলা-।
বিণ· বুদ্ধিগম্য, বোধগম্য, বুদ্ধিলভ্য, বুদ্ধিগ্রাহ্য, বোধ্য; সুবোধ্য, সহজবোধ্য [দ্র ৩৯৬]। যুক্তিগ্রাহ্য, যুক্তিপূর্ণ [দ্র ৩৭৭]।

বুদ্ধিদীপ্ত, বুদ্ধি-উজ্জ্বল, ধীদীপ্ত, ধীপ্রদীপ্ত।
বিবেচিত, বিচারিত, বিচিন্তিত, বিমৃষ্ট।
ধূর্ততাপূর্ণ, ধৌর্তিক।
বিণ·/বি· বুদ্ধিমান, বুদ্ধিমন্ত, বুদ্ধিধর, ধীমান, প্রধী, ধীসম্পন্ন, বুদ্ধিশালী, ধীযুক্ত, মেধাবী, মেধাযুক্ত, মেধাবান, সুমেধা, মতিমন্ত, মতিমান, প্রাপ্তবুদ্ধি, সুবুদ্ধিমান, প্রমতি, সাকুব; বুদ্ধিতে বৃহস্পতি।
স্থিরবুদ্ধি, স্থিতবুদ্ধি, স্থিরমতি, স্থিতধী [৩৬৯], কৃতবুদ্ধি, স্থিতপ্রজ্ঞ, অচঞ্চলমতি।
তীক্ষ্ণবুদ্ধি, তীক্ষ্ণধী, ক্ষুরধারবুদ্ধি, কুশাগ্রধী, কুশাগ্রবুদ্ধি, শাণিতবুদ্ধি; প্রখরবুদ্ধি, প্রশস্তবুদ্ধি।
বিবেচক, বিচক্ষণ, বিজ্ঞ, প্রাজ্ঞ, জ্ঞানবান, প্রজ্ঞ, প্রজ্ঞাবান, মননশীল, বিদগ্ধ [দ্র ৩৯০]। বিমৃশ্যকারী।
রসিক, বোদ্ধা, সমজদার, বেত্তা।
ক্ষেত্রজ্ঞ, অবস্থাভিজ্ঞ, ক্ষেত্রবিদ।
আক্কেলমন্ত, কাণ্ডজ্ঞানসম্পন্ন।
বুদ্ধিজীবী।
সুবোধ, বোধযুক্ত, সুবুদ্ধি, সুবুদ্ধিশালী, সুমতি।
চালাক, চতুর, চালাকচতুর, সপ্রতিভ, স্মার্ট; প্রত্যুৎপন্নমতি, উৎপন্নমতি।
ধূর্ত, জাসু, ফন্দিবাজ, টেঁটন; খোটেল; দুর্মেধা, কুটিল, কূটবুদ্ধি; প্যাঁচোয়া, প্যাঁচানো; বিট, বিটেল, বিটলে; সেয়ানা, ঝানু; জাঁহাবাজ, জাঁদরেল; ধান্দাবাজ, মতলবি, মতলববাজ, ঘোড়েল, ধড়িবাজ [দ্র ৫৪৮]; মন্দমতি, মন্দবুদ্ধি, কুবুদ্ধি,মতিচ্ছন্ন, মূঢ়ধী; শয়তান [দ্র ৫৪৮]।
ধূর্তা, চতুরা; খোটি।

৩৭২ নির্বুদ্ধিতা

বি· নির্বুদ্ধিতা [৪২৮], বোকামি(ক), বোকামো, বুদ্ধিহীনতা, বুদ্ধিশূন্যতা; মূর্খতা [৩৯৮], মূর্খামি, মৌর্খ্য। অচাতুর্য, অচতুরতা, আহাম্মকি(ক), গোক্ষুরি(ক); গাধামি।
অজ্ঞতা [দ্র ৩৯৩], মূঢ়তা, অজ্ঞানতা, অজ্ঞত্ব, অচেতনা, মৌঢ্য।
বুদ্ধিভ্রম, বুদ্ধিনাশ, বুদ্ধিভ্রংশ, বুদ্ধিবৈকল্য, বুদ্ধিমোহ, বুদ্ধিলোপ, বুদ্ধিহানি, বৈচিত্ত্য, মতিভ্রংশ, মতিবিভ্রম, মতিভ্রম মতিভ্রান্তি, চিত্তভ্রংশ, উদ্ভ্রম, উদ্ভ্রান্তি, মাথা গোলানো-, মাথা গুলিয়ে যাওয়া-; হতবুদ্ধি হয়ে যাওয়া-; তাজ্জব বনে যাওয়া-, তাজ্জব বনা-; বাহাত্তুরে পাওয়া-।
অবিবেচনা [৩৭০], বিবেচনাভাব, হঠকারিতা, হঠ, হট্টতা। অবিমৃশ্যকারিতা, সদসদ্‌বিচাররাহিত্য, অগ্রপশ্চাৎ বিবেচনা না করা-; অদূরদর্শিতা, অপরিণামদর্শিতা [৩৭০]; অল্পদর্শিতা।
অসূক্ষ্মদর্শিতা, স্থূলদর্শিতা।
জড়বুদ্ধি, হাবামি।
বোকা বানানো-; ভেড়া বানানো-।
সম্মোহন, সম্মোহ, প্রমোহন, সংবেশন, হিপ্‌নোটিজ্‌ম।
মোহ, সংমোহ, প্রমোহ, অবিদ্যা, অচৈতন্য; ভ্রান্তি [দ্র ৫৬২]।
দুর্বুদ্ধি, কুবুদ্ধি, মন্দবুদ্ধি, কুমতি, অসদ্‌বুদ্ধি, দুষ্টবুদ্ধি [দ্র ৩৭১]। কুবুদ্ধির উদয়(হ); শয়তানি [দ্র ৫৪৮]।
ওপর চালাকি(ক), চালিয়াতি(ক), চালবাজি, চালমারা-, ফাঁকিবাজি।
ঘাড়ে ভূত চাপা-। অতি চালাকের গলায় দড়ি। অতিবুদ্ধির গলায় দড়ি।
বিণ· নির্বুদ্ধিতাপূর্ণ।
বিণ·/বি· বোকা, নির্বোধ [৩৯৩], অবুদ্ধি, অবুদ্ধিমান, অবিচক্ষণ, নির্বুদ্ধি, বুদ্ধিহীন, মতিহীন, বুদ্ধিশূন্য, আহাম্মক, অচতুর, অকাট, আকাট, অকা, অগা, গবেট, নিরেট; বোকারাম, বোকাকান্ত, অগারাম, অগাকান্ত, অগাচণ্ডী, অগামারা, হাঁদা, হাঁদারাম, হাঁদাগঙ্গারাম, মাথামোটা, মোটামাথা, মোটাবুদ্ধি, স্থূলবুদ্ধি, ভোঁতাবুদ্ধি, ভোঁতা, ডাব, ভেড়ুয়া, ভোঁদা, ভোম, ভোমা, ভেকুয়া, গাবর, গালোড়িত, নাবড়, নাদান, ল্যালা, উজবুক, অজবুক; অলবড্ডে।
বেআক্কেল, বেকুব, বেওয়াকুফ, বুদ্ধু।
অজ্ঞ [৩৯৮], মূর্খ, মূঢ়, মহামূর্খ, হস্তীমূর্খ, গোমূর্খ।
অজ্ঞান, জ্ঞানশূন্য, অবোধ, অবুঝ, আজবোজ, আড়বুঝ, আবর, বোধহীন, বোধশূন্য, বোধরহিত, হাবা, গবা, হাবাগবা, গবু, গবুচন্দ্র, হাবলা, ভ্যাবা, ভ্যাবলা, ভোম্বল, ভ্যাবাগঙ্গারাম, হাবাগঙ্গারাম, ক্যাবলা, ক্যাবলাকান্ত, ক্যাবলারাম, উদো; পাঁঠা, রামছাগল।
অপরিণতবুদ্ধি, অল্পবুদ্ধি অল্পমতি, ক্ষীণমতি, ক্ষীণবুদ্ধি, অল্পমেধা, অল্পধী, মেধাহীন, অমেধা, অমেধাবী, অল্পজ্ঞান, অল্পবোধ, ক্ষুদ্রবুদ্ধি, কমবুদ্ধি; অবুধ; জড়বুদ্ধি, জড়ধী, জড়বুদ্ধিসম্পন্ন, ডোকরা। অতীক্ষ্ণবুদ্ধি।
বিমূঢ়মতি, মতিভ্রান্ত, মতিভ্রষ্ট, ভ্রান্তমতি; নষ্টবুদ্ধি, ছন্নমতি।
বিমূঢ়, সম্মূঢ়, সংবেশিত, সম্মোহিত, বশীভূত, হিপনোটাইজড্।
অবিবেচক, বিবেচনাহীন, বিবেচনাশূন্য; হঠকারী, হট্ট, রাভসিক, অবিমৃশ্যকারী, অবিমৃশ্য, অসীমক্ষ্যকারী, অসমীক্ষাকারী; অদূরদর্শী, অপরিণামদর্শী, অল্পদর্শী, স্বল্পদর্শী, অসূক্ষ্মদর্শী, স্থূলদর্শী; অগ্রপশ্চাদ্‌বিবেচনাহীন; সদসদ্‌বিচারহীন।
হতবুদ্ধি, হতজ্ঞান, বুদ্ধিহারা; ভ্যাবাচ্যাকা(খা), ভেকো, ভেকা, হতভম্ব(হ), অপ্রস্তুত(হ), অপ্রতিভ; কিংকর্তব্যবিমূঢ়, কর্তব্যমূঢ়; সসেমিরা।
ওপরচালাক, উপরচালাক, অতিচালাক, অতিবুদ্ধি, বুদ্ধির ঢেঁকি।
মোহমুগ্ধ, অবিদ্যাগ্রস্ত; ভ্রান্ত [দ্র ৫৬২]।
অরসিক, বেরসিক, রসজ্ঞানহীন, রসবোধহীন, অরসজ্ঞ, রসকষহীন, অবোদ্ধা [দ্র ৩৯৩], রসহীন।

৩৭৩ কল্পনা

বি· কল্পনা(ক), কল্পন; পরিকল্পনা, প্ল্যান, মতলব; ভাবনা, চিন্তা [দ্র ৩৬৯]; অনুমান [দ্র ৩৬৯]; জল্পনা কল্পনা।
কল্পনাপ্রবণতা, ভাবুকতা, ভাবপ্রবণতা, ভাববিলাস, ভাববিলাসিতা, ভাবালুতা [২৩৭], কল্পনাবিলাস, কাল্পনিকতা [১২৫]; সাতপাঁচ ভাবা-।
কল্পনাশক্তি, চিচ্ছায়া।

অকষ্টকল্পনা, অনায়াস কল্পনা।

কষ্টকল্পনা, কপোলকল্পনা। আকাশকুসুম কল্পনা, আকাশকুসুম, দিবাস্বপ্ন(দেখা-), খোয়াব(দেখা-)।

রূপকথা; সব পেয়েছির দেশ; কল্পলোক, কল্পনাজগৎ এল্‌ডোরাডো। আলেয়ার আলো।

আষাঢ়ে গল্প, গালগল্প, গুল [দ্র ৫৪৪], গ্যাস।

অবাস্তবতা [দ্র ১২৫]। জাদু, যাদু [দ্র ৩৭৯], মায়া।

চিত্রকল্প, রূপকল্প; ভাবচ্ছবি।

কল্পতরু, কল্পদ্রুম, কল্পবৃক্ষ, কল্পপাদক; ইচ্ছাকল্পতরু, বাঞ্ছাকল্পতরু।

চিন্তামণি, স্পর্শমণি, পরশপাথর।

নকশা, ডিজাইন।

উদ্ভাবন [দ্র ৩৭৪]; সৃজন [দ্র ৪০৭]।

মানসমূর্তি; মানসী, মানসপ্রতিমা; মানসসুন্দরী।

বিণ· কাল্পনিক [দ্র ১২৫], আনুমানিক [দ্র ৩৬৯]।

অলীক, অবাস্তব [দ্র ১২৫], আজব [দ্র ৩৭৯], অলৌলিক।

কল্পিত, স্বকপোলকল্পিত, কপোলকল্পিত, বানানো-, মনগড়া, মনঃকল্পিত; ভিত্তিহীন, অবাস্তব [দ্র ১২৫]; কষ্টকল্পিত; মানসসৃষ্টি; কল্পনাপ্রসূত।

মিথ্যা, গুল, উড়ো, বাজে, আজেবাজে; গুজব [দ্র ৫৪৪]।

পরিকল্পিত, উদ্ভাবিত [দ্র ৩৭৪]।

কল্পনাশ্রয়ী, কল্পনানির্ভর।

কল্পনীয়, কল্প্য; উদ্ভাবনীয় [দ্র ৩৭৪]; সৃজনীয় [দ্র ৪০৭]।

বিণ·/বি· কল্পক, কল্পী, কল্পনাকারী; কল্পনাপ্রবণ, কল্পনাপ্রিয়, কল্পনাবিলাসী।

ভাবুক [দ্র ৩৬৯], ভাবপ্রবণ, ভাবালু, ভাববিলাসী, ভাবগ্রাহী, ভাবোন্মাদ, ভাবোন্মত্ত; রোমান্টিক। আবেগপরায়ণ [দ্র ২৩৭]।

পরিকল্পক, পরিকল্পনাকারী; উদ্ভাবক [দ্র ৩৭৪]।

৩৭৪ উদ্ভাবন

বি· উদ্ভাবন(ক), উদ্ভাবনা, আবিষ্কার(ক), আবিষ্করণ, আবিষ্ক্রিয়া, আবিষ্কৃতি, সমুদ্ভাবনা; মাথা থেকে বার করা-, বার করা-; নবপ্রকাশ।

উদ্‌ঘাটন(ক), উন্মোচন(ক), উন্মুক্তকরণ, উদ্বোধন(ক), প্রত্যায়ন, প্রমোচন, অনাবৃতকরণ [দ্র ৫১২]; গোচরীকরণ।

প্রকাশ(ক) [দ্র ৫১৬], প্রকাশন, প্রকটন, অভিব্যক্তি; খুঁজে পাওয়া- [দ্র ৩৮০]।

উদ্ভাবনক্ষমতা, উদ্ভাবনীশক্তি, সৃজনশীলতা, সৃজনীশক্তি [দ্র ৪০৭]।

স্বকীয়তা, মৌলিকতা [দ্র ২৫৬]।

সৃষ্টি, সৃজন [দ্র ৪০৭]। উৎপাদন [দ্র ৩৫৩]। কল্পনা [দ্র ৩৭৩]। চিন্তা [দ্র ৩৬৯]।

বিণ· উদ্ভাবিত [৩৭৩], সমুদ্ভাবিত। আবিষ্কৃত। সৃষ্ট [দ্র ৪০৭]।

প্রকাশিত, প্রকটিত [দ্র ৫১৬]; উদ্‌ঘাটিত, উন্মোচিত।

উদ্ভাবনী, সৃজনশীল, সৃষ্টিশীল [দ্র ৪০৭]।

আবিষ্করণীয়, উদ্ভাবনীয় [৩৭৩], উদ্ভাব্য।

বিণ·/বি· উদ্ভাবক, উদ্ভাবয়িতা, উদ্ভাবনকারী; আবিষ্কারক, আবিষ্কর্তা, আবিষ্কারকারী; পরিকল্পক, পরিকল্পনাকারী।

উদ্‌ঘাটক, উদ্‌ঘাটনকারী, উদ্বোধক, উদ্বোধনকারী, উন্মোচক, উন্মোচনকারী।

৩৭৫ নির্ণয়

বি· নির্ণয়(ক), নির্ণয়ন(ক), নির্ধারণ(ক) [৩৮৮], নিরূপণ(ক), বিনির্ণয়, অবধারণ, নির্ধার, নিরাকরণ, সম্প্রধারণ, সংখ্যাপন।

স্থিরীকরণ, স্থির করা-, ঠিক করা-, ঠিকঠাক করা-, বিনিগম, ধার্য করা-, ধার্যকরণ, সাব্যস্ত করা-, নিশ্চয় করা-, নিশ্চয়ন; নিশ্চয়তা [দ্র ৩৮৮]।

কষা-; হিসেব(ক); গোনা-, গণনা [দ্র ৪৪২]।

মীমাংসা(ক) [২৪০], সম্পাদন, উপপাদন, প্রতিপাদন; সিদ্ধান্ত [৩৬১], অনুসিদ্ধান্ত, উপপত্তি; বিহিত(ক), প্রতিবিধান(ক), প্রতিকার(ক) [দ্র ৩৬১], নিষ্পত্তি(ক), সমাধান(ক), নিরসন, নিরাস, আশান, আসান, লাঘব, অবসান, রফা [১৪৩], কিনারা(ক)।

দাঁড় করানো-, খাড়া করা-।

প্রমাণ [দ্র ৩৭৭], প্রমা, প্রমিতি; সন্দেহ দূর করা-, সংশয় মোচন। চক্ষু কর্ণের বিবাদভঞ্জন(ক)। স্থিরসিদ্ধান্ত, শেষকথা।

সন্ধান [দ্র ৩৮০]। উত্তর [দ্র ৩৭৬]।

বিণ· নির্ণীত, নিরূপিত, নির্ধারিত, অবধারিত, নিরাকৃত, নিরক্ত, প্রত্যাসংকলিত, সংখ্যাপিত, বিনির্ণীত, স্থিরীকৃত, সাব্যস্ত, কৃতসিদ্ধান্ত; স্থির, নিশ্চিত, নির্দিষ্ট, ধার্য, ধরতাই। কৃতনিশ্চয়, দৃঢ়নিশ্চয়, স্থিরনিশ্চয়।

মীমাংসিত, প্রদিষ্ট। প্রমাণিত [দ্র ৩৭৭]।

সুনির্দিষ্ট, সুনির্ধারিত, সুনির্ণীত; চিরনির্দিষ্ট, চিরনির্ধারিত।

অবধার্য, অবধারণযোগ্য, নির্ণেয়, নির্ধার্য, নির্ধারণযোগ্য, সম্পাদ্য, উপপাদ্য, প্রতিপাদ্য, নিশ্চেয়, অবধারণীয়।

সসিদ্ধান্ত, পরিণামী, সিদ্ধান্তমূলক; তর্কসাধ্য।

বিণ·/বি· নির্ণায়ক, নির্ণয়কারক, নির্ণয়কারী, নির্ণেতা, নিরূপক, নিরূপণকারী, নির্ধারক, নির্ধারণকারী, বিনির্ণায়ক, অবধারক, বিনিগমক, সিদ্ধান্তী, মীমাংসক, মীমাংসাকারী; উপপাদক, প্রতিপাদক; নিষ্পাদক; নিশ্চায়ক, নিশ্চয়কারক।

৩৭৬ বিবেচন

বি· বিচার(ক), বিবেচনা(ক) [৩৬৯], প্রতর্ক, বিচার-বিবেচনা(ক), বিবেচন, ভাবনাচিন্তা [দ্র ৩৬৯]; বিমর্শ, বিমর্শন, বিমৃশ্যতা, বিমৃশ্যকারিতা।

সমীক্ষা(ক), সমীক্ষণ, মূল্যায়ন(ক), মূল্যানুমান, বিচারণ, বিচারণা; পর্যালোচনা(ক), পর্যালোচন; গবেষণ, গবেষণা, রিসার্চ(ক), পর্যেষণ, পর্যেষণা, অবমর্শন, পর্যেষণা, উদীক্ষণ, তত্ত্বানুসন্ধান, তত্ত্বানুশীলন, অনুসন্ধান [দ্র ৩৮০]; পরীক্ষা(ক), যাচাই(ক), পরখ(ক), পরীক্ষণ, পরীক্ষা নিরীক্ষা, যাচা-, যাচন, পর্যবেক্ষণ(ক), নিরীক্ষণ, নিরীক্ষা,

অবেক্ষণ [দ্র ৯৮], খতিয়ে দেখা-, খতানো-।

সত্যাসত্য পরীক্ষা(ক), তজবিজ, তজদিগ; ভালোমন্দ বিচার(ক)।

বিশ্লেষণ(ক), বিশ্লেষ, ব্যবচ্ছেদ; সংশ্লেষণ, সংশ্লেষ; বিচার বিশ্লেষণ(ক)। চুলচেরা বিচার।

হিসাব(ক); গণনা(ক), গোনা- [দ্র ৪৪২]।

বিনিশ্চয়, বিনিশ্চিতি; নিষ্পত্তি, সমাধান [দ্র ৩৭৫], কিনারা(ক)।

ভেদাভেদ; বাছবিচার(ক), বাছন, বাছনি, বাছাই(ক), ঝাড়াই বাছাই, বাছা-।

অগ্রপশ্চাদ্‌বিবেচনা(ক), ভেবে কাজকরা-, অগ্রজ্ঞান [৩৬৯]।

পুনর্বিচার(ক), পুনর্বিবেচনা(ক)।

বিতর্ক, তর্ক [দ্র ৩৭৭], আলোচনা(ক), আলোচন [৪২০,১০৮], বাদানুবাদ(ক), সমালোচন, সমালোচনা(ক)।

টীকা, টিপ্পনী, ভাষ্য, ব্যাখ্যান, ব্যাখ্যা(ক) [দ্র ৩৯৯]।

বাজানো-, বাজিয়ে দেখা-।

আদালতের বিচার [দ্র ৬৬৭]।

পরীক্ষাগার, গবেষণাগার, লেবরেটারি।

বিণ· বিচারিত, বিবেচিত, বিমৃষ্ট, পরামৃষ্ট, সম্যকবিবেচিত।

সমীক্ষিত, পর্যালোচিত, পর্যবেক্ষিত, পরীক্ষিত, নিরীক্ষিত, গবেষিত।

বিশ্লেষিত, বিশ্লিষ্ট, ব্যবচ্ছিন্ন; সংশ্লেষিত।

নিশ্চিত, বিনিশ্চিত; মীমাংসিত।

বিতর্কিত; আলোচিত, সমালোচিত; ব্যাখ্যাত।

বিচার্য, বিবেচ্য [৩৬৯], বিবেচনাধীন, বিচিন্ত্যমান, বিচারণীয়, বিবেচনীয়, প্রতর্ক্য।

সমীক্ষণীয়, পর্যালোচনীয়, গবেষণীয়; পরীক্ষণীয়, নিরীক্ষণীয়, অবেক্ষণীয়।

বিশ্লেষণীয়, বিশ্লেষ্য।

অবক্ষ্যমাণ, নিরীক্ষ্যমাণ; বিচারাধীন।

পরীক্ষাধীন; পরীক্ষামূলক, গবেষণামূলক।

আলোচ্য, আলোচনীয়; সমালোচনীয়, সমালোচ্য।

বিবেচনাপ্রসূত, বিবেচনালব্ধ; বিচারলব্ধ; পরীক্ষালব্ধ, গবেষণালব্ধ।

বিণ·/বি· বিচারক [৬৬৭], বিবেচক, বিচারকারী, বিচারকর্তা, বিচারী; বিমৃশ্যকারী।

সমীক্ষক, সমীক্ষাকারী, মূল্যায়নকারী, পর্যালোচক; গবেষক, গবেষণাকারী; অনুসন্ধানকারী [দ্র ৩৮০]; পরীক্ষক, পর্যবেক্ষক, পর্যবেক্ষণকারী, নিরীক্ষক, অবেক্ষক।

বিশ্লেষক, বিশ্লেষণকারী। যাচাইদার, যাচাইকারী।

অগ্রপশ্চাদ্‌বিবেচনাকারী; অগ্রজ্ঞানী [৩৬৯]।

বিতর্ককারী, তার্কিক [দ্র ৩৭৭]; আলোচক, আলোচনাকারী; সমালোচক, সমালোচনাকারী।

টীকাকার, টিপ্পনীকার, ব্যাখ্যাকার, ভাষ্যকার, ব্যাখ্যাতা।

ক্রি-বিণ· পরীক্ষামূলকভাবে।

[বিপ·] বি· অপরীক্ষা, অনিরীক্ষণ, অবীক্ষণ।

[বিণ·] অপরীক্ষিত; অপর্যালোচিত; অবীক্ষিত।

৩৭৭ কারণ

বি· কারণ, হেতু, মূলকারণ, নিবন্ধন, হেতুক, হৈতুক, নিমিত্ত; উদ্দেশ্য, উপলক্ষ, ব্যপদেশ, প্রয়োজন [দ্র ৭১৭]।

যুক্তি, ন্যায়, লজিক, কার্যকারণ, কার্যকারণ সম্বন্ধ; যৌক্তিকতা, যুক্তিযুক্ততা, যুক্তিনির্ভরতা, প্রামাণিকতা, ন্যায্যতা [দ্র ৫৪৫], সংগতি; সমন্বয়, সামঞ্জস্য, সুসংগতি; অন্তঃসংগতি; পূর্বাপর সংগতি, পৌর্বাপর্য।

নীতি, মূলনীতি; সূত্র, মূলসূত্র, অর্থ।

প্রমাণ(ক), উপপত্তি [৩৭৫], প্রতিপাদন(ক), প্রমিতি, প্রতিপন্নকরণ, প্রতিষ্ঠা(ক), দাঁড় করানো-, প্রত্যয়ন; পরিগণনা। প্রত্যক্ষপ্রমাণ; পরোক্ষপ্রমাণ।

তর্ক[৩৭৬], বিতর্ক, অতর্ক, তর্কবিতর্ক [১০৮], তর্কাতর্কি(ক), কূটকচাল, কূটকচালি, কূটতর্ক। ব্যাসকূট।

ওজর, অছিলা, অজুহাত, বাহানা, বায়নাক্কা, দোহাই(দে), ছল, ছুতো, ছলছুতো, ছুতোনাতা, বাজে কারণ, বিনাকারণ, নিমিত্তমাত্র, নতা, ফিকির, ফন্দি, ভান, ভণিতা; চাতুরী [দ্র ৫৪৮]।

কথার প্যাঁচ, কথার মারপ্যাঁচ, কথার ফের।

সুযুক্তি, সুমন্ত্রণা, উত্তম ন্যায়। হাতে পাঁজি মঙ্গলবার।

প্রমাণপত্র, দলিল, দস্তাবেজ, দলিল দস্তাবেজ; নথি, রেকর্ড, সনদ, সনন্দ [২৮১], ফারমান; সাবুদ, সাবুত, সাক্ষীসাবুদ, সাক্ষী।

যুক্তিবিজ্ঞান, যুক্তিবিদ্যা, তর্কশাস্ত্র, তর্কবিদ্যা, তর্কবিজ্ঞান, হেতুশাস্ত্র, লজিক; ন্যায়দর্শন, ন্যায়শাস্ত্র [আন্বীক্ষিকী; নব্য ন্যায়]।

অপ্রমাণ(ক), উড়িয়ে দেওয়া-, খণ্ডন(ক), যুক্তিখণ্ডন(ক), খণ্ডানো-।

বিণ· সকারণ, সহেতুক, হেতুক, সমূলক, সমূল; যুক্তিপূর্ণ [৩৭১], যুক্তিনির্ভর, যুক্তিযুক্ত, যৌক্তিক, যুক্তিসংগত, যুক্তিসিদ্ধ, সপ্রমাণ, সোপপত্তি, কারণসংগত, কারণসম্মত, যুক্তিসম্মত, ন্যায্য, সংগত, সুসংগত, ন্যায়সম্মত, ন্যায়সংগত [দ্র ৫৪৫]; যথার্থ, যথাযথ।

প্রামাণিক, প্রমাণসিদ্ধ, প্রমাণনির্ভর। স্বতঃসিদ্ধ [দ্র ৫৪৩]।

প্রামাণ্য, ঔপপত্তিক, প্রতিপাদ্য, প্রতিপাদনীয়; প্রমেয়; প্রমাণসাপেক্ষ।

প্রমাণিত(ক), প্রতিপন্ন(ক), প্রত্যয়িত, প্রতিপাদিত, পরিগণিত, প্রমাণীকৃত, কৃতপ্রমাণ, প্রমিত।

বিণ·/বি· যুক্তিবাদী, যুক্তিনিষ্ঠ, যুক্তিপ্রিয়, আক্ষপাদ; নৈয়ায়িক, ন্যায়নিষ্ঠ, ন্যায়বেত্তা, ন্যায়বিদ্ [দ্র ৫৪৫]।

তার্কিক; তর্কপ্রিয়, তর্কপটু, তর্কাসক্ত, তর্কচুঞ্চু, তর্কী, তর্কক, বিচারমল্ল; কূটকচালে।

প্রমাণকারী, প্রতিপাদক, প্রমাতা, প্রতিপন্নকারী।

ব্যপদেষ্টা, ছলকারী [দ্র ৫৪৮]।

অব্য·/ক্রি-বিণ· কারণে, সকারণে, উদ্দেশ্যে, অর্থে, নিমিত্তে, জন্য, প্রয়োজনে। এইজন্য, এজন্যে, এজন্য, তাই, তাইতে, সেইজন্য, বিধায়, দরুন, তরে, জন্য, জন্যে।

অতএব, সুতরাং, এই কারণে; সেই কারণে, তজ্জন্য, তাবলে, তদুপলক্ষে, তদর্থ, তন্নিবন্ধন, তজ্জনিত, তদ্ধেতু,

সেইহেতু, সেজন্য, কাজেই, কাজে কাজেই; এই হেতু, কেননা, কিনা।

যেহেতু, যে কারণে।

অগত্যা, বাধ্য হয়ে, শেষে, অতঃপর, অনন্তর।

অথচ, কিন্তু, তবু, তবুও, তৎসত্ত্বেও, তথাপি। তথাচ, তা সত্ত্বেও, তত্রাচ, তত্রাপি, পরন্তু, অপিচ, তাও, আরও, অপরঞ্চ, অপরন্তু, পক্ষান্তরে [দ্র ২৭৬], অন্যথায়, বিকল্পে, পরিবর্তে, না হলে, নইলে; বরং, বরঞ্চ, প্রত্যুত; নতুবা, নচেৎ।

অথবা, কিংবা, বা।

ফলতঃ, ফলত, ফলে; তাহলে, তবে, কিবা।

যদি, যদিচ, যদিও।

কেন; কী; কি।

৩৭৮ অযৌক্তিকতা

বি· অযৌক্তিকতা [১২৫], যুক্তিহীনতা, অযুক্তি, অযুক্তিযুক্ততা, অকারণতা, কারণহীনতা, অর্থহীনতা, নিরর্থকতা, অসারতা, অসমীচীনতা, অসংগতি, অনুপপত্তি, অসামঞ্জস্য, অযথার্থতা, অযাথার্থ্য।

কুতর্ক, এঁড়ে তর্ক(ক)।

অপ্রামাণিকতা, অপ্রামাণ্যতা।

গোঁজামিল(দে), গরমিল, জগাখিচুড়ি; তালগোল পাকানো-।

কুযুক্তি, অযুক্তি, চক্রক, হেত্বাভাস। অপ্রমাণ, তর্কাভাস।

বিণ· অযৌক্তিক, যুক্তিহীন, যুক্তিবিরুদ্ধ, অযুক্তিযুক্ত, অযুক্তিসিদ্ধ, অকারণ, কারণহীন, অর্থহীন, অনর্থক, নিরর্থক, অসার, অসংগত, অসমঞ্জস, অসমীচীন, অহেতুক, অহেতু, অহৈতুকী, অহেতুকী, হেতুবিহীন, অযুক্তিসংগত, অযুক্তিসম্মত, অযথার্থ; অনুচিত, অন্যায় [দ্র ৫৪৬]।

অপ্রামাণিক, অপ্রামাণ্য, অপ্রতর্ক্য, তর্কাতীত, অমূলক, মূলহীন, ভিত্তিহীন, অমূল, অনিদান; আজগুবি; অবিশ্বাস্য [দ্র ৫৫০]; অবাস্তব [দ্র ১২৫]। অব্যাপার, অবিষয়, অপ্রাসঙ্গিক, প্রক্ষিপ্ত; অপ্রাকরণিক।

অসিদ্ধ, অপ্রমাণিত, অপ্রমাণীকৃত; অনুপপন্ন, অনিষ্পন্ন, অপ্রতিপন্ন, অনবধারিত, অপ্রতিপাদিত।

বাজে, আজেবাজে, খাপছাড়া, গোঁজামিলপূর্ণ, কুযুক্তিপূর্ণ, ছেঁদো; এণ্ডায়গণ্ডায়। গাজোয়ারি।

বিস্ময়কর [দ্র ৩৭৯]। অপ্রত্যাশিত [দ্র ৭১১]। কাল্পনিক [দ্র ৩৭৩]।

ক্রি-বিণ· শুধুশুধু, এমনি, এমনি এমনি, অকারণে, খামোখা, বিনা কারণে, কারণ বিনা; অযৌক্তিকভাবে; তালেগোলে।

মিছিমিছি, মিছামিছি, অনর্থক।

৩৭৯ বিস্ময়

বি· বিস্ময় [১২৫], চমক(লা), আশ্চর্য(হ) [৩৯৮], অবাক(হ,ক)।

চমকানো-, চমকে ওঠা-, চমকে যাওয়া-, হকচকানো-, ভ্যাবাচ্যাকা(খা), থতমত(খা)।

বিস্ময়ভাব, বিস্ময়করতা, আশ্চর্যজনকতা, চমৎকৃতি, চমৎকারিত্ব, চমৎকারিতা; বিস্ময়বিমূঢ়তা, বিস্ময়ঘোর, বিমুগ্ধতা, বিহ্বলতা; ঘোর(লা), আবেশ।

অবাক কাণ্ড, তাজ্জব ব্যাপার; বিচিত্র ব্যাপার; অদ্ভুত ঘটনা।

আক্কেল গুড়ুম(হ), হয়ে যাওয়া-, তাজ্জব মানা, গালে হাত(দে), মুখে রা না কাড়া-, হাঁ হয়ে যাওয়া-, চোখ কপালে তোলা-, চোখ ছানাবড়া(হ), চক্ষু চড়ক গাছ, চক্ষুস্থির(হ); ধাঁধা লাগা-, ধাঁধিয়ে যাওয়া-; ভেবড়ানো-, ভেবড়ে যাওয়া-।

চমৎকরণ, বিস্ময়করণ, চমকে দেওয়া-, বিস্মায়ন, বিস্মাপন, বিস্ময় উৎপাদন(ক), চমকসৃষ্টি(ক)।

অভিনবত্ব [দ্র ১৫২]; অসাধারণত্ব, অনন্যসাধারণত্ব; অলোকসামান্যতা; অলৌকিকতা [দ্র ১২৫], অবাস্তবতা।

যুক্তিহীনতা [দ্র ৩৭৮]। অবিশ্বাস্যতা [দ্র ৫৫০]। কাল্পনিকতা [দ্র ৩৭৩]। আকস্মিকতা [দ্র ১৫৭]।

জাদু, ইন্দ্রজাল, ভোজবাজি, ভেলকি, ভানুমতীর খেলা, ম্যাজিক [৭৫৬], জাদুদণ্ড, মায়াদণ্ড। জাদুবিদ্যা, মায়াবিদ্যা, কুহকবিদ্যা, শাম্বরী। মায়াশক্তি, মায়াবল, জাদুবল। জাদুর প্রভাব, মায়ার ঘোর। মায়ার কুহক, মায়াজাল। মায়ামুকুর, মায়াদর্পণ, নখদর্পণ।

ভ্রম [দ্র ৫৬২], মায়া, কুহক; আলেয়া।

ধাঁধা [৩৫২], ধোঁকা, হেঁয়ালি, ধন্দ [দ্র ৬৮২], ধাধস, প্রহেলিকা, প্রবহ্লিকা।

সম্মোহন, হিপনোটিজ্‌ম। মেসমেরিজ্‌ম।

তুক(ক), তুকতাক; নলচালা-; বাণমারা-, গুণ করা-, মন্ত্রকরা-, মন্ত্রপড়া-; বশীকরণ, বশক্রিয়া, কার্মণ; জাদুকরণ, জাদুগরি।

বিণ· বিস্ময়কর, বিস্ময়জনক, বিস্ময়াবহ, আশ্চর্য, আশ্চর্যজনক, অত্যাশ্চর্য, চমকপ্রদ, চমৎকারক, চমৎকারী, চমকদার, আজব, তাজ্জব।

অদ্ভুত, উদ্ভট, উদ্ভুট্টি, আজগুবি [দ্র ১২৫]; বিকট; বিচিত্র।

বুদ্ধির অগম্য, বুদ্ধির বার, বুদ্ধিতে যার ব্যাখ্যা চলে না।

অস্বাভাবিক, সৃষ্টিছাড়া, অসাধারণ, অনন্যসাধারণ।

ভৌতিক [দ্র ১২৫]; অলৌকিক। মন্ত্রপূত, সমন্ত্রক।

অভিনব [দ্র ১৫২], অপূর্ব, অভূতপূর্ব। অবিশ্বাস্য [দ্র ৫৫০]। অপ্রত্যাশিত [দ্র ৭১১]। অভাবনীয় [দ্র ৩৭০]।

ধাঁধাময়। জাদুকরী।

বিস্মিত(হ), বিস্ময়ান্বিত(হ), বিস্ময়াভিভূত, বিস্ময়াকুল, বিস্ময়াপন্ন, জাতবিস্ময়, বিস্ময়াবিষ্ট, বিস্ময়বিমূঢ়, বিস্ময়বিহ্বল, বিস্ময়স্তিমিত, বিস্ময়মৌন, অতিবিস্মিত, আশ্চর্যান্বিত, চমকিত, চকিত, চমৎকৃত।

অবাক, হতবাক, নির্বাক, বাক্যহারা, বাক্যহীন; স্তব্ধ, স্তম্ভিত, বিস্ময়বিস্ফারিত: মূঢ়, মুগ্ধ, বিমূঢ়, হতভম্ব(হ) [২১৭], বিহ্বল(হ), আবিষ্ট; তাজ্জব, থ, হতচকিত।

সবিস্ময়, সচকিত।

বিণ·/বি· জাদুকর, ইন্দ্রজালিক, ঐন্দ্রজালিক, ভেলকিবাজ, ভেলকিওয়ালা, সৌভিক, শৌভিক, বাজিকর, বাজিগর, প্রাতিহার, প্রাতিহারিক, প্রাতিহারক, ভোজবিদ,

ম্যাজিসিয়ান ; মায়াবী, মায়ী, মায়াকর, মায়াবিৎ, মায়াকুশল, মায়িক ; কুহকী, কুহকিনী, মায়াবিনী, মোহক।

ক্রি--বিণ· বিস্ময়ে, সবিস্ময়ে।

অব্য· ওকি, সেকি ; তাই নাকি ; তাইতো ; ওঃ ; অ্যাঁ, ওহো, ওঃ হরি ; ওরে বাপস্ ; ওরে বাসরে ; একী।

৩৮০ অনুসন্ধান

বি· অনুসন্ধান(ক), খোঁজ(ক), খোঁজা-, খুঁজা-, খুঁজন, অন্বেষণ(ক), সন্ধান(ক), অন্বেষ, অন্বেষা, এষণা, এষা, তল্লাশ(ক), তালাশ(ক), তল্লাশি, উদ্দেশ(ক), তত্ত্বতালাশ(ক), ঢুড়া-, ঢোঁড়ন, ঢুণ্ঢন, ঢুড়ে বেড়ানো-, হদিশ(ক), দিশা, হাঁটকানো-, হাতড়ানো-, পাত্তা(ক); ঘাঁটাঘাটি(ক), ঘাঁটা-, ঘাঁটানো- ; অন্ধিসন্ধি।

প্রত্যবেক্ষণ, প্রত্যবেক্ষা, পরীষ্টি, প্রত্যবমর্ষ, অভীক্ষণ, অভীক্ষা, অবেক্ষণ, অবেক্ষা, অন্বীক্ষা, অন্বীক্ষণ, অনুসৃদন, সমীহা, সমীক্ষণ [৩৭৬], সমীক্ষ, নিরীক্ষা, পরীক্ষা(ক), পরীক্ষানিরীক্ষা, সমীক্ষা [দ্র ৩৭৬]। গবেষণ, গবেষণা [দ্র ৩৭৬]।

খানাতল্লাশি, খুঁজতল্লাশি, সার্চ(ক)।

খোঁজাখুজি(ক), খুঁজে বেড়ানো-, খোঁজখবর(ক), সুলুক, সুলুকসন্ধান।

ব্যবচ্ছেদ [দ্র ৩৭৬]। ময়নাতদন্ত [দ্র ৫৭]।

আন্দাজ(ক), অনুমান(ক) [দ্র ৩৬৯]।

তদন্ত(ক), এনকোয়ারি, ইনভেসটিগেশন, তহকিক। পরিদর্শন(ক), ইন্‌সপেকশন। গোয়েন্দাগিরি। গুপ্তচরবৃত্তি।

রহস্যসন্ধান, রহস্যভেদ(ক), রহস্যোদ্ঘাটন(ক); কিনারা(ক, হ), কূলকিনারা(ক, হ); সত্যসন্ধান(ক), সত্যান্বেষণ(ক) [৫৪৩], সত্যান্বেষিতা ; সন্দেহমোচন(ক), সন্দেহ ঘোচানো-, সন্দেহ নিরসন(ক), সংশয়াপনোদন, ভঞ্জন, সন্দেহভঞ্জন(ক), সংশয়মোচন(ক), সন্দেহ অপনোদন(ক); নিরাকরণ, নিরাকৃতি।

খোঁজানো-, খোঁজ করানো-। দৌত্য, দূতগিরি।

সন্ধিৎসা, অনুসন্ধিৎসা।

তদন্ত কমিশন, কমিশন, আয়োগ।

জিজ্ঞাসাবাদ(ক) [দ্র ৩৮১] ; বাজানো-, বাজিয়ে দেখা-, ঘাঁটানো-।

সূত্র, ক্লু ; ঘাঁতঘোঁত।

তন্নতন্ন করে খোঁজা-, তন্নতন্ন(ক), আঁতিপাতি করে খোঁজা-, আগাপাস্তলা খোঁজা-, গোরু খোঁজা(ক), উটকনো-।

অগ্রসন্ধান, পূর্বান্বেষণ।

বিণ· খুঁজিত, অন্বেষিত, অবেক্ষিত, সন্ধানিত, সমুদ্দিষ্ট, মৃগিত।

অনুসন্ধেয়, পরীক্ষণীয় [দ্র ৩৭৬], মার্গ্য, অন্বেষণীয়, অন্বেষ্টব্য, অন্বিষ্ট।

সন্ধানী, অনুসন্ধানী, সন্ধানমূলক, তল্লাশিমূলক, আনুসন্ধানিক, অনুসন্ধানাত্মক, ঔদ্দেশিক।

সন্ধানরত, অনুসন্ধানরত, খোঁজরত, নিরীক্ষমাণ [দ্র ৩৭৬]; তর্কে থাকা-, তক্কে তক্কে থাকা-।

বিণ·/বি· খোঁজকারী, সন্ধানকারী, সন্ধানী, সন্ধায়ী, উদ্দেশক, অন্বেষক, অন্বেষ্টা, অন্বেষণকারক, অন্বেষণকারী, অন্বেষী, অবেক্ষক, অনুসন্ধাতা, অনুসন্ধানবান, অনুসন্ধায়ক, অনুসন্ধায়ী, নিরীক্ষক [দ্র ৩৭৬]। অনুসন্ধিৎসু, অন্বেষণেচ্ছু।

তদন্তকারী, তদন্তকর্তা।

গোয়েন্দা, ডিটেকটিভ [৫১৭]. রহস্যসন্ধানী, কারণিক, সত্যান্বেষী [৫৪৩] ; হুনুরি, জাসু ; টিকটিকি ; সি আই ডি।

চর, গুপ্তদূত, গুপ্তচর, স্পাই, অবসর্প। দূত [৪০৫]। ভগ্নদূত।

৩৮১ জিজ্ঞাসা

বি· জিজ্ঞাসা(ক), জিজ্ঞেস(ক), জিগেস(ক), জিগ্যেস(ক), শুধানো-, শুধা-, জিজ্ঞাসন, পৃচ্ছা, বিপ্রশ্নিকা, আপৃচ্ছা, আপ্রচ্ছন, প্রশ্ন(ক), পোছা-, পুছা-।

জিজ্ঞাসাবাদ(ক) [৩৮০], জেরা(ক), সওয়াল(ক)। ঘাঁটানো-।

প্রশ্নোত্তর(ক), সওয়াল জবাব ; প্রতিপ্রশ্ন।

জানতে চাওয়া-, জানার ইচ্ছা, বুভুৎসা ; কৌতূহল, কুতূহল, ঔৎসুক্য, উৎকণ্ঠা, আগ্রহ, ঝোঁক, ব্যগ্রতা, ব্যাকুলতা [২৩৪], অতি কৌতূহল, বিবিৎসা, বিবিদিষা।

খোঁজখবর নেওয়া-, অনুসন্ধিৎসা, সন্ধিৎসা, অন্বেষণ [দ্র ৩৮০]।

কূটপ্রশ্ন, কঠিনপ্রশ্ন। প্রশ্নপত্র [দ্র ৩৯৫]।

জ্ঞানতৃষ্ণা, জ্ঞানপিপাসা, জ্ঞানতৃষা।

পরামর্শ(ক), সলা, মন্ত্রণা, সাট, সড়।

সন্দেহ [দ্র ৩৮২]।

বিণ· জিজ্ঞাস্য, জিজ্ঞাসনীয়, প্রষ্টব্য, জিজ্ঞাসার্হ।

জিজ্ঞাসিত, পৃষ্ট, অর্থিত, কৃতপ্রশ্ন।

কৌতূহলোদ্দীপক।

বিণ·/বি· জিজ্ঞাসক, জিজ্ঞাসাকারী, প্রশ্নকর্তা, প্রশ্নকারী, প্রাশ্নিক, প্রষ্টা।

জিজ্ঞাসু, কৌতূহলী, কুতূহলী; কৌতূহলাবিষ্ট, কৌতূহলপর, কৌতূহলাক্রান্ত ; উৎসুক, আগ্রহান্বিত, ব্যগ্র, আগ্রহী, উদ্‌গ্রীব, বিবিৎসু, বিবিদিষু।

অনুসন্ধিৎসু, সন্ধিৎসু [দ্র ৩৮০]। সন্দিহান [দ্র ৩৮২]।

অব্য· কি, কী ; কেন, কী জন্য, কী কারণে ; কোথায়, কোথা, কোনখানে, কই ; কে, কারা, কাহারা, কোন জন ; কবে, কখন, কোন সময়ে, কোন কালে ; কোন ; কশ্চিৎ।

৩৮২ সন্দেহ

বি· সন্দেহ(ক), অবিশ্বাস [দ্র ৫৫০], বিচিকিৎসা, অপ্রত্যয়, নিহ্নব, সন্দিগ্ধতা, প্রতর্ক, আশঙ্কা [দ্র ২৩৪]। সন্দেহের অবকাশ।

দ্বিধা [দ্র ২১৭], সংশয়, খটকা, দ্বন্দ্ব, দ্বৈধ, খুঁত খুঁত(ক), খুঁত খুঁতানি, দোটানাভাব, কিন্তু কিন্তু ভাব, ইতস্তত করা-।

অনিশ্চয়, অনিশ্চয়তা, অনিশ্চিতি, শুবা, শুবে, অস্থিরতা, স্থির না থাকা-, ঠিক না হওয়া-, অনির্ধারণ, অমীমাংসা, বিপ্রতিপত্তি, অনির্ণয়, অনিরূপণ, অনিরাকরণ, অকৃতনিশ্চয়তা, অপ্রতিবিধান ; অপ্রমাণ ; অপ্রত্যয়।

ধাঁধা [দ্র ৩৭৯], ধন্দ, হেঁয়ালি। অনেকান্ত, নিশ্চয় অনিশ্চয়।

অস্পষ্টতা, ঘোলাটেভাব।

অনির্দেশ, অনির্ণেয়তা; সমস্যা [দ্র ৬৮২]।

আন্দাজ, অনুমাননির্ভরতা, অনুমান [দ্র ৩৬৯]; মনে হওয়া, ঠেকা-।

সন্দেহপ্রবণতা, সন্দিগ্ধতা; সন্দেহবাতিক, সন্দেহবাই।

দ্বিধাগ্রস্ততা, অস্থিরচিত্ততা, চিত্তচাঞ্চল্য, চঞ্চলচিত্ততা, দ্বিধাদ্বন্দ্ব, মনের গোল।

অন্ধকারে হাতড়ানো- [৩৭০], আন্দাজে ঢিল ছোঁড়া-; লাগে তুক না লাগে তাক; ত্রিশঙ্কু অবস্থা; ন যযৌ ন তস্থৌ; মাথা ঠিক করতে না পারা; মাথা ঘুরে যাওয়া।

সংশয়বাদ, অজ্ঞাবাদ; অজ্ঞেয়বাদ।

বিণ· সন্দেহজনক, সন্দেহপূর্ণ, সংশয়িত, অপ্রমাণিত, অবিশ্বাস্য [দ্র ৫৫০]; সন্দেহ উদ্রেককারী, সংশয়কর; কেমন কেমন।

দ্বিধাপূর্ণ [দ্র ২১৭]।

অনিশ্চিত, অনিশ্চয়, অনবধারিত, অস্থিরীকৃত, অনির্দিষ্ট, আন্দাজি, অনিরূপিত, অনির্ণীত, অমীমাংসিত, অবিহিত, অপ্রতিবিহিত, অকৃতনিশ্চয়; বিতর্কিত, তর্কিত, তর্কসাপেক্ষ।

অনির্দেশ্য, অনির্ণেয়, অনির্ধারণীয়, অনির্ধার্য, অনিরূপণীয়, অনিরাকরণীয়, অপ্রতিবিধেয়।

বিণ·/বি· সন্দিগ্ধ(হ), সন্দিহান, সন্দেহপ্রবণ, সন্দেহপরায়ণ, সন্দিগ্ধচিত্ত, সন্দিগ্ধমনা, সংশয়াকুল, সন্দেহাকুল, সংশয়ালু, সংশয়িতা, সংশয়ী, সংশয়াপন্ন, সাংশয়িক, সংশয়ান, সংশয়াত্মা, বিপ্রতিপন্ন, সংশয়ান্বিত, সমাকুল; খুঁতখুঁতে।

দোমনা, দ্বিধাগ্রস্ত [দ্র ২১৭]; চঞ্চলচিত্ত।

সংশয়বাদী, অজ্ঞাবাদী।

ক্রি-বিণ· হয়তো, সম্ভবত, বোধহয়, হয়তো বা, মনে হয়, হবেও বা, হতে পারে। বুঝি, বুঝিবা। যদি, যদিচ।

সর্ব-বিণ· কোন, কোনটি, কোন কোন; কোনো কোনো।

৩৮৩ উত্তর

বি· উত্তর(দে, ক), জবাব(দে) [১০৭], প্রতিবাক্য, প্রত্যুত্তর(ক), প্রত্যুক্তি।

প্রশ্নোত্তর, প্রশ্নের উত্তর। সদুত্তর, ঠিক উত্তর।

সাড়া(দে), আওয়াজ, রা(কাড়া-), সাড়াশব্দ।

পালটা জবাব(দে), মুখে মুখে উত্তর(দে), কথার পিঠে কথা; প্রতিবাদ [দ্র ২৭৬]।

কৈফিয়ত(দে), জবাবদিহি(ক), কারণ দর্শানো-, ব্যাখ্যা(ক), জায়। কারণ [দ্র ৩৭৭]। প্রমাণ [দ্র ৩৭৭]। নির্ণয় [দ্র ৩৭৫]।

উপযুক্ত জবাব, মুখের ওপর জবাব; ওতোর চাপান।

চিঠির উত্তর, পত্রোত্তর।

ভুল উত্তর, অসদুত্তর, দুরুত্তর।

বিণ· উত্তরিত, প্রত্যুত্তরিত, প্রত্যুক্ত, প্রতিভাষিত।

উত্তরযোগ্য, কৈফিয়তযোগ্য, উত্তরমূলক, কৈফিয়তমূলক, জবাবি, কৈফিয়তি।

বিণ·/বি· উত্তরদাতা, উত্তরকারী, জবাবদাতা, উত্তরদায়ক, জবাবদায়ী; প্রত্যুত্তরকারী, প্রতিবাদী [দ্র ২৭৬]।

ক্রি-বিণ· উত্তরে, জবাবে।

পত্রোত্তরে।

৩৮৪ উদাহরণ

বি· উদাহরণ(দে), দৃষ্টান্ত [২৬০], নিদর্শন [৩৮৫], অতিষ্ঠা, নজির, নমুনা।

উল্লেখ(ক), উদ্ধৃতি; প্রমাণ [দ্র ৩৭৭]।

উদ্ধৃতাংশ।

অভিজ্ঞান, স্মারক, চিহ্ন [দ্র ৪১৩], প্রতীক।

আদর্শ, উল্লেখযোগ্য উদাহরণ, বিরল নিদর্শন।

দৃষ্টান্তস্থাপন(ক), নজির রাখা-।

বিণ· উদাহৃত, উল্লিখিত, উদ্ধৃত, উক্ত; কথিত [দ্র ১০৬], অভিহিত, অবহৃত।

উদাহরণযোগ্য, উদাহরণীয়, উল্লেখযোগ্য, উল্লেখনীয়, উল্লেখ্য।

দৃষ্টান্তস্বরূপ, উদাহরণস্বরূপ, দার্ষ্টান্তিক।

৩৮৫ সংকেত

বি· সংকেত(ক, দে), ইঙ্গিত(ক) [৫১৬], ইশারা(ক), সাঁট, ঠার, ছানি, ঠারা-, আভাস(দে), সিগনাল। কোড।

চিহ্ন [দ্র ৪১৩], নিশান, নিশানা, নিশানি, লক্ষণ, প্রতীক, পরিচায়ক, অভিজ্ঞান, নিদর্শন [দ্র ৩৮৪]। সিল, মোহর, সিলমোহর।

আভাস ইঙ্গিত, আকার ইঙ্গিত, হাবভাব, আকৃতি প্রকৃতি, অঙ্গভঙ্গি [দ্র ৯৫]; ঠারঠোর, ঠাট, ঠমক, ছলাকলা; চোখের ইশারা, নয়নঠার; চোখ মটকানো-; চোখ ঠারা-, চোখ টেপা-, কটাক্ষ [দ্র ৯৮]; মাথা ঝাঁকানো-, মাথা নাড়া-, মাথা হেলানো-; হাতছানি(দে); অঙ্গুলি নির্দেশ(ক), অঙ্গুলি সংকেত(ক), অঙ্গুলি চালন, অঙ্গুলিঠার, অঙ্গুলিসংজ্ঞা, অঙ্গুলিসন্দেশ, অঙ্গুলি হেলন(ক) [৯৫]।

কুশপুত্তলি, কুশপুত্তলিকা, কুশপুত্তল, পর্ণনর, পুত্তলক; এফিজি।

পতাকা [৪১৩], নিশান, কেতন, কেতু, ধ্বজা, ধ্বর্জ, ধ্বজপট, ঝাণ্ডা, ঝণ্ডা, উচ্চুল, ফ্ল্যাগ; বৈজয়ন্তী, জয়পতাকা; জাতীয় পতাকা, রাষ্ট্রীয় পতাকা; সাদা পতাকা, শ্বেত পতাকা; কালো পতাকা, কৃষ্ণ পতাকা; লালঝাণ্ডা, লালপতাকা, রক্তনিশান। ধ্বজস্তম্ভ, ধ্বজদণ্ড।

সুলক্ষণ, শুভলক্ষণ, পয় [দ্র ৬৭৪]।

অলক্ষণ, কুলক্ষণ, অশুভচিহ্ন [দ্র ৬৭৫]।

পূর্বলক্ষণ, পূর্বাভাস [দ্র ১৫৫]।

বিপদসংকেত, সাইরেন [দ্র ৬৭৯]।

সামান্যাভাস, ঘুণাক্ষর।

যতিচিহ্ন, বিরামচিহ্ন; দাঁড়ি, পূর্ণচ্ছেদ; কমা; কোলন; কোলন-ড্যাশ; সেমিকোলন, সীমিকা; বিস্ময়-চিহ্ন, আশ্চর্যবোধক চিহ্ন; প্রশ্নচিহ্ন, প্রশ্নবোধকচিহ্ন; উদ্ধৃতিচিহ্ন;

ঊর্ধ্বকমা, অ্যাপোসট্রপি; ফুলস্টপ; ড্যাশ; হাইফেন; বন্ধনী, ব্র্যাকেট।

বিণ· সাংকেতিক, সংকেতপূর্ণ, সংকেতময়, ইঙ্গিতপূর্ণ, ইঙ্গিতময়, প্রতীকী।

চিহ্নিত, চিহ্নযুক্ত।

আভাসিত।

পতাকালাঞ্ছিত, ধ্বজযুক্ত, পতাকিক।

সুলক্ষণযুক্ত, সুলক্ষণ [দ্র ৬৭৪]।

অলক্ষুণে [দ্র ৬৭৫]।

বিণ·/বি· পতাকাধারী, পতাকী, পতাকাবাহী, ধ্বজী, ধ্বজবান, বৈজয়ন্তিক, নিশানধারী।

ক্রি-বিণ· সংকেতে, ইঙ্গিতে, ইশারায়, আভাসে, আভাসে ইঙ্গিতে, আকারে ইঙ্গিতে, হাবে ভাবে, ঠারে ঠোরে, ঠারে। ঘুণাক্ষরে।

৩৮৬ নাম

বি· নাম, আখ্যা, অভিধা, সংজ্ঞা, আহ্বয়, প্রাতিপদিক, অভিধেয়।

পদবি, বংশনাম, উপনাম, উপাধি; বিশেষণ; খেতাব [৬১০]।

ডাকনাম; নামান্তর, বনাম; ওরফে; ভালোনাম, পোশাকি নাম; আদরের নাম, অদুনা, উদুনা। ছদ্মনাম, বকলম।

নামকরণ(ক), নাম রাখা-, নামাঙ্কন, আখ্যান।

শিরোনাম, শিরোনামা, শীর্ষনাম, হেডিং, হেডলাইন।

নামধাম, নামঠিকানা [দ্র ৬০১]। নামচিহ্ন, নামগন্ধ, নামাঙ্ক।

পরিচয় [দ্র ৬০১]।

নামাবলি, নামমালা।

উপাধিপত্র, সংজ্ঞাপত্র, নামপত্র।

নামফলক, নেমপ্লেট। নামলেখা-।

বিণ· নামক, নাম্নী, নামধারী, নামধেয়, নামযুক্ত, নামবিশিষ্ট, নামা, নামধারক, নামাঙ্কিত।

অভিধেয়, অভিহিত, উক্ত, আখ্যেয়, আখ্যাত, সংজ্ঞাত, কথিত, সংজ্ঞাপ্রাপ্ত; তথাকথিত।

সংজ্ঞক, জ্ঞাপক।

উপাধিধারী, উপাধিক, উপাধিপ্রাপ্ত, উপাধিবিশিষ্ট, ঔপাধিক।

একনামা, সমনামধেয়।

খেতাবযুক্ত, খেতাবি।

সার্থকনামা, নামের উপযুক্ত, নামী, নামজাদা [দ্র ৩৪৮], স্বনামধন্য।

৩৮৭ নামহীনতা

বি· নামহীনতা, নামবিহীনতা।

বিণ· অনামা, নামহীন, অনাম্নী, অনামক, অনামিকা, বেনামা, নামবিহীন।

নামগোত্রহীন [দ্র ৬০২]।

অপরিচিত [দ্র ৩৯৮]। অপ্রসিদ্ধ [দ্র ৩৪৯]।

৩৮৮ নিশ্চয়তা

বি· নিশ্চয়তা [২৭০], নিশ্চিতি, নিশ্চয়(ক), নৈশ্চিত্য, সুনিশ্চয়, সুনিশ্চয়তা, বিনিশ্চয়, স্থিরতা, ধ্রুবতা, ধ্রুবত্ব, পরমতা।

নিঃসংশয়তা, নিঃসন্দেহতা, সন্দেহহীনতা, সংশয়হীনতা।

দ্বিধাহীনতা [দ্র ২১৮]।

প্রত্যয়, প্রতীতি, বিশ্বাস [দ্র ৫৪৯]; দৃঢ়তা [দ্র ৩৫৯]।

অভ্রান্ততা [দ্র ৫৬১]। সত্যতা, সত্য [দ্র ৫৪৩]। অকাট্যতা।

অনিশ্চয়, অনাশ্চর্য।

গ্যারান্টি, সিওরিটি; সিকিউরিটি।

নির্ণয়, নিরূপণ, নির্ধারণ [দ্র ৩৭৫]। সমাধান [দ্র ৩৭৫]।

নির্ভরযোগ্যতা [দ্র ২৭০]। খাঁটিত্ব [দ্র ৫৫৮]।

অব্যর্থতা, অমোঘতা, অবশ্যম্ভাবিতা, অবশ্যম্ভাবিত্ব, অবশ্যঘটনীয়তা, অপ্রতিরোধ্যতা [দ্র ৬৯৩]।

বিণ· নিশ্চিত, বিনিশ্চিত, সুনিশ্চিত। প্রত্যয়িত, প্রতীত, প্রমিত, নিঃসন্দেহ, অসংশয়, নিঃসংশয়, সংশয়হীন, সন্দেহহীন, অসংশয়িত, অসন্দিগ্ধ।

সন্দেহাতীত [৫৪৩], অসংশনীয়, সংশয়াতীত।

নির্দ্বিধ [দ্র ২১৮], দ্ব্যর্থহীন, ছিন্নদ্বৈধ, ছিন্নসংশয়।

স্থির, নির্দিষ্ট, নির্ধারিত, নির্বিকল্প, নিরূপিত [দ্র ৩৭৫]।

অনস্বীকার্য [দ্র ৫৪৩], দ্বন্দ্বাতীত, প্রশ্নাতীত, প্রশ্নহীন, অবিতর্কিত।

প্রত্যয়ী।

অপ্রতিরোধ্য [দ্র ৬৯৩], মোক্ষম, অমোঘ, অব্যর্থ; অপ্রতিবিধেয়, অপ্রতিকার্য, অপ্রতিকরণীয়; ভাব্য, অবশ্যম্ভাবী [দ্র ৩৩২], অবধারিত, অনিবার্য, অবশ্যম্ভাব্য।

অসংবর, অসংবরণীয়।

প্রকৃত [দ্র ৫৫৮], খাঁটি।

অভ্রান্ত, সঠিক [দ্র ৫৬১]; পরম, চরম, ধ্রুব, ধ্রুবক।

নির্ভরযোগ্য [দ্র ২৭০], পাকাপাকি।

বিণ·/বি· নিঃসন্দিগ্ধ, অসন্দিগ্ধ, অসন্দিহান, অসংশয়ান, অসংশয়িত।

নিশ্চয়কারী, নিশ্চায়ক; প্রত্যয়ী।

অবিস্মিত, অচকিত, চমকহীন।

ক্রি-বিণ· নিঃসন্দেহে, অসংশয়ে, সংশয়াতীতভাবে, সুনিশ্চিতভাবে, দৃঢ়তার সঙ্গে, সজোরে।

দ্ব্যর্থহীনভাবে। দৃঢ়হস্তে, কঠিনহস্তে।

অবশ্য, অবশ্যই, নির্ঘাত, আলবাত, নিশ্চয়ই, নিশ্চয়, ঠিকই, তাইতো, বৈকি, জরুর, বেশক।

৩৮৯ উদ্দেশ্য

বি· উদ্দেশ্য, লক্ষ্য, মতলব, ইষ্টি, ইষ্ট, উদ্দেশ, মনসুবা।

তাৎপর্য, কারণ, হেতু [দ্র ৩৭৭]।

ইচ্ছা, অভিলাষ [দ্র ২১২], অভিপ্রায়, মনোভাব, মনোবাঞ্ছা।

মতাবলম্বন, মতাশ্রয়; মতানুসরণ।

অভিসন্ধি, অভিসন্ধান; ফন্দি, ফিকির [৩৩৮]।

অভিমত, মতামত, মত [দ্র ২৭৯], মন্তব্য; বক্তব্য।

পরিকল্পনা, পরিকল্পন [দ্র ৩৬৯]।

সদুদ্দেশ্য, সাধুউদ্দেশ্য, সুউদ্দেশ্য; সদভিপ্রায়, সাধু সংকল্প, সাধু অভিপ্রায়, সদিচ্ছা [দ্র ৬৭৪]।

বদ মতলব, কুমতলব, দুরভিসন্ধি, কুবুদ্ধি, অসৎ উদ্দেশ্য [দ্র ৫৪৮], অসদুদ্দেশ্য, দুর্বুদ্ধি [৩৭১], দুর্বাসনা।

বিণ· উদ্দিষ্ট, অন্বিষ্ট, অভীষ্ট, লক্ষ্য, অভিপ্রেত, অভিলষিত, বাঞ্ছিত [দ্র ৭১০], ঈপ্সিত, অভিসংহিত, লক্ষ্যীকৃত।

বিণ·/বি· উদ্দেশক, উদ্দেশকারী; অভিলাষী, অভিলাষুক, ইচ্ছুক [দ্র ২১২]।

মতাবলম্বী। মতবর্তী, মতানুবর্তী, পন্থী।

৩৯০ বিদ্যা

বি· বিদ্যা, বিদ্যত্ব, বিদ্যাবত্তা, বিচক্ষণতা [দ্র ৩৭১], শিক্ষা [দ্র ৩৯৬]।

জ্ঞান, প্রজ্ঞা, বোধি, সম্বোধি, বোধ, অনুভাব, ব্যুৎপত্তি, প্রবোধ, প্রমা, প্রতীতি, অববোধ, প্রতিভান, পরিজ্ঞান; মনীষা [৩৭১], মনীষিতা।

সম্যকজ্ঞান, প্রসঙ্খ্যান।

পাণ্ডিত্য, বৈদগ্ধ্য, বিজ্ঞতা, বিজ্ঞত্ব, বিদগ্ধতা, বৈদুষ্য, ব্যুৎপাদন, কৃতবিদ্যতা, প্রাজ্ঞতা; বুদ্ধিমত্তা [দ্র ৩৭১]; পণ্ডিতি, ভাটোয়ারি। বিচক্ষণতা [দ্র ৩৭১]।

বিদ্যাবল, জ্ঞানবল। জ্ঞানের আলো, জ্ঞানালোক, ধ্যানালোক। জ্ঞানচক্ষু; জ্ঞানাঞ্জন।

প্রতিভা, প্রৌঢ়ি।

বহুদর্শিতা, বহুজ্ঞতা, সর্বদর্শিতা।

অক্ষরজ্ঞান, সাক্ষরতা, অক্ষরপরিচয়।

পরমজ্ঞান, তত্ত্বজ্ঞান। আদ্যজ্ঞান, অভিজ্ঞা। বিশ্ববীক্ষা।

আত্মজ্ঞান [দ্র ২১১]; আত্মতত্ত্ব।

শিক্ষাদীক্ষা; জ্ঞানগম্যি, বোধভাষ্যি।

বোধোদয়, জ্ঞানোদয়, জ্ঞানোন্মেষ।

বিদ্যানুরাগ, বিদ্যোৎসাহিতা, বিদ্যাসক্তি; সমাপত্তি, জ্ঞানানন্দ, বোধানন্দ।

জ্ঞানতৃষ্ণা, জ্ঞানপিপাসা [৩৯৪], জ্ঞানলিপ্সা।

জ্ঞানসঞ্চার, জ্ঞানাভ্যাস [দ্র ৩৯১], জ্ঞানচর্চা।

দূরদৃষ্টি, দূরদর্শিতা [৩৪১]; ফলদর্শিতা।

অন্তর্দৃষ্টি; স্বচ্ছদৃষ্টি। রসবোধ।

জ্ঞানগৌরব, জ্ঞানগরিমা।

বিদ্বৎমণ্ডলী, বিদ্বৎসমাজ, সারস্বত সমাজ [দ্র ৪১৭]; পণ্ডিতসমাজ, বিদ্বজ্জন, বিদ্বদ্‌গোষ্ঠী, বিদ্বৎকুল।

বিণ·/বি· বিদ্বান, বিদ্যাবান, সবিদ্য, সুধী, কৃতবিদ্য, বিদ্যাস্ত; শিক্ষিত, অধ্যাপিত, সুশিক্ষিত [৩৩৭], সুবিদ, সুবিদ্য, অক্ষরমুখ। বিদুষী।

জ্ঞানী [৩৯৭], প্রাজ্ঞ, প্রজ্ঞাবান, সম্বুদ্ধ, প্রবুদ্ধ, অববুদ্ধ, উদ্বুদ্ধ, বুধ, বিবুধ, বিজ্ঞ, জ্ঞানবান, জ্ঞানবন্ত, জ্ঞানশালী, জ্ঞানাকর, জ্ঞানজ্যেষ্ঠ, জ্ঞাননিষ্ঠ, জ্ঞানালংকার, পণ্ডিত, সূর, সূরি, সূরী, ব্যুৎপন্ন, বিবুধান, ব্যুৎপাদিত, অধিবিদ্য, প্রেক্ষাবান, বাদি, খাঁ, মতিষ্ঠ, প্রজ্ঞী, বোদ্ধা, বুদ্ধ, বিপশ্চিত, বিদগ্ধ, উদ্বোধিত, জ্ঞানপ্রাপ্ত, দানেশমন্দ, ক্ষেত্রজ্ঞ, অন্তর্বাণি, আলিম, আলেম, উলমা।

মনীষী; প্রতিভাবান, প্রতিভাধারী, প্রাতিভ, প্রতিভাশালী।

বিচক্ষণ [দ্র ৩৭১]। বিশারদ [দ্র ৩৩৭], শাস্ত্রজ্ঞ [দ্র ৪২৩]।

বিদ্বৎকল্প, পণ্ডিতসদৃশ, পণ্ডিততুল্য।

অক্ষরজ্ঞানসম্পন্ন, সাক্ষর। স্বশিক্ষিত, আত্মশিক্ষিত।

তত্ত্বজ্ঞ, তত্ত্বজ্ঞানী, তাত্ত্বিক, সর্বানুভূতি, অশেষজ্ঞ, অশেষতত্ত্বজ্ঞ।

আত্মজ্ঞানী, আত্মবিৎ, আত্মজ্ঞ, আত্মতত্ত্বজ্ঞ, জ্ঞাননিধি, আত্মবেদী, বিদ্বত্তম; জ্ঞানবৃদ্ধ; সর্বজ্ঞ, সর্ববিদ্যাবিশারদ; সবজান্তা; দিগ্‌গজপণ্ডিত।

বিদ্যাসাগর, বিদ্যানিধি, বিদ্যাবিনোদ, বিদ্যাবিশারদ, বিদ্যাভূষণ, বিদ্যারত্ন, বিদ্যালংকার, বিদ্যাচুঞ্চু। কোবিদ।

বিদ্যানুরাগী, বিদ্যোৎসাহী, বিদ্যাসক্ত, বিদ্যাভিমানী, শিক্ষাভিমানী, বিদ্যার্থী [দ্র ৩৯১]।

দূরদর্শী, দূরদৃষ্টিসম্পন্ন, দীর্ঘদর্শী; বহুদর্শী, বহুজ্ঞ, বহুদর্শন, ফলদর্শী; সর্বদ্রষ্টা, সর্বদর্শী, বহুদৃষ্ট, বহুবেত্তা, বহুশ্রুত; দোষজ্ঞ। দেশকালজ্ঞ।

বিদ্যার্ণব, বিদ্যার জাহাজ; পণ্ডিতপ্রবর।

বিণ· জ্ঞানদায়ক, জ্ঞানদা [৩৯১], জ্ঞানগর্ভ, জ্ঞানপূর্ণ, ব্যুৎপাদক।

জ্ঞাতব্য, জ্ঞেয় [দ্র ৪০৪], উপলভ্য।

জ্ঞানজ, জ্ঞানোদ্ভূত।

পুঁথিগত, কেতাবি [দ্র ৪১৪]।

বি· দর্শন, দর্শনশাস্ত্র, জ্ঞানবাদ, ফিলসফি।

ষড়্‌দর্শন [সাঙ্খ্য, সমীক্ষ; পাতঞ্জল; ন্যায়; বৈশেষিক; মীমাংসা; বেদান্ত]। জৈমিনীয় দর্শন; কর্মমীমাংসা; পূর্বমীমাংসা। চার্বাক দর্শন।

বিণ·/বি· দার্শনিক, দর্শনশাস্ত্রজ্ঞ, ফিলসফার।

বি· বিজ্ঞান, সায়েন্স; ফলিত বিজ্ঞান। অর্থকরী বিদ্যা।

কলা, আর্টস, মানবিক বিদ্যা, হিউম্যানিটিজ্।

বিণ· বিজ্ঞানসম্মত, বৈজ্ঞানিক, সায়েন্টিফিক।

বিণ·/বি· বিজ্ঞানী, বিজ্ঞানবিৎ, বিজ্ঞান বিশারদ, বিজ্ঞানবেত্তা, বৈজ্ঞানিক।

বি· গণিত, গণিতশাস্ত্র, অঙ্ক, অঙ্কশাস্ত্র। মানসাঙ্ক।

পাটীগণিত; বীজগণিত, অ্যালজ্যাবরা; জ্যামিতি, ক্ষেত্রতত্ত্ব, জিয়োমেট্রি, ক্ষেত্রমিতি; ত্রিকোণমিতি, ট্রিগোনোমেট্রি; কনিকস্; কলন, ক্যালকুলাস; অবকলন; অন্তরকলন, ডিফারেনসিয়াল ক্যালকুলাস; সমাকলন, ইনটেগ্রাল ক্যালকুলাস; ব্যবকলন।

যোগ(ক), যোজন; যোগফল। বিয়োগ(ক), বিয়োজন; বিয়োগফল। গুণ, গুণন, পূরণ; গুণফল, গুণাবয়ব; গুণনীয়, গুণ্য; গুণনিকা; গুণক; গুণিত, গুণিতক। ভাগ(ক), বিভাজন; ভাজক; ভাজ্য; ভাগফল; ভাগশেষ। ত্রৈরাশিক।

বিণ· গাণিতিক।

বিণ·/বি· গণিতজ্ঞ, গণিতশাস্ত্রবিদ্। অঙ্কবিদ, আঙ্কিক।

বি· নয়জ্ঞান [রাজনীতি; সমাজনীতি; ধর্মনীতি]।

৩৯১ অধ্যয়ন

বি· অধ্যয়ন(ক), অধীতি, এডুকেশন ; জ্ঞানার্জন(ক) ; পড়া-, পাঠ(ক) [১০৬], পাঠাভ্যাস(ক); শিক্ষণ, শিক্ষা(ক), শেখা- ; বিদ্যাশিক্ষা(ক), বিদ্যাভ্যাস(ক), পঠন, পঠনপাঠন, প্রাধ্যয়ন, জ্ঞানাভ্যাস(ক), পড়াশোনা(ক), লেখাপড়া(ক) ; এডুকেশন ; বিদ্যালাভ(ক), বিদ্যার্জন(ক) ; দীক্ষা ; অধিগম, অধ্যায়, অধিগমন(ক), আয়ত্ত করা-। মুখস্থ করা-, কণ্ঠস্থ(ক)।

চর্চা(ক) [দ্র ৩৩৬]।

তালিম(নে), ট্রেনিং(নে), কোচিং(নে) [৩৯৪]।

শিক্ষানবিশি, নবিশি। শিষ্যত্ব(নে, গ্রহণ ক), ছাত্রত্ব, শাগরেদি, চেলাগিরি। নাড়া বাঁধা-।

শিক্ষারম্ভ(ক), বিদ্যারম্ভ, হাতে খড়ি।

পড়া দেওয়া- ; পড়া পারা-।

ছাত্র, ছাত্রী, শিক্ষার্থী, শিক্ষার্থিনী, বিদ্যার্থী, বিদ্যার্থিনী, অধীয়ান, অধ্যয়নকারী, অধীতী, অধ্যায়ী, অধ্যেতা, পাঠার্থী, পড়ুয়া, পোড়ো, বিদ্যাভ্যাসী ; জ্ঞানার্থী, শিশিক্ষু।

শিষ্য, শিষ্যা, চেলা, শাগরেদ, শাহারিদ, উপপুত্র, উত্তরসাধক, অন্তেবাসী ; প্রশিষ্য, উপশিষ্য, অনুশিষ্য। অনুগামী, পন্থী।

শিক্ষানবিশ, নবিশ, অ্যাপ্রেন্টিস, ট্রেনি।

ছাত্রজীবন, ছাত্রদশা, ছাত্রাবস্থা, পঠদ্দশা, পাঠ্যাবস্থা, পাঠ্যজীবন ; স্কুলজীবন ; কলেজজীবন। স্কুলের ছেলে, স্কুলছাত্র। কলেজের ছাত্র, কলেজছাত্র।

ছাত্রাবাস [দ্র ১৮৯]।

সহপাঠী, একপাঠী, সমপাঠী, সহাধ্যায়ী, সমাধ্যায়ী, সমানধ্যায়, ক্লাসফ্রেন্ড, ক্লাসমেট ; সতীর্থ, একগুরু, একতীর্থ, একতীর্থী।

ভালোছাত্র, ভালোছেলে, মেধাবীছাত্র। খারাপছাত্র, খারাপছেলে ; কুশিষ্য, অশিষ্য।

বিণ· পঠিত, কৃতপাঠ, অধীত ; অধিগত, আয়ত্ত ; জ্ঞাত।

মুখস্থ(ক), কণ্ঠস্থ(ক)।

পাঠ্য, পঠনীয়, পঠিতব্য, অনুধেয়, অনুধ্যেয়, অধিগম্য, অভিগম্য, অনুধাবনযোগ্য ; ধ্যেয়।

সুপাঠ্য, সুখপাঠ্য, পাঠসুখকর। শিশুপাঠ্য ; বয়স্কপাঠ্য।

শিক্ষণীয়, শিক্ষ্য। দীক্ষণীয়।

জ্ঞাতব্য, জ্ঞেয় [দ্র ৪০৪]।

শিক্ষামূলক, শিক্ষাপ্রদ, শিক্ষাদায়ক, জ্ঞানদায়ক, জ্ঞানদ [৩৯০], জ্ঞানপূর্ণ, জ্ঞানগর্ভ। শিক্ষাসংক্রান্ত, অ্যাকাডেমিক।

শিক্ষাগত।

বিণ·/বি· শিক্ষিত [দ্র ৩৯০], শিক্ষাপ্রাপ্ত। দীক্ষিত, দীক্ষাপ্রাপ্ত। উচ্চশিক্ষিত।

অধ্যয়নরত, অধ্যয়নশীল, অধ্যয়ননিরত, অধ্যয়নার্থী, অধীয়মান, পাঠরত, পাঠশীল, পঠ্যমান ; পড়ুয়া।

পাঠক [দ্র ৪১৪]।

বি· প্রাথমিক শিক্ষা, বুনিয়াদি শিক্ষা ; মাধ্যমিক শিক্ষা ; কলেজি শিক্ষা, উচ্চশিক্ষা ; সাধারণ শিক্ষা ; বৃত্তিমূলক শিক্ষা ;

হাতে কলমে শিক্ষা, প্রত্যক্ষজ্ঞান। পরোক্ষজ্ঞান।

শিক্ষা বিভাগ ; শিক্ষার সুযোগ, শিক্ষার অধিকার।

জনশিক্ষা ; বয়স্কশিক্ষা। নিরক্ষরতা দূরীকরণ।

শিক্ষাকেন্দ্র [দ্র ৩৯৫]।

শিক্ষার মাধ্যম, শিক্ষামাধ্যম।

পাঠ্যপুস্তক, পাঠ্যগ্রন্থ, টেক্সট বই ; পাঠ্যসূচি, সিলেবাস, পাঠ্যক্রম, পাঠক্রম, শিক্ষাক্রম ; পাঠ্যতালিকা।

ক্রি-বিণ· সশিষ্য। শিষ্যপরম্পরায়।

৩৯২ অনধ্যয়ন

বি· অনধ্যয়ন, অনধ্যায় ; না পড়া- ; পাঠাভাব, অধ্যয়নাভাব।

লেখাপড়ার পাট চোকানো-, পড়াশোনায় ইতি দেওয়া- ; স্কুল পালানো-।

বিণ· অপঠিত, অনধীত ; অপড়া ; অনায়ত্ত।

৩৯৩ অশিক্ষা

বি· অশিক্ষা, শিক্ষাভাব, জ্ঞানাভাব ; অজ্ঞতা, অজ্ঞত্ব [দ্র ৩৭২], অজ্ঞানতা ; অজ্ঞানতিমির, অজ্ঞানের অন্ধকার ; মূঢ়তা, মূঢ়ত্ব [দ্র ৩৭২] ; অবিজ্ঞতা, ব্যামোহ, নির্বুদ্ধিতা।

মূর্খতা, [৩৭২, ৩৯৮], মূর্খামি, মূর্খত্ব।

নিরক্ষরতা, অক্ষরজ্ঞানহীনতা, অক্ষরপরিচয়শূন্যতা, অসাক্ষরতা।

অল্পবিদ্যা, অগভীর বিদ্যা।

কুশিক্ষা, মন্দশিক্ষা, অপশিক্ষা ; অসৎশিক্ষা ; ভ্রান্তশিক্ষা, ভুলশিক্ষা ; ভ্রান্তোপদেশ।

অনভিজ্ঞতা [দ্র ৩৩৯]। অদক্ষতা [দ্র ৩৩৯]।

অল্পবিদ্যা ভয়ংকরী। বিদ্যা ফলানো-, পণ্ডিতি(ক)।

দুর্ব্যাখ্যা(ক), কুব্যাখ্যা, ভুল বোঝানো- ; গুলিয়ে দেওয়া-, তালগোল পাকানো-। ভ্রান্তপথে চালানো-, ধূম্রজাল রচনা(ক)।

বিণ· অশিক্ষাপ্রসূত ; অজ্ঞতাপ্রসূত ; অজ্ঞতামূলক ; অবিজ্ঞতাপ্রসূত ; নির্বুদ্ধিতামূলক।

কুশিক্ষামূলক।

বিণ·/বি· অশিক্ষিত, অপ্রাপ্তশিক্ষা, অজ্ঞ [দ্র ৩৯৮], জ্ঞানহীন, অজ্ঞানী, জ্ঞানশূন্য, অচিৎ, অসংবিদান, অজ্ঞান, বিদ্যাহীন ; মূর্খ, আকাটমূর্খ, গণ্ডমূর্খ, মুখ্যু, মূঢ়, আকাট, নির্বোধ [দ্র ৩৭২] ; অবিজ্ঞ, অপণ্ডিত, অব্যুৎপন্ন, অকোবিদ, অবিদগ্ধ, অবিদ্বান, অপ্রাজ্ঞ, অবিপশ্চিত।

নিরক্ষর, অনক্ষর, বর্ণপরিচয়হীন, অক্ষরপরিচয়হীন, অক্ষরজ্ঞানহীন, অসাক্ষর। ক অক্ষর গোমাংস।

অনুপদিষ্ট।

অজ্ঞানতিমিরাচ্ছন্ন, অজ্ঞানতিমিরান্ধ।

পণ্ডিতম্মন্য, পণ্ডিতমানী।

অবোদ্ধা [দ্র ৩৭২]। পণ্ডিতমূর্খ।

অল্পবিদ্য, অল্পজ্ঞ, অল্পশিক্ষিত, অর্ধশিক্ষিত ; নব্যসাক্ষর, নবসাক্ষর ; খুঁট আখরিয়া ; অবহুজ্ঞ।

৩৯৪ শিক্ষণ

বি· শিক্ষণ, শেখানো-, শিক্ষাদান(ক), শিক্ষা দেওয়া-, তালিম(দে), প্রশিক্ষণ(দে), শেখানো পড়ানো-, কোচিং(দে), ট্রেনিং(দে) [৩৯১]।

দীক্ষা(দে) [৩৯১]।

বিদ্যাদান(ক), জ্ঞানদান(ক), জ্ঞানসঞ্চার(ক)। উপদেশ [দ্র ২৮৩]।

পড়ানো-, পাঠন।

শিক্ষকতা(ক), মাস্টারি(ক); অধ্যাপন, অধ্যাপনা(ক), বিনয়ন; অধ্যক্ষতা, অধ্যক্ষত্ব; গুরুগিরি(ক); পণ্ডিতি(ক)।

গৃহশিক্ষকতা(ক), টিউশনি(ক); বাড়িতে পড়ানো-; প্রাইভেট পড়ানো-।

শিক্ষালাভ(ক), শেখা-, শিক্ষা করা-, শিক্ষাপ্রাপ্তি; বিদ্যালাভ(ক), বিদ্যার্জন(ক), বিদ্যোপার্জন(ক), জ্ঞানার্জন(ক), জ্ঞানলাভ(ক), বিদ্যাভ্যাস(ক), বিদ্যাশিক্ষা(ক), বিদ্যানুশীলন(ক), বিদ্যাচর্চা(ক), জ্ঞানানুশীলন(ক), জ্ঞানচর্চা(ক); জ্ঞানপিপাসা [দ্র ৩৯০]। চোখ খুলে যাওয়া-; ঠেকে শেখা-, দেখে শেখা-।

বিদ্যাবিস্তার(ক), শিক্ষাবিস্তার(ক), শিক্ষাপ্রসার(ক), জ্ঞানবিস্তার(ক)।

শিক্ষাপ্রণালী, শিক্ষাবিধি। পাঠনরীতি, পড়ানোর ধরন।

বিণ· শিক্ষামূলক, শিক্ষাসংক্রান্ত [দ্র ৩৯১]; শিক্ষাপ্রদ।

শিক্ষণীয়, শিক্ষোপযোগী; দীক্ষণীয়।

বিণ·/বি· শিক্ষক, শিক্ষাগুরু, শিক্ষাদাতা, শিক্ষয়িতা, শিক্ষয়িত্রী, শিক্ষিকা; মাস্টার, মাস্টারমশাই, টিচার; মাস্টারনী।

গুরু, শিক্ষাগুরু, গুরুমশাই; আচার্য; মহাগুরু। আচার্যা, আচার্যাণী। গুর্বী, গুর্বঙ্গনা, গুরুপত্নী, গুরুমা।

অধ্যাপক; অধ্যাপিকা, অধ্যাপয়িতা; লেকচারার; প্রফেসার; রিডার।

অধ্যক্ষ, প্রিন্সিপাল, অধ্যক্ষা; উপাধ্যক্ষ, ভাইসপ্রিন্সিপাল। রেক্টর; উপাচার্য, ভাইসচ্যান্সেলর; চ্যান্সেলর, আচার্য।

মৌলভি, মুনশি, মখদম; মৌলানা।

বিদ্যাদাতা, বিনেতা, জ্ঞানদাতা, জ্ঞানদা, জ্ঞানদায়ক।

পণ্ডিত, ভট্টারক, উপাধ্যায়; উপদেষ্টা [দ্র ২৮৩]। হেডপণ্ডিত; টুলো পণ্ডিত।

দীক্ষাগুরু, দীক্ষক, দীক্ষাদাতা।

শিক্ষাব্রতী, শিক্ষাবিদ, শিক্ষাবেত্তা; গুণী, জ্ঞানী [দ্র ৩৯০]।

শিক্ষিত [দ্র ৩৯০]।

গৃহশিক্ষক, প্রাইভেট টিউটর, টিউটর।

তালিমপ্রাপ্ত, তালিমি, ট্রেইন্‌ড্‌।

প্রধানশিক্ষক, হেডমাস্টার; প্রধানা শিক্ষিকা, প্রধানা শিক্ষয়িত্রী, হেডমিস্ট্রেস। সহশিক্ষক; সহশিক্ষিকা।

ছাত্র [দ্র ৩৯১]।

৩৯৫ বিদ্যালয়

বি· স্কুল, ইস্কুল, বিদ্যালয়, বিদ্যায়তন; বিদ্যানিকেতন, বিদ্যাস্থান, বিদ্যাপীঠ, বিদ্যাকেন্দ্র, বিদ্যামন্দির, বিদ্যাভবন, পাঠমন্দির, পাঠভবন, বাণীমন্দির, শিক্ষাকেন্দ্র, শিক্ষালয়, শিক্ষাগার, শিক্ষায়তন, শিক্ষানিকেতন; শিক্ষণকেন্দ্র, ইনস্টিটিউট; পাঠশালা, পাঠশাল।

গুরুগৃহ; চতুষ্পাঠী, চৌপাড়, চৌবাটী, চৌপাঠি, চৌবাড়ি; টোল।

মাদ্রাসা, মক্তব, হাই মাদ্রাসা।

প্রাথমিক বিদ্যালয়, প্রাইমারি স্কুল; নার্সারি; মন্টেসারি, কিন্ডারগার্টেন; নিম্নপ্রাথমিক বিদ্যালয়; বুনিয়াদি বিদ্যালয়; বেসিক স্কুল। মাধ্যমিক বিদ্যালয়, সেকন্ডারি স্কুল; উচ্চমাধ্যমিক বিদ্যালয়, হায়ার সেকন্ডারি স্কুল। উচ্চবিদ্যালয়, উচ্চশিক্ষালয়; কলেজ, মহাবিদ্যালয়। বিশ্ববিদ্যালয়, ইউনিভারসিটি।

বিদ্যাশ্রম, আবাসিক বিদ্যালয়, বোর্ডিং স্কুল।

পাবলিক স্কুল।

ডিগ্রি কলেজ। ডিপ্লোমা স্কুল।

কারিগরি বিদ্যালয়, টেকনিক্যাল কলেজ, টেকনিক্যাল স্কুল, পলিটেকনিক; ইঞ্জিনিয়ারিং কলেজ।

ডাক্তারি কলেজ; মেডিকাল কলেজ।

শিল্প বিদ্যালয়; আর্ট কলেজ, চারুকলা মহাবিদ্যালয়; কারু শিক্ষালয়।

ডিগ্রি, ডিপ্লোমা; সার্টিফিকেট, উপাধিপত্র, অভিধাপত্র; অভিজ্ঞানপত্র; স্বীকৃতিপত্র।

ক্লাস, শ্রেণী; উঁচুক্লাস, উচ্চশ্রেণী; নিচুক্লাস, নিম্নশ্রেণী। ক্লাসঘর, ক্লাসরুম, শ্রেণীকক্ষ।

পরীক্ষা [বার্ষিক, অ্যানুয়াল; ষাণ্মাসিক, হাফইয়ারলি; সাপ্তাহিক; টারমিনাল; ফাইনাল; টেস্ট]। ভর্তির পরীক্ষা, প্রবেশিকা পরীক্ষা, প্রাবেশিক, অ্যাডমিশন টেস্ট। মৌখিক পরীক্ষা, ওরাল পরীক্ষা, ভাইভাভোসি; ইন্টারভিউ, সাক্ষাৎকার। লিখিত পরীক্ষা।

পরীক্ষাকেন্দ্র, পরীক্ষার হল, পরীক্ষাকক্ষ। অ্যাডমিটকার্ড। প্রশ্নপত্র [৩৮১], কোশ্চেনপেপার। প্রশ্নকর্তা, পেপারসেটার।

পরীক্ষার খাতা। খাতা দেখা-। নম্বর, মার্কস। পূর্ণমান, ফুল মার্কস, ফুলনম্বর। পাশনম্বর।

ট্যাবুলেশন; স্ক্রুটিনি। পরীক্ষার ফল, রেজাল্ট।

পরীক্ষার্থী।

পরীক্ষক, একজামিনার; প্রধান পরীক্ষক, হেড একজামিনার। ইনভিজিলেটার, নজরদার, গার্ড।

পাশ(ক), কৃতকার্য হওয়া-। ফেল(ক), অসফল(হ), অকৃতকার্য(হ)।

সমাবর্তন, কনভোকেশন; সমাবর্তন উৎসব; উপাধিবিতরণ সভা; বিদ্যোদ্বোধন সভা।

শিক্ষক [দ্র ৩৯৪]।

বিণ· স্নাতক, গ্র্যাজুয়েট; প্রাকস্নাতক; উত্তরস্নাতক, স্নাতকোত্তর, পোস্ট গ্র্যাজুয়েট। ডক্টরেট।

পরীক্ষণীয়।

বিণ·/বি· পরীক্ষোত্তীর্ণ। ডিগ্রিধারী, উপাধিধারী।

৩৯৬ বোঝা

বি· বোঝা-, বুঝা-, বুঝতে পারা-, হৃদয়ঙ্গম(ক), উপলব্ধি(ক), অনুভব(ক), অনুধাবন(ক), মাথায় ঢোকা-, অধিগম(ক), অধিগমন(ক); ধারণা(ক), প্রতীতি; জানা [দ্র ৩৯৭];

টের(পা), মালুম(হ), ঠাহর(ক), ঠাওরানো-। বোধোদয়(হ); জল হওয়া-।

বোঝানো-, বুঝানো-, মাথায় ঢোকানো-, সমঝানো-, বুঝিয়ে দেওয়া-; বোধন।

অবধান(ক), প্রণিধান(ক), মনোনিবেশ(ক), অভিনিবেশ(ক) [দ্র ৩৪৩]।

শেখা-, শিক্ষা(ক) [দ্র ৩৯৪]। অধ্যবসায়, অনুশীলন(ক) [দ্র ৩৩৬]।

দন্তস্ফুট করা-, দাঁত ফোটানো-।

বোধগম্যতা, সহজবোধ্যতা, সুবোধ্যতা, প্রাঞ্জলতা [৩৫১], অনায়াসগম্যতা, অনায়াসবোধ্যতা।

বিণ·/বি· বোদ্ধা [দ্র ৩৭১, ৪২৭]; সমঝদার, রসিক, রসিকজন, রসজ্ঞ। বোধিত।

বোধক, বোধয়িতা। বোধিকা।

বিণ· বোধগম্য, বোধ্য, বোধিতব্য।

সুবোধ্য, সহজবোধ্য, সহজগম্য; জলের মতো।

৩৯৭ জানা

বি· জানা- [৩৯৬], অবগতি, ধারণা(ক); খোঁজ রাখা-, খোঁজ খবর রাখা-; বোঝা- [দ্র ৩৯৬]।

চেনা-, পরিচয় [দ্র ৬০১], পরিচিতি, চেনাপরিচয়।

টের(পা), ঠাহর(ক), উপলব্ধি, বোধ, অনুভব [দ্র ৫১]।

খবর রাখা-, সংবাদ রাখা-, সংবাদপ্রাপ্তি।

জানানো-, জ্ঞাপন(ক), খবর দেওয়া-, অবহিত করা-, জ্ঞাতকরণ, জ্ঞাত করা-, বিদিতকরণ, অনুবেদন, প্রতিবেদন, রিপোর্টিং, প্রচার(ক) [দ্র ৪০৪]। কানে তোলা-, লাগানো-।

দৌত্য, দূতগিরি, দূতবৃত্তি, দৌত্যকার্য, দূত্য, দূতীয়ালি।

বিণ· অবগত(হ, থাকা-), অধিগত, জ্ঞাত, উপলব্ধ, স্বোপলব্ধ, অবহিত, বিদিত, বিজ্ঞাত, পরিজ্ঞাত; সুবিদিত, সংবিদিত, সুপ্রতীত, সুবিজ্ঞাত, সুপরিজ্ঞাত, জ্ঞাপিত, বেদিত, প্রচেতিত, জ্ঞানকৃত।

জ্ঞাতসার, জ্ঞানগোচর।

পরিচিত [দ্র ৬০১], জানাশোনা, চেনাশোনা, জানাচেনা।

পরিচেয়।

পরিচায়ক, জ্ঞাপক।

জ্ঞেয়, উপলভ্য, জ্ঞাতব্য, বেদিতব্য, বেদ্য, বেদনীয়, ধেয়, বিজ্ঞেয়, সুবিজ্ঞেয়।

জ্ঞাপনীয়, জ্ঞাপনযোগ্য; নিবেদ্য, নিবেদনযোগ্য।

বিণ·/বি· ওয়াকিবহাল; জ্ঞানী [দ্র ৩৯০]। জ্ঞাতা, জান্তা, জানকার, প্রাপ্তজ্ঞান।

সবজান্তা [দ্র ৩৯০]।

ক্রি-বিণ· জ্ঞানত, জ্ঞাতসারে, সজ্ঞানে, জেনেশুনে, জ্ঞানে, জ্ঞানপূর্বক, জানত, জান্তে।

৩৯৮ না জানা

বি· না জানা-, অন্ধকারে থাকা-, জানা না থাকা-, অনবধান, অনবধানতা [৩৪২], অজ্ঞতা [দ্র ৩৯৩], অজ্ঞত্ব। অনভিজ্ঞতা [দ্র ৩৩৯]।

মূর্খতা [দ্র ৩৭২]।

অজ্ঞেয়তা, অপরিজ্ঞেয়তা, অবিজ্ঞেয়তা; অনধিগম্যতা, অবেদ্যতা, অবোধ্যতা, দুর্জ্ঞেয়তা [৩৫২], দুর্বোধ্যতা, দুরধিগম্যতা।

অপরিচয় [দ্র ৬০২], অপরিচিতি, পরিচয়াভাব; অপরিজ্ঞান।

না জানানো-, অপ্রচার।

কমজানা-, অল্পজানা-, স্বল্পজ্ঞান, অল্পজ্ঞান, ভাসা ভাসা জ্ঞান, ওপর ওপর জানা-, পল্লবগ্রাহিতা।

অপ্রসিদ্ধি [দ্র ৩৪৯]। গোপনতা [দ্র ৫১৭]।

বিণ· অপরিচিত [৩৮৭], অপরিজ্ঞাত, অজানা, অবিজ্ঞাত, অচেনা, অচিন; অজানিত, অজ্ঞাত, অনবগত, অবিদিত, অপ্রচারিত, অপ্রকাশিত, অজ্ঞাতপূর্ব; অনধিগত; অন্তর্গূঢ়; অজ্ঞান।

অজ্ঞ [৩৯৩, ৩৭৮]।

নতুন [দ্র ১৫২]। আশ্চর্য [দ্র ৩৭৯], গোপন [দ্র ৫১৭]।

অজ্ঞেয়, অপরিজ্ঞেয়, জ্ঞানাতীত, অনধিগম্য, অবেদ্য, অবেদনীয়, অবোধ্য, অবিজ্ঞেয়; দুর্বোধ, দুর্বোধ্য [দ্র ৩৫২], দুরবগাহ, দুরধিগম্য।

অজ্ঞতামূলক, অজ্ঞতাপ্রসূত, অনবধানতাপ্রসূত।

পল্লবগ্রাহী। অনভিজ্ঞ [দ্র ৩৩৯]।

ক্রি-বিণ· অজান্তে, অজ্ঞাতে, অজ্ঞাতসারে, না জেনে, অজানত [৫১৭], অজ্ঞাতসারে, না জেনেশুনে, না বুঝে, বুঝতে না পেরে; আন্দাজে।

৩৯৯ তাৎপর্য

বি· মানে, অর্থ, তাৎপর্য, মর্ম, মর্মকথা, যাথার্থ্য; সারবত্তা, সার, অন্তঃসার, সারাংশ, সারমর্ম, সারত্ব, সারবস্তু; বস্তু, পদার্থ, শাঁস, তথ্য, নির্যাস।

গূঢ়ার্থ, মর্মার্থ, নিগূঢ়ার্থ, নির্গলিতার্থ, নিষ্কর্ষ, ভাবার্থ।

সংজ্ঞার্থ; লক্ষ্যার্থ; ব্যঞ্জনার্থ; বাচ্যার্থ; ব্যঙ্গার্থ।

দ্যোতনা, ব্যঞ্জনা।

শব্দার্থ; বিভিন্নার্থ, নানার্থ, বিবিধার্থ।

ব্যাখ্যা(ক) [৩৭৬, ৪০৪], ব্যাখ্যান, টীকা, ভাষ্য, টীকাভাষ্য। পাদটীকা।

প্রতিশব্দ, পর্যায়শব্দ, সমশব্দ, সমার্থশব্দ, সমার্থকশব্দ; যথাশব্দ।

বিপরীতার্থক শব্দ, বিপরীত শব্দ।

বোধগম্যতা, সুবোধ্যতা [দ্র ৩৯৬]; বিশদতা; স্ফুটতা, প্রকটতা।

বোঝা- [দ্র ৩৯৬]।

অর্থবোধ [৩৭১], অর্থনির্ধারণ, অর্থনিরূপণ(ক), অর্থগ্রহ।

বিশ্লেষণ, বিশ্লেষ; সারোদ্ধার(ক), মর্মোদ্ধার(ক), মর্মোদ্ভেদ, মর্মোদ্ঘাটন(ক); সূত্রবিবৃতি; বিবরণ [দ্র ১০৭]।

মর্মগ্রহণ(ক), হৃদয়ংগম(ক), মর্মগ্রাহিতা; সারগ্রাহিতা।

ব্যক্তকরণ, প্রকাশন, প্রকাশ(ক), প্রকটন, ভাবব্যক্তি, ভাবপ্রকাশ(ক)।

পরিষ্কার করা-, জল হওয়া-, বিশদীকরণ, বিশদ করা-, স্পষ্টীকরণ; খুলে বলা-।

অর্থান্তর, অর্থভেদ, অর্থবৈলক্ষণ্য, মানে বদল, অভিপ্রায় ভেদ, অন্য অর্থ, অপরার্থ, ভিন্নার্থ; ফলিতার্থ।

অর্থবিরোধ, অর্থবৈকল্প, কথার ফাঁকি।

মানেবই, অর্থপুস্তক; বোধিকা, বোধিনী, নোটবই [৪১৪]।

অভিধান [দ্র ৪১৪], শব্দকোষ, কোষ, শব্দাভিধান।

বিণ· ব্যাখ্যাত, বিশ্লেষিত; স্পষ্টীকৃত; ব্যঞ্জিত; সূচিত।

বিবৃত [দ্র ১০৭]।

বিশদ, প্রকট; প্রকটিত, প্রকাশিত, ব্যক্তীকৃত।

ব্যাখ্যেয়, বর্ণনীয়।

ভাবদ্যোতক, ভাবসূচক, ভাববোধক, ভাবাত্মক [৪২৪]।

ব্যঞ্জক, দ্যোতক, সূচক, বোধক, প্রকাশক।

অর্থপূর্ণ, অর্থবাহী, অর্থ্য, অর্থবহ, অর্থব্যঞ্জক, অর্থানুগত, অন্বর্থ, তাৎপর্যপূর্ণ, অর্থবোধক, অর্থদ্যোতক, অর্থজ্ঞাপক, অর্থযুক্ত, সদর্থক। সারগর্ভ, সারবান; তথ্যবাহী।

সটীক, ব্যাখ্যাযুক্ত, টীকাযুক্ত; ব্যাখ্যেয়।

বোধগম্য, প্রাঞ্জল, সুবোধ্য [দ্র ৩৯৬]।

যথার্থ, প্রকৃতার্থ, আসল, প্রকৃত [দ্র ৫৫৮]।

গূঢ়, অন্তর্নিহিত, অন্তর্ব্যাপ্ত, কূটস্থ।

সমার্থ, সমার্থক, সমার্থবোধক, একার্থ, একার্থবোধক, **ঐক**, একার্থক। **নানার্থক, বহুর্থ। দ্ব্যর্থক, দ্ব্যর্থ।**

বিপরীতার্থক, উলটো।

বিণ·/বি· ব্যাখ্যাতা, ব্যাখ্যাকার, টীকাকার, ভাষ্যকার, বিশ্লেষক, সূত্রার্থপ্রকাশক।

অর্থবিদ, শব্দার্থজ্ঞ, অর্থজ্ঞ, অর্থবেত্তা।

অব্য· অর্থাৎ।

ক্রি-বিণ· অর্থান্তরে, অন্যার্থে, ভিন্নার্থে।

৪০০ অর্থহীনতা

বি· অর্থহীনতা, অর্থশূন্যতা, অযাথার্থ্য।

দুরধিগম্যতা, দুর্বোধ্যতা; কঠিনতা; কটমটি; কূটার্থ; গুপ্তঅর্থ। অর্থসংকট, মানেবিভ্রাট। জটিলতা; ব্যাসকূট।

অসম্বদ্ধতা, অসংলগ্নতা, পারম্পর্যহীনতা, সংগতিশূন্যতা। অন্তঃসারশূন্যতা।

কদর্থ(ক), কদর্থন; ভুল ব্যাখ্যা, ভ্রান্তব্যাখ্যা; দ্ব্যর্থ। ভুল বোঝা-, উলটা বুঝলি রাম।

বিণ· অর্থহীন, অর্থশূন্য, অনর্থক, অনর্থ, তাৎপর্যহীন, তাৎপর্যশূন্য, সংগতিহীন, অসংগত।

ফালতু, আজেবাজে, হিজিবিজি, আবোলতাবোল।

অন্তঃসারশূন্য, জোলো।

দুর্বোধ্য [৩৫২, ৩৯৮], দুরধিগম্য, অবোধ্য, দুর্বোধ, দুরবগাহ; কষ্টবোধ্য; দুর্জ্ঞেয়, দুরভিগ্রহ, গুর্বর্থ, ধোঁয়াটে; জটিল; খটমট, কটমট, কটমটে; কূট, কূটকচালে; ঘোরপ্যাঁচওয়ালা, প্যাঁচালো; প্যাঁচোয়া; কঠিন; নীরস। দুষ্পাঠ্য, অপাঠ্য, দুরধ্যয়।

কদর্থিত, কদর্থীকৃত।

দ্ব্যর্থক।

৪০১ স্মৃতি

বি· স্মৃতি, স্মরণ(ক), মনে রাখা-, মনে থাকা-, স্মর, স্মরা-, সংস্মৃতি, অনুস্মরণ, না ভোলা-, অবিস্মরণ, অবিস্মৃতি, আধ্যান, অনুধ্যান, অনুস্মৃতি, ধ্যান, খেয়াল(ক), ইয়াদ, মাথায় রাখা-।

স্মরণশক্তি, স্মৃতিশক্তি, মনে রাখার ক্ষমতা।

মনে করা-, মনে আনা-, স্মরণে আনা-, মনে আসা-; হুঁশ(হ), টনক(নড়া-); মাথায় থাকা-। কানে লেগে থাকা-।

মনে করানো-; তাগাদ(দে) [১৪০]। স্মৃতিচিহ্ন; স্মৃতিস্তম্ভ; স্মৃতিপ্রস্তর, স্মৃতিফলক, স্মৃতিপট্ট, স্মৃতিপট, স্মরণচিহ্ন; স্মৃতিমন্দির; সমাধিমন্দির, সমাধিস্তম্ভ [৫৭]।

স্মৃতিরক্ষা(ক)।

স্মৃতিকথা, স্মৃতিচারণ, স্মৃতিচারণা, স্মৃতিরোমন্থন(ক)।

স্মৃতি থেকে উদ্ধার(ক); মুখস্থ বলা-।

বিণ· স্মরণীয়, স্মরণযোগ্য, স্মার্ত, স্মর্তব্য, স্মরণার্থ, ইয়াদদাস্ত, ধ্যাতব্য, স্মারণিক, স্মরণার্হ।

স্মারিত, ধ্যাত, অবিস্মৃত। অবিস্মরণীয়। স্মৃত। মুখস্থ, কণ্ঠস্থ, স্মৃতিগত; কণ্ঠাগত।

স্মরণিক, স্মারক।

বিণ·/বি· স্মরণকারী।

শ্রুতিধর, শ্রুতধর।

জাতিস্মর।

৪০২ বিস্মৃতি

বি· বিস্মৃতি, বিস্মরণ [৫৬২], অস্মৃতি, অস্মরণ, ভ্রম, ভোলা-, ভুলে যাওয়া-, বিসরণ, ভ্রান্তি, মনে না থাকা-; স্মৃতিভ্রংশ, স্মৃতিবিভ্রম, স্মৃতিলোপ, স্মৃতিহানি; ভুলুনি, ভুলানো-, ভোলানো-, পাসরণ, পাসর।

আত্মবিস্মরণ, আত্মবিস্মৃতি।

ভুলে মেরে দেওয়া-, মাথায় না রাখা-।

বিণ· বিস্মৃত, অস্মৃত, বিসরিত, স্মৃতিভ্রষ্ট; অকণ্ঠস্থ; ভ্রান্ত। আত্মবিস্মৃত।

বিস্মরণীয়, অস্মরণীয়।

বিণ·/বি· ভুলো, আপনভোলা, মনভোলা, আত্মভোলা, বেখেয়াল, বেখেয়ালি।

ক্রি-বিণ· ভুলে, ভ্রমবশতঃ, ভ্রান্তিবশতঃ; ভ্রমহেতু।

৪০৩ বিবরণ

বি· বিবরণ(দে) [১০৭], বিবরণী, বর্ণনা(ক, দে) [১০৭]; বয়ান, হকিকত; ভাষ্য, বিবৃতি [দ্র ১০৭]। বর্ণন, রূপণ।

কার্যবিবরণী। ভাষ্য, ধারাভাষ্য [দ্র ৪০৪, ১০৭]।

বিশদ বিবরণ, বিশদ বর্ণনা, বর্ণনাপত্র।

ফেনানো-, রং চড়ানো-, রং ফলানো-, ফোলানো-, ফাঁপানো-, বাড়ানো-, বাড়িয়ে বলা-। খুলে বলা-।

সংক্ষিপ্ত বর্ণনা, সংক্ষেপ, উৎসংক্ষেপ, সংক্ষিপ্তসার, সারসংক্ষেপ, চুম্বক। রেখে ঢেকে বলা-।

বিণ· বিবৃত [দ্র ১০৭], রূপিত।

বর্ণনীয়, বর্ণ্য।

বিণ·/বি· বর্ণনাকারী [দ্র ১০৬]।

ক্রি-বিণ· ইনিয়ে বিনিয়ে ; বিশদে ; বড় করে, ফলিয়ে, ফলাও করে, রং চড়িয়ে, ফুলিয়ে ফাঁপিয়ে।
[বিপ·] সংক্ষেপে, সংক্ষিপ্তভাবে, ছোট করে।

৪০৪ জ্ঞাপন

বি· জানানো-, জ্ঞাপন(ক), অবগত করা-, বিবোধন, অবহিত করা-, জ্ঞাত করা-, সূচন, প্রজ্ঞাপন।

রটনা(ক), রটন, রটা ; রটানো-, রাষ্ট্র করা-, চাউড়(ক), বলাবলি(ক), কর্ণান্তর(ক), পাঁচকান করা-, বলে বেড়ানো-, জানাজানি(হ), কানাকানি(ক) [দ্র ৪০৬], কর্ণোপকর্ণিতা, কানাঘুষো(ক), ছড়ানো-, কথা চালাচালি(ক) [১০৮], হাওয়ায় রটা-, লোক জানাজানি(ক), রব ওঠা-, মুখে মুখে ফেরা-। টিটিকার, টি টি পড়া-, নিন্দারটা- [দ্র ৩৪৯]।

প্রচার(ক) [২৭৯], প্রচার করণ, অনুকীর্তন, প্রচারণ, প্রচারণা, পাবলিসিটি ; সম্প্রচার, সম্প্রসারণ ; ব্রডকাস্টিং ; টেলিকাস্টিং। সংবাদ [দ্র ৪০৫]।

বিজ্ঞাপন, বিজ্ঞাপনী, জ্ঞাপনী, বিখ্যাপন, সংজ্ঞাপন, সংজ্ঞপ্তি, অ্যাডভারটাইজমেন্ট।

বিজ্ঞপ্তি, প্রজ্ঞপ্তি, পরিপত্র, সারকুলার, শোহরত ; নোটিশ, এত্তেলা ; হুঁশিয়ারি [দ্র ৩৪১]।

ঘোষণা(ক), ঘোষণ, বিঘোষণ, প্রখ্যাপন, উৎকীর্তন।

ঢাকপিটানো- ; ঢোলশোহরত, ঢোল দেওয়া-, ট্যাবাডোরা, ধম্বল।

ভাষ্য, কমেন্টারি ; ধারাভাষণ, ধারাবিবরণী, রানিং কমেন্টারি ; বেতার বিবরণী। ব্যাখ্যান [দ্র ৩৯৯]।

প্রতিবেদন, প্রতিবেদ, রিপোর্টিং ; বর্ণন, বিবরণ [দ্র ৪০৩, ১০৭]।

প্রকাশন, উদ্ঘাটন [দ্র ৫১৬] ; ফাঁস(ক), হাটে হাঁড়ি ফাটানো- ; প্রকাশ হয়ে যাওয়া-, বেরিয়ে পড়া-,।

জাহির(ক), দেখানো-, স্বপ্রচার, প্রদর্শন [দ্র ৯৮]।

গুজব (ছড়ানো-) [১০৮], গুঞ্জন, জনরব ; জনশ্রুতি, লোকশ্রুতি, কিংবদন্তী [দ্র ৪০৯]।

শোর(তোলা-), আওয়াজ(তোলা-), শোরগোল(ফেলা-, তোলা-), হৈচৈ বাধানো-, রব তোলা-।

দৃষ্টি আকর্ষণ(ক) ; উল্লেখ(ক), উল্লেখন, তোলা-।

পোস্টার, প্ল্যাকার্ড ; ব্যানার, হোর্ডিং ; সাইনবোর্ড, বিলবোর্ড। নামফলক, নেমপ্লেট ; লেটারহেড। ভিসিটিং কার্ড। পরিচয়পত্র, প্রমাণপত্র, আইডেনটিটি কার্ড।

ঘোষণাপত্র, ঘোষপত্র, ইস্তাহার, বুলেটিন, প্রচারপত্র।

প্রাচীরপত্র, দেওয়াল লিখন।

পুস্তিকা, বুকলেট, প্রচারপুস্তিকা। হ্যান্ডবিল, লিফলেট।

নোটিশবোর্ড, সূচনাপত্র। মুখপত্র, মুখপাত।

সূচিপত্র [দ্র ৪১৪], নির্ঘণ্ট, সূচি ; নির্দেশিকা।

প্রচারমাধ্যম, গণমাধ্যম, জনমাধ্যম ; প্রচারযন্ত্র ; মিডিয়া [৪০৫]।

ধর্মের ঢাক আপনি বাজে।

বিণ· জ্ঞাত, পরিজ্ঞাত, অবগত, বিদিত [দ্র ৩৯৭], সুবিদিত।

সূচিত ; বিজ্ঞাপিত, জ্ঞাপিত, রটিত।

প্রচারিত, সম্প্রচারিত। রিলে, পুনঃসম্প্রচার।

প্রতিবেদিত।

ঘোষিত, বিঘোষিত, আঘোষিত [১০৪], অভিশব্দিত, উৎকীর্তিত, প্রখ্যাপিত।

উদ্ঘাটিত [দ্র ৫১৬]।

বিবৃত [দ্র ৪০৩, ১০৭] ; উল্লেখিত।

জ্ঞাতব্য, জ্ঞেয় [৩৯০, ৩৯৭], জ্ঞানগোচর, উপলভ্য।

বিজ্ঞাপনীয়, জ্ঞাপনীয় ; প্রখ্যাপনীয়, সূচনীয়, সূচয়িতব্য, সূচ্য।

উল্লেখ্য, উল্লেখনীয়।

ব্যাখ্যাত [দ্র ৩৯৯]।

বিণ·/বি· জ্ঞাপক, জ্ঞাপয়িতা, প্রত্যায়ক, সূচক, বোধক, প্রকাশক।

রটনাকারী ; প্রচারক, প্রচারকারী ; বিজ্ঞাপক, বিজ্ঞাপনদাতা ; সম্প্রচারক ; প্রচারবিদ, প্রচারবিশেষজ্ঞ ; প্রখ্যাপক, খ্যাপক।

প্রতিবেদক, প্রতিবেদনকারী, রিপোর্টার।

ভাষ্যকার।

ঘোষক [১০৭], ঘোষণাকারী, প্রঘোষক ; নকিব।

ভাষ্যকার ; ধারাভাষ্যকার ; কমেন্টেটার, কম্পিয়ার।

মুখপাত্র [১০৬, ৬৩৬], স্পোকসম্যান।

ক্রি-বিণ· লোকমুখে, মুখে মুখে, লোক পরম্পরায়।

৪০৫ সংবাদ

বি· খবর, সংবাদ, সমাচার, খবরাখবর, বার্তা, সন্দেশ, বৃত্তান্ত, নিউজ ; বিবরণ [দ্র ৪০৩, ১০৭], তথ্য ; খোঁজ, খোঁজখবর ; তত্ত্বতালাশ, উদন্ত।

হাঁড়ির খবর, ভেতরের কথা, গুহ্যসংবাদ, নাড়ীনক্ষত্র, হাটহদ্দ, হাড়হদ্দ ; গোপন সংবাদ, স্কুপ।

সুসংবাদ, সুখবর, শুভসংবাদ, ভালো খবর, সুবৃত্তান্ত ; কুশলসংবাদ, কুশলবার্তা, মঙ্গলবার্তা ; খুশখবর, খোশখবর।

দুঃসংবাদ, দুর্বার্তা, খারাপ খবর।

তাজা খবর, টাটকা খবর ; লেটেস্ট নিউজ।

বাজে খবর, উড়ো খবর ; মিথ্যে খবর, ভুল খবর, ভুল তথ্য ; গুজব [দ্র ৪০৪]।

ঠিক খবর, পাকা খবর ; ঘোড়ার মুখের খবর।

প্রতিবেদন [দ্র ৪০৪]।

সংবাদপত্র, খবরের কাগজ, পত্রিকা, আখবার, কাগজ, পেপার, নিউজ পেপার, গেজেট, গেজেটিয়ার ; মুখপত্র।

দৈনিক, দৈনিক সংবাদপত্র, দৈনিক কাগজ, দৈনিক পত্রিকা, ডেলি ; প্রভাতী সংবাদপত্র ; সান্ধ্য দৈনিক।

সাময়িক পত্রিকা [৪১৪], সাময়িকী ; বারত্রয়িক ; সাপ্তাহিক ; পাক্ষিক ; মাসিক ; দ্বিমাসিক ; ত্রৈমাসিক ; ষাণ্মাসিক ; বার্ষিক, বাৎসরিক ; শারদীয়, শারদ, শারদীয়া ; বিশেষ সংখ্যা ; জয়ন্তী সংখ্যা। ক্রোড়পত্র, কোলপাতি।

পত্রপত্রিকা, ম্যাগাজিন, জার্নাল ; মনোগ্রাফ ; লিট্‌ল ম্যাগাজিন ; অপেশাদারি কাগজ ; ব্রসিওর ; স্যুভেনির, স্মরণিকা, স্মারকপত্র।

সম্পাদনা, সম্পাদন, সম্পাদকতা।

সম্পাদকীয়, এডিটোরিয়াল।

সম্পাদক, এডিটার; সাব এডিটার, সহ সম্পাদক; বার্তা সম্পাদক, নিউজ এডিটার।

সাংবাদিকতা, জার্নালিজ্‌ম।

সংবাদসংস্থা, সংবাদপ্রতিষ্ঠান, নিউজ এজেন্সি, নিউজ ব্যুরো।

প্রচারমাধ্যম [৪০৪], মিডিয়া; সংবাদজগৎ। সংবাদমাধ্যম।

প্রেস বিজ্ঞপ্তি, প্রেসরিলিজ।

সাংবাদিক সম্মেলন, সংবাদ বৈঠক, প্রেস কনফারেন্স।

সাংবাদিক, জার্নালিস্ট; রিপোর্টার, প্রতিবেদক, সংবাদদাতা, নিজস্ব সংবাদদাতা, স্টাফ রিপোর্টার; বিশেষ সংবাদদাতা; প্রতিনিধি। সংবাদবাহক, খবরগির, সংবাদবহ, সংবাদবাহী, হরকরা, বার্তাবহ; খবরদাতা, সমাচারদাতা। কলমচি, কলামিস্ট। ভাষ্যকার।

চর, দূত [৩৮০], বার্ত্মন, বার্তিক, বার্তন, বার্তাসন, বরাতি; গুপ্তচর, স্পাই, গুপ্তদূত; দূতী, কুটনী; গোয়েন্দা, ডিটেকটিভ। ভগ্নদূত।

গুপ্তচরবৃত্তি; দৌত্য, দৌত্যগিরি, দূতিয়ালি, দূতালি।

৪০৬ যোগাযোগ

বি· যোগাযোগ, শরোকার, যোগাযোগ ব্যবস্থা, কমুনিকেশন; আদানপ্রদান, লেনদেন; খবর আদানপ্রদান; যাতায়াত, পরিবহণ [দ্র ৩১৭]।

প্রত্যক্ষ যোগাযোগ, সরাসরি যোগাযোগ; প্রত্যক্ষ সংযোগ। পরোক্ষ সংযোগ; পরোক্ষ যোগাযোগ।

৪০৬·১ ডাক যোগাযোগ, ডাক ব্যবস্থা, পোস্টাল সার্ভিস; ডাকঘর, পোস্ট অফিস। ডাকটিকিট; খাম, লেফাফা, এনভেলাপ; পোস্টকার্ড। অন্তর্দেশীয় পত্র, ইনল্যান্ড লেটার। সিল, মোহর, ছাপ; ফ্র্যাঙ্কিং; মনি অর্ডার; রেজিস্ট্রেশন; ভিপি। ডাকবাক্স, লেটার বক্স, চিঠির বাক্স। ডাক, মেইল। ডাকগাড়ি। ডাকমাশুল, ডাকখরচ, মাশুল। পিওন, ডাকপিওন, পত্রবাহক, কাসিদ, ডাকওয়ালা, পোস্টম্যান। ডাকহরকরা, রানার। পোস্টমাস্টার, ডাকবাবু। এয়ার মেইল, বিমান ডাক; সি মেইল; সারফেস মেইল।

চিঠি [দ্র ৪২৬], পত্র, লিপি, চিঠিপত্র; চিঠি চাপাটি, চিঠি লেখালেখি, চিঠি চালাচালি(ক), পত্র বিনিময়। পত্রালিকা; পত্রাবলি, পত্রালি। চিঠি ফেলা-, ডাকে দেওয়া-। চিঠির উত্তর, পত্রোত্তর। পত্রাঘাত(ক)। পত্রবন্ধু, পেনফ্রেন্ড।

বিণ· সডাক, ডাকমাশুলসহ।

ক্রি-বিণ· পত্রোত্তরে, পত্রান্তরে। পত্রপাঠ।

৪০৬·২ টেলিগ্রাফ, টেলিগ্রাম, তার, কেব্‌ল; টেলিপ্রিন্টার, টেলিটাইপ রাইটার; টেলেক্স; টরেটক্কা, মর্সকোড। তারঘর, টেলিগ্রাফ অফিস। টেলিগ্রাফের তার। টেলিগ্রাফপোস্ট, টেলিগ্রাফের খুঁটি।

৪০৬·৩ টেলিফোন, ফোন, দূরশ্রবণ, দূরভাষ, দূরালাপনী, দূরালাপন; দূরভাষযন্ত্র, দূরভাষণী; রিসিভার; টেলিফোন কেন্দ্র, টেলিফোন এক্সচেঞ্জ। টেলিফোন অপারেটার। ম্যানুয়াল টেলিফোন; স্বয়ংক্রিয় টেলিফোন, অটোমেটিক টেলিফোন। ডায়াল(ক)। ডায়ালটোন; বিজি টোন; রিং, বাজা-, রিং ব্যাক টোন। ক্রস কানেকশন। কল। ট্রাঙ্ককল, ট্রাঙ্ক টেলিফোন।

টেলিযোগাযোগ, টেলিকমিউনিকেশন।

৪০৬·৪ বেতার, রেডিও, ওয়্যারলেস; বেতার কেন্দ্র, রেডিও স্টেশন। ট্রান্সমিশন, ট্রান্সমিটার। রেডিওগ্রাম, রেডিও টেলিফোন।

৪০৬·৫ টেলিভিশন দূরদর্শন, দূরেক্ষণ, টিভি।

৪০৬·৬ [বিবিধ] যোগাযোগ উপগ্রহ, কমুনিকেশন স্যাটেলাইট। মাইক্রোওয়েভ, অণুতরঙ্গ। র‍্যাডার।

১৪ ভাষা-সাহিত্য-সৃজনশীলতা

৪০৭ সৃজন

বি· সৃজন(ক), সৃষ্টি(ক) [৩৫৩], সর্জন, সর্জনা, রচনা(ক), রচন; সৃষ্টিকর্ম, সৃষ্টিকার্য, সৃষ্টিক্রিয়া, স্রষ্টৃত্ব, সৃজনকর্ম, সৃজনী।

সৃজনশীলতা, সৃষ্টিশীলতা; সৃজনক্ষমতা, সৃজনীক্ষমতা, সৃজনীশক্তি, সৃষ্টিক্ষমতা, ক্রিয়েটিভিটি; সিসৃক্ষা।

সৃষ্টিধর্মিতা, সৃজনধর্মিতা।

সৃজনকৌশল, সৃষ্টিকৌশল, রচনাকৌশল; সৃষ্টিচাতুর্য, রচনাচাতুর্য।

স্টাইল, রচনাশৈলী, রচনাপ্রণালী, রচনাভঙ্গি, রচনাপদ্ধতি, গঠনপদ্ধতি।

বিণ· সৃষ্ট, সৃজিত, রচিত, নির্মিত [দ্র ৩৫৩]।

সৃষ্টিধর্মী, সৃজনধর্মী, সৃজনমূলক, সৃষ্টিমূলক, ক্রিয়েটিভ।

সৃজ্যমান।

সৃষ্টিশীল, সৃজনশীল, সৃষ্টিক্ষম।

স্রষ্টব্য, সৃজনীয়।

বিণ·/বি· স্রষ্টা, নির্মাতা [দ্র ৩৫৩], রচনাকারী, সৃষ্টিকর্তা। শিল্পী, আর্টিস্ট। গুণী, প্রতিভাশালী।

সৃষ্টিকামী, সিসৃক্ষু।

৪০৮ সংস্কৃতি

বি· সংস্কৃতি, কালচার, কৃষ্টি, তমদ্দুন।

মার্জনা, পরিশীলন, পরিমার্জনা, অনুশীলন।

সভ্যতা; ভদ্রতা [দ্র ৬০৭], শিষ্টতা।

রুচিশীলতা; রুচি, সুরুচি।

সংস্কৃতিমনস্কতা।

সভ্যসমাজ; ভদ্রসমাজ; সংস্কৃতিমণ্ডল। সাংস্কৃতিক আবহাওয়া, সাংস্কৃতিক পরিমণ্ডল।

সাংস্কৃতিক অনুষ্ঠান, কালচারাল ফাংশন। জলসা [দ্র ৪৩২]।

বিণ· সাংস্কৃতিক, কালচারাল।

বিণ·/বি· সংস্কৃতিমান, কৃষ্টিসম্পন্ন, কৃষ্টিমান, কালচার্ড, সংস্কৃতিমনা।

সভ্য; শিষ্ট, ভদ্র [দ্র ৬০৭]। মার্জিত, পরিমার্জিত, পরিশীলিত।

সুরুচিসম্পন্ন, রুচিমান, মার্জিতরুচি, রুচিশীল, উন্নতরুচি।

বুদ্ধিজীবী, ইন্টেলেকচ্যুয়াল।

[বিপ·] বি· অপসংস্কৃতি।

৪০৯ ভাষা

বি· ভাষা, জবান [দ্র ১০৭]।

লিখিত ভাষা, লেখ্যভাষা। কথিত ভাষা, কথ্যভাষা, লব্জ, বুলি; মুখের ভাষা। সাধুভাষা। চলিত ভাষা, প্রচলিত ভাষা। অচলিত ভাষা, অপ্রচলিত ভাষা, মৃতভাষা; প্রাচীনভাষা। মার্জিত ভাষা, শিষ্ট ভাষা। অশিষ্ট ভাষা; অপভাষা; ম্লেচ্ছ ভাষা; ম্লেচ্ছিত। গুরুচণ্ডালি, গুরুচণ্ডাল।

আঞ্চলিক ভাষা, স্থানীয় ভাষা, উপভাষা, ডায়ালেক্ট; প্রাদেশিক ভাষা।

মাতৃভাষা, স্বজাতীয় ভাষা।

রাষ্ট্রভাষা, জাতীয় ভাষা, স্বদেশী ভাষা; সরকারি ভাষা।

বিদেশী ভাষা, বিভাষা।

আন্তর্জাতিক ভাষা, বিশ্বভাষা; ভোলাপ্যুক, এসপেরান্তো।

অপার্থভাষা, সংকেত ভাষা; অপ-উপভাষা; সন্ধাভাষ, সন্ধাবচন।

শব্দমাহাত্ম্য, শব্দবিভূতি।

ভাষাবিজ্ঞান, ভাষাতত্ত্ব; ফিললজি; লিঙ্গুইস্টিকস।

ভাষাবোধ, ভাষাজ্ঞান; শব্দবোধ, শব্দজ্ঞান; ভাষার ওপর দখল।

আর্যভাষা; বৈদিকভাষা; সংস্কৃত; পালি; প্রাকৃত [মহারাষ্ট্রী; শৌরসেনী; অর্ধমাগধী; মাগধী; পৈশাচী]; অপভ্রংশ; লৌকিক; অবহট্‌ঠ। নব্য ভারতীয় আর্যভাষা [বিদেশী, দক্ষিণ পশ্চিমা; পশ্চিমা; দরদীয়; উত্তর পশ্চিমা; উত্তরা; মধ্যদেশী; প্রাচ্যমধ্যা; প্রাচ্যা]। প্রত্নবাঙ্গালা, প্রাচ্য; অবহট্‌ঠ; মধ্যবাঙ্গালা; বাংলা, বঙ্গভাষা, বাঙ্গালা; বাংলা উপভাষা [রাঢ়ী; ঝাড়খণ্ডী; বরেন্দ্রী; বঙ্গালী, বাঙ্গাল; কামরূপী; ব্রজবুলি]।

ধ্বনি; ধ্বনিতত্ত্ব। শব্দতত্ত্ব।

ব্যাকরণ, ভাষা নিয়ামক শাস্ত্র, শব্দব্যুৎপাদক শাস্ত্র, গ্রামার।

বর্ণ [দ্র ৪১০], অক্ষর, লিপি, আখর; বর্ণমালা। বর্গ।

শব্দ, ওয়ার্ড [মৌলিক শব্দ; সাধিত শব্দ; যৌগিক শব্দ; রূঢ়ি, রূঢ়; যোগরূঢ়; তৎসম; অর্ধতৎসম; তদ্ভব, প্রাকৃতিজ; দেশী; বিদেশী]। ধ্বন্যাত্মক শব্দ, ধ্বনিমূলক শব্দ, অনুকার শব্দ। শব্দরূপ।

শব্দসম্ভার, শব্দসম্পদ, শব্দভাণ্ডার; ভোকাবুলারি। শব্দসমুদ্র।

বাক্য; [সরল; যৌগিক; জটিল]। বাক্যগঠন; বাক্যবিশ্লেষণ।

বাচ্য [কর্তৃবাচ্য; কর্মবাচ্য; ভাববাচ্য; কর্মকর্তৃবাচ্য]।

অন্বয়; পদান্বয়; অন্বয়যোজনা; শব্দবিন্যাস; শব্দযোজনা; শব্দরচনা।

বাগধারা, ইডিয়াম; বাগভঙ্গি, ভাষাভঙ্গি।

প্রবাদ, প্রবাদবাক্য, প্রবচন, প্রবাদবচন; কিংবদন্তী [৪০৪]; জনরব, জনশ্রুতি [৪২২], লোককথা, লোকোক্তি; জনপ্রবাদ, লোকপ্রবাদ, লোকবাদ। ডাকপুরুষ, ডাকের কথা।

প্রাজ্ঞোক্তি।

পদ [বিশেষ্য, নামপদ; বিশেষণ; সর্বনাম, প্রতিনাম; ক্রিয়া, ক্রিয়াপদ; অব্যয়; ক্রিয়াবিশেষণ; বিশেষণীয় বিশেষণ]। প্রাতিপদিক।

কর্তা, কর্তৃপদ। কর্ম, কর্মপদ।

সন্ধি [স্বরসন্ধি; ব্যঞ্জনসন্ধি; বিসর্গসন্ধি]।

ণত্ববিধান, ণত্ববিধি; ষত্ববিধান।

উদ্দেশ্য; বিধেয়।

ক্রিয়া; সকর্মক; অকর্মক; দ্বিকর্মক। কাল, কালরূপ; বর্তমান কাল [সাধারণ; নিত্যবৃত্ত; পুরাঘটিত]; অতীতকাল [সামান্য; ঘটমান; পুরাঘটিত; নিত্যবৃত্ত]; ভবিষ্যৎ কাল [সাধারণ; ঘটমান]। অনুজ্ঞা। ণিজন্ত। সমাপিকা ক্রিয়া; অসমাপিকা ক্রিয়া।

বিশেষ্য, নামপদ [ব্যক্তিবাচক; স্থানবাচক, জাতিবাচক; গুণবাচক; ভাববাচক; ক্রিয়াবাচক; সমষ্টিবাচক; অবস্থাবাচক]।

বিশেষণ [গুণবাচক; সংখ্যাবাচক; পূরণবাচক; সর্বনামীয়; উপাদান বাচক]।

সর্বনাম [পুরুষবাচক; নির্দেশসূচক; সাকল্যবাচক; সাপেক্ষ; প্রশ্নাত্মক; অনিশ্চয়তাত্মক; আত্মবাচক; ব্যতিহারিক]।

অব্যয় [সমুচ্চয়ী; পদান্বয়ী; অনন্বয়ী; অনুকার, ধ্বন্যাত্মক; উপসর্গ]। কর্মপ্রবচনীয়।

লিঙ্গ [পুংলিঙ্গ; স্ত্রীলিঙ্গ; ক্লীবলিঙ্গ]। অজহল্লিঙ্গ।

বচন [একবচন; বহুবচন; দ্বিবচন]।

পুরুষ [উত্তম, মধ্যম, প্রথম]।

কারক [কর্তৃ; কর্ম; করণ; সম্প্রদান; অপাদান; অধিকরণ]। তিঙ্; তিঙন্ত।

বিভক্তি। অনুসর্গ। উপসর্গ।

সমাস [দ্বন্দ্ব; তৎপুরুষ; কর্মধারয়, মধ্যপদলোপী কর্মধারয়; দ্বিগু; বহুব্রীহি, ব্যতিহার বহুব্রীহি; অব্যয়ীভাব; অলুক]। ব্যাসবাক্য।

প্রত্যয় [কৃৎ; তদ্ধিত]। কৃদন্ত; তদ্ধিতান্ত।

ধাতু। ধাতুরূপ। নামধাতু।

ব্যুৎপত্তি, নিরুক্তি, প্রকৃতিপ্রত্যয়।

অলংকার, শব্দালংকার [দ্র ৪২৯]।

প্রতিশব্দ, সমার্থশব্দ, সমার্থকশব্দ। বিপরীতার্থক শব্দ, ভিন্নার্থক শব্দ, ভিন্নার্থবোধক শব্দ। নানার্থক শব্দ।

পরিভাষা, বিশিষ্টার্থবোধকশব্দ, পারিভাষিক শব্দ।

শব্দদ্বৈত, যুগ্মশব্দ, জোড়াশব্দ।

ধ্বনিপরিবর্তন [স্বরভক্তি, বিপ্রকর্ষ; স্বরসংগতি; অপিনিহিতি; অভিশ্রুতি; য়-শ্রুতি; অন্তঃস্থ ব শ্রুতি;

সমীকরণ, সমীভবন, সমবর্ণতা; অসমীকরণ, বিষমীকরণ, বিষমবর্ণতা; স্বরাগম; বর্ণবিপর্যয়; বর্ণ-ব্যত্যয়; বর্ণলোপ; লোকনিরুক্তি; অপশ্রুতি]।

বিণ·/বি· ভাষী, ভাষক। শাব্দিক।

ভাষাতাত্ত্বিক, ভাষাবিদ, ভাষাতত্ত্ববিদ, ভাষাতত্ত্বজ্ঞ, ভাষাবিজ্ঞানী; ভাষাবিশারদ।

বহুভাষাবিদ, বহুভাষাভিজ্ঞ; দোভাষী, ভাষান্তরিক, ইন্টারপ্রেটার; অনুবাদক [দ্র ৪২৪], অনুবাদকারী।

বৈয়াকরণ, ব্যাকরণবিদ; পণ্ডিত।

পাণিনি; কলাপ। পতঞ্জলি। যাস্ক।

বিণ· শাব্দ।

পারিভাষিক।

৪১০ অক্ষর

বি· অক্ষর, বর্ণ [৪০৯], লিপি, আঁখর, আখর, হরফ।

বর্ণমালা, অ্যালফাবেট, অক্ষরশ্রেণী, অক্ষরমালা।

বর্গ [ক-বর্গ; চ-বর্গ; ট-বর্গ; ত-বর্গ; প-বর্গ]।

স্বরবর্ণ; ব্যঞ্জনবর্ণ। অযোগবাহ।

বর্ণ [কণ্ঠ্য; তালব্য; ওষ্ঠ্য; কণ্ঠতালব্য; কণ্ঠৌষ্ঠ্য; মূর্ধন্য; দন্ত্য; স্পর্শ; জিহ্বামূলীয়; অনুনাসিক, নাসিক্য; মহাপ্রাণ; অল্পপ্রাণ; অঘোষ; ঘোষ; উষ্ম]।

অক্ষর, সিলেব্‌ল।

মাত্রাহীন অক্ষর, মহাজনি লিপি; মুড়িয়া অক্ষর, কাইতি।

চিত্রলিপি।

যুক্তবর্ণ, যুক্তাক্ষর, সংযুক্তবর্ণ।

অক্ষরবিন্যাস, বর্ণসংস্থাপন, অক্ষরসংস্থান।

হস্‌(চিহ্ন), হল্‌।

প্রাচীন লিপি [ব্রাহ্মী; খরোষ্টি; শঙ্খ; মহেঞ্জদরো]।

টাইপ, ছাপার হরফ [দ্র ৪১২]। লেখা [দ্র ৪১১]।

বর্ণানুক্রম, অকারাদিক্রম।

বিণ· আক্ষরিক।

হসন্ত, হলন্ত।

অকারাদি ক্ষকারান্ত।

ক্রি-বিণ· বর্ণানুক্রমে, অকারাদিক্রমে।

৪১১ লেখা

বি· লিখন, লেখা-, লেখন, লেখাজোকা(ক), লিখে ফেলা-, লিখে নেওয়া-, লিখে যাওয়া-, লিপিবদ্ধ করা-; লেখালেখি(ক), লেখালিখি(ক); কলম ধরা-, কলমবাজি। কলমের খোঁচা।

হাতের লেখা, হস্তলিখন, হস্তলিপি, হস্তলেখ, হস্তাক্ষর, লেখ।

টোকা-, টুকে রাখা-, নোট(নে), কপি (ক)।

স্বাক্ষর(ক), সই(ক), সহি, দস্তখত, সাইন(ক), সিগনেচার।

শ্রুতিলেখন, শ্রুতলিপি; অনুলেখন। অভিলেখন।

স্বহস্তলেখ, অটোগ্রাফ; টিপসই, ঢেরাসহি।

অক্ষরলিখন; অক্ষরবিন্যাস, অক্ষরন্যাস; অক্ষরশিল্প, ক্যালিগ্রাফি; লেটারিং; টাইপোগ্রাফি।

খসড়া, খসড়া লেখা-, মুসাবিদা(ক)।

লিপিকৌশল, লিপিকুশলতা।

লেখনী, কর্ণিকা; অক্ষরজননী, বর্ণমাতা, শর্করী; কলম, পেন; ঝরনা কলম, ফাউন্টেনপেন; উটপেন, বলপেন; ফেল্টপেন; পালকের কলম; খাগের কলম; নিব, কচ, কৎ, মোচ। পেনসিল, কাঠ পেনসিল, উড্‌ পেনসিল; লেড, শিষ। কলমদান, কলমদানি। বো-পেন, লাইনিংপেন।

কালি, মসি, সেহাই; ছাপার কালি, প্রিন্টারস্‌ ইঙ্ক। কারবন, কারবন পেপার; রিবন।

দোয়াত, মসিকুপি, মসিধান, মস্যাধার।

প্রতিবর্ণীকরণ, লিপ্যন্তর(ক) [দ্র ৪২৪]।

উৎকিরণ(ক), খোদাই(ক)।

ভালো লেখা; মুক্তাক্ষর, খুশখত।

বাজে লেখা, খারাপ লেখা, কাঁচালেখা, কদক্ষর, হিজিবিজি(কাটা-), আঁকিবুকি(কাটা-)।

লেখার উপকরণ, লিখন সামগ্রী, লেখ্যোপকরণ; কাগজ [দ্র ৫০১]। সঞ্চ, তালপাতা; তুলোট কাগজ; পাততাড়ি; ভূর্জপত্র। লেখার ডেস্ক, ডেস্ক, তক্তি।

খাতা, বহি; একসারসাইজবুক। খেরোখাতা, খেরুয়া। বাঁধানো খাতা। প্যাড, রাইটিং প্যাড; প্যাডের কাগজ; লেটারহেড। রাফ খাতা। খেয়াল খাতা।

শিলালিপি, পাষাণলিপি, প্রস্তরলিপি। তাম্রলিপি, তাম্রশাসন।

বিণ· লিখিত, লেখিত, লিপিবদ্ধ(ক), লিপিভুক্ত(ক); নিবদ্ধ, উপনিবদ্ধ; অক্ষরিত, অক্ষরবদ্ধ(ক), অক্ষরনিবদ্ধ(ক)। উল্লিখিত, উল্লেখিত, উপর্যুক্ত। খোদিত, উৎকীর্ণ। খাতাবন্দী (ক)।

হস্তলিখিত, হাতে লেখা।

স্বহস্তলিখিত; স্বাক্ষরিত, দস্তখতি।

লিখনীয়, লেখনীয়, লেখ্য, লেখার্হ, লিখিতব্য; লৈখিক।

অভিলিখিত।

মুদ্রণীয় [দ্র ৪১২], মুদ্রণযোগ্য, প্রকাশযোগ্য।

[বিপ·] অলিখিত; অনুল্লিখিত, অনুল্লেখিত।

অস্বাক্ষরিত, স্বাক্ষরহীন। আলেখা, সাদা।

অলেখনীয়, অলিখিতব্য; অমুদ্রণীয়।

বিণ·/বি· লিপিকার, লিপিকর, লেখক, লিখিয়ে, লেখনিক, বার্ণিক; অক্ষরজীবী, অক্ষরজীবিক, অক্ষরজীবক, অক্ষরচুঞ্চু; মসিজীবী; কলমবাজ; পুঁথিকর, পুঁথিলিখিয়ে।

লিপিকৌশলী, লিপিকুশল, খুশনবিশ।

ক্রি-বিণ· লিখিতভাবে, লিখিত আকারে, লিখিতপড়িত ভাবে; কাগজে কলমে।

৪১২ মুদ্রণ

বি· মুদ্রণ(ক), ছাপা-, ছাপানো- [৪১৬], ছাপাই, ছাপন, মুদ্রাঙ্কন, মুদ্রাঙ্ক।

অক্ষরবিন্যাস(ক), অক্ষর সাজানো-, কম্পোজ(ক), অক্ষরসংস্থান(ক)। হাতে বোনা-, হ্যান্ডসেটিং; যন্ত্রেবোনা-, মেশিন সেটিং; মনোটাইপ; লাইনোটাইপ; ফোটো

কম্পোজিং, ফোটোটাইপ সেটিং, পি টি এস; অক্ষরডালা, সাট, টাইপ কেস।

হরফ, টাইপ, মুদ্রাক্ষর, মুদ্রালিপি, মুদ্রিকা। ছাপ, মুদ্রা, মোহর, সিলমোহর, সিল। ব্লক, প্লেট, ম্যাট্রিক্স; লাইন ব্লক; হাফটোন ব্লক। স্ট্যাম্প, রবারস্ট্যাম্প। ছাঁচ।

ছাপাখানা, প্রেস, মুদ্রণালয়, প্রিন্টিং প্রেস।

মুদ্রাযন্ত্র, মুদ্রণযন্ত্র, ছাপার কল; লেটার প্রেস; ট্রেড্‌ল মেশিন; রোটারি প্রেস, রোটারি মেশিন; লাডলো; অফসেট প্রেস; ইন্টালিও প্রিন্টিং; সিল্কস্ক্রিন প্রিন্টিং; লিথোগ্রাফ, লিথোগ্রাফি, পাষাণলেখ।

টাইপরাইটার; টাইপরাইটিং। লাইন প্রিন্টার; ম্যাট্রিক্স প্রিন্টার, ডট ম্যাট্রিক্স প্রিন্টার; ডেইজি হুইল প্রিন্টার; গল্‌ফ বল প্রিন্টার; লেসার প্রিন্টার; ইঙ্কজেট প্রিন্টার।

ছাপার কালি, প্রিন্টারস ইঙ্ক।

ডুপ্লিকেটিং, সাইক্লোস্টাইলিং [৪২৫]; ডুপ্লিকেটিং মেশিন; স্টেনসিল; ইলেকট্রোফোটোগ্রাফি, জেরোগ্রাফি; জেরক্স কপি। কপিয়ার।

প্রুফ, প্রুফ কপি। গ্যালি; গ্যালি প্রুফ।

মেক আপ; চালা-, চালানো-।

ফর্মা।

মুদ্রণশিল্প, মুদ্রণকলা, মুদ্রণবিজ্ঞান, প্রিন্টিং টেকনোলজি। মুদ্রণতত্ত্ব। মুদ্রণ ব্যবসায়।

মুদ্রণপ্রমাদ, মুদ্রাকর প্রমাদ, ছাপার ভুল, প্রিন্টিং মিসটেক; ছাপাখানার ভূত, মুদ্রণপ্রেত, প্রিন্টারস্ ডেভিল।

বিণ· মুদ্রিত; মুদ্রাঙ্কিত, মোহরযুক্ত, ছাপযুক্ত, মুদ্রাচিহ্নিত। মুদ্রণযোগ্য, প্রকাশযোগ্য, মুদ্রণীয়।

বিণ·/বি· মুদ্রক, মুদ্রাকর, ছাপাইকর, প্রিন্টার।

টাইপ সেটার, কম্পোজিটার। টাইপিস্ট।

মুদ্রণশিল্পী, মুদ্রণ বিশারদ।

মুদ্রণ ব্যবসায়ী।

ক্রি-বিণ· ছাপার অক্ষরে।

৪১৩ চিহ্ন

বি· চিহ্ন(দে, আঁকা) [৩৮৫], অভিজ্ঞান; আভাস, উপসর্গ, লক্ষণ, উপলক্ষণ; প্রতীক [দ্র ৩৮৫]; লিঙ্গ। সিম্পটম।

দাগ(দে, কাটা-), রেখা [৪৩৭], লাইন, আঁক, কশি, আঁচড়(কাটা-), দাগানো-। আঁকিবুকি।

মার্কা, মার্কামারা-, লেবেল।

পতাকা [দ্র ৩৮৫]। যতিচিহ্ন [দ্র ৩৮৫]।

ছাপ(মারা-, দে, রাখা-), ছোপ; মুদ্রণ [দ্র ৪১২]।

অংশাঙ্কন, ক্রমাঙ্কন, গ্র্যাজুয়েশন; দাগকাটা-। রেখাঙ্কন [দ্র ৪৩৭]।

টিক; ট্যাড়া, ক্রশ, কাট্টি, কাটাচিহ্ন; ড্যাশ; বিন্দু, ফুটকি, পয়েন্ট।

ইলের্ক; চৈতন, চুটকি।

স্ট্যাম্প; নামনিশান; সিল; এমব্লেম; লোগো; কোট অব আর্মস। মনোগ্রাম; ট্রেডমার্ক।

ইউনিফর্ম; উর্দি; জার্সি। পাঞ্জা, পাঞ্জাছাপ, হাতের ছাপ। টিপছাপ, আঙুলের ছাপ।

বিণ· চিহ্নিত; অঙ্কিত।

অভিজ্ঞাত। দাগি।

অংশাঙ্কিত।

সূচিত, উপলক্ষিত, লক্ষণযুক্ত, লক্ষণাক্রান্ত।

ঔপসর্গিক।

[**বিপ·**] অচিহ্নিত, অচিহ্ন; বেদাগ।

৪১৪ বই

বি· বই, গ্রন্থ, পুস্তক, কেতাব, কিতাব, বহি, বুক, পুথি, পুঁথি; শাস্ত্র; পুস্তিকা, চটিবই, চটি, বুকলেট; প্যামফ্লেট।

পুঁথিপত্র; তালপাতার পুঁথি; খুঙ্গিপুঁথি।

পাণ্ডুলিপি, পাণ্ডুলেখ, পাণ্ডুলেখ্য, ম্যানাস্ক্রিপ্ট, ম্যানুস্ক্রিপ্ট;

সূচী, সূচি, সূচিপত্র, সূচীপত্র, নির্ঘণ্ট, তালিকা, ইনডেক্স; বিষয়সূচি; সারণি; নির্দেশিকা, নির্দেশনী।

ভূমিকা, উপক্রমণিকা, অনুক্রমণিকা, অনুক্রমণী, প্রস্তাবনা, মুখবন্ধ, অবতরণিকা, মুখপাত, সূচনা, আভাষ, আলাপ, সূত্রপাত, প্রাক্‌কথন, কথামুখ, বাঙ্মুখ, আমুখ, গৌরচন্দ্রিকা, প্রারম্ভ, প্রারম্ভিকা, প্রাক পরিচয়, উপোদ্‌ঘাত [দ্র ১৪২], প্রিফেস, ইন্ট্রোডাকশন; প্রোলোগ, এপিলোগ।

নামপত্র। উৎসর্গপত্র।

মলাট, প্রচ্ছদ, প্রচ্ছদপট; জ্যাকেট। পুস্তানি; দপ্তি। বাঁধাই(ক), বাঁধানো-। কাপড়ে বাঁধাই; বোর্ড বাঁধাই; রেক্সিনে বাঁধাই। পেপারব্যাক।

পূর্বভাগ, পূর্বার্ধ, পুরোভাগ।

উত্তরভাগ, পরার্ধ।

উপসংহার [দ্র ১৪৩], উপসংহৃতি, উপসংহরণ, সমাপ্তি, পরিশেষ, অন্ত্যপরিচ্ছেদ, পরিশিষ্ট; শেষভাগ, শেষপরিচ্ছেদ।

গ্রন্থতালিকা, গ্রন্থপঞ্জি, পুস্তকতালিকা।

পরিচ্ছেদ, অধ্যায়, গ্রন্থাংশ, প্রকীর্ণক, অংশ, বিভাগ, ভাগ; সর্গ, বর্গ; স্কন্ধ, কাণ্ড; অঙ্ক; পর্ব, পাঠ; চ্যাপ্টার। পটল, প্রকরণ, উচ্ছ্বাস, আহ্নিক, উল্লাস। পাদটীকা, ফুটনোট; পাদপূরণ।

স্তবক, প্যারা, প্যারাগ্রাফ; অণুচ্ছেদ, অনুচ্ছেদ; স্ট্যাঞ্জা। পঙ্‌ক্তি [দ্র ৪৬২], লাইন, ছত্র, সারি। পাতা, পৃষ্ঠা। পৃষ্ঠাঙ্ক।

গ্রন্থানুরাগ, গ্রন্থপ্রীতি, গ্রন্থপ্রেম, পুস্তকপ্রীতি, পুস্তকানুরাগ, পুস্তকপ্রেম; পড়ার নেশা, পড়ার ঝোঁক; পাঠরুচি; পাঠাভ্যাস।

পাঠ্যপুস্তক, পাঠ্যবই, পাঠ্যগ্রন্থ, পড়ার বই, টেক্‌স্ট বই, টেক্‌স্ট; অনুশীলনী, ওয়ার্কবুক; মানে বই [দ্র ৩৯৯], সহায়িকা, বোধিকা, বোধিনী, অর্থপুস্তক, নোটবই, নোট; টীকাগ্রন্থ, বার্তিক; সহায়কগ্রন্থ, তথ্যগ্রন্থ, রেফারেন্স বই।

গল্পের বই, গল্পগ্রন্থ, কাহিনীগ্রন্থ; উপন্যাস [দ্র ৪১৯]।

কাব্য, কাব্যগ্রন্থ, কবিতার বই; কবিতা [দ্র ৪১৮]।

নাটক [দ্র ৪৩০], নাট্য, নাট্যগ্রন্থ, নাটকের বই, পালা।

পাঁচালি, পাঞ্চালী।

ব্রতকথা।

পঞ্জিকা, পাঁজি, পাঁজিপুঁথি, অ্যালমানাক।

তথ্যপঞ্জি ; হ্যান্ডবুক, ম্যানুয়াল।

গ্রন্থাবলি, রচনাবলি, রচনাবলী, রচনাসংগ্রহ, রচনাসংকলন, গ্রন্থসংগ্রহ, সংকলন গ্রন্থ ; চয়নিকা, গ্রন্থসঞ্চয়ন, গ্রন্থসংকলন ; অমনিবাস ; রচনাসমগ্র, গ্রন্থসমগ্র ; সাহিত্যসংগ্রহ [৪১৭], সাহিত্যসমগ্র, সমগ্র সাহিত্য।

পত্রপত্রিকা, পত্রিকা, পত্র, সাময়িক পত্র [দ্র ৪০৫], সাময়িকী, ম্যাগাজিন। লিট্‌ল ম্যাগাজিন।

চিত্রকথা, চিত্রকাহিনী, কমিকস।

অভিধান [৩৯৯], কোষগ্রন্থ, কোষ, শব্দকোষ, ডিক্‌শনারি ; শব্দার্থকোষ ; সমার্থশব্দকোষ, সমার্থকোষ, সমার্থাভিধান, থিসরাস, নিঘণ্টু। আকরগ্রন্থ ; বিশ্বকোষ, এনসাইক্লোপিডিয়া, বিদ্যাকোষ, জ্ঞানকোষ। কনকরডেন্‌স, শব্দনির্দেশিকা। বিষয়নির্দেশিকা। বিষয় অভিধান। শব্দসংগ্রহপুস্তক, ওয়ার্ডবুক।

বর্ষনামা, বর্ষপঞ্জি, ইয়ারবুক।

রোজনামা, রোজনামচা [১৩২] ; কড়চা।

সময়সারণি, টাইমটেব্‌ল।

রেডি রেকনার।

ধর্মগ্রন্থ, ধর্মীয় পুস্তক [৪২৩]।

মানচিত্র, ম্যাপবই, অ্যাটলাস ; অ্যালবাম, আলেখ্যকুঞ্চিকা।

বইলেখা-, গ্রন্থরচনা(ক), পুস্তকরচনা(ক), পুস্তকপ্রণয়ন(ক), রচনা(ক), বিরচন(ক), প্রণয়ন(ক)।

বিণ· পুঁথিগত, পুঁথিনির্ভর ; কেতাবি [৩৯০], কিতাবতি, কেতাবতি, বইপড়া।

গ্রন্থভুক্ত, গ্রন্থগত, গ্রন্থবদ্ধ, পুঁথিনিবদ্ধ, পুঁথিভুক্ত।

রচিত, প্রণীত, বিরচিত।

বিণ·/বি· গ্রন্থকার [দ্র ৪১৭], গ্রন্থকর্তা, গ্রন্থপ্রণেতা, গ্রন্থস্রষ্টা, গ্রন্থরচয়িতা, গ্রন্থপ্রণয়নকারী, পুস্তকপ্রণেতা, রচয়িতা, রচনাকার, রচনাকারী, লেখক, গ্রন্থক, অথার।

গ্রন্থানুরাগী, গ্রন্থপ্রেমী, গ্রন্থপ্রেমিক, গ্রন্থবিলাসী, গ্রন্থাভিমানী, গ্রন্থপ্রিয়, পুস্তকপ্রেমী। পাঠানুরাগী, পাঠাসক্ত, পাঠানুরক্ত।

গ্রন্থকীট, কেতাবকীট, বইপাগলা, বইয়ের পোকা, বুক ওয়ার্ম।

পাঠক [৩৯১], পড়ুয়া, পোড়ো ; পাঠী, পাঠিকা।

আভিধানিক, অভিধানকার।

৪১৫ গ্রন্থাগার

বি· গ্রন্থাগার, লাইব্রেরি, গ্রন্থালয়, পুস্তকাগার, পাঠগৃহ, পুস্তকালয়, পুঁথিশালা, পাঠাগার, গ্রন্থগৃহ, গ্রন্থকুটী ; সাধারণ পাঠাগার, পাবলিক লাইব্রেরি ; রিডিংরুম, রিডিংকর্নার, পাঠকক্ষ, রিডিং সেন্টার।

জাতীয় গ্রন্থাগার, রাষ্ট্রীয় গ্রন্থাগার, ন্যাশনাল লাইব্রেরি।

বর্গীকরণ, ক্ল্যাসিফিকেশন। ডিউই ডেসিমাল সিস্টেম ; ইউ ডি সি· সিস্টেম।

গ্রন্থাগার বিজ্ঞান, গ্রন্থাগার বিদ্যা, লাইব্রেরি সায়েন্স।

গ্রন্থসূচী, গ্রন্থসূচি, গ্রন্থতালিকা, পুস্তকতালিকা।

বিণ·/বি· গ্রন্থাগারিক, লাইব্রেরিয়ান। গ্রন্থরক্ষক।

৪১৬ প্রকাশনা

বি· প্রকাশনা, প্রকাশন, প্রকাশ(ক), পাবলিশিং, পাবলিকেশন।

ছাপানো- [দ্র ৪১২], ছাপিয়ে বার করা-, বই বার করা-, বই ছাপানো-।

প্রকাশন শিল্প, প্রকাশন ব্যবসায় ; প্রকাশন সংস্থা, প্রকাশন প্রতিষ্ঠান, প্রকাশনালয়, প্রকাশনী, পাবলিশিং হাউস।

বই-এর দোকান, পুস্তকবিপণি, গ্রন্থালয় ; পুস্তকালয়।

গ্রন্থমেলা, বইমেলা, পুস্তকমেলা, বুক ফেয়ার ; বই বাজার। বইপাড়া।

সংস্করণ, এডিশন ; মুদ্রণ ; পুনর্মুদ্রণ, রিপ্রিন্ট ; শোভন সংস্করণ, রাজ সংস্করণ ; সংশোধিত সংস্করণ ; পরিবর্ধিত সংস্করণ ; সংক্ষিপ্ত সংস্করণ, সংক্ষেপিত সংস্করণ, অ্যাব্রিজ্‌ড এডিশন। ভেরিওরম এডিশন; পাঠান্তর-সংস্করণ।

সুলভ সংস্করণ। পেপার ব্যাক।

বিণ· প্রকাশিত, মুদ্রিত [দ্র ৪১২]।

বিণ·/বি· প্রকাশক, পাবলিশার ; প্রকাশন ব্যবসায়ী।

৪১৭ সাহিত্য

বি· সাহিত্য, লিটারেচার।

পদ্য, কবিতা। গদ্য, গদ্যভাষা।

কাব্য [দ্র ৪১৮]। কথাসাহিত্য, গল্প, উপন্যাস [দ্র ৪১৯]। প্রবন্ধ, নিবন্ধ। সমালোচনা [দ্র ৪২০]। জীবনীসাহিত্য [দ্র ৪২১]। লোকসাহিত্য [দ্র ৪২২]। ধর্মপুস্তক, ধর্মগ্রন্থ [দ্র ৫৯৩]। অনুবাদ সাহিত্য [দ্র ৪২৪]। পত্রসাহিত্য [দ্র ৪২৬]। সাহিত্যরস [দ্র ৪২৭]। ছন্দ, অলংকার [দ্র ৪২৯]। নাটক, নাট্যসাহিত্য [দ্র ৪৩০]। শিশু সাহিত্য। কিশোরসাহিত্য।

ভ্রমণসাহিত্য ; ভ্রমণকাহিনী, ভ্রমণবৃত্তান্ত, পর্যটনকাহিনী ; অ্যাডভেঞ্চার।

সাহিত্যচর্চা(ক), সাহিত্যসেবা(ক), সাহিত্যানুশীলন(ক), সাহিত্যসাধনা, সারস্বতসাধনা, সারস্বতচর্চা।

রচনা(ক), রচন, প্রণয়ন(ক) [দ্র ৪১৪], বিরচন, বইলেখা-।

সাহিত্যসৃষ্টি(ক), সাহিত্য প্রণয়ন, সাহিত্যরচনা(ক)।

রচনাভঙ্গি, রচনাশৈলী, স্টাইল ; লেখার হাত।

সাহিত্যকলা, সাহিত্যশিল্প ; সাহিত্যশাস্ত্র ; সাহিত্যতত্ত্ব।

সাহিত্যভাণ্ডার, সাহিত্যসম্ভার ; সাহিত্যসম্পদ ; সাহিত্যসংগ্রহ [দ্র ৪১৪]।

সাহিত্যপ্রীতি, সাহিত্যানুরাগ ; সাহিত্যানন্দ, সাহিত্যামোদ।

সাহিত্যজগৎ, সাহিত্যমণ্ডল, সাহিত্যাকাশ, সাহিত্যগগন ; সাহিত্যক্ষেত্র।

সাহিত্যসমাজ, সাহিত্যিক সমাজ, লেখকসমাজ, সাহিত্যিকমণ্ডলী, সারস্বত সমাজ [৩৯০]।

সাহিত্যিক ঐতিহ্য, সাহিত্যিক উত্তরাধিকার।

সাহিত্যসভা, সাহিত্যসম্মেলন ; কবিসম্মেলন ; লেখক সম্মেলন, সাহিত্যিক সম্মেলন।

সাহিত্যবিচার; সাহিত্য সমালোচনা, সাহিত্যালোচনা।
পাঠান্তর, পাঠভেদ।
লেখাচুরি, কুম্ভিলকবৃত্তি, প্ল্যাজিয়ারিজ্‌ম।
আধুনিক সাহিত্য, সমকালীন সাহিত্য। প্রাচীন সাহিত্য। ধ্রুপদী সাহিত্য, ক্ল্যাসিক, চিরায়ত সাহিত্য।
বিশ্বসাহিত্য।
বিণ· লিখিত, রচিত [দ্র ৪১৪], প্রণীত, বিরচিত। সুলিখিত, সুরচিত।
বিণ·/বি· সাহিত্যিক, সাহিত্যস্রষ্টা; সাহিত্যসেবী, সাহিত্যসাধক, সাহিত্যসেবক; সাহিত্যরথী, সাহিত্যবিশারদ, সাহিত্যগুরু, সাহিত্যিক শ্রেষ্ঠ, সাহিত্যাচার্য।
লেখক, গ্রন্থকার [৪১৪], গ্রন্থী, রচনাকার, রচয়িতা, রচনাকারী, রচক, প্রণেতা, প্রণয়নকারী, গ্রন্থক, অথার। সুলেখক; সুসাহিত্যিক।
সংকলক, সংগ্রাহক, সংকলয়িতা, সংকলনকারী; সম্পাদক।
শিশুসাহিত্যিক।
সাহিত্যানুরাগী, সাহিত্যপ্রেমী, সাহিত্যামোদী, সাহিত্যরসিক।
গ্রন্থতস্কর, কুম্ভিল, কুম্ভিলক, লেখাচোর, লিখনতস্কর, চন্দ্ররেণু, প্ল্যাজিয়ারিস্ট।

৪১৮ কবিতা

বি· কবিতা, পদ্য; ছন্দোবদ্ধ শ্লোক; পদ, পদবন্ধ; দোহা, গাথা, কারিকা, শায়ের; শ্লোক, ঋক, মন্ত্র, স্তোত্র, সূক্ত; ছড়া, শোলোক; লিমেরিক; বয়েত, রুবাইয়াত।
কারিকা, বিবরণশ্লোক।
কাব্য, কাব্যসাহিত্য; শ্রুতিকাব্য; দৃশ্যকাব্য; কাব্যনাট্য, নাট্যকাব্য, কাব্যনাটক [দ্র ৪৩০]। চম্পূ।
গান, গীত, সংগীত, গীতি, গীতিকবিতা, গাথা, লিরিক। পালাগান, পালা।
রোমান্টিক কবিতা, মন্ময় কাব্য।
আধুনিক কবিতা।
মহাকাব্য, ধ্রুপদীকাব্য, এপিক কাব্য, এপিক; মহাভারত; রামায়ণ; এলিয়ড; ওডিসি। বীরগাথা। খণ্ডকাব্য।
শোকগাথা, শোককাব্য, শোকসংগীত, মারসিয়া; এলিজি।
স্মরণকাব্য, স্মৃতিকাব্য।
লোকগাথা, লোককাব্য। পদাবলি; বৈষ্ণব পদাবলি; শাক্তপদাবলি। মঙ্গলকাব্য [মনসামঙ্গল; ধর্মমঙ্গল; চণ্ডীমঙ্গল; অন্নদামঙ্গল]।
চারণকাব্য, চারণগীতিকা; ভাটগান।
পাঁচালি।
কবিগান, কবিসংগীত।
ঝুমুর; তরজা।
ব্যঙ্গকবিতা, প্যারোডি।
কবিতাবলি, কবিতাসংগ্রহ, কাব্যসংকলন, কবিতা সংকলন; কোষকাব্য।

কবিত্ব, কবিপ্রতিভা, কবিত্বশক্তি, কবিত্বগুণ, কাব্যক্ষমতা, কাব্যশক্তি, কাব্যপ্রতিভা; কবিভাব, কবিস্বভাব, কবিপনা; কবিকল্পনা।
কাব্যধর্ম; কাব্যগুণ; কাব্যধর্মিতা, কবিতাধর্মিতা।
কবিয়ানা, কাব্যিকতা।
কাব্যসৃষ্টি, কাব্যরচনা।
কাব্যকলা; কাব্যরস, কাব্যমাধুর্য।
কাব্যচর্চা, কাব্যানুশীলন; কাব্যালোচনা(ক)।
কাব্যজগৎ, কাব্যলোক, কাব্যগগন, কাব্যাকাশ; কাব্যকানন।
কবিসমাজ, কবিকুল।
কবিপ্রসিদ্ধি; কবিসময় প্রসিদ্ধি।
পঙ্‌ক্তি, চরণ; স্তবক। ছন্দ [দ্র ৪২৯]।
চতুর্দশপদীকবিতা, সনেট।
কবিতা পাঠ(ক), আবৃত্তি(ক), কবিতা আবৃত্তি; কাব্যপাঠ; কবিতাপাঠের আসর, আবৃত্তির আসর। কবিসম্মেলন, মুসায়েরা।
বিণ· কবিত্বপূর্ণ, কাব্যিক; কবিতাধর্মী, কাব্যধর্মী; শ্লোকাত্মক।
কাব্যময়, কাব্যগুণসম্পন্ন।
কবিসুলভ, কবিজনোচিত, কবি কবি।
বিণ·/বি· কবি, কাব্যরচয়িতা, কাব্যস্রষ্টা, কাব্যকার, কবিবর।
পদকার, পদকর্তা, পদরচয়িতা, পদাবলিকার।
কবিয়াল, কবিওয়ালা। দোহাকার। পাঁচালিকার।
কথক, কথকঠাকুর।
ছড়াদার, ছড়াকার।
গীতিকার, গীতস্রষ্টা, সংগীতকার, গীতরচয়িতা [৪৩২]।
মহাকবি; আদিকবি, প্রথমকবি; বাল্মীকি।
লোককবি। চারণ, স্তুতিপাঠক, স্তুতিগীতক, ভাট, ভট্ট, প্রাতর্গেয়, বন্দী, কুলকীর্তিগায়ক, চারণকবি, বংশচরিতকীর্তনকারী। কীর্তনীয়া [দ্র ৪৩২]; নান্দীকর, নান্দীপাঠক।
কবিশ্রেষ্ঠ, কবিশেখর, কবীন্দ্র, কবীশ, কবিগুরু, কাব্যসম্রাট, কবিসম্রাট, কবিভূষণ, কবিকঙ্কণ, কবিরত্ন, কবিরাজ, রাজকবি, সভাকবি।
কাব্যরসিক।
[**বিপ·**] অকবি, কবিত্বশক্তিহীন।

৪১৯ কথাসাহিত্য

বি· কথাসাহিত্য, কথাশিল্প।
গল্প, আখ্যায়িকা, উপাখ্যান, আখ্যান, কাহিনী, পরিকথা, বৃত্তান্ত, কথা, আবান্তর, খণ্ডকথা; ছোটগল্প, বড়গল্প।
উপন্যাস, ফিকশন, নভেল; উপন্যাসিকা, নভেলেট।
রূপকথা, উপকথা [৪২২]; আষাঢ়ে গল্প; কিংবদন্তী; ফ্যান্টাসি, ফেয়ারিটেলস্‌। পঞ্চতন্ত্র।
রম্যরচনা; ব্যক্তিগত প্রবন্ধ, লঘুপ্রবন্ধ; বেললেতরস্‌।
হালকালেখা; চুটকি।
হাস্যকৌতুক, হাসির গল্প, কৌতুকী, রসরচনা,

হাস্যরসাত্মক রচনা, ব্যঙ্গ, ব্যঙ্গাত্মক রচনা, ব্যঙ্গ কৌতুক, হাস্যরসাত্মক গল্প; হিউমার।

নকশা; কেচ্ছা, কিসসা।

অশ্লীলসাহিত্য, পর্নোগ্রাফি।

রোমাঞ্চকাহিনী, রোমাঞ্চিকা, রহস্যকাহিনী, রহস্যরচনা; রহস্যউপন্যাস; রহস্যগল্প; গোয়েন্দাকাহিনী, ডিটেকটিভ উপন্যাস; ডিটেকটিভ গল্প। গোয়েন্দা উপন্যাস।

পুরাণকথা, ইতিহাস, ইতিবৃত্ত [দ্র ১৫৪]।

বিণ·/বি· কথাসাহিত্যিক, কথাশিল্পী, কথাকার।

গল্পকার, গাল্পিক, গল্পলেখক, গল্পরচয়িতা; কাহিনীকার, আখ্যায়ক, আখ্যায়ী; কথক, কথয়িতা।

ঔপন্যাসিক, উপন্যাসকার, উপন্যাসলেখক।

রূপকথাকার।

রসসাহিত্যিক, রসরচয়িতা; কৌতুকরচয়িতা, কৌতুকস্রষ্টা; ব্যঙ্গশিল্পী, ব্যঙ্গলেখক; হিউমারিস্ট।

ঐতিহাসিক [দ্র ১৫৪]।

বিণ· গল্পধর্মী। উপন্যাসধর্মী। উপন্যাসোপম, উপন্যাসোচিত।

৪২০ প্রবন্ধ

বি· প্রবন্ধ, নিবন্ধ, সন্দর্ভ, রচনা, কথাপ্রবন্ধ, এসে; আর্টিকেল। মননশীলরচনা; গুরুগম্ভীর রচনা; জ্ঞানগর্ভরচনা, গবেষণাপ্রবন্ধ, পেপার; থিসিস। স্মৃতিপ্রবন্ধ।

সমালোচনা, আলোচনা, পর্যালোচনা; মূল্যায়ন, মূল্যাবধারণ, সমীক্ষা, সমীক্ষণ, অন্বীক্ষা; বিশ্লেষণ; ক্রিটিসিজ্‌ম, রিভিউ।

গ্রন্থসমালোচনা, গ্রন্থবীক্ষণ, গ্রন্থবীক্ষা, গ্রন্থবিচার, পুস্তক সমালোচনা, পুস্তক পর্যালোচনা।

মসিযুদ্ধ, কলমের লড়াই।

বিণ·/বি· প্রাবন্ধিক, প্রবন্ধকার, প্রবন্ধরচয়িতা, প্রবন্ধলেখক, নিবন্ধক, সন্দর্ভকার, নিবন্ধকার।

সমালোচক, আলোচক, পর্যালোচক; সমীক্ষক; বিশ্লেষক, ক্রিটিক, রিভিউয়ার।

গ্রন্থসমালোচক, পুস্তক সমালোচক, গ্রন্থবীক্ষক।

বিণ· সমালোচ্য, আলোচ্য, পর্যালোচনীয়, সমালোচনীয়।

আলোচিত, সমালোচিত, পর্যালোচিত।

৪২১ জীবনী

বি· জীবনী, জীবনীগ্রন্থ, জীবনচরিত, জীবনকাহিনী, জীবনকথা, চরিত, চরিতকথা, বায়োগ্রাফি; আত্মজীবনী, আত্মচরিত, আত্মকথা; আত্মস্মৃতি; জীবনস্মৃতি; অটোবায়োগ্রাফি। জন্মবৃত্তান্ত, জন্মকাহিনী।

শৈশবস্মৃতি, বাল্যকথা; আদ্যলীলা। স্মৃতিকথা [দ্র ৪০১]।

জীবনীসাহিত্য।

চরিতাবলি, চরিতমালা।

বিণ· জীবনীমূলক; আত্মজীবনীমূলক, আত্মজৈবনিক, স্মৃতিমূলক, স্মৃতিকথামূলক।

বিণ·/বি· জীবনীকার, জীবনীলেখক, চরিতকার।

৪২২ লোকসাহিত্য

বি· লোকসাহিত্য, লোকজীবন সাহিত্য, লোকজীবনকথা, ফোক লিটারেচার; গ্রামীণসাহিত্য, পল্লীসাহিত্য, জানপদ সাহিত্য।

লোককাব্য, লোককথা, লোকগাথা, লোকজীবনগাথা; ফোকটেল, ফোকলোর। রূপকথা, উপকথা [দ্র ৪১৯]। ব্রতকথা। প্রবাদ, প্রবচন, জনশ্রুতি [দ্র ৪০৯]। পুরাকাহিনী, লৌকিকপুরাণ, মিথ; ইতিকথা; লিজেন্ড; ছেলে ভুলানো ছড়া, ছড়া [দ্র ৪১৮]।

লোকগীতিকা, আখ্যায়িকা গীতি, লোকগীতি সাহিত্য, গাথাগীতিকা; ব্যালাড [নাথগীতিকা; পূর্ববঙ্গ গীতিকা; ময়মনসিংহ গীতিকা]; লোকগীতি, লোকসংগীত [দ্র ৪৩২]।

৪২৩ ধর্মশাস্ত্র

বি· ধর্মশাস্ত্র, শাস্ত্র; ধর্মগ্রন্থ, ধর্মপুস্তক [দ্র ৫৯৩]। ধর্মসংহিতা।

শাস্ত্রবিধি; অনুশাসন।

শাস্ত্রচর্চা, শাস্ত্রানুশীলন, শাস্ত্রালোচনা।

বিণ· শাস্ত্রবিহিত, শাস্ত্রসংগত, শাস্ত্রসম্মত, শাস্ত্রানুমত, শাস্ত্রানুমোদিত, শাস্ত্রনির্দিষ্ট। শাস্ত্রীয়; শাস্ত্রোক্ত।

বিণ·/বি· শাস্ত্রকার।

শাস্ত্রজ্ঞ, শাস্ত্রজ্ঞানী, শাস্ত্রদর্শী, শাস্ত্রী।

৪২৪ অনুবাদ

বি· অনুবাদ(ক), তর্জমা(ক), ভাষান্তর(ক), ট্রানশ্লেসন, ভাষান্তরিতকরণ।

প্রতিবর্ণীকরণ, লিপ্যন্তর [৪১১], অক্ষরান্তর, অক্ষরান্তরীকরণ, ট্রানসলিটারেশন।

মূলানুবাদ; সারানুবাদ; আক্ষরিক অনুবাদ, হুবহু অনুবাদ, যথানুবাদ; ভাবানুবাদ; ভাবাবলম্বন; ছায়ানুসরণ, ছায়ানুবাদ।

মূলানুযায়িতা, মূলাশ্রয়িতা; আক্ষরিকতা; ভাবাশ্রয়িতা, ভাবধর্মিতা।

বিণ· অনূদিত, অনুবাদিত, ভাষান্তরিত, তর্জমাকৃত। প্রতিবর্ণীকৃত।

অনুবাদনীয়, অনুবাদযোগ্য, অনুবাদ্য।

মূলানুগ, মূলানুযায়ী, মূলানুসারী, মূলাশ্রয়ী, মূলধর্মী; আক্ষরিক, যথাযথ, লিটারাল। ভাবাশ্রয়ী, ছায়ানুসারী, ভাবধর্মী; ভাবগর্ভ, ভাবাত্মক [দ্র ৩৯৯], ভাবগত।

বিণ·/বি· অনুবাদক [৪০৯], অনুবাদকারী, অনুবাদকর্তা, তর্জমাকারক, অনুবাদী।

ভাষান্তরিক, দোভাষী; ইনটারপ্রেটার।

৪২৫ পুনর্লিখন

বি· নকল(ক), কপি(ক), পুনর্লিখন, অনুলিখন, অনুলিপি, প্রতিলিপি [২৫৭]। ডুপ্লিকেট(ক)। কার্বনকপি।

সাইক্লোস্টাইল [দ্র ৪১২]। মুদ্রণ [দ্র ৪১২]।

বিণ· পুনর্লিখিত, অনুলিখিত।

বিণ·/বি· নকলনবিশ [দ্র ২৫৭]।

অনুলেখক, অনুলিপিকার, প্রতিলিপিকার।
লিপিকর, লিপিকার [দ্র ২৫৭]।

৪২৬ চিঠি

চিঠি, পত্র, চিঠিপত্র, লিপি, লিপিকা, লেখ্য, লিখন, বর্ণদূত, নামা, কাচনকী, খত।
চিঠিচাপাটি(ক), চিঠিলেখালেখি(ক)। চিঠি দেওয়া-; পত্রাঘাত(ক)।
চিরকুট, চিটা, চিটে, চিট, হাতচিটে, হাতচিটা।
পত্ররচনা(ক), চিঠিলেখা-, পত্রপ্রণয়ন(ক)।
লিপিকলা, লিপিকৌশল, লিপিকুশলতা, লিপিচাতুর্য।
প্রেমপত্র, প্রেমলিপি, প্রেমলিপিকা।
নিয়োগপত্র। পদত্যাগপত্র, রেজিগনেশনলেটার। চরমপত্র। দাবিপত্র।
পত্রসাহিত্য। পত্রাবলি, পত্রগুচ্ছ, পত্রসমূহ।
ডাকবিভাগ; ডাক; ডাকঘর [দ্র ৪০৬·১]।
বিণ·/বি· পত্রলেখক, পত্রদাতা, পত্রকার, পত্ররচয়িতা, পত্রপ্রণেতা; পত্রনবিশ; পত্রপ্রেরক।
পত্রবাহক, লিপিবাহী, পত্রবাহ, পিওন [দ্র ৪০৬·১], পত্রদূত; ডাকহরকরা, রানার।
পত্রপ্রাপক, পত্রগ্রাহক।
লিপিকুশল, লিপিকুশলী, লিপিনিপুণ।
বি· শ্রীচরণকমলেষু, শ্রীচরণেষু। শ্রদ্ধাস্পদেষু, শ্রদ্ধাভাজনেষু। মাননীয়েষু, মাননীয়াসু। বন্ধুবরেষু, সুহৃদবরেষু; সুচরিতেষু; সুচরিতাসু। কল্যাণবর, কল্যাণবরেষু, কল্যাণীয়, কল্যাণীয়েষু; কল্যাণীয়াসু।
বিণ· ভবদীয়; আপনার বিশ্বস্ত।

৪২৭ রস

বি· রস। রসাস্বাদ, রসাস্বাদন(ক); রসাভাস।
রসবোধ, রসবত্তা, রসোপলব্ধি, রসানুভাবুকতা, রসগ্রাহিতা, রসজ্ঞতা, ভাবগ্রাহিতা; রসজ্ঞান [২২৫]।
[রসবৈভিন্ন্য] শৃঙ্গাররস; আদিরস, আদ্যরস; অনুরাগ। হাস্যরস। করুণরস; শোক। রৌদ্ররস; ক্রোধ। বীররস; উৎসাহ। ভয়ানক রস; ভয়। বীভৎসরস; জুগুপ্সা; ঘৃণা। অদ্ভুতরস; বিস্ময়। শান্তরস; শান্তি। বৎসলরস, বাৎসল্যরস; স্নেহ, বৎসলতা, বাৎসল্য। অষ্টরস; নবরস। [বৈষ্ণবমতে পঞ্চরস] শান্ত; দাস্য; সখ্য; বাৎসল্য; মধুর।
বিণ· রসময়, রসাত্মক, রসযুক্ত, রসাল, সরস, রসগর্ভ, রসোত্তীর্ণ, চিত্তাকর্ষক, মনোগ্রাহী [দ্র ৫২৬], মর্মগ্রাহী।
বিণ·/বি· রসিক, সুরসিক, রসজ্ঞ, বিদগ্ধ, বোদ্ধা [দ্র ৩৯৬], সমঝদার, রসকলাবিৎ, রসবেত্তা, রসপ্রিয়, রসকলাজ্ঞ, রসবান, রসবন্ত, রসগ্রাহী, স্বাদজ্ঞ; রসসিদ্ধ; মর্মজ্ঞ, মর্মী, মর্মবেদী; সারগ্রাহী।

৪২৮ রসহীনতা

বি· রসহীনতা, নীরসতা, রসাভাব; রসবোধহীনতা; নির্বুদ্ধিতা [দ্র ৩৭২]; শুষ্কতা [দ্র ৪৮৩]।
বদরসিকতা, বাজে রসিকতা, স্থূলরসিকতা।
বিণ·/বি· অরসিক, অরসজ্ঞ, বেরসিক, রসবোধহীন, রসজ্ঞানহীন, রসহীন, রসকষহীন; কাঠখোট্টা; নীরস, অরস, গতরস; বোঁদা, ভোঁতা; বুদ্ধিহীন [দ্র ৩৭২]; নীরসহৃদয়, শুষ্কহৃদয়।

৪২৯ ছন্দ, অলংকার

বি· ছন্দ, পদ্যবন্ধ। তাল, রিদ্‌ম [দ্র ৪৩২]। ছন্দঃস্পন্দ, ছন্দঃস্পন্দন, ছন্দঃস্ফুরণ; ছন্দোবন্ধ, ছন্দোবন্ধন; ছন্দানুগমন, ছন্দানুবর্তন, ছন্দানুসরণ।
ছন্দোবোধ, ছন্দোজ্ঞান; ছন্দঃশাস্ত্র।
মাত্রা, মোরা। মাত্রাজ্ঞান। যতি [অর্ধ যতি; পূর্ণ যতি]। ছেদ, বিচ্ছেদ যতি [পূর্ণচ্ছেদ; উপচ্ছেদ]। পর্ব, বার; পর্বাঙ্গ। চরণ। স্তবক, চরণগুচ্ছ; দ্বিপদী; ত্রিপদী; চৌপদী। [ছন্দবৈভিন্ন্য] পয়ার; তানপ্রধান; অক্ষরমাত্রিক; অক্ষরবৃত্ত; বর্ণমাত্রিক; গুরুছন্দ; যৌগিক; সংকোচপ্রধান; মিত্রাক্ষর; অমিত্রাক্ষর; মুক্তবন্ধ; মুক্তকছন্দ; গৈরিশ ছন্দ; গদ্যছন্দ। মাত্রাবৃত্ত; ধ্বনিপ্রধান; ধ্বনিমাত্রিক; বিলম্বিত; বিস্তার প্রধান। স্বরবৃত্ত; স্বরমাত্রিক; শ্বাসাঘাতপ্রধান; বলপ্রধান; ছড়ার ছন্দ; দ্রুতছন্দ; মালিনী; অষ্টি; ত্রিষ্টুভ; অনুষ্টুপ; তোটক; নাচাড়ী, লাচাড়ী; মন্দাক্রান্তা; বসন্ততিলক; ভুজঙ্গপ্রয়াত; শার্দূলবিক্রীড়িত; শার্দূললিত। লৌকিক ছন্দ। দলবৃত্ত; কলাবৃত্ত; মিশ্রকলাবৃত্ত। দলমাত্রা; কলামাত্রা।
ছন্দঃপতন, ছন্দঃপাত, ছন্দোভঙ্গ। ছন্দোদোষ [অধিকাক্ষর; ন্যূনাক্ষর; যতিভঙ্গ; মাত্রাপাত]।
বিণ· ছন্দোবদ্ধ, ছন্দোগ্রথিত; ছন্দানুবর্তী, ছন্দানুসারী।
ছান্দস, ছন্দঃসম্বন্ধীয়।
বিণ·/বি· ছান্দসিক, ছন্দরসিক।
বি· অলংকার [৪০৯]; অলংকরণ, অলংকৃতি; কাব্যালংকার; শব্দালংকার; অর্থালংকার; চিত্রালংকার, লক্ষণালংকার, অজহৎস্বার্থা।
অলংকারশাস্ত্র।
শব্দালংকার: অনুপ্রাস [শ্রুত্যনুপ্রাস; অন্ত্যানুপ্রাস; বৃত্তানুপ্রাস; ছেকানুপ্রাস]। শ্লেষ, শব্দশ্লেষ [অভঙ্গশ্লেষ; সভঙ্গশ্লেষ]। পুনরুক্তবদাভাস। যমক [আদি; মধ্য; অন্ত্য; সর্ব]। বক্রোক্তি [শ্লেষ বক্রোক্তি; কাকুবক্রোক্তি]।
অর্থালংকার: সাদৃশ্যমূলক [উপমা; রূপক; উল্লেখ; সন্দেহ; উৎপ্রেক্ষা, উৎপ্রেক্ষণ; ভ্রান্তিমান; লক্ষণা, পূর্ণোপমা; অপহ্নুতি; ছেকাপহ্নুতি; নিশ্চয়; প্রতিবস্তূপমা; দৃষ্টান্ত; নিদর্শনা; অনন্বয়, অনন্বয়োপমা; সমাসোক্তি; অতিশয়োক্তি; ব্যতিরেক; প্রতীপ]। বিরোধমূলক [বিরোধাভাস; বিভাবনা; বিশেষোক্তি; অসংগতি; বিষম]। শৃঙ্খলামূলক [কারণমালা; একাবলী; সার]।
ন্যায়মূলক [কাব্যলিঙ্গ; অর্থাপত্তি]। গূঢ়ার্থপ্রতীতিমূলক [অপ্রস্তুতপ্রশংসা; অর্থান্তরন্যাস; ব্যাজস্তুতি; স্বভাবোক্তি; আক্ষেপ]।
গ্রাম্যতা, গ্রাম্যতাদোষ।
বিণ· অলংকৃত, আলংকারিক।
বিণ·/বি· আলংকারিক, অলংকারশাস্ত্রজ্ঞ, অলংকারশাস্ত্রকার।

৪৩০ নাটক

বি· নাটক, নাটিকা, নাট্য, প্লে, ড্রামা।

পালা, পালাগান ; যাত্রা, যাত্রাপালা, যাত্রাগান। নাটগীতি। কৃষ্ণযাত্রা। রামলীলা।

থিয়েটার, নাট্যাভিনয়(ক)।

নৃত্যনাট্য ; ব্যালে ; অপেরা।

গীতিনাট্য। কাব্যনাট্য [৪১৮], দৃশ্যকাব্য। সংগীতালেখ্য, সংগীতরূপক। গীতিআলেখ্য।

শ্রুতিনাট্য ; বেতারনাটক, রেডিও প্লে।

পরীক্ষামূলক নাটক ; থার্ড থিয়েটার।

গণনাট্য ; লোকনাট্য।

নবনাট্য। নবনাট্য আন্দোলন, নাট্য আন্দোলন।

নাটকের দল, নাট্যগোষ্ঠী। শখের থিয়েটার, শৌখিন থিয়েটার, গ্রুপথিয়েটার।

পেশাদার থিয়েটার।

চিত্রনাট্য [দ্র ৪৩১]।

ট্র্যাজেডি, বিয়োগান্ত নাটক। কমেডি ; মিলনান্ত নাটক ; প্রহসন ; স্যাটায়ার ; ভাণিকা।

নাট্যশাস্ত্র, নাট্যবিদ্যা, নাট্যকলা, অভিনয় কলা। নাট্যশৈলী, নাট্যরীতি।

অঙ্ক ; গর্ভাঙ্ক ; নান্দী ; বিষ্কম্ভ, বিষ্কম্ভক ; দৃশ্য ; সিন ; দৃশ্যান্তর।

একাঙ্ক নাটক, একাঙ্কিকা।

নাট্যমঞ্চ, নাটমঞ্চ, রঙ্গমঞ্চ, আনর্ত ; মঞ্চ, স্টেজ। প্রসেনিয়াম। মুক্তমঞ্চ, উন্মুক্ত মঞ্চ। উইংস। ঘূর্ণায়মানমঞ্চ।

নাট্যশালা, থিয়েটার, রঙ্গালয়, নাট্যমন্দির, রঙ্গশালা।

দৃশ্যপট, পট ; মঞ্চস্থাপত্য ; মঞ্চসজ্জা।

আলোকসম্পাত, আলোকপাত। ফুটলাইট, পাদপ্রদীপ ; স্পটলাইট ; ফ্লাডলাইট, ফ্লাড।

পর্দা, ড্রপসিন ; যবনিকা, প্রতিসীরা ; যবনিকা পতন।

রূপসজ্জা, মেক আপ।

আবহসংগীত, আবহ।

নেপথ্য, জনান্তিক, ব্যাকস্টেজ।

অভিনয়(ক), মঞ্চাভিনয়, নাট্যাভিনয় ; নটবৃত্তি, নটচর্যা ; অ্যাক্টিং ; রূপদান(ক), রূপায়ণ, ভূমিকায় অবতীর্ণ হওয়া-। চরিত্রাভিনয়। অঙ্গাভিনয়, উপাঙ্গাভিনয়। আললিত।

ভূমিকা, পার্ট। মুখ্যভূমিকা, প্রধানভূমিকা, মূলচরিত্র, প্রধান চরিত্র ; নামভূমিকা। গৌণচরিত্র, পার্শ্বচরিত্র ; ছোটভূমিকা। নেপথ্যে মৃত সৈনিক।

অষ্টদৃষ্টি [সাচি ; আলোকিত, প্রলোকিত ; উল্লোকিত ; অবলোকিত ; নিমীলিত ; অনুবৃত্ত]।

পুরুষচরিত্র। নারীচরিত্র, স্ত্রীভূমিকা।

ভূমিকালিপি।

মহড়া, মহলা, রিহার্সাল ; স্টেজরিহার্সাল ; ড্রেসরিহার্সাল, বোর্ডরিহার্সাল।

নাটুকেপনা ; নাটকীয়তা। অতিনাটকীয়তা, মেলোড্রামা।

অভিনয়রজনী, রজনী।

বিণ· নাটকীয়, নাটুকে।

অভিনেয়, অভিনয়োপযোগী।

অভিনীত, মঞ্চস্থ, মঞ্চায়িত, রূপায়িত।

স্ত্রীভূমিকাবর্জিত।

বিণ·/বি· অভিনেতা, প্লেয়ার, অ্যাকটর, নট, নাট্যশিল্পী, নাট্যাভিনেতা, মঞ্চাভিনেতা, অভিনয়শিল্পী, নটশিল্পী, নাটুয়া, রূপশিল্পী, রঙ্গাবতার ; যাত্রাভিনেতা, যাত্রাশিল্পী। নায়ক, মুখ্যাভিনেতা ; পার্শ্বাভিনেতা। অভিনেত্রী, অ্যাক্ট্রেস, নটী ; নায়িকা, মুখ্যাভিনেত্রী ; পার্শ্বাভিনেত্রী ; রঙ্গাবতারিণী, রঙ্গাবতারিকা, রঙ্গাবতরী। কুশীলব, পাত্রপাত্রী, পাত্রমিত্র, নটনটী। শখের অভিনেতা ; পেশাদার অভিনেতা।

প্রম্পটার।

যাত্রার বিবেক, বিবেক।

অধিকারী। মোশন মাস্টার।

নাট্যামোদী, নাট্যরসিক।

৪৩১ সিনেমা

বি· সিনেমা, চলচ্চিত্র, ছায়াছবি, ছায়াচিত্র, ফিল্ম, মুভি, মোশন পিকচার, ছবি। নির্বাকচিত্র, সাইলেন্ট মুভি ; সবাকচিত্র, বায়োস্কোপ, টকি। ছায়াবাজি।

কাহিনীচিত্র, ফিচারফিল্ম। তথ্যচিত্র, ডকুমেন্টারি ফিল্ম। কার্টুন ছবি, অ্যানিমেশন।

সিনেমাজগৎ, ফিল্মি দুনিয়া, চিত্রজগৎ।

সিনেমা, সিনেমা হল, প্রেক্ষাগৃহ, প্রেক্ষালয়, সিনেমাগৃহ, থিয়েটার।

পর্দা, স্ক্রিন, রুপোলি পর্দা।

প্রেক্ষণ, প্রোজেকশন ; প্রদর্শনী, শো [ম্যাটিনি ; নুন ; সান্ধ্য, ইভ্নিং ; নাইট, রাত্রিকালীন]। প্রোজেকটার, প্রেক্ষণযন্ত্র।

চিত্রায়ণ, চলচ্চিত্রায়ণ, শুটিং ; ইনডোর শুটিং ; আউটডোর শুটিং, লোকেশন শুটিং।

স্টুডিও ; ফ্লোর ; সেট।

ক্যামেরা [দ্র ৪৩৬] ; মুভি ক্যামেরা, সিনে ক্যামেরা। ভিডিও ক্যামেরা ; ভিডিও টেপ ; ভিডিও টেপ রেকর্ডার।

ক্ল্যাপস্টিক, ক্ল্যাপার বক্স।

আলোকসম্পাত, লাইটিং [দ্র ৪৩০]।

চিত্রনাট্য, স্ক্রিপ্ট, ফিল্মস্ক্রিপ্ট, সিনারিও।

ক্লোজ আপ ; বিগ ক্লোজ আপ। লংশট ; মিডিয়াম শট।

প্যান(ক)। টিল্ট(ক)। জুম ; জুম আউট ; জুম ইন। ট্র্যাকিং শট।

কাট ; ডিজল্ভ, মিক্স। ফেড আউট ; ফেড ইন। ওয়াইপ। জাম্পকাট। স্লো মোশন।

সম্পাদনা, এডিটিং ; কাটিং। মন্তাজ।

শব্দ সংযোজনা। ডাবিং ; স্কোরিং।

শিল্পনির্দেশনা, আর্ট ডিরেকশন।

পরিচালনা, ডিরেকশন। চলচ্চিত্র নির্মাণ, চলচ্চিত্র সৃষ্টি।

অভিনয় [দ্র ৪৩০]। চলচ্চিত্রাভিনয়, ফিল্ম অ্যাক্টিং।

বিণ· চিত্রায়িত, চলচ্চিত্রায়িত ; চলচ্চিত্রে বিধৃত।

বিণ·/বি· চিত্রাভিনেতা, চলচ্চিত্রাভিনেতা, চিত্রতারকা, ফিল্মস্টার, সিনেমাস্টার, স্টার, তারকা। চিত্রাভিনেত্রী, অভিনেত্রী।

নায়ক, হিরো। সহনায়ক। নায়িকা, হিরোয়িন। সহনায়িকা।

ভিলেন, খলনায়ক।

পরিচালক, চিত্রপরিচালক, চলচ্চিত্রকার, চলচ্চিত্র নির্মাতা, ডিরেক্টার।

প্রযোজক, প্রোডিউসার।

পরিবেশক, ডিস্ট্রিবিউটার।

শিল্পনির্দেশক। সম্পাদক। শব্দযন্ত্রী।

প্রেক্ষণিক, প্রোজেকশনিস্ট।

৪৩২ সংগীত

বি· সংগীত, গানবাজনা(ক), গীতবাদ্য ; গান(ক), গীত [দ্র ৪১৮], গীতি, কথা, বোল, পদ, ধুন।

কণ্ঠসংগীত। নাদ, নাদব্রহ্ম। যন্ত্রসংগীত [দ্র ৪৩৩]। নাচ-গান-বাজনা, তৌর্যত্রিক ; নাচগান, নাচাগানা, নৃত্যগীত, কৌশিলব্য।

সংগীতশাস্ত্র, সংগীতবিদ্যা ; সংগীতকলা। সংগীতসুধা, গীতসুধা ; সংগীতরস। গীতধর্মিতা, গীতিধর্মিতা।

সুর, ধুন ; সুরসুধা ; সুরলহরী। সুরবোধ, সুরজ্ঞান।

গাওয়া-, গান গাওয়া-, গান করা- ; সুর ভাঁজা-, সুর ধরা-, কর্তব ; গুন গুন করা- ; গলা ছেড়ে গান গাওয়া-। উদ্গীত, উদ্গীতি। শিস(দে)।

একক সংগীত. সোলো।

ড়য়েট, দ্বৈতসংগীত, যুগলসংগীত ; যুগলবন্দী।

একতান, ঐকতান, সমবেত সংগীত, বৃন্দগান, সম্মেলক সংগীত,কোরাস ; কনসার্ট[দ্র ৪৩৩],কনসার্টপার্টি ; অওঘর্ষণ, হারমনি।

আবহসংগীত ; ব্যাকগ্রাউন্ডমিউজিক।

[গানের অংশ] সঞ্চারী ; অন্তরা ; আস্থায়ী, অস্থায়ী ; আভোগ, স্থায়ী।

কলি, চরণ ; স্তবক। তুক। ধুয়া, ধুয়ো, ধ্রুবকা, ধ্রুবকা, ধ্রুবপদ। আখর। গৌরচন্দ্রিকা, গৌরচন্দ্র। চিতেন।

আলাপ ; বিস্তার ; জোড় ; ঝালা [দ্র ৪৩৩] ; গৎ ; বন্দিশ, বন্দেশ ; মুখ ; তান, তান করতব, করতব ; হলকতান ; বোলতান ; গিটকিরি ; গমক ; মূর্ছনা [১০৪] ; শ্রুতি ; মিড়।

স্বর ; সুর ; সপ্তস্বর, সপ্তক, সপ্তসুর, সুরসপ্তক ; অকটেভ। সা, ষড়জ, খরজ ; রে, রেখভ, ঋষভ ; গা, গান্ধার ; মা, মধ্যম ; কড়িমধ্যম, তীব্রমধ্যম ; পা, পঞ্চম ; ধা, ধৈবত ; নি, নিষাদ, নিখাদ। অচলস্বর [সা ; পা]। কড়ি, তীব্র ; কোমল, বিকৃত, অতিকোমল। শুদ্ধস্বর। নিম্নসপ্তক, উদারা, মন্দ্রসপ্তক ; মুদারা ; তারা, তারসপ্তক। স্বরগ্রাম, স্বরলহরী ; সুরতরঙ্গ।

বাদী, সম্বাদী ; অনুবাদী।

আরোহ, উত্থান, অনুলোম ; অবরোহ, পতন, অওরো, বিলোম।

স্বরলিপি, নোটেশন। আকারমাত্রিক স্বরলিপি। সরগম।

সংগীত সাধনা, সংগীতচর্চা, সংগীতশিক্ষা, গান শেখা- ; স্বরসাধনা(ক), সরগম ভাঁজা- ; রেওয়াজ(ক)।

গায়কী ; ঘরানা।

সামগান, উদ্গীথ। বৈতালিকী ; বৈতাল, বৈতালিক। প্রভাতফেরি।

তাল [৪২৯]। মাত্রা। লয় ; দ্রুত লয়, জলদ ; মধ্য লয় ; বিলম্বিত লয়, ঢিমে তাল, ঢিমে লয়। সম। তেহাই। ফাঁক। [তাল বৈভিন্ন্য] একতাল ; ত্রিতাল, তিনতাল, তেতালা ; মধ্যমান, আড়াঠেকা ; তিলোয়াড়া ; কাহারবা ; দাদরা ; আড়খেমটা ; খেমটা ; ঝাঁপতাল ; ঝম্পক ; তেওড়া ; রূপক ; সুরফাঁকতাল, সুলতাল ; ধামার ; নবতাল ; তেওট ; চৌতাল ; আর্ধা ; যৎ ; ঘনতাল ; দীপচণ্ডী ; আড়াচৌতাল ; ঝুমরা ; দশকোশি ; আদিতাল।

আড়ি, আড়।

তালসংগত, ঠেকা(দে), সংগত(ক) ; তবলাসংগত।

তুড়ি, তুড়ি বাজানো-। তালি, তালি দেওয়া-।

[**বিপ·**] তালকাটা-, তালভঙ্গ। মাত্রাজ্ঞানহীনতা, তালজ্ঞানের অভাব।

বি· উচ্চাঙ্গ সংগীত, ধ্রুপদী সংগীত, ক্ল্যাসিকাল গান ; মার্গ সংগীত ; শাস্ত্রীয় সংগীত, কালোয়াতি গান, ওস্তাদি গান ; হিন্দুস্থানী সংগীত ; কর্ণাটক সংগীত।

ধ্রুপদ, ধ্রুবপদ। ধামার। খেয়াল। ঠুংরি। তারানা, তেলেনা। রাগপ্রধান গান।

টপ্পা। দাদরা। কাজরি। গজল। কাওয়ালি।

কীর্তন, পালাকীর্তন, কেত্তন, পালা ; কৃষ্ণকীর্তন, কৃষ্ণকথা, কৃষ্ণলীলা ; গোষ্ঠলীলা ; মাথুর। সংকীর্তন ; নগর সংকীর্তন ; নামসংকীর্তন, নামকীর্তন, নামগান।

ভক্তিগীতি, ভক্তিসংগীত, ভক্তিমূলক গান, ধর্ম সংগীত।

ভজন ; মীরার ভজন ; কবিরের ভজন ; সুরদাসের ভজন। শ্যামাসংগীত ; শাক্তপদাবলী ; রামপ্রসাদী, রামপ্রসাদের গান। আগমনী, উমাসংগীত ; বিজয়া। শিবের গীত। ব্রহ্মসংগীত। বজ্রগীতি ; চর্যাগীতি, চর্যাপদ, চর্যা।

পল্লীগীতি, পল্লীসংগীত, লোকগীতি, লোকসংগীত। বাউল ; দেহতত্ত্ব ; লালনগীতি। ভাটিয়ালি। জারিগান। সারিগান। ভাওয়াইয়া। মুরশিদা ; শরিয়তি ; হকিয়তি। আলকাপ। গম্ভীরা। তরজা ; কবিগান। ঝুমুর। টুসু, তুষু, ভাদু। হাপু। জাগ। চটকা। ঘাটু, ঘাটু গান। চৈতী। হোরি, হোলি। ঢপকীর্তন। পাটকাটার গান। ধানকাটার গান। ছাদপেটানোর গান।

বারমাসী, বারমাস্যা।

পুরাতনী, প্রাচীন গান ; প্রাচীন বাংলা গান।

স্বদেশীগান, দেশাত্মবোধক গান ; গণসংগীত ; মুকুন্দ দাসের গান।

কাব্যসংগীত, কাব্যগীতি ; লিরিক [দ্র ৪১৮] ; গাথা।

রবীন্দ্রসংগীত। নজরুলগীতি। দ্বিজেন্দ্রগীতি। রজনীকান্তের গান। অতুলপ্রসাদের গান।

আধুনিক, আধুনিক বাংলা গান। লঘুসংগীত, হাল্কা গান। সুগম সংগীত ; চটুল গান ; পপ মিউজিক, পপ সং।

ফিল্মসংগীত, ফিল্মিগান, ছায়াছবির গান।

শোকসংগীত, শোকগাথা, শোকগীতি।

উদ্বোধন সংগীত। সমাপ্তি সংগীত। আনুষ্ঠানিক সংগীত।

জলসা, গানের আসর, সংগীতানুষ্ঠান, সংগীত সভা,

সংগীত সম্মেলন, মাইফেল, মহ্‌ফিল। আখড়াই, হাফ আখড়াই, বসাকবি। মুজরা, মুজরো, গাওনা।

রাগ, রাগিণী, সুর; রাগরাগিণী।

ঠাট, মেল [বিলাওল; কাফি; ভৈরবী; ভৈরব; কল্যাণ; আশাবরি; পূরবী; মারোয়া; টোড়ি; খাম্বাজ]।

ঔড়ব; ষড়ব, খাড়ব; সম্পূর্ণ।

[রাগ বৈভিন্ন্য] ভৈরবী; সিন্ধু ভৈরবী, বসন্তভৈরবী। ভৈরব; ভৈরোঁ; নটভৈরব; আনন্দভৈরব; আহিরভৈরোঁ; বৈরাগীভৈরোঁ; জংলাভৈরব; সৌরাষ্ট্রভৈরব। রামকেলি, রামকিরি; গুণকেলি। সিন্ধু; সিন্ধুড়া। ললিত; আহিরললিত; বেদীকা ললিত। ললিতা। আহির, আহিরী, আভিরি। টোড়ি, তোড়ি; মিঞা-কি-টোড়ি; বিলাসখানি টোড়ি; গুর্জরি টোড়ি; মাধবটোড়ি; লাচাড়ি টোড়ি; আশাবরি টোড়ি; জৌনপুরি টোড়ি; দেশীটোড়ি; খটটোড়ি; গোবর্ধনি টোড়ি; গান্ধারী টোড়ি; সালাকভরালি টোড়ি। নট। বিলাসখানি। আশাবরি; কোমলঋষভ আশাবরি। বিলাওল; আলাহিয়া বিলাওল; শুক্লবিলাওল; দেবগিরি বিলাওল; নটবিলাওল; ককুভ বিলাওল; ইমনি বিলাওল; দেবশাখ বিলাওল। নন্দ; ভঙ্কার। কালেংড়া; যোগিয়া কালেংড়া। গান্ধার, গান্ধারী; দেবগান্ধার। ককুভ। লচ্ছাসার। বৈরাগী। গুণক্রী, গুনকড়ি। গুর্জরি। যোগিয়া; খটযোগিয়া। বিভাস। লাচাড়ী। প্রভাতী। দেশকার। ভাটিয়ার; সোহিনী ভাটিয়ার; বঙ্গালি ভাটিয়ার; বঙ্গালভৈরব। বঙ্গাল। কল্যাণী। বড়ড়ি। দেশী। সারং, বৃন্দাবনি সারং; গৌড়সারং; বড়হংস সারং; লঙ্কাদাহন সারং; মধুমাধবী সারং; মিঞা-কি-সারং; সামন্ত সারং। শুদ্ধসারং; দেবগিরি। গৌড়। নটনারায়ণ। গৌরী; শ্রীগৌরী; ললিতাগৌরী; মালাগৌরী। ধানী। পূরবী। মালশ্রী। ভীমপলশ্রী, ভীমপলাশী। মুলতান, মুলতানি। ভূপালি, ভূপাল; ইমনভূপালি। শ্রী। জিলফ, জিলা। খাম্বাবতী। খাম্বাজ; মিশ্রখাম্বাজ; মাঝখাম্বাজ; বেহাগ খাম্বাজ। মালাবতী। মাড়োয়া। বারোয়াঁ; পিলু বারোয়াঁ। পিলু। গাউতি, গাওতি। পুরিয়া। ধানশ্রী, ধানশী; পুরিয়াধানশ্রী, দিন-কি পুরিয়া। কাফি, খরহরপ্রিয়া; জিলাকাফি; পলাশকাফি; বঙ্গীয় কাফি। গারা; পঞ্চম সে গারা। সুরট। জয়জয়ন্তী। কৌশিকী; কৌশিকধনি, ভিন্ন ষড়জ, দেশক্ষি কৌশিকী, দুর্গা। ত্রিবেণী। দেশ। ভূপ; মালগুঞ্জ, মালগুঞ্জি। তিলং। কামোদ; তিলোক কামোদ। শ্যাম, তিলকশ্যাম। ইমন। কল্যাণ; ইমনকল্যাণ; শ্যামকল্যাণ; পুরিয়াকল্যাণ; ভূপ কল্যাণ; গোরখ কল্যাণ; শুদ্ধকল্যাণ; জয়েত কল্যাণ, জেত কল্যাণ; আনন্দীকল্যাণ, মান্দ্। পটদীপ। পটমঞ্জরি। যোগ। মালকোষ; চন্দ্রকোষ; যোগকোষ; মধুকোষ; হরিকোষ; মান্দকোষ। মালবকৌশিকী। আভোগী। ছায়া। ছায়ানট। বেহাগ, বিহাগ; মারুবেহাগ; হেমবেহাগ; নটবেহাগ; বিহঙ্গ বেহাগ; বিহাগরা। মাঁঝ। শংকরা। বাগেশ্রী। রাগেশ্রী। হাম্বীর, হামির। শাহানা। সোহিনী। নটনারায়ণ। সরপরদা। সালাকভরালি। সাভেরি। সুহা, শুভা। সুগ্রাহী, সুঘ্রাই। কেদারা, কেদার; মালুহাকেদার; শ্যামকেদার; নটকেদার; চাঁদনিকেদার; জলধর কেদার। কলাবতী। শিবরঞ্জনী। মেঘরঞ্জনী। পরমেশ্বরী। হেমন্ত। চারুকেশী। চন্দ্রনন্দন। মালশ্রী, মালশী। কিরবানি। হংসধ্বনি। হংসকিঙ্কিনি। সিংহেন্দ্রমধ্যম। লাজবন্তী। মধুবন্তী। কানাড়া; দরবারি কানাড়া; কৌশিকী কানাড়া; বাগেশ্রী কানাড়া; কাফি কানাড়া; সুহা কানাড়া; সুঘ্রাই কানাড়া; রইসা কানাড়া; গারা কানাড়া; টঙ্ক কানাড়া; নাগধ্বনি কানাড়া; মিঞা-কি-কানাড়া; জয়জয়ন্তী কানাড়া; আড়ানা কানাড়া; আভোগী কানাড়া; নায়কী কানাড়া; শাহানা কানাড়া; ভীম কানাড়া; মুদ্রা কি কানাড়া; হোসেনি কানাড়া। আড়ানা। মেঘ। মল্লারী। মল্লার; মেঘমল্লার; সুরট মল্লার; চর্যু-কি-মল্লার; সুরদাসী মল্লার; মিঞা-কি-মল্লার; গৌড়মল্লার; রামদাসী মল্লার; দেশমল্লার; জয়ন্তীমল্লার; ধুরমল্লার। হিন্দোল। পঞ্চম; বসন্ত পঞ্চম; ললিতপঞ্চম; দীপক পঞ্চম। বাহার; বসন্তবাহার; কাফিবাহার; বাগেশ্রীবাহার; হিন্দোলবাহার; আড়ানাবাহার; দুর্গাবাহার; খাম্বাজবাহার; ভৈরববাহার। বসন্ত; পরজবসন্ত। বসন্তমুখারি। পরজ। দীপক। পাহাড়ি; মিশ্রপাহাড়ি। ঝিঁঝিট, ঝিঞ্জোটি; পাহাড়ি ঝিঞ্জোটি; আনন্দী; খট। টঙ্কি। বাগীশ্বরী। রসিয়া। মালিগৌড়া। সাঁঝগিরি। বরাটি; শুদ্ধবরাটি। সৌরাষ্ট্রী। জৈৎসী। বাচস্পতি। সরস্বতী। মধুমাধবী। রেবা। ত্রিবেণী। কৌমারিকা। দীপিকা। মালশী। বল্লারি। চন্দ্রমধু। শাবেরি। কর্ণাট গৌড়; মালবগৌড়। মায়ূরী। সুখাবতী। ছাড়াগৌড়। শংকরাভরণ। হিন্দোলী। নারায়ণী। দেবপ্রীতি। কলাশ্রী।

রাগলক্ষণ; পকড়; লক্ষণগীত।

জলসাঘর; সংগীতভবন; মিউজিক হল।

বিণ· গীতল, সুরধর্মী। গীতিধর্মী, গীতিময়।

গেয়, গাতব্য। গীত, সমুদ্গীত।

শ্রুতিমধুর, সুশ্রাব্য [১১৬], কানে লাগা-, সুরেলা, সুরিলা। সাংগীতিক।

উদাত্ত, গম্ভীর, দরাজ, জলদগম্ভীর। সরু; মিনমিনে, চিকি, মিহি।

তালহীন, অনিবদ্ধ।

বিণ·/বি· সংগীতজ্ঞ; সংগীতকার; সংগীতশিল্পী; গীতজ্ঞ।

গায়ক, গাইয়ে, গাতা, গীতী, গায়ন, গায়েন, গাইন, গাথক। গায়িকা, গাত্রী, গাথিকা। প্রগাতা, উদ্গাতা। গাইয়ে বাজিয়ে।

ওস্তাদ, পণ্ডিত, কালোয়াত, কলাবত।

খেয়ালিয়া। ধ্রুপদীয়া। কীর্তনীয়া, কীর্তক; পালাকার। কাওয়াল। কবিয়াল, কবি।

সহগায়ক; দোহার, দোহারকি।

সংগীতগুরু, গুরু; সংগীতশিক্ষক, গানের মাস্টার কাটানদার।

কিন্নর, কিম্পুরুষ, গন্ধর্ব [দ্র ৫০০], তুরগানন। কিন্নরী।

সুকণ্ঠ, সুধাস্বর, সুকণ্ঠী; কোকিলকণ্ঠী।

বদকণ্ঠ [দ্র ১০৪]; রাসভনিন্দিত, বাজখাঁই।

সংগীতরসিক, সংগীতপ্রেমী; গানপাগল।

গীতিকার [দ্র ৪১৮]।

[বিপ·] বেতাল, বেতালা, তালহীন, তালকানা।

বেসুরো, সুরকানা।

৪৩৩ যন্ত্রসংগীত

বি· বাদন, বাজনা, বাজন, বাজা, বাদ্য, বাদ্যি, বাদ্যধ্বনি। যন্ত্রসংগীত [৪৩২]।

বাজানো-, বাদন, বায়ন।

রুণ, নিক্কণ, শিঞ্জন, শিঞ্জিনী [১০৪]। টুং টাং, ঠুং ঠাং, টিন টিন; টং টং, ঢন ঢন, ঠ্যান ঠ্যান। প্যাঁ প্যাঁ, পোঁ পোঁ, পিঁ পিঁ, কোঁ কোঁ, ক্যাঁ ক্যাঁ। ঝন ঝন, ঠন ঠন। ঝনৎকার, ঝনাৎকার, ঝনঝনানি, ঝুমঝুম, ঝুমাঝুম, ঝিনি, ঝিনিনি, ঝিনিঝিনি, রিনিঝিনি, ঝিনিকিঝিনিক, ঝনক ঝনক, ঝমর ঝমর, ঝনাৎ ঝনাৎ, রুমঝুম। টাক ডুমাডুম, তাক ধিনাধিন, ড্যাডাং ড্যাডাং, ঢ্যাম কুড় কুড়, ধিনতা ধিনা, তা ধিন ধিন, ডিম ডিম, দুম দুম।

বাদ্যবৃন্দ, বৃন্দবাদন, ঐকতান বাদন, সমবেত যন্ত্রসংগীত, সাজবাজান, অর্কেস্ট্রা, কনসার্ট। জ্যাজ। বাদ্যভাণ্ড; ব্যান্ড, ইংরেজি বাজনা [পাইপ ব্যান্ড, পাইপস অ্যান্ড ড্রামস; ব্রাস ব্যান্ড]। গড়ের বাদ্যি। রণবাদ্য [দ্র ৬৯৬]।

সংগত(ক), তালসংগত, ঠেকা দেওয়া-; তবলা সংগত(ক); পাখোয়াজ সংগত। তবলাতরঙ্গ। তবলা লহরা।

ঢাকের বাদ্য, ধুমুল, ধুম্বল।

আলাপ; জোড়; ঝালা। গৎ। মসিদখানি। রেজাখানি।

জোয়ারি, অনুরণন।

বাদ্যযন্ত্র, বাজনা, স্বনক, বাদিত্র। আতোদ্য [তত; আনদ্ধ; সুষির; ঘন]।

[বাদ্যযন্ত্র বৈভিন্ন্য] আনদ্ধযন্ত্র, আনদ্ধ, তালবাদ্য। কাহল। ঢাক, বাহিক, ঢক্ক, ঢক্কা, জয়ঢাক; ঢেঁড়া, ঢেঁড়ি; পটহ; আনক; ভেরি; কাড়া, কাড়; নাকাড়া; কাড়া নাকাড়া; দুন্দুভি; টিকারা; মুরজ; পণব; ধামসা; ডিন্ডিম; ডঙ্কা; টেঁটরা; দামামা; দগড়, ডগড়; চর্চরী; ডম্ফ; জগঝম্প; চিকারি; কাড়াদুন্দুভি; টেঁটরা।

ঢোল, ঢোলক। তবলা; বাঁয়া, ডুগি; বাঁয়া তবলা, তবলা ডুগি। খোল, শ্রীখোল। মৃদঙ্গ, পাখোয়াজ, অঙ্ক্য, উর্ধ্বক। মাদল, মর্দল, গুন্দল, গুরুমর্দন; তাসা। ডম্বরু, ডমরু, পিনাক; ডুগডুগি। ড্রাম; বিগড্রাম; সাইডড্রাম; কেট্‌লড্রাম। বঙ্গো; কঙ্গো।

তারযন্ত্র, ততযন্ত্র। বীণা, বীণ; রুদ্রবীণা; সরস্বতী বীণা; কচ্ছপী বীণা। রবাব। সুরবাহার। সুরশৃঙ্গার। সেতার, ত্রিতন্ত্রী। সরোদ। একতারা, একতন্ত্রী, একতন্ত্রিকা। দোতারা। খমক। গোপিযন্ত্র, আনন্দলহরি, গাবগুবাগুব। ম্যান্‌ডোলিন। ব্যাঞ্জো। ট্রাইসোকোর্ডো। গিটার; স্প্যানিস গিটার; হাওইয়ান গিটার। পিয়ানো। বল্লকী। কানুন। তানপুরা, তম্বুরা; তুম্ব, তুম্বক, তুম্বি। সারেঙ্গি, সারঙ্গি, সারঙ্গ; সারেং; সারিন্দা। বেহালা। এস্রাজ। তারসানাই। চেলো; ভাওলা।

বীণাবয়ব, কোলম্বক।

মিজরাব; ছড়ি, ছড়, বো।

তার, তন্ত্রী; তরফ, তরফের তার। পর্দা, ঘাট, ফ্রেট।

ঘনযন্ত্র, ঘন। করতাল, কত্তাল, খত্তাল, খঞ্জনি, কঙ্কমালা; ঝল্লরি, ঝাঁঝ, ঝল্লক, ঝল্লী, ঝাঁজর। মন্দিরা, একবর্ণী। ঘণ্টা, ঘণ্টিকা, ঘণ্টি, বেল, বেলা। নূপুর, ঘুঙুর, মঞ্জীর, মঞ্জিরা, ঘর্ঘরিকা, কঙ্কণী, শিঞ্জিনী, পাঁয়জোর। জলতরঙ্গ, সপ্তস্বরা। কাষ্ঠতরঙ্গ।

সুষিরযন্ত্র, সুষির। বাঁশি, বংশী, বাঁশরি, মুরলী, বেণু, বিপঞ্চিকা, বিপঞ্চী, বংশিকা, স্বরলাসিকা, মহুরী, বিবর নালিকা; বাঁশের বাঁশি, বংশনালিকা; আড়বাঁশি। ফুলুট, ফ্লুট; পিকুলু। ভেঁপু। শিঙা, শৃঙ্গ, ধামনিক। বিষাণ; রামশিঙা। তূরী, তূর্য, রণশিঙা। সানাই, সানেয়িকা, সানেয়ী, সানিকা। নাগেশ্বরম। ক্ল্যারিওনেট। ব্যাগপাইপ। বিউগ্‌ল। হারমোনিয়াম। অর্গান। শঙ্খ, শাঁখ, কম্বু, বহুনাদ; মহাশঙ্খ। কর্নেট। হর্ন। টিউবা; বাস টিউবা। ট্রম্বোন। স্যাক্সোফোন। অ্যাকোর্ডিয়ান, পিয়ানো অ্যাকোর্ডিয়ান।

ইলেকট্রনিক বাদ্যযন্ত্র। ইউনিভক্স। ইলেকট্রনিক অর্গান। সিনথেসাইজার।

[বিবিধ] চতুরঙ্গ। রোশনচৌকি। নহবত, নওবত। নহবতখানা, হাফারখানা।

ঢোলশহরত [দ্র ৪০৪]।

বিণ· বাদিত; ঝংকৃত; শব্দিত [দ্র ১০৪]।

বিণ·/বি· বাজিয়ে, বাজনদার, বাজনাদার, বাদ্যকর, বাজনাওয়ালা, বাদক, বাজানেওয়ালা; যন্ত্রী, যন্ত্রশিল্পী; বায়ান, বায়ক, বাইন, বায়েন, বাইতি।

ব্যান্ডমাস্টার। কনডাকটর, পরিচালক।

ঢাকি; ঢুলি।

তবলচি, তবলিয়া, তবলাবাদক। খোলবাদক, খুলি। মৃদঙ্গবাদক, মৃদঙ্গী, মার্দঙ্গিক, মার্দঙ্গ। পাখোয়াজি।

সেতারি, সেতার বাদক। সরোদিয়া, সরোদি, সরোদ বাদক। বীণকার, বীণাবাদক, বৈণিক।

বংশীবাদক, বাংশিক, বৈণুক, বৈণবিক।

৪৩৪ নৃত্য

বি· নাচ, নৃত্য(ক), নর্তন, নাচন, নৃতি; নাচা-, নাচানাচি(ক); নাচনকুদন, নর্তনকুর্দন।

অঙ্গবিক্ষেপ, অঙ্গবিন্যাস, অঙ্গভঙ্গি(ক), অঙ্গভঙ্গ।

তাণ্ডবনৃত্য, প্রলয়নাচন; উদ্ধতনৃত্য; উদ্দণ্ড নৃত্য; লাস্যনৃত্য, ললিতনৃত্য।

মুদ্রা, নাচের মুদ্রা। অভিনয়, নৃত্ত। অঙ্গহার; করণ; নাট্য।

কথাকলি; ভারতনাট্যম; ওড়িশি; মণিপুরি; কত্থক; কুচিপুড়ি। লোকনৃত্য, লৌকিকনৃত্য; ছৌ, ছো; রায়বেঁশে; বাউল; ঝুমুর; কাঠিনৃত্য; ব্রতচারী; খেমটা নাচ, কারবা। বাইজি নাচ, বাইনাচ, তয়ফা, ঠুমকি। বিহু; ভাংরা; গরবা।

নৃত্যশালা, নাচঘর, নৃত্যগৃহ, নর্তনশালা; রঙ্গশালা, রঙ্গমঞ্চ [দ্র ৪৩০]।

নৃত্যকলা; নৃত্যবিদ্যা।

নৃত্যনাট্য।

ধিন ধিন; ধেই ধেই; ধিনতা তাধিন; তাথৈ তাথৈ; তাতা থৈ থৈ; তাইরে নাইরে না।

বিণ· নৃত্যরত, নর্তিত, নর্তনশীল, নর্তনরত, নৃত্যপর, নৃত্যৎ, আনর্তিত, লাসক।

বিণ·/বি· নাচিয়ে, নর্তক, কেলিকোষ; নৃত্যপটু, নৃত্যবিদ, নৃত্যজ্ঞ, নৃত্যবিশারদ, নটনসূর, নৃত্যবীর, কলায়ন, নটবর; নৃত্যগুরু, গুরু।

নর্তকী, নাচওয়ালি, নাচউলি, নাচুনী, নাচনেবালি, নাচনী, নর্তনী, নটিনী, নটীদানী; নৃত্যপটীয়সী, নৃত্যশিল্পী। লাসিকা।

খেমটাওয়ালি, বাইওয়ালি, বাই, বাইজি, তয়ফাওয়ালি। দেবদাসী।

৪৩৫ চারুকলা

বি· চারুকলা, চারুশিল্প, সুকুমার কলা, সুকুমার শিল্প, সুকুমার বিদ্যা, ললিতকলা, কারুশিল্প, কারুকলা, শিল্পকলা, শিল্প, আর্ট, ফাইন আর্টস।

শিল্পকর্ম, কারুকর্ম, কারুকৃতি। হুনুরিকাজ। কারুকার্য, কারুকাজ।

চৌষট্টিকলা।

চিত্রকলা [দ্র ৪৩৬]। ভাস্কর্য [দ্র ৪৩৬]। সংগীত [দ্র ৪৩২]। নৃত্য [দ্র ৪৩৪]। যন্ত্রসংগীত [দ্র ৪৩৩]।

কলাবিদ্যা, সুকুমার বিদ্যা, শিল্পবিদ্যা, শিল্পশাস্ত্র; চিত্তরঞ্জিনীশাস্ত্র, চিত্তরঞ্জিনী বিদ্যা।

চারুকলা বিদ্যালয়, শিল্প বিদ্যালয়, আর্টস্কুল, আর্টকলেজ।

স্টুডিও। শিল্পশালা, শিল্পাগার, শিল্পালয়, কলাভবন; শিল্প সংগ্রহালয়। শিল্প সংগ্রহ, আর্ট কালেকশন।

শিল্পনৈপুণ্য, শিল্পোৎকর্ষ; শিল্পকৌশল, কারিগরি।

শিল্পরূপায়ণ, শিল্পায়ন।

শিল্পীমন; শিল্পচেতনা।

বিণ· শিল্পিক, শৈল্পিক; শিল্পসম্মত, শিল্পিত; চারু [দ্র ৫২৬]। শিল্পমণ্ডিত, শিল্পশোভিত।

বিণ·/বি· শিল্পী, আর্টিস্ট, কারুশিল্পী, চারুশিল্পী, শিল্পকার; কলাবিদ, কলাকুশল, কলাকুশলী, শিল্পকুশল, শিল্পবিদ, শিল্পদক্ষ, কলাভৃৎ, কলাকার; রূপদক্ষ, রূপকার।

কারিকর, কারিগর, কারুকর্মী; হনুরি, হুনুরি।

৪৩৬ চিত্র, ভাস্কর্য, আলোকচিত্র

বি· ছবি, চিত্র, আলেখ্য, পটচিত্র, পট, পেইন্টিং; চিত্রকর্ম, পুস্তকর্ম।

প্রতিকৃতি, প্রতিমূর্তি, তসবির, পোরট্রেইট, পোরট্রেচার। পার্শ্বচিত্র, প্রোফাইল।

দৃশ্যচিত্র, নিসর্গচিত্র, নিসর্গদৃশ্য, ভূদৃশ্য, ভূচিত্র, ল্যান্ডস্কেপ, সিনারি, সিনসিনারি।

রেখাচিত্র, চিত্ররেখা, স্কেচ। নকশা; ছক। লোকচিত্র; মানচিত্র, ম্যাপ। ইলাস্ট্রেশন।

স্টাডি।

বিমূর্তছবি, অ্যাবস্ট্রাক্ট পেইন্টিং, অ্যাবস্ট্রাক্ট আর্ট।

আলপনা, আলিপনা, আলিম্পন, আলিম্পনা।

দেওয়ালচিত্র, ফ্রেসকো, ম্যুরাল; ওয়াল পেইন্টিং, প্রাচীর চিত্র। গুহাচিত্র।

কার্টুন, ব্যঙ্গচিত্র।

আঁকা-, অঙ্কন [দ্র ৪৩৭]।

রং, বর্ণ। জল রং, ওয়াটার কালার; জলচিত্র। তেল রং, অয়েল কালার; অয়েল পেইন্টিং। টেম্পেরা। গুয়াশ। কালি, মসি; ভুসোকালি; চাইনিজ ইঙ্ক; ইন্ডিয়ান ইঙ্ক; কাঠকয়লা, চারকোল। ক্রেয়ন। প্যাস্টেল। রং পেনসিল। তুলি [দ্র ৪৩৭]। কালার ওয়াশ; ওয়াশ।

গ্রাফিকস; ছাপাই, প্রিন্ট; এনগ্রেভিং; লিথোগ্রাফ; উডকাট; লিনোকাট; খোদাই, খোদা-, খোদানো-; এচিং; অ্যাকোয়াটিন্ট; ড্রাইপয়েন্ট; মেজোটিন্ট। জলছবি।

সিল্কস্ক্রিন প্রিন্টিং; সেরিগ্রাফি।

চিত্রকলা, চিত্রবিদ্যা, চিত্রশিল্প।

চিত্রলক্ষণ; ষড়ঙ্গ [রূপভেদ; প্রমাণ; ভাব; লাবণ্য যোজন; সাদৃশ্য; বর্ণিকাভঙ্গ]।

ভারতীয় চিত্রকলা; ভারতশিল্প। অজন্তা; বাঘ। মিনিয়েচার পেইন্টিং; রাজপুত; কাংড়া; কিষণগড়; বাসুলি; মোগল; জৈনস্কুল অব মিনিয়েচার। বেঙ্গল স্কুল; শান্তিনিকেতন; মধুবনি; কালীঘাটের পট; প্রিতিস্তান-এর লোকচিত্র।

ইউরোপীয় চিত্রকলা। অ্যাবস্ট্রাক্ট, নন ফিগারেটিভ। ইম্প্রেসনিজ্‌ম, এক্সপ্রেসনিজ্‌ম; কিউবিজ্‌ম; সুররিয়ালিজ্‌ম, অতিবাস্তববাদ; দাদাইজ্‌ম; অ্যাবস্ট্রাকশনিজ্‌ম; বারোক; কনস্ট্রাক্টিভিজ্‌ম; ফিউচারিজ্‌ম; গোথিসিজ্‌ম; মডার্নিজ্‌ম; পয়েন্টিলিজ্‌ম; রিয়ালিজ্‌ম; সিম্বলিজ্‌ম; ফবিজ্‌ম। পপ আর্ট। অপ আর্ট।

চিত্রশালা, চিত্রশালিকা, আর্টগ্যালারি।

চিত্র সমালোচনা, আর্ট ক্রিটিসিজ্‌ম, চিত্র পর্যালোচনা।

ছবির বই, সচিত্র পুস্তক।

বিণ· চিত্রিত, অঙ্কিত [দ্র ৪৩৭]।

সচিত্র, চিত্রযুক্ত, চিত্রল; চিত্রশোভিত, চিত্রবিচিত্র; সুচিত্রিত, চিত্রময়, ছবিতে ভরা।

চিত্রগত, চিত্রার্পিত; চিত্রলিখিত, চিত্রন্যস্ত; চিত্রায়িত।

চিত্রানুগ; চিত্রবৎ।

বিণ·/বি· চিত্রশিল্পী, চিত্রকর, চিত্রক, চিত্রকার, চিত্রকৃৎ, চিত্রকর্মা; বার্ণিক, বর্ণিক, চিত্রবিৎ, বর্ণাট, রঞ্জনশিল্পী, চিত্রক, তৌলিক; শিল্পী, আর্টিস্ট, পেইন্টার; চিত্রকলাদক্ষ, চিত্রবিদ; পটুয়া, পোটো, পটশিল্পী, পটকার, উপরঞ্জক, রঙ্গজীবক, রঙ্গাজীব; আঁকিয়ে [দ্র ৪৩৭]।

মডেল।

বি· ভাস্কর্য, মূর্তি, স্কাল্‌পচার; প্রতিমা, পুতুল।

ভাস্কর্যকলা, ভাস্কর্য, মূর্তিশিল্প, সংতরাশি, মূর্তিনির্মাণশিল্প।

খোদাই(ক), ক্ষোদন(ক); কাঠখোদাই; পাথর কাটা-। রিলিফ। ধাতুভাস্কর্য। চিনে মাটির কাজ, পটারি, সিরামিকের কাজ। টেরাকোটা, পোড়ামাটির কাজ। দারুভাস্কর্য।

আবক্ষমূর্তি, বাস্ট। [মূর্তি বৈভিন্ন্য] নর; আসুর; ক্রূর; বালা; কুমার।

[ভঙ্গি বৈভিন্ন্য] সমভঙ্গ, সমপাদ; আভঙ্গ; ত্রিভঙ্গ; অতিভঙ্গ।

ঢালাই(ক), কাস্টিং। ছাঁচ; মোমের ছাঁচ।

মূর্তিতত্ত্ব, আইকোনগ্রাফি।

ভারতীয় ভাস্কর্য। ব্রাহ্মণ্য; বৌদ্ধ; জৈন। তাম্র-অশ্মীয়।

মৌর্য। শুঙ্গ। শক-কুষাণ; বাহ্লীক; গান্ধার; মথুরা। সাতবাহন। গুপ্ত; মথুরা; সারনাথ। পাল-সেন। চালুক্য। প্রতীহার। পল্লব। রাষ্ট্রকূট। পশ্চিম ভারতীয় শৈলী। মধ্যভারতীয় শৈলী। ওড়িশা শৈলী। চোল। হৈসল। যাহি।

নটরাজ। মহিষাসুরমর্দিনী। গজলক্ষ্মী। বুদ্ধ। মিথুন।

ইউরোপীয় ভাস্কর্য। ম্যাডোনা। ভেনাস। অ্যাপোলো।

বিণ·/বি· ভাস্কর, স্কাল্পটর, সংতরাশ, মূর্তিশিল্পী; তষ্টা, কুমার, কুমোর [দ্র ৪৩৮·৫], মৃৎশিল্পী।

খোদকার, খোদাইশিল্পী, খোদাইকর, খোদগার।

বি· আলোকচিত্র, ফটো, ফটোগ্রাফ, ছবি।

স্টুডিও ফটোগ্রাফি। ক্যান্ডিড ফটোগ্রাফি।

আলোকচিত্রশিল্প, ফটোগ্রাফি, আলোকচিত্রবিদ্যা।

ছবি তোলা-, ফটো তোলা-, ফটোগ্রাফি, আলোকচিত্রণ।

ক্যামেরা [৪৩১], ছবি তোলার যন্ত্র; বক্স ক্যামেরা; ফোল্ডিং ক্যামেরা; রিফ্লেক্স ক্যামেরা। ফিল্ম; নেগেটিভ; প্রিন্ট, পজিটিভ; ট্রান্সপ্যারেন্সি। বিবর্ধন(ক), এনলার্জমেন্ট। ডেভলপ(ক), পরিস্ফুটন। ডার্করুম। ব্রোমাইড পেপার, ফটোগ্রাফিক পেপার, ফটোর কাগজ।

স্টুডিও; ফটোর দোকান।

লেন্স; নরমাল লেন্স; টেলিফটো লেনস; ওয়াইড অ্যাঙ্গেল লেন্স; ফিশআই লেন্স; জুম লেন্স। ক্যামেরা স্ট্যান্ড, ট্রাইপড। শাটার। এক্সপোজার। এক্সপোজার মিটার। ফোকাস। অ্যাপারচার।

সিল্যুয়েট ছবি।

ভিডিও ফটোগ্রাফি। ভিডিও ক্যামেরা। ভিডিও টেপ রেকর্ডার। ভিডিও ক্যাসেট রেকর্ডার।

বিণ·/বি· আলোকচিত্রশিল্পী, আলোকচিত্রী, ফটোগ্রাফার, চিত্রগ্রাহক, আলোকচিত্রগ্রাহক, ক্যামেরাম্যান।

প্রেস ফটোগ্রাফার। অ্যামেচার ফটোগ্রাফার।

বি· স্থাপত্য, আর্কিটেকচার, স্থাপত্যশিল্প, সৌধশিল্প; স্থাপত্যবিদ্যা, স্থাপত্যবিজ্ঞান, স্থপতিতত্ত্ব।

নগরস্থাপত্য; নগর পরিকল্পনা, টাউন প্ল্যানিং। গৃহনির্মাণ, বাস্তুশিল্প।

মন্দিরস্থাপত্য। মন্দির; গুহা মন্দির; স্তূপ; চৈত্য; বিহার; সংঘারাম; নাটমন্দির; মণ্ডপ; চণ্ডীমণ্ডপ।

নাগর; রেখ; মস্তক; আমলক; শিখর; অঙ্গশিখর; পাভাগ; পিষ্ট; বাঢ়; গণ্ডী; বারণ্ড; জগমোহন; গর্ভগৃহ; নাটমন্দির। চারচালা; আটচালা; পঞ্চায়তন; পঞ্চরত্ন; নবরত্ন। বেশর। দ্রাবিড়; বিমান; গোপুরম্; প্রাসাদ।

মিনার, স্তম্ভ, থাম; খাম্বা; ডরিক; আইওনিক; করিন্থিও।

আর্চ, খিলান, খিলেন।

গম্বুজ, ডোম।

স্থাপত্যশৈলী, স্থাপত্যরীতি; হিন্দুস্থাপত্য; মুসলমান স্থাপত্য, মুঘল স্থাপত্য; বারোক; বাইজেনটাইন; রেনেসাঁস; মিশরীয়; ইংরেজ; ফরাসি; জার্মান; গথিক; গ্রেকো রোমান; গ্রিক; ইতালিয়ান; মধ্যযুগীয়; আধুনিক; পারসিক; রোমান; প্রাচ্য।

বিণ·/বি· স্থপতি, আর্কিটেক্ট।

৪৩৭ অঙ্কন

বি· আঁকা-, অঙ্কন(ক), আঁকন, চিত্রণ, উপরঞ্জন, ড্রয়িং; ছবি আঁকা-, চিত্রাঙ্কন(ক), আলেখ্য নির্মাণ(ক), চিত্রীকরণ, চিত্রায়ণ, আলেখন; অলংকরণ(ক)।

দাগটানা-, দাগকাটা-, ছককাটা-, রেখাপাত(ক), কশিটানা-, রেখাঙ্কন(ক), লাইনটানা-; ছকা-।

দাগ, রেখা [৪১৩], ডোরা, কশি, লাইন; সরলরেখা, ঋজুরেখা, কষি; বক্ররেখা, বাঁকা রেখা, বঙ্কিমরেখা, ধনুর্মার্গ, বিসর্পিল রেখা। স্কেল, রুলার।

ফুটকি, বিন্দু, পয়েন্ট, ডট, ডিমকি।

রং দেওয়া-, রাঙানো-, বর্ণলেপন(ক), পেইন্টিং; রঙে ছোপানো-।

অঙ্কন ক্ষমতা; আঁকার হাত।

খোদাই(ক), খোদানো-, উৎকিরণ।

চিত্রপট, পট, আলেখ্যপট, চিত্রফলক, চিত্রপট্ট; ক্যানভাস।

রং [দ্র ৫৩৩, ৪৩৬, ৫৩৪]। প্যালেট।

তুলি, তূলিকা, ঈষিকা, কূচিকা, কূর্চা, কূর্চিকা, কুঁচি, চিত্রলেখনী, চিত্রলেখনিকা, ব্রাশ, অক্ষরতূলিকা।

ড্রয়িংবোর্ড, বোর্ড।

বিণ· অঙ্কিত, চিত্রিত, চিত্রায়িত, আলিখিত, চিত্রীকৃত।

ক্ষোদিত, উৎকীর্ণ।

অঙ্কনীয়, অঙ্কনযোগ্য।

রেখাঙ্কিত, ডোরাকাটা- [দ্র৫২৪]। রৈখিক।

বিণ·/বি· চিত্রশিল্পী [দ্র ৪৩৬]।

৪৩৮ বিবিধ শিল্প

৪৩৮·১ **বি·** হস্তশিল্প, হাতের কাজ, হ্যান্ডিক্র্যাফ্টস; কুটিরশিল্প; লোকশিল্প; ফোক আর্ট; গ্রামীণ শিল্প।

বিণ·/বি· হস্তশিল্পী; লোকশিল্পী।

৪৩৮·২ **বি·** সূচীশিল্প, সীবনশিল্প, সূচীবায় শিল্প, সেলাই-এর কাজ, সেলাই(ক) [দ্র ৩৬৩], সূচীকর্ম, সুচের কাজ; বোনা-, বুনন(ক); বুননি।

রিফুকর্ম, রিফুকরা-, রিফুগরি, রিফুগিরি; কামদানি; এমব্রয়ডারি, কশিদা; ফুলকাটা; বখেয়া; বুটা; সলমা; সলমা চুমকির কাজ; চিকনের কাজ, চিকনশিল্প; ফুলকারি; লেস [৫০৭], লেসের কাজ, ক্রুশের কাজ, ক্রুশ বোনা-; বোনা-, উলবোনা-; পশমশিল্প। বাটিকের কাজ।

কাঁথা, কাঁথাশিল্প; নকশিকাঁথা।

সূচ, ছুঁচ, সুই, সূচী, বেধনী, সংযান, সীবন সাধনী; ক্রুশকাঠি, ক্রুশেট, কুরুশকাঁটা; পশমকাঠি, উল বোনার কাঁটা।

বিণ·/বি· সূচীশিল্পী, সূচীজীবী, সূচিক, সৌচি, সৌচিক, তুন্নবায়; দরজি, ওস্তাগর, খলিফা; কামদার; রিফুগর।

৪৩৮·৩ **বি·** বয়নশিল্প; তাঁতশিল্প, তন্তুবায়শিল্প; টেক্সটাইল ইন্ডাস্ট্রি।

তাঁত, তন্ত্রী, তন্ত্র, আবাপন, বস্ত্রবয়নযন্ত্র, বয়নযন্ত্র, হ্যান্ডলুম; তাঁতঘর, তাঁতশালা; গর্তিকা; তাঁতগাড়;

তন্তুগর্ভ। সুতো, সূতা, তন্তু, তানা; বানা, সরুখিল; শানা, সানা; শানা গাঁথা-; লবদ; মাকু; ত্ররস; মেড়া; ঝাঁপ; ফুলকি; দপ্তি; লাটাই, নাটাই; নরাজ; কোলনরাজ; মশরা জড়া। বায়দণ্ড, বাণদণ্ড, বাপদণ্ড, বেমা। টানা; পোড়েন।

পাওয়ারলুম, কাপড়ের কল, মিল।

চরকা(কোটা-)। তকলি।

তাঁতবস্ত্র, তাঁতের কাপড়, তন্তুজাতবস্ত্র। টাঙ্গাইল; ধনেখালি, ধনিয়াখালি; শান্তিপুরি; ফরাসডাঙা; বেগমপুরি। খাদি, খদ্দর।

মিলের কাপড়; লংক্লথ; মার্কিন; ভয়েল; পপলিন; ক্রেপ; কর্ড, কর্ডুরয়; জিন; গাবার্ডিন; সার্জ; ফ্লানেল।

সুতি। সিল্ক, রেশম; মুগা; তসর; এন্ডি; বাবতা; মটকা; গরদ; মুর্শিদাবাদ সিল্ক; বেনারসি; কাঞ্জিভরম্। টেরিকট। ডেক্রন; রেয়ন; নাইলন। সিফন; জর্জেট।

বিণ· বয়নশিল্পী, তাঁতশিল্পী, তন্তুবায়, তন্তুবাপ, তাঁতি; কুবিন্দ; কাওলি; খুঁয়ে তাঁতি। জোলা।

৪৩৮·৪ মাদুর শিল্প।

বি· মাদুর শিল্প। বেতের কাজ।

মাদুর [দ্র ৫০৬], পাটি, শপ, কিলিঞ্জক; চাটাই; শীতলপাটি; মছলন্দ, মসলন্দ। মাদুরশিল্পী, কটকার।

৪৩৮·৫ **বি·** মৃৎশিল্প, মাটির কাজ; পোড়ামাটির কাজ, টেরাকোটা। একমেটে; দোমেটে, দোমাটি।

কুম্ভশালা, কুম্ভশাল, পাকপুটী, মৃৎশিল্পালয়।

চাক, কুমোরের চাক, কুলালচক্র।

প্রতিমাশিল্প।

বিণ·/বি· কুমোর [৪৩৬], কুমার, কুম্ভকার, কুলাল, মৃৎকর; মৃৎশিল্পী; ঘটকার, ঘটকৃত, চক্রজীবক। কুমোরপাড়া, পোটোপাড়া।

প্রতিমাশিল্পী।

৪৩৮·৬ **বি·** কাঠের কাজ, দারুশিল্প, তক্ষণশিল্প।

তক্ষণী, তক্ষণাস্ত্র।

কাঠের পুতুল [৭৫৩], কাষ্ঠপুত্তলিকা, দারুপুত্রিকা, কুরুণ্টী, শালভঞ্জী, শালভঞ্জিকা, দারুকা।

বিণ·/বি· সূত্রধর, সূত্রধার, ছুতোর, ছুতার, তক্ষক, তক্ষা, বর্ধকী, দারুশিল্পী, তক্ষণশিল্পী, তষ্টা; খরাদি, কুন্দার।

৪৩৮·৭ **বি·** পঙ্খের কাজ, পঙ্খশিল্প। গজগির, গজগিরি।

বিণ·/বি· পঙ্খশিল্পী।

৪৩৮·৮ **বি·** শঙ্খশিল্প, শাঁখের কাজ। শঙ্খ, শঙ্খবলয়, শাঁখা। শাঁখের করাত।

বিণ·/বি· শাঁখারি, শাঙ্খিক, শঙ্খক, শাঙ্খ, শঙ্খবণিক, শঙ্খকার, শঙ্খী।

৪৩৮·৯ **বি·** গালাশিল্প, গালার কাজ, লাক্ষাশিল্প।

বিণ·/বি· গালাশিল্পী, লাক্ষাশিল্পী।

৪৩৮·১০ **বি·** চর্মশিল্প, চামড়ার কাজ। ট্যানারি; ট্যানিং।

চর্মপাদুকা, উপানৎ, জুতা [দ্র ৫১০]; চর্মাসন; চর্মাবরণ; চর্মস্থলী।

বিণ·/বি· চর্মকার, চর্মকারক, চর্মকারী, চর্মকৃৎ, চর্মার, চর্মরু, চামার, মুচি।

৪৩৮·১১ **বি·** কাঁসার কাজ, কাংস্যশিল্প; ঢোকরাশিল্প; বিদ্রিশিল্প।

বিণ·/বি· কাঁসারি, কংসকার, কাংস্যবণিক, কংসবণিক, কাংস্যকার।

৪৩৮·১২ **বি·** শোলার কাজ, শোলাশিল্প। ডাকের সাজ; ডাক; ডাকের গহনা; চাঁদমালা।

৪৩৮·১৩ **বি·** হাতির দাঁতের কাজ, গজদন্তশিল্প। বিদরি।

বিণ·/বি· গজদন্তশিল্পী, ভাস্কর।

৪৩৮·১৪ **বি·** অলংকার শিল্প। গয়না, গহনা [দ্র ৫৩১]; স্বর্ণালংকার, সোনার গয়না; রৌপ্যালংকার, রুপোর গয়না; জড়োয়া; ফিলিগ্রি; মিনা, মিনে; মিনাকারি; কলাই করা-।

বিণ·/বি· গহনাশিল্পী; স্বর্ণকার, সেকরা [৫৩১], স্বর্ণকৃৎ।

সুবর্ণবণিক, সোনারবেনে, সুবর্ণকার, স্বর্ণবণিক [৪৭৯·৭৯], জহুরি। মিনাশিল্পী, মিনাকার।

১৫ পরিমাণ-পরিমিতি-সংখ্যা

৪৩৯ পরিমাণ

বি· পরিমাণ, পরিমিতি; মাপ [৪৬৬], পরিমাপ, মেকদার; কুল্য, প্রতীমান; আকার [দ্র ৪৬৪], আয়তন [দ্র ৪৬৬], সাইজ; মাত্রা, ডোজ, উমান; মান, স্ট্যান্ডার্ড; ইয়ত্তা। মাপন [দ্র ৪৪০]।

ওজন(ক) [দ্র ৪৮৬], ভার, তৌল; ভর, মাস; গুরুত্ব; আপেক্ষিক গুরুত্ব, প্রেষ, চাপ।

বিস্তার [দ্র ৪৫৭]। সংখ্যা [দ্র ৪৪৩]।

বিণ· কত, কতটা, কতখানি, কতখান, কী পরিমাণ; কটা, কয়টা, কতগুলো, কতগুলি। কত যে, কত না; কতক, কিছু, কিছুটা, কিছু পরিমাণ, কতকটা, কিয়দংশ, খানিক, খানেক, খানিকটা, কিয়ৎ, কিঞ্চিৎ, কথঞ্চিৎ; কিঞ্চন। একচোট, বেশ এক চোট, একপ্রস্থ, বেশ খানিক।

অতটা, অত, অতেক, ওই পরিমাণ; এত, এতটা; অতশত; তত, ততটা, ততেক।

যত, যতেক, যতটা, যতসমস্ত।

মাত্রিক, মাত্রাযুক্ত।

অব্য· টা, খানা, খানি, টি; গচ্ছ, গাছা, গাছি।

৪৪০ পরিমাপন

বি· পরিমাপন, পরিমাপ(ক), তোলন, তৌলন, মাপা-, মেপে দেখা-, মাপন, মাপ করা-, মাপ জোখ(ক), মাপা জোখা(ক), জোকা-, জোখা-, মান, মানন, মিতি।

মাপকাঠি, স্কেল, মানদণ্ড, মাপনি, গজ, গজকাঠি; ফিতে, ফিতা; ইয়ার্ডস্টিক।

জরিপ(ক), পয়মাশ, সার্ভে(ক)। জ্যামিতি, ক্ষেত্রমিতি।

ওজন(ক); দাঁড়িপাল্লা, তুলাদণ্ড, তুলাযন্ত্র, তৌলযন্ত্র, নিক্তি, তরাজু, তুলাধট, ধাড়া, ধট, ধটক, তোলক, তৌলঝাঁপ, তৌলদাঁড়ি; কাঁটা, দণ্ডি; স্কেলপ্যান; ব্যালান্স; স্প্রিং ব্যালান্স। ওজন, বাটখারা, পড়েন, ওয়েট।

ওয়েব্রিজ। স্টিলইয়ার্ড।

কাঠা, কুনকে।

অংশাঙ্কন, ক্রমাঙ্কন, দাগকাটা-, গ্র্যাজুয়েশন; ক্যালিব্রেশন।

ঘড়ি, গেজ; ডায়াল; মিটার।

তাপমানযন্ত্র, থার্মোমিটার। চাপমান যন্ত্র, প্রেশার গেজ; ব্যারোমিটার; ম্যানোমিটার। গতিবেগমাপনযন্ত্র, স্পিডোমিটার। ভোল্টমিটার; অ্যাম্মিটার; গ্যালভ্যানোমিটার।

গোনা, গুনতি(ক), গণন, গণনা(ক) [দ্র ৪৪২]।

মানমন্দির, পর্যবেক্ষণিকা, অবজারভেটারি।

মানচিত্র, ম্যাপ, অ্যাটলাস।

মাপ, সাইজ [৪৩৯]। দৈর্ঘ্য; প্রস্থ [দ্র ৪৬৮], বেধ। আকার; আয়তন; কালি, পরিসর [দ্র ১৭৬]।

ওজনে ঠকানো-, মাপে ঠকানো-, ওজনে মারা-, দাঁড়ি মারা-; কূটতুলা।

বিণ· পরিমিত, মাপিত। তোলিত।

পরিমেয়, মেয়, তোল্য, পরিমাপযোগ্য; সসীম, ফাইনাইট।

মাপসই, মাপমতন, মাপ অনুযায়ী, লাগসই।

অংশাঙ্কিত, গ্র্যাজুয়েটেড।

বিণ·/বি· পরিমাপক, মাপক।

ওজনকারী, তৌলিক, কয়াল, চাপদার। তুলাধারী।

জরিপকারী, আমিন, জরিপ আমিন; কানুনগো।

ক্রি-বিণ· মাপে মাপে; কাপে কাপে।

৪৪১ একক

বি· একক, ইউনিট, মানক। মেট্রিকপদ্ধতি। সি জি এস। ব্রিটিশ পদ্ধতি; এফ পি এস।

৪৪১·১ [দৈর্ঘ্য] ইঞ্চি; ফুট; গজ, দুহাত; জ; সুতো; ফারলং; মাইল; ক্রোশ। মিলিমিটার; সেন্টিমিটার; মিটার; কিলোমিটার। নটিকাল মাইল। হাত, অরত্নি, হস্তপরিমাণ, হাতসই, হস্তপ্রমাণ; আধহাত; বিঘত; বিতস্তি, দ্বাদশাঙুল, কিষ্কু; কর, আঙুল; গোকর্ণ; মুষ্টি; তাল। লাইটইয়ার, আলোকবর্ষ। যোজন।

৪৪১·২ [আয়তন] বর্গইঞ্চি; বর্গফুট; বর্গগজ; বর্গমাইল। বর্গমিটার; বর্গসেন্টিমিটার; বর্গকিলোমিটার। বর্গহাত।

ছটাক; কাঠা; বিঘা; একর; হেক্টর। কুড়, কুড়বা, কুড়া। বিঘাকালি; কাঠাকালি।

ঘনমিটার। ঘনফুট, কিউবিক মিটার। সিসি। লিটার। ড্রাম। আউন্স। গ্যালন।

গণ্ডূষ; আঁজলা। একমুঠো; দুমুঠো; মুঠি, মুষ্টি, মুঠা, মুঠো, মুঠ।

৪৪১·৩ [ওজন] গ্রাম; মিলিগ্রাম; কিলোগ্রাম, কিলো; কুইন্টাল; টন, টোন, মেট্রিকটন। সের; মণ; ছটাক; তোলা; কাচ্চা; ভরি, মাষা, মাষক।

রতি; কার্ষা; কর্ষ; রেখ, রেক; পাল্লা; কাঠা; কুঞ্চি, খুঁচি; কুনিশ; কুনকে, কুনিকা। শলি।

মণকষা, মণকিয়া; সেরকিয়া। কাঁচি, কাঁচা; পাকি।

বিণ· সেরি; আধসেরি; পাঁচসেরি, ধটিকা; দশসেরি; একমণি; আধমণি, পসুরি।

৪৪১·৪ [সময়] সেকেন্ড; মিনিট; ঘণ্টা [দ্র ১৩২]।

৪৪১·৫ [সংখ্যাভিত্তিক একক] ডজন, বারো; হালি, চার; জোড়া, দুই; দিস্তা, দিস্তে, পঁচিশ; পণ, আশি; গ্রোস, একশো চুয়াল্লিশ; কাহন; কার্ষাপণ; ষোলপণ; গণ্ডা, চার।

৪৪১·৬ [কোণ] অংশ, ডিগ্রি; সেকেন্ড; সমকোণ; রেডিয়ান; অক্ষাংশ; দ্রাঘিমাংশ; অক্ষরেখা, দ্রাঘিমারেখা; দেশান্তর রেখা।

৪৪১·৭ [উষ্ণতা] ডিগ্রি [সেলসিয়াস, সেন্টিগ্রেড; ফারেনহিট; কেলভিন; রোমার]।

৪৪১·৮ [বল] ডাইন; পাউন্ডাল, পাউন্ডভার; গ্রামভার; কিলোগ্রাম; নিউটন।

৪৪১·৯ [শক্তি; কার্য] আর্গ; জুল; ফুট-পাউন্ডাল; কিলোওয়াট-ঘণ্টা, কিলোওয়াট আওয়ার।

৪৪১·১০ [ক্ষমতা] ওয়াট; কিলোওয়াট, মেগাওয়াট; হর্সপাওয়ার, অশ্বশক্তি; ঘোড়া।

৪৪১·১১ [তড়িৎ-চুম্বক] ভোল্ট; অ্যাম্পিয়ার; ওমস; কুলাম্ব; ফ্যারাড; মাইক্রোফ্যারাড; ফ্যারাডে; হেনরি; ম্যাক্সওয়েল; ওয়েবার।

৪৪১·১২ [অন্যান্য] বার; মিলিবার। ক্যান্ডেলা, ক্যান্ডেল পাওয়ার। লুমেন; ফট। ফুট ক্যান্ডেল। বেল; ডেসিবেল। ফন।

৪৪২ গণনা

বি· গণনা(ক), গোনা-, গণন [৪৪০], গুনতি(ক), সংখ্যা নির্ধারণ(ক), সংখ্যা নিরূপণ(ক), সংখ্যান, সংখ্যাকরণ, গণা, গনতি, বিগণন, পরিগণনা, শুমার, শুমারি, গোনাগুনতি(ক), কলন, আকলন।

হিসাব(ক), হিসেব(ক); কষা-।

নামতা, নামপত্র। ধারাপাত। লগটেব্‌ল। শতকিয়া। সংখ্যা [দ্র ৪৪৩]।

গোনার যন্ত্র, ক্যালকুলেটার; অ্যাবাকাস; স্লাইডরুল।

লোকগণনা, জনগণনা, আদমশুমারি, আদমশুমার, সেনসাস।

বিণ· গণনীয়, গণ্য, গণনার্হ, গণেয়, সংখ্যেয় [৪৪৩]। গণিত, সংখ্যাত, গণীভূত, কলিত।

গণনাকারী, গণক।

৪৪৩ সংখ্যা

বি· সংখ্যা [৪৩৯], রাশি, অঙ্ক; নম্বর, নাম্বার; মার্কস।

অমিশ্ররাশি, অমিশ্রসংখ্যা; পূর্ণসংখ্যা, অখণ্ডরাশি, অখণ্ডসংখ্যা; অচররাশি; ভগ্নাংশ; প্রকৃত ভগ্নাংশ; অপ্রকৃত ভগ্নাংশ। লব; হর। দশমিক; আবৃত্ত দশমিক।

দেড়, অধ্যর্ধ, সার্ধ; দেড়া। আধ, অর্ধ, অর্ধাংশ; অর্ধেক, আধা। সওয়া, সিকি; এক চতুর্থাংশ; পোয়া। পৌনে। পাদোন। আড়াই, সার্ধদ্বয়।

যুগ্ম সংখ্যা, জোড় সংখ্যা, সমরাশি। অযুগ্ম সংখ্যা, অযুক, অযুগ, বিজোড় সংখ্যা।

সংখ্যাতত্ত্ব, পরিসংখ্যান, স্ট্যাটিসটিক্স।

বিণ· সংখ্যক; সাংখ্যিক। সংখ্যেয় [৪৪২], সংখ্যাযোগ্য।

বিণ·/বি· সংখ্যাতত্ত্ববিদ, পরিসংখ্যানবিদ, স্ট্যাটিসটিশিয়ান।

[সংখ্যা] শূন্য; গোল্লা।

এক, একক। একটা, একটি, একখানা, একখানি; একগাছা, একগাছি। ঐকিক। প্রথম, পয়লা, পহেলা, এক নম্বর। প্রত্যেক, হর, ফি, প্রতি; একমাত্র, সবেধন নীলমণি। প্রথমত।

দুই, দু, দো, দ্বি; দ্বিত্ব, যুগ্মতা, দ্বৈত। যুগল, যুগ্ম, জোড়, জোড়া, জুটি, দ্বয়, দুটি, দুইটি, দুটো, যুতক। দোহা, দোঁহা, দুজন, দোনো, দোকা, দোকলা। দ্বিগুণ, দুনো, দুন, দুগুণ, দোকর, ডবল, দ্বিগুণিত, যমল, যমজ। যুগ্ম, ইভন। উভয়, উভ। দ্বিতীয়, দোসরা; দ্বৈতীয়িক। মেজো। দ্বিতীয়ত; উভয়ত, উভয়থা।

তিন, ত্রি। ত্রয়। তৃতীয়, তেসরা, তিননম্বর; সেজো। ত্রয়ী; ত্রিবিধ, ত্রিতয়। তিনগুণ, ত্রিগুণিত, তিনডবল, ত্রিবৃত্ত। তৃতীয়ত।

চার, চারি, চতুঃ, চত্বার; হালি; গণ্ডা। চতুর্থী। চতুর্থ, চার নম্বর, চৌঠা; ন। চতুর্ধা, চতুর্বিধ। চতুর্থত।

পাঁচ, পঞ্চ। পঞ্চম, পাঁচ নম্বর। পাঁচই। পঞ্চমী। পঞ্চমত।

ছয়, ষট, ষড়; ষষ্ঠী। ষষ্ঠ, ষড়তম। ছক্কা, আধডজন। ছউই।

সাত, সপ্ত। সপ্তমী। সাতই। সপ্তম।

আট, অষ্ট। অষ্টমী। অষ্টক; অক্টেভ। অষ্টম। অষ্টধা, আটখানা। আটই।

নয়, নব। নবমী। নবম। নউই।

দশ। দশমিক। দশমী। দশক। দশম, দশতম। দশই।

এগারো, একাদশ। বারো, দ্বাদশ। তেরো, ত্রয়োদশ। চোদ্দ, চৌদ্দ, চর্তুদশ। পনেরো, পঞ্চদশ। ষোলো, ষোড়শ। সতেরো, সপ্তদশ। আঠারো, অষ্টাদশ। ঊনিশ, ঊনবিংশ। কুড়ি, বিংশ, বিশ, বিংশতি।

তিরিশ, ত্রিংশ, ত্রিশ, ত্রিদশ। চল্লিশ, চত্বারিংশ। পঞ্চাশ, পঞ্চাশৎ। ষাট, ষষ্টি। সত্তর, সপ্ততি। আশি, অশীতি। নব্বই, নই, নব্বুই, নবতি। শ, একশ, শত, একশত। শতেক। শততম। সেঞ্চুরি।

সহস্র, হাজার। অযুত। লক্ষ, লাখ। নিযুত। কোটি।

৪৪৪ অনুপাত

বি· অনুপাত, রেশিও; সমানুপাত; অ্যাভারেজ, গড়।

ব্যস্ত অনুপাত।

হার; শতাংশ, শতকরা।

বিণ·/ক্রি-বিণ· গড়ে, গড়পরতা, হরেদরে, মোটামুটি। আনুপাতিক; সমানুপাতিক। ব্যস্তানুপাতিক।

৪৪৫ আধিক্য

বি· প্রচুরতা, প্রাচুর্য, বহুলতা, বাহুল্য, আধিক্য [৪৫৬], অতিরেক, মাত্রাতিরেক, আত্যন্তিকতা, পর্যাপ্ততা, পর্যাপ্তি, পর্যায়, জাস্তি, অতিভূমি, জেয়াদা; অতিরিক্ততা, অপরিমিততা; উদ্বৃত্তি, উপচয়, উপচিতি [দ্র ৪৪৮], উপচানো-, বেশি হওয়া-, বাড়তি হওয়া-, কুলানো-, কুলিয়ে যাওয়া-, কুলনো- [৪৬৬], সংকুলান(হ), ছড়াছড়ি, বাড়তি, অমেয়তা,অপরিমেয়তা,ভূয়িষ্ঠতা। ছাপানো,ছাপিয়ে যাওয়া-।

বহুতা, বহুত্ব, অনেকত্ব, বহুলত্ব, বাহুল, অজস্রতা, অসংখ্যতা, প্রতুলতা। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা।

আতিশয্য, বাড়াবাড়ি [দ্র ৪৫৬]।

প্রাবল্য; প্রাধান্য, ভূমা।

গরিষ্ঠতা; সংখ্যাধিক্য, সংখ্যাগরিষ্ঠতা, মেজরিটি।

বিণ· অনেক, বেশি, প্রচুর [৪৬২], বিস্তর, ঢের, প্রভূত, অঢেল, বিপুল, অগাধ, অধিক [৪৫৭], অত্যধিক, দেদার, মেলা, প্রতুল, অনেকানেক, অতিতর, বহু, বহুত, বহুতর, বহুল, ভূয়িষ্ঠ, অদভ্র, ভূয়ান, ভৃশ, অনল্প, প্রাজ্য, সুভৃশ, পুষ্কল, সমধিক; এন্তার, এলাহি, কত, কত না, কতশত। বিশদ [দ্র ৪৫১]। সর্বাধিক, গরিষ্ঠ, সংখ্যাধিক।

আশাতীত, আশাতিরিক্ত, বেহদ্দ।

অতিমাত্র, অত্যতি।

অতি, অতিশয়, অত্যন্ত, খুব, অট্ট, নিপট, সাতিশয়, নিরতিশয়; ভূয়সী; তুমুল, সা, জবর, দারুণ, বেহদ্দ, জায়দা; বেজায়; বেধড়ক; চূড়ান্ত, একশেষ; অতিমাত্রায়, নিতান্ত, মাত্রাতিরিক্ত, অতিমাত্র, যৎপরোনাস্তি, যার পর নাই, আত্যন্তীন, আত্যন্তিক, অতীব। প্রগাঢ়; গভীর, বিষম।

যথেষ্ট, পর্যাপ্ত, প্রকাম।

অজস্র, অগণন, অগণনীয়, অগণিত, অগণ্য, অগনতি, অগুন্তি, অসংখ্য, অসংখ্যেয়, সংখ্যাতীত, অসংখ্যাত, বেশুমার। রাশিরাশি, কাঁড়িকাঁড়ি, মুঠো মুঠো; হাজার হাজার, লক্ষ লক্ষ, লাখ লাখ, কোটি কোটি; গাদাগাদা, ভূরি, ভূরি ভূরি, পর্বতপ্রমাণ, তাল তাল; গুচ্ছের, একগাদা, একতাল, একগঙ্গা, একাধিক।

অপরিমাণ, অপরিমেয়, অপরিমিত, অমিত, অপার, মাত্রাতিরিক্ত, অপ্রমেয়, অমেয়, অশেষ, অতিমিত, অপ্রমিত, অনন্ত, নিরবশেষিত, অনিঃশেষ, সীমাহীন, অসীম, অফুরন্ত, অফুরান, আময়দা।

অতিরিক্ত, বাড়তি, বেশি; প্রয়োজনাতীত, প্রয়োজনাতিরিক্ত, অতিবৃত্ত, এক্সট্রা, উদ্বৃত্ত, উদ্বর্ত, ব্যয়াবশিষ্ট, অধিকন্তু, আরও, অনাবশ্যক, অপ্রয়োজনীয়, উপরি; ভেসে যাওয়া-, অজচ্ছল, উপচীয়মান, প্রচীয়মান, অপর্যাপ্ত।

অনেকগুণ; চতুর্গুণ; দশগুণ; হাজারগুণ।

অপরঞ্চ, আপিচ, অপরন্তু, অধিকন্তু, তদুপরি, তদতিরিক্ত, ততোধিক, তার ওপর, তাছাড়া, এতদিরিক্ত, কিঞ্চিদধিক, কমবেশি। ছুটকো, ছুটকো ছাটকা। ফাউ, ফাও।

বিণ·/বি· সংখ্যাগুরু, সংখ্যাগরিষ্ঠ; অতিজন।

অব্য· রা, গুলি, গুলো, গুলা, গুলিন, গণ, বৃন্দ।

৪৪৬ আড়ম্বর

বি· আড়ম্বর, ঘটা, জাঁকজমক, জাঁক, সমারোহ, মহাসমারোহ, ঘটাটোপ, জমজমা, বহ্বারম্ভ, ধুম, ধুমধাম, ধুমধাড়াক্কা; বহ্বাড়ম্বর; বাড়াবাড়ি [৪৫৬], বাহুল্য [দ্র ৪৪৫], আধিক্য; ইলাহি, এলাহি। অতিরঞ্জন [দ্র ৪৫৬]।

জেঁকো, র‍্যালা, জমজমাট, রমরমা, ডম্বর, ধামগুজারি, ভারিভুরি।

বিণ· আড়ম্বরপূর্ণ, জাঁকাল, জাঁকজমকপূর্ণ, ঘটাযুক্ত, সমারোহপূর্ণ, বাহুল্যযুক্ত, জমকালো, রাজসিক।

অতিরঞ্জিত [দ্র ৪৫৬]।

ক্রি-বিণ· মহাসমারোহে, সাড়ম্বরে।

৪৪৭ অল্পতা

বি· অল্পতা, অল্পত্ব, সামান্যত্ব, সামান্যতা, স্বল্পতা, স্বল্পত্ব, অপ্রাচুর্য, ঘাটতি [৪৬১], ন্যূনতা, ন্যূনত্ব, কমতি, কমসম, টান, অকুলান, অপ্রতুলতা, কমি, অভাব, ঊনতা, মান্দ্য; লঘুত্ব, লঘুতা; অসংকুলান, নগণ্যত্ব, নগণ্যতা, ঈষত্ত্ব, অপূরণ; ক্ষুদ্রতা, ক্ষুদ্রত্ব [দ্র ৪৫৮]।

বিরলতা, দুষ্প্রাপ্যতা, দুর্লভতা।

কম পড়া-, টান পড়া-, ঘাটতি পড়া-, অভাব হওয়া-।

সংক্ষেপ(ক), সংক্ষেপণ, সংকোচ, সংকোচন, সংনমন।

পরিমিতি [২২২], অবান্তর, অনাড়ম্বর, পরিমিততা।

পরিমিতি বোধ, পরিমাণজ্ঞান, সামঞ্জস্যজ্ঞান।

সংখ্যালঘু, সংখ্যালঘিষ্ঠ, মাইনরিটি, ঊনজন।

কমানো-, লাঘব(ক), হ্রাস(ক)।

ছাঁটা-, ছাঁটাই(ক), বাদ(দে)।

ছিটে, ছিটা, ছিটে ফোঁটা, টিপ, অচ্ছর; বিন্দুবিসর্গ।

কানাকড়ি।

সামান্য সঞ্চয়।

বিণ· অল্প, কম, লঘু, সামান্য, নগণ্য, অবহুল, অপ্রচুর, অভূয়িষ্ট, ঈষন্মাত্র, কিঞ্চিৎ, কিয়ৎ, যৎসামান্য, যৎকিঞ্চিৎ, যথাসামান্য, একটু, অল্প একটু, এইটুকু, ক্ষুদ্র [দ্র ৪৫৮], ঈষৎ, স্বল্প, স্তোক, অল্পস্বল্প, অনধিক, একটু আধটু, অত্যল্প, অবম, অল্পমাত্র, অল্পপরিমাণ, অল্পঅল্প, অল্পিষ্ঠ, নাতি, ঊন, ন্যূন, কম, ন্যূনকল্প, কমসম, নামমাত্র, অণুমাত্র, অণুপরিমাণ, অণুমাত্রিক, লেশমাত্র, ঈষদূন, কিঞ্চিদূন, কিঞ্চিন্মাত্র; একচুল; একরত্তি; কতিপয়, গুটিকয়েক, কয়েকটি; মুষ্টিমেয়, হাতে গোনা, অঙ্গুলিমেয়; কিছু কিছু, ছিটেফোঁটা, ঝড়তি পড়তি; একবিন্দু, বিন্দুমাত্র; এককণা, কিছু; তিল পরিমাণ, তিলেক; অকিঞ্চিৎকর; এক চিলতে; একমুষ্টি; একমুঠো; একফোঁটা, ফোঁটা, একবিন্দু, বিন্দুমাত্র, বিন্দু, একটিপ; বিরল।

কণা, কণিকা, কণী। সূচ্যগ্র।

পরিমিত, অনতি; টায়টায়, নিয়ন্ত্রিত, কমকম, কমসম, যথা পরিমাণ, ঠিকঠিক, গোনাগুনতি, গোনাগাঁথা; অনূর্ধ্ব।

সংক্ষিপ্ত, অল্পীকৃত, হ্রস্বীকৃত, সংক্ষেপিত, ছোট [দ্র ৪৫৮]।

অল্প অল্প, কমসম, সামান্য সামান্য; একটু একটু।

পোষানো-, পুষিয়ে যাওয়া-, কুলানো-, কুলিয়ে যাওয়া-, সংকুলান।

হ্রাসপ্রাপ্ত, হীয়মান।

অপ্রগাঢ়, অদূরস্পর্শী; ওপর ওপর, ভাসা ভাসা, প্রগাঢ়তাহীন।

স্বল্পসংখ্যক, কমসংখ্যক, অল্পসংখ্যক; গোটাকতক, গোটাকয়েক, গুটিকতক, গুটিক, দু চারটে, দুটো চারটে, চাট্টি, চাট্টিখানি, থোড়া।

ক্রি-বিণ· অল্পে, একটুতে, কমে, সামান্যে, অল্পেতে, অত্যল্পে, কোনোরকমে, কোনোমতে, কুল্যে, সাকুল্যে, মোটে, সর্বসাকুল্যে, মাত্র, কেবল, কেবলমাত্র।

থোড়াই, একটুও না, একেবারেই না।

সংক্ষেপে, সংক্ষেপত, সংক্ষিপ্তভাবে, ছোট করে।

অব্য· অন্তত, নিতান্ত, নেহাত, নিদেন, নিদেনপক্ষে, অন্ততপক্ষে, কমপক্ষে; নেহাতপক্ষে, ন্যূনপক্ষে, ন্যূনকল্পে, পারতপক্ষে, পার্যমাণে, কমসে কম; সবে, সবেমাত্র।

৪৪৮ বৃদ্ধি

বি· বৃদ্ধি, বাড়, বাড়া-, বেড়ে যাওয়া-; বাড়ানো-, বড় করা-, বাড়িয়ে তোলা-, পরিবর্ধন(ক), বিবর্ধন, বর্ধন, সংবর্ধন, প্রসারণ, সম্প্রসারণ(ক), প্রসার, বিস্তার(ক)।

বড় হওয়া-, বৃদ্ধিপ্রাপ্তি, বৃদ্ধি পাওয়া-। অতিবৃদ্ধি, অতিবাড়।

স্ফীতি [৪৭০], স্ফার, স্ফারণ, উচ্ছ্রায়, সমুচ্ছ্রায়, ফাঁপ, তেরিজ, স্ফাতি; ফাঁপা-, ফেঁপে ওঠা-, ফুলে ফেঁপে ওঠা-; ফুলানো-, ফোলানো-, ফাঁপানো।

উপচিতি [৪৪৫], উপচে পড়া-, উপচানো-, ছাপানো-, ছাপিয়ে যাওয়া-, উবরানো-, উবরনো-।

যোগ(ক), যোজনা, সংযোগ, সংযুক্তি, সংযোজনা, সংযোজন, যোজন, সন্নিবেশ, লাগানো-, জোড়া-, জুড়ে দেওয়া-। গুণ(ক), পূরণ। যোগফল, সমষ্টি।

বিণ· বৃদ্ধিপ্রাপ্ত, বর্ধিত, বিবর্ধিত, পরিবর্ধিত; সম্প্রসারিত।

স্ফীত, সমুচ্ছ্রিত, উচ্ছ্রিত, স্ফারিত [দ্র ৪৭০]।

বিস্তারিত, বিস্তৃত।

সংযুক্ত, সংযোজিত, সন্নিবিষ্ট, সন্নিবেশিত, অতিদিষ্ট।

অতিরিক্ত [দ্র ৪৪৫], বাড়তি, লেজুড়।

উপচিত; পরিপুষ্ট।

বর্ধমান, ক্রমবর্ধমান, বাড়ন্ত, বাড়বাড়ন্ত, বর্ধিষ্ণু, ক্রমবর্ধিষ্ণু; উপচীয়মান।

ডবল, দ্বিগুণ; তিনগুণ; চৌগুণ, চারগুণ, চারডবল; বহুগুণ; হাজারগুণ [দ্র ৪৪৩]।

বিণ·/বি· বর্ধক, বর্ধনকারী, সম্প্রসারক, পরিবর্ধক, বিবর্ধক।

বিস্তারশীল, বিসারী।

৪৪৯ তারতম্য

বি· তারতম্য, হেরফের, ইতরবিশেষ, চলবিচল, তরতমভাব; প্রভেদ, পার্থক্য [দ্র ২৬১], তফাত; বৈচিত্র্য [দ্র ২৬৩]। পরিবর্তন [দ্র ২৬৬], রকমফের, অদলবদল, এদিক ওদিক, এধার ওধার।

কমবেশি, ন্যূনাধিকতা, ন্যূনাধিক্য, অল্পাধিক্য, ন্যূনাতিরেক, অল্পবিস্তর; মোটামুটি, কাছাকাছি; উনিশবিশ; যাহা বাহান্ন তাহা তিপ্পান্ন।

উঠানামা, ওঠানামা, ওঠাপড়া, উত্থানপতন [২৬৬], পতন অভ্যুদয়।

হারজিত, জয়পরাজয়।

সত্যাসত্য, সত্যানৃত, সত্যমিথ্যা।
ঠিকভুল, শুদ্ধাশুদ্ধ।
কমাবাড়া, হ্রাসবৃদ্ধি, বাড়াকমা, ক্ষতিবৃদ্ধি।
উচ্চাবচ, উঁচুনিচু।
ঠাণ্ডাগরম, সর্দিগর্মি।
ভেদাভেদ, ভিন্নাভিন্ন, তরতফাত, তরতম।
সাদাকালো; আলোছায়া, আলোআঁধার; দিনরাত্রি, দিনরাত।
ভালোমন্দ, ভালোখারাপ, শুভাশুভ। সদসৎ।
দুঃখসুখ, সুখদুঃখ; হাসিকান্না, কান্নাহাসি, কাঁদাহাসা।
বিণ· কমবেশি, ন্যূনাধিক, অল্পাধিক।

৪৫০ হ্রাস

বি· হ্রাস(ক, পা), কমা-, কমানো- [৪৫৮]।
অবক্ষয়, ক্ষয়, খর্বতা, ক্ষীণতা, অবচয়, অবচিতি, ক্ষতি, হানি, নাশ; ক্ষয়ে যাওয়া-, ক্ষওয়া-।
সংক্ষেপ(ক), সংক্ষেপণ, সংকোচন, নিকোচন, সংকোচ, তঞ্চন, সাঁট; কুঞ্চন;সমাস; কুঁকড়ে যাওয়া-, কোঁকড়ানো-; কোঁচকানো-।
লাঘব(ক), লঘূকরণ, ঘুচানো-, ঘোচানো-, ঘোচা-।
বাদ(দে), ছাঁটাই(ক); ছুট, ছাড়(দে)। কেটে দেওয়া-, ছাঁটা-, কাটা- [দ্র ৩৫৬]; সংক্ষেপীকরণ, কাটছাঁট(ক), কাটাকাটি(ক), বাদছাঁদ(দে), কাটাকুটি(ক)।
অবনতি, পতন; ভাটা(গ)।
প্রশমন [২২২], নিবারণ(ক), নিবৃত্তি, সংবরণ(ক), সংযত করা-, রোধ(ক), রোধন, সামলানো-, সামাল(দে), আয়ত্তে আনা-; বন্ধ করা-। উপশম, নিরাময় [দ্র ৮৮]। দূর করা, বিদূরণ [দ্র ১২৯]।
বিণ· হ্রাসপ্রাপ্ত, হ্রস্বীভূত, ক্ষয়প্রাপ্ত, খর্বীকৃত, ক্ষিত, খর্বিত, তঞ্চিত।
ক্ষয়িত, অবক্ষয়িত।
সংক্ষেপিত, সংক্ষিপ্ত, সংকুচিত। কুঞ্চিত।
প্রশমিত, নিবারিত, নিবৃত্ত, সংবৃত; বিদূরিত, দূরিত [দ্র ১২৯]।
অবচীয়মান, ক্ষয়শীল, ক্ষয়িষ্ণু, ক্ষয়ী; ক্রমবিলুপ্ত; ক্রমহ্রাসমান; ক্ষয্য।

৪৫১ সমগ্রতা

বি· সমগ্রতা, সমগ্রত্ব, সামগ্রিকতা, সমুচয়তা, সমুদায়তা, সাকল্য, সামগ্র্য; সমূহ [৪৬২], সমষ্টি, সকল্য, মোট, একুন; সম্পূর্ণতা, পূর্ণতা, পূর্ণত্ব, পরিপূর্ণতা, পূর, পর্যাপ্তি, পারায়ণ, একীনতা, কার্ৎস্ন্য।
পূর্তি, পূরণ, ভরা-, ভরতি(ক), সম্পূরণ; তিল ধারণের স্থান না থাকা-।
অখণ্ডতা, অখণ্ডত্ব, অভগ্নতা, অবিভক্ততা, অভগ্নত্ব, অচ্ছিন্নতা, অবিচ্ছিন্নত্ব, অবিচ্ছিন্নতা; অকাট্যতা [দ্র ৩৫৮], অখণ্ডনীয়তা, অখণ্ডনীয়ত্ব, অবিভাজ্যতা; অভঙ্গুরতা [দ্র ৩৫৮]।
খুঁটিনাটি, পুঙ্খানুপুঙ্খতা, ডিটেল।

বিণ· সমগ্র, সর, সম্পূর্ণ, সমুদায়, সমুদয় [৪৬২], সমস্ত, তামাম, তাবৎ, বেবাক, বেলমুক্ত, বেলমোক্তা, বিলকুল, সন্নিপাত, কৃৎস্ন, সকল, সমুচ্চয়, সমুচয় [৪৬২], সম্যক, সর্ব; পুরো, ষোলো আনা, শতকরা একশো ভাগ; অখিল, নিখিল।
সমূহ, রাশি [দ্র ৪৬২]। মোট, থোক, মবলগ [দ্র ৪৬২]। পুরো, পর্যাপ্ত।
পূর্ণ, পরিপূর্ণ, পরিপূরিত, সম্পূরিত, পুরা, ভরতি, পূরিত, ভরন্ত, পূরন্ত, ভরপুর, ভরাভরতি; গাদাগাদি [দ্র ৪৬২], ঠাসাঠাসি; উপছে পড়া-, কানায় কানায়, টইটম্বুর, গলায়গলায়, টইটই।
গোটা, আস্ত, অখণ্ড [দ্র ৩৫৮], অনংশ, খণ্ডহীন, অভগ্ন, অবিভক্ত, অখণ্ডিত, আভাঙা, অবিচ্ছিন্ন, অবিশ্লিষ্ট, অবিভাজিত, অচ্ছিন্ন, অক্ষত, অক্ষুণ্ণ, অভঙ্গ, অপরিচ্ছিন্ন, না কাটা-, না ছেঁড়া-, অকর্তিত, অটুট, অচূর্ণ, অচূর্ণিত, মুছল্লম, মুসল্লম; থান।
বিশদ [৪৪৫], বিস্তৃত, বিস্তারিত; খোলাখুলি।
সামগ্রিক, সার্বিক, পুরোপুরি, সার্ব, যাবতীয়, সবটা, পুরোটা, সারা, সামূহিক। আমূল।
সর্বাত্মক, সর্বব্যাপী।
অখণ্ডনীয়, অবিভাজ্য, অকর্তনীয়, অকাট্য [দ্র ৩৫৮]।
সেইসব, তত্তাবৎ।
সম্পূরক, পূরক, পরিপূরক, পূরয়িতা।
ক্রি-বিণ· সাকুল্যে, সবসুদ্ধ, সর্বসাকুল্যে, একুনে, গোটাগুটি, মোটমাট, সর্বমোট, মবলগে।
একদম, একেবারে, এক্কেবারে।
সম্পূর্ণভাবে, সমগ্রভাবে, সর্বপ্রকারে, সর্বাংশে; সর্বতোভাবে, ওতপ্রোতভাবে, সম্যক, পুরোপুরি, পুরো, সম্পূর্ণত, পূর্ণত; সর্বাঙ্গীণ, পূর্ণাঙ্গ; প্রথম থেকে শেষ পর্যন্ত, সবটা, আগাগোড়া, আদ্যন্ত, আনুপূর্বিক, অনুপূর্ব, আনুপূর্ব্য, অগ্রপশ্চাৎ, পূর্বাপর, আগুপাছু, আগপাছ, আগাপাছতলা, আদ্যপ্রান্ত, আদ্যোপান্ত; পুঙ্খানুপুঙ্খ, আনুপুঙ্খিক, খুঁটিয়ে, বিশদভাবে, বিশদে, সবিশদে, পুঙ্খানুপুঙ্খভাবে, সানুপুঙ্খ; আপাদমস্তক; সবিস্তার, সবিস্তারে।
সর্বময়, সর্বতোমুখী।
এমন কী, মায়।

৪৫২ শূন্যতা

বি· শূন্যতা, রিক্ততা, ফাঁকাভাব, অভাব [১২৭], বিহীনতা, রাহিত্য, অনস্তিত্ব [দ্র ১২৭]; খালি খালি ভাব, নেই নেই ভাব।
ফাঁক, খালি।
অপরিপূর্ণতা, অসম্পূর্ণতা [দ্র ৪৫৩], অপূর্ণতা।
উঠিয়ে দেওয়া-, ওঠানো-, মিটিয়ে দেওয়া-, মুছে ফেলা-, তোলা-, তুলে দেওয়া-, পাট ওঠানো-, পাট চোকানো-, চোকানো- [১৩৯, ১৪৩], চুকিয়ে দেওয়া-; লাটে ওঠানো-; দূরীকরণ [দ্র ১২৯]।
ফুরানো-, ফুরিয়ে যাওয়া- [১২৭, ১৪৩], শেষ হওয়া-;

ফুঁকে দেওয়া-, ওড়ানো-, উড়িয়ে দেওয়া-, সাবাড় করা-, খতম করা-, শেষ করা-।

ভাঁড়ে মা ভবানী।

বিণ· শূন্য(ক), রিক্ত, খালি, ফাঁকা, ফুকো, ফুঁকো, ফুঁকা, ফক্কা, আজাড়; শূন্যগর্ভ, ফাঁপা [৩৬৭], টোপা, ফোঁপরা, ফোপল। নাস্তি,-নাই।

রহিত, বিহীন, হীন, বিরহিত, বাড়ন্ত; ঠনঠনে; টুঁটু।

নিঃশেষ(ক), নিঃশেষিত, কাবার, সাবাড়, উজাড়(ক)।

রদ(ক), বাতিল(ক), বরবাদ(ক); পরিত্যক্ত, ত্যক্ত [দ্র ৭১৬], বিনাকৃত।

অসম্পূর্ণ, অপরিপূর্ণ [দ্র ৪৫৩], না ভরা-, অপূর্ণ।

শেষাংশ, অবশিষ্ট, বাকি, বকেয়া, বাদবাকি, ঝড়তিপড়তি, পরিশিষ্ট [দ্র ১৪৩]; রেশ, আভাস, আমেজ, আদরা। তলানি [৪৯৫]।

ক্রি-বিণ· খালি খালি, ফাঁকা ফাঁকা। নিঃশেষে।

৪৫৩ অসম্পূর্ণতা

বি· অসম্পূর্ণতা [৪৫২], অপূর্ণতা, অপরিপূর্ণতা, অসমুদায়।

অংশ, কিছুটা, খানিক, খানিকটা, কিছু, কুছ, অল্প একটু; খানকতক, খানকয়েক, কয়েকটা; একাংশ, খণ্ডিতাংশ, কিয়দংশ, ভগ্নাংশ, অংশবিশেষ, অংশাংশ, একদেশ, কলা, ভাগের ভাগ, ভাগ, ভাগা, কিয়ৎ।

অনেকাংশ, বহুলাংশ, অধিকাংশ, বেশির ভাগ, প্রায় সমস্ত, সিংহভাগ।

ভাগাভাগি(ক) [৭০৫], হারাহারি(ক)।

সামান্যাংশ, অল্পাংশ; একটু, একটুখানি। প্রথমাংশ। শেষাংশ, জের।

অর্ধ, আধ [দ্র ৪৪৩], অর্ধেক, আধা, সাড়ে, আধাআধি, অর্ধভাগ, অর্ধাংশ, আধেক, আধলা; সওয়া, সিকিভাগ, এক চতুর্থাংশ, অর্ধার্ধ; তিনচতুর্থাংশ, ত্রিপাদ। এক তৃতীয়াংশ; এক পঞ্চমাংশ (ইত্যাদি); শতাংশ। পাদ, পাদিক।

কিস্তি, দফা [৪৬২], ক্ষেপ, খেপ, বার।

সমাংশ, সমানাংশ। সূক্ষ্মভাগ; কুচোকাচা; টুকরোটাকরা।

টুকরো(ক) [৩৫৬], খণ্ড(ক), ভাগ(ক); কুচি, চিলতে, চিলতা, ফালি, ফালা(ক); কণা, কণিকা, কণিক; অণু।

অনুপাত [দ্র ৪৪৪], ভাগসম্বন্ধ, সমানুপাত, রেশিও।

বিণ· অসম্পূর্ণ [৪৫২], অপরিপূর্ণ, অপূর্ণ; আধখেঁচড়া, আধখেঁচড়া।

অংশিত, খণ্ডিত, ভগ্ন, ভাঙা [দ্র ৩৫৫]; কর্তিত [দ্র ৩৫৬]; বিভক্ত, বিচ্ছিন্ন, বিশ্লিষ্ট, বিভাজিত, বিভক্ত; অপূর্ণ, অপরিপূর্ণ, অসম্পূর্ণ, অসম্যক।

অসমগ্র, অসমুচয়।

এইটুকু, এই টুকুন, এই টুকুনি; এতটুকু; একটুকু, একরত্তি; নামমাত্র, একটু।

একপ্রস্থ, একদফা, এককিস্তি, কিস্তিবন্দী, একচোট।

অংশত, আংশিক, সমাংশিত।

আনুপাতিক, সমানুপাতিক।

ক্রি-বিণ· অংশে; কিয়দংশে, অনেকাংশে, আংশিকভাবে, অংশত।

দফায় দফায়, বারে বারে, অংশে অংশে, কিস্তিতে কিস্তিতে; অল্পে অল্পে; একটু একটু করে; ধীরে ধীরে; ধীরে সুস্থে; আস্তে আস্তে, আস্তেধীরে, ধীরে আস্তে; একটু একটু করে, ক্রমে ক্রমে, টুকটুক করে।

রইয়ে সইয়ে, রয়ে সয়ে।

৪৫৪ তীব্রতা

বি· তীব্রতা, প্রচণ্ডতা; উগ্রতা; দাপট, প্রকোপ; জোর; অতিরঞ্জন [৪৫৬]; প্রচণ্ডত্ব, প্রাবল্য, প্রখরতা, প্রাখর্য, প্রবলতা, খরতা, খরত্ব; ভীষণতা। গাঢ়ত্ব, প্রগাঢ়তা, গাঢ়তা। অসহনীয়তা; ঔৎকট্য, উৎকটতা।

বিণ· তীব্র, প্রখর, প্রচণ্ড, প্রবল, সুতীব্র, কড়া, কড়ুয়া; ঘোর, উগ্র, অত্যুগ্র, উৎকট, উল্বণ, অত্যন্ত, অত্যধিক, মাত্রাতিরিক্ত; অতিরঞ্জিত [দ্র ৪৫৬]; অশেষ।

গাঢ়, প্রগাঢ়, উদগ্র; জোর, জোরালো, চড়া, তেজালো।

ভীষণ, ভয়ানক, ভয়াবহ [দ্র ২৩৪]।

অসহ্য, অসহ, দুঃসহ, অসহনীয়, দুর্বিষহ, দুর্বহ, দুর্ভর, দুষ্প্রসহ।

দুর্ধর্ষ [দ্র ৬৯৮], দুর্দান্ত, দুর্দমনীয়, উদ্দাম।

অসীম; চূড়ান্ত [দ্র ৪৫৬]; পরম।

৪৫৫ মৃদুতা

বি· মৃদুতা, মৃদুভাব; অনুগ্রতা, উগ্রতাহীনতা, অতীব্রতা, অপ্রচণ্ডতা, অপ্রখরতা।

কোমলতা, কোমলত্ব, পেলবতা, পৈলব, মার্দব।

আলগোছ, আলগাভাব, হালকাভাব।

নরমানো-।

বিণ· মৃদু [৩৬০], মৃদুল; অনুগ্র, উগ্রতাহীন, অরুদ্র, অপ্রখর, অতীব্র। কবোষ্ণ।

কোমল, নরম, পেলব; নমনীয়, নম্য, নমনশীল।

আলতো, আলগা; লঘু, হালকা; কম [দ্র ৪৪৭]; কুসুমকুসুম। ফুলটুসকি; তুলতুলে।

মৃদুমন্দ, মন্দ; মন্দমধুর।

অতীক্ষ্ণ [দ্র ৪৭৭]।

ক্রি-বিণ· হালকাভাবে; আলগোছে, আলগাভাবে, আলতোভাবে, মৃদুভাবে, আস্তে, আলতো করে, আলগা করে, নরম করে।

৪৫৬ অতিরঞ্জন

বি· অতিরঞ্জন, বাড়ানো-, বাড়াবাড়ি(ক) [২৯৮], মাত্রা ছাড়ানো-, সীমা ছাড়ানো-, অতিশায়ন; রং চড়ানো-, রং ফলানো-, ফাঁপানো-, ফোলানো-, ফেনানো-, তিলকে তাল করা-; আকাশে তোলা-; অতিঅঙ্কন।

আতিশয্য, অতিশয়তা, অতিরেক [৪৪৫], মাত্রাতিরেক, আধিক্য [দ্র ৪৪৫], মাত্রাধিক্য, প্রাচুর্য, বাহুল্য। তুঙ্গে ওঠা- [দ্র ৪৬১]।

বেশি বেশি; বেশি [দ্র ৪৪৫]। হদ্দ, হদ্দমুদ্দ [৪৬১]। অতিকথন [দ্র ১১৪]।

আড়ম্বর [দ্র ৪৪৬]।

মাত্রাতিরিক্ততা; অত্যুদ্যক্তি; বাখান, বাখানা; পরাকাষ্ঠা।

হুলস্থুলু, তুমুলকাণ্ড, ধুন্ধুমার(ক), ধুন্ধুমারকাণ্ড।

বিণ· অতিরঞ্জিত(ক) [৪৫৪], অত্যুদ্যক্ত, অতিশায়িত, মাত্রাতিরিক্ত; অতিকৃত, অতিঅঙ্কিত।

চূড়ান্ত, চরম; তুমুল, ঘোরতর, ঘোর।

স্ফীত, বর্ধিত; বাহুল্যযুক্ত; গালভরা।

অতিরিক্ত, অতিশয় [দ্র ৪৪৫], অত্যধিক, অত্যন্ত, সমধিক, অতীব, অত্যর্থ, অতিবেল, উদ্বেল, অতিমাত্র, মাত্রাধিক, উদ্গাঢ়; যার পর নাই।

বিশদ [দ্র ৪৫১], সবিস্তার, বিস্তারিত।

সাধ্যাতিরিক্ত, সাধ্যাতীত, সাধ্যের অতীত, অবস্থাতিরিক্ত, অবস্থাতীত।

ক্রি-বিণ· বাড়িয়ে, ফুলিয়ে ফাঁপিয়ে; রং চড়িয়ে; ফেনিয়ে।

বিশদে [দ্র ৪৫১], বিস্তারিতভাবে, সবিস্তারে।

৪৫৭ বিশালতা

বি· বিশালতা, বিশালত্ব, বড়ত্ব, বিরাটত্ব, বৃহত্ত্ব, প্রকাণ্ডতা, প্রকাণ্ডত্ব, বিপুলতা, ব্যাপকতা, অসংকীর্ণতা।

পরিসর, ব্যাপ্তি, বিস্তৃতি, বিস্তার [১৩১, ৪৩৯], বিস্তীর্ণতা, পরিব্যাপ্তি, প্রততি, অভিব্যাপ্তি, পরিণাহ, বিসার, পানা, প্রসার।

সীমাহীনতা, অসীমতা, অসীমত্ব, আনন্ত্য, অনন্ততা, অনন্তত্ব, অবদ্ধতা।

বিস্ফার, বিস্ফারণ; প্রসারণ, অসংকোচন।

আধিক্য [দ্র ৪৪৫]। আয়তন [দ্র ৪৬৬]। স্থূলতা, স্থৌল্য [দ্র ৪৭০], স্থূলত্ব। দৈর্ঘ্য [দ্র ৪৬৮]। উচ্চতা [দ্র ১৯৯]।

বিণ· বিশাল, বৃহৎ, সুবিশাল, সুবৃহৎ, বড়, বিরাট, প্রকাণ্ড, বিশঙ্কট, প্রথিষ্ঠ, মস্ত, মহা, মস্তবড়, পেল্লায়, ঢাউস, ডগরা, ইয়া, বোম্বাই, ইলাহি; বড়সড়, লম্বাচওড়া, অসংকীর্ণ, অসংকুল।

বিপুল, সুবিপুল, ব্যাপক।

আয়ত, ব্যাপ্ত [৪৬৬], বিস্তীর্ণ, বিস্তৃত, প্রশস্ত, প্রসারিত [১৩১], প্রতত, সুবিস্তীর্ণ, সুবিস্তৃত, বিসারিত, পাশল, অত্যায়ত, চৌরস, ব্যায়ত; পরিব্যাপ্ত, ব্যূঢ়, আতত, প্রবিতত, অভিব্যাপ্ত; আস্তীর্ণ, আস্তৃত, আস্থিত; আকীর্ণ, কীর্ণ।

বিসারী। বিস্তার্য।

বৃহদায়তন, বড়সড়, বৃহদাকার, লম্বাচওড়া, বৃহৎকায়; বড় মাপের; চওড়া, চটাল, চাটাল। অতিকায় [দ্র ৪৭০]।

অসীম, সীমাহীন, নিঃসীম, অপরিসীম, সীমাহারা, অপার, অগাধ, অশেষ, অনিঃশেষ, সীমাশূন্য, আনন্তিক; অনন্ত; অকূল।

দিগন্তবিস্তৃত, আদিগন্ত। দুনিয়াজোড়া, পৃথিবীব্যাপী।

অধিক, অঢেল, প্রচুর [দ্র ৪৪৫]।

দীর্ঘ [দ্র ৪৬৮], দীর্ঘায়ত। স্থূল, স্ফীত, মোটা [দ্র ৪৭০]। উঁচু [দ্র ১৯৯]। চওড়া [দ্র ৪৭০]।

প্রসারী, সুদূরপ্রসারী।

৪৫৮ ক্ষুদ্রতা

বি· ক্ষুদ্রতা, ক্ষুদ্রত্ব; অবিশালতা, অবিশালত্ব, হ্রস্বতা, অনতিবিস্তার; খর্বতা [দ্র ৪৬৯]. অপ্রসার।

সৌক্ষ্ম্য, সূক্ষ্মতা, সূক্ষ্মত্ব।

অণিমা, অণুত্ব; অণু, অণুতা। ফোঁটা, বিন্দু, টোসা; সূক্ষ্মাংশ; খুঁটিনাটি।

কৃশতা; তনিমা।

সংকীর্ণতা; স্থানাভাব, জায়গার অভাব, অল্প পরিসর, কম জায়গা।

সংক্ষেপ(ক), সংক্ষেপণ, সংকোচন; হ্রাস(ক), কমানো- [দ্র ৪৫০]।

বিণ· ছোট [৪৪৭], ছোট্ট, হ্রস্ব, অল্পক, আণক, অণুক, অণীয়ান, অল্পস্বল্প। ক্ষুদ্র, ক্ষুদে, প্রতনু; পুঁচকে; কড়ে, পুনকে, পুনকি, পাতি, টুনি; একরত্তি।

সূক্ষ্ম, অণু; আণুবীক্ষণিক, সূক্ষ্মাতিসূক্ষ্ম।

অবিশাল, সংকীর্ণ; অনতিবিস্তৃত, ক্ষুদ্রায়তন, অপরিসর, অবিস্তৃত, অনায়ত, নিরন্তরাল, অল্পব্যাপী, অল্পব্যাপক, নিরায়ত, অল্পায়ত, স্বল্পায়তন, অপ্রশস্ত।

খর্ব, ছোটখাটো, খাটো [দ্র ৪৬৯]।

সংক্ষিপ্ত, সংক্ষেপিত। অপ্রসারিত।

মিহি; সরু [দ্র ৪৭১]; চটি, পাতলা, তষ্ট।

সংকুচিত, আকুঞ্চিত, কুণিত।

লিকলিকে, কৃশ, ডিগডিগে, প্যাংলা, রোগাপ্যাংলা। ছিপছিপে [দ্র ৭৭]।

পুঁটি, পুঁটে; নেংটি, নেংটে।

টুকি, টুকিটাকি, খুচরোখাচরা।

৪৫৯ অগভীরতা

বি· অগভীরতা, অগভীরত্ব।

হাঁটুজল; ঘটি না ডোবা-; পায়ের পাতা না ভেজা-।

বিণ· অগভীর, গাধ; অপ্রগাঢ়, ভাসাভাসা; কম [দ্র ৪৪৭]; অতীব্র [দ্র ৪৫৫]।

উপরস্থ, উপরিগত।

ক্রি-বিণ· ওপর ওপর; আলগাভাবে।

লোক দেখানো।

৪৬০ গভীরতা

বি· গভীরতা, গভীরত্ব, বেধ, অতলতা, অতলত্ব।

ঘনত্ব, নিবিড়তা, নৈবিড়্য।

তলদেশ [দ্র ২০০]।

ঠাঁই না পাওয়া-; হালে পানি না পাওয়া-, থই না মেলা-।

বিণ· গভীর [৪৬৮], অথই, অতল, অতলস্পর্শী, অতলস্পর্শ, সুগভীর, অনন্ততল, অতলস্পৃক, নিস্তল, অথল, অগাধ, গহন, তলহীন, অতলতল, গহীন, অগাধীয়; ডওর।

ঘোর, কলিল, নিবিড় [দ্র ৪৮০], সুনিবিড়, সুগহন; প্রগাঢ়, গাঢ়; দুরবগাহ।

নিচু, নিম্ন [দ্র ২০০]।

৪৬১ সীমা

বি· সীমা, অবধি [১৪৫], শেষ, কাষ্ঠা; ইয়ত্তা; হদ্দ, হদ্দমুদ্দ; চূড়ান্ততা, পরাকাষ্ঠা।

উচ্চসীমা; সর্বোচ্চমান; দৌড়, থই। শীর্ষ, তুঙ্গ, তুঙ্গে ওঠা [৪৫৬], সর্বোচ্চ শিখরে আরোহণ(ক); চরমে পৌঁছনো-।

নিম্নসীমা; সর্বনিম্নমান, অবমমান।

শেষসীমা, চরমসীমা।

নাগাদ; নাগাল; মেয়াদ [দ্র ১৪৬]।

সীমানা [দ্র ১৯৭]; পরিসীমা; গণ্ডি, বেড়।

সীমাবদ্ধতা; পরিমিতি; ঘাটতি [দ্র ৪৪৭]।

পরিমাণজ্ঞান।

বিণ· সীমিত; সীমাবদ্ধ [১৯৭]; সসীম; নির্দিষ্ট; পরিমিত।

সীমাযুক্ত, সান্ত।

যথেষ্ট, পর্যাপ্ত [দ্র ৪৪৫]। অন্যূন।

বৃহত্তম, চরম; সর্বোচ্চ, সব চাইতে বেশি, সব চেয়ে বেশি, যার পর নাই, চূড়ান্ত, পরাকাষ্ঠা।

ক্ষুদ্রতম; সর্বনিম্ন, সবচেয়ে কম, সব চাইতে কম, অবম।

উপান্ত্য, প্রান্তস্থিত [দ্র ১৯৭]; প্রান্তিক, প্রত্যন্ত [২০৩]।

অব্য· পর্যন্ত, অব্দি, অবধি।

৪৬২ গুচ্ছ

বি· গুচ্ছ, গোছা, থোকা, থোক, গোছ, গুছি, থোপ, থুপি, থুপ, ধুপি, থেলো, উপচয়, কিতা, তোড়া, নুটি, থোপা, থোলো, থোপনা।

আঁটি, বোঝা, স্তবক, নুড়া, বান্ডিল; পালুই, পালা, আটলা, ডাঁই, ঝাঁকড়া, গড্ডা, গাঁটরি, গাঁট; কাঁদি, ছড়া, আছড়া, উৎকর, তল্পা; গুটি, গুটলি, গুটিকা। দলা, পিণ্ড।

রাশি, পুঞ্জ, পাঁজা, তাড়া, কাঁড়ি, কুড়, কাড়, গাদা, গাদি, স্তোম, কূট, স্তূপ, তাল, ভূরি; চাপড়া, চাপ, চাবড়া, চাঙড়, চাঙড়া, চাঁই, ড্যালা, ডেলা; পাহাড়, থুপি; থুপ।

সমূহ [দ্র ৪৫১], সমস্ত, সমষ্টি, মোট, একুন, নিকায়, সমুচ্চয়, সমুচয়, সমুদায়, দাম, চয়, জুট, কুল, সমাহার, উহিনী, নিবহ, নিচয়, প্রচয়, নিকর, সম্ভার, কলাপ, আবলি, মালা, রাজি, পটল; গয়রহ, দিগর।

প্রাচুর্য [দ্র ৪৪৫]। সমগ্রতা [দ্র ৪৫১]।

বৃন্দ, গণ, মণ্ডলী, প্রমুখ, যূথ, ঝাঁক, দল, দঙ্গল, পাল [৬৪৮], কুল, শ্রেণী, বর্গ [৪৬৩], কাতার, গোষ্ঠী।

এক আঁটি, এক কাঁড়ি, এক তাড়া, এক গোছা, এক রাশ, এক থোলো, একগাদা।

জড়ো(ক) [৪৯৪], তালপাকানো-, একত্র করা-, একত্রীকরণ; জোট বাঁধা-, দল করা-, দলপাকানো-, দলগড়া- [৪৬৩]।

দফা [৪৫৩], প্রস্থ, সেট; কিস্তি।

ভিড় [দ্র ৪৬৩]। ঠাসাঠাসি, গাদাগাদি, ঘনবিন্যাস, ঠাসবুনুনি; ঘেঁষাঘেঁষি, চাপাচাপি। বোঝাই(ক); চাপানো-; জোটানো-। ঠুসা-, ঠাসা-, ঠাসন, গাদা-, গাদানো-।

পঙ্‌ক্তি, সারি, পাঁতি, পাতি, বিঞ্জোলী, নর, নরী, সার, মরালী, রাজিকা, লাইন।

থাক, স্তর [৩৬৬]।

বিণ· রাশীকৃত, পুঞ্জিত, পুঞ্জীভূত, রাশীভূত, স্তূপীকৃত [৭০২], স্তূপাকৃতি, স্তূপাকার, একত্রীকৃত, একত্রিত, একত্রীভূত, আচিত, গুচ্ছীকৃত, স্তূপান্বিত, স্তবকিত, একীকৃত, গুটিল।

দলবদ্ধ, এককাট্টা, একত্র, যূথবদ্ধ।

সারিবদ্ধ, সারবন্দী, পঙ্‌ক্তিবদ্ধ।

রাশি রাশি, গাদাগাদা, তাড়াতাড়া, কাঁড়ি কাঁড়ি; গোছাগোছা, গুচ্ছ গুচ্ছ, থোকা থোকা; তালতাল, চাপচাপ; থাকবন্দী; অনেক, প্রচুর [দ্র ৪৪৫]।

গিজগিজ, বিজবিজ, থকথক, থিকথিক।

ঘনবিন্যস্ত, ঘনবদ্ধ, গায়ে গায়ে লাগানো-।

সর্বসমেত, মোট, সাকুল্যে, সবসুদ্ধ, মোটমাট, সবমিলিয়ে, সাকুল্যে, সর্বসাকুল্যে, মবলগ, সমুদয়ে, মোটে, কুল্যে, একুনে।

ক্রি-বিণ· কাতারে কাতারে, দলে দলে, দল বেঁধে, ঝাঁকে ঝাঁকে, পালে পালে, দঙ্গলে দঙ্গলে, পুঞ্জে পুঞ্জে; লাখে লাখে, শয়ে শয়ে, হাজারে হাজারে।

দফায় দফায়, বারে বারে, ঘুরে ঘুরে, ফিরে ফিরে [দ্র ১৩৬]।

সারদিয়ে, সারিবদ্ধভাবে, লাইনদিয়ে।

অব্য· ইত্যাদি, প্রভৃতি; এইসব, আরও।

৪৬৩ জনসমষ্টি

বি· জনসমষ্টি, জনতা, জনগোষ্ঠী, জনগণ, জগজন, জগজ্জন, মানুষ, লোকজন, মানুষজন, জনগণেশ, জনমানব, জনপ্রাণী, জনসাধারণ, সাধারণ মানুষ, আম, পাবলিক, সাধারণ্য, বহুজনতা।

সব মানুষ, সকল মানুষ, সবাই, সকলে, আবালবৃদ্ধবনিতা; আপামর জনসাধারণ।

ভিড় [৪৬২], হুড়, জটলা; মেলা, মেল, সম্মিলন, সম্মেলন, সমাগতি, সমাযোগ, সংযান, পরিমেল।

গাদাগাদি, ঠাসাঠাসি; ঠেলাঠেলি(ক), ধাক্কাধাক্কি।

জমায়েত, জনসমাবেশ, জনসমাগম, সমাগম; জনসমুদ্র, জনস্রোত, লোকারণ্য, জনারণ্য, জন অরণ্য। গিসগিস(ক), গিজগিজ।

জনশক্তি, জনবল, লোকবল, গণশক্তি; দলগতশক্তি, সংঘশক্তি।

জনপদ [দ্র ১৮৫]।

বৃন্দ, মণ্ডলী, কুল, শ্রেণী, বর্গ [দ্র ৪৬২], কৌম, নিগম।

সংস্থা, সমিতি, ইউনিয়ন, জনসংঘ। সভা, মিটিং [দ্র ৬৫২]। জনসভা, জনমণ্ডলী। সভাজন।

পক্ষ, তরফ [২৫৪], গোষ্ঠী [৬৫১, ৬৪৪], দল, পার্টি, জোট, মোরচা, টিম, ফ্রন্ট, লিগ, আঞ্জুমান। সংসদ, পরিষদ, পরিষৎ, সঙ্ঘ, সভা, ক্লাব।

সম্প্রদায়, সমাজ [দ্র ৬৪৪], জনসমাজ, মানবসমাজ, সজন।

জনমত, লোকমত। লোকচক্ষু, লোকলোচন। জনসমক্ষ।

মিছিল, শোভাযাত্রা, প্রসেশন।

বিণ· সমবেত [দ্র ৬৪৮], সমাগত, উপস্থিত, সমুপেত।

সম্মিলিত, একত্রিত, মিলিত, একত্র।

সাধারণ, আম।

জনাকীর্ণ, জনবহুল, জনসমাকুল, জনসংকুল, লোকাকীর্ণ। লোকে লোকারণ্য, লোকবহুল।

দলীয়, দলগত, পক্ষীয়, সম্প্রদায়গত, সাম্প্রদায়িক।

দলভুক্ত, পক্ষভুক্ত; সমাজভুক্ত; গোষ্ঠীভুক্ত; সামাজিক [দ্র ৬৪৪]।

ক্রি-বিণ· সাধারণ্যে, জনসমক্ষে।

কাতার দিয়ে, কাতারে কাতারে; দলে দলে; পালে পালে; পিলপিল করে।

১৬ আকৃতি-আয়তন

৪৬৪ আকার

বি· আকার, আকৃতি, চেহারা, শেপ।

রূপ, স্বরূপ, সুরত, শ্রী, সৌষ্ঠব [দ্র ৫২৬], ছিরি।

আদল, আদরা, ডৌল, ছাঁদ, ধাঁচা, ধাঁচ, ধাঁজ, ভোল, ঢং, ধরন, ঢক; কাট, ফর্মা; সংস্থান; নকশা।

কায়া, অবয়ব, মূর্তি, শরীর [দ্র ৬২], কলেবর, দেহ।

আড়া, গঠন, কাঠামো, কাঠাম, চিতি, গড়ন, গড়ন পেটন, ঢপ, ঠাম ,পরিকাঠামো।

দেহ সৌষ্ঠব [দ্র ৫২৬]। আকার বৈভিন্ন্য [দ্র ৪৬৫]।

বিণ আকৃত, গঠিত।

শরীরী [দ্র ৬২], সাকার, রূপী, শরীরভাক, মূর্তিমান।

নিয়তাকার। [**বিপ·**] অনিয়তাকার।

সুগঠিত, সুগঠন, সুনির্মাণ, সুছন্দ, সমাঙ্গ, সুছাঁদ; সুডৌল, নিটোল, সুঠাম।

বেঢপ, বেডৌল, বেখাপ্পা, ধ্যাবড়া, অসমাঙ্গ; অসংগঠিত, অসম্বদ্ধ।

বহুরূপী, অনন্তরূপী, অনন্তরূপা। কামরূপ, কামরূপী, বিদ্যাধর; ছন্দরূপী।

৪৬৫ জ্যামিতিক আকার

৪৬৫·১ **বি·** কোণ, অ্যাঙ্গেল। সমকোণ; সূক্ষ্মকোণ; স্থূলকোণ; প্রবৃদ্ধকোণ; সন্নিহিত কোণ; একান্তর কোণ।

বিণ· কোনা, কোনাচে, কৌণিক; তেওড়। কোনাকুনি, টেরা। তির্যক, বক্র [দ্র ৪৭৩]।

সমকোণী, সমকৌণিক।

৪৬৫·২ ত্রিভুজ, ত্রিকোণ। সমকোণী ত্রিভুজ; সমবাহু ত্রিভুজ; বিষমবাহু ত্রিভুজ; সমদ্বিবাহু ত্রিভুজ। অতিভুজ।

বিণ· তিনকোনা, তেকোনা, ত্র্যস্র, ত্রিভুজাকৃতি, ত্রিকোণাকৃতি।

৪৬৫·৩ বৃত্ত, মণ্ডল, মণ্ডলায়িত, মণ্ডলী, বলয়; বর্তুল, চক্র, চাকা [দ্র ৫৩৭]; আংটি, কুণ্ডলী, কুণ্ডল; গোল্লা। অর্ধবৃত্ত, বরণ্ডক।

গোলক, কন্দুক; গোলা, গুলি; বল; মার্বেল; ভাঁটা, গেন্দুক, গেড়ু, গেণ্ডু, গেণ্ডুয়া, বাঁটুল।

ব্যাস; ব্যাসার্ধ; জ্যা; চাপ; কেন্দ্র, সেন্টার।

বিণ· গোল, গোলাকার, গোলাকৃতি, বৃত্তাকার, বর্তুলাকার, মণ্ডলাকার, গোলালো, বার্তুলিক; অখণ্ডমণ্ডলাকার, বলয়াকার, সুগোল, চক্রাকার [৫৩৭], চক্রবৎ। অর্ধগোলাকার, অর্ধগোলাকৃতি, অর্ধচন্দ্রাকার, অর্ধচন্দ্রাকৃতি।

সমকেন্দ্রিক; কেন্দ্রীভূত, কেন্দ্রীয়।

বৃত্তীয়, বৃত্তস্থ।

৪৬৫·৪ উপবৃত্ত, ওভাল, ইলিপ্স।

বিণ· উপবৃত্তাকার, ওভাল; ডিম্বাকৃতি, ডিম্বাকার, অণ্ডাকৃতি, অণ্ডাকার।

৪৬৫·৫ অধিবৃত্ত, প্যারাবোলা।

বিণ· অধিবৃত্তাকার।

৪৬৫·৬ চতুর্ভুজ, চতুষ্কোণক্ষেত্র, চতুষ্ক। আয়তক্ষেত্র; বর্গক্ষেত্র, বর্গ, সমচতুর্ভুজ; সামন্তরিক, বরফি; রম্বাস।

বাহু, ভুজ; কর্ণ; অতিভুজ।

ক্ষেত্রফল, ক্ষেত্রমান, পরিমাণ ফল, ক্ষেত্র, ক্ষেত্রয়াল, কালি।

বর্গফল।

বিণ· চৌকোনা, চারচৌকো, চতুষ্কোণ, চৌকা, চৌকো, চারকোনা, চারকোনাচে; চৌপল; চতুরস্র, তক্তি; চৌখুপি। ক্ষেত্রাকৃতি, ক্ষেত্রাকার।

বর্গাকার, বর্গাকৃতি।

৪৬৫·৭ ঘন, ঘনক, কিউব। সমঘন। ঘনচতুষ্কোণ; ডুমা, ডুমো। ঘনফল, ঘনমান।

বিণ· ঘনাকার, ঘনাকৃতি।

৪৬৫·৮ বহুভুজ, পলিগন। পঞ্চভুজ; ষড়ভুজ; সপ্তভুজ; অষ্টভুজ; আটকোনা, অষ্টাশ্রি; নবভুজ; দশভুজ।

৪৬৬ আয়তন

বি· আয়তন, আয়তি, মাপ [দ্র ৪৩৯], আয়াম, মান, পরিমাণ।

পরিসর, প্রসার, ব্যাপ্তি, ব্যাপকতা, প্রসর, বেধ, বিস্তৃতি, ব্যাপন; ব্যাদান; পরিব্যাপ্তি। পরিধি, বেড়, ঘের, গির্দ, মুহুরি, গের্দ।

সীমা [দ্র ৪৬১], পরিসীমা, সীমানা, সীমান্ত; চৌহদ্দি; নির্দিষ্ট সীমা, গণ্ডি, অধিকার; খড়ির গণ্ডি, দাগ; পিলার, পোস্ট, থাকবস্ত; সীমানাচিহ্ন। তায়দাদ।

সীমানানির্ধারণ(ক), থাকবস্তি।

অধিকার ক্ষেত্র, অধিক্ষেত্র; জুরিসডিকশন [১৯৭]। বাউন্ডারি।

স্থান সংকুলান(হ), আঁটা-, এঁটে যাওয়া-, ধরা-, ধরে যাওয়া-, ধরন, আঁটানো-, কুলানো [দ্র ৪৪৫]।

দৌড়, পাল্লা; নাগাল, আয়ত্তি।

দৈর্ঘ্য [দ্র ৪৬৮]। প্রস্থ [দ্র ৪৬৮]। উচ্চতা [দ্র ১৯৯]। বিস্তার [দ্র ৪৫৭]। গভীরতা [দ্র ৪৬০]।

বিণ· আয়তনযুক্ত।

প্রসারী, ব্যাপী; ব্যাপ্ত, ব্যাদত্ত।
প্রসারিত, বিস্তৃত, ব্যাপ্ত [দ্র ৪৫৭], পরিব্যাপ্ত।
টায়টায়।

৪৬৭ অক্ষাংশ

বি· অক্ষাংশ, অংশ, অক্ষ, ল্যাটিচুড।
অক্ষরেখা, অক্ষসমান্তরাল, অক্ষবৃত্ত; সমাক্ষরেখা।
মেরুরেখা, মেরুবৃত্ত; সুমেরুবৃত্ত; কুমেরুবৃত্ত; নিরক্ষরেখা, বিষুবরেখা, বিষুববৃত্ত, নিরক্ষবৃত্ত, ধ্রুবরেখা, ভূবৃত্ত; মহাবিষুব; কর্কটক্রান্তিরেখা, কর্কটক্রান্তিবৃত্ত; মকরক্রান্তিরেখা, মকরক্রান্তি বৃত্ত।
দ্রাঘিমা, দ্রাঘিমা রেখা, দ্রাঘিমাংশ, দ্রাঘিমান্তর, দেশান্তররেখা, লঙ্গিচুড।
অংশান্তর।

৪৬৮ দৈর্ঘ্য

বি· দৈর্ঘ্য [৪৫৭], দীর্ঘতা, দীর্ঘত্ব, লম্বাই, ঝুল, আয়তি; টানা।
উচ্চতা, খাড়াই [দ্র ১৯৯], উন্নতি।
প্রস্থ, ওসার, বহর, চওড়াই, আড়, পড়েন, বেধ, প্রসার, ছাতি, পানা, বিস্তার, বিস্তৃতি [দ্র ৪৫৭], পরিসর, ব্যাপ্তি, প্রপঞ্চ, আয়াম।
পুরুত্ব, দল।
বিশালতা [দ্র ৪৫৭]। দূরত্ব [দ্র ২০৩]।
বিণ· দীর্ঘ [১৯৯], সুদীর্ঘ, লম্বা, আখাম্বা, দীঘল, অখর্ব, লম্বাটে, লম্বাপানা; ঢেঙা।
দীর্ঘাকৃতি, দীর্ঘকায়, দীর্ঘাকার, দীর্ঘদেহ, দীর্ঘদেহী, দ্রাঘীয়ান, লম্বকায়, লম্বাকৃতি, লম্বাপানা, ঢ্যাঙা, ধুম্বা, ধুম্ব, প্রাংশু; মাথায় বড়। উচ্চকায়, উচ্চাকৃতি।
প্রলম্ব, লম্ব [দ্র ২০১], লম্বিত, প্রলম্বিত।
উঁচু [দ্র ১৯৯], উন্নত, খাড়া।
চওড়া, প্রশস্ত, চ্যাটানো, চ্যাটালো, বিস্তৃত [দ্র ৪৫৭], প্রসারিত, সুপ্রশস্ত, ব্যাপ্ত, প্রপঞ্চিত।
পুরু, মোটা [দ্র ৪৭০, ৭৬], স্থূল, গোদা।
গভীর [দ্র ৪৬০]। বিশাল [দ্র ৪৫৭]।
আজানুলম্বিত [দ্র ৬৪·২০]।
অনুদৈর্ঘ্য, দৈর্ঘ্যবরাবর।
অনুপ্রস্থ, আড়ে, প্রস্থে, চওড়ায়, আড়াআড়ি।

৪৬৯ খর্বতা

বি· খর্বতা, খর্বত্ব, ক্ষুদ্রতা, হ্রস্বতা, হ্রস্বত্ব, হ্রাসিমা, ক্ষুদ্রত্ব।
বিণ· হ্রস্ব, খর্ব, ছোট [দ্র ৪৫৮], ক্ষুদ্র, খুদে, অদীর্ঘ, অনতিদীর্ঘ। খর্বাকার, খর্বাকৃতি, ক্ষুদ্রাকার, খাটো [৪৫৮]; ছোট্ট, ছোট, ছোটখাটো, ছোট্টখাট্ট।
সরু [দ্র ৪৭১], চ্যাপটা, চ্যাপটানো-; খাঁদা, থ্যাবড়া।
মাথায় ছোট, মাথায় কম, মাথায় খাটো।
নাটা, বামনাকৃতি, ক্ষুদ্রকায়, অল্পতনু, হ্রস্বদেহ।
বিণ·/বি· বেঁটে, বষ্ঠ, বাঁটকুল, বাঁটুল, বামন; মানবক।

৪৭০ মোটা

বিণ· মোটা [৭৬], স্থূল [৪৫৭], অসূক্ষ্ম, পৃথুল, পৃথু, পীন, পীবর, প্রবৃদ্ধ, পীনোন্নত।
পুরু, চওড়া, গচাল; ভারি।
স্ফীত [৪৪৮], ফোলা-, ফাঁপা-, ফোলাফাঁপা, স্ফারিত, বিস্ফারিত, উচ্ছ্রিত, সমুচ্ছ্রিত, আধ্মাত, উন্নদ্ধ; ফুলে ঢোল।
স্থূলকায়, স্থূলাকার, স্থূলাকৃতি; বৃহদাকার, অতিকায় [৪৫৭], ভীমাকৃতি, অতন্বঙ্গ, অকৃশাঙ্গ, স্থূলাঙ্গ, বপুষ্মান, স্থবীয়ান, স্থবিষ্ঠ।
পরিপুষ্ট, পুরন্ত, নধর, পুরুষ্ট, হৃষ্টপুষ্ট [৭৬], ডগিডগি, মোটাসোটা, নাদুসনুদুস, গাট্টাগোট্টা; মোটকা, ভুঁড়ো [দ্র|৭৬], পেটমোটা, স্থূলোদর, পেটডাগর, পৃথূদর, ডাঙ্গর, উদরিল; নাদাপেটা, হোঁদল কুতকুত; পিপে; লম্বোদর।
কেঁদো, গোদা, ধুমসো, গোবদা, গবদা, গাবদা, ধুম্ব, ধুম্বা; ঢ্যাপসা, ঢোসকা, টেবো, ভোঁদা। তাগড়াই, লম্বা চওড়া, দশাসই; দোহারা; হাঁপালো। মাংসল, মেদবহুল, চর্বিবহুল। নিটোল।
বি· স্থূলতা, স্থৌল্য [৪৫৭], স্থূলত্ব, গচ, প্রথিমা, পার্থব।
স্ফীতি [দ্র ৪৪৮], ফাঁপা-, ফাঁপ, ঠোস; ফুলানো-, ফোলানো-।

৪৭১ শীর্ণ

বিণ· শীর্ণ, কৃশ [৪৫৮, ৭৭], বিশীর্ণ, ক্ষীণ, অবক্ষীণ, অস্থূল, ক্রশিষ্ঠ।
সরু [৪৬৯], চাপা, অপ্রশস্ত, সংকীর্ণ [দ্র ৪৫৮]।
অস্ফীত, আফোলা।
শীর্ণকায়, কৃশকায়, কৃশাঙ্গ, তনীয়ান, তনিষ্ঠ, ক্ষুদ্রকায়, ছোটখাটো, ছোট্টখাট্ট, ছোট, পুঁচকে, একরত্তি, এইটুকুন।
রোগা [দ্র ৭৭], ক্ষয়া, রোগাটে, অপুষ্ট [দ্র ৭৭]; লিকলিকে, প্যাংলা, রোগাপটকা, ল্যাগবেগে; ছিনা, শুঁটকি, শুঁটকো; কৃকলাশ, কাঁকলাশ, প্যাকাটি, পাটকাঠি; তালপাতার সেপাই। দুর্বল [দ্র ৬৯২]।
ছিপছিপে, একহারা; আধহারা; তন্বী [দ্র ৫২৬]; স্লিম।
বি· শীর্ণতা, শীর্ণত্ব, কৃশতা, কার্শ্য, ক্ষীণতা, অস্থূলতা, ক্রশিমা, তানব।
অপ্রশস্ততা, সংকীর্ণতা [দ্র ৪৫৮]; অস্ফীতি।

৪৭২ ঋজুতা

বি· সরলতা, ঋজুতা, ঋজুত্ব, আর্জব, অবক্রতা।
সরলরেখা [দ্র ৪৩৭], রেখা।
বিণ· সোজা, সরল, ঋজু, অবক্র, সিধা, সিধে, টানটান, চোস্ত, অভুগ্ন, অজিহ্ম; লম্ব, প্রলম্ব।
সোজা করা-, সিধে করা-, আড়ভাঙা-।
ক্রি-বিণ· নাক বরাবর, সিধে, সটান, সোজাসুজি।

৪৭৩ বক্রতা

বি· বক্রতা, বক্রত্ব, বাঁকাভাব, বক্রিমা, সাচি, অসরলতা, বিকৃতি, অনৃজুতা।
বাঁক, বঙ্ক।

মোচড় (দে), মোচড়ানো-, পাক(দে), প্যাঁচ, পেঁচ, পাকানো-, বক্রণ, বাঁকানো-, বক্রীকরণ; টোল খাওয়া-; তোবড়ানো-, তুবড়ানো-, দুমড়ানো-, মুচড়ানো-, মোচড়ানো-, দোমড়ানো মোচড়ানো-, প্যাঁচানো-, ঘোরানো-, ঘুরানো-।

কুঞ্চন, কোঁচানো- [৩৬৬], কোঁচকানো-, আকুঞ্চন, অবকুঞ্চন, কোঁকড়ানো- আকুঞ্চনীয়তা, আকুঞ্চনীয়ত্ব। জড়ানো-।

অপবর্তন, সাচিবর্তন।

বক্ররেখা [দ্র ৪৩৭]।

বিণ· বাঁকা [২০২, ৪৬৫], ব্যাঁকা, বক্র, বঙ্কা; বঙ্কিম, তির্যক, বক্রতাযুক্ত, বক্রী, অনৃজু, অসরল, আটল, অরাল; ত্যাড়া, তেড়া, টেড়া, টেড়ি, তেরছা, টেরছা।

বক্রীকৃত, সাচীকৃত; প্যাঁচালো, ঘোরালো।

আঁকাবাঁকা, বাঁকাচোরা, ত্যাড়াবাঁকা, টেরাবাঁকা, আড়ংবাড়ং; সর্পিল, জিগজাগ।

উত্তল, কনভেক্স; অবতল, কনকেভ। বঙ্ক্য; বক্রপৃষ্ঠ; ধনুকাকার, ধনুকাকৃতি।

নম্য, নমনীয়; লগবগে, ল্যাগবেগে, ল্যাকপেকে; আকুঞ্চনীয়; ভঙ্গিল [দ্র ৩৬৬]।

আড়, কোনাচে।

ঢেউ খেলানো-, তরঙ্গায়িত, করোগেডেট; উঁচুনিচু [৪৭৫], উচ্চাবচ; কুঞ্চিত, আকুঞ্চিত, অবকুঞ্চিত, কোঁকড়া, কোঁকড়ানো।

ক্রি-বিণ· আড়াআড়ি, কোনাকুনি; বাঁকাভাবে, তির্যকভাবে।

৪৭৪ মসৃণতা

বি· মসৃণতা [৩৫১], চিক্কণতা; পিচ্ছিলতা; কোমলতা, পেলবতা।

অঘর্ষণ।

পালিশ(ক) [৩৩], বার্নিশ(ক), প্রলেপ [দ্র ৫০৬]; গর্জনতেল।

র‍্যাঁদা (মারা-); সিরিশকাগজ, বালিকাগজ; খরাদ [৩৬৭], কুঁদ, রেত, রেতি, ফাইল, উকো, উখা; শাণ, শান(দে), সামক, পাথর; শানানো [দ্র ৪৭৬], গ্রাইন্ডিং।

সমতল [১৮৪·১], তল, সমভূমি, সমানজায়গা, সমতলভূমি।

বিণ· মসৃণ [৩৫১], চিক্কণ, চিকন, সুচিক্কণ, চোস্ত, নিকষিত; তেলা [দ্র ৪৯৮], তেল তেলে, পিছল, পিচ্ছিল [৩১৬], পিচ্ছল, লালী, লালসীক; চকচকে।

মোলায়েম, কোমল, পেলব; টানটান।

সমতল, সমান, অবন্ধুর, চৌপট, চৌরস, সমপৃষ্ঠ।

অকর্কশ; অঘৃষ্য, অঘর্ষণীয়।

৪৭৫ অমসৃণতা

বি· অমসৃণতা, রুক্ষতা, রৌক্ষ্য, কর্কশতা, কার্কশ্য।

বন্ধুরতা। উতরাই; চড়াই।

বিণ· অমসৃণ, অচিক্কণ, রুক্ষ। কর্কশ।

খরখরে, খসখসে, কিরকিরে। রোমশ, লোমশ [৬৪·১৩]। তৈলহীন, অতৈল, আতেলা।

অসমান, অসমতল, বন্ধুর; বন্ধুল; এবড়ো খেবড়ো, উঁচুনিচু, উচ্চাবচ [৪৭৩], নতোন্নত, নিম্নোন্নত।

নিচু, ঢালু, ঢাল, নাবাল, গড়ান, গড়ানে [২০০], ক্রমনিম্ন।

চড়া, ক্রমোচ্চ।

বাঁকা, বক্র [দ্র ৪৭৩]।

৪৭৬ তীক্ষ্ণতা

বি· তীক্ষ্ণতা, তীক্ষ্ণত্ব, তৈক্ষ্ণ্য, অশ্রি, তিগ্ম।

ধার(দে), পান্ন; শানানো-, শান দেওয়া-। মাঞ্জা (দে)।

ফলা, ফলক; বাটালি [দ্র ৫৩৬·৫]।

খোঁচ, খোঁচা; কাঁটা, কণ্টক, হুল, আল; সূঁচ, সূচী; শলাকা, শলা; পিন, আলপিন; বিঁধ, বেধ।

ছুরি, চাকু; ক্ষুর; কাঁচি [দ্র ৫৩৬·৫]।

ফাইল, রেত [৪৭৪], উকো; শাণ, শান, পাথর, কষ্টিপাথর, নিকষ [৫৫৮, ২৫], গ্রাইন্ডার, গ্রাইন্ডিং স্টোন; বালিকাগজ [দ্র ৪৭৪]।

ছিদ্র [দ্র ৩৬৭]। প্রখরতা [দ্র ৪৫৪]।

বিণ· তীক্ষ্ণ, অস্থূল, সূক্ষ্মাগ্র, সুতীক্ষ্ণ, সূচালো, ছুঁচলো, চোখা, চোখালো, সূচীমুখ; টিকলো, কুশাগ্র। খোঁচা খোঁচা।

ধার, ধারালো, শাণিত, ক্ষুরধার, ধারী, খরধার, নিশিত।

শিত, নিশাত, শাত, খর, খরশাণ, সুধার, তীক্ষ্ণধার।

দোধারী, দুধারী।

কণ্টকাকীর্ণ, সকণ্টক, কাঁটাযুক্ত, কণ্টকিত।

বিদ্ধ [৩৬৭], বেধিত।

বেধ্য, বেধনীয়।

প্রখর [দ্র ৪৫৪]। ছিদ্রযুক্ত [দ্র ৩৬৭]।

বিণ·/বি· বেধক, বেধনী, বেধনিকা, বেধী।

শাণওয়ালা। অস্ত্রমার্জক, শাণাজীব।

৪৭৭ অতীক্ষ্ণতা

বি· অতীক্ষ্ণতা, ধারহীনতা; স্থূলতা।

বিণ· অতীক্ষ্ণ, ধারহীন, ভোঁতা; থেবড়া, থোঁতা; স্থূল, মোটা।

১৭ বস্তু-বস্তুধর্ম

৪৭৮ বস্তু

বি· বস্তু, পদার্থ, জিনিস, চিজ, দ্রব্য, ম্যাটার।

পঞ্চভূত [ক্ষিতি; অপ; তেজ; মরুৎ; ব্যোম]।

জিনিসপত্র; কাজের জিনিস, দরকারি জিনিস; প্রয়োজনীয় দ্রব্য; নিত্যব্যবহার্য দ্রব্য। বাজে জিনিস; খড়কুটো, কুটো; জঞ্জাল [দ্র ৫২০]।

কঠিনপদার্থ [দ্র ৪৮০]। তরলপদার্থ [দ্র ৪৮১]। বায়বীয় পদার্থ [দ্র ৪৮৪]। মৌলিক পদার্থ, মৌল [দ্র ৪৭৯], এলিমেন্ট। যৌগিক পদার্থ, যৌগ [দ্র ৪৯৪]।

অণু, মলিকিউল।

পরমাণু, অ্যাটম। ইলেকট্রন; প্রোটন; নিউট্রন।

ধাতু [দ্র ৪৯৭]। অধাতু।

দ্রব্যগুণ; বস্তুধর্ম; ধর্ম।

রসায়নশাস্ত্র, রসায়ন, কেমিস্ট্রি, কিমিয়াবিদ্যা, কিমিতি, কিমিয়া।

পদার্থবিজ্ঞান, পদার্থবিদ্যা, ফিজিক্স, বস্তুতত্ত্ব, ভৌতবিজ্ঞান।

[বিপ·] অবস্তু, অপদার্থ; অ্যান্টিম্যাটার।

বিণ· বস্তুগত, ভৌত; বাস্তবিক।

কঠিন। তরল। বায়বীয়।

মৌলিক।

আণবিক। পারমাণবিক, অ্যাটমিক।

রাসায়নিক।

বিণ·/বি· পদার্থবিজ্ঞানী, ফিজিসিস্ট; বস্তুতত্ত্বজ্ঞ। রসায়নবিজ্ঞানী, কেমিস্ট।

৪৭৯ মৌলিক পদার্থ

বি· মৌলিক পদার্থ, মৌল [৫৫৮], এলিমেন্ট, রূঢ়পদার্থ।

মৌলিকতা।

৪৭৯·১ হাইড্রোজেন, উদজান, জলজান। ভারিজল, হেভি ওয়াটার; ডয়টেরিয়াম; ট্রিসিয়াম। বিজারণ, রিডাকশন। হাইড্রাইড।

৪৭৯·২ হিলিয়াম।

৪৭৯·৩ লিথিয়াম।

৪৭৯·৪ বেরিলিয়াম।

৪৭৯·৫ বোরন।

৪৭৯·৬ কারবন, অঙ্গার। কয়লা, আংরা, আঙ্গার। অঙ্গারক, অঙ্গারক রসায়ন। কাঠকয়লা; কয়লাখনি। হীরা [দ্র ৫০৪]। গ্র্যাফাইট। বিণ· অঙ্গারীয়।

৪৭৯·৭ নাইট্রোজেন, যবক্ষারজান।

৪৭৯·৮ অক্সিজেন, অম্লজান, প্রাণবায়ু, দহনবায়ু। অক্সিডেশন। অক্সাইড। দহন, জারণ। জারিত। ওজোন।

৪৭৯·৯ ফ্লুরিন।

৪৭৯·১০ নিয়ন; নিয়নগ্যাস; নিয়নলাইট [দ্র ৩৩]।

৪৭৯·১১ সোডিয়াম।

৪৭৯·১২ ম্যাগনেসিয়াম।

৪৭৯·১৩ অ্যালুমিনিয়াম।

৪৭৯·১৪ সিলিকন।

৪৭৯·১৫ ফসফরাস।

৪৭৯·১৬ সালফার, গন্ধক, ক্রূরগন্ধ, গন্ধিক। গন্ধকাম্ল, গন্ধকদ্রাবক, সালফিউরিক অ্যাসিড; মহাদ্রাবক, ধাতুবৈরী। সালফার ডাই অক্সাইড।

৪৭৯·১৭ ক্লোরিন, কুলহরিন, হরিতক। ক্লোরাইড; ক্লোরেট।

৪৭৯·১৮ আরগন।

৪৭৯·১৯ পটাসিয়াম, পটাশ।

৪৭৯·২০ ক্যালসিয়াম।

৪৭৯·২১ স্ক্যান্ডিয়াম।

৪৭৯·২২ টাইটানিয়াম।

৪৭৯·২৩ ভ্যানাডিয়াম।

৪৭৯·২৪ ক্রোমিয়াম।

৪৭৯·২৫ ম্যাংগানিজ।

৪৭৯·২৬ লোহা, লৌহ, লোহ, লোহক, অয়স, অদ্রিসার, শস্ত্রক, আয়রন, ফেরাস। কান্তলৌহ, কান্তিলৌহ, কান্তিক, কান্তায়স, পিণ্ডায়স। অশ্মসার। পিগ আয়রণ, পিগ। রট আয়রন, কাঁচা লোহা। ঢালাই লোহা, কাস্ট আয়রন। পেটা লোহা। ইস্পাত, সারলোহ, তীক্ষ্ণায়স, স্টিল। স্টেইনলেস স্টিল। ইনগট। স্ক্র্যাপ আয়রন।

ইস্পাত কারখানা; স্টিল মিল। ঢালাইঘর, ফাউন্ড্রি। ব্লাস্ট ফারনেস; কিউপোলা। কামারশালা।

মরচে, মরিচা, জং, লৌহমল, কিট্ট, লৌহকিট্ট, লৌহচূর্ণ, ধাতুমল, মণ্ডূর [৪৯৭]।

টেম্পার(ক), হিট ট্রিটমেন্ট।

বিণ· লৌহময়, লোহার তৈরি, লোহার, লৌহনির্মিত; আয়স; ইস্পাতি।

লৌহকঠিন।

বিণ·/বি· কামার, কর্মকার, কর্মার, লৌহজীবী, লোহার, লৌহকার, অয়স্কার।

৪৭৯·২৭ কোবাল্ট।

৪৭৯·২৮ নিকেল।

৪৭৯·২৯ তামা, কপার, তাম্র, তাম্রক, লোহিতায়স। তাম্রপট্ট, তাম্রপত্র, তাম্রফলক। তাম্রপাত্র, তাম্রকুণ্ড। তাম্রলিপি; তাম্রশাসন।

বিণ· তামাটে, তাম্রাভ; তাম্রিক, তামার।

৪৭৯·৩০ দস্তা, জিঙ্ক, যশদ।

৪৭৯·৩১ গ্যালিয়াম।

৪৭৯·৩২ জারমেনিয়াম।

৪৭৯·৩৩ আর্সেনিক।

৪৭৯·৩৪ সেলেনিয়াম।

৪৭৯·৩৫ ব্রোমিন, ব্রোমাইড।

৪৭৯·৩৬ ক্রিপটন।

৪৭৯·৩৭ রুবিডিয়াম।

৪৭৯·৩৮ স্ট্রনসিয়াম।

৪৭৯·৩৯ ইট্রিয়াম।

৪৭৯·৪০ জারকোনিয়াম।

৪৭৯·৪১ নাইওবিয়াম।

৪৭৯·৪২ মলিবডিনাম।

৪৭৯·৪৩ টেকনেসিয়াম।

৪৭৯·৪৪ রুথেনিয়াম।

৪৭৯·৪৫ রোডিয়াম।

৪৭৯·৪৬ প্যালাডিয়াম।

৪৭৯·৪৭ রূপা, রুপো, রৌপ্য, রজত, রূপ্য, শ্বেতক, ইন্দুলোহক, চাঁদি, চন্দ্রভূতি, চন্দ্রহাস, প্রজাদান, সিলভার।

জার্মান সিলভার, রূপদস্তা।

রুপোর গয়না, রৌপ্যালংকার; রুপোর টাকা, রৌপ্যমুদ্রা, রুপিয়া।

বিণ· রুপালি [দ্র ৫৩৪·১৩], রুপোলি; রজতবর্ণ, রজতকান্তি।

রুপোর তৈরি, রৌপ্যময়, রৌপ্যনির্মিত।

৪৭৯·৪৮ ক্যাডমিয়াম।

৪৭৯·৪৯ ইন্ডিয়াম।
৪৭৯·৫০ টিন, রাঙ, রঙ্গ, স্বর্ণজ, আপূষ ; রাঙঝাল ; রাঙতা, রাংতা।
৪৭৯·৫১ অ্যান্টিমোনি।
৪৭৯·৫২ টেলুরিয়াম।
৪৭৯·৫৩ আইওডিন, আইডিন। আইওডাইড।
৪৭৯·৫৪ জেনন।
৪৭৯·৫৫ সিজিয়াম।
৪৭৯·৫৬ বেরিয়াম।
৪৭৯·৫৭ ল্যান্থানাম।
৪৭৯·৫৮ সিরিয়াম।
৪৭৯·৫৯ প্রাসিওডিমিয়াম।
৪৭৯·৬০ নিওডিমিয়াম।
৪৭৯·৬১ প্রমিথিয়াম।
৪৭৯·৬২ সামারিয়াম।
৪৭৯·৬৩ ইয়োরোপিয়াম।
৪৭৯·৬৪ গ্যাডোলিনিয়াম।
৪৭৯·৬৫ টারবিয়াম।
৪৭৯·৬৬ ডিসপ্রোসিয়াম।
৪৭৯·৬৭ হোলমিয়াম।
৪৭৯·৬৮ আরবিয়াম।
৪৭৯·৬৯ থুলিয়াম।
৪৭৯·৭০ ইটারবিয়াম।
৪৭৯·৭১ লিউটেসিয়াম।
৪৭৯·৭২ হাফনিয়াম।
৪৭৯·৭৩ টানটালাম।
৪৭৯·৭৪ টাংস্টেন।
৪৭৯·৭৫ রেনিয়াম।
৪৭৯·৭৬ অসমিয়াম।
৪৭৯·৭৭ ইরিডিয়াম।
৪৭৯·৭৮ প্ল্যাটিনাম।
৪৭৯·৭৯ সোনা, স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন, কনক, হেম, হিরণ্য, হিরণ, কর্বুর, দ্রবিণ, নিষ্ক, অগ্নিভ, অগ্নিবীজ, অগ্নিবীর্য, অগ্নিরেতঃ,অকুপ্য, পুরট, পিঞ্জান, মহাধাতু, বুক্স, কলধৃত, হাটক, চামীকর, গোল্ড।
রোল্ড গোল্ড, গিলটি সোনা, মলম্বা। খাদ, পান। চব্বিশ ক্যারাট ; বাইশ ক্যারাট। পাকা সোনা। কাঁচা সোনা। গিনিসোনা।
স্বর্ণালংকার, স্বর্ণভূষণ, সোনার গয়না [দ্র ৫৩১]।
স্বর্ণমুদ্রা, নিষ্ক।
বিণ· স্বর্ণময়, সুবর্ণময়, কাঞ্চনময়, কনকময়, কানক, কাঞ্চনরঞ্জিত, হিরণ্ময়, সোনার, হেমাঙ্গ, হৈম, স্বর্ণনির্মিত, সৌবর্ণ।
হিরণ্যগর্ভ।
সোনালি [৫৩৪·১২], স্বর্ণবর্ণ, হেমকান্তি।
বিণ·/বি· সোনার বেনে, স্বর্ণবণিক, সুবর্ণবণিক।
স্বর্ণকার, সুবর্ণকার, সেকরা, কলাদ, স্বর্ণকৃৎ।
৪৭৯·৮০ পারদ, পারা, রসেন্দ্র, রসোত্তম, রসধাতু, সিদ্ধধাতু, সিদ্ধরস, তরলধাতু, জৈত্র, মার্কারি, স্বর্ণসিন্দূর।
৪৭৯·৮১ থ্যালিয়াম।
৪৭৯·৮২ সিসা, লেড, সিসে, সিস, সীসক, পুতিক, কুবঙ্গ, যামুন, ত্রপু।
৪৭৯·৮৩ বিসমাথ।
৪৭৯·৮৪ পোলোনিয়াম।
৪৭৯·৮৫ অ্যাসটাটাইন।
৪৭৯·৮৬ রেডন।
৪৭৯·৮৭ ফ্র্যানসিয়াম।
৪৭৯·৮৮ রেডিয়াম।
৪৭৯·৮৯ অ্যাকটিনিয়াম।
৪৭৯·৯০ থোরিয়াম।
৪৭৯·৯১ প্রোটাকটিনিয়াম।
৪৭৯·৯২ ইউরেনিয়াম।
৪৭৯·৯৩ নেপচুনিয়াম।
৪৭৯·৯৪ প্লুটোনিয়াম।
৪৭৯·৯৫ অ্যামেরিসিয়াম।
৪৭৯·৯৬ কুরিয়াম।
৪৭৯·৯৭ বার্কেলিয়াম।
৪৭৯·৯৮ ক্যালিফোর্নিয়াম।
৪৭৯·৯৯ আইনস্টাইনিয়াম।
৪৭৯·১০০ ফারমিয়াম।
৪৭৯·১০১ মেন্ডেলেভিয়াম।
৪৭৯·১০২ নোবেলিয়াম।
৪৭৯·১০৩ লরেন্সিয়াম।

৪৮০ কঠিন পদার্থ

বি· কঠিন পদার্থ [৪৭৮], কঠিন, সলিড।
ঘনত্ব, ঘনতা, ডেনসিটি ; সান্দ্রতা।
ঘনীভবন, গাঢ়তাপত্তি ; তঞ্চন।
কৃস্টাল, কেলাস, স্ফটিক, ফটিক, শৈলাট ; বেলোয়ারি ; মণিকাচ। দানা, মণি ; কেলাসন, স্ফটিকীভবন, দানা বাঁধা-, অর্কতাপত্তি ; জমাট বাঁধা, জমা-।
হিমাঙ্ক, ফ্রিজিং পয়েন্ট।
বিণ· শক্ত, কঠিন, নিরেট, অতরল ; গাঢ়, বিগাঢ়, ঘন, জমাট ; সান্দ্র ; নিবিড় [৪৬০] ; পিণ্ডিত ; তঞ্চিত, সংঘাতী।
গভীর ; ঘনীভূত, জমে যাওয়া-। সূচীভেদ্য।
কেলাসিত, স্ফটিকীভূত ; কঠিনীভূত, দৃঢ়ীভূত।

৪৮১ তরল পদার্থ

বি· তরল পদার্থ [৪৭৮], লিকুইড ; ফ্লুইড।
তরলতা, তরলভাব, তারল্য, তরলত্ব, দ্রবত্ব, দ্রবীভাব, বিক্লিত্তি। জল [দ্র ১১]। তেল [দ্র ৪৯৮]। আর্দ্রতা [দ্র ৪৮২]। প্রবহমানতা [দ্র ৩১২]।
গলন, গলা-, গলে যাওয়া-, দ্রবণ, দ্রবীভবন, দরানি, বিগলন, বিদ্রব, নির্গলন ; মিলিয়ে যাওয়া-, মিলে যাওয়া-, মিশে যাওয়া-, মিশ্রণ [দ্র ৪৯৪]।
গলানো-, দ্রাবণ, দ্রবীকরণ, তরলীকরণ, বিদ্রাবণ, গালানো-।
দ্রব, সলিউশন, দ্রবণ।

দ্রাব্যতা, দ্রবণীয়তা।
গলনাঙ্ক, মেল্টিং পয়েন্ট।
বিণ· তরল, পাতলা, পয়রা, চাপল, গলৎ।
গলিত, বিগলিত, তরলিত, বিক্লিন্ন, বিদ্রুত, গালিত, বিদ্রাবিত, ধ্মাপিত, দ্রবীভূত। তরলীকৃত, দ্রবীকৃত, দ্রাবিত। দ্রবণীয়, দ্রাব্য।
তলতলে, টলটলে, টলমলে, গ্যালগেলে।
সম্পৃক্ত, সম্পৃক্তদ্রবণ; অতিসম্পৃক্ত। অসম্পৃক্ত।
বিণ·/বি· দ্রাবক, দ্রবকারক, দ্রাব, পূট।
[**বিপ·**] অদ্রবণ; অদ্রব।
বিণ· অদ্রাব্য, অদ্রবণীয়।

৪৮২ আর্দ্রতা

বি· আর্দ্রতা [৪৮১], সিক্ততা, ভিজাভাব, পরিপৃক্তি।
ভিজানো-, ভেজানো-, আর্দ্রীকরণ, সিঞ্চন(ক), সেচন(ক) [দ্র ৪৭], অভিষেচন, আসেচন, সিক্তকরণ, ভিজিয়ে দেওয়া-, উপসেচন, সেক, নিষেক, অবসেক, তিতানো-, উক্ষণ, সেঁতানো-; জল ছিটানো-, জলসিঞ্চন(ক), জল দেওয়া-।
জল [দ্র ১১]। বৃষ্টি [দ্র ২০]।
বায়ুর আর্দ্রতা, হিউমিডিটি।
বিণ· ভিজা, ভেজা, ভিজে, আর্দ্র, সিঞ্চিত, নিষিক্ত, আপ্লুত, আসিক্ত, অভিবৃষ্ট, জোলো, সজল, সিক্ত, প্রসিক্ত, ওরসা, পরিপ্লুত, পরিপৃক্ত, আর্দ্রিত, প্রক্লিন্ন, ক্লিন্ন, পরিক্লিন্ন, উন্ন, উক্ষ, উক্ষিত; স্যাঁতসেতে, সপসপে, জবজবে, চপচপে; প্যাঁচপেচে; ভেজা ভেজা; সোঁদা; কাকভেজা।
জলভেজা, জলসিক্ত।

৪৮৩ শুষ্কতা

বি· শুষ্কতা [৪২৮], বিশুষ্কতা, অনার্দ্রতা; জলহীনতা; নীরসতা; অনাবৃষ্টি [দ্র ২২], খরা।
শুকানো-, শুকোতে দেওয়া-; রোদে দেওয়া-, মেলা-, মেলে দেওয়া-।
শোষ, শোষণ, জলশোষণ, বিশোষণ, চোষ, শোষা-, শুষে নেওয়া-, জলটানা-, জলমারা-। শোষক কাগজ, ব্লটিং পেপার।
বর্ষাতি, রেনকোট; ছাতা।
ড্রায়ার; হেয়ার ড্রায়ার।
বিণ· শুকনো, শুষ্ক [২২], অনার্দ্র, বিশুষ্ক, জলহীন, অপরিক্লিন্ন, শুখা, শুখো, নীরস [২২]; খটখটে, ঠনঠনে, করকরে; শুঁটকি।
জলশূন্য, জলহীন, নিরুদক, নিরুদ, নিরম্বু।

৪৮৪ উদ্বায়িতা

বি· উদ্বায়িতা, উবে যাওয়া-, উপে যাওয়া-।
বাষ্পীভবন, বাষ্পায়ন; স্ফুটন, ফোটা-, ফুটা-। পাতন; ঊর্ধ্বপাতন। স্ফুটনাঙ্ক, বয়েলিং পয়েন্ট।
বায়বীয় পদার্থ [৪৭৮], বায়ব পদার্থ, গ্যাস, দ্ব্যণুক।
বাতাস [দ্র ২৯]। বাষ্প, ভাপ, ভেপার। জলীয়বাষ্প; স্টিম।
ধোঁয়া [৫৭১] অগ্নিবাহু, ধূম, ভস্ম; ধূপ।
ধূপন; ধূমোদ্গার(ক)। ধূপচি, ধুনুচি।
প্রাকৃতিক গ্যাস; রান্নার গ্যাস, এল পি জি; বায়োগ্যাস; গোবরগ্যাস। নিষ্ক্রিয় গ্যাস [হিলিয়াম; নিয়ন; আরগন; ক্রিপটন; জেনন; রেডন]।
গ্যাসের বাতি; গ্যাসপট।
গ্যাস ওয়েল্ডিং।
বিণ· উদ্বায়ী; বায়বীয়, বায়ব্য, গ্যাসীয়।
ধূমায়িত, ধূপিত, ধূমিত, প্রধূমিত; ধূমায়মান। বাতান্বিত, বাতাসযুক্ত [দ্র ২৯]।
ফুটন্ত।
ধূমাভ, ধূম্র, ধূমল, ধৌম্র, ধৌমক, ধোঁয়াটে।
বাষ্পীয়।
গ্যাসজাত, গ্যাসীয়।
[**বিপ·**] অনুদ্বায়িতা।
বিণ· অনুদ্বায়ী; আফোটা; আফুটন্ত।
ধূমহীন, নির্ধূম।

৪৮৫ ফেনা

বি· ফেনা, ফেন, ফেনক, জলহাস, হিণ্ডীর; ডিণ্ডির, বোল; গ্যাঁজলা, গাদ, গাঁজ; শিটা, কাইট; পয়ঃফেন, খাম্বিরা, খমির, খামির, খামিরা, খামি; কিণ্ব, ইস্ট, সুরাসার।
গাঁজন, গাঁজা-, মাতন, গেঁজে ওঠা-, গাঁজানো-, মাতানো-, ফেনানো।
সমুদ্রফেন, সমুদ্রকফ।
বুদ্বুদ, জলবিম্ব, বুড়বুড়ি, ভুড়ভুড়ি, ফেনাগ্র, বিমকি, বুজকুড়ি, জলবুদ্বুদ। বুদ্বুদন।
বিণ· ফেনায়মান; ফেনায়িত, ফেনিল, সফেন।
বুদ্বুদিত, বুদ্বুদী।
সফেন সমুদ্র।

৪৮৬ ভার

বি· ওজন [৪৪০, ৪৩৯], ভার, বোঝা, বার; ভর, মাস।
মাধ্যাকর্ষণ [দ্র ৮]। ভারকেন্দ্র, সেন্টার অব গ্র্যাভিটি।
মোট, মাল, মালপত্র, জিনিসপত্র, লাগেজ, ব্যাগেজ, মোটঘাট, লটবহর। কাঁধের বোঝা, অংসভার।
কপিকল [৫৩৬·১২], পুলি, চেইনপুলি; স্ক্রুজ্যাক, জ্যাক; হাইড্রলিক লিফ্‌ট। ক্রেন। বাঁক, ভারযষ্টি, বাঙ্গী, বিহঙ্গিকা, বাঁহুক, স্কন্ধচাপ।
মুটে, কুলি [৩২৫], বাহিক, মোটবাহক, মুটিয়া; ঝাঁকামুটে; মজুর, মুনিশ; কামিন।
বিণ· ভারি, ওজনদার, ভার, গুরুভার, অতিভার, গুরু; জগদ্দল।
বিণ·/বি· ভারবাহ, ভারবাহক, ভারবাহী, বাহক, ভারিক, বাহী, ভারী, বরদার, ধৌরেয়।

৪৮৭ লঘুত্ব

বি· লঘুত্ব, লঘুতা; লঘিমা; ভারহীনতা।
বিণ· হালকা, লঘু, অল্পভার, স্বল্পভার, লঘুভার, পাতলা।
ভারহীন। লঘীয়ান, লঘিষ্ঠ।

ফিনফিনে, পতপতে।
অসান্দ্র, অনিবিড়, ছাড়াছাড়া।

৪৮৮ স্বচ্ছতা

বি· স্বচ্ছতা [৩৩], অচ্ছতা, স্বচ্ছত্ব, নির্মলতা, অনাবিলতা।
কাচ, শিশা, স্বচ্ছমণি; পরকলা; ট্রেসিং পেপার, সেলোফেন পেপার; স্ফটিক।
বিণ· স্বচ্ছ, অচ্ছ, আস্বচ্ছ, অনাবিল; নির্মল, বিমল; ফটিক [৫১৯]; স্ফটিকবৎ; কাকচক্ষু; পরিষ্কার [দ্র ৫১৯]; টলটলে।

৪৮৯ অস্বচ্ছতা

বি· অস্বচ্ছতা, অনচ্ছতা, অস্বচ্ছত্ব; আবিলতা।
বিণ· অস্বচ্ছ, অনচ্ছ, আবিল, ঘোলা, ঘোলাটে, ঘোলানো-, ঘুলানো-, কাদড়া, কাদড়াটে; অস্পষ্ট; অপরিষ্কার [দ্র ৫২০]।
বাষ্পাচ্ছন্ন; কুয়াশাচ্ছন্ন; মেঘলা [দ্র ১৯]।

৪৯০ সতেজতা

বি· সতেজতা, সতেজত্ব, অম্লানতা।
বিণ· টাটকা, সতেজ, অপরিম্লান, অম্লান, সাজা, অপর্যুষিত; টগবগে। প্রফুল্ল [দ্র ২২৪]।

৪৯১ ম্লানতা

বি· ম্লানতা, মলিনতা, ম্লানি, ম্লানিমা, মালিন্য, মলিনত্ব, ম্লানত্ব, মলিনিমা।
নেতানো-, নেতিয়ে পড়া-, ঝামরানো-, মিইয়ে যাওয়া-। অনুজ্জ্বলতা [দ্র ৩৭]।
বিণ· ম্লান, মলিন, ক্ষীণ, ম্লিষ্ট, পরিষ্ট, পরিম্লান, মিয়নো, শুটকো, বাসি, পর্যুষিত, ঝামর।
ন্যাতপেতে, প্যাতপেতে, ন্যাতনেতে।
অনুজ্জ্বল [দ্র ৩৭], নিষ্প্রভ, ফিকে, ফ্যাকাসে।
পানসে, জোলো।

৪৯২ পরিপক্কতা

বি· পরিপক্কতা, পক্কতা, পাকা-, পেকে ওঠা-, পাকন; পাকানো-, জাকানো-, জাগ দেওয়া-, কারবাইড দিয়ে পাকানো-। কিলিয়ে কাঁঠাল পাকানো-।
বিণ· পক্ক, পরিপক্ক, পূর্ণপক্ক, তৈরি, সুপক্ক, সুপুষ্ট, পুষ্ট; ডাঁসা, আধপাকা; আপক্ক; গাছপাকা; পাঁড়।
টসটস(ক), টসটসে, টুসটুসে; ঝুনো, ঝুনা।
সিদ্ধ, সেদ্ধ, ফোটানো-।

৪৯৩ অপক্কতা

বি· অপক্কতা, অপক্কত্ব, অপরিপক্কতা।
বিণ· কচি, অপুষ্ট, করকচি; দরকচা, দরকাঁচা, দড়কাঁচা, দড়কচা; কাঁচা, অপক্ক, অপরিপক্ক, আপাকা; ডাঁশা; আম; আমগন্ধি; আমান্ন।
অসিদ্ধ, আসিদ্ধ, অর্ধসিদ্ধ, আধসেদ্ধ।

৪৯৪ মিশ্রণ

বি· মিশ্রণ [৪৮১, ৫৫৯], মিশাল, মিশেল, মেশাল, মিশ, সংমিশ্রণ, সংশ্লেষ, সংশ্লেষণ, ম্রক্ষণ; মিক্স্চার।
মিল, মিলন, সংযোগ, লিপ্ততা, সংলগ্নতা [দ্র ২০৫]।
মেশা-, মিশে যাওয়া-, মিশ খাওয়া-, লীন হওয়া-, লিপ্ত হওয়া-, মিলে যাওয়া-, মেলা-; একাকার হওয়া-, অঙ্গীভূত হওয়া-; ভেড়া, ভিড়ে যাওয়া-, সামিল হওয়া-; যুতি।
সাংকর্ষ, সংকরত্ব। বর্ণসংকর; জাতিসংকর। সংকরীকরণ।
যৌগিক পদার্থ, যৌগ।
মেশানো-, মিশানো-, মিশিয়ে দেওয়া-, মেলানো-, একীকরণ; গোঁজা- [২৯২], ঢোকানো-; চালান করা-, চালিয়ে দেওয়া-।
একত্রীকরণ, জড়ো করা- [দ্র ৪৬২]।
মাখা-, চটকানো-, কচলানো-, সানা-, সানানো-, মাখামাখি, চটকাচটকি, কচটাকচটি, কচটানো-, কচটান, চটকিয়ে মাখা-, থাসা-, ঠাসা-; ছানন, ছানা-, মর্দন(ক); ঘাঁটা-, ঘাঁটানো-, ঘাঁটন, ঘোঁটন, উদ্‌ঘট্টন, মন্থন [দ্র ২৮৯]। ফেটানো-; গুলানো-, গোলানো-; নাড়ানো-; ঝাঁকানো-।
গোঁজামিল (দে)।
বিণ· মিশ্রিত, অক্ত, সম্পৃক্ত, দিগ্ধ, প্রদিগ্ধ, সংসক্ত, যুক্ত, কলিল; সংকুল, সমাকীর্ণ, বিসংকুল, সম্মিশ্র।
মিশ্র, বিমিশ্র; মিশ্রণজাত, পাঁচমিশেলি; সাড়ে বত্রিশভাজা; মতফরাক্কা।
সংকর; দো-আঁশলা; ট্যাস; হাইব্রিড।
যৌগিক।
একত্রীকৃত [দ্র ৪৬২], মিলিত; একীভূত; একীকৃত; লীন; লিপ্ত, যুক্ত, সংলগ্ন [দ্র ২০৫]; একশা (ক)।
মিশ্রিত, অবিশুদ্ধ [দ্র ৫৫৯]।

৪৯৫ নির্যাস

বি· নির্যাস, আরক, সার, সারাৎসার, রসানি, নিস্যন্দ, চুয়ানি, চোয়ানি, ক্বাথ, রস; আসল জিনিস, সারবস্তু, মূলবস্তু, বস্তু; এক্সট্র্যাক্ট।
চোয়ানো-, চুয়ানো-, পাতন, ডিস্টিলেশন, চোলাই(ক), অধঃক্ষেপণ; ঊর্ধ্বপাতন; নিষ্কাশন।
থিতানো-, থিতিয়ে পড়া-; তলানি [৪৫২]; কিন্ন।
বকযন্ত্র, রেটর্ট [৫২২]।
বিণ· পাতিত, নিষ্কাশিত।
অধঃক্ষিপ্ত।

৪৯৬ চুম্বক

বি· চুম্বক, ম্যাগনেট, কান্তলোহা, অয়স্কান্তমণি, কৃষ্ণলোহ, কৃষ্ণায়স, কৃষ্ণামিষ, অয়স্কান্ত, চুম্বক, চুম্বক পাথর, কান্তপাষাণ, লোহকান্ত, লোডস্টোন; তড়িৎচুম্বক, ইলেকট্রো ম্যাগনেট; চুম্বক শলাকা, কম্পাস [দ্র ১৯৩]। বার ম্যাগনেট; হর্স সু ম্যাগনেট, অশ্বখুরাকৃতি চুম্বক।
চুম্বকত্ব। চুম্বকন। চুম্বকক্ষেত্র।
বিণ· চৌম্বক, চুম্বকীয়।

৪৯৭ ধাতু

বি· ধাতু, কুপ্য, খনিজ, মেটাল।

সোডিয়াম; ম্যাগনেশিয়াম; অ্যালুমিনিয়ম; ক্রোমিয়াম; ম্যাংগানিজ; লোহা [দ্র ৪৭৯·২৬]; নিকেল; দস্তা [৪৭৯·৩০]; সেলেনিয়াম; রূপা [দ্র ৪৭৯·৪৭]; টাংস্টেন; ইরিডিয়াম; প্ল্যাটিনাম; সোনা [দ্র ৪৭৯·৭৯]; পারদ [৪৭৯·৮০]; সীসা [৪৭৯·৮২]।

সংকর ধাতু, মিশ্রধাতু, যৌগিক ধাতু, উপধাতু, অ্যালয়।

কাঁসা, কাংস্য, কাংসক, কংস। কাঁসার বাসন, কাঁসি। বেল মেটাল; ব্রাস। পিতল, পেতল, পিত্তল, পীতলক, আরকূট, লোহিতক, কপিলোহ, পিঙ্গল লৌহ, সুলোহক, রীতিক, রীতি, ক্ষুদ্রসুবর্ণ; রৈত্য; ভরন। স্টেইনলেস স্টিল। ইস্পাত [দ্র ৪৭৯·২৬]। অষ্টধাতু [স্বর্ণ; রৌপ্য; তাম্র; পিত্তল; কাংস্য; ত্রপু; সীসক; লৌহ]।

ধাতুবিদ্যা, ধাতুবিজ্ঞান, ধাতুবাদ, মেটালারজি।

বিণ· ধাতুময়, ধাতুনির্মিত, ধাতব, ধাতুপূর্ণ, ধাতুগর্ভ।

বিণ·/বি· ধাতুবিজ্ঞানী, ধাতুকুশল, মেটালারজিস্ট।

বি· ধাতুমল, মরিচা, জং, মণ্ডুর [দ্র ৪৭৯·২৬]।

৪৯৮ তেল

বি· তেল, তৈল, অয়েল; স্নেহ পদার্থ।

ঘি, ঘৃত, হবিঃ [দ্র ৭২], সর্পিঃ; মাখন, মাঠা, ননি, নবনীত, নবনী, নবনীতক; পনির, হৈয়ঙ্গবীন; চিজ; ঘনস্পতি।

চর্বি [দ্র ৬৪·৩৭]; কডলিভার অয়েল। মার্গারিন, ট্যালো।

ভোজ্যতেল, রান্নার তেল। উদ্ভিজ্জ তেল।

সরষের তেল, সরিষার তৈল, সর্ষপতৈল, কটুতৈল, কড়ুয়া তেল, সার্ষপ; নারকেল তেল, নারিকেল তৈল; রেড়ির তেল, ক্যাস্টর অয়েল, রাইতেল; মসিনার তেল, মসনের তেল, তিসির তেল; সূর্যমুখী তেল; রেপসিড তেল; সয়াবিন তেল; জলপাই তেল, অলিভ অয়েল; লবঙ্গ তেল; আমলা তেল। তার্পিন তেল [৪০·৭], ধূপাঙ্গ।

খইল, খোল, শিটা, কল্ক, তৈলকল্ক, কাইট, তৈলকিট্ট।

তৈলবীজ।

মাথার তেল, কেশ তৈল; সুগন্ধি তেল, ফুলেল তেল।

তেলমাখা-, তৈলসেক, তৈল লেপন, তেলমাখানো-। তেলের বাটি।

তেলের কল, ঘানি, ঘানিগাছ, তৈলযন্ত্র, পরঞ্জ; পেষা, নিষ্পেষণ, তেল বার করা-।

খনিজ তেল; পেট্রোলিয়াম; ক্রুড; কেরোসিন; পেট্রোল, গ্যাসোলিন; স্পিরিট, মেথিলেটেড স্পিরিট; অ্যাভিয়েশন স্পিরিট; ডিজেল, হাইস্পিড ডিজেল, লাইট ডিজেল অয়েল; ইঞ্জিন অয়েল, লুব্রিকেটিং অয়েল; গ্রিজ; ভেসলিন, পেট্রোলিয়াম জেলি; পমেড, পমেটম; প্যারাফিন। পেট্রোকেমিক্যাল।

জ্বালানি তেল [দ্র ৫৭২]।

তৈল শোধনাগার, রিফাইনারি।

তৈলক্ষেত্র, অয়েলফিল্ড। তৈলকূপ। ড্রিলিং; অফশোর ড্রিলিং।

পেট্রোল পাম্প, গ্যাসস্টেশন।

তৈলাক্তকরণ, লুব্রিকেশন, তেল দেওয়া; অয়েল ক্যান।

বিণ· তেলতেলে, তেলা [৪৭৪], তৈলাক্ত; তেলচিটে, তেলকাষ্টে।

তেলচুকচুকে, তেলকুচকুচে, তেলজবজবে। মসৃণ [দ্র ৪৭৪]।

ঘি জবজবে, ঘি পচপচে।

বিণ·/বি· কলু, তৈলকার, তেলী, তেলি, তিলী, তৈলিক, তৈলী।

৪৯৯ তন্তু

বি· তন্তু, আঁশ, অংশু; রোঁয়া, লোম, রোম [দ্র ৬৪·১৩]; ফাইবার।

সুতো, সুতা, সূত্র; কার; ক্রচেট; ধাগা; ফেঁশো; টোন, টোআইন। গুলি; কাটিম; রিল; লাছি; তাসা।

সুতলি, দড়ি [দ্র ৩৬৩]।

সুতি, কটন; তুলো, তুলা, পিঞ্জা; কার্পাস, কাপাস; শিমুল [৪৪·১২৩], সূত্রপুষ্প।

পশম [৫০৭], উল, উর্ণা, ঊর্ণা, জীবোর্ণা; পশমিনা; তুস; ক্যাশমিলন। আলপাকা। নাইলন; রেয়ন; পলিয়েস্টার [৫০৭]। ডেক্রন। জরি, বাদলা।

পাট [দ্র ৪৪·৯৩], কোষ্টা।

রেশম, সিল্ক, কীটজ, ক্ষৌম; অংশুপট্ট; মটকা; গরদ; মুগা; তসর; বাপতা; এণ্ডি; পট্টবস্ত্র, ক্ষৌমবস্ত্র, দুকূল; তাফতা। রেশমকীট, তুঁতপোকা, পলুপোকা, গুটিপোকা, কোষকার। রেশমগুটি; গুটি, কোষ।

ছোবড়া, কয়ের, ছোবা, ছোল।

উশীর, বেনা, খসখস, বীরণ। শণ; শণসূত্র, শণের নুড়ি।

পাঁজ, পিঞ্জিকা, পাঁইজ; পেঁজা-; ধোনা-, তুলোধোনা-; ধুনখারা, পিঞ্জন।

সুতোকাটা, সুতো পাকানো; চরকা কাটা-; তকলি কাটা-। স্পিনিং।

বিণ· আঁশালো, আঁশাল, আঁশযুক্ত; তন্তুজ, তান্তব, তন্তুযুক্ত, তন্তুময়, অংশুক।

পশমি, ঊর্ণাময়, ঔর্ণ, লোমজ।

রেশমি, কৌশিক, কৌশেয়।

বিণ·/বি· তন্তুবায়, তন্তুজীবী, জোলা [দ্র ৪৩৮·৩]।

ধুনকর, ধুনুরি, ধুনারি।

৫০০ কাঠ

বি· কাঠ, কাষ্ঠ, দারু, লাকড়ি।

তক্তা, কাষ্ঠফলক, পাট, পাটা।

প্লাইউড; বোর্ড; ব্লকবোর্ড; টিকপ্লাই; মেসোনাইট; ল্যামিনেটেড শিট। পার্টিকল্ বোর্ড। সফ্ট বোর্ড।

শালকাঠ; সেগুন কাঠ, টিক; শিশুকাঠ; কাঁঠালকাঠ; গামারিকাঠ, গাম্ভারি কাঠ, গামার কাঠ; হলদি কাঠ, হলুদ কাঠ; মেহগনি কাঠ; পাইন কাঠ, কেরোসিন কাঠ; গরান কাঠ; বাদাম কাঠ; বাবলা কাঠ, আবলুস কাঠ।

সিজন করা-, কাঠ শুকানো-।

কাঠ চেরাই, চেরানো-, চেরা-; চেলা-, চেলানো-, ফাড়া-।

চেলাকাঠ; টুকরো কাঠ; কুটো, কুটা, কাঠকুটা; খড়কুটো, খড়কুটা।

কাঠগোলা, গোলা, কাঠের আড়ত।

আসবাবপত্র [দ্র ১৯২]। কাঠ কাটার যন্ত্র [দ্র ৫৩৬·৫]।

বিণ· কাঠের, কাঠের তৈরি, কাষ্ঠনির্মিত, দারুময়, কেঠো, কাষ্ঠময়, দারব, দারুজ।

বিণ·/বি· কাঠুরে, কাঠুরিয়া, কাঠরিয়া। তবলদার। করাতি। ক্রাকচিক।

কাঠের মিস্তিরি, ছুতোর [৫৩৫], সূত্রধর, সূত্রধার, বর্ধকি, বাড়ই; ঘরামি।

৫০১ কাগজ

বি· কাগজ। ভূর্জপত্র, শিবি, প্যাপিরাস।

বন্ড পেপার; টিসু পেপার; আর্ট পেপার; ড্রয়িং পেপার; কার্ট্রিজ পেপার; ব্রাউন পেপার, ট্রেসিং পেপার; অয়েল পেপার; সেলোফেন পেপার; নিউজপ্রিন্ট; ম্যাপলিথো; অ্যান্টিক পেপার; পার্চমেন্ট পেপার; হ্যান্ড পেপার, হ্যান্ডমেড পেপার; তুলট কাগজ; ব্লটিং পেপার, চোষক কাগজ; ফিল্টার পেপার; কারবন পেপার; রাইটিং পেপার, লেখার কাগজ; ডেমি; মোড়ক কাগজ; ওয়াল পেপার।

বোর্ড, পিজ বোর্ড, পিচ বোর্ড, পেস্ট বোর্ড; স্ট্র বোর্ড; কার্ড বোর্ড; কার্ড।

ফুলসক্যাপ; ক্রাউন; ডবল ক্রাউন; ডিমাই; ডবল ডিমাই; রয়াল; ইমপিরিয়াল; হাফ ইম্‌পিরিয়াল।

ফর্মা।

কাগজের কল, পেপার মিল।

মণ্ড, কাগজের মণ্ড; প্যাপিয়ার ম্যাসি।

বিণ· কাগজি; কাগুজে।

৫০২ রাসায়নিক দ্রব্য

৫০২·১ লবণ [দ্র ১২১·৪], নুন, নিমক, নমক, সোডিয়াম ক্লোরাইড, সল্ট।

সৈন্ধবলবণ, অক্ষার লবণ; বিট লবণ, বিটনুন; করক, করকচ; পঞ্চনুন [দ্র ১২১·৪]।

বিণ· লবণাক্ত [দ্র ১২১·৪]।

৫০২·২ তুঁতে, তুথ, তুঁতিয়া, হরিতাশ্ম, নীলাঞ্জন, কপার সালফেট; ব্লু ভিট্রিয়ল।

৫০২·৩ হিরাকস, কংসক, আয়রন সালফেট, কাসীস; ফেরাস সালফেট; গ্রিন ভিট্রিয়ল।

৫০২·৪ কজ্জলী, পর্পটিকা।

৫০২·৫ সোডা, সোডি বাইকার্ব, সোডিয়াম বাই কারবোনেট, খাবার সোডা; বেকিং পাউডার।

৫০২·৬ সোহাগা, বোরাক্স, ক্ষার লবণ, কনকক্ষার, ধাতুদ্রাবক, পাচনক, টঙ্কন।

৫০২·৭ নিশাদল, অ্যামোনিয়াম ক্লোরাইড, গন্ধিরস। অ্যামোনিয়া।

৫০২·৮ পটাশ, পটাশিয়াম ক্লোরেট।

৫০২·৯ মনছাল, মোমছাল, মনঃশিলা, রিয়ালগার, আর্সেনিক ডাইসালফাইড।

৫০২·১০ পটাশ, পটাশিয়াম পারমাঙ্গানেট।

৫০২·১১ কারবাইড, ক্যালসিয়াম কারবাইড।

৫০২·১২ কার্বনডাই অক্সাইড। কারবন মনোক্সাইড।

৫০২·১৩ চুন, লাইম, চুনাপাথর; কলি, কলিচুন; পাথরচুন; শামুকচুন; চক; খড়ি; চা খড়ি, চকখড়ি; খড়িমাটি; ফুলখড়ি, চুনাখড়ি, ঘুটিং; শ্বেতধাতু, পাকশুক্তা; ক্যালসিয়াম কারবোনেট। চুনজল, চুনের জল।

বিণ· চুনা।

৫০২·১৪ বালি, বালুকা [দ্র ২৪]।

৫০২·১৫ প্লাসটিক। পলিথিন, পলি এথিলিন।

৫০২·১৬ ক্ষার, অ্যালকেলি; যবক্ষার, যাবশূক, ক্ষারী; সোডা, সুর্বচক, সর্জিকাক্ষার, সর্জি, সর্জিকা, কসটিক সোডা; ক্ষারমিতি।

বিণ· ক্ষারীয়, ক্ষারযুক্ত।

৫০২·১৭ কৃষ্ণসীস, গ্র্যাফাইট।

৫০২·১৮ সীসাঞ্জন, গ্যালেনা।

৫০২·১৯ হিঙ্গুল, সুরঙ্গ, রসসিন্দূর, মণিরাগ, সিনাবার।

৫০২·২০ কর্পূর, স্ফটিকাভ্র, রসকেশর, তারাভ্র, সিতাভ্র, চন্দ্রভস্ম, হিমাহ্বয়, হিমাহ্ব।

৫০২·২১ ফটকিরি, ফটকি, ফিটকিরি, স্ফটিকারি, স্ফটি, ফুল্লিকা, তুবরিয়া, অ্যালাম।

৫০২·২২ সুরাসার, অ্যালকোহল, কোহল।

৫০২·২৩ সোরা, নাইটার।

৫০২·২৪ স্টার্চ, শ্বেতসার।

৫০২·২৫ সফেদা, সীসশ্বেত, জিঙ্ক-অক্সাইড।

৫০২·২৬ গালা, লাক্ষা, লা, জতু, জৌ, রক্তা, চাচ; লাক্ষারস, জতুরস। লাক্ষিক।

৫০২·২৭ বারুদ, গান পাউডার, অগ্নিচূর্ণ, অগ্নিচূর্ণক, রঞ্জক। বারুদখানা, রঞ্জকঘর।

৫০২·২৮ চীনামাটি, কড়েমাটি; পোর্সেলিন; বোনচায়না।

৫০২·২৯ অভ্র, অভ্রক, মাইকা।

৫০২·৩০ পিচ, বিটুমেন; আলকাতরা, টার; অ্যাসফল্ট; শিলাজতু, শৈলাখ্য।

৫০৩ অম্ল

বি· অম্ল, তেজাব, অ্যাসিড।

অ্যামিনো অ্যাসিড। কার্বলিক অ্যাসিড। কার্বনিক অ্যাসিড, অঙ্গারাম্ল। ক্রোমিক অ্যাসিড। সাইট্রিক অ্যাসিড, জম্বীরাম্ল। হাইড্রোক্লোরিক অ্যাসিড, মুরাটিক অ্যাসিড, লবণাম্ল। ল্যাকটিক অ্যাসিড। নাইট্রিক অ্যাসিড। অ্যাসরবিক-অ্যাসিড। অক্সালিক অ্যাসিড। সালফিউরিক অ্যাসিড, গন্ধকাম্ল। অ্যাকোয়ারিজিয়া। টারটারিক অ্যাসিড, ফেনল।

বিণ· আম্লিক।

৫০৪ মহার্ঘবস্তু

বি· মহার্ঘ বস্তু, দামি জিনিস; অমূল্য সম্পদ, সম্পদ [দ্র ৭৩৪]। রত্ন, রতন; মণি, মাণিক্য, মানিক; মণিমুক্তা; জহরত, জহর; হীরেজহরত; বজ্রমণি। রত্নালংকার [দ্র ৫৩১]।

সোনা [দ্র ৪৭৯·৭৯], সোনাদানা। রত্নালংকার [দ্র ৫৩১]।

হীরা, হীরে, হীরক, অবিক, ডায়মণ্ড; কমলহীরে; কোহিনুর।

মুক্তা, মুক্তো, মুক্তিকা, মোতি, মোতিম, মৌক্তিক, শৌক্তেয়, শুক্তিজ, শুক্তিবীজ, শৌক্তিকেয়, শশীপ্রভ, রসোপল।

মূল্যবান পাথর, গ্রহরত্ন।

চুনি, লোহিতক, রুবি, অরুণোপল, শোনরত্ন, ইয়াকুত, তাম্রাশ্ম। পান্না, মরকত, হরিন্মণি, সৌপর্ণ, গারুড়, গারুত্মত, গরুড়াঙ্কিত, অশ্মগর্ভ, অশ্মগর্ভজ, গরলারি। নীলা, নীলকান্তমণি, নীলমণি, অসিতাশ্ম, অসিতোপল; বৈদূর্যমণি, বিদূরজ; কেতুরত্ন। পলা, বিদ্রুম, রক্তকন্দ; প্রবাল, রক্তপ্রবাল, কোরাল। গোমেদ, রাহুরত্ন, পীতমণি; ক্যাটস আই। কুন্দন, গার্নিট। পোখরাজ, পুষ্পরেণু, পুষ্পরাগ। অয়স্কান্ত, ভ্রামর, ভ্রামক। সূর্যকান্তমণি, অগ্নিমণি। চন্দ্রকান্তমণি, চন্দ্রমণি, চন্দ্রোপল, ইন্দুকান্ত, শশীকান্ত, মুনস্টোন, সিতমণি। পদ্মরাগ, কুরুবিন্দ। বৈক্রান্তমণি, ক্ষুদ্রবজ্রক। টোপাজ। অকীক, অ্যাগেট, গন্ধর্বমণি, যশব, পাথর সুলেমানি। স্ফটিক।

পঞ্চরত্ন [মুক্তা; প্রবাল; নীলকান্ত; হীরক; পদ্মরাগ]।

নবরত্ন [মুক্তা; মাণিক্য; বৈদূর্য; গোমেদ; বজ্র; বিদ্রুম; পদ্মরাগ; মরকত; নীলকান্ত]।

উপরত্ন [গোমেদ; স্ফটিক; প্রবাল]।

গুরুরত্ন।

রত্নপ্রভা; হীরের দ্যুতি।

বিণ· রত্নময়, মণিময়, মণিমণ্ডিত, রত্নমণ্ডিত, মণিখচিত, রত্নখচিত, রত্নগর্ভ, রত্নপ্রভ।

বিণ·/বি· জহুরি [৫৩১], জহরি; রত্নবণিক, রত্নজীবী।

৫০৫ বিষ

বি· বিষ, হলাহল, জহর, গরল, গর, গরদ, গদ, কালকূট; আহেয়; হারিদ্র; কাকোল; ক্ষ্বেড়; জঙ্গুল।

উপবিষ, কৃত্রিমবিষ; সেঁকোবিষ, শঙ্খবিষ, আরসেনিক; পটাশিয়াম সায়নাইড; ডি ডি টি; ফলিডল; মারকিউরিক ক্লোরাইড; আফিং।

কীটঘ্ন, কীটনাশক দ্রব্য, ইনসেক্টিসাইড; ফিনাইল।

বিষাক্ত গ্যাস; বিষের ধোঁয়া। বিষবৃক্ষ, বিষাক্তগাছ।

বিষকন্যা। বিষকুম্ভ।

বিষানো-, বিষিয়ে যাওয়া-; বিষণ, বিষ সঞ্চার, বিষক্রিয়া, বিষার্তি।

বিষের জ্বালা।

দূষণ, দূষিতকরণ; তেজস্ক্রিয়তা [৩৩, ৫৬৮], পাংশন, রেডিও অ্যাকটিভিটি।

বিষপান(ক), বিষখাওয়া-। জহরব্রত [৫৮]।

বিষপ্রয়োগ, বিষ দেওয়া-।

বিষদাঁত, বিষদন্ত।

বিষঝাড়া-, বিষ নামানো-; বিষ চিকিৎসা।

বিষবিজ্ঞান, বিষবিদ্যা, অগদতন্ত্র।

বিষবৈদ্য [৬০·৩৭], ওঝা, গুণিন, জাঙ্গুলিক, বিষচিকিৎসক, গারুড়িয়া, গারুড়ি, গারুড়িক।

বিণ· বিষাক্ত, বিষদিগ্ধ, বিষদুষ্ট, বিষদ; দূষিত, দুষ্ট; বিষিত।

বিষধর, সবিষ, সগরল, সগর।

বিণ·/বি· দূষক, দূষয়িতা।

[**বিপ·**] নির্বিষ, বিষশূন্য, অবিষ, বিষহীন। বিষনাশক, বিষহর।

১৮ আবরণ-আচ্ছাদন-পোশাক

৫০৬ আবরণ

বি· আবরণ, আচ্ছাদন, প্রচ্ছাদন, পোষ, সংবৃতি, আবৃতি, প্রাবৃতি, বৃতি; বহিরাবরণ; ছাদন, ছদন, ছদি, ছাপর।

ঢাকা-, ঢাকন, ঢেকে রাখা-, মোড়া-, মোড়ানো-, মুড়ে রাখা-, জড়ানো-; ঢাকনা দেওয়া-; ভরা-, ভরে রাখা-, ঢোকানো-, ঢুকিয়ে রাখা-। আঁটানো-, ধরানো-, তাংড়ানো-।

প্রলেপন, প্রলেপ [৩৬৬, ৪৭৪], লেপা-, লেপন [দ্র ৫৩২], মাখানো-, লাগানো-।

পাতা-, বিছানো-; পাতানো-।

খোলক, খোসা, খোলা, চামড়া [দ্র ৬৪·২৫], ছাল, চোঁচা।

পলেস্তারা, প্লাস্টার; কোটিং, পোঁচ; আস্তর, অস্তর, আস্তরণ; লাইনিং। বার্নিস। এনামেল, মিনা। পান, পানিং।

মোড়ক, প্যাকিং; প্যাকিং বক্স, প্যাকিং কেস।

আচ্ছাদনী, আবরণী, আচ্ছাদ, আচ্ছাদক, উত্তরচ্ছদ।

খোল, ওয়াড়, গেলাপ।

কোষ, খাপ, পিধান, অরব; কেস।

প্রচ্ছদ, মলাট, বহিরাবরণ, জ্যাকেট, মলপট্ট।

ছিপি, কর্ক [দ্র ৫১৮]; ঢাকনা, ঢাকনি, ওরমা; সরা; সরপোষ, খঞ্চিপোষ।

খাম, এনভেলপ, লেফাফা। ঠোঙা।

ছাতা [দ্র ৫০৯], ছত্র, ছাতি; টোকা।

ছাউনি; শামিয়ানা [১৯০·৫]; বিতান, বিতায়মান, চন্দ্রা, চন্দ্রক, চানক, চাঁদোয়া, চাঁদনি, চন্দ্রাতপ, সায়বানা; শাণী, মেহেরার; মেরাপ, মণ্ডপ, প্যান্ডেল। ছই, ছত্রি, হুড।

তাঁবু [দ্র ১৯০·৫]।

ছাদ [দ্র ১৯০·৫]; বলভি; কার্নিস।

ত্রিপল, তিরপল, তেরপল। অ্যাসবেসটাস। করোগেটেড টিন। টালি; খোলা, খাপরা [১৯০·১২], খপরেল, খাপরেল,

খর্পর। খোলাকুচি, খোলামকুচি। ক্যানভাস। খড়ের চাল। পাতার ছাউনি।

চাদর [দ্র ৫০৮·৩]; সুজনি; বিছানার চাদর, বেডশিট, বেডকভার; টেবিলক্লথ। লেপ; কাঁথা [দ্র ৫০৮·২৩]।

তালি [৩৬৩], পটি, পট্টিকা, পট্টি; তাপ্পি, তল্পিকা; ফেটি, ব্যান্ডেজ [৮৮]।

শতরঞ্চি, দরি; গালিচা, গালচে, দুলিন, পাতনচি, কারপেট; ফরাস; মাদুর [৪৩৮·৪], মাদুরি, কট, কিলিঞ্জক, কলিঞ্জ, শপ, পাটি, শীতলপাটি। চট, গুণ। চাটাই, দরমা, চাঁচ, চঞ্চা, তলাচি, নলপট্টিকা।

পর্দা, তিরস্করণী, কারটেন; স্ক্রিন, কানাত; যবনিকা।

ঘোমটা, গুণ্ঠন, অবগুণ্ঠন, ঘোঙ্গট; মাথায় কাপড়(দে); ঘেরাটোপ, ঘটাটোপ; আবরু; বোরখা [দ্র ৫০৮·১৪]। চিক, আড়াল; পর্দাপ্রথা। মুখ ঢাকা-, মুখ লুকানো-।

উত্তরীয়, উড়ানি [দ্র ৫০৮·৩]। টুপি [দ্র ৫০৯]।

বিণ· আবৃত, আচ্ছাদিত [১৯০·৫], প্রচ্ছাদিত, অবনদ্ধ, প্রচ্ছন্ন, আচ্ছন্ন, সংবৃত, পুটিত, পুটকিত, গুণ্ঠিত, অবগুণ্ঠিত, সমাবৃত, সুসংবৃত, আবরিত, প্রাবৃত, আস্তৃত, আচ্ছন্ন, সমাচ্ছন্ন, সমাশ্রিত।

লিপ্ত [দ্র ৫৩২], প্রলিপ্ত, অমুক্ত।

পিহিত, কোষবদ্ধ, খাপে ঢাকা।।

ছাদিত, ছাদযুক্ত, ছাওয়া-।

আস্তীর্ণ, সমাকীর্ণ।

নিমীলিত, সংকুচিত, বন্ধ [দ্র ৫১৮]।

আবরণীয়; আচ্ছাদ্য, আচ্ছাদনীয়, প্রচ্ছাদনীয়।

পর্দানশিন।

বিণ·/বি· আবরক, আচ্ছাদক, প্রচ্ছাদক, ছাদক, আচ্ছাদনক, ব্যবধায়ক। প্রচ্ছাদনকারী, আচ্ছাদনকারী।

৫০৭ বস্ত্র

বি· বস্ত্র, কাপড়; কাপড়চোপড়; চোপড়; টেক্সটাইল।

বসন, বাস; পরিধেয়। আচ্ছাদন [দ্র ৫০৬]। সুন্দর বস্ত্র, সুচেল, সুচেলক।

মোটা কাপড়, গজি; মিহি কাপড়, সূক্ষ্মবস্ত্র।

খোল, জমি, খতি। বহর।

ছেঁড়া কাপড়, ন্যাকড়া, ন্যাতা, নক্তক, কানি, চীর, তেনা, নক্ত, জীর্ণবস্ত্র, জীর্ণবসন, লক্তক, কর্পট, কার্পট।

[বস্ত্র বৈভিন্ন্য] কেম্‌ব্রিক; ক্যালিকো; ভয়েল; লন; অরগ্যান্ডি; পপলিন; মলমল; আদ্দি; শালু; ড্রিল; জিন; খেরো, খেরুয়া; ডেনিম; গিমটি; কর্ডুরয়; ক্রেপ; টুইল; সিল্কটুইল; মার্কিন; লংক্লথ।

মসলিন; শিফন; জর্জেট; ব্রোকেড; অরগানজা; লিনেন।

মখমল; কিংখাপ; ভেলভেট; সাটিন; সার্কস্কিন; ফেল্ট; বনাত; ক্যানভাস; ক্যাম্বিস। টিকিন; ছিট, ছিট কাপড়।

সিল্ক, রেশম [দ্র ৪৯৯], রেশমি কাপড়; পশমিনা; চায়না সিল্ক; পট্টবস্ত্র, পট্টাম্বর; শণবস্ত্র; ক্ষৌমবস্ত্র; পটাম্বর, অংশুপট্ট; চীনাংশুক; তাফতা; ছালটি; ভুনি। কেঠে; শালটি; তসর; মুগা; বাফতা।

তাঁতের কাপড়, তাঁতবস্ত্র; মিলের কাপড়।

পশম [দ্র ৪৯৯]; টুইড; ফ্লানেল; গ্যাবার্ডিন; সার্জ; উরস্টেড; মলিদা।

নাইলন; টেরিলিন, টেরিন; টেরিকট; টেরিউল; ডেক্রন; অরলন; পলিয়েস্টার [৪৯৯]।

সুতি [দ্র ৪৯৯]।

লেস [৪৩৮·২]; নেটিং, নেট। জরি। রোলেক্স।

তোয়ালে। গামছা [৮১], ঝল্লিকা, গাত্রমার্জনী; বাঁদীপোতার গামছা।

ট্যাপেস্ট্রি।

বয়ন; বয়নশিল্প [দ্র ৪৩৮·৩]।

কাপড়ের দোকান; বস্ত্রালয়, বস্ত্রবিপণী, বস্ত্রবিপণি।

বুনন [৩৬৩], ঠাসবুনন; খাপি, ঘনবুনন।

বিণ· বাস্ত্র। বস্ত্রাবৃত, বাসিত, বসনাবৃত।

বিণ·/বি· বস্ত্রবিক্রেতা, বস্ত্রব্যবসায়ী; কাপুড়িয়া; বজাজ।

৫০৮ অঙ্গাবরণ

বি· অঙ্গাবরণ, গাত্রাবরণ, দেহাবরণ; গাত্রবস্ত্র, অঙ্গাবরণী, অঙ্গবাস, অঙ্গবস্ত্র, গায়ের কাপড়, পরবার কাপড়, পরিধেয়, পরিধেয় বস্ত্র, পরনের কাপড়, চেল, অম্বর, বসন [৫০৭], বাস, পরিচ্ছদ, পোশাক [৫১৫], জামাকাপড়, পোশাক পরিচ্ছদ, কাপড়জামা; কস্টিউম। কাপড়চোপড়; বেশ, সাজ, সাজসজ্জা, সজ্জা, বেশভূষা, বসনভূষণ, ধড়াচূড়া, সাজপোশাক, আকল্প, বেশবাস [দ্র ৫২৯], ড্রেস।

তোলা কাপড়, পোশাকি কাপড়। আটপৌরে কাপড়।

কাটাকাপড়, কাটাপোশাক; কাটিং, কাট, কাটছাঁট, ছাঁট।

উর্দি, সমাকার পরিচ্ছদ, ইউনিফরম; জার্সি।

পরা-, পরন, পরিধান(ক), পিন্ধন, অঙ্গে ধারণ(ক), গায়ে দেওয়া-, অঙ্গে তোলা-, গায়ে চাপানো-, গায়ে চড়ানো-।

ধোকড়া, ধোকড়।

কাপড় পরা-। গাছকোমর (বাঁধা-)

চাপরাস; তকমা। ব্যাজ।

বিণ· বেশী, বেশধারী, সজ্জিত, পোশাকধারী; অনগ্ন।

সুসজ্জিত, ফিটফাট, সুসজ্জ, সুবেশ, সুবেশী।

সুটেডবুটেড।

পরিধানকারী, পরিধায়ী।

পরনে; পরিহিত, পিনদ্ধ; ধারী।

কুবেশী, দুর্বাসা, খিলাত, খেলাত।

পরিধেয়, ধেয়, ধারণযোগ্য।

৫০৮·১ ধুতি, ধৌতি, ধোতি; ধড়ি; শাটক, শাট; অধোবস্ত্র; অন্তরীয়; কাছা, কচ্ছ, কাছট, কচ্ছা, কচ্ছটিকা, কাছুটি; মালকোঁচা, মালসাট; মালকচ্ছ, খামটি, খামাটি; কোঁচা; কোঁচার খুঁট, ফুঁপি; ফুল কোঁচা। চুনট, চুনাট। শান্তিপুরি; ফরাসডাঙা।

৫০৮·২ শাড়ি, শাটিকা, শাটি; অম্বরী; চুনুরি, চুনারি, রঞ্জিত বস্ত্র।

ধনেখালি, ধনিয়াখালি; টাঙ্গাইল; শান্তিপুরি;

বেগমবাহার, বেগমপুরি; নয়নসুখ; জামদানি; ঢাকাই; ঢাকাই জামদানি; কটকি; হায়দ্রাবাদি; কলাক্ষেত্র, শোলাপুরি; গুলনার, গুলবদন, গুলবাহার; ভেঙ্কটগিরি; কোটা। পাছাপেড়ে, তিনপাড়।

মুর্শিদাবাদ সিল্ক; পিওর সিল্ক; বালুচরি; কাঞ্জিভরম, কাঞ্চিপুরম; ব্যাঙ্গালোর সিল্ক; তাঞ্চোই; টেম্পল; কড়িয়াল গরদ; বেনারসি; কাতান বেনারসি; সিল্ক টাঙ্গাইল; কোষা।

আঁচল, অঞ্চল, শাড়ির আঁচল, আঁচলা, বসনাঞ্চল, বস্ত্রাঞ্চল; খুঁট, কোল আঁচল। বসনপ্রান্ত, কোঁচড়। ঝালর।

পাড়, বস্ত্রপ্রান্ত, কাপড়ের ধারি; সঞ্জাব, ফল্‌স; বসানো পাড়; হাশিয়া, কল্কাদার পাড়। ছিলা, দশি। পটিদার, পাড়ওয়ালা, পাড়বসানো-।

৫০৮·৩ উত্তরীয় [৫০৬], চাদর, উড়ুনি, উড়ানি, ওড়নি, ওড়না, চুর্নি, উত্তরবস্ত্র, উত্তরবাস, উত্তরাসঙ্গ, আচ্ছাদনবস্ত্র, আবরণী, আচ্ছাদনী [দ্র ৫০৬], বরুত্র, উত্রী, বৃহতিকা, নিবীত; দোছুট, দোছোট, দোপাট্টা, দোবজা, নিচোল, পাছড়া, প্রাবরণ, প্রাবার; বহির্বাস। একপাটা, একপাট্টা। নামাবলি।

ভেল; চেলি; জোড়।

৫০৮·৪ অধোবস্ত্র, সায়া, অর্ধোরুক, পেটিকোট; শেমিজ।

৫০৮·৫ ব্লাউজ, চোলি, চোলিকা, গাত্রাবাস, গাত্রাবরণী; টপ। স্লিভলেস।

৫০৮·৬ অন্তর্বাস, কঞ্চুকি, কাঁচুলি, কঞ্চুক, কঞ্চুলী, কাঁচলা, কাঁচলি, কঞ্চুলিকা, কাঁচুয়া, ব্রা, ব্রেসিয়ার, বডিস, চোল, নিচোলক, অর্ধচোলক, অঙ্গিকা, নিচের জামা, আঙিয়া। স্লিপ, করসেট।

৫০৮·৭ সার্ট, জামা, অঙ্গবাস; হাফসার্ট; ফুলসার্ট, পুরোহাতা জামা; টি সার্ট; বুশ সার্ট।

গেঞ্জি, গঞ্জি, বেনিয়ান, ফতুয়া, ফড়ুই, ফড়াই, মেরজাই, নিমা, পিরান, পিরেন।

কামিজ; কুর্তা, কুর্তি, পাঞ্জাবি, পঞ্জাবি, চাপকান; চোগা; অঙ্গরাখা, আঙরাখা, অঙ্গরক্ষা, অঙ্গত্রাণ, আচকান; শেরোয়ানি। ব্যাগিসার্ট।

জামার হাতা, আস্তিন, স্লিভস; কাফ; কাফ লিংকস; কলার; পকেট [দ্র ৫৩৯·১০], জেব; বুকপকেট; পাশপকেট; ঘড়িপকেট; হিপপকেট।

৫০৮·৮ পাজামা, পাতলুন; চুস্ত পাজামা; চুড়িদার; সালোয়ার; আলিগড়ি; ফুলপ্যান্ট, ট্রাউজার্স, পেন্টেলুন; জিনস; স্ল্যাকস; বেলবটম; ব্রিচেস।

হাফপ্যান্ট, প্যান্ট, সর্টস; ইজার, ইজের।

৫০৮·৯ কটিবাস, কটিবস্ত্র।

অন্তরীয়, ধটি, ধটিকা, ধড়া; কৌপীন, কপীন, কক্ষাপট, কপনি, চীবর; ল্যাঙট, লেংটি, নেংটি; জাঙ্গিয়া; আন্ডার অয়ার; ব্রিফ, প্যান্টি।

সুইমিং ট্রাঙ্ক; সুইমিং কসটিউম, সুইমসুট; বিকিনি।

৫০৮·১০ লুঙ্গি, তফন।

৫০৮·১১ থান, থানকাপড়, অখণ্ডবস্ত্র; মাটাপালাম।

৫০৮·১২ কোট, জ্যাকেট; জার্কিন; ওভারকোট, লংকোট; অলেস্টার; ওয়েস্টকোট; জহরকোট; বান্ডি; উইন্ডচিটার; চায়নাকোট। সোয়েটার; পুলওভার, স্লিপওভার; কার্ডিগান, বোলেরো। ভেস্ট। জাম্পার।

৫০৮·১৩ ফ্রক; স্কার্ট; মিনিস্কার্ট; মিডিস্কার্ট; ম্যাক্সিস্কার্ট; পেনিফ্রক, পেনি; টেপজামা; টিউনিক।

৫০৮·১৪ গাউন; ড্রেসিং গাউন; ওভার অল; খিলকা, খেলকা; জোব্বা; আলখাল্লা; কাবা; হাউসকোট, ডাস্টারকোট; পেশোয়াজ; ম্যাক্সি; বাকু; কাফতান; কিমানো; মেখলা, কাঞ্চি; নাইটি।

বোরখা, বোরকা, ঘেরাটোপ।

৫০৮·১৫ ঘাগরা, ঘাগরি, ঝুলা, ঘর্ঘরা, চোলিকা।

৫০৮·১৬ বর্ষাতি, রেইনকোট, ওয়াটারপ্রুফ, লবেদা। ম্যাকিনটস।

৫০৮·১৭ মোজা, অনুপদীনা, সক্‌স। লেগিংস; ড্রয়ারস্। অ্যাংক্‌লেট; নিক্যাপ; হোস।

দস্তানা, হাতমোজা, শস্তক, তলত্র, তলত্রাণ, গ্লাভস।

৫০৮·১৮ রুমাল, উরমাল; ন্যাপকিন। ঝাড়ন, ডাস্টার।

৫০৮·১৯ নেকটাই, টাই; বো। কলার। কম্ফরটার, মাফলার। স্কার্ফ। গলাবন্ধ।

৫০৮·২০ বেল্ট, কোমরবন্ধ, কটিবেষ্টনী, কোমরবন্ধনী, কটিত্র, পটুকা, কটিবন্ধ, কষি, পরিকর; কাঞ্চি, পেটি; ফেট্টি, স্ট্র্যাপ।

নীবি, নীবিবন্ধ, বস্ত্রগ্রন্থি।

৫০৮·২১ বর্ম, কবচ, কবজ, সাঁজোয়া [দ্র ৫৪১], তনুত্রাণ।

৫০৮·২২ খেলার জামা। ব্লেজার, স্পোর্টস জ্যাকেট। ট্র্যাকসুট; জার্সি, স্পোর্টস শার্ট।

৫০৮·২৩ শীতবস্ত্র, গরমজামা, গরমকাপড়; গরম চাদর; শাল; আলোয়ান; রাঙ্কব; জামিয়ার, জামেয়ার; র‍্যাপার, দোলুই, দোলাই, দোসুতি, চাদর, ধোসা; বালাপোষ; তুস; মলিদা; খেশ; ধুসা; স্টোল; স্কার্ফ; পঞ্চ; শাল দোশালা; দোশালা; লেপ, রেজাই; কাঁথা, কন্থা; নকশি কাঁথা; কম্বল, রাগ, ভোটবস্ত্র, ভেট, ভুটি; খোসলা। ব্ল্যাংকেট।

৫০৮·২৪ [অন্যান্য] সুট; সাফারি সুট; কম্বিনেশন সুট। বয়লার সুট। সালোয়ার সুট। নিকারবোকার।

৫০৯ মস্তকাবরণ

বি· টুপি, ক্যাপ, হ্যাট, টোপি, মস্তকাবরণ।

শিরস্ত্রাণ, শিরস্ক, শিরস্ত্র, শিরোবেষ্ট, শিরোবেষ্টন; হেলমেট, ক্র্যাশ হেলমেট।

মাংকি ক্যাপ; গান্ধি টুপি; কাউন্টি ক্যাপ; স্কাল ক্যাপ; ফেল্ট হ্যাট, শোলার টুপি; টপ হ্যাট; ফেজ; নেপালি টুপি; কাশ্মিরি টুপি; পানামা টুপি; কিস্তি টুপি।

পাগড়ি, পাগ, পাক, পক্কা, আমামা; উষ্ণীষ, উষ্ণিক, উত্তংস, বান্ধিস, শিরোপা, শিরপেচ; আপীড়, দস্তর; শামলা; ফেটি, ফ্যাটা, ফেট্টি, সাফা।

মুকুট, শিরোভূষণ [দ্র ৫৩১], তাজ, কলগি, কলগা, কিরীট, মৌলি।

ছাতা [৫০৬], ছত্র, ছত্রক, ছাতি, ছতরি; টোকা, মাথাল; আতপত্র, আতপবারণ, আড়ানী। চন্দ্রাতপ [দ্র ১৯০·৫]

বিণ·/বি· মুকুটধারী, মৌলী, কিরীটী; কিরীটিনী।

৫১০ জুতো

বি· জুতো, জুতা [৪৩৮·১০], পাদুকা, উপানৎ, পাদপা, বিনামা, চর্মপাদুকা, সু; পাদত্রাণ। পয়জার।

খড়ম, কাষ্ঠপাদুকা, পানই।

চটি, চপ্পল, স্লিপার, স্যান্ডেল; বিদ্যাসাগরি চটি; কোলাপুরি চটি; হাওয়াই চটি। কাবলি সু।

বুট; গামবুট; অক্সফোর্ড, ডার্বি; পাম্প সু; মোকাসিন; কেডস; নাগরা, নাগরাই; লপেটা।

হিলতোলা জুতো; হাইহিল।

খেলার জুতো; ক্রিকেট বুট; ফুটবল বুট; স্পাইকস।

হিল; সোল; হাফ সোল; সুখতলা।

জুতোর কালি। জুতোর ফিতে।

বিণ·/বি· চর্মকার, মুচি, চামার, চর্মার।

পাদুকার, পাদুকৃৎ, রুইদাস।

৫১১ নগ্নতা

বি· নগ্নতা, নগ্নত্ব, অনম্বরতা, উলঙ্গতা।

নগ্নীকরণ।

খালি গা(হ), আদুর গা; কাপড় ছাড়া-, কাপড় বদলানো-।

বিণ· নগ্ন, আবরণহীন, অনাবৃত [দ্র ৫১২], নিরাবরণ, নিহঙ্গ; আদুর, আদুল, খালি, উন্মুক্ত [দ্র ৫১২], উদলা, আঢাকা [দ্র ৫১২], আলগা।

ন্যাংটা, ন্যাংটো, ল্যাংটা, নাঙ্গা, উদাম, উদোম, উলঙ্গ, অনম্বর, দিগম্বর, দিগ্বসন, বিবসন, অবাসা, অবস্ত্র, বস্ত্রহীন, বিবস্ত্র, দিগ্বাস।

বেআব্রু।

বিকচ্ছ, কাছা খোলা।

নগ্নক; নগ্নিকা, বিবস্ত্রা, বিবসনা, উঘারী; নগ্নাট, ন্যুড।

ক্রি-বিণ· খালি গায়ে, আদুল গায়ে।

৫১২ উন্মুক্ততা

বি· উন্মুক্ততা, উন্মুক্তি, খোলাভাব; নগ্নতা [দ্র ৫১১]।

খোলা- [৩৬৫, ৫১৬, ৭০০], উন্মোচন(ক), উদ্ঘাটন(ক), খুলন, মোচন(ক), অপাবরণ, প্রকাশ(ক) [দ্র ৫১৬], স্ফুরণ, অবভাস, উদ্ভাসন, অনবগুণ্ঠন, অসংবৃতি, প্রকটন, উন্মীলন, উন্মেষণ, বিকাশন [দ্র ৫১৬], বিকশন, প্রকাশন, স্ফোটন। খুলে যাওয়া-, স্খলন, চ্যুতি [দ্র ৩০৭]।

ছাড়ানো-, খোসা ছাড়ানো-, ছালছাড়ানো-, ছোলা-, ছোলন, চামড়া ছাড়ানো-; নিষ্কোষণ, অনাবৃত করা-; কেলানো-।

খুলে ফেলা-, আজড়ানো-, আজাড়ন, অনাবরণ(ক), অনাচ্ছাদন।

বিণ· উন্মুক্ত(ক), অনাবৃত(ক) [৫১১], অচ্ছদ, অনাচ্ছন্ন, অচ্ছন্ন, অনাচ্ছাদিত, অনবগুণ্ঠিত, অবগুণ্ঠনহীন, আবরণহীন, আঢাকা [৫১১], আজলি, আজুল, আজল, অপাবৃত।

ফাঁকা, খোলা, খোলামেলা, চওড়া, ফাঁদালো; অবারিত, অবাধ, নির্বারিত। অপরিবেষ্টিত, অপরিবৃত।

মুক্ত, অবদ্ধ, আবাঁধা, অবাধ [৩৫১], অর্গলহীন, নিরর্গল, বিনির্মুক্ত, মোচিত, অবারিত, অসংবৃত, আলগা, আগলা; খোলসা।

নিষ্কোষিত, কোষমুক্ত, বিকোষ।

স্ফুট, উন্মীলিত, উন্মেষিত, উন্মিষিত, স্ফুরিত, স্ফুটিত, সংস্ফুট, প্রস্ফুটিত; উদ্ঘাটিত, প্রকাশিত [দ্র ৫১৬]।

বেআব্রু, পর্দাহীন, বেপর্দা।

মোচনীয়, মোচ্য; স্ফুটনীয়; উন্মোচনীয়; উদ্ঘাটনীয়।

বিণ·/বি· উন্মোচক; উদ্ঘাটক, মোচক, উন্মোচনকারী।

ক্রি-বিণ· খোলাখুলিভাবে; খোলাখুলি।

৫১৩ পরিবেষ্টন

বি· পরিবেষ্টন(ক), বেষ্টন(ক) [১৯৭], আবেষ্টন; ঘেরা-, বেড়ন, ঘেরন, ঘিরে রাখা-, ঘিরা-; ঘিরে ফেলা-, ঘেরাও(ক), অবরোধ(ক), অবরোধন; বেড়া-, বেড় দেওয়া-, ঘেরানো-।

বেষ্টনী, পরিবেষ্টনী, বেষ্ট, আবেষ্টনী, গণ্ডি, বন্দিসা; কর্ডন, গের্দ।

বেড়, বেড়া(দে) [৫১৮, ৬৭১]; দেওয়াল [দ্র ১৯০·১০], প্রাচীর; আল, আলবাঁধ [দ্র ৪৭]।

বেষ্টনরেখা; পরিধি; চৌহদ্দি, চতুঃসীমা; পরিসীমা; সীমানা [দ্র ১৯৭, ৪৬১], সীমারেখা, সীমানারেখা, বাউন্ডারি লাইন।

ঘেরা জায়গা; চত্বর [দ্র ১৯১]; এরিনা; রিং। ক্ষেত্র, কোর্ট। ছক, বোর্ড।

ঘের, মুহুরি, ফোঁদল।

বর্তনী, সারকিট।

বিণ· বেষ্টিত, পরিবেষ্টিত, আবেষ্টিত, পরিবৃত, পরীত, সংবীত, পরিণদ্ধ।

বদ্ধ, বদ্ধ, আবদ্ধ [দ্র ৫১৮]।

ফাঁদি, ফাঁদালো।

বিণ·/বি· বেষ্টক, পরিবেষ্টক, পরিবেষ্টনকারী, আবেষ্টনকারী, বেষ্টনকারী।

অবরোধকারী, অবরোধক।

৫১৪ ভিতর

বি· ভিতর, ভেতর, অন্তর, অন্দর, অভ্যন্তর, অন্তর্ভাগ, অন্তর্দেশ, অভ্যন্তরভাগ, অন্তস্তল; মধ্য [দ্র ১৯৬], মধ্যদেশ, মধ্যভাগ।

অন্তঃপুর [দ্র ১৯০]।

মর্ম, মর্মস্থল; মূল, মূলকেন্দ্র, অন্তরতমপ্রদেশ। কেন্দ্র, কেন্দ্রস্থল, কেন্দ্রবিন্দু।

ঢোকানো-, ঢুকিয়ে দেওয়া-, প্রবেশ করানো-, প্রবেশন [দ্র ২৯২], ভিতরে নেওয়া-, প্রবিষ্ট করানো-, পোরা-, সেঁধিয়ে দেওয়া-, সেঁধানো-; ভরা-, ভরে দেওয়া-। অনুপ্রবেশ(ক)।

বিণ· আভ্যন্তর, আভ্যন্তরিক, অভ্যন্তরীণ, আভ্যন্তরীণ, আন্তরীণ।

আন্তর; অন্তঃশীল, অন্তর্নিহিত, গূঢ়, নিগূঢ়।
অভ্যন্তরস্থ, ভিতরস্থ, মধ্যেকার, ভিতরের, ভেতরকার, মধ্যস্থ, মধ্যবর্তী, মধ্যস্থিত, অন্তরস্থ, অন্তঃস্থ, ভিতরকার, অন্তঃস্থিত, অন্তঃপাতী, বিচাল; নিভৃত।
অন্তর্বর্তী; অন্তর্বৃত, অন্তরীণ।
অন্তর্ভুক্ত, অন্তর্গত, অন্তর্ভূত, অংশগত। কেন্দ্রগত; কেন্দ্রীয়, কেন্দ্রস্থ।
অন্তর্মুখ, অন্তর্মুখী, কেন্দ্রাভিগ, অভিকেন্দ্র।
প্রবিষ্ট [দ্র ২৯২]। গোপন [দ্র ৫১৭]।
তদন্তঃপাতী, তদন্তর্বর্তী, তদন্তর্ভূত।
ক্রি-বিণ· ভিতরে, অন্তরে, অন্দরে, অভ্যন্তরে, অন্তরাভিমুখে।

৫১৫ বাহির

বি· বাহির(ক, হ), বার।
বহির্ভাগ, বহির্দেশ, বহিরংশ, বহির্লোক।
উপরিভাগ, ওপর, ওপরের অংশ, বহিস্তল।
বহিরাবরণ; বহিস্ত্বক; পোশাক [দ্র ৫০৮]; খোলস; চামড়া [দ্র ৬৪·২৫]।
বহিরঙ্গ, বাহ্য অঙ্গ।
বিণ· বহিঃস্থ, বাইরের, বাহিরের।
বহির্ভূত, বহির্গত।
বাহ্য; বাহ্যিক।
বহির্মুখ, বাহিরমুখী।
ক্রি-বিণ· বাইরে, বাহিরে।
ওপর ওপর; উপর উপর; ভাসাভাসা।

৫১৬ প্রকাশ

বি· প্রকাশ(ক) [৩৭৪, ৪০৪], প্রকটন, প্রকাশন, ফুটন, স্ফুটন, স্ফুরণ, প্রস্ফুটন, স্ফূর্তি, স্ফার, স্ফারণ, বিস্ফার।
উদ্ভাস, উদ্ভাসন, উন্মেষ; উদয় [৫৫]; উদ্ব্যক্তি।
বিকাশ, বিকাশন [৫১২], বিকশন, অভিদ্যোতন, অভিদ্যোতনা, প্রতিভাস, প্রথন; ক্রমবিকাশ, ক্রমপ্রকাশ, বিবর্তন [দ্র ২৬৬]।
বাহির [দ্র ৫১৫], অনিভৃতি।
বার হওয়া-, বাইরে আসা-, বহিরাগমন, ফোটা-, ফুটে ওঠা-; উদয়; মেলে দেওয়া-, মেলা-।
খোলা-, উদ্ঘাটন(ক) [দ্র ৫১২], উদ্ভেদ, উন্মোচন(ক)।
ফাঁস(ক), বার করা; খোলসা করা-; হাটে হাঁড়ি ভাঙা-।
প্রদর্শন [দ্র ৯৮]। উদ্ভাবন [দ্র ৩৭৪]। জাহির করা-, প্রচার [দ্র ৪০৪]। ইঙ্গিত [দ্র ৩৮৫], আভাস, ইশারা।
বিণ· প্রকাশিত(ক), প্রকটিত(ক); স্ফুট, পরিস্ফুট, স্ফুটিত; প্রস্ফুটিত, প্রস্ফুট, বিকচ, অভিদ্যোতিত; স্ফারিত; বিকশিত; স্পষ্ট, সুস্পষ্ট [দ্র ৩৩], দিবালোকের মতো স্পষ্ট।
অনাবৃত [দ্র ৫১২]; মূর্ত [দ্র ৬২], প্রমূর্ত; অভিব্যক্ত।
উন্মুক্ত; উদ্ঘাটিত [দ্র ৫১২]।
উন্মেষিত [দ্র ৫৫]; উদ্ব্যক্ত; উদ্ভিন্ন।
অগোপন, অগুপ্ত, অগুহ্য, অগূঢ়; অগোপনীয়। বেফাঁস।
উদিত [৫৫], সমুদিত।
ব্যক্ত [দ্র ১০৭]। প্রচারিত [দ্র ৪০৪]। প্রদর্শিত [দ্র ৯৮]। উদ্ভাবিত [দ্র ৩৭৪]। অনিবারিত [দ্র ৬৯৩]।
প্রকাশ্য, প্রতীয়মান, প্রকট; দৃশ্য [দ্র ৯৮]।
বিকাশোন্মুখ, বিকাশশীল, বিকাশমান, স্ফূর্তিমান, প্রকাশমান, উদয়মান, ফুটনোন্মুখ, স্ফুটনোন্মুখ, বিকচোন্মুখ, স্ফুটনোদ্যত, স্ফুরৎ।
প্রকাশিতব্য, প্রকাশনীয়; স্ফুটনীয়।
বিণ·/বি· প্রকাশক, প্রকাশকারী।
উদ্ঘাটক, উদ্ঘাটনকারী [দ্র ৫১২]।
উদ্ভাসক, উদ্ভাসনকারী, অভিদ্যোতক।
ক্রি-বিণ· প্রকাশ্যে, খোলাখুলিভাবে; চোখের সামনে, প্রকাশ্য দিবালোকে।
মুক্তকণ্ঠে, অসংকোচে।
সবার সামনে, সর্বসমক্ষে, হাটের মধ্যে।

৫১৭ গোপনতা

বি· গোপনতা, গোপনীয়তা, প্রচ্ছন্নতা।
সংগোপন, গুপ্তি, সংগুপ্তি; অপলাপ, সংবরণ।
লুকানো-[২৯০], লুকিয়ে রাখা-, না জানানো-, ছাপানো-, লুকোছাপা, ঢাকা-, চাপাচাপি, ঢাকাঢাকি, চাপা-, চেপে যাওয়া-, চেপে দেওয়া-, ধামাচাপা(দে); লুকোচুরি; ঢাকঢাক গুড়গুড়।
আড়াল, অন্তরাল, আড়, আবডাল, আড়ি। গোপনস্থান, নিভৃতস্থান, গুপ্তস্থান, অজ্ঞাতস্থান; নিভৃতগৃহ, দর্ভট। অজ্ঞাতবাস [দ্র ২৯০]।
পর্দা [দ্র ৫০৬]। ঘোমটা [দ্র ৫০৬]। যবনিকা, ড্রপসিন [দ্র ৪৩০]।
নাম গোপন(ক), নাম ভাঁড়ানো-; ভাঁড়ানো-।
আত্মগোপন(ক), আত্মবিলোপ, গা ঢাকা(দে), পালানো- [দ্র ২৯০]; চোখে ধুলো দেওয়া-, ধোঁকা দেওয়া-।
মুখোশ [দ্র ৬৪·২]। ছদ্মবেশ, কপটবেশ, গুপ্তবেশ, ভোল; ভেখ।
গুপ্তকথা। মন্ত্রগুপ্তি। গুপ্তধন।
রহস্য, ধাঁধা [৩৭৯], ধন্দ।
আড়িপাতা- [দ্র ১১৬]।
বিণ· গোপনীয়, অপ্রকাশ্য, অপ্রকাশিতব্য, নির্গূঢ়, অজ্ঞাপনীয়, বিগূঢ়, গোপ্তব্য, অপ্রকাশনীয়, গোপ্য।
গোপন(ক) [১০০], গুপ্ত, সংগুপ্ত, সংগোপিত, অজ্ঞাপিত, সুগুপ্ত, প্রচ্ছন্ন, অন্তরিত, গূঢ়, নিগূঢ়, গুহ্য, নিভৃত, অন্তঃশীল, আনাড়, নিনাড়, অন্তর্গূঢ়, সংবৃত, অনুদ্ভূত, আপ্রচ্ছন্ন।
লুক্কায়িত, গৈবি, গায়েবি, গুম(ক), গুমি, চোরা, চোরাগোপ্তা, গোপিত, গাপ, গায়েব(ক), পুশিদা।
অপ্রকাশ, অপ্রকট, অপ্রতীয়মান [দ্র ১০০]।
অপ্রকাশিত, অপ্রদর্শিত, অবিকশিত, অবিকচ, অবিকচিত; ব্যবহিত।
আবৃত [দ্র ৫০৬]। অজ্ঞাত [দ্র ৩৯৮]; অনাবিষ্কৃত। অবোধ্য [দ্র ৩৯৮]।
ঘুষঘুষে।

রহস্যজনক, রহস্যপূর্ণ, রহস্যময়, রহস্যাবৃত। বর্ণচোরা। মেঘে মেঘে বেলা হওয়া-।

বিণ-/বি- গুপ্তচর, চর।

গোপনকারী, গোপক।

গোয়েন্দা, ডিটেকটিভ [৩৮০], আত্মগোপনকারী।

ছদ্মবেশী, গুপ্তবেশী, কপটবেশী; ভেকধারী।

ক্রি-বিণ- গোপনে, সংগোপনে; অজ্ঞাতসারে, না জানিয়ে; অপ্রকাশ্যে; লুকিয়ে, অসমক্ষে, অসাক্ষাতে, নিভৃতে, নেপথ্যে, অগোচরে, অন্তরালে, আড়ালে, আড়ে; লোকচক্ষুর অন্তরালে। একান্তে, ঐকান্তিকে, জনান্তিকে; দরপরদা।

অজ্ঞানত, অজ্ঞানজনিত, অজান্তে, অজানত।

তলে তলে, ভিতরে ভিতরে [১৯৬], ডুবে ডুবে, গোপনে গোপনে, চুপে চুপে, চুপি চুপি, চুপিসারে।

রাতের অন্ধকারে।

৫১৮ বুদ্ধতা

বি- বুদ্ধতা, বন্ধ্যতা, বন্ধ্যত্ব। মীল।

বন্ধ করা-, আঁটা- [৩৬৩], আটকানো-, বুদ্ধকরণ, রোধন।

সাঁটানো-, ভেজানো-।

বাঁধা-, বন্ধন(ক) [দ্র ৩৬৩]। আঁটকপাটি।

বোজা, বুজা, নিমীলন, মোদা-, মুদন, মীলন, মুদা-।

বোজানো-, ভরাট করা-, বুজানো-, বুজিয়ে ফেলা-, ভরানো-, ভরা-, পূরণ(ক), পূর্তি।

ঢাকা-, আবৃতকরণ [দ্র ৫০৬]।

অবরোধ(ক), আটক(ক) [দ্র ৬৭২], অবরোধন, নিরোধ, নিরোধন, সংরোধ; রোখা-, রুখে দেওয়া-; প্রতিরোধ [দ্র ৬৯৪]।

বাধা [৬৯৪], প্রতিবন্ধকতা।

ছিপি, কর্ক [৫০৬], গুঁজি, বুজি, ক্যাপ, মুখ, মুখটি; ঢাকনা, ঢাকা, লিড।

কপাট, পাল্লা, নির্মীলিকা; আগল, আগড়, আগোড়, টাটি, ঝাঁপ; শাটার; রোলিং শাটার; দরজা [দ্র ১৯০·৬]। গেট, ফটক [১৯০·৬], দেউড়ি। জানালা [১৯০·৭]।

খিল, খিলনি; হুড়কো; ছিটকিনি; হাঁসকল; অর্গল [৩৬৩]; ব্যাঙ; আলতারাফ; কড়া, আংটা, কুণ্ডা।

তালা(দে), তালক, কুলুপ(লাগানো-), দ্বারযন্ত্র; তালাচাবি; চাবি, কুঞ্জি, কুঞ্চিকা, চাবিকাঠি।

স্ক্রু; পেরেক, কীলক; নাট; বল্টু; রিভেট।

শিকল, শৃঙ্খল, বেড়ি, নিগড় [দ্র ৩৬৩]।

দেওয়াল, প্রাচীর [দ্র ১৯০·১০], প্রাকার, পাঁচিল; বেড়া [৫১৩, ৬৭১]; কাঁটাতার, কাঁটাতারের বেড়া।

আঠা, গঁদ [দ্র ৩৬৩]।

সিল, সিলমোহর।

বন্ধনী, ব্র্যাকেট।

বিণ- বুদ্ধ, বন্ধ, আখোলা, সংবুদ্ধ, নিবুদ্ধ, আবদ্ধ [২৮৮, ৫১৩], নদ্ধ, বদ্ধ [৩৬৩], অবরুদ্ধ, বন্ধী, আটক।

অর্গলিত।

নিমীলিত, মুদিত, মীলিত, প্রমীলিত; অর্ধনিমীলিত, আধবোজা; সংকুচিত।

আবৃত [দ্র ৫০৬]।

বন্ধনযোগ্য, বন্ধ্য।

প্রতিবন্ধ, প্রতিবন্ধক [দ্র ৬৯৪]।

নিশ্ছিদ্র, ছিদ্রহীন, নীরন্ধ্র। আফাটা। জলনিরোধক, জলরোধক। বায়ুনিরোধক।

বিণ-/বি- রোধক, রোধকারী, নিরোধক।

১৯ পরিচ্ছন্নতা-সৌন্দর্য-অলংকার

৫১৯ পরিচ্ছন্নতা

বি- পরিচ্ছন্নতা, পরিষ্কার পরিচ্ছন্নতা; অমলতা, অনাবিলতা, বিমলতা, অমালিন্য, অমলিনতা, স্বচ্ছতা [দ্র ৪৮৮]।

শুচিতা, শৌচ।

পরিষ্করণ [৫২১], পরিষ্কৃতি, নির্মলীকরণ, মার্জনা, মঞ্জন, পরিমার্জন, পরিমার্জনা [৫২২], সাফাই(ক)।

শুদ্ধি, সংশুদ্ধি [দ্র ৫২২]।

ধোয়া- [দ্র ৫২১]। পারিপাট্য [দ্র ৫২৪]। কামানো, ক্ষৌরি [দ্র ৫২৮]।

ঝকমকানি, ঝকঝকানি, চকচকানি, ফুটফুটেভাব।

শুচিবাই [৫৮৬], ছুতমার্গ, ছুতধর্ম, ছুতপন্থ, শুচিবায়ু।

বিণ- পরিচ্ছন্ন, পরিষ্কার, সাফ(ক), সাফা, পরিষ্কার পরিচ্ছন্ন [৫২৪], সাফসুতরো।

শুচি, শুদ্ধ।

অনাবিল, অমল, বিমল, সুবিমল, নির্মল, অমলিন, নিষ্কলঙ্ক, অকলঙ্ক, কলঙ্কহীন, মলিনতাশূন্য, মালিন্যহীন, মালিন্যশূন্য, অম্লান, আবর্জনাহীন, অনবস্কর, নিষ্পঙ্ক, অকল্ক, অসমল, অক্লিন্ন, নিরঞ্জন, নিরবদ্য অনবদ্য।

স্বচ্ছ [দ্র ৪৮৮], স্ফটিকবৎ, অচ্ছ, টলটলে [১১]; কাকচক্ষু।

সাদা [৫৩৪·১৬], ফর্সা, শুভ্র, সাফ, সফেদ, অকৃষ্ণ।

প্রক্ষালিত [দ্র ৫২১], ধৌত; পরিস্রুত।

পরিষ্কৃত, নির্মলীকৃত; পরিমার্জিত, মার্জিত, সংস্কৃত, মৃষ্ট, প্রমৃষ্ট, সম্মৃষ্ট।

ঝকঝকে, ঝকমকে, তকতকে, ঝকঝকে তকতকে; চকচকে, ফকফকে; ফুটফুটে। ফটিক [৪৮৮]।

পরিপাটি, ফিটফাট [দ্র ৫২৪], ছিমছাম, সাজানো-, সাজানো গোছানো; ধোপদুরস্ত।

বিণ-/বি- শুচিবাইগ্রস্ত; পিটপিটে।

৫২০ অপরিচ্ছন্নতা

বি- অপরিচ্ছন্নতা, নোংরামি; আবিলতা, আবিলত্ব, মালিন্য, মলিনতা [৫৫৫], আবিল্য, কলুষ, ক্লেদ, কলুষতা, কালুষ, কালুষ্য, মলিনিমা; পঙ্কিলতা। কলঙ্ক, কালিমা; কলঙ্কময়তা [৫২৭]।

বৈবর্ণ্য, বিবর্ণতা; নিষ্প্রভতা; অস্বচ্ছতা [দ্র ৪৮৯]।

ঘৃণা, ঘেন্না; নাক সিঁটকানো-; নাসিকা কুঞ্চন(ক)।
অশুচিতা [দ্র ৫৮৭]। দুর্গন্ধ [দ্র ১১৯]।
ময়লা, আবর্জনা [৫৫৭], অবস্কর, নোংরা, জঞ্জাল, গর্দা, মলা, মল, ইল্লত, ওঁচলা, ওঁচলামাটি; কালি, কালিঝুলি, ঝুল, ঝুলকালি, পরিস্তোম, পরিষ্টোম; গদড়া, হাবজা; ছাই, ভস্ম, ছাইভস্ম, ছাইপাঁশ, পাঁশ; অঙ্গার, আঙ্গার।
কাদা [দ্র ২৪]।
আস্তাকুঁড়, আঁচড়াকুড়, ভাগাড়, আদাড়, পাঁদাড়, পাঁশকুড়, আদাড়-পাঁদাড়; ছাইগাদা; গোবরগাদা; ডাস্টবিন; পিকদানি, থুকদানি, পিকদান [৬৪·৩৬], পূগপাত্র,আলবাটি, কটকোল, পতদ্গ্রহ; ডাবর, আচমনক; অ্যাস্ট্রে; ওয়েস্ট পেপার বাসকেট। ধাপা, ধাপার মাঠ।
নর্দমা, নালি, নালা, ড্রেন [দ্র ১৫]।
গা ঘিন ঘিন করা-; বমি আসা-; অন্নপ্রাশনের ভাত উঠে আসা-।
বিণ· অপরিচ্ছন্ন, অপরিষ্কৃত, অপরিষ্কার [৪৮৯, ৫২৫], আবিল, কলুষিত, কলুষযুক্ত; ক্লেদাক্ত, ময়লা(ক), নোংরা, সমল, মলী, আবর্জনাপূর্ণ, জঞ্জাল পরিপূর্ণ।
কলঙ্কিত, কলঙ্কপূর্ণ, কলঙ্কময়।
অস্বচ্ছ [দ্র ৪৮৯], ঘোলা, ঘোলাটে, গদলা; ময়লাটে।
বিবর্ণ, নিষ্প্রভ, মলিন, মলীমস, ম্যাটমেটে, ম্যাড়মেড়ে, পাংশু।
পঙ্কিল [দ্র ২৪], ক্লিন্ন, ক্লেদিত, গলিজ।
অশুচি [দ্র ৫৮৭], অমেধ্য। অশোধিত [দ্র ৫২৩]।
আদাড়ে।
থিকথিকে; ঘিনঘিনে।
আধোয়া, অধৌত, আকাচা। আবাছা। আছাঁটা, আকাঁড়া। আছাঁকা।
ছাইমাখা, ভস্মাবৃত, ভস্মাচ্ছাদিত, ভস্মাচ্ছন্ন।

৫২১ ধোয়া

বি· ধোয়া-, প্রক্ষালন(ক), ক্ষালন(ক), ধৌত করা-, ধৌতকরণ, ধৌতি, ধাতি, ধাবন, বিধৌত, নির্ণেজন, পাখলানো-, ধোয়াপাখলা(ক), ধোলাই; সাফাই, পরিষ্করণ [দ্র ৫১৯]।
কাচা-, ধোপ; কাপড়কাচা; আড়ংধোলাই, ভাটি দেওয়া; ড্রাই ক্লিনিং, পেট্রোল ওয়াশ; জলকাচা(ক); সাবান কাচা(ক); সিদ্ধ করা-।
ধোপার বাড়ি দেওয়া-।
জলঝরানো-, চেপা-, নিংড়ানো-, নির্মন্থন, নির্মন্থ।
ধোয়ানো-, কাচানো-।
ঝাঁট(দে), ঝাঁটানো-।
ঝাড়া-, ঝাড়পোঁছ(ক), ঝাড়ানো-।
মোছা-, মুছে নেওয়া-, পোঁছা-, পুঁছে নেওয়া-, ধোওয়া মোছা(ক), ধোওয়া পোঁছা(ক)।
মাজা-, মাজন, ঘষামাজা(ক); নিকানো-; মার্জন(ক), মার্জনা, সম্মার্জন, সম্মার্জনা, পরিমার্জন, পরিমার্জনা, প্রোচ্ছন, মার্ষ্টি; ঘষা-, কচলানো-, রগড়ানো-, ডলা-, দলা-।
চালা- [দ্র ৫২২]।
স্নান(ক), অঙ্গমার্জনা(ক) [দ্র ৮১]; অভিষেক; গোসল(ক); গা ধোওয়া-, গাত্রধাবন(ক)। সাবান মাখা-, উচ্ছাদন, উদ্বর্তন।
আঁচানো-, আচমন(ক), উপস্পর্শ; হাতমুখ ধোওয়া-, উজু, ওজু।
আচমনী, আচমনীয়।
কুলকুচা(ক), কুলকুচো(ক), কুল্লি, কুলি, কুল্লা, কুল্লোল।
ছোঁচানো-, জলশৌচ(ক)।
ঝাঁটা, ঝাড়ু(দে), উহনী, সম্মার্জনী; খেংরা, খ্যাংরা, শলার ঝাঁটা; বাড়ন, বাড়ুন; ফুলঝাড়ু; ঝাড়ন; বুরুশ, কুচি, কুঁচা, কুঁচি; ঝুলঝাড়া। ভ্যাকুয়াম ক্লিনার। ন্যাতা।
সাবান, ক্ষার; সোডা; সাজি, সাজিমাটি, ক্ষারমৃত্তিকা, ক্ষারজল, সর্জি, সর্জিকা; কাপড়কাচা সাবান; বার সাবান; ডিটারজেন্ট পাউডার; গায়ে মাখা সাবান; গ্লিসারিন সাবান; কার্বলিক সাবান। রিঠা, রিঠে।
ধোপা, ধোবি, রজক, ক্ষারক, রজোহর, বস্ত্রধাবক; সম্মার্জক। ইস্ত্রিওয়ালা।
ধোবিখানা, ধোপার বাড়ি; ডাইংক্লিনিং।
ধোপার পাট, পাট।
মেথর, ধাঙ্গড়, মলাকর্ষী; ঝাড়ুদার, ঝাড়ুওয়ালা, ঝাড়ুবরদার; সুইপার; সাফাইওয়ালা।
বিণ· ধৌত, বিধৌত, নির্ধৌত, অবধৌত; প্রক্ষালিত, ক্ষালিত, সম্মার্জিত; নিকষিত।
পরিষ্কার [দ্র ৫১৯]।
ফটফটে, ফুটফুটে, ঝকমকে; ধবধবে; ফকফকে; তকতকে, ঝকমকে, ঝকঝকে, ঝকঝকে তকতকে [দ্র ৫১৯]।
মার্জিত, মাজা।
উপসৃষ্ট।
বিণ·/বি· প্রক্ষালক, প্রক্ষালনকারী, মার্জক, সম্মার্জক, নির্ণেজক। ফরাস।

৫২২ শোধন

বি· শোধন(ক), বিশোধন, পরিশোধন, প্রপবণ, শোধনপ্রক্রিয়া।
সংস্কার(ক), সংস্করণ, সংক্রিয়া, সংস্কৃতি; মার্জন, পরিমার্জন; শুদ্ধি, পরিশুদ্ধি, শুদ্ধীকরণ, সংশুদ্ধি [৫১৯]।
ক্ষালন [দ্র ৫২১]। দোষ কাটানো-।
ঠিক করা-, শোধরানো-, সংশোধন(ক), শুধরে নেওয়া-; মেরামতি, মেরামত(ক) [দ্র ৩৬১]।
বাছা-, বাছাই(ক); ঝাড়াই বাছাই(ক), ঝাড়াবাছা(ক); ঝাড়া-, ঝাড়াই(ক)।
চালা-, চেলে নেওয়া-।
কাঁড়া-, কাঁড়ানো। ছাঁটা-, ছাঁটাই(ক)। ভানা-।
ছাঁকা-, ছেঁকে নেওয়া-, ছাঁকন, গালন, পরিস্রাবণ, পরিস্রবণ, পরিস্রুতি, ক্ষরণ, ফিলটার(ক)।
পাতন, চোলাই(ক), চুয়ানো-, অধঃক্ষেপণ; অন্তর্ধূম পাতন।
বীজবারণ; নির্বীজন, নির্বীজীকরণ; স্টেরিলাইজেশন।

বিশুদ্ধতা, পরিশুদ্ধতা, বিশুদ্ধি, পরিশুদ্ধি, শুদ্ধতা, শুদ্ধত্ব, খাঁটিত্ব [দ্র ৫৫৮]। পবিত্রতা [দ্র ৫৮৬]।
শুদ্ধ্যশুদ্ধি (বিচার ক)।
ছাঁকনি, চালুনি, চালুন, চালনী। ঝাঁঝরি।
কুলো, কুলা, সূর্প।
বকযন্ত্র, রেটর্ট [৪৯৫], পাতনযন্ত্র।
সেন্ট্রিফিউজার।
অটোক্লেভ।
শোধনাগার, শোধনালয়, রিফাইনারি।
বিণ· শুদ্ধ, বিশুদ্ধ, পরিশুদ্ধ; মার্জিত, পরিমার্জিত [৫১৯], ক্ষালিত, নিরুপাধি, অভিমৃষ্ট।
বিশোধিত, শোধিত, সংস্কৃত, পরিশোধিত, শুদ্ধীকৃত; সংশোধিত।
নির্বীজিত, বীজাণুমুক্ত, বীজাণুশূন্য।
পরিস্রুত, ক্ষরিত, চুয়ানো-, নিষ্যন্দিত, অভিষুত।
খাঁটি [দ্র ৫৫৮], আসল। পবিত্র, পূত [দ্র ৫৮৬]।
শোধনীয়, শোধনযোগ্য, শোধ্য।
বিণ·/বি· শোধক, শোধনকারী; সংস্কারকারী, সংস্কারক, সংস্কর্তা।

৫২৩ অশোধন

বি· অশোধন, অপরিশোধন; অশোধনীয়তা।
অসংস্ক্রিয়া, অসংস্কৃতি, অসংস্কার; অপরিমার্জন, অপরিষ্কৃতি।
অক্ষালন।
অসংশোধন।
অপরিস্রুতি।
অবিশুদ্ধতা, অবিশুদ্ধি, অপরিশুদ্ধি, অশুদ্ধতা, অশুদ্ধি; অপবিত্রতা [দ্র ৫৮৭]।
অখাঁটিত্ব [দ্র ৫৫৯]।
বিণ· অশোধিত [৫২০], অবিশোধিত, অপরিশুদ্ধ।
অসংস্কৃত; অপরিমার্জিত, অমার্জিত।
অবিশুদ্ধ, অখাঁটি [দ্র ৫৫৯]।
অসংশোধিত, অশুদ্ধীকৃত।
অক্ষালিত, না ধোয়া-, আধোয়া।
আবাছা, আবাছাই, আঝাড়া।
আচালা, অচালিত; অপরিষ্কৃত [দ্র ৫২০]।
আকাঁড়া, অকণ্ডিত; সতুষ।
আছাঁকা; অপরিস্রুত।
অপবিত্র [দ্র ৫৮৭]।
শোধন-অযোগ্য, অশোধনীয়, অশোধ্য।
অপরিস্রাব্য।

৫২৪ পারিপাট্য

বি· পারিপাট্য [৫১৯], সুবিন্যাস।
গোছগাছ(ক), গোছ, গোছানো-, গুছানো-, গুছিয়ে রাখা-; বিন্যাস, সংস্থান, সংস্থিতি, সন্নিবেশ, সংগঠন, সংহতি; কম্পোজিশন।
ভারসাম্য, সামঞ্জস্য [২৫৮], ব্যালান্স।
সুব্যবস্থা, সুবন্দোবস্ত [দ্র ৩৩০]। ছক, পরিকল্পনা, প্ল্যান, কর্মপদ্ধতি [দ্র ৩১৯], বিভঙ্গ।
শৃঙ্খলা, সুশৃঙ্খলা, ডিসিপ্লিন [দ্র ৬৬৯]।
ক্রম, পরম্পরা [দ্র ১৩৭]। সূচি, সূচিপত্র; নির্ঘণ্ট [দ্র ৪১৪]; কুঞ্চিকা, জ্ঞাপনী; ক্যাটালগ; ইনডেক্স।
শোভা, শ্রী, ছিরি, ছিরিছাঁদ, সৌন্দর্য [দ্র ৫২৬]।
সাজানো-, সজ্জন, সজ্জা, শোভাবর্ধন(ক), অলংকরণ [৪৩৭], অলংকৃতি, ডেকোরেশন, সাজিয়ে রাখা-, সুন্দর করে রাখা-।
সাজা-, সাজগোজ(ক), প্রসাধন(ক) [দ্র ৫২৯]।
অলংকার, গয়না [দ্র ৫৩১]।
মানানো-, ম্যাচিং, ম্যাচকরা।
পারিপাট্যবোধ; গোছানোর অভ্যাস, গুছানোর স্বভাব; গৃহিণীপনা।
গৃহসজ্জা, ঘর সাজানো-; আসবাব [দ্র ১৯২]; চাঁদমালা, কদম; রঙিন শিকল; আলপনা, আলিম্পন; কলকা, কুঞ্জ; বুটি; চুমকি; নকশা; দেওয়ালচিত্র, ওয়ালপেপার। জলছবি, জলছাপ। উলকি।
বিণ· পরিপাটি, সুবিন্যস্ত, বিন্যস্ত [৩৩০], সন্নদ্ধ, সংস্থিত, সন্নিবেশিত, সন্নিবিষ্ট, সুসন্নিবিষ্ট। নিখুঁত, নিটোল।
সাজানো গোছানো-, সজ্জিত, সুসজ্জিত, ছিমছাম, ফিট, ফিটফাট [৫১৯], গোছালো।
সুশৃঙ্খল [দ্র ৬৬৯], শৃঙ্খলাপূর্ণ।
পরিষ্কার পরিচ্ছন্ন [দ্র ৫১৯]।
সমঞ্জস, সুসমঞ্জস, সুব্যবস্থিত, সুষ্ঠু; সামঞ্জস্যপূর্ণ।
কেতাদুরস্ত; ধোপদুরস্ত।
চিত্রিত, বিচিত্রিত, অলংকৃত, শোভিত, চিত্রবিচিত্র, বিচিত্র, কার্মিক, নকশাকাটা, নকশি, নকশাদার; কলকাদার, কলকাযুক্ত, কুঞ্জদার; ফুলকাটা, গুলদার; বুটিদার; ডোরাকাটা, ডুরে, ডোরাদার। দোরোখা। নকাশি।
শ্রীমণ্ডিত, সুশ্রী [দ্র ৫২৬]।
নিয়মাবদ্ধ, শৃঙ্খলাবদ্ধ [দ্র ৬৬৯]। শ্রেণীবদ্ধ।
মানানসই, উপযুক্ত [২৫৮]।

৫২৫ অবিন্যস্ততা

বি· অবিন্যস্ততা [৩৩১], অবিন্যাস, অসম্বদ্ধতা, অপারিপাট্য, বিক্ষিপ্তি; বেগোছ, অগোছাল, অগোছ।
ছড়ানো-, ছড়ানো ছিটনো-, আলানো-, উটকনো-।
বিশৃঙ্খলা, বিশৃঙ্খলতা [দ্র ৬৭০]; অনিয়ম, বেনিয়ম [দ্র ৬৭০], অরাজকতা; হট্টগোল, ডামাডোল; ছত্রভঙ্গ(হ, ক)।
ওলট পালট(ক), উলট পালট(ক), উলটা পালটা(ক), উলটে পালটে দেওয়া-।
গোলমাল(ক), তালগোল(পাকানো-) গোলে হরিবোল, গুলিয়ে ফেলা-, গোলানো-; হযবরল; জগাখিচুড়ি।
জট পাকানো-, জটিল করা-।
রেশকাটা-; ছন্দোভঙ্গ, তালভঙ্গ; ছন্দঃপতন, ছন্দঃপাত, ছন্দপতন; খেই হারানো-।
অক্রম, উৎক্রম, ক্রমভঙ্গ(ক), ব্যুৎক্রম, প্রতিক্রম, পর্যায়ভঙ্গ; ব্যতিক্রম [দ্র ২৬১]।

বেবন্দোবস্ত [দ্র ৩৩১], বেবন্দেজ, অব্যবস্থা।

কুঁকড়ানো-, কুঁচকানো-, কুঁচনো-, দুমড়ানো-, দোমড়ানো-, দুমড়ে মুচড়ে যাওয়া-; ভাঁজ পড়া- [৩৬৬]।

ধামসানো-, ধামসানি, দমসানো। ধ্যাবড়ানো, ধেবড়ে যাওয়া-, ল্যাপটানো-, জ্যাবড়ানো-, লেপটে যাওয়া-।

বিণ· অবিন্যস্ত(ক), অপরিপাটি, অগোছালো(ক); অপরিষ্কার [দ্র ৫২০]।

এলোমেলো(ক), অসংবৃত, আউলা, আলুলায়িত, আউলানো-, এলোঝেলো(ক), আলুথালু; ছত্রাকার, ছত্রখান(ক); ইতস্তত বিক্ষিপ্ত; উসকোখুসকো; এলো।

বিক্ষিপ্ত, প্রক্ষিপ্ত; অবক্ষিপ্ত [দ্র ৩১১]; ছড়ানো-, ছড়ানো ছিটনো-, ছিটানো-, আকীর্ণ।

অসম্বদ্ধ, এলোপাথাড়ি, এলোধাবাড়ি, বেধড়ক, আন্দাজি; অক্রমিক, ব্যুৎক্রান্ত।

লণ্ডভণ্ড(ক), হাণ্ডুল বাণ্ডুল, তছনছ(ক), তচনচ(ক); বিপ্রকীর্ণ, বিপর্যস্ত; অরাজক; বিশৃঙ্খল [দ্র ৬৭০], গোলমেলে।

ধ্যাবড়া, জাবড়া, জ্যাবড়া, জোবড়া, ধাবড়া।

অদ্ভুত, বিদঘুটে, জবরজং।

ভ্রষ্ট, ভ্রংশ।

কুঞ্চিত, সংকুচিত।

ক্রি-বিণ· তালেগোলে; গোলমালে।

৫২৬ সৌন্দর্য

বি· সৌন্দর্য, শোভা, বাহার, চারুতা, রুচি, মঞ্জিমা, শোভনতা, সুন্দরতা, চারিমা, বিভূষা, আভিরূপ্য।

সৌষ্ঠব, সৌকুমার্য, সুকুমারত্ব, পরমাকৃতি।

শ্রী, লাবণ্য, লাবণি, লালিত্য, সুষমা, সুষমতা, মাধুর্য, মধুরিমা, মাধুরী, মধুরত্ব, মধুরতা, ভগ, নিছনি।

রূপ, সুশ্রীকতা, সুরূপতা, রূপবত্তা, রূপরাশি, রূপশোভা, রূপলাবণ্য, রূপমাধুরী, রূপমাধুর্য; ছিরি [৫২৪], খুবসুরতি; কান্তি, বর্চ; চেকনাই; রূপের ডালি, রূপের বহর, রূপের ঘটা, ঘটা।

কমনীয়তা, নমনীয়তা, কোমলতা; স্নিগ্ধতা, স্নৈগ্ধ্য।

রমণীয়তা, রম্যতা।

মনোহারিতা, মনোহারিত্ব, মনোজ্ঞতা, হৃদয়গ্রাহিতা, মনোগ্রাহিতা।

চমৎকারিতা, চমৎকারিত্ব, অনবদ্যতা; অসামান্যতা; অপূর্বতা, অপূর্বত্ব।

সৌন্দর্যবোধ, সৌন্দর্যজ্ঞান; রুচি, সুরুচি।

কান্তিবিদ্যা, নন্দনতত্ত্ব, সৌন্দর্যবিদ্যা; মণ্ডনকলা; সুকুমারকলা [দ্র ৪৩৫]। অন্তরের সৌন্দর্য [দ্র ২০৮]।

সৌন্দর্যসৃষ্টি; সৌন্দর্যবিধান; সৌন্দর্যবর্ধন; মণ্ডন; কারুকার্য করা-; অলংকরণ, সাজানো [দ্র ৫২৪]।

বিণ· সুন্দর, অকুৎসিত, চারু, সুচারু, রুচির, মঞ্জু, মঞ্জুল, কান্ত, সুকান্ত, সুকুমার; সুভগ; রোচ্য [২১৫], রোচিষ্ণু, সুরুচির, রুচিষ্য।

চমৎকার, অনবদ্য, নিরুপম, অপূর্ব, অতুলনীয় [দ্র ৫৫৬], অনুপম, অপরূপ, অলোকসুন্দর; তোফা, বেড়ে, খাসা; না জবাব। সর্বাঙ্গসুন্দর, নিখুঁত।

শোভন, শোভিক, শোভাযুক্ত, শোভাময়, শোভাকর শোভমান, শোভী, শোভনক, শোভনীয়, শোভাজনক, সুশোভন, সুশোভিত, শোভিত, রাজিত, বিভ্রাজ। রম্য, সুরম্য, রমণীয়, লাজুক। নান্দনিক।

টুকটুকে, ফুটফুটে, টুকটুক।

অভিরাম, অভিরূপ।

সুশ্রী [৫২৪]; সৌন্দর্যময়, সৌন্দর্যপূর্ণ, সৌন্দর্যশালী, রূপময়; বাহারি, বাহারে, পোশাকি।

চিত্তাকর্ষক, চিত্তহারী, হৃদয়হারী, হৃদয়গ্রাহী, মনোহর, মনোহারী, মনোহরণ, মনোগ্রাহী, চিত্তগ্রাহী, মনোজ্ঞ, মনোরম [২২৪], মনোমোহন, চিত্তমোহন, মনোরঞ্জন, চিত্ততোষ, হৃদয়রঞ্জন, চিত্তপ্রিয়, চিত্তরঞ্জন, মনোতোষ, বৃন্দার, কর্ষী।

সুষম, সুষমামণ্ডিত, সুষমাময়; মাধুর্যপূর্ণ।

সুদৃশ্য, দৃষ্টিনন্দন, নয়নাভিরাম, নয়নরঞ্জন, নয়নভোলানো-, নয়নশোভন, দৃষ্টিশোভন, নয়নানন্দ, চক্ষুষ্য, দর্শনীয়, সুচিত্রক, পেশল, তকল্লবি।

কম্র, কমনীয়, কোমল, নমনীয়, সুকোমল।

• লাবণ্যময়, লাবণ্যযুক্ত, ললিত, লাবণ্যপূর্ণ, লাবণ্যচঞ্চল, সুললিত, নাজুক, বিতনু; ঢলঢল।

রুচিকর, রোচক, রুচ্য; সুরুচিপূর্ণ, রুচিস্নিগ্ধ; রুচিসম্পন্ন, সুরুচিসম্পন্ন।

বি· দেহসৌষ্ঠব, দেহসৌন্দর্য, দেহশ্রী, অঙ্গসৌষ্ঠব [৬২], অঙ্গসুষমা, দেহকান্তি, তনুরুচি; শারীরিক সৌন্দর্য, শরীরশোভা, দেহশোভা, অঙ্গশোভা; তনুশ্রী; অঙ্গের লাবণি; অকঠিন দেহ, কোমলাঙ্গ।

লক্ষ্মীশ্রী।

মুখশ্রী, মুখশোভা, মুখরুচি, মুখকান্তি, বদনকান্তি, মুখছবি; মুখচ্ছটা; মুখাবয়ব।

চটক, গ্ল্যামার, জেল্লা। যৌন আবেদন, সেক্স অ্যাপিল।

বিণ·/বি· সুন্দর, সুশ্রী, সুকান্তি, কান্তিমান, কান্তিময়, সুরূপ, প্রিয়দর্শন, সৌম্যদর্শন, চারুদর্শন, প্রিয়দর্শী, সৌম্যকান্তি, সুদর্শন, রূপবান, রূপবন্ত; শ্রীমণ্ডিত, শ্রীময়, শ্রীমন্ত; সৌম্য। অনিন্দ্যকান্তি, কন্দর্পকান্তি, রূপশালী।

সুগঠন, সুতনু, সুছাঁদ, সুডৌল।

সুদেহী, সুঠাম; সুপুরুষ, বরাঙ্গ; শ্রেষ্ঠাবয়ব; বরকায়া, বরবপু; সরলদেহী, ঋজুকায়, ঋজু; সবল [দ্র ৬৯১], বলিষ্ঠ। বৃষস্কন্ধ।

ফর্সা, উজ্জ্বলবর্ণ, গৌরবর্ণ, গৌর, গোরা, গৌরাঙ্গ, শুভ্রকান্তি; টকটকে রং; কটা [৫৩৪·১৬]।

সুবদন, সুমুখ; প্রশস্তললাট; উচ্চললাট, উন্নতললাট, অঞ্চিত ললাট; উচকপালে।

সুলোচন, সুনয়ন, সুনেত্র, সুদৃশ, সুদৃক; টানা চোখ, আয়তলোচন; পদ্মলোচন।

সুনাস, সুনাসিক; উন্নতনাসা, খরণস।

সুকেশ [দ্র ৫৩০]।

সুবাহু, দীর্ঘবাহু; আজানুলম্বিত বাহু।

কম্বুকণ্ঠ, কম্বুগ্রীব; শোভনগ্রীব, সুগ্রীব, উন্নতগ্রীব।

সুমধ্যম, ক্ষীণকটি, বিকুক্ষি, কৃশোদর; সুনাভ।
সুহাস [দ্র ২২৫]; সহাস্যবদন, হাসিমুখ, ফুল্লাধর, প্রফুল্লমুখ।
বি· কন্দর্প; মদন; কার্তিক; অ্যাপোলো।
বিণ·/বি· সুন্দরী, রূপসী, রূপবতী, রূপময়ী, সুরূপা, রূপিণী, চার্বী, সুভগা; অপরূপা, পরমা সুন্দরী। অগম্যরূপ। তিলোত্তমা। ডানাকাটা পরী। ডাকসাইটে সুন্দরী, ডাক-সুন্দরী, ডাকের সুন্দরী।
সুদর্শনা, প্রিয়দর্শিনী।
শ্রীময়ী, শ্রীমতী, শ্রীযুক্তা।
শোভাময়ী, শোভনা।
লাবণ্যময়ী, রূপলাবণ্যবতী।
মনোজ্ঞা, রমণীয়া, মনোমোহিনী, মনোরমা, মনোলোভা, মনোহারিণী, মনোহরা, চিত্তহারিণী।
বরা, বরাঙ্গনা, বরবর্ণিনী, বরনারী, বর্ণিনী, শ্রেষ্ঠা, উত্তমা, পরমা, হেমা, ধনি, শিখরিণী, রূপশ্রেষ্ঠা।
যৌবনবতী, রূপযৌবনবতী, যৌবনোদ্ধতা, যৌবনমদমত্তা [১৭৩]।
মোহিনী; লাস্যময়ী, লীলাময়ী, রঙ্গিণী, চটকদার, গ্ল্যামারাস। সেক্সি। মদালসা।
বি· উর্বশী; অপ্সরা। ভেনাস।
পরী; হুরী।
বিণ·/বি· চিকনবরণী; উজ্জ্বলা, গৌরী; কুঁচবরণী; দুধে আলতা।
সুবদনী, সুবদনা; বরাননা; বিধুবদনী, বিধুবদন, বিধুবদনা, চন্দ্রমুখী, চন্দ্রাননা, বিধুমুখী, শশীমুখী, চাঁদবদনী, চাঁদমুখী।
সুনয়না, সুনয়নী, সুলোচনা, সুনেত্রা, সুন্দর নেত্রা; বামাক্ষী, বামলোচনা, চারুনেত্রা; মৃগনয়না, মৃগনেত্রা, মৃগলোচনা, মৃগাক্ষী, হরিণনয়না, হরিণাক্ষী, এণাক্ষী, কুরঙ্গনয়না; চকিতহরিণীনয়না; পদ্মপলাশলোচনা, পদ্ম আঁখি, পদ্মনেত্র, পদ্মচোখ, কমললোচনা, কমল আঁখি, পদ্মলোচনা; মীননয়না, মীনাক্ষী; কটাচোখী, বিড়ালাক্ষী; পটলচেরা(চোখ); মদিরেক্ষণা, মদিরাক্ষী; আয়তলোচনা, আয়তাক্ষী। ডাগর, আয়ত; ড্যাবডেবে।
সুকেশিনী, সুকেশা, কেশবতী, মঞ্জুকেশিনী, কেশী; মেঘবরণকেশ; অঞ্জনকেশী, অঞ্জনকেশিকা।
বিম্বাধরা, বিম্বোষ্ঠা, বিম্বোষ্ঠী, পক্কবিম্বাধরোষ্ঠী।
সুনাসা, সুনাসিকা, শোভননাসিকা।
সুদতী, সুদন্তী, শোভন দশনা, সুদশনা, শিখরদশনা।
সুভ্রূ, অঞ্চিত ভ্রূ; বঙ্কিম ভ্রূ।
সুনখী।
কম্বুকণ্ঠী, কম্বুগ্রীবা।
সুহাসিনী, সুহাসা, সুস্মিতা, মঞ্জুহাসিনী, মঞ্জুহাসী, শুচিস্মিতা, শুভ্রহাসিনী; হাস্যমুখী, স্মিতাননা, সহাস্যবদনা।
সুস্তনী।
বামোরু।
মৃণালভুজ।
নিতম্বিনী, সুনিতম্বিনী, সুশ্রোণী, গুরুনিতম্বা, নিবিড়নিতম্বা, বরারোহা।
ক্ষীণকটি, শোভনকটি; সুমধ্যমা, ডমরুমধ্যমা, তনুমধ্যা, নতোদরী, তলোদরী, অনুদরী, কৃশোদরী, কৃশকটি।
একহারা, ছিপছিপে, তন্বী, স্লিম, তন্বঙ্গী, কৃশাঙ্গী, ক্ষীণাঙ্গী, সুতনুকা, সুগঠনা; বরাঙ্গী। কোমলাঙ্গী, কোমলিনী, চার্বাঙ্গী।

৫২৭ অসৌন্দর্য

বি· অসৌন্দর্য, সৌন্দর্যহীনতা, সৌন্দর্যাভাব, অসুন্দরতা, শ্রীহীনতা, রূপরাহিত্য, রূপাভাব, রূপের ঘাটতি; কুরূপতা।
অসৌষ্ঠব, সৌষ্ঠবহীনতা।
বিকটতা, বিকটত্ব, জঘন্যতা।
অশোভনতা।
কদর্যতা [দ্র ৫৫৭], বীভৎসতা।
কুরুচি, রুচিহীনতা, রুচিবিকার, রুচিদৈন্য, রুচিবিকৃতি।
অশ্লীলতা; অশালীনতা [৬০৮]; বেলেল্লাপনা [২৪৬]; অশিষ্টতা।
সৌন্দর্যবোধহীনতা, সৌন্দর্যজ্ঞানহীনতা।
কলঙ্ক, কলঙ্কময়তা, মালিন্য, মলিনতা [দ্র ৫২০]।
বিণ· অসুন্দর, শ্রীহীন, বিশ্রী, বিচ্ছিরি, শ্রীভ্রষ্ট, কুৎসিত, অরুচির, শোভাহীন, অসৌম্য।
অশিব।
অশোভন, বেমানান।
বিকট, মন্দ, উৎকট, জঘন্য [দ্র ৫৫৭], কদর্য, খাস্ত, বীভৎস।
অশ্লীল, অশিষ্ট, অমার্জিত।
কুদর্শন, দেখতে খারাপ, খারাপ দেখতে, অসৌম্যমূর্তি, অসৌম্যদর্শন, কুৎসিদ্দর্শন।
কদাকার, বেডৌল, কুতনু, বেঢপ, বেঢং।
অদ্ভুদ্দর্শন, কিম্ভূতকিমাকার, কিম্ভূত, আচাভুয়া, আচাভুয়ো, জবরজং, বিতিকিচ্ছিরি, বিদঘুটে, বিটকেল, বিটকেলে, বিকটাকার; ঘোরদর্শন, ভীমদর্শন, বীভৎসাকার, ভীষণদর্শন।
লাবণ্যহীন, রূঢ়, রুক্ষ, কাঠকাঠ, কাঠখোট্টা; মলিন [দ্র ৫২০]।
গতশ্রী, বিগতশ্রী, হতশ্রী, ভগ্নশ্রী।
কুরুচিকর, কুরুচিপূর্ণ, কুরুচিসম্পন্ন; বিকৃতরুচি।
বিণ·/বি· কুরূপ, কুপুরুষ, কুশ্রী, কুচ্ছিত।
কেলোকার্তিক; লোহার কার্তিক।
অসুন্দরী, কুরূপা, রূপহীনা, কুদর্শনা, বিরূপিকা; রূপের ধুচুনি; প্যাঁচা, পেঁচি; খেঁদি।
উচকপালী, ঢিপলি। নিস্তনী, স্তনহীনা।
সৌন্দর্যবোধহীন, সৌন্দর্যজ্ঞানহীন, অসুন্দরের পূজারি।

৫২৮ মুণ্ডন

বি· মুণ্ডন, মুড়োনো-, মুড়ানো-।
মাথামুড়োনো-, মস্তকমুণ্ডন, নেড়া হওয়া-, চুল ফেলা-, মাথা কামানো-।
কামানো-, ক্ষৌরকর্ম, ক্ষৌর, খেউরি, ক্ষৌরকরণ, ভদ্রাকরণ, হাজামি।

দাড়ি কামানো-, দাড়ি কাটা-, দাড়ি চাঁছা-, ক্ষৌরি।
চুলকাটা-, চুলছাঁটা-; ছাঁটা-, ছাঁটাই।
ক্ষুর; ব্লেড; সেফটি রেজার; ইলেকট্রিক শেভার। দাড়িকামানো সাবান; ব্রাশ, শেভিং ব্রাশ।
নাপিত, ক্ষৌরকার, ক্ষৌরিক, পরামাণিক, প্রামাণিক, নরসুন্দর, হাজাম, হাজামত, মুণ্ডক, মুণ্ডী, ক্ষুরী।
সেলুন, হেয়ার কাটিং সেলুন।
কামানি। নবুন; নেলকাটার, নখকৃন্তনী, নখকৃন্তন, নখকুট্ট।
বিণ· মুণ্ডিত।
মুণ্ডিতকেশ, ন্যাড়া(হ), নেড়া, মুণ্ডিতমস্তক।
[**বিপ·**] আকামানো-, না কামানো; অমুণ্ডিত।

৫২৯ প্রসাধন

বি· প্রসাধন, পরিকর্ম, মণ্ডন, বৃষণ। রূপসজ্জা।
অঙ্গসজ্জা, দেহসজ্জা, অঙ্গসংস্কার(ক), অঙ্গসেবা(ক); বিচ্ছিত্তি।
সাজা-, সাজগোজ(ক), সাজাগোজা-, সাজ, সজ্জা, সাজসজ্জা; বেশভূষা [দ্র ৫০৮]। সাজানো-, সজ্জন, সজ্জিতকরণ, সজ্জনা; অলংকরণ, অলংক্রিয়া।
রূপচর্চা, সৌন্দর্যচর্চা। শৃঙ্গার।
স্নান [দ্র ৮১]। মাথা ঘষা।
উদ্বর্তন; গন্ধদ্রব্য লেপন; সেন্ট মাখা-; আতরলাগানো-।
মুখসজ্জা; মুখচিত্রণ; রূপসজ্জা, মেকআপ।
নখচর্চা, ম্যানিকিওর। পদচর্চা, পেডিকিওর। কেশবিন্যাস [দ্র ৫৩০]। ফেসিয়াল।
সাজঘর, প্রসাধনকক্ষ, গ্রিনরুম। প্রসাধনকেন্দ্র, বিউটিপারলার।
প্রসাধনী, প্রসাধনদ্রব্য, প্রসাধন সামগ্রী; চার্চিক্য, অঙ্গরাগ, অঙ্গপ্রসাধন, অঙ্গলেপ, কসমেটিকস।
সুগন্ধি, সুরভি, গন্ধসার, সারগন্ধ, গন্ধদ্রব্য; আতর; চন্দনী; কস্তুরী, মৃগনাভি; কোলন, ওডিকোলন; সেন্ট, এসেন্স, পারফিউম, অটো।
চন্দন, অগুরুচন্দন, অগুরু, অগরু, অগোর; রক্তচন্দন, লালচন্দন; দেবকর্দম; অর্কচন্দন; বরচন্দন; কুচন্দন; পীতচন্দন, পীতসার, হরিচন্দন, শ্রীখণ্ডচন্দন; কৃষ্ণচন্দন, কৃষ্ণাগুরু, কালাগুরু; শ্বেতচন্দন।
কাজল, কজ্জল, কাজর, অঞ্জন, আঁজন; রসাঞ্জন, সুর্মা; অগ্নিসার; নেত্ররঞ্জন, নেত্রলেপ, চক্ষুরাগ; স্রোতোঞ্জন, সৌবীরাঞ্জন, সৌবীরক। আইলাইনার; আইশ্যাডো; মাস্কারা।
কাজললতা; সুর্মাদান, সুর্মাদানি।
ওষ্ঠরাগ, ওষ্ঠরঞ্জনী, অধররঞ্জনী, অধররাগ; লিপস্টিক; লিপগ্লস।
নখরঞ্জনী; নেলপালিশ। কুমকুম, কুঙ্কুম, শৈরিক। রোলি।
আলতা [৫৩৩], লক্তক, অলক্তরস, যাবক, যাব, লাক্ষারস, লাক্ষা, জতুরস, অলক্তক, অলক্ত, অলক্তরাগ।
পাউডার; ট্যালকম পাউডার; বডি পাউডার; ফেস পাউডার, কমপ্যাক্ট পাউডার; ফেসপ্যাক।
ক্রিম; ভ্যানিশিং ক্রিম; কোল্ড ক্রিম।
স্নো। ময়েশ্চারাইজার।
রুজ।
প্রলেপ; রূপটান।
সিঁদুর, সিন্দূর, সীমন্তক, রক্তচূর্ণ; শৃঙ্গার, শৃঙ্গারভূষণ; মেটে সিঁদুর, সীস সিঁদুর; নাগ, নাগসিন্দূর, নাগগর্ভ।
মেহেদি, মেহেন্দি [৫৩৩]।
টিপ, ফোঁটা, বিন্দু, টিক্কা, টিকা, বিন্দি, পৃষৎ, বুঁদি, বুঁদ; তিলক, তিলকা, ললাটিকা। অলকাতিলক, অলকাতিলকা, তিলক ফোঁটা; পত্রলেখা, পত্রবল্লী, পত্রাবলি, পত্রভঙ্গ। রসকলি। পুণ্ড্র, পুণ্ড্রক, পুণ্ড; ত্রিপুণ্ড্র, ত্রিপুণ্ড্রক। উলকি, গোদনা।
বিণ· প্রসাধিত, সজ্জিত, মণ্ডিত, বৃষিত, ভূষিত, শোভিত; শৃঙ্গারী।
প্রসাধিতা, সজ্জিতা, মণ্ডিতা, সুসজ্জিতা, সুশোভিতা, শোভিতা, সসজ্জিতা; শৃঙ্গারিণী।
সজ্জ, সজ্জীভূত, সসজ্জ, সসাজ।
বিণ·/বি· প্রসাধিকা, প্রসাধক।
প্রসাধনকারী, প্রসাধনকারিণী।
রূপসজ্জাকর, রূপসজ্জাশিল্পী; পরিকর্মা, পরিকর্মী; অলংকর্তা, অলংকরিষ্ণু; মেকআপম্যান।
বিপ প্রসাধনহীন; অনঞ্জন, অসজ্জিত, অশোভিত।

৫৩০ কেশবিন্যাস

বি· কেশবিন্যাস, কেশসংস্কার, কেশসজ্জা, কেশপ্রসাধন, কেশকর্ম, হেয়ার ড্রেসিং। চুলকাটা [দ্র ৫২৮]। চুল [দ্র ৬৪·১৩]।
চুলেব বাহার, কেশবেশ, কেশবিলাস; হেয়ার স্টাইল; হেয়ার ডু।
কোঁকড়া চুল, কোঁকড়ানো চুল, কুঞ্চিত কেশ, আকুঞ্চিত কেশ। ঢেউখেলানো চুল; চূর্ণকুন্তল, অলক, অলকাবলি, অলকদাম, কর্করাল, কুরুল, খঙ্কর; কেশদাম [দ্র ৬৪·১৩]। গুচ্ছচুল, ঝাঁকড়া চুল। লম্বাচুল, বড় চুল; লম্বিতচুল, লম্বিতকেশ, আজানুলম্বিত চুল, পুলস্তি। বাবরি, বর্বরীক, বর্বর। ছোট চুল, ছাঁটাচুল; ববছাঁট চুল, বব্‌ড হেয়ার। স্টেপস।
মুক্তকেশ, এলোকেশ, এলোচুল, আলুলায়িত কেশ, মুক্তবেণী, অবেণীবদ্ধ কেশ, খোলাচুল, ছাড়া চুল, শিথিল কবরী।
চুল বাঁধা-, কবরী বন্ধন; বেণী সংহার।
বেণী (ক, বাঁধা-), বিনুনী; বেড়াবেণী; পনিটেইল, ব্যাটেইল।
খোঁপা, কবরী, ধম্মিল, ধম্মিল্ল, যুক্তবেণী; ধুড়বুড়ি; ধুদ্ধুড়ি; এলোখোঁপা; চুড়ো খোঁপা, টপনট; কানড় খোঁপা, কানড়, কানড়া; ডোনাট।
ফ্রেঞ্চরোল; পাটিখোঁপা; ঝুঁটি।
আঁচড়ানো-, চুল আঁচড়ানো-, মাথা আঁচড়ানো-,

কেশসংস্কার, কেশমার্জন ; বিলেখন, বিলিকাটা-। ব্যাকব্রাশ।

সিঁথি, সীমন্ত, সিঁথিপাটি, কেশবীথি ; টেরি(বাগানো-) ; অ্যালবার্ট ; সিঁথিকাটা-, সিঁথিবিন্যাস(ক), সীমন্তরচনা(ক)।

পরচুলা, উপকেশ, উইগ।

জুলপি, জুলফি, কানঝাপটা, কানপাটা [দ্র ৬৪·১৩] ; সাইডলক।

চিরুনি, কেশমার্জক, কাঁকই, কাঁকুই, কঙ্কতিকা, কঙ্কতী, কাঙ্গা, কাঙ্গী।

চুলের ফিতে ; রেশমি ফিতে, জাদ ; টাস্‌ল ; গুছি ; চুলের কাঁটা, মাথার কাঁটা, হেয়ারপিন ; চুলের ক্লিপ, হেয়ার ক্লিপ, গুঁজিকাঠি।

মাথার তেল, কেশতৈল, চুলের তেল ; গন্ধতেল ; ফুলেল তেল ; তিল তেল ; নারকেল তেল ; আমলা তেল ; ইঙ্গুদি তেল ; মাথার ক্রিম ; পমেটম।

কলপ, খেজাব ; কেশরঞ্জনী [৫৩৩], কেশরঞ্জন ; মাইফল, মাজুফল।

মাথা ঘষা- ; শ্যাম্পু(ক)।

চুল ভেজানো-, চুল শুকানো- ; হেয়ার ড্রায়ার।

খোঁপার ফুল, গর্ভক।

বিণ· সুকেশী, কেশবতী ; সুকেশ [৫২৬]। কুন্তলা।

এলোকেশী, মুক্তকেশী।

ধূম্রকেশী, ধূম্রকেশা, ধূম্রকেশিনী।

বিণ·/বি· কেশকার, কেশবিন্যাসকারী, কেশকারী ; হেয়ার ড্রেসার।

নাপিত [দ্র ৫২৮], নাই, নাপতেনি, নাপিতানী, নাপিতিনী।

৫৩১ অলংকার

বি· অলংকার, গয়না, গহনা [৪৩৮·১৪], ভূষণ, বিভূষণ, ভূষা, আভরণ, অবতংস, মণ্ডন, কঞ্চুল, কলাপ, বিভূষা, আকল্প, জেয়র ; গয়নাগাটি, গহনাগাটি।

সোনার গয়না, স্বর্ণালংকার, স্বর্ণভূষণ [৪৭৯·৭৯]।

রুপোর গয়না, রৌপ্যালংকার [৪৭৯·৪৭]।

রত্নালংকার [৫০৪], রত্নাভরণ, রত্নভূষণ, জড়োয়া গহনা ; সেটিং-এর গয়না, পাথরবসানো গয়না।

পুষ্পালংকার, পুষ্পসাজ, ফুলসাজ, ফুলের গয়না, পুষ্পাভরণ, পুষ্পভূষণ।

গয়নার বাক্স, মণিমঞ্জুষা ; বর্মিবাক্স।

ভূষণধ্বনি, ভূষণশব্দ ; শিঞ্জন [৪৩৩], শিঞ্জা, শিঞ্জ।

বিণ· অলংকৃত, ভূষিত, মণ্ডিত, বিভূষিত, বৃষিত, সমলংকৃত, উপশোভিত।

ভূষিতা, বিভূষিতা, পরিশোভিতা, সালংকারা ; স্বর্ণভূষিতা, স্বর্ণভূষণা, রত্নমণ্ডিতা, রত্নভূষণা, রত্নশোভিতা।

রত্নখচিত, রত্নমণ্ডিত, রত্নময় ; স্বর্ণময়, সোনায়মোড়া ; স্বর্ণমণ্ডিত, স্বর্ণখচিত ; রুপোয় মোড়া, রৌপ্যময়।

বিণ·/বি· স্যাকরা, স্বর্ণকার, মণিকার, স্বর্ণব্যবসায়ী, স্বর্ণবণিক, সুবর্ণবণিক, সোনার বেনে [দ্র ৪৩৮·১৫] ; জহুরি [৫০৪], জহরত ব্যবসায়ী, রত্নবণিক, জুয়েলার। তারকষ।

মালাকার, পুষ্পাজীব [৪১]।

[অলংকার বৈভিন্ন্য] শিরোভূষণ [৫০৯], শিরোমণি ; শেখর, কিরীট, মৌলি, মৌড়, মোড়, মোর ; মুকুট, মুটুক ; সিঁথিমৌর ; তাজ ; কলগি, কলগা ; টোপর, শোলার টোপর।

ললাম, ললাটভূষণ, ঝাঁপটা, ঝাঁপা ; টায়রা ; তোরা ; টিকলি।

কেশভূষণ ; চিরুনি, চিরনি, কুরীর ; কাঁটা ; কবরীভূষণ ; বেলকুঁড়ি কাটা ; গুঁজি ; বাগান।

কান বিঁধানো-, কান ফোঁড়ানো-, কান ফোঁড়া-, শ্রবণ বেধ, কর্ণবেধ ; কানের বিঁধ, কানের ফুটো।

কর্ণালংকার, কর্ণভূষণ, কর্ণাবতংস, কর্ণিকা, কর্ণাভরণ, কানের গয়না, কর্ণপূর, কর্ণবেষ্ট, কর্ণবেষ্টন, কর্ণপালী ; কানতড়কা, তরপত ; কর্ণদর্পণ, কর্ণকুণ্ডল, কর্ণমালা ; বউলি ; চৌদানি, দুল, কানের দুল, ইয়ারিং ; টাব ; মাকড়ি ; ঝুমকো, ঢেঁড়িঝুমকো, ঢেঁড়ি ; পাশা, কানপাশা ; কানবালা ; কান ; বীরবৌলি ; কুণ্ডল, মকরকুণ্ডল।

নাকছাবি, নথ, টানানথ ; নোলক, লোলক, বেশর।

গলার গয়না, কণ্ঠালংকার, কণ্ঠভূষণ, কণ্ঠভূষা, কণ্ঠাভরণ, কণ্ঠমালী, গ্রৈবেয়ক, প্রালম্বক, প্রালম্বিকা, প্রালম্ব, বিম্বকি ; উরোভূষণ ; হার, কণ্ঠহার, মালা, মাল্য, মালিকা, কণ্ঠমালিকা, স্রক্, চেইন, চেইনহার ; পেনডেন্ট ; নেকলেস ; চিক ; শেলি, কণ্ঠী ; হাঁসুলি, হাঁসলি, হেঁসেহার, হেঁসোহার ; ললম্ভিকা, মফ চেইন ; একনরী, একাবলী ; সীতাহার ; সাতলহরী, সাতনরী ; পাঁচলহরী, পাঁচনরী ; চারনরী ; গোস্তন ; মটরমালা ; মণিহার, মণিমালা ; ফুলোহার ; ইন্দ্রচ্ছদ ; অর্ধহার ; দমাহার ; দড়াহার, রশ্মিকল্প ; মেথিহার ; গোটহার ; সাপহার ; চন্দ্রহার ; বিজয়চ্ছদ, গুঞ্জহার ; গুঞ্জমালা ; গোপহার ; একাবলী ; মণিসর ; পুঁতি, পুঁতির মালা ; বিছেহার ; পাটিহার ; মঙ্গলসূত্র। লকেট, মধ্যমণি, ধুকধুকি, ধুকধুকানি ; পদক।

বিণ· স্রগ্ধর, মাল্যভূষিত ; স্রগ্ধরা, মাল্যধারিণী।

বি· বাহুভূষণ, বাহুভূষা, বাহুবন্ধ, বাজুবন্ধ, বাজু ; তাবিজ, তাগা, তাড়, টাড়, অনন্ত, আর্মলেট, অঙ্গদ, কেয়ূর।

করভূষণ ; চুড়ি, বুলি, বালা, বলয়, কঙ্কণ, কাঁকন ; বাউটি, চুড় ; জশম, মানতাসা ; রতনচুড় ; খাড়ু, খাড়ুয়া ; পঁইছা ; ব্রেসলেট ; রিস্টলেট।

শাঁখা, শঙ্খবলয় ; লোহা, নোয়া। রাখি, প্রতিসর।

কটিভূষণ ; গোট, চন্দ্রহার ; মেখলা ; কাঞ্চি ; কিঙ্কিণী ; রসনা, সারসন ; ঘুনসি, কড়সি, কটিসূত্র ; টোরা ; কটিবন্ধ, কোমরবন্ধ, কটিত্র ; সপ্তকী।

আংটি, অঙ্গুরি, অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক ; বরণাঙ্গুরি ; এনগেজমেন্ট রিং।

পদভূষণ, চরণালংকার, পাদাঙ্গদ, চরণভূষণ ; নূপুর, মঞ্জীর, কিঙ্কিণী, ঘুঙুর, ঘাঘর, ঘাগর, পায়জোর, পাইজর ; পাশুলি, পাষক, পাদকটক, পাতামল ; মল, বাঁকমল, গুরবাঁধ, গোড়বালা ; তোড়া ; গুজরি, গুজরিপঞ্চম ; অঙ্গোট, আনোট ; চুটকি ; শিঞ্জিনী।

ব্রোচ, ব্রুচ ; লেসপিন।

[বিপ·] অনলংকৃত, অভূষিত, নিরাভরণ, নিরলংকার, অলংকারহীন, আভরণহীন, অমণ্ডিত।

৫৩২ প্রলেপ

বি· প্রলেপ, লেপ, আস্তর, অস্তর, আস্তরণ, উপলেপ, উপলেপন, অনুলেপ, অবলেপ।

লেপা- [৫০৬], লেপন(ক), প্রলেপন, অনুলেপন, আলেপ, আলেপন, বিলেপন, বিলেপ, মলন, মাখানো-, ম্রক্ষণ।

নিকানো, লেপাপোঁছা(ক)।

পালিশ(ক)। চুনকাম(ক) [১৯০·১২], কলি ফেরানো-। ডিসটেম্পার(ক)। এনামেল(ক), আরাশ, কলাই(ক), মিনা(ক), মিনে(ক)। স্প্রে পেইন্টিং। কোটিং; প্লেটিং; ইলেকট্রোপ্লেটিং; জিঙ্কপ্লেটিং; নিকেল প্লেটিং; ক্রোম প্লেটিং; গোল্ড প্লেটিং; গ্যালভানাইজিং।

পোঁচ, পোঁচরা; কোট, কোটিং; ছোপ।

পলস্তারা; লাইনিং।

লেপানো।

বিণ· প্রলিপ্ত [৫০৬], লিপ্ত, অবলিপ্ত, অনুলিপ্ত, উপলিপ্ত, প্রদিগ্ধ।

লেপনীয়, লেপ্য।

বিণ·/বি· লেপক, প্রলেপক।

৫৩৩ রং

বি· রং, রঙ, বর্ণ, আভা, রাগ, কয়রা।

রঞ্জকদ্রব্য, পেইন্ট।

রঞ্জন, অনুরঞ্জন, রং করা-, রং লাগানো-, রাঙানো-, রঙ্গন, রঙ্গানো-, ছোপানো-, ছুপানো-।

রং ধরা-, রং লাগা-, ছোপ ধরা-, ছোপ লাগা; ছোপ; কষ ধরা-; কষ লাগা-।

বর্ণময়তা; বর্ণসুষমা; বর্ণচ্ছটা; বর্ণবৈচিত্র্য; রঙের পরশ, রঙের ছোঁয়া। রং বেরং, রঙ্গবিরঙ্গ, বিরঙ্গ। বর্ণালি।

আবির, ফাগ, ফাগু, গুলাল, ফাগুয়া, আম্বর, ফল্গু।

আলতা [দ্র ৫২৯]।

চুরিবিদ্যা, মহাবিদ্যা।

রাহাজানি; ছিনতাই, ছিনানো-, ছিনন, ছিনিয়ে নেওয়া-; অপহরণ(ক), হরণ(ক), অপহার, অপাহরণ, কাড়া-, কেড়ে নেওয়া-, কাড়ন, বিহুতি।

সিঁধকাটা-, সিঁধদেওয়া-; তালাভাঙা-। গৃহভেদ(ক)। সিঁধকাঠি।

পকেটমারা-, পকেটকাটা-, গাঁটকাটা-। মারা-, মেরে দেওয়া-; গায়েব(ক), হাতানো-; হাতসাফাই(ক), হস্তলাঘব, হস্তকৌশল; সরানো-; হজম(ক)।

তছরুপ(ক), তহবিল তছরুপ; ধনাপহরণ; তহবিলভাঙা-, সিন্দুক ভাঙা-, ক্যাশভাঙা-। আত্মসাৎ(ক), ব্যপহরণ(ক), ডিফালকেশন; পরস্বহরণ, পরস্বাপহরণ। সর্বস্বাপহরণ(ক), সবকিছু নেওয়া-।

পাচার(ক); চোরাচালান, স্মাগ্‌লিং।

চক্ষুদান(ক); হাতটান(থাকা-)।

লুঠ(ক) [দ্র ৫৬৫]।

পুকুর চুরি। দিনে ডাকাতি; দুঃসাহসিক চুরি।

ছেলে চুরি। মেয়ে চুরি।
হরণেচ্ছা, জিহীর্ষা।
চোরাইমাল, লুঠের মাল, বমাল, বামাল, লোত, লোথ, লোপ্ত্র , দায়মাল।
বিণ· অপহৃত, হৃত, চোরিত ; লুণ্ঠিত ; কবলিত, কবলীকৃত [দ্র ৭২৪], মুষিত, অপহারিত, বিহৃত।
হরণযোগ্য, হার্য, হরণীয়।
চোরাই, চৌর।
বিণ·/বি· চোর, তস্কর, চোরা, চোট্টা, চোরচোট্টা, চোরছ্যাচোড়, ছ্যাচোড়, জোচ্চোর, জুয়াচোর ; কপাটঘ্ন, কুলম্ভর, মুষ্ক, স্তেয়ী ; তঞ্চক, বাটপাড়, জালিয়াত [দ্র ৫৪৮]। নক্তচর।
ধনহর, ধনহরী, ধনহারী, ধনহর্তা, ধনহারক, ধনাপহারক, হোড়া।
কুম্ভিল, কুম্ভিলক [৪১৭]।
অপহারক, অপহরণকারী, হর্তা, হরণকারী, হারক, অপহারী, অপহর্তা, হৃৎ, হরণকর্তা [৭১৫] ; রাহাজান ; ছিনতাইকারী, পরস্বহারী, পরস্বাপহারী।
হরণেচ্ছু, জিহীর্ষু।
সিঁধেল ; সিঁধেলচোর, খানিল, অধশ্চৌর ; সন্ধিহারক, সন্ধিচৌর ; ছিঁচকেচোর।
পকেটমার, পিকপকেট ; গাঁটকাট্টা, গ্রন্থিচ্ছেদক, উচক্কা।
দাগি, মার্কামারা ; ঘাগু, ঘাগি, ঝানু। পাকাচোর।
চোরাচালানদার, স্মাগ্লার, চোরাচালানকারী।
ছেলেধরা।
ক্রি-বিণ· বামাল [৬৭২], মালসমেত। ডেড়েমুষে।

৫৬৫ ডাকাতি

বি· ডাকাতি(ক) ; ডাকাতপড়া- ; দস্যুবৃত্তি, দস্যুতা।
লুট(ক), লুঠ [৫৬৪], লুণ্ঠন(ক), লুটে নেওয়া, লোটা-, লুঠতরাজ, লুটপাট(ক) ; তরাজ ; প্রসহ্যহরণ, অভ্যাহার, অভিগ্রহণ ; পাইরেসি ; জলদস্যুতা, সমুদ্রচৌর্য।
কাড়া-, কেড়ে নেওয়া ; ছিনানো-, ছিনিয়ে নেওয়া-, ছিনতাই [দ্র ৫৬৪]। রাহাজানি [দ্র ৫৬৪]।
দিনে ডাকাতি।
বিণ· ডাকাতে।
লুণ্ঠিত, লুঠিত। অপহৃত [৫৬৪]।
বিণ·/বি· ডাকাত, ডাকু ; দস্যু ; প্রসহ্যচৌর, পিণ্ডারী ; লুঠেরা, লুটেল, লুঠেল, লুটেরা, লুণ্ঠনকারী, লুণ্ঠক।
ঠগী, ঠগ।
ঠ্যাঙাড়ে।
জলদস্যু, সমুদ্রচৌর, বোম্বেটে, হার্মাদ।

৫৬৬ শাস্তি

বি· শাস্তি(দে, পা) [৬৬৭], দণ্ড(দে, পা), সাজা(দে, পা), নিগ্রহ [দ্র ৬৮৮]। নাকাল করা- [৩৪৯], বেকায়দায় ফেলা-, ঘোলখাওয়ানো- ; ফাঁদে ফেলা- ; ল্যাজে গোবরে করা-। প্রহার [দ্র ৬৮৮]।
দণ্ডন, দণ্ডিতকরণ, শাস্তিবিধান(ক), দণ্ডবিধান(ক)।
দমন, শাসন, শায়েস্তা [দ্র ৬৯৮] ; টিট(ক) ; জব্দ(ক)।
শাস্তি ভোগ(ক)। পাপের শাস্তি ; কর্মফল ; পাপের ভোগ ; কপালের ভোগ।
দণ্ডনীতি ; দণ্ডবিধি ; পেনালকোড।
দণ্ডাদেশ, দণ্ডাজ্ঞা, কনভিকশন।
উচিতশাস্তি ; যেমন কর্ম তেমনি ফল ; যেমন কুকুর তেমনি মুগুর।
কঠিন শাস্তি, কঠোর সাজা ; ভারি সাজা। হাল্কা শাস্তি। লঘুপাপে গুরুদণ্ড।
কারাদণ্ড, জেল(হ), শ্রীঘরবাস(ক), হাজতবাস, কয়েদ, জেলখাটা [দ্র ৬৭২], জেলের ভাত খাওয়া- ; ঘানি টানা-। সশ্রম কারাদণ্ড ; অশ্রম কারাদণ্ড, বিনাশ্রম কারাদণ্ড। যাবজ্জীবন কারাদণ্ড।
মৃত্যুদণ্ড [দ্র ৫৮], প্রাণদণ্ডাদেশ, বধাজ্ঞা, ফাঁসির হুকুম ; ফাঁসি, গলরজ্জু ; শিরশ্ছেদন(ক), গর্দান নেওয়া-, দণ্ডমুণ্ড ; শূলে চড়ানো- ; গিলোটিনে দেওয়া-।
জরিমানা, অর্থদণ্ড, ফাইন।
নির্বাসন [৬৫০], প্রব্রাজন, বিপ্রবাসন, দ্বীপান্তর, দ্বীপচালান, পুলি পোলাও, কালাপানি ; চিরনির্বাসন।
নাকে খত(দে) ; থুতু চাটা-।
তিরস্কার, ভর্ৎসনা [দ্র ১১২]। পদাঘাত [দ্র ৬৮৮]।
প্রহার(ক) [দ্র ৬৮৮], পিটানো-, ঠ্যাঙানো-। ধোলাই দেওয়া-, রামধোলাই(দে) ; পিঠের চামড়া তোলা- ; হাড়মাস আলাদা করা- ; হাড় গুঁড়ো করা-। ঘুষি, কিল ; চড়, থাপ্পড় [দ্র ৬৮৮]। থার্ড ডিগ্রি। তুবুমঠোকা।
বেত্রাঘাত, বেত্রদণ্ড [দ্র ৬৮৮]। বেতানো-, কশানো- ; লগুড়াঘাত। চাবকানো-, কশাঘাত, চাবুক মারা-।
নীলডাউন ; বেঞ্চের ওপর দাঁড়ানো-।
মাথায় ঘোল ঢালা। উলটো গাধায় চড়ানো-। মাথা মুড়িয়ে ঘোল ঢালা-। একঘরে করা- ; ধোপানাপিত বন্ধ।
বিণ· দণ্ডনীয়, শাস্তিযোগ্য, দণ্ডার্হ, দণ্ড্য, দণ্ডাধীন, দণ্ডযোগ্য।
শাস্তিমূলক, দণ্ডমূলক।
বিণ·/বি· শাস্তিদাতা, দণ্ডদাতা, দণ্ডবিধাতা, দণ্ডনায়ক ; নিগ্রাহক, দণ্ডী। দণ্ডিত, শাস্তিপ্রাপ্ত।
শাস্তিপ্রাপ্ত, দণ্ডপ্রাপ্ত, দণ্ডগ্রাহ্য, দণ্ডিত।
নির্বাসিত [৬৫০], প্রবাসিত, প্রব্রাজিত ; চিরনির্বাসিত।
জল্লাদ ; ফাঁসুড়ে [দ্র ৫৮]।

৫৬৭ অনপরাধ

বি· অনপরাধ, অপরাধহীনতা, অপরাধশূন্যতা, দোষহীনতা ; নিরীহতা ; সারল্য [দ্র ৫৪৭]।
দোষস্খালন(ক), নির্দোষপ্রমাণ(ক) ; সাফাই(গা)।
বেকসুর খালাস ; খালাস।
বিণ·/বি· নিরপরাধ, নির্দোষ, নির্দোষী, অনপরাধী, বেকসুর, অকৃতাপরাধ, নির্ব্যলীক, অনাদীনব ; নিরত্যয়।
অকলঙ্ক, অকলঙ্কিত, অকলঙ্কী, নিষ্কলঙ্ক, অকলুষ, অকলুষিত। অনঘ, নিষ্কলুষ ; নিষ্পাপ [দ্র ৫৯০]।
নিরীহ, সরল [দ্র ৫৪৭]।
ক্রি-বিণ· বেকসুর ; নির্দোষপ্রমাণে।

২২ তেজ-দহন-বিদ্যুৎ

৫৬৮ শক্তি

বি· শক্তি, তেজ [৬৯১], এনার্জি।

কর্মশক্তি, কর্মক্ষমতা [দ্র· ৩৩৭], ক্ষমতা, সামর্থ্য, সক্ষমতা; তাকত; মুরোদ; কার্যকারিতা।

বল, জোর, ফোর্স। চাপশক্তি।

শক্তিমত্তা, বলবত্তা, বলশালিতা, শক্তিশালিতা।

পরিশ্রম, শ্রম [দ্র ৩২৫]।

গায়ের জোর, বাহুবল [দ্র ৬৯১], পেশিবল, পেশিশক্তি।

জোর খাটানো-, বল প্রয়োগ(ক), জোর দেওয়া-, শক্তিপ্রয়োগ(ক), চাপা-, চাপ দেওয়া-, চাপন; টেপা, টিপুনি(দে), টিপে দেওয়া-।

যান্ত্রিকশক্তি, মেকানিক্যাল এনার্জি।

সৌরশক্তি, সূর্যশক্তি; বিদ্যুৎশক্তি, ইলেকট্রিসিটি; তাপশক্তি; চুম্বকশক্তি; আলোকশক্তি; জলশক্তি; টাইডাল পাওয়ার; বায়ুশক্তি; পরমাণুশক্তি, নিউক্লিয়ার এনার্জি।

তেজস্ক্রিয়তা, তেজস্ক্রিয়া [৫০৫, ৩৩]।

জ্বালানি [দ্র ৪৯৮, ৫৭২], ইন্ধন।

বলবিদ্যা, মেকানিকস। তাপগতিবিদ্যা, থারমোডিনামিকস।

অশ্বশক্তি, হর্সপাওয়ার, ঘোড়া; ওয়াট; কিলোওয়াট; মেগাওয়াট।

দম দেওয়া-, শক্তিদেওয়া-।

বিণ· শক্তিশালী, শক্তিমান, ক্ষমতাসম্পন্ন, ক্ষমতাবান; উচ্চক্ষমতাসম্পন্ন।

বলিষ্ঠ, বলবান [দ্র ৬৯১]; শক্ত, সমর্থ, সক্ষম; মজবুত [দ্র ৩৫৯]।

দুর্বার, অপ্রতিরোধ্য, দুর্নিবার [দ্র ৬৯৩]।

তেজস্কর, তেজস্ক্রিয়, রেডিও অ্যাকটিভ।

৫৬৯ তাপ

বি· তাপ, উত্তাপ, উষ্ণতা, উষ্ণত্ব, উষ্মা, উষ্ম, উষ্মতা, ঔষ্ম্য, ঔষ্ণ্য, গরমি, তাত, জ্বাল।

আঁচ, হলকা, অগ্নিপ্রভা, ঝলকা, ঝলকানি; ঝাঁঝ, ঝাঁজ; ভাপ; জ্বর; তাপমাত্রা।

আগুন [দ্র ৫৭১]। রৌদ্র [দ্র ৩৫]। দহন [দ্র ৫৭২]। সৌরতাপ [দ্র ৩৫]।

তাতা-, তেতে ওঠা-, গরম হওয়া-; গরম করা-, তাতানো-, তাপ দেওয়া-, তাপন, তাপা-, উমানো-; তাপানো-, তাতন, উত্তাপন, তাওয়ানো-।

গরমানো-, হাতাল; সেঁকা-, সেঁক দেওয়া-; ভাপানো-; জ্বাল দেওয়া-; ফুটানো-; ছ্যাঁকা; ঝলসানো-, ঝল্ক।

তাপাধিক্য।

তাতাল। ইস্তিরি। হিটার [দ্র ৫৭১]।

তাপমাত্রা, তাপমান।

তাপমানযন্ত্র, থার্মোমিটার; সেন্টিগ্রেড, সেলসিয়াস; ফারেনহিট; কেলভিন; রোমার।

থার্মোফ্লাস্ক। থার্মোস্ট্যাট।

গরমকাল, গ্রীষ্মকাল [দ্র ১৬০·১]।

বিণ· গরম(ক), তপ্ত, উষ্ণ, উত্তপ্ত(ক), আতপ্ত, উত্তাপিত, প্রতপ্ত, তাপপ্রাপ্ত, তাপিত, অভিতপ্ত, তাতল; অতিতপ্ত, অগ্নিতপ্ত, আগুনগরম, অত্যুষ্ণ, অগ্নিতুল্য, অগ্নিকল্প, আগুনে।

কবোষ্ণ, কদুষ্ণ, ঈষদুষ্ণ, কুসুম কুসুম; ধারোষ্ণ; মন্দোষ্ণ; জ্বরিত।

গুমট, ভ্যাপসা [দ্র ১৬০·১]।

গনগনে, দগদগে, টকটকে।

তপনীয়, তাপনীয়। তাপক। তাপীয়।

তাপনম্য; তাপসহ।

গ্রীষ্মপ্রধান।

বি· তাপগতিবিদ্যা, থার্মোডিনামিকস।

৫৭০ শীতলতা

বি· শীতলতা, শীত, ঠাণ্ডা, শৈত্য, হিম, শীতীভাব, জাড়, কাল।

বরফ [দ্র ২৩]। তুষারপাত [দ্র ২৩]। শীতকাল [দ্র ১৬০·৫]।

শীতপড়া-, শীতাগম, ঠাণ্ডাপড়া-; শৈত্যপ্রবাহ, কোল্ডওয়েভ; উত্তুরে হাওয়া-। শৈত্যাধিক্য, শীতাধিক্য।

শীতকরা-, শীতলাগা, শীতধরা-; ঠাণ্ডায় জমে যাওয়া-; হাত পা জমে যাওয়া; হাত পা অবশ হয়ে যাওয়া; ছ্যাঁৎ করা-।

হিমমণ্ডল, হিমবৃত্ত; ঠাণ্ডার দেশ; শীতের দেশ; শীতপ্রধান দেশ; মেরুঅঞ্চল।

ঠাণ্ডা করা-, কালানো-; জুড়ানো-; হিমায়ন, হিমক্রিয়া [দ্র ২৩], শীতলীকরণ, রেফ্রিজারেশন। অতিহিমায়ন; ক্রায়োজিনিক্স। হিমাঙ্ক।

রেফ্রিজারেটার; কুলার; ওয়াটার কুলার; এয়ারকন্ডিশনার; বরফকল; হিমঘর, কোল্ডস্টোরেজ।

আইসব্যাগ; আইসবক্স।

বিণ· ঠাণ্ডা, শীতল, হিম, হিমশীতল, হৈম, হিমেল, হিমল, হিম্য, কাল, বরফঠাণ্ডা; সুশীতল, স্নিগ্ধ, অনুষ্ণ, অনুত্তপ্ত, সুস্নিগ্ধ, স্নিগ্ধকর, মেদুর।

শীততাপনিয়ন্ত্রিত, শীততাপনিয়ন্ত্রিত, এয়ারকন্ডিশন্ড, বাতানুকূল।

কনকনে, হাড়কাঁপানো, হি হি করা-।

বিণ·/বি· শীতার্ত, শীতালু, শীতক্লিষ্ট, হিমার্ত।

শীতকাতুরে, শীতভীরু।

বিণ· শীততাপ, ঠাণ্ডাগরম, শীতোষ্ণ। অনতিতপ্ত নাতিশীতোষ্ণ।

৫৭১ আগুন

বি· আগুন, অগ্নি, অনল, বহ্নি, পাবক, হুতাশন, বৈশ্বানর, আগি, আগ, আতশ, বীতিহোত্র, ধনঞ্জয়, কৃপীটযোনি, জ্বলন, জাতবেদস্, তনূনপাৎ, বহিঃশুষ্মন, বর্হিঃ, শুষ্মন, কৃষ্ণবর্ত্মা, উষর্বুধ, বৃহদ্ভানু, কৃশানু, শিখাবৎ, শিখিন, বায়ুসখা, রোহিতাশ্ব, হিরণ্যরেতাঃ, হুতভুক, হব্যভুক, হব্যবাহন, সপ্তার্চিস, দমুনস, চিত্রভানু, শুচি, বৃষাকপি, পিঙ্গল, বিশ্বপা, ছাগবাহন, শুষ্ম, হিমারাতি, বায়ুসখ, অনিলসখ, জগন্নু, কৃষ্ণগতি, কৃষ্ণার্চি, জনধা, আশ্রয়াশ, সর্বশুদ্ধি, পুরজ্যোতিঃ, অসিতার্চি, ধূমকেতন, ধূমধ্বজ, শোচিষ্কেশ, জলোদ্ভব, ঘৃতকেশ, ঘৃতার্চিঃ, তেজোনিধি, দেববক্ত্র, সপ্তাংশু, সপ্তজিহ্ব, আশুশুক্ষণি, ঈষির, স্বর্ণদীধিতি, হবির্ভুক, হবিরশন, হব্যাশ, হব্যাশন; তমোনুদ, সুশিখ। হুতবহ, সর্বভুক, সর্বশুচি, ঘৃতান্ন।

অগ্নিশিখা, শিখা, শিষ, অর্চি, আগুনের শিখা; আঁচ [দ্র ৫৬৯], বহ্নিজ্বালা।

অগ্নিকণা, অগ্নিকণ, ফুলকি, স্ফুলিঙ্গ [৩৩], অগ্নিস্ফুলিঙ্গ, স্পার্ক, আগুনের ফুলকি, ফিনকি।

জ্বলন, দহন [দ্র ৫৭২]। জ্বালানি, ইন্ধন [দ্র ৫৭২]।

অগ্নিকুণ্ড, অগ্নিপাত্র, আংটা, অগ্নিস্থান, পুটকুণ্ড, পুটগর্ত, আঙোঠ, আগুনের মালসা, হসন্তিকা, হসন্তী, অঙ্গঠা, অঙ্গারি, অঙ্গারিকা, অঙ্গারশকটী, অঙ্গারপাত্র, অঙ্গারধানিকা, অঙ্গারধানী, ধুনুচি, ধুনাচি। ধুনি, কুণ্ড, যজ্ঞকুণ্ড [দ্র ৫৮৫], অগ্ন্যাধার।

আখা, উনুন, উনান [৫৭২], উখা, উকা, চুল্লি, চুলাহ্; অধিশ্রয়ণী, তোলা উনুন; ঝিক; উদ্ধান, উদ্ধমান; স্টোভ, আভেন; হিটার [৫৬৯]; বার্নার; গ্রেট; ফায়ারপ্লেস; ফারনেস। তন্দুর, কন্দু। কাঠখোলা। বয়লার।

দেশলাই, দিয়াশলাই, দীপশলাকা, ম্যাচেস; চকমকি; অগ্নিমন্থ, অরণি, জ্বলনাশ্ম, অগ্নিপ্রস্তর, অগ্নিকারক।

আলো [দ্র ৩৩]। ধূম [দ্র ৪৮৪]। ধূমপথ, চিমনি [৩৬৭]।

হাপর, ভস্ত্রা।

কাঠের আগুন, কাঠের আঁচ; কয়লার আগুন; কাঠকয়লার আগুন; টিকের আগুন। তুষের আগুন, তুষানল, তুষাগ্নি; তৃণাগ্নি, কটাগ্নি। পোয়ান, কূটপাকল। ভাঁটি।

বনাগ্নি, দাবানল, দাবাগ্নি, অরণ্যবহ্নি।

আতশবাজি [দ্র ৭৫৬], বাজি।

[পৌরা] বাড়বাগ্নি, বাড়বানল, বড়বাগ্নি, বড়বানল, বাড়ব, বড়বামুখ, সমুদ্রাগ্নি; ইরম্মদ, ঔর্ব, ঔর্বাগ্নি, ঔর্বানল, অব্ধ্যগ্নি, আবিন্ধন; বজ্রাগ্নি, বজ্রানল, বজ্রজ্বালা; গার্হপত্য অগ্নি, গৃহাগ্নি, শ্রৌত অগ্নি।

অগ্নিকলা [ধূমার্চি; উষ্মা; জ্বালিনী, জ্বলিনী; বিস্ফালিনী; সুশ্রী; সুরূপা; কপিলা; হব্যবহা; কব্যবহা]।

বিণ· আগ্নেয়, আতশি।

লেলিহান; লকলকে; গনগনে; টকটকে।

মৃদু, নিবুনিবু।

বিণ·/বি· অগ্নিরক্ষক [দ্র ৫৮৫]।

৫৭২ দহন

বি· দহন, পোড়, পোড়া-, পোড়ন, জ্বলন, জ্বলা-, দাহ, প্রদাহ, পুড়ন, পুড়নি।

অগ্নিদহন, অগ্নিদাহ, বহ্নিজ্বালা।

আগুনধরানো-, প্রজ্বলন(ক), দীপন, আগুন জ্বালানো-, প্রদীপন, সন্দীপন, জ্বলানো-, জ্বালানো-।

পোড়ানো-, প্রদাহন, দাহন, প্রজ্বালন, জ্বালিয়ে দেওয়া-, জ্বালন, অগ্নিদীপন, ধরানো-; ধরে যাওয়া-; পুড়িয়ে দেওয়া-, দহা-।

উসকানো-, উসকনো-; খোঁচানো-। হাওয়া দেওয়া-, ফুঁ দেওয়া-। ইন্ধন যোগানো-। অনির্বাপণ। অগ্নিতে ঘৃতাহুতি।

আগুন লাগা-, আগুন ধরা-; অগ্নিকাণ্ড, গৃহদাহ, লঙ্কাকাণ্ড। আগুন লাগানো-, অগ্নিসংযোগ(ক)। দপ করে জ্বলে ওঠা-; দাউ দাউ করে জ্বলা-।

দহনপাত্র, অগ্নিপাত্র, অগ্নিকুণ্ড [দ্র ৫৭১]। উনুন [দ্র ৫৭১]।

দাহ্যতা, দহনযোগ্যতা, দাহিকাশক্তি, দহনক্ষমতা; সহজদাহ্যতা।

দাহ্যবস্তু; জ্বালানি, ইন্ধন, ফুয়েল; ফসিলফুয়েল, জীবাশ্মজ্বালানি; কয়লা, পাথুরে কয়লা, মৃদঙ্গার; কোক; কাঠকয়লা, অঙ্গার, আঙার; খনিজ তেল; স্পিরিট, পেট্রোল; কেরোসিন; ডিজেল [দ্র ৪৯৮]।

গ্যাস, প্রাকৃতিক গ্যাস; কাঠ, লাকড়ি, অগ্নিকাষ্ঠ। পাটকাঠি; পাতা; ঘুঁটে [৬০·৫] ঘোসি, করীষ, কারীষ, ছগণ; গুল; টিকা, টিকে; ছোবড়া। নিউক্লিয়ার ফুয়েল; ইউরেনিয়াম, প্লুটোনিয়াম। মোম, প্যারাফিন।

তৈল, তেল; সরষের তেল; রেড়ির তেল; তিল তেল।

ছাই, ভস্ম, খাক, পাঁশ, ভসিত, ছার; ভস্মাবশেষ; ভস্মস্তূপ; ভস্মাধার, ছাইদান, ছাইদানি [৫৩৯·১৫], অ্যাসট্রে।

জ্বলন্ত অঙ্গার, অলাত, আলাত। অলাতচক্র।

বিণ· দগ্ধ(ক), অগ্নিদগ্ধ, আগুনে পোড়া; ভস্মীভূত, ভস্মিত, ভস্মসাৎ, দগ্ধীভূত, অঙ্গারিত, উষিত, প্রুষ্ট; দগ্ধীকৃত, দাহিত; পোড়া-; অগ্নিসাৎ।

জ্বলন্ত, প্রজ্বলিত, জ্বলৎ, জ্বলনশীল, দহ্যমান, বহ্নিমান, জ্বলদাগ্নি, অগ্নিমান। অনির্বাণ, অনির্বাপিত।

জ্বলিত(ক), প্রজ্বালিত(ক), অগ্নিসংযোজিত(ক), সন্দীপিত, সন্দীপ্ত, উদ্দীপিত, উদ্দীপ্ত, সমিদ্ধ।

আধপোড়া, অর্ধদগ্ধ, আমা, আপোড়া।

দাহ্য, দহনীয়, দহনযোগ্য; সহজদাহ্য।

বিণ·/বি· দাহক, অগ্নিদ; দহনকারী, দাহী। দহনেচ্ছু, দিধক্ষু।

জ্বালক, প্রজ্বালক।

ক্রি-বিণ· ধিকিধিকি। দপদপ; দাউদাউ।

৫৭৩ নির্বাপণ

বি· নির্বাপণ(ক), নেভা-, নিভে যাওয়া-, নিবা; নিবনো-, নেভানো-, নিভিয়ে দেওয়া-, নির্বাণ; নির্দহন।

আগুননেভানো-; জল ঢালা-; চাপা দেওয়া-; অগ্নিদমন(ক)।

অগ্নিনির্বাপণ বাহিনী; দমকল, ফায়ারব্রিগেড; ফায়ার এক্সটিংগুইসার, অগ্নিনির্বাপকযন্ত্র।
বিণ· নির্বাপিত; নিভন্ত, নিবন্ত; বহ্নিহীন।
নির্বাপিতপ্রায়, নির্বাণোন্মুখ, নিবু নিবু।
বিণ·/বি· নির্বাপক, নির্বাপণকারী, অগ্নিনির্বাপণকারী।

৫৭৪ অদাহ্যতা

বি· অদাহ্যতা, অদহনীয়তা।
অদাহ্যবস্তু; অ্যাসবেস্টাস।
বিণ· অদহনীয়, অদাহ্য, অদহনযোগ্য; অগ্নিনিরোধক, অগ্নিসহ, ফায়ারপ্রুফ।

৫৭৫ বিদ্যুৎ

বি· বিদ্যুৎ, তড়িৎ, বিজলী, ইলেকট্রিসিটি।
সৌদামিনী [৩৩], অণুভা, ক্ষণপ্রভা, শম্পা, অণুপ্রভা, অচিরপ্রভা, অচিরাভা, অচিরাংশু, ক্ষণদ্যুতি, ক্ষণপ্রকাশ, নীলাঞ্জনা, নীলাঞ্জসা, বিজুরি, চপলা, চঞ্চলা, চিকুর, দামিনী, মেঘজ্যোতিঃ।
বিদ্যুল্লতা, বিদ্যুদ্দাম, বিদ্যুন্মালা।
বিদ্যুৎ চমকানো- [৩৩]; অশনিসংকেত।
বজ্র [১৯], বাজ, ভিদির, শবু, মেঘদীপ, ঘনবল্লিকা, ঘনবল্লী, কুলিশ, অশনি, ইরম্মদ, হ্রাদিনী; বজ্রপাত, বজ্রাঘাত, বিদ্যুৎপাত, বিজলীপাত, বাজপড়া, বজ্রপতন, অশনিপাত, কুলিশপাত, অশনিসম্পাত, বভ্রি; বিদ্যুতালোক [দ্র ৩৩]।
বিদ্যুৎশক্তি।
বিদ্যুৎকেন্দ্র, পাওয়ার স্টেশন, জেনারেটিং স্টেশন; তাপবিদ্যুৎ, থার্মাল পাওয়ার; জলবিদ্যুৎ, হাইড্রোইলেকট্রিক পাওয়ার, হাইডেল পাওয়ার; বিদ্যুৎউৎপাদক, জেনারেটর, ডাইনামো; অলটারনেটার; ব্যাটারি, সেল, তড়িৎকোষ।
বিদ্যুৎস্ফুলিঙ্গ, স্পার্ক, তাড়িতকণা, বিদ্যুতের ফিন্‌কি।
বৈদ্যুতিক আলো, বিজলীবাতি [দ্র ৩৩], তাড়িতালোক, বিদ্যুৎপ্রভা। ঝিমকিনি, ঝিমিকি, ঝিমিক, ঝিলিক।
তার, ইলেকট্রিক তার; অয়্যারিং; হোল্ডার; প্লাগ; সুইচ; সুইচবোর্ড; ফিউজ; মেন, মেইন সুইচ। বাতিস্তম্ভ, লাইটপোস্ট, ল্যাম্পপোস্ট। ইলেকট্রিক মিটার; ইলেকট্রিক শক; এসি; ডিসি; ভোল্টেজ; কারেন্ট; লাইভ অয়্যার, গরম তার; নিউট্রাল, ঠাণ্ডা তার। পরা, পজিটিভ। অপরা, নেগেটিভ।
ইলেকট্রনিকস; ভাল্‌ব; ট্রানজিস্টার; ইন্‌টিগ্রেটেড সারকিট; আই সি চিপ; রেজিস্টার; ক্যাপাসিটার; প্রিন্টেড সারকিট বোর্ড; কার্ড।
ইলেকট্রিসিয়ান, ইলেকট্রিক মিস্তিরি; তাড়িতী।
বিদ্যুৎ সরবরাহ; ট্রান্‌সমিশন লাইন; ট্রান্‌সফরমার; সারকিট ব্রেকার; বাসবার।
বিদ্যুদ্‌ঘাটতি; পাওয়ার কাট; লোডশেডিং।
ইলেকট্রিক শক, শক লাগা-, তাড়িতাঘাত।
বিণ· বৈদ্যুতিক, বৈদ্যুত, তাড়িত; ইলেকট্রিক; ইলেকট্রিক্যাল।
বিদ্যুৎচালিত।
বিদ্যুদ্‌বাহী, পরিবাহী, পরিবাহক, কনডাকটার। অপরিবাহী, অন্তরক, অপরিবাহক, ইনসুলেটর।
বিদ্যুৎপূর্ণ, বিদুদ্‌গর্ভ, তড়িন্ময়, বিদ্যুদ্দীপ্ত।
অন্তরিত
বজ্রাহত। তাড়িতাহত।

২৩ ধর্ম-দেবতা-উপাসনা

৫৭৬ ঈশ্বর

বি· ঈশ্বর, ঈশ, ভগবান, ধাতা, বিধাতা, বিধাতৃ, বেধাঃ, বিধাতাপুরুষ, বিধায়ক, জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎকর্তা, জগদ্দীপ, জগপতি, জগদাত্মা, জগৎস্রষ্টা, আদিকর্তা, সৃষ্টিকর্তা, জগদ্‌গুরু, জগন্নাথ, জগন্ময়, জগন্নিবাস, জগবন্ধু, জগদ্বন্ধু, ভুবনেশ্বর, সনাতন, স্বরাট, স্বয়ম্ভূ, অনাদি, আদিনাথ, পৃথ্বীনাথ, পৃথ্বীশ, অজর, অমর, অমরেশ, অমরেশ্বর, অক্ষয়পুরুষ, অক্ষরপুরুষ, অক্ষর, নির্জর, সচিরায়ুঃ, অন্তর্যামী, অন্তরজ্ঞ, লোকেশ্বর, লোকনাথ, লোকপিতা, অধিপুরুষ, পরমপুরুষ, পরমেশ্বর, পরব্রহ্ম, পরমব্রহ্ম পরমপদার্থ, পরমপিতা, পরমাত্মা, গভীরাত্মা, প্রত্যগাত্মা, অখিলাত্মা, প্রকাশাত্মা, বিশ্বাত্মা, পরাৎপর, সচ্চিদানন্দ, গুণাতীত, বিভু, নিরাকার, নিরবয়ব, অকায়, দেব, নিষ্কল, লোকাতীত, স্বর্গী, ত্রিদশ, নাথ, প্রভু, করুণাময়, করুণাকর, মঙ্গলময়, দয়াময়, ব্রহ্ম, ভবারাধ্য, নভৌকা, পতিতপাবন, অধিভূত, জীবিতেশ, জীবিতেশ্বর, পরেশ, কামেশ্বর, গতিসত্তম, কৃতাগম, গীর্বাণ, ভূমা, ইচ্ছাময়, বিশ্ববেদাঃ, কালকৃৎ, বৃন্দারক, একদেব, পরমেশ, দিব্যযোনি, পরাত্মা, গড; হজরত, আল্লাহ্, আল্লা, খোদা, করিম, খোদাতাল্লা, ইলাহি; সাঁই, গোসাঁই।
দেবতা, দেব, সুর, বিবুধ, দেবভূ, অমর, ত্রিদশ, অগ্নিমুখ, অগ্নিজিহ্বা, ঘৃতভোজী, অমৃতাশন, দৈত্যারি, দেওয়ারি, অসুরারি, ত্রিদিবেশ, অদিতিজ, অদিতিনন্দন; ঠাকুর, জিউ; ঠাকুরদেবতা; ঈশ্বরী, সুরী, দেবী; দেবদেবী।
লৌকিক দেবতা, গ্রাম্যদেবতা।
অধিদেবতা, অধিষ্ঠাতা দেবতা, অধিদেব, অধিদৈবত; অধিষ্ঠাত্রী দেবী। গৃহদেবতা; কুলদেবতা [৬৪৩]; বাস্তুদেবতা, বাস্তুদেব, বাস্তুপুরুষ।
অবতার [৫৭৯], আবির্ভূতদেবতা, অংশাবতার, দেহধারী দেবতা; অংশাংশবতার। বিষ্ণুর দশাবতার [মৎস্য; কূর্ম; বরাহ; নৃসিংহ, নরসিংহ, নরহরি; বামন, ত্রিপাদ, ত্রিবিক্রম, উরুক্রম; পরশুরাম [৫৮০]; রামচন্দ্র [দ্র ৫৮০]; বলরাম, কৃষ্ণ বলরাম [৫৭৮·১৮]; বুদ্ধ [দ্র ৫৯২]; কল্কি, দশমাবতার]।
পূর্ণাবতার [নৃসিংহ; রামচন্দ্র; শ্রীকৃষ্ণ]।
দেবগুরু [দ্র ৫৮০]।

ত্রিদেব, ত্রিমূর্তি [ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর]।

দেবমাতা, অদিতি, কশ্যপপত্নী।

ঈশ্বরত্ব, ঈশিতা, ঈশিত্ব, ঈশ্বরতা, ঐশ্বর্য, ঈশ্বরভাব, দেবভাব, দেবত্ব, ঐশ্বরিকতা। সিদ্ধাই।

ভগবদ্‌মহিমা, মহিমা, মাহাত্ম্য, কুদরত, মহত্ত্ব, গৌরব, বিভূতি; ঈশ্বরকৃপা, ঈশ্বরপ্রসাদ, ভগবদনুগ্রহ, দেবানুগ্রহ, দেবপ্রসাদ।

ঈশ্বরবিশ্বাস [দ্র ৫৯০], দেবভক্তি, আস্তিক্য, আস্তিকতা, আস্তিকত্ব, ঈশ্বরভক্তি; ঈশ্বরবাদ।

ঐশীমায়া, ঐশীশক্তি, দৈবীশক্তি, দৈবশক্তি; অলৌকিক ক্ষমতা, অলৌকিক শক্তি, দৈবক্ষমতা; মন্ত্রশক্তি, মন্ত্রবল; যোগবল, যোগশক্তি, যোগলব্ধ শক্তি।

বিণ· দৈব, দৈবিক, দৈবী, ঐশী, ঐশ, ঐশিক, ঐশ্বর, ঐশ্বরিক, ঈশ্বরীয়, অলৌকিক [দ্র ১২৫]; দৈবায়ত্ত, দৈবাধীন; দৈবজাত, দৈবকৃত, দৈবগত্যা; ঈশ্বরাধীন, ঈশ্বরায়ত্ত, দেবাশ্রিত, দেবিক; ভগবদ্‌দত্ত, ঈশ্বরদত্ত, দেবদত্ত, ঈশ্বরপ্রেরিত; আধিদৈবিক।

দৈব্য, দেবসম্বন্ধীয়।

দেবাত্মা, দেবপ্রতিম।

দেবত্র, দেবোত্তর, দেবস্ব।

বিণ·/বি· ঈশ্বরবিশ্বাসী আস্তিক, ঈশ্বরবাদী, আস্তিক্যবাদী, ভগবদ্‌বিশ্বাসী।

ধার্মিক [দ্র ৫৯০]।

৫৭৭ নাস্তিকতা

বি· নাস্তিকতা, নাস্তিক্য, অনীশ্বরবাদ, ঈশ্বরঅবিশ্বাস, নাস্তিক্যবাদ, নিরীশ্বরবাদ। বৈধর্ম্য, ধর্মবিরোধিতা।

বিণ·/বি· নাস্তিক, ঈশ্বরঅবিশ্বাসী, নিরীশ্বর, নিরীশ্বরবাদী, অনীশ্বর, ঈশ্বরহীন, অনীশ্বরবাদী, ঈশ্বরদ্বেষী, ঈশ্বরবিরোধী, অনীশ, ভগদ্ভক্তিহীন; ধর্মহীন [৫৮৮], অধার্মিক; কাফের, যবন, ম্লেচ্ছ; পাষণ্ড। কালাপাহাড়। লোকায়ত, লোকায়তিক।

বিধর্মী, ধর্মবিরোধী, ধর্মদ্রোহী, বিধর্মা; অজপ, জপতপহীন, তপশ্চর্যাহীন, অতপা, অব্রত; মন্ত্রহীন, ক্রিয়াহীন।

বেদবিদ্বেষী, বেদনিন্দক।

অসাত্ত্বিক।

৫৭৮ হিন্দু দেবদেবী

৫৭৮·১ দুর্গা, ভগবতী, উমা, পার্বতী, পর্বতসুতা, পর্বতদুহিতা, গিরিনন্দিনী, গিরিকুমারী, গিরিজা, গিরিসুতা, গিরিবালা, শৈলজা, শৈলেয়ী, শৈলসুতা, অগসুতা, অগাত্মজা, নগনন্দিনী, হৈমবতী, বিন্ধ্যবাসিনী, অদ্রিজা, অদ্রিতনয়া, গৌরী, জগদ্গৌরী, দক্ষজা, দক্ষকন্যা, দাক্ষায়ণী, হিমালয়নন্দিনী, দশভূজা, শিবপত্নী, মহেশী, মহেশানী, শিবপ্রিয়া, শিবানী, শিবা, শংকরী, জগজ্জননী, জগদম্বা, জগন্মাতা, জগদ্ধাত্রী, মহাদেবী, মহামায়া, মহাবিদ্যা, মহাশক্তি, আদ্যাশক্তি, সনাতনী, আদিদেবী, অনাদ্যা, আদিভূতা, আদ্যা, অম্বা, অম্বিকা, অম্বালিকা, পরমেশ্বরী, বিশ্বেশ্বরী, সুরেশ্বরী, ঈশ্বরী, ঈশানী, ঐশানী, শুভংকরী, ভদ্রাণী, সর্বমঙ্গলা, মঙ্গলচণ্ডী, শুভদাচণ্ডী, আনন্দময়ী, মঙ্গলা, সর্বার্থসাধিকা, অন্নদা, অন্নপূর্ণা, মোক্ষদা, জয়া, বিজয়া, সর্বজয়া, জয়ন্তী, প্রকৃতি, পরমাপ্রকৃতি। জগন্ময়ী, শারদা, সর্বাণী, শর্বাণী, কৌশিকী, সাত্ত্বিকী, দানবদলনী, দনুজদলনী, মহিষাসুরমর্দিনী, সিংহবাহিনী, ত্রিশূলধারিণী, ত্রিশূলিনী, শূলিনী, নিস্তারিণী, ভবতারিণী, তারিণী, ত্রিনয়নী, ত্রিনয়না, রুদ্রাণী, চণ্ডী, চামুণ্ডা, জ্বালামালিনী, ত্রিগুণা, শরণ্যা, কাত্যায়নী, কপর্দিনী, চণ্ডবতী, শাকম্ভরী, নন্দা, কাণ্ডবারিণী, আর্যা, যোগমায়া, বভ্রবী, বাভ্রবী, গৌতমী, সর্বজ্ঞা, সতী, সাবিত্রী, ভদ্রকালী, বাসন্তী, ভাস্বতী, কৈলাসবাসিনী, কামাক্ষী, রাজরাজেশ্বরী, অপর্ণা।

দশ মহাবিদ্যা [কালী; তারা; ষোড়শী; ভুবনেশ্বরী; ভৈরবী; ছিন্নমস্তা; ধূমাবতী; বগলা; মাতঙ্গী; কমলা]।

ত্রিশক্তি [কালী; তারা; ত্রিপুরা]।

নবদুর্গা [শৈলপুত্রী, পার্বতী; ব্রহ্মচারিণী; চন্দ্রঘণ্টা; কুষ্মাণ্ডা; স্কন্দমাতা; কাত্যায়নী; কালরাত্রি; মহাগৌরী; সিদ্ধিদা]। জয়দুর্গা।

দুর্গাপূজা, দুর্গাপুজো, দুর্গোৎসব; শারদীয়া দুর্গাপূজা, অকালবোধন, অকালের পূজা; শারদোৎসব; বাসন্তীপূজা; অন্নপূর্ণাপূজা; জগদ্ধাত্রীপূজা।

আগমনী। মহালয়া। দেবীপক্ষ। পিতৃপক্ষ। মহাষষ্ঠী। মহাসপ্তমী। মহাষ্টমী। সন্ধিপূজা। মহানবমী। বিজয়াদশমী, বিজয়া।

কলাবৌ, কলাবধূ। নবপত্রিকা [রম্ভা-ব্রাহ্মণী; কচ্চি-কালিকা; হরিদ্রা-দুর্গা; জয়ন্তী-কার্তিকী; বিল্ব-শিবা; দাড়িমী-রক্তদন্তিকা; অশোক-শোকহারিণী; মান-চামুণ্ডা; ধান্য-লক্ষ্মী]।

দুর্গাবাড়ি, দুর্গামন্দির।

৫৭৮·২ কালী, কালিকা, তারা, শ্যামা, রুদ্রাণী, করালী, চামুণ্ডা, চণ্ডিকা, বামিকা, করালবদনা, কপালিনী, শবাসনা, কঙ্কালমালিনী, নৃমুণ্ডমালিনী, মুণ্ডমালিনী, নরমালিনী, দিগম্বরী, দিগ্বসনা, শিবরোহিণী, শশীভালিনী, শশীভালী, শক্তিরূপিণী, ব্রহ্মময়ী; উগ্রকালী; গুহ্যকালী; চামুণ্ডাকালী; দক্ষিণাকালী; দক্ষিণাকালিকা; ভদ্রকালী; মহাকালী; শ্মশানকালী; সিদ্ধকালী; রক্ষাকালী; ডাকাতে কালী।

কালীবাড়ি, কালীমন্দির; কালীতলা। কালীপূজা, শ্যামাপূজা; শক্তিপূজা। দেওয়ালি, দীপান্বিতা, দীপাবলি [৩৩, ৫৯৫]। রটন্তীকালীপূজা; নাটাইচণ্ডী।

বিণ· কালীসাধক; কালীভক্ত; শাক্ত।

৫৭৮·৩ লক্ষ্মী, কমলা, ইন্দিরা, নারায়ণী, বিষ্ণুপত্নী, হরিপ্রিয়া, পদ্মা, পদ্মাসনা, পদ্মালয়া, কমলালয়া, কমলাসনা, শতদলবাসিনী, অচলা, ধনদা, ধনদাত্রী, রমা, শ্রী, লোলা, ক্ষীরোদতনয়া, ক্ষীরাব্ধিজা, ক্ষীরাব্ধিতনয়া, সনাতনী, ইন্দি, অজিতবল্লভা, লছমী, লছিমী।

লক্ষ্মীপূজা; কোজাগর; কোজাগরী পূর্ণিমা; কোজাগরী লক্ষ্মীপূজা। ভাদুইলক্ষ্মীপূজা; পৌষলক্ষ্মীপূজা; অলক্ষ্মী বিদায়।

৫৭৮·৪ সরস্বতী, সারদা, বাগ্দেবী, বাগ্বাদিনী, বাগীশা, বাগ্দেবতা, বাগীশ্বরী, বাঙ্ময়ী, বিদ্যাদেবী, বাণী, বীণাপাণি,

ভারতী, মহাশ্বেতা, শতরূপা, গীর্দেবী, সনাতনী, পদ্মাসনা, হংসারূঢ়া, হংসবাহনা, হংসবাহিনী, কাদম্বরী, শ্বেতভুজা, শুক্লা, সর্বশুক্লা।

সরস্বতীপূজা; শ্রীপঞ্চমী, বসন্তপঞ্চমী [৫৯৫]।

বিণ· সারস্বত।

৫৭৮·৫ ব্রহ্মা, পরব্রহ্ম, প্রজাপতি, প্রজাসৃক, বিরিঞ্চি, লোকপিতামহ, প্রপিতামহ, স্রষ্টা, সৃষ্টিকর্তা, স্বয়ম্ভু, স্বভূ, লোকনাথ, লোকেশ, হিরণ্যগর্ভ, জগদীশ্বর, জয়পাল, চতুরানন, চতুর্মুখ চতুর্বক্ত্র, হিরণ্ময়, হেমাঙ্গ, কমলাসন, কমলযোনি, পদ্মযোনি, পদ্মোদ্ভব, পদ্মভূ, পদ্মলাঞ্ছন, পদ্মেশয়, চিদাকাশ, চিদম্বর, চিদাত্মা, চিদ্রূপ, চিদানন্দ, বিভু, পদ্মপাণি, কঞ্জ, কঞ্জর, অগজন্মা, অকার, অম্ব, বিধাতৃ, সনৎ, হংসবাহন, ত্রিগুণাতীত, পরমেষ্ঠী, সনাতন।

৫৭৮·৬ বিষ্ণু, হরি, নারায়ণ, শ্রীধর, শ্রীপতি, শ্রীনিবাস, শ্রীশ, শ্রীকান্ত, রমাকান্ত, রমানাথ, রমাপতি, রমেশ, লক্ষ্মীপতি, লক্ষ্মীকান্ত, লক্ষ্মীশ্বর, লক্ষ্মীনারায়ণ, লক্ষ্মীজনার্দন, গদাধর, গদাপাণি, চক্রধর, চক্রপাণি, চক্রধারী, চক্রী, সুদর্শনধারী, চক্রায়ুধ, গোলোকনাথ, গোলোকপতি, গোলোকবিহারী, দর্পহা, দর্পহারী, ঈপতি, পারায়ণ, অজগ, অজিত, শিপিবিষ্ট, বারিশ, কুন্দর, বলিদ্দম, বলিসূদন, খিল, জহ্নু, অনন্তদেব, কঞ্জনাভ, পদ্মেশয়, পুষ্করাক্ষ, বিশ্বম্ভর, খগাসন, পরব্যোম, কমলাকান্ত, কমলাপতি, চতুর্ভুজ, চতুর্বাহু, চতুষ্কর, জগন্নাথ, লোকনাথ, ধরণীশ্বর, ধরণীধর, সহস্রাস্য, জনার্দন, সত্যনারায়ণ, দানবারি, দৈত্যারি, দামোদর, জয়পাল, নরকান্তক, পদ্মনাভ, পদ্মপলাশ লোচন, দ্বিজবাহন, দীননাথ, দীনবন্ধু, দীনেশ, অনন্তশয়ান, গরুড়ধ্বজ, গরুড়বাহন, শশবিন্দু, শার্ঙ্গধর, শার্ঙ্গপাণি, সাত্বত, পরমেষ্ঠী, পুরুষোত্তম, ব্রহ্মদেব, ব্রহ্মনাভ, হৃষীকেশ, সনাতন, শ্রীবৎসলাঞ্ছন, ধর্মনাভ।

বিষ্ণুলোক, বিষ্ণুধাম, বৈকুণ্ঠ, গোলোক, গোলোকধাম।

বিণ· বৈষ্ণব; বিষ্ণুভক্ত, হরিভক্ত।

৫৭৮·৭ শিব, মহাদেব, আদিদেব, দেবাদিদেব, দেবেশ, সুরেশ্বর, মহেশ্বর, মহেশ, মহেশান, বিশ্বনাথ, বিশ্বেশ্বর, পশুপতি, ব্যোমকেশ, শম্ভু, হর, দুর্গাপতি, দুর্গাধীশ, দুর্গেশ, সতীশ, সতীন্দ্র, সতীপতি, অম্বিকানাথ, উমাপতি, উমেশ, উমাসহায়, ভবানীপতি, গিরিজানাথ, গিরিজাপতি, গৌরীকান্ত, গৌরীনাথ, নীলকণ্ঠ, নীলগ্রীব, কণ্ঠনীলক, কণ্ঠেকাল, কালকণ্ঠ, সিতিকণ্ঠ, বিষকণ্ঠ, বিষমাক্ষ, ভোলানাথ, ভোলা, বিভু, আশুতোষ, পিনাকী, পিনাকপাণি, পিনাকেশ, পঞ্চানন, গজারি, চন্দ্রমৌলি, চন্দ্রশেখর, মৃগাঙ্গমৌলি, ইন্দুভূষণ, ইন্দুমৌলি, চন্দ্রচূড়, শশীশেখর, শশীভূষণ, শশীভৃৎ, চন্দ্রাপীড়, মৃগাঙ্গশেখর, ইন্দুমৌলি, ইন্দুভৃৎ, ভালচন্দ্র, চন্দ্রবর, চন্দ্রেশ্বর, কলাধর, কলাভৃৎ, অর্ধমৌলি, জটাটঙ্ক, জটাধর, জটাধারী, পিঙ্গজট, কপর্দী, জয়ন্ত, তারকনাথ, তারকেশ্বর, পঞ্চমুখ, পরমেষ্ঠী, শ্রীকণ্ঠ, যমান্তক, মৃত্যুঞ্জয়, ত্রিপুরান্তক, পুরহর, ত্রিপুরারি, পুরভিদ, পুরমথন, ত্রিপুরঘ্ন, পুরারি, পুরঞ্জিৎ, কেদার, কেদারনাথ, কেদারেশ্বর, সদাশিব, অনঙ্গারি, স্মরজিৎ, স্মরারি, কামারি, ভূতনাথ, ভূতভাবন, প্রমথেশ, ভূতেশ, ভূতপতি, ঈশান, হিরণ্যরেতাঃ, বহ্নিরেতাঃ, কৃশানুরেতাঃ, কঙ্কালমালী, কপালী, কপালভৃৎ, কপালমালী, কাপালী, ভগালী, কপোতেশ্বর, কাশীনাথ, কাশীশ, কাশীশ্বর, কাশীপতি, কৃত্তিবাস, কৈলাসনাথ, কৈলাসপতি, কৈলাসেশ্বর, সর্বেশ্বর, শংকর, ত্র্যম্বক, ত্রিলোচন, ত্র্যক্ষ, ত্রিনয়ন, ত্রিনেত্র, ধূর্জটি, খকুম্ভল, রুদ্র, মহারুদ্র, কালরুদ্র, মহাকাল, কালনাথ, কালনিধি, কালঞ্জর, গঙ্গাধর, গিরিশ, গিরীশ, অদ্রীশ, অদ্রিনাথ, সিদ্ধদেব, দিগম্বর, দিগ্বসন, দিগ্বাস, দিগ্বস্ত্র, বামদেব, নীললোহিত, বিভূতিভূষণ, কপিশাঞ্জন, ভবেশ, লোকনাথ, ত্রিলোকেশ, ত্রিনাথ, গণনাথ, গণভর্তা, ত্রিশূলী, ত্রিশূলধারী, শূলপাণি, শূলী, নটরাজ, নটশেখর, মহানট, নটেশ্বর, বাণদেব, বাণেশ্বর, ভৈরব, অঘোর, বৃষধ্বজ, বৃষবাহন, যোগীন্দ্র, যোগীশ, যোগীশ্বর, যোগেশ, যোগেশ্বর, যোগধারী, উরগভূষণ, বভ্রু, অন্ধকারি, মারজিৎ, ভর্গ, শ্যামাধব, পরান্তক, চন্দ্রিল, অগ্নিশেখর, জ্বালী, খণ্ডপরশু, কন্দুকেশ্বর, অবিমুক্তেশ্বর, বীরেশ্বর, সোমেশ্বর, সোমনাথ, কুলেশ্বর, একনাথ, বিশালাক্ষ, কৃতজ্বর, চেকিতান, যজ্ঞেশ্বর, যজ্ঞারি, নিরঞ্জন, সনাতন, বিরূপাক্ষ।

একাদশতনু [অজ; একপাদ; অতিব্রধ্ন; পিনাকী; অপরাজিত; ত্র্যম্বক; মহেশ্বর; বৃষাকপি; শম্ভু; হর; ঈশ্বর]।

অষ্টভৈরব [অসিতাঙ্গ; রুরু; চণ্ড; ক্রোধোন্মত্ত; ভয়ংকর; কপালী; ভীষণ; সংহার]।

শিবালয়, শিবমন্দির। শিবপুরী, শিবলোক, শংকরাবাস, কৈলাস, রজতাদ্রি, রজতাচল, রজতগিরি, স্ফটিকাচল, ইরাদ্রি।

শিবলিঙ্গ [দ্র ৫৮১], বাণলিঙ্গ।

শিবের জটা, কর্পদ। হরধনু [দ্র ৫৪০·৬]।

শিবানুচর; নন্দী, নন্দীকেশ্বর; ভৃঙ্গী; ডাক; প্রমথ; বীরভদ্র।

প্রলয়নাচন।

শিবরাত্রি; শিবচতুর্দশী।

বিণ· শৈব, শিবভক্ত, শৈব্য, শাম্ভর, মাহেশ, মাহেশ্বর; পাশুপত। লিঙ্গায়েত [দ্র ৫৮৩]।

৫৭৮·৮ ইন্দ্র, বরক্রতু, দেবরাজ, সুরপতি, সুরেন্দ্র, সুরেশ, সুরেশ্বর, দেবপতি, দেবেন্দ্র, স্বরীশ্বর, পুরন্দর, বাসব, হর্যশ্ব, শক্র, সহস্রনয়ন, সহস্রলোচন, সহস্রাক্ষ, ঋভুক্ষী, শচীন্দ্র, শচীপতি, শচীবিলাস, শচীশ, বলবিনাশন, বলভিদ, বলহা, বলসূদন, বলরিপু, বলনিষূদন, বৃত্রারি, পাকনাশন, পাকশাসন, গোত্রভিৎ, অদিভিৎ, অমরনাথ, অমরপতি, প্রাচীপতি, পূতক্রতু, পুরুহূত, পুরুদ্রুহ, বাস্তোষ্পতি, বৃহদ্রথ, সুনাসীর, ঘনবাহন, মেঘবাহন, জীমূতবাহন, হরিহয়, পৌরন্দর, আখণ্ডল, ত্রিদশাধিপতি, পর্জন্য, মঘবা, বজ্রপাণি, বজ্রী, কুলিশী, বজ্রধর, জম্ভারাতি, জম্ভারি, দিবস্পতি, শতক্রতু।

ইন্দ্রপুরী, বৈজয়ন্ত, ইন্দ্রলোক, স্বর্গ [দ্র ১, ৫৯৭]।

ইন্দ্রপত্নী, শচী, পৌলোমী, ইন্দ্রাণী, মহেন্দ্রাণী, মঘবতী, পুলোমজা।

৫৭৮·৯ শ্রীকৃষ্ণ, কৃষ্ণ, কেষ্ট, কানু, কানাই, হরি, শ্যাম, মধুসূদন, মুকুন্দ, মুরারি, কেশব, গোবিন্দ, গোপাল, গোপেন্দ্র, গোপবল্লভ, গোপিনীবল্লভ, গোপীনাথ,

গোপীমোহন, গোপিকারমণ, গোপিকামোহন, গোপীজনবল্লভ, গোকুলনাথ, গোকুলপতি, গোকুলেশ্বর, বাসুদেব, যাদব, যদুকুলপতি, যদুকুলনাথ, গদাধর, গোবর্ধনধারী, গিরিধারী, গিরিধর, নগধর, রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, রাধামাধব, রাধারঞ্জন, রাধারমণ, রাধিকারঞ্জন, রাধিকামোহন, রাধিকারমণ, রাধামাধব, ত্রিভঙ্গ, ত্রিভঙ্গমুরারি, দর্পহারী, রাসেশ্বর, রাসবিহারী, দ্বারকানাথ, দ্বারকাপতি, দ্বারিকানাথ, দ্বারিকাপতি, দ্বারকেশ, দ্বারকাধীশ, মথুরেশ, মথুরাপতি, গোষ্ঠবিহারী, গোষ্ঠপতি, নটবর, নন্দদুলাল, মাধব, নরনারায়ণ, নরোত্তম, নীলমণি, নীলমাধব, কালাচাঁদ, শ্যামচাঁদ, শ্যামসুন্দর, শ্যামরায়, কালোশশী, ঘনশ্যাম, পদ্মআঁখি, পুণ্ডরীকাক্ষ, পাণ্ডবসখ, পাণ্ডবসখা, পীতবাস, পীতাম্বর, বংশীধর, বংশীধারী, বংশীবাদন, বংশীবদন, মুরলীধর, মুরলীমোহন, বৃষ্ণি, ব্রজকিশোর, ব্রজদুলাল, ব্রজবল্লভ, ব্রজমোহন, ব্রজরাজ, ব্রজসুন্দর, ব্রজেশ, ব্রজেন্দ্র, ব্রজনারায়ণ, বৃন্দাবনেশ্বর, মদনগোপাল, মদনমোহন, রাখালরাজ, কালিয়া, কালীয়দমন, শকটারি, কেশিমথন, কেশিসূদন, কংসারি, কংসহা, বলানুজ, রসরাজ, পার্থসারথি, জনার্দন, দামোদর, অনঙ্গমোহন, বহুবল্লভ, অচ্যুত, শৌরি, বনোয়ারী, বনোয়ারি, বনবিহারী, বনমালী, বিপিনবিহারী; বালগোপাল, যশোদাদুলাল, যশোদানন্দন, দেবকীনন্দন, প্যারীমোহন, ননিচোরা।

বৃন্দাবন। দ্বারকা; গোষ্ঠ, গোঠ, গোকুল, ব্রজধাম। যমুনা; কালিন্দী। গোবর্ধনগিরি। পাঞ্চজন্য, কৃষ্ণের শঙ্খ।

জন্মাষ্টমী। কৃষ্ণাষ্টমী।

৫৭৮·১০ কার্তিক, কার্তিকেয়, কৃত্তিকাসুত, আম্বিকেয়, নমুচি, স্কন্দ, শিখিধ্বজ, শিখিবাহন, বর্হিবাহন, অগ্নিকুমার, অগ্নিজ, অগ্নিভূ, বাহুলেয়, ক্রৌঞ্চারতি, শরজ, শরজন্মা, তারহা, তারকারি, শক্তিপাণি, শক্তিধর, বিশাখ, ষড়ানন, গুহ, ষান্মাতুর, সুব্রহ্মণ্য, কুমার, সৌরসেন, সিদ্ধসেন, দেবসেনাপতি।

৫৭৮·১১ গণেশ, গণপতি, গণনাথ, গণদেব, গণাধিপ, গণাগ্রণী, বিনায়ক, গজানন, কুঞ্জরবদন, গজাস্য, একদংষ্ট্র, একদন্ত, দ্বৈমাতুর, সিদ্ধিদাতা, সিদ্ধিদা, সিদ্ধিদ, হেরম্ব, বিঘ্ননাশন, বিঘ্নহর, বিঘ্নহারী, বিঘ্ননাশক, বিঘ্নেশ, বিঘ্নরাজ, বিঘ্নবিনায়ক, বিঘ্ননায়ক, লম্বোদর।

৫৭৮·১২ মদন, কামদেব, অনঙ্গ, অতনু, রতিপতি, রতিকান্ত, কন্দর্প, কাম, মন্মথ, স্মর, মার, মনোজ, কুসুমধনু, কুসুমধন্বা, কুসুমায়ুধ, কুসুমচাপ, কুসুমকার্মুক, পুষ্পধন্বা, পুষ্পচাপ, পুষ্পবাণ, পুষ্পায়ুধ, বিষমায়ুধ, বিষমশর, পুষ্পেষু, কুসুমেষু, পুষ্পকেতন, পুষ্পকেতু, মীনকেতন, মীনধ্বজ, মকরকেতন, মকরকেতু, মকরধ্বজ, মকরাঙ্ক, মনসিজ, মনোভব, মনোভূ, প্রদ্যুম্ন, রুদ্রারি, বিশ্বকেতু, রমণ, শম্বরারি, অজ, অনন্যজ, ইষ্ম, কঞ্জন, কিঙ্কির, মদ, রম, দর্পক, দীপক, মধুদীপ, কন্দর্পদেব।

পঞ্চশর, পঞ্চবাণ [সম্মোহন; উন্মাদন; শোষণ; তাপন; স্তম্ভন]। ফুলশর [অরবিন্দ; অশোক; নবমল্লিকা; শিরীষ; নীলোৎপল]।

মদনপত্নী, রতি, কামদেবী, কামপত্নী, কন্দর্পপত্নী, কামকলা, কামশক্তি, কেলিকিলা।

৫৭৮·১৩ যম [৫৭], যমরাজ, কৃতান্ত, শমন, অন্তক, দণ্ডধর, দণ্ডপাণি, দণ্ডী, মহিষবাহন, মহিষধ্বজ, কীনাশ, ধর্মরাজ, ধর্মরায়, ধর্মেন্দ্র, মৃত্যু, সূর্যপুত্র, সূর্যতনয়, তপনতনয়, রবিনন্দন, রবিতনয়, বৈবস্বত, নরান্তক, প্রজান্তক, কালকল্প, কালকুণ্ঠ, প্রেতাধিপ, পাশী, পিতৃপতি।

যমদণ্ড, কালদণ্ড। চিত্রগুপ্ত। যমদূত।

যমালয়, যমপুরী, যমের বাড়ি, যাম্য, মৃত্যুপুরী; যমদ্বার, যমদুয়ার, সংযমনী। নরক [দ্র ৫৯৭]।

৫৭৮·১৪ শনি, শনিঠাকুর, শনিদেব, শনৈশ্চর, দৃষ্টগ্রহ, ছায়াত্মজ, ছায়াসুত, তপনতনয়, সূর্যপুত্র, রবিতনয়, রবিনন্দন, রবিপুত্র, বৈবস্বত।

শনিপূজা; বারের পূজা। শনির দৃষ্টি [দ্র ৬৭৫]।

৫৭৮·১৫ বরুণ, জলদেবতা, বরুণদেব, জলাধিপ, পাশপাণি, তোয়েশ, পাশী, যাদঃপতি, প্রচেতা, প্রচেতস, পাশভৃৎ, জলাধিপতি, সাগরালয়।

৫৭৮·১৬ অগ্নি, অগ্নিদেবতা, অগ্নিদেব, অনল, বর্হিঃ, পাবক, বৈশ্বানর, হুতাশন, জাতবেদা, তনূনপাৎ, অগ্নায়ী, স্বাহানাথ।

স্বাহা, অগ্নিপত্নী। স্বধা।

৫৭৮·১৭ পবন, পবনদেব, মরুৎপতি, বায়ুদেবতা।

৫৭৮·১৮ বলরাম, বলাই, হলধর, হলভৃৎ, হলায়ুধ, হলী, লাঙ্গলী, মুষলী, বলদেব, বলভদ্র, অনন্ত, রেবতীরমণ, রেবতীমোহন, রেবতীকান্ত, নীলাম্বর, বলী, এককুণ্ডল, তালাঙ্ক, তালধ্বজ, সিতাসিত, সীরপাণি, রৌহিণেয়, সীরা।

রেবতী।

৫৭৮·১৯ শ্রীরাধিকা, রাধা, রাধিকা, রাই, রাইকিশোরী, শ্রীময়ী, বৃষভানুনন্দিনী, বৃষভানুসুতা, বার্ষভানবী, বৃন্দাবনেশ্বরী, বৃন্দাবনবিলাসিনী, ব্রজকিশোরী, ব্রজসুন্দরী, ব্রজেশ্বরী, রাসেশ্বরী, হ্লাদিনী, প্যারী, গোপবালা, গোপনন্দিনী, কৃষ্ণপ্রিয়া, কানুপ্রিয়া, শ্যামসোহাগিনী, শ্যামাপ্রিয়া, প্রকৃতি।

রাধাকৃষ্ণ; রাধামাধব; রাধেশ্যাম।

৫৭৮·২০ জগন্নাথ, মহাপ্রভু, পরমেশ্বর। জগন্নাথ; বলরাম; সুভদ্রা, ভদ্রা।

জগন্নাথধাম, জগন্নাথ ক্ষেত্র, শ্রীক্ষেত্র, নীলাচল, পুরীধাম, বিরজাক্ষেত্র।

৫৭৮·২১ কুবের, যক্ষরাজ, যক্ষপতি, যক্ষেশ, যক্ষেন্দ্র, অলকাধিপ, বৈশ্রবণ, একাক্ষিপিঙ্গলি, রাক্ষসেন্দ্র, পৌলস্ত্য, ঈশসখ, ঐলবিল, রত্নগর্ভ, ত্রিশিরা, ধনদেবতা, ধনপতি, ধনাধিপতি, ধনেশ, ধনেশ্বর, ধনাধিপ, ধনাধ্যক্ষ, ধনদ, অর্থপতি, নিধিনাথ, নিধিপতি, নিধীশ।

৫৭৮·২২ বিশ্বকর্মা, দেবশিল্পী, ত্বষ্টা, বিশাই, কারু। বিশ্বকর্মাপূজা [৫৯৫]।

৫৭৮·২৩ মনসা, পদ্মা, পদ্মাবতী, পদ্মলাঞ্ছনা, জগদ্গৌরী, নাগমাতা, নাগেশ্বরী, শৈবী, সিদ্ধযোগিনী, বৈষ্ণবী, জগৎকারু, বিষহরা। মনসাপূজা, পদ্মাপূজা [৫৯৫]।

৫৭৮·২৪ শীতলা, শীতলা ঠাকরুণ, শেতলা। শীতলাপূজা [৫৯৫]।

৫৭৮·২৫ মা ষষ্ঠী, ষষ্ঠীদেবী, ষষ্ঠীবুড়ি। ষষ্ঠীর দয়া, ষষ্ঠীর ধন; ষষ্ঠীর বাহন; ষষ্ঠীব্রত।

৫৭৮·২৬ গন্ধেশ্বরী।
৫৭৮·২৭ দক্ষিণরায়, ব্যাঘ্রদেবতা।
৫৭৮·২৮ ধর্মঠাকুর, ধর্মরায়, নিরঞ্জন, ধর্মরাজ।
৫৭৮·২৯ বিশালাক্ষী, বাশুলী।
৫৭৮·৩০ সিদ্ধেশ্বরী।
৫৭৮·৩১ সুবচনী, সুবুচুয়ী, শুভসূচনী, শুভচণ্ডী।
৫৭৮·৩২ ওলাদেবী, ওলাইচণ্ডী, ওলাবিবি।
৫৭৮·৩৩ বনবিবি, বনদেবী।
৫৭৮·৩৪ ঘন্টেশ্বর, ঘেঁটু।
৫৭৮·৩৫ ইতুলক্ষ্মী, ইতুপূজা।
৫৭৮·৩৬ ষোড়শমাতৃকা [গৌরী; পদ্মা; শচী; মেধা; সাবিত্রী; বিজয়া; জয়া; দেবসেনা; স্বধা; স্বাহা; শান্তি; পুষ্টি; ধৃতি; তুষ্টি; কুলদেবতা; আত্মদেবতা]।
৫৭৮·৩৭ গণদেবতা, জনদেব [আদিত্য; বিশ্বদেব; বসু; তুষিত; আভাস্বর; বায়ু; মহারাজিক; সাধ্য; রুদ্র]।
৫৭৮·৩৮ [গ্রিক/রোমান দেবতা] অলিম্পিয়ান; জুপিটার, জিউস, জোভ; হেলিওস; অ্যাপোলো, ফেবিয়াস; মার্স্; মার্কারি; নেপচুন; ভালকান; ডায়োনিসাস; প্লুটো, হেডিস; স্যাটার্ন; কিউপিড, ইরস; স্ফিংক্স; জুনো, হেরা; ডেমিটার; প্রসারপাইন; ডায়না, আরটেমিস; মিনার্ভা; ভেনাস, আফ্রোদিতি; রিয়া; গাইয়া, টেলাস। [মিশরীয়] অ্যানুবিস; বাস্ট; হোরাস; খেম; মিন; নেফ, নেপথাইস; সেট, থথ্।
৫৭৮·৩৯ সত্যপির। সত্যপিরের পাঁচালি।

৫৭৯ সিদ্ধপুরুষ

বিণ·/বি· সিদ্ধপুরুষ, যোগী, মহাযোগী, যোগসিদ্ধ, যোগীন্দ্র, পরমহংস।
মন্ত্রসিদ্ধ, মন্ত্রসাধক।
সাধুপুরুষ, সাধু, সন্ত, সাধক [দ্র ৫৮৩]।
অবতার [৫৭৬]; যুগাবতার।
মহামানব [দ্র ৫৫৩], মহাপুরুষ, অতিমানব, অতিমানুষ।
মহাত্মা, পুণ্যাত্মা; পুণ্যকীর্তি, পুণ্যশ্লোক; পুণ্যদর্শন, সিদ্ধাত্মা, শুদ্ধচিত্ত।
কালদ্রষ্টা, ত্রিকালজ্ঞ [১৩৩], কালত্রয়জ্ঞ, কালত্রয়দর্শী, কালত্রয়বেদী, ত্রিকালদর্শী, ত্রিকালসিদ্ধ; ক্ষেত্রজ্ঞ।
ধর্মদূত, ধর্মাবতার।
ধর্মগুরু, বাবাজি; গুরু [দ্র ৫৯৪], দীক্ষাগুরু, গুরুদেব; বাবা; মহারাজ।
মাতাজি।
ঈশ্বরের পুত্র; পয়গম্বর; রসুল; নবি; পির।
অলৌকিক শক্তির অধিকারী। জিন।
বিণ· অতিমানবিক [দ্র ৫৫৩]; লোকাতীত, লোকোত্তর, অলৌকিক [১২৫]।

৫৮০ পৌরাণিক চরিত্র

অগস্ত্য, আগ্নেয়, অগ্নিমারুতি, সত্যাগ্নি, উদয়ন, ঘটযোনি, কুম্ভজ, কলসীসুত, কুম্ভসম্ভব, ঘটোৎভব, কুম্ভযোনি, পীতাব্ধি, বাতাপিদ্বিট, বিন্ধ্যকূট।
অজ, দক্ষপ্রজাপতি, অজমুখ, অজরাজ।
অর্জুন, তৃতীয়পাণ্ডব, পার্থ, ফাল্গুনি, সব্যসাচী, কিরীটী, শুভ্র, ধনঞ্জয়, চিত্রযোধী, কৃষ্ণসারথি, কৃষ্ণসখ, শব্দবাহন, শব্দরেধী, শব্দভেদী, গাণ্ডিবী, গাণ্ডিবধন্বা, কপিধ্বজ, কপিকেতন, বিজয়, বীভৎসু, জিষ্ণু, শ্বেতবাহন, শ্বেতবাহ; গুড়াকেশ।
অদিতি, দেবমাতা, কশ্যপপত্নী।
অভিমন্যু, মন্যুমান, সৌভদ্র, সৌভদ্রেয়।
অরুন্ধতী, বশিষ্ঠপত্নী।
অশ্বত্থামা।
অশ্বিনীকুমার, স্বর্গবৈদ্য, দেবচিকিৎসক; আশ্বিনেয়, রেবন্ত।
অষ্টনাগ [অনন্ত; বাসুকি, অনন্তশীর্ষা; পদ্ম; মহাপদ্ম; তক্ষক; কুলীর; কর্কট; শঙ্খ]।
অষ্টদিকপাল [পূর্ব—ইন্দ্র; অগ্নিকোণ—অগ্নি; দক্ষিণ—যম; নৈর্ঋত—নির্ঋতি; পশ্চিম—বরুণ; বায়ুকোণ—মরুৎ; উত্তর—কুবের; ঈশান—ঈশ]।
অষ্টবসু [ধর; ধ্রুব; সোম; অনল; অনিল; সাবিত্র; প্রত্যূষ; প্রভাস]; (মতান্তরে) [দ্রোণ; প্রাণ; ধ্রুব; অর্ক; অগ্নি; দোষ; বাস্তু; বিভাবসু]; (মতান্তরে) [বহুরূপ; ত্র্যম্বক; সাবিত্র; সুরেশ্বর; জয়ন্ত; পিনাকী; অপরাজিত]।
অষ্টদিগ্‌গজ [ঐরাবত; পুণ্ডরীক; বামন; কুমুদ; অঞ্জন; পুষ্পদন্ত; সার্বভৌম; সুপ্রতীক]।
অষ্টাবক্র।
অহল্যা, পাষাণী।
ইন্দ্রজিৎ, মেঘনাদ, শক্রজিৎ।
একলব্য।
একাদশতনু একাদশরুদ্র [অজ; একপাদ; অহিব্রধ্ন; পিনাকী; অপরাজিত; ত্র্যম্বক; মহেশ্বর; বৃষাকপি; শম্ভু; হর; ঈশ্বর]।
কংস।
কচ, বৃহস্পতি পুত্র। দেবযানী, শুক্রাচার্যতনয়া।
কণ্বমুনি।
কদ্রু, নাগমাতা।
কপিল; সাংখ্যদর্শনপ্রণেতা।
কশ্যপ, কণাদ।
কর্ণ, সূতপুত্র, সূর্যপুত্র, বৈকর্তন, রাধেয়, বসুষেণ।
কুম্ভকর্ণ।
কুরু। কুরুপুত্র [অবিক্ষিত; অবিষ্যন্ত; চৈত্ররথ; মনু; জনমেজয়]।
কৌরব, ধার্তরাষ্ট্র, [দুর্যোধন, কুরুরাজ; দুঃশাসন, বিকর্ণ; চিত্রসেন; দুর্মর্ষণ; শ্রুতান্ত; জৈত্র; ভূরিবল; জয়ৎসেন; অরিহা; কনকায়ু; সুজাত; রবি; দুর্বিষহ; দুর্বিমোচন; দুষ্প্রধর্ষ; শ্রুর্তবা(ই)]।
কৃষ্ণদ্বৈপায়ন, ব্যাসদেব, বেদব্যাস, দ্বৈপায়ন, পারাশর, সত্যবতীতনয়, সাত্যব্রত, বাদরায়ণ।
কুন্তী, পৃথা।
গন্ধর্ব, স্বর্গের গায়ক [হাহা; হুহু; চিত্ররথ; হংস; বিশ্বাবসু; গোমায়ু; তুম্বুরু; নন্দি]; দেবগায়ন, কিন্নর [দ্র ৪৩২]। গন্ধর্বলোক।
গরুড় [৬০·৪১], পক্ষীরাজ, বৈনতেয়, কাশ্যপী, সুপর্ণ,

রক্তপক্ষ, সুবর্ণকায়, গগনেশ্বর, খগেশ্বর, খগরাজ , খগপতি, কামায়ুঃ, বিষ্ণুরথ, বিষ্ণুবাহন, হরিবাহন, সুধাহর, সুরেন্দ্রজিৎ, বজ্রজিৎ।

গান্ধারী, ধৃতরাষ্ট্রমহিষী, গান্ধার রাজকন্যা।

গায়ত্রী, বেদমাতা; সাবিত্রী।

চরক, আয়ুর্বেদবেত্তা। চরকসংহিতা।

জনক, মিথিলারাজ, বৈদেহ।

দধীচি। দধীচ্যস্থি।

দশরথ। কৌশল্যা; কৈকেয়ী; সুমিত্রা।

দিতি, দনু, কশ্যপপত্নী; দৈত্যদের মাতা।

দুর্বাসা, অত্রিপুত্র।

দুষ্মন্ত। শকুন্তলা, কণ্বসুতা।

দেবকী।

দ্রোণাচার্য, ভারদ্বাজ।

দ্রৌপদী, পাঞ্চালী, কৃষ্ণা, যাজ্ঞসেনী, পার্ষতী।

ধন্বন্তরি, দেববৈদ্য।

ধুন্ধুমার।

ধৃতরাষ্ট্র। গান্ধারী।

নকুল, চতুর্থপাণ্ডব।

নচিকেতা।

নল। দময়ন্তী।

নারদ, দেবর্ষি।

পঞ্চকন্যা [অহল্যা; দ্রৌপদী; কুন্তী; তারা; মন্দোদরী]।

পরশুরাম, ভার্গব, ভৃগসুত, জামদাগ্ন্য, জামদগ্নেয়।

পরীক্ষিৎ।

পাণ্ডু। পাণ্ডব, পঞ্চপাণ্ডব [যুধিষ্ঠির; ভীম; অর্জুন; নকুল; সহদেব]। পাণ্ডবমাতা; কুন্তী, পৃথা; মাদ্রী।

বশিষ্ঠ, মৈত্রাবরুণি।

বাল্মীকি, আদিকবি, রত্নাকর, প্রাচেতস।

বালী, কপিরাজ, কিষ্কিন্ধ্যারাজ।

বিভীষণ।

বিশ্বামিত্র, কৌশিক, গাধেয়, গাধিজ, গাধিনন্দন, পৌরব।

বৃহস্পতি, দেবগুরু, গীষ্পতি, গীঃপতি, গীর্পতি, সুরগুরু, ত্রিদশাচার্য, ত্রিদশগুরু [৫৭৬], দেবেজ্য, দেবপূজ্য, সুরাচার্য, বৃহতীপতি, দ্বাদশাংশু।

ভরত। মাণ্ডবী।

ভরদ্বাজ, বিতথ।

ভীম, মধ্যমপাণ্ডব, ভীমসেন, পবননন্দন, বৃকোদর, জয়ন্ত।

ভীষ্ম, দেবব্রত। কুরুবৃদ্ধ; শান্তনব, গাঙ্গ, গঙ্গাসুত, গাঙ্গায়নি, গঙ্গাপুত্র, গাঙ্গেয়। নদীজ। ভীষ্মের প্রতিজ্ঞা।

মনু, চতুর্দশ মনু [সায়ম্ভুব; সাবর্ণ, স্বারোচিষ; উত্তম; তামস; রৈবত; চাক্ষুষ; বৈবস্বত; সাবর্ণি; দক্ষসাবর্ণি; ব্রহ্মসাবর্ণি; ধর্মসাবর্ণি; রুদ্রসাবর্ণি; দেবসাবর্ণি; ইন্দ্রসাবর্ণি]; (মতান্তরে) [সায়ম্ভুব; স্বরোচিষ; ঔত্তমী; তামস; রৈবত; চাক্ষুষ; বৈবস্বত, সত্যব্রত; সাবর্ণ; দক্ষসাবর্ণ; রৌচ্য; ভৌত্য] (মতান্তরে) [স্বায়ম্ভুব; স্বারোচিষ; ঔত্তমী; তামস; রৈবত; চক্ষুস; বৈবস্বত; সাবর্ণি; রৌচ; ভৌত্য; মেরুসাবর্ণি; ঋভু; ঋতুধামা; বিষ্কক্সেন]।

মহিষাসুর।

মান্ধাতা।

মারীচ।

মেঘনাদ, ইন্দ্রজিৎ, রাবণি।

মেনকা, গিরিজায়া, গিরিপ্রিয়া, উমাজননী।

যশোদা।

যাজ্ঞবল্ক্য। মৈত্রেয়ী।

যুধিষ্ঠির, ধর্মপুত্র, ধর্মরাজ, জয়, জ্যেষ্ঠপাণ্ডব, অজাতারি।

রাবণ, দশমুণ্ড, দশানন, দশাস্য, দশগ্রীব, রক্ষোনাথ, রক্ষোরাজ [দ্র ৬০০], রাক্ষসেন্দ্র, রাক্ষসেশ্বর, লঙ্কেশ, লঙ্কেশ্বর, লঙ্কাপতি। কর্বুরপতি, নৈকষেয়, বৈশ্রবণ।

রামচন্দ্র, রাম, রঘুনাথ, রঘুপতি, রঘুবর, রঘুমণি, রঘুকুলতিলক, রঘুকুলপতি, রঘুকুলনন্দন, দাশরথি, দাশরথ, দশরথনন্দন, কৌশল্যেয়, কৌশল্যায়ন, সীতাপতি, সীতাকান্ত, সীতানাথ, জানকীনাথ, জানকীবল্লভ, পদ্মআঁখি, রাজীবলোচন, কপিরথ, রাবণারি। রামতনয়; লব; কুশ। রঘুবংশ, রঘুকুল; রঘু।

লক্ষ্মণ, সৌমিত্র, সৌমিত্রি, রামানুজ। লক্ষ্মণপত্নী, উর্মিলা, জনকনন্দিনী।

শকুনি।

শত্রুঘ্ন। শ্রুতকীর্তি, কুশধ্বজকন্যা।

শুক্রাচার্য, দৈত্যগুরু।

সপ্তর্ষি, চিত্রশিখণ্ডী [মরীচি; অত্রি; পুলহ; পুলস্ত্য; ক্রতু; অঙ্গিরা; বশিষ্ঠ]।

লোকজননী [সম্ভূতি; অনসূয়া; ক্ষমা; প্রীতি; সন্নতি; অরুন্ধতী; লজ্জা]।

সপ্তরথী [দ্রোণ; কৃপ; কর্ণ; অশ্বত্থামা; শকুনি; জয়দ্রথ; দুঃশাসন]। সপ্তরথীর মার।

সহদেব, কনিষ্ঠপাণ্ডব, পঞ্চমপাণ্ডব।

সীতা, জানকী, জনকসুতা, জনকনন্দিনী, বৈদেহী, ঈষা, ধরণীসুতা, পার্থিবী, ভূপুত্রী, রাঘবপ্রিয়া, মৈথিলী।

সুগ্রীব, কিষ্কিন্ধ্যাপতি, বানররাজ।

সূর্যদেবতা, সূর্য। সূর্যপত্নী, স্বরেণু।

হনুমান, পবননন্দন, রামভক্ত, মহাবীর, মারুতি, রামসখ, আঞ্জানেয়, অঞ্জনানন্দন, অঞ্জনাতনয়, আনিলি, পাবনি।

৫৮১ প্রতিমা

বি· প্রতিমা, মূর্তি, দেবমূর্তি, প্রতিমূর্তি, বিগ্রহ, ঠাকুর, অর্চা; দেবীমূর্তি, দেবীপ্রতিমা; মৃন্ময়মূর্তি, মাটির প্রতিমা, মৃন্ময়ীরূপ, মৃত্তিকারূপিণী।

পট; লক্ষ্মীর পট, লক্ষ্মীর সরা; দুর্গার পট।

কাঠামো। চাল, চালচিত্র, চালি। সাজ; শোলার সাজ; ডাকের সাজ; চাঁদমালা, কদম।

শিবলিঙ্গ; গৌরীপট্ট, পেনেট।

শালগ্রামশিলা, নারায়ণশিলা; লক্ষ্মীনারায়ণ; লক্ষ্মী-জনার্দন; রঘুনাথ; দধিবামন; শ্রীধর; দামোদর; বলরাম; রাজরাজেশ্বর; অনন্ত; মধুসূদন; গঙ্গাধর; হয়গ্রীব; নরসিংহ; লক্ষ্মীনরসিংহ; বাসুদেব; প্রদ্যুম্ন; সুদর্শন; অনিরুদ্ধ।

যুগলমূর্তি। অর্ধনারীশ্বর।

দারুপ্রতিমা, দারুমূর্তি, কাষ্ঠমূর্তি, দারুময়মূর্তি; শালভঞ্জিকা; শালভঞ্জী; দারুব্রহ্ম।

ধাতুরপ্রতিমা, ধাতুমূর্তি; অষ্টধাতুর মূর্তি।

পাথরের মূর্তি, প্রস্তরমূর্তি, পাষাণমূর্তি, পাষাণপ্রতিমা।

মূর্তিপূজা, প্রতিমাপূজা, সাকার উপাসনা, সাকার সাধনা, পুতুলপূজা, পৌত্তলিকতা; পৌত্তলিকতাবাদ। প্রকৃতিপূজা, জড়পূজা।

চক্ষুদান। প্রাণপ্রতিষ্ঠা।

কুমোরপাড়া, পোটোপাড়া।

বিণ·/বি· পৌত্তলিক, মূর্তিপূজক, প্রতিমাপূজক, সাকারোপাসক।

প্রতিমাশিল্পী, কুমোর, কুমার, ভাস্কর [৪৩৬]। পটুয়া, পোটো।

মৃন্ময়ী; মৃন্ময়।

৫৮২ ধর্মক্ষেত্র

বি· দেবালয়, দেবগৃহ, দেবায়তন, মন্দির, দেউল, দেবদেউল, দেবমন্দির, দেবকুল, ঠাকুরবাড়ি, মণ্ডপ, দেবাগার, ঠাকুরমণ্ডপ, ঠাকুরমন্দির, দেবলা, দেহারা, দেবস্থান; ধর্মালয়, ধর্মগৃহ।

ঠাকুরদালান, পূজার দালান; চণ্ডীমণ্ডপ; নাটমন্দির।

ঠাকুরঘর, পূজার ঘর, পূজাঘর।

মণ্ডপ, পূজামণ্ডপ; পূজাপ্যান্ডেল।

উপাসনালয়, উপাসনাগৃহ, উপাসনামন্দির, ভজনালয়, প্রার্থনালয়, প্রার্থনাগৃহ, সাধনালয়, সাধনমন্দির, সাধনগৃহ।

মঠ, আখড়া, আশ্রম [১৮৯]।

থান।

বেদী, পূজার বেদী, বেদিকা, মঞ্চ, বিতর্দি।

যজ্ঞশালা [দ্র ৫৮৫]।

দেবপ্রতিষ্ঠা, দেবমন্দির প্রতিষ্ঠা।

মন্দিরদ্বার, গোপুর। জগমোহন।

মসজিদ, মসজেদ, মজিদ; জামে মসজিদ; ইমামবাড়া, এমামবাড়া; ইদগাহ; দরগাহ, দরগা; থান।

গির্জা, গির্জে, চার্চ; চ্যাপেল; ক্যাথিড্রাল।

বুদ্ধমন্দির; সঙ্ঘারাম; গোম্ফা; চৈত্য; মঠ; প্যাগোডা।

গুরুদ্বার, গুরদোয়ারা।

ব্রাহ্মসমাজ মন্দির, সমাজ, ব্রহ্মোপাসনালয়।

সায়নাগগ।

তীর্থ, তীর্থস্থান, দেবস্থান, দেবভূমি, তীর্থক্ষেত্র, পুণ্যভূমি, পুণ্যক্ষেত্র, পুণ্যস্থান, পুণ্যধাম, মহালয়, ধর্মক্ষেত্র, ধর্মস্থান, পবিত্রস্থান, পূতস্থান; পাপমোচনক্ষেত্র।

তীর্থসলিল, তীর্থনীর, তীর্থোদক।

তীর্থকরা-, তীর্থদর্শন(ক), তীর্থভ্রমণ(ক), তীর্থযাত্রা(ক), তীর্থবাস(ক)। কাশীবাস। হজযাত্রা; হজ।

পঞ্চতীর্থ [কুরুক্ষেত্র; গয়া; গঙ্গা; প্রভাস; পুষ্কর]।

চতুর্ধাম [রামনাথ; বৈদ্যনাথ; জগন্নাথ; দ্বারকানাথ]।

পুরী, পুরীধাম, চক্রতীর্থ, জগন্নাথধাম, শ্রীক্ষেত্র, নীলাচল, নীলাদ্রি, বিরজা, বিরজাধাম, জগন্নাথক্ষেত্র; গয়া; কাশীধাম, শিবপুরী, বারাণসী, বিশ্বনাথধাম; বৃন্দাবন, ব্রজধাম; মথুরা, মধুপুরী; দ্বারকা, দ্বারিকা, দ্বারবতী, দ্বারাবতী; প্রভাস, চক্রতীর্থ, সোমতীর্থ; পুষ্কর; কেদারনাথ; বদ্রীনাথ, বদরিকাশ্রম; বৈষ্ণোদেবী; অমরনাথ; মানসসরোবর; গোমুখ, গোমুখী; কালীঘাট; দক্ষিণেশ্বর; তিরুপতি, তিরুপতিধাম, ভেঙ্কটেশ্বর; কন্যাকুমারিকা; মহাবলীপুরম; মাদুরা; মীনাক্ষীমন্দির; সোমনাথ; পশুপতিনাথ; কামরূপ, কামাখ্যা; হরিদ্বার; গঙ্গোত্রী; প্রয়াগ; এলাহাবাদ; গঙ্গাসাগর, সাগর; বৈদ্যনাথধাম, দেওঘর, ঝাড়খণ্ড; তারকেশ্বর; তারাপীঠ; ত্রিপুরেশ্বরী; নবদ্বীপধাম; জল্লেশ্বর; জ্বালামুখী; বিন্ধ্যাচল; রামেশ্বরম; ধনুষ্কোটি; কনখল।

মক্কা, মক্কাশরিফ; কিবলানুমা; কাবা; বায়তুলমুকাদ্দাস; মদিনা; আজমির শরিফ, জমজমা।

সারনাথ, বৌদ্ধগয়া, বোধগয়া, বোধিতীর্থ; কপিলাবস্তু; রাজগীর, রাজগৃহ।

জেরুসালেম; রোম; ভ্যাটিকান সিটি।

অমৃতসর; স্বর্ণমন্দির।

সিদ্ধপীঠ, পীঠ, পীঠস্থান, মহাপীঠ; একান্নপীঠ [হিঙ্গুলা, হিংলোজ; শর্করার; সুগন্ধা; কাশ্মির; জ্বালামুখী; জলন্ধর; বৈদ্যনাথ; নেপাল; মানস; উৎকল, বিরজাক্ষেত্র; গণ্ডকী; বহুলা; উজ্জয়িনী; চট্টল; ত্রিপুরা; ত্রিস্রোতা; কামগিরি, কামাখ্যা, প্রাগজ্যোতিষপুর; প্রয়াগ; জয়ন্তী; যুগাদ্যা; কালীঘাট; কিরীটেশ্বরী; বারাণসী; কন্যাশ্রম; কুরুক্ষেত্র; মণিবন্ধ; শ্রীশৈল; কাঞ্চী; কালমাধব; শোনদেশ; রামগিরি; বৃন্দাবন; শুচি; পঞ্চসাগর; করতোয়াতট; শ্রীপর্বত; বিভাস; প্রভাস; ভৈরবপর্বত; জনস্থল; গোদাবরীতীর; সর্বশৈল; রত্নাবলী; মিথিলা; তারাপীঠ; নলহাটি; কর্নাট; বক্রেশ্বর; যশোর; অট্টহাস; নন্দিপুর; লঙ্কা]।

পঞ্চতীর্থ, পঞ্চাঙ্গর [জ্ঞানবাপী; নন্দিকেশ্বর; তারকেশ্বর; মহাকালেশ্বর; দণ্ডপাণি]।

অক্ষয়বট; বোধিবৃক্ষ, বোধিদ্রুম।

বিণ·/বি· তীর্থযাত্রী, তীর্থাভিলাষী, তীর্থিক, তীর্থকামী; পুণ্যকামী, পুণ্যার্থী, তীর্থযাত্রীদল, কাফিলা।

তীর্থগুরু।

তীর্থবাসী, তীর্থসেবী।

পাণ্ডা; ছড়িদার।

আশ্রমিক, আশ্রমবাসী, আশ্রমী; আখড়াবাসী।

মোহান্ত, মহান্ত; মঠাধ্যক্ষ।

দেবদাসী।

৫৮৩ সন্ন্যাস

বি· সন্ন্যাস, সন্ন্যাসধর্ম, তাপস্য, চতুর্থাশ্রম, বৈরাগ্য, বিরাগভাব, বৈরাগ, উপরম, উপরাম, প্রত্যাপত্তি, সংসারমুক্তি, নির্বেদ, উপরতি, সংসারবৈরাগ্য, সংসারবিরক্তি, সংসারবন্ধন মুক্তি, সংসারনিঃস্পৃহা, বিষয়বিতৃষ্ণা, বিষয়বৈতৃষ্ণ্য, বিষয় অনাসক্তি, বিষয়বাসনা শূন্যতা, বিষয়বৈরাগ্য, বাসনা পরিহার(ক), সংসারবিরাগ, সংসার ত্যাগ(ক); ত্যাগধর্ম, ত্যাগব্রত, সর্বত্যাগ; সন্ন্যাসবৃত্তি,

বৈরাগ্যসাধন, ভিক্ষুধর্ম, ভৈক্ষ্য, প্রব্রাজ, প্রব্রজ্যা, মাধুকরী, মধুকরবৃত্তি।

যোগ, যোগসাধনা, যোগসাধন, যোগানুষ্ঠান, যোগাচার, যোগাভ্যাস(ক); যোগবিদ্যা, যোগশাস্ত্র, যোগমার্গ, যোগবিধি, যোগসাধনপন্থা, যোগাচার।

ক্রিয়াযোগ; মন্ত্রযোগ; হঠযোগ, প্রাণায়াম; লয়যোগ; কুম্ভক; রাজযোগ; জ্ঞানযোগ; ভক্তিযোগ; কর্মযোগ; সন্ন্যাসযোগ; ধ্যানযোগ, অভ্যাসযোগ।

সহজিয়া সাধন, সহজিয়াধর্ম, সহজিয়া, সহজযান, সহজধর্ম।

কৌল, দক্ষিণাচার; নির্গ্রন্থ।

কুণ্ডলিনী; কুলকুণ্ডলিনী।

তন্ত্র, তন্ত্রসাধনা, তন্ত্রচর্যা [৫৯১], বামাচার, তান্ত্রিকতা; তন্ত্রশাস্ত্র, আগম। শবসাধনা।

অঘোরপন্থা; বীরাচার; পশ্বাচার; কুলাচার।

পঞ্চমকার [মদ্য; মাংস; মৎস্য; মুদ্রা; মৈথুন]; পঞ্চসাধন।

তপস্যা(ক), তপশ্চর্যা [দ্র ৫৮৪]। ব্রহ্মচর্য।

বিণ·/বি· সন্ন্যাসী, সাধু, সন্ত, সাধক, যোগী, যোগমার্গী, যোক্তা, সাধুপুরুষ, সাধুসন্ত, যতী, সান্ন্যাসিক, সংসারত্যাগী, সংসারবিরাগী, সংসারবিরক্ত, সংসারানাসক্ত, বিরাগী, যোগনিষ্ঠ, অগ্রহ, বৈরাগী, বিবাগী, সর্বত্যাগী, সংসার নিস্পৃহ, সংসারবিবিক্ত, বিষয়বিতৃষ্ণ, বিষয়বাসনাশূন্য, বাসনারহিত, বৈরাগবান, সংসারবন্ধন মুক্ত, বন্ধনমুক্ত, ত্যাগব্রতী, নির্বিন্ন, নির্বিৎ, মুক্তপুরুষ, চতুর্থাশ্রমী। তপস্বী, তাপস, ঋষি, মুনি, তপোধন, মুনিঋষি, তপোনিধি। তপোরতি। সন্ন্যাসিনী, সাধিকা।

ব্রহ্মচারী, দণ্ডী, দণ্ডধারী, সন্ন্যাসব্রতী, বর্ণী।

মহাত্মা, পুণ্যাত্মা। মহাযোগী, পরমযোগী, পরমহংস, যোগসাধক, যোগসিদ্ধ। হঠযোগী; কর্মযোগী।

স্বামিজী; গৈরিকধারী, গৈরিকবাস; মহারাজ।

সহজিয়াসাধক, আউল।

বৈরাগী; গৃহত্যাগী।

তান্ত্রিক, তন্ত্রচারী, তন্ত্রসিদ্ধ; মস্করী; নাগাসন্ন্যাসী, অচেলক, নগ্নাট, নাঙ্গা সন্ন্যাসী। কৌলিক, বামাচারী, বামমার্গী; কাপালিক, কাপড়ি, কপালী, কাপালী; তন্ত্রাচার্য, আগমবাগীশ, আগমবেদী। শবসাধক।

অবধূত, শৈবসন্ন্যাসী; লিঙ্গায়েত; লৈঙ্গ; অঘোরপন্থী, ঘোরাচারী।

ফকির, দরবেশ, কালন্দর, কলন্দর; আউলিয়া, পির; মুরিদ; মুরশিদ। হাজি।

বাউল।

ভিক্ষু, শ্রমণ, প্রব্রজিত, ক্ষপণক, বৌদ্ধসন্ন্যাসী, নির্গ্রন্থিক, নির্গ্রন্থ, নির্গ্রন্থক; ফুঙ্গি; লামা; স্থাণ্ডিল, সৌগতিক।

সন্ত; জাঠেদার।

বিণ· তান্ত্রিক, তন্ত্রশাস্ত্রীয়।

অবধৌত, অবধৌতিক।

৫৮৪ উপাসনা

বি· উপাসনা(ক), উপাসন, আরাধনা(ক), আরাধন, সংরাধন, উপাস্তি, অর্ঘ, অর্হণ, অর্হণা, সপর্যা, অর্চনা(ক), অর্চন, অর্চা-, পূজা(ক), পুজো(ক), পূজন(ক), ভজনা(ক), ভজন, ভজা-, বন্দন, বন্দনা(ক) [৩৪৮], অভিবন্দনা, অভিবন্দন, যজা-, নুতি, স্তব(ক), স্তুতি(ক), স্তবন, ঈলা; নাম নেওয়া-, নাম করা-, কীর্তন(ক), নামগান, নামকীর্তন(ক); পুজোআর্চা, পূজাপাঠ।

ঈশ্বরসাধনা, ঈশ্বরোপাসনা, ঈশ্বরসেবা, দেবপূজা, দেবসেবা(ক), দেবচর্যা(ক), ঠাকুরসেবা(ক), সেবা(ক), ধর্মোপাসনা(ক)।

দেবভক্তি, ঈশ্বরভক্তি, ঠাকুরভক্তি, ভক্তি।

জপা-, জপ(ক), জপন, জাপন, জপতপ; মালাজপ(ক); ধ্যান(ক); জপমালা, জপের মালা; রুদ্রাক্ষমালা, অক্ষমালা, অক্ষসূত্র; ইষ্টমালা, তসবি।

হরিনাম(ক); দুর্গানাম(ক); ভগবানের নাম(ক), ভগবানকে ডাকা-; হরিধ্বনি(ক); বম্‌বম্ করা-, গালবাদ্য।

আহ্নিক(ক), সন্ধ্যাহ্নিক(ক), সন্ধ্যা(ক); নিত্যকর্ম, নিত্যকৃত্য, নিত্যক্রিয়া, নৈত্যিক; ত্রিসন্ধ্যা [প্রাতঃসন্ধ্যা, প্রাতরাহ্নিক; মধ্যাহ্নসন্ধ্যা; সায়ংসন্ধ্যা, সায়ংকৃত্য]।

সাধনা(ক), সাধন, তপস্যা(ক), তপশ্চর্যা [৫৮৩], তপশ্চারণ, তপশ্চরণ(ক), তপ, অঙ্গনিগ্রহ; সাধনভজন(ক), সাধনাভজনা(ক), সাধনপ্রক্রিয়া [৩৩৮]।

পৌরোহিত্য(ক), যজমানি, যাজন, যজন, আর্ত্বিজ্য।

পুরশ্চরণ [মন্ত্র; জপ; হোম; তর্পণ; অভিষেক; ব্রাহ্মণ ভোজন]।

তপঃপ্রভাব, তপোবল। তপোবন, আশ্রম।

ভক্তমন, ভক্তহৃদয়।

ধর্মকর্ম [দ্র ৫৯৪]। তীর্থকরা-[দ্র ৫৮২]। পূজাপার্বণ [দ্র ৫৯৪]।

নিবেদন(ক), উৎসর্গ(ক); অর্ঘ্যপ্রদান(ক); অঞ্জলি(দে), পুষ্পাঞ্জলি(দে), কুসুমাঞ্জলি।

প্রণাম(ক), প্রণতি, প্রণিপাত, পেন্নাম, ভক্তিনতি, নমন, নতি, সন্নতি [২৪৪, ৩৪৮, ৬১০], গড়(হ, ক), দণ্ডবৎ (হ), নমস্কার(ক); চরণবন্দনা(ক), চরণসেবা, চরণপূজা(ক); ত্র্যঙ্গ প্রণাম; পঞ্চাঙ্গ প্রণাম [মস্তক; বাহুদ্বয়; জানুদ্বয়; নেত্রদ্বয়; বাক্যসংযোগ]; সাষ্টাঙ্গ প্রণাম, অষ্টাঙ্গ প্রণাম [মস্তক; নেত্রদ্বয়; করদ্বয়; বক্ষঃস্থল; জানুদ্বয়; চরণদ্বয়; বাক্য; মনোসংযোগ]।

নমাজ (পড়া-), নামাজ। ইবাদত, সালাম, দোয়া, খোতবা, নেয়ামত, দরুদ; দোয়াদরুদ। আজান। কিবলা, পশ্চিমদিক [দ্র ১৯৩]।

পূজাঙ্গ; পূজারম্ভ, কল্পারম্ভ। আচমন(ক)। সংকল্প। অঙ্গন্যাস। করন্যাস। আসনশুদ্ধি। জলশুদ্ধি। আবাহন। প্রাণপ্রতিষ্ঠা, জীবন্যাস। অর্ঘ্য। ঘটস্থাপন। অঞ্জলি, পুষ্পাঞ্জলি। আরতি, আরাত্রিক, নীরাজনা, নির্মঞ্ছন; সন্ধ্যারতি। ভোগ; শীতল; প্রসাদ; শিন্নি, শিরনি। নিবেদন। ধ্যান। উৎসর্গ; বলি, পশুবলি, পশু উৎসর্গ। বিসর্জন, নিরঞ্জন, ভাসান।

মুদ্রা, অঙ্গুলিমুদ্রা, অঙ্গুলি মুদ্রিকা [অঙ্কুশ; অভয়; আবাহনী; বর; শঙ্খ; চক্র; গদা; পদ্ম; ধূপ]।

উপচার, পূজোপচার, পূজাসামগ্রী, পূজোপকরণ; সাজ; পঞ্চোপচার [গন্ধ; পুষ্প; ধূপ; দীপ; নৈবেদ্য]; দশোপচার [গন্ধ; পুষ্প; দীপ; নৈবেদ্য; পাদ্য; অর্ঘ্য; আতপচাল; বিল্বপত্র; মধুপর্ক]; ষোড়শোপচার [আসন; স্বাগত; পাদ্য; অর্ঘ্য; আচমনীয়; স্নানীয়; বসন; ভূষণ; গন্ধ; পুষ্প; ধূপ; দীপ; মধুপর্ক; তাম্বূল; তর্পণ; নতি]; (মতান্তরে) [আসন; স্বাগত; পাদ্য; অর্ঘ্য; আচমনীয়; মধুপর্ক; পুনরাচমনীয়; স্নান; বসন; আভরণ; গন্ধ; পুষ্প; ধূপ; দীপ; নৈবেদ্য; বন্দন]।

চরণামৃত, পাদোদক, পাদক। নির্মাল্য। প্রসাদ।

প্রদীপ, দীপ [দ্র ৩৩]। আসন-অঙ্গুরি। ঠাকুরঘর [দ্র ৫৮২]।

গন্ধদ্রব্য; অগুরু; চন্দন; শ্বেতচন্দন; রক্তচন্দন।

ফুল। বেলপাতা। তুলসী। দূর্বা। ঘট, মঙ্গলঘট; ডাব; আমপাতা, আম্রপল্লব। ঘৃত। দধি। মধু। ফলমূল। কলাপাতা। গঙ্গামৃত্তিকা। গঙ্গাজল। ডালা, বরণডালা। শ্রী, ছিরি। কুশি, কোষী, সিপী, সিপ; কোশা; কোশাকুশি; ডোঙ্গা। তাম্রকুণ্ড; তামার টাট। কুশাসন, আসন, ধ্যানাসন, যোগপীঠ। জলশঙ্খ, পানিশঙ্খ, পানশাঁখ। চামর, ঔশীর, বালধি।

ঘণ্টা। শঙ্খ, শাঁখ, কম্বু। কাঁসি, কাঁসর। ঢাক, ঢোল, ঢোলক [দ্র ৪৩৩]।

মন্ত্র (পড়া-), পূজোর মন্ত্র; স্তব, স্তুতি, স্তোত্র, জপ্য; ইষ্টমন্ত্র, ইষ্টনাম, বীজমন্ত্র। গায়ত্রী মন্ত্র, ব্যাহৃতি। মন্ত্রবল, মন্ত্রশক্তি।

বিণ· উপাসিত, আরাধিত, পূজিত, বন্দিত, ভজিত, অর্চিত [৬১২], সেবিত, স্তুত, সাধিত, অর্হিত, অঞ্চিত, অম্বাসিত, অভিষ্টুত, অভিরাদ্ধ, নুত, জুষ্ট, উপচরিত, সম্পূজিত।

নিবেদিত, উৎসর্গীকৃত, কৃতনিবেদন, উৎসর্গিত।

কৃতাহ্নিক। চরিতব্রত। [**বিপ·**] অকৃতাহ্নিক।

প্রণত, সন্নত, অবনত।

প্রসাদী।

কৃতনমস্কার; কৃতাঞ্জলিপুট।

বিণ·/বি· পূজনীয়, পূজ্য [৩৪৮], পূজার্হ, পূজ্যপাদ, পূজিতব্য, উপাস্য, উপাসনীয়, অর্চনীয়, অর্চ্য, বন্দনীয়, বন্দ্য, ভজনীয়, ভজ্য, আরাধ্য, আরাধনীয়, যজনীয়, যজ্য, অর্হণীয়, অর্হন্ত, সেব্য, জপনীয়, জপ্য, সাধনীয়, ইজ্য, জুষ্য, ঈড্য, স্তুত্য, স্তবনীয়।

প্রণম্য, নমস্য।

পূজক, পূজারি, পূজয়িতা, অর্চক, উপাসক, অর্চনাকারী, আরাধক, আরাধনাকারী, ভজনাকারী; দেবল, দেয়াসী; সেবাইত; জাপক, জপকারী।

উপাসনারত, পূজারত, ভজমান; যজমান।

পূজ্যমান, ভজ্যমান, অর্চ্যমান, আরাধ্যমান, উপাস্যমান, সেব্যমান, স্তূয়মান, ঈড্যমান।

পুরোহিত, পুরুত, পুরুতমশাই, পুরুতঠাকুর, ঠাকুর, ঠাকুরমশাই, দেবব্রাহ্মণ; যাজক, যাজী, যাজনিক, যাজনকর্তা, পণ্ডিত, আচার্য, ঋত্বিক [দ্র ৫৮৫], সাত্বৎ; ব্রাহ্মণ; পূজাজীবী, দেবাজীব, দেবযজী, দেবযাজী, সৌবস্তিক; তন্ত্রধর, তন্ত্রধারক।

মৌলবি, মৌলভি, খতিব, ইমাম, মৌলানা, মাওলানা; মোয়াজ্জিন; মুফতি; মোমিন। মোল্লা।

পাদ্রি, ধর্মযাজক, যাজক; বিশপ; কার্ডিনাল; আর্চবিশপ; ফাদার।

লামা; দলাইলামা, পাঞ্চেনলামা।

ধর্মাচার্য, ধর্মগুরু [৫৭৯, ৫৯৪]।

ভক্ত, ভক্তিমান; দেবভক্ত, ঈশ্বরভক্ত, ঠাকুরভক্ত।

সাধক [৫৮৩], যোগী; ব্রতী, ব্রতধারী। ধ্যানী, ধ্যানমগ্ন, ধ্যানরত, ধ্যানস্থ, ধ্যাননিরত; যোগধারী, যোগপরায়ণ, যোগনিষ্ঠ।

স্তোতা, বন্দক, বন্দনাকারী, স্তবকারী।

দেয়াসিনী, দেবসেবিকা।

ক্রি-বিণ· ভক্তিভরে, ভক্তিতে; কৃতাঞ্জলিপুটে।

৫৮৫ যজ্ঞ

বি· যজ্ঞ, যাগ, হোম, হোত্র, হবন, অধ্বর, আহুতি, আহব, হব, হুতি, ক্রতু, ইষ্টি, ইষ্ট, ইজ্যা, মেধ, স্তোম, বষট্‌কার; যাগযজ্ঞ; অগ্নিসংস্কার, অগ্নিশুদ্ধি; অগ্নিপ্রতিষ্ঠা, অগ্ন্যাধান; অগ্নিহোত্র, অগ্নিষ্টোম; অগ্নিদূত।

কুশণ্ডিকা, কুসুমডিঙে।

হোমাগ্নি, হোমানল, যজ্ঞাগ্নি, যজ্ঞানল, হুতা, হুতাশ, হুতাশন, হুত, বৈতান, বৈতানিক। যজ্ঞকাঠ, সমিধ। আহুতি; পূর্ণাহুতি; হব্য, হবনীয়, হবি, আজ্য, ঘৃতাহুতি; আবহনীয়। যজ্ঞাঙ্গ।

যজ্ঞশালা, যজ্ঞগৃহ, হোমগৃহ, যজ্ঞাগার, হবির্গেহ; যজ্ঞকুণ্ড, হোমকুণ্ড, হবনী, হবিত্রী; যজ্ঞভূমি, যজ্ঞস্থল, বাসকর্ণী, যজ্ঞবাট। যজ্ঞবেদী, যজ্ঞবেদি, যজ্ঞবেদিকা, চৈত্য, স্থণ্ডিল। অগ্নিশালা, আহব, অগ্ন্যাগার, অগ্ন্যালয়, শক্রশালা।

অশ্বমেধ যজ্ঞ; রাজসূয় যজ্ঞ; পুত্রেষ্টি যজ্ঞ; শ্রৌতযজ্ঞ; গৃহ্যযাগ; ইষ্টিযাগ; পশুযাগ; ঐকাহিক যজ্ঞ; পূর্ণমাস যাগ; সোমযাগ; পুরুষযজ্ঞ; অভিচার যজ্ঞ; শ্যেনযাগ; অধিযজ্ঞ; আয়ুষ্টোম; অষ্টকপাল, অষ্টাকপাল; প্রাজাপত্যা।

পঞ্চযজ্ঞ [ব্রহ্মযজ্ঞ; নৃযজ্ঞ; দেবযজ্ঞ; পিতৃযজ্ঞ; ভূতযজ্ঞ]।

বিণ· যজ্ঞীয়, হোত্রীয়, বৈতান, বৈতানিক, ঐষ্টিক।

যাজ্য, যজনীয়।

কৃতহোম, হুত; আহুত।

বিণ·/বি· যাজ্ঞিক, যজ্ঞকর্তা, যজি, যজ্ঞকৃৎ, হোমী, হোমক, হোমকর্তা, হোমকারী, হোম্য, হৌম্য, হোত্রী, হোতা, ঋত্বিক, অধ্বর্যু, অবিন, বাজপেয়, স্বাহাকৃৎ, অগ্নীধ, অগ্নীধ্র; সাগ্নিক, অগ্নিহোত্রী, আহিতাগ্নি, অগ্নিচিৎ, অগ্ন্যাহিত। অগ্নিরক্ষক [৫৭১]।

৫৮৬ পবিত্রতা

বি· পবিত্রতা, শুচিতা, শুদ্ধতা, শুদ্ধি [৫২২], নির্মলতা, বিমলতা [দ্র ৫১৯], বিশুদ্ধতা, নৈর্মল্য, পূতি, পরিশুদ্ধি।

শুদ্ধাচার, শুদ্ধাচারিতা; নৈষ্ঠিকতা, আচারনিষ্ঠা, নিয়মনিষ্ঠা, আচারবিচার; সাত্ত্বিকতা।

শুচিবায়ু [৫১৯], ছুঁত, ছুঁতমার্গ, শুচিবাই, ছোঁয়াছুঁয়ি বিচার(ক), ছুঁচিবাই। স্পর্শদোষ।

চিত্তশুদ্ধি, শুদ্ধচিত্ততা।

পবিত্রীকরণ, শোধন, সংস্ক্রিয়া, সংস্কার।

পবিত্রস্থান; ধর্মস্থান, তীর্থস্থান [দ্র ৫৮২]।

পবিত্রজল, পূতোদক; গঙ্গাজল।

বিণ· পবিত্র, পূত, শুদ্ধ , নির্মল, শুচি [৫১৯], মেধ্য, বিমল, অমল, নির্মল [দ্র ৫১৯], পাক, নিরবদ্য।

পবিত্রিত, পবিত্রীকৃত; প্রযত, প্রযস্ত, শুদ্ধীকৃত, শোধিত, সংস্কৃত।

বিণ·/বি· শুদ্ধাচারী, নিষ্ঠাবান, নৈষ্ঠিক, নিষ্ঠাশীল, নিষ্ঠ, নিয়মনিষ্ঠ, আচারী, আচারনিষ্ঠ, আচারবান, সাচার; শুদ্ধচিত্ত, শুদ্ধমতি, শুদ্ধাত্মা, পূতহৃদয়, পূতাত্মা, পবিত্রাত্মা, পুণ্যাত্মা, কৃতাত্মা, যতাত্মা, প্রযতাত্মা, ভাবিতাত্মা।

অপাপবিদ্ধ [দ্র ৫৯০], অকলঙ্কচিত্ত।

পবিত্রা, পূতা, শুদ্ধা।

ক্রি-বিণ· শুদ্ধাচারে।

৫৮৭ অপবিত্রতা

বি· অপবিত্রতা, অশুচিতা, অশুচিত্ব, অশুদ্ধতা, অশুদ্ধি, অমেধ্যতা, শৌচাভাব, অশৌচ [৫৭], শুদ্ধিহীনতা।

বিণ· অপবিত্র, অশুচি, অশুদ্ধ, অপরিশুদ্ধ, নাপাক, শুদ্ধিহীন, অমেধ্য [৫২০], অপূত, অপ্রশুদ্ধ।

হারাম।

৫৮৮ পাপ

বি· পাপ, অপুণ্য, দুষ্কৃত, পাতক, অঘ, অংহ, শাবর, কল্মষ, কিল্বিষ, কলুষ, কর্বুর, কিণ্ব, কল্ক, প্রত্যবায়, দুরিত, অপরাধ [দ্র ৫৬৩]।

পাপাচরণ(ক), পাপানুষ্ঠান, পাপকর্ম; পাপাসক্তি, পাপানুরাগ, পাপপ্রবণতা; পাপপঙ্ক; পাপস্রোত।

লঘুপাপ। গুরুপাপ।

ঘোরপাপ, মহাপাপ, মহাপাতক [ব্রহ্মহত্যা; ব্রাহ্মণের সুবর্ণচুরি; সুরাপান; গুরুভার্যাহরণ]। উপপাতক [পরদার; আত্মবিক্রয়; মাতৃত্যাগ; পিতৃত্যাগ; সুতত্যাগ; কন্যাদূষণ; দারবিক্রয়; অপত্যবিক্রয়; বান্ধবত্যাগ; অভিচার; ঋণ পরিশোধ না করা-; নাস্তিকতা; গোহত্যা; (ইত্যাদি হিন্দুমতে উনষাট পাপকর্ম)]; অনুপাতক।

ত্রিপাপ, পাতকত্রয় [অতিপাতক; উপপাতক; মহাপাতক]।

অধর্ম, অনাচার, অধর্মাচরণ, অধর্মানুষ্ঠান, অধার্মিকতা, ধর্মবিরুদ্ধতা, পুণ্যবিরুদ্ধতা, ন্যায়লঙ্ঘন(ক), নীতিলঙ্ঘন(ক), অন্যায় [দ্র ৫৪৬], ভ্রষ্টাচার; অধর্মপরায়ণতা; পাপের পথ, অধোমার্গ।

অভক্তি [দ্র ৬১৪]। দোষ [দ্র ৫৫৫], গুনাহ।

ধর্মদ্রোহিতা, ধর্মদ্বেষিতা, ধর্মবিদ্বেষ। ধর্মনাশ(ক), ধর্মহানি, ধর্মলোপ।

তপোভঙ্গ, ধ্যানভঙ্গ, যোগভঙ্গ, যোগবিরতি।

পাপের ফল [দ্র ৬৭৮]।

বিণ· পাপকর, পাপাত্মক, পাপজনক, পাপপূর্ণ, পাপময়, অধর্ম্য, ধর্মবিরুদ্ধ; ধর্মহীন, ধর্মাপেত, কাফেরি; অবিহিত, অকর্তব্য, অবৈধ, নীতিবিরুদ্ধ, ন্যায়বিরোধী, ন্যায়বিরুদ্ধ, অঘময়, অন্যায় [দ্র ৫৪৬]।

বিণ·/বি· পাপী [৫৯৭], পাতকী, পাপিষ্ঠ, পাপাত্মা, পাপান্তঃকরণ, পাপাশয়; পাপবুদ্ধি, পাপমতি, কল্মষ, কল্মষযুক্ত, বিপ্রদুষ্ট, পাংশুল, পাপবান, কিল্বিষবান, অঘবান, বৃষল; দুরাত্মা, দুর্মতি, দুষ্কৃতী, কাপ্যকর, পাপকৃৎ, পাপভাগী, নৈরয়িক; পামর; মহাপাপী, ঘোরপাপী, মহাপাতক, মহাপাপিষ্ঠ, অতিপাতক, অতিপাতকী, পাপচূড়ামণি; পাপীয়ান, পাপপ্রবণ, পাপাসক্ত; গুনাহগার।

অধার্মিক, অধর্মপরায়ণ, অধর্মনিষ্ঠ, অধর্মী, অধর্মাত্মা, ধর্মচ্যুত, ধর্মভ্রষ্ট, ভ্রষ্টাচারী, অধর্মচারী, অধর্মকারী, অধর্মিষ্ঠ, অধর্মবুদ্ধি; ধর্মদ্রোহী, ধর্মদ্বেষী, ধর্মহীন [৫৭৭], অধর্মাক্রান্ত, নিধর্ম, ধর্মত্যাগী, বিধর্মী, যবন, যাবনিক, যাবন, কাফের, কাফির, বেদিন, তুরুক। যোগভ্রষ্ট, যোগভ্রংশ।

[বিপ·] বি· প্রায়শ্চিত্ত(ক), পাপস্খালন(ক), পাপক্ষালন(ক), পাপনাশন, পাপশুদ্ধি, অঘনাশন, অঘমর্ষণ, পাপক্ষয়, দোষকাটানো-। স্বস্ত্যয়ন, শান্তিস্বস্ত্যয়ন। আত্মশোধন, আত্মশুদ্ধি; অঙ্গপ্রায়শ্চিত্ত। প্রায়শ্চিত্তবিধি; প্রায়শ্চিত্তবিধান। চান্দ্রায়ণ, ইন্দুব্রত, চন্দ্রব্রত। অন্তর্জলি।

বিণ· পাপনাশক, পাপহারক, পাপঘ্ন, অঘনাশক, দুরিতহারী; প্রায়শ্চিত্তার্হ, প্রায়োশ্চিত্তোপযোগী।

বিণ·/বি· প্রায়শ্চিত্তী; প্রায়শ্চিত্তকারী।

৫৮৯ অধ্যাত্মচেতনা

বি· অধ্যাত্মচেতনা; আধ্যাত্মিকতা, অধ্যাত্মিকতা, অধ্যাত্মসাধন; পরমার্থসাধন; স্পিরিচুয়ালজিম্।

ব্রহ্ম, পরব্রহ্ম, পরমব্রহ্ম, অদ্বৈত, অদ্বয়, এক, দ্বিত্বহীন; একমেবাদ্বিতীয়ম; তুরীয়।

আত্মা [৫০], অধ্যা, অমরাত্মা, পরমাত্মা, আত্মাপুরুষ।

আধ্যাত্মিকচেতনা; আত্মাদিবিষয়ক জ্ঞান। দিব্যজ্ঞান।

ঈশ্বরতত্ত্ব, থিয়োলজি। অধ্যাত্মতত্ত্ব, অধ্যাত্মবাদ।

পরাবিদ্যা, ব্রহ্মবিদ্যা, ব্রহ্মজ্ঞান। অধিবিদ্যা।

আত্মজ্ঞান, আত্মতত্ত্ব, আত্মবিদ্যা, পরমাত্মতত্ত্ব; আত্মানুসন্ধান, আত্মান্বেষণ, আত্মজিজ্ঞাসা, আত্মদর্শন, আত্মানুভূতি, সানুভব, স্বসংবেদন।

ভাব, ভাবসমাধি, সমাধি।

অধ্যাত্মবাদ; অজ্ঞাবাদ; অজ্ঞানবাদ; অদ্বয়বাদ; অদ্বৈতবাদ; দ্বৈতবাদ; অধিপ্রাণবাদ; ব্রহ্মবাদ; একেশ্বরবাদ; অদ্বয়সম্বন্ধীবাদ; অবস্তুবাদ; আত্মবাদ; আত্মিকবাদ; কর্মবাদ; সুফিবাদ।

দেহাত্মবাদ, দেহাত্মপ্রত্যয়; জড়বাদ, প্রত্যক্ষবাদ; দেহতত্ত্ব।

ষট্‌চক্র, দেহমধ্যস্থচক্র [মূলাধার; স্বাধিষ্ঠান; মণিপুর; অনাহত; বিশুদ্ধ; আজ্ঞা]। সহস্রার।

দিব্যচক্ষু, দিব্যদৃষ্টি।
সন্ন্যাস [দ্র ৫৮৩]। দর্শন [দ্র ৩৯০]। যোগ [দ্র ৫৮৩]। ধর্মশাস্ত্র [দ্র ৫৯৩, ৪২৩]।
বিণ· আধ্যাত্মিক, অধ্যাত্ম, অধ্যাত্মিক।
অনাত্মভব।
ব্রহ্মসম্বন্ধী, ব্রহ্মবিষয়ক।
আত্মিক, আত্মবিষয়ক।
অজ্ঞেয়, নির্জ্ঞেয়।
অবিষয়মুখী, অবস্তুমুখী।
পরমার্থিক, পারিকাঙ্ক্ষী।
অতীন্দ্রিয়, দেহাতীত, ইন্দ্রিয়াতীত; আধিবিদ্যক; অতিপ্রাকৃত [দ্র ১২৫]। তুরীয়।
ঐশ্বরিক [দ্র ৫৭৬]।
বিণ·/বি· অধ্যাত্মবাদী, অধ্যাত্মতত্ত্ববিৎ।
আত্মজ্ঞ, আত্মতত্ত্ববিদ, আত্মানুসন্ধানী।
ব্রহ্মবাদী, ব্রহ্মসম্বন্ধী, আত্মতত্ত্বসম্বন্ধী, আত্মতত্ত্ববিৎ।
দিব্যজ্ঞানী, দিব্যদর্শী, জ্ঞানী।
অজ্ঞাবাদী; অজ্ঞানবাদী; অদ্বয়বাদী; অদ্বৈতবাদী; অধিপ্রাণবাদী; একাত্মবাদী; একেশ্বরবাদী। দ্ব্যাত্মবাদী; দ্বৈতবাদী, দ্বৈতী।
জড়বাদী, প্রত্যক্ষবাদী; দেহাত্মবাদী, অনাত্মবাদী; কর্মবাদী।

৫৯০ ধর্ম

বি· ধর্ম, ধরম; ধর্মমত; বিভিন্ন ধর্ম [দ্র ৫৯১] [হিন্দু; ইসলাম; খ্রিস্ট, খ্রিস্টান; বৌদ্ধ; জৈন; শিখ; ইহুদি; পারসিক; কনফুসীয়; বাহাই; শিন্টো]।
ধর্মকর্ম [৩২০], ধরমকরম, ধর্মকার্য, ধর্মক্রিয়া, ধর্মকৃত্য, ধর্মানুষ্ঠান, ধর্মচর্চা, ধর্মচর্যা, ধর্মসাধন, ধর্মানুশীলন, ধর্মাচরণ, ধর্মব্রত, ধর্মপালন, ধম্মকম্ম।
ধর্মনীতি, ধর্মচিন্তা, ধর্মভাবনা; ধর্মপ্রবৃত্তি, ধর্মবুদ্ধি, ধর্মবোধ।
ধর্মমার্গ, ধর্মের পথ, ধর্মপথ, ধর্মপন্থা, ধর্মপ্রণালী, পন্থ।
ধর্মপ্রতিষ্ঠা(ক), ধর্মসংস্থাপন(ক), ধর্মসংস্থাপনা, ধর্মস্থাপন; ধর্মরক্ষা; ধর্মোন্নতি। ধর্মবিপ্লব।
ধর্মতত্ত্ব, ধর্মজ্ঞান; ধর্মোপদেশ, ধর্মকথা, ধর্মের বাণী, ধর্মশিক্ষা, নীতি উপদেশ; ধর্মচক্র; ধর্মশাসন, অনুশাসন; ধর্মপুস্তক [দ্র ৫৯৩]।
ধর্মভয়, ধর্মভীরুতা; ধর্মান্ধতা, ধর্মের জিগির; ধর্মধ্বজা, ধর্মনিশান।
ধর্মবিশ্বাস, দিন, ইমান; ধার্মিকতা, ধর্মনিষ্ঠা, ধর্মনিষ্ঠতা, ধর্মপরায়ণতা, ধর্মপ্রবণতা; ঈশ্বরনিষ্ঠা, ঈশ্বরপরায়ণতা, ঈশ্বরবিশ্বাস [৫৭৬], ইমানদারি। ঈশ্বরপ্রেম [৫৭৬, ৬১৩], ঈশ্বরভক্তি, ভগবানভক্তি, ভগবদ্ভক্তি, দেবভক্তি।
পুণ্য, পুণ্যকর্ম, সুকৃত; পবিত্রকীর্তি, পূতকীর্তি; পুণ্যসঞ্চয়(ক), পুণ্য অর্জন।
সৎসঙ্গ, সাধুসঙ্গ [৩২০], সাধুসংসর্গ।
ধর্মসম্প্রদায়, ধর্মীয় সম্প্রদায়, ধার্মিক গোষ্ঠী। ধর্মত্যাগ(ক); ধর্মপরিবর্তন(ক), ধর্মান্তর।
ধর্মাধর্ম; পাপপুণ্য; ধর্মাধর্মবোধ; শুভাশুভ বোধ।
বিণ· ধর্মীয়, ধর্মানুগত, ধর্মানুমত, ধর্মসংগত, ধর্মসম্মত, ধর্মানুমোদিত, ধর্ম্য, ধর্মোপেত; ঐশ্বরিক, ঈশ্বরীয়।
বিণ·/বি· ধার্মিক [৫৭৬], ধর্মপরায়ণ, ধর্মপ্রবণ, ধর্মিষ্ঠ, ধর্মনিষ্ঠ, ধর্মীয়ান, ধর্মানুরাগী, ধর্মপ্রাণ, ধর্মবিৎ, ধর্মশীল, ধর্মভৃৎ, ধর্মচারী, ধর্মনৈষ্ঠিক, ধর্মপর, ধর্মাচারী, ধর্মানুগত, ধর্মাত্মা, সিধ্র, সহোর; সুব্রত, চারুব্রত, সুকৃতি।
ধর্মপালনকারী, ধর্মপালক, ধর্মপাল।
ধর্মাবলম্বী, ধর্মাশ্রয়ী, ধর্মী।
ঈশ্বরনিষ্ঠ, ঈশ্বরপরায়ণ, দিনদার, ইমানদার, ঈশ্বরভক্ত, ঈশ্বরমতি, ভগবদ্ভক্ত।
ধর্মজ্ঞ, ধর্মবেত্তা, ধর্মবিদ; ধর্মপিপাসু।
ধর্মভীরু, ধর্মভীত; ঈশ্বরভীরু; পরব্রভীরু। ধর্মান্ধ।
ধার্মিকশ্রেষ্ঠ, ধর্মোত্তর; পরব্রত।
পুণ্যবান, পুণ্যশ্লোক, পুণ্যশীল, পুণ্যকীর্তি, পুণ্যকর্মা, পুণ্যবন্ত, পুণ্যকৃৎ, পুণ্যজন; সুগৃহীতনামা, অপাপবিদ্ধ, অকৃষ্ণকর্মা, অপাপ, নিষ্পাপ, অনঘ, অকল্মষ, অকল্ক, অকিল্বিষ।
পুণ্যার্থী [দ্র ৫৮২]।
ধর্মপ্রচারক [দ্র ৫৯২]।
ধর্মান্তরিত, ধর্মান্তরগ্রহণকারী।
ধর্মোপদেশক, ধর্মোপদেষ্টা; দীক্ষাগুরু [৫৯৪, ৫৭৯], গুরু, গোস্বামী।
ধর্মধ্বজী; ধর্মবড়াই।
ক্রি-বিণ· ধর্মত, ধর্মানুসারে, ধর্মার্থ, ধর্মার্থে; ধর্মানুযায়ী।

৫৯১ ধর্মবৈভিন্ন্য

৫৯১·১ সনাতন ধর্ম, হিন্দুধর্ম, বেদাশ্রিত ধর্ম, বেদাশ্রয়ী ধর্ম।
হিন্দুত্ব, হিন্দুয়ানি, হিন্দুয়ানা, হিঁদুয়ানি।
হিন্দুসমাজ, সনাতনপন্থীসমাজ।
শাক্তধর্ম, শক্তি উপাসনা; তান্ত্রিক সাধনা, তন্ত্রচর্যা [দ্র ৫৮৩]।
বৈষ্ণব ধর্ম, বিষ্ণু উপাসনা, বিষ্ণুসেবা; গৌড়ীয় বৈষ্ণব ধর্ম; রামায়েত, রামাইত। তিল; তুলসী; কণ্ঠী; বিনয়; হরিনাম সংকীর্তন। হরিভক্তি; কৃষ্ণভক্তি; কৃষ্ণনাম। তুলসীকাঠের মালা; ফক্‌রে মালা, ফকিরা মালা।
দাদুপন্থী।
শৈবধর্ম, শিবোপাসনা, শিবারাধনা, শিবপূজা। লিঙ্গায়েত।
বিভূতিলেপন; রুদ্রাক্ষধারণ; সম্বিদাসেবন; সিদ্ধিপান।
সূর্যোপাসনা, সূর্যসাধনা, সূর্যপূজা; ছটপূজা; সূর্যব্রত।
গাণপত্য, গণেশপূজা, গণেশোপাসনা।
ব্রাহ্মধর্ম, ব্রহ্মোপাসনা। ব্রাহ্মসমাজ; আদি ব্রাহ্মসমাজ; সাধারণ ব্রাহ্মসমাজ; নববিধান ব্রাহ্মসমাজ; সমাজ। আর্যসমাজ।
ব্রাহ্মণ্যধর্ম; বৈদিকধর্ম।
বিণ·/বি· হিন্দু, হিঁদু, সনাতনধর্মী।
শাক্ত, শক্তিউপাসক। তান্ত্রিক [দ্র ৫৮৩]। কালীসাধক।
কৃষ্ণভক্ত, কৃষ্ণোপাসক, হরিভক্ত।

বৈষ্ণব, বোষ্টম, বিষ্ণুউপাসক; কণ্ঠিধারী; জাতবৈষ্ণব, জাতবোষ্টম।

শৈব, শিবভক্ত; অঘোরপন্থী [দ্র ৫৮৩]।

সৌরসাধক, সূর্যোপাসক।

ব্রাহ্ম, ব্রাহ্মসমাজী, ব্রহ্মোপাসক।

[বিপ·] অহিন্দু, ম্লেচ্ছ, যবন।

৫৯১·২ ইসলামধর্ম, মুসলমান, মুসলিম।

বিণ·/বি· ইসলামধর্মাবলম্বী, মুসলমান, মুসলিম, হানাফি, শাফেয়ি, হাম্বেলি, মালেকি। সুন্নি। শিয়া। মুতাজেলা; ওহাবি; ইসমাইলি; আহ্‌লেহাদিস; খোজা; মেমন; নাখোদা; কাদিয়ানি; আহ্‌মদিয়া।

বিণ· ইসলামি, মুসলমানি, ঐস্লামিক।

৫৯১·৩ খ্রিস্টধর্ম, খ্রিস্টানধর্ম।

বিণ· খ্রিস্টীয়।

বিণ·/বি· খ্রিস্টান, খ্রিস্টধর্মাবলম্বী; ফিরিঙ্গি। নাজারিন, নাজারাইট।

ব্যাপ্টিস্ট; মেথোডিস্ট; প্রোটেস্টান্ট; ক্যাথলিক; রোমান ক্যাথলিক; প্যাপিস্ট; অ্যাংলিকান; বোহেমিনিস্ট; ডেভিডিস্ট; লুথারিয়ান; প্রেসবিটারিয়ান; পিউরিটান; ইরাসিয়ান; গ্রিক অরথডক্স; জেসুইট; সেভেন ডে অ্যাডভেনটিস্ট; প্লিমাথ ব্রাদারহুড; ফ্রানসিসকান; সিরিয়ান।

৫৯১·৪ বৌদ্ধধর্ম; হীনযান; মহাযান; অর্হৎ; আর্হত; সদ্ধর্ম। প্রজ্ঞাপারমিতা।

বিণ·/বি· বৌদ্ধ, বৌদ্ধধর্মাবলম্বী, সৌগত, বৈনায়িক। জেন।

৫৯১·৫ জৈনধর্ম।

বিণ·/বি· জৈন, জৈনধর্মাবলম্বী। শ্বেতাম্বর; দিগম্বর।

৫৯১·৬ শিখধর্ম।

বিণ·/বি· শিখ; অকালি; খালসা; নিরঙ্করি; নানকসাই, নানকশাহী, নানকপন্থী।

৫৯১·৭ ইহুদিধর্ম, হিব্রুধর্ম, জুডাইজম।

বিণ·/বি· ইহুদি, হেব্রাইস্ট; ইজরায়লাইট; জুডাপন্থী।

৫৯১·৮ পারসিকধর্ম; জরথুস্ত্রবাদ।

বিণ·/বি· পারসি, পার্সি, পারসিক, জরথুস্ত্রবাদী, অগ্নিউপাসক।

৫৯১·৯ [অন্যান্য ধর্ম] কনফুসীয়। বাহাই। শিন্টো, শিন্টোধর্ম।

জড়োপাসক, প্রকৃতিপূজক।

৫৯২ ধর্মপ্রচারক

বিণ·/বি· ধর্মপ্রচারক। ধর্মপ্রবর্তক, ধর্মপ্রবক্তা, ধর্মসংস্থাপক, ধর্মপ্রবর্তনকারী, ধর্মপ্রতিষ্ঠাতা; অবতার [দ্র ৫৭৬]; রসুল, নবি, পয়গম্বর; মহাপুরুষ; ঈশ্বরপ্রেরিত পুরুষ; দেবদূত, ফেরেশ্‌তা, ঈশ্বরের দূত। ধর্মসংস্কারক।

বি· ধর্মপ্রচার(ক), ধর্মপ্রচারণা(ক), ধর্মসংস্থাপন(ক), ধর্মপ্রতিষ্ঠা(ক)।

[বৈষ্ণব] নিমাই, চৈতন্য, গৌরাঙ্গ, গৌর, গোরাচাঁদ, নদের নিমাই, শ্রীকৃষ্ণচৈতন্য, মহাপ্রভু। রামানুজ। [ব্রাহ্ম] রামমোহন রায়। [মুসলমান] হজরত মহম্মদ। [খ্রিস্টধর্ম] যীশু, যীশুখ্রিস্ট, খ্রিস্ট, ইশা, ইসামসী, ক্রাইস্ট। [বৌদ্ধধর্ম] বুদ্ধদেব, গৌতমবুদ্ধ, বুদ্ধ, বোধিসত্ত্ব, অমিতাভ, তথাগত, মহাবোধি, সুগত, অকূর্চ, শৌদ্ধোদন, শ্রীঘন, বিনায়ক, বিশ্বজিৎ, লোকজিৎ, ধর্মকেতু, গৌতম, অকনিষ্ঠ, মৈত্রেয়, অবলোকিতেশ, সিদ্ধার্থ, শাক্যমুনি, শাক্যসিংহ, দশবল, পদ্মপাণি, ষড়ভিজ্ঞ, বুদ্ধাবতার, সম্বুদ্ধ। [জৈনধর্ম] মহাবীর, বর্ধমান তীর্থংকর; পার্শ্বনাথ, পরেশনাথ। [শিখ] গুরুনানক। [কনফুসীয়] কনফুসিয়াস। [ইহুদি] মুসা, মোজেস। [পারসিক] জরথুস্ত্র।

৫৯৩ ধর্মগ্রন্থ

বি· ধর্মগ্রন্থ, ধর্মীয়পুস্তক, ধর্মশাস্ত্র [৪২৩]। কেতাব।

[হিন্দু] বেদ, ছন্দ, নিগম, চতুর্বেদ, চতুঃশাখ [ঋক; যজু; সাম; অথর্ব]। শ্রুতি। সংহিতা। ঋক্‌বেদ, ঋগ্বেদ, ঋক্‌সংহিতা, হৌত্রবেদ; যজুর্বেদ, যজুঃসংহিতা, আধ্বর্যব বেদ; সামবেদ, উক্‌থ, সামসংহিতা, ঔদগাত্রবেদ। অথর্ববেদ, অথর্বসংহিতা, অথর্বাঙ্গিরসবেদ, ক্ষাত্রবেদ। বেদাঙ্গ। বেদমন্ত্র, সামমন্ত্র।

ষড়ঙ্গ [শিক্ষা; কল্প; ব্যাকরণ; নিরুক্ত; ছন্দ; জ্যোতিষ]।

ব্রাহ্মণ, বৈদিককর্মকাণ্ড; [ঋকবেদের ব্রাহ্মণ] ঐতরেয়; কৌষীতকি; শাঙ্খ্যায়ন। [যজুর্বেদের ব্রাহ্মণ] শতপথ; তৈত্তিরীয়। [সামবেদের ব্রাহ্মণ] তাণ্ড্য, মহাব্রাহ্মণ, পঞ্চবিংশ ব্রাহ্মণ, প্রৌঢ় ব্রাহ্মণ; ষড়বিংশ; সামবিধান; আর্ষেয়; দেবতাধ্যায়; মন্ত্রব্রাহ্মণ, উপনিষদ ব্রাহ্মণ; সংহিতোপনিষৎ; বংশ ব্রাহ্মণ। [অথর্ববেদের ব্রাহ্মণ] গোপথ ব্রাহ্মণ।

আরণ্যক।

উপনিষদ, বেদান্ত, নৈগম [ঐতরেয়; কৌষীতকি; বৃহদারণ্যক; তৈত্তিরীয়; ছান্দোগ্য; কেন; কঠ; শ্বেতাশ্বতর; ঈশ; মুণ্ডক, মাণ্ডূক্য; প্রশ্ন; মহানারায়ণ]।

উপবেদ [আয়ুর্বেদ; ধনুর্বেদ; বিদ্যা; গন্ধর্ববেদ; অর্থবেদ; স্থাপত্যবেদ]।

মনুসংহিতা, মানবধর্মশাস্ত্র।

গীতা, শ্রীমদ্ভাগবত গীতা। ভাগবত গীতা, ভগবদ্গীতা, ভাগবত।

রামায়ণ, সপ্তকাণ্ড রামায়ণ, আদিকাব্য [আদি; বাল; অযোধ্যা; অরণ্য; কিষ্কিন্ধ্যা; সুন্দর; লঙ্কা; যুদ্ধ; উত্তর]; রামকথা; রামচরিতমানস; কৃত্তিবাসী রামায়ণ; যোগবাশিষ্ঠ রামায়ণ; অদ্ভুত রামায়ণ; তুলসীদাসী রামায়ণ।

মহাভারত, পঞ্চমবেদ, অষ্টাদশপর্ব মহাভারত [আদি; সভা; বন; বিরাট; উদ্যোগ; ভীষ্ম; দ্রোণ; কর্ণ; শল্য; সৌপ্তিক; স্ত্রী; শান্তি; অনুশাসন; আশ্বমেধিক; আশ্রমবাসিক; মৌষল; মহাপ্রস্থানিক; স্বর্গারোহণ]; কাশীদাসী মহাভারত।

তন্ত্রশাস্ত্র, তন্ত্র, শিবোক্ত শাস্ত্র [আগম; নিগম; ডামর, বারাহী তন্ত্র]।

পুরাণ, অষ্টাদশ পুরাণ [ব্রহ্ম; আদি; পদ্ম; দ্বিতীয়; বিষ্ণু; বায়ু; ভাগবত; নারদীয়; মার্কণ্ডেয় (চণ্ডী, মার্কণ্ডেয় চণ্ডী, সপ্তশতী, দেবী চণ্ডী, দেবী মাহাত্ম্য); অগ্নি; ভবিষ্য;

ব্রহ্মবৈবর্ত ; লিঙ্গ ; বরাহ ; স্কন্দ ; বামন ; কূর্ম ; মৎস্য ; গরুড় ; ব্রহ্মাণ্ড]।

কল্কিপুরাণ, অনুভাগবত। তামসপুরাণ [মৎস্য ; কূর্ম ; লিঙ্গ ; শিব ; স্কন্দ ; অগ্নি]।

উপপুরাণ [সনৎকুমার ; নরসিংহ ; নারদীয় ; শিব ; দুর্বাসা ; কপিল ; মানব ; ঔষনস ; বরুণ ; কালিকা ; শাম্ব ; নন্দী ; সৌর ; পরাশর ; আদিত্য ; মহেশ্বর ; ভাগবত ; বশিষ্ঠ]।

শাস্ত্রপাঠ ; বেদপাঠ, বেদাধ্যয়ন, বেদচর্চা, বেদানুশীলন, স্বধীতি, স্বাধ্যায়, বেদাভ্যাস।

বিণ· শাস্ত্রীয়, শাস্ত্রসম্মত, শাস্ত্রানুমোদিত, শাস্ত্রবিহিত, শাস্ত্রানুগ।

বৈদিক, বেদনির্দিষ্ট, বেদোক্ত, বেদবিহিত।

বিণ·/বি· শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা, শাস্ত্রবিদ, শাস্ত্রী। শাস্ত্রকার, শাস্ত্রপ্রণেতা [মনু ; যাজ্ঞবল্ক্য ; চার্বাক ; কৌটিল্য ; চ্যবন ; কণাদ ; জৈমিনী]।

বেদজ্ঞ, বেদবিৎ, বেদবিশারদ, বেদবেত্তা, বৈদান্তিক, বেদপারগ ; চতুর্বিদ্য, চতুর্বেদী ; চৌবে। তিওয়ারি। ত্রিবেদী, ত্রৈবিদ্য। দ্বিবেদী ; দোবে, দুবে।

ঔপনিষদিক, ঔপনিষদ।

পুরাণবিৎ, পুরাণবেত্তা, পুরাণতত্ত্বজ্ঞ।

শাস্ত্রপাঠক, পাঠক ; বেদাধ্যায়ী, স্বাধ্যায়ী, স্বাধ্যায়বান, স্বধীত। ধর্মপাঠক। উদ্গাতা, ছন্দোগ, ছান্দস।

বি· [ইসলাম] কোরান, কুরান, কোরানশরিফ, কালামউল্লা ; তাওরাত ; জাবুর ; ইঞ্জিল ; হাদিস ; বোখারিশরিফ ; তিরমিজি ; ফতোয়া ; খুতবা ; দিনিয়াত, কালাম।

[খ্রিস্টধর্ম] বাইবেল ; টেস্টামেন্ট ; ক্যানন। ওল্ডটেস্টামেন্ট [জেনেসিস ; এক্সোডাস ; ডিউটারনমি ; জশুয়া ; জাজেস ; সামুয়েল ; কিংস]। নিউটেস্টামেন্ট [গসপেল, সুসমাচার ; মার্ক ; ম্যাথু ; লুক ; জন ; অপোসল ; পল]।

[ইহুদি] তোরা, তাহমুদ।

[শিখ] গ্রন্থসাহেব, আদিগ্রন্থ।

[বৌদ্ধ] ত্রিপিটক।

[জৈন] কালকার্য কথা ; কল্পসূত্র।

[জরথুস্ত্র] আবেস্তা, জেন্দআবেস্তা।

৫৯৪ ধর্মীয় অনুষ্ঠান

বি· ধর্মীয় অনুষ্ঠান, ধর্মানুষ্ঠান, ক্রিয়া, ক্রিয়াকর্ম, আচার ; সংস্কার [দ্র ৫৯৬], দেশাচার। প্রথা, কুলপ্রথা, কুলাচার।

মাঙ্গলিক অনুষ্ঠান, মাঙ্গলিক কর্ম।

নিত্যক্রিয়া, নিত্যকর্ম ; আহ্নিক [দ্র ৫৮৪]। [হিন্দু] নিশিপালন [অমাবস্যা ; পূর্ণিমা] ; একাদশীব্রত।

পূজাপার্বণ [দ্র ৬৯৫], পালা, পালপার্বণ ; ব্রত [দ্র ৫৯৫] ; পূজা [দ্র ৫৮৪] ; যজ্ঞ [দ্র ৫৮৫]।

দীক্ষা(নে), মন্ত্রনেওয়া- ; গুরুকরণ, গুরুকরা- ; গুরুমন্ত্র, ইষ্টনাম ; ইষ্টমন্ত্র ; ইষ্টমন্ত্রজপ(ক)। গুরু, দীক্ষাগুরু [৫৭৯, ৫৯০], পরমেষ্ঠী ; ধর্মগুরু ; কুলগুরু [দ্র ৬৪৩] ; জগদ্গুরু, পরমগুরু। গুরুভাই, সতীর্থ। গুরুকুল, গুরুক্রম।

দশকর্ম [গর্ভাধান ; পুংসবন ; সীমন্তোন্নয়ন ; জাতকর্ম ; নামকরণ ; অন্নপ্রাশন ; চূড়াকরণ ; উপনয়ন ; সমাবর্তন ; বিবাহ [দ্র ৬১৭]। কর্ণবেধ, কানবিঁধানো।

চতুরাশ্রম, চাতুরাশ্রম্য, চাতুর্বর্ণ্য [ব্রহ্মচর্য ; গার্হস্থ্য ; বানপ্রস্থ ; সন্ন্যাস]।

সাধ, সাধভক্ষণ, দোহদ ; পঞ্চামৃত ; সাধদেওয়া- ; সাধখাওয়া-।

জাতকর্ম, জাতকৃত্য, জাতক্রিয়া ; শুভাশৌচ, জাতাশৌচ [৫৬], সূত্যশৌচ, সূতকাশৌচ, জাতেষ্টি ; বর্ধাপন। ষেটেরা, ষষ্ঠী, সাটিয়ারা, সাঠীহার। আটকড়াই, আটীকেড়ে, আটকৌড়ে।

অন্নপ্রাশন, মুখেভাত, ভাত, নবপ্রাশন।

উপনয়ন, পৈতে হওয়া-, বটুকরণ। উপবীত, পৈতে, পৈতা, যজ্ঞোপবীত, যজ্ঞসূত্র, দণ্ডি ; যোগপাট, যোগপাট্টা ; উপবীতী, পৈতাধারী।

পারলৌকিক ক্রিয়া, শ্রাদ্ধ, আদ্যশ্রাদ্ধ, শারদিক, ক্রিয়া, কাজ ; উত্তরক্রিয়া, পারত্রিক, পারলৌকিক, ঔর্ধ্বদেহিক, সাম্পরায়িক ; পিণ্ডদান ; সপিণ্ডী। চতুর্থী ; মাসিক শ্রাদ্ধ ; বাৎসরিক শ্রাদ্ধ ; একোদ্দিষ্ট ; পিণ্ডদান(ক), পিণ্ডপাত ; বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ, নান্দীমুখ ; তিলকাঞ্চন ; দানসাগর ; নবান্নশ্রাদ্ধ। পিতৃশ্রাদ্ধ, পিতৃক্রিয়া, পিতৃকৃত্য, পিতৃকার্য, পিতৃদায়, পিতৃব্রত, পিতৃমেধ। মাতৃশ্রাদ্ধ, মাতৃদায়। শ্রাদ্ধবাসর। দান ; ষোড়শদান ; ছয়দান ; চারদান। বৃষোৎসর্গ, গোদান। পিণ্ড, পিণ্ডি, কব্য, চরু।

বিণ· শ্রাদ্ধীয়, শ্রাদ্ধিক। পিণ্ডদাতা, পিণ্ডদ।

তর্পণ, পিতৃতর্পণ, পিতৃযজ্ঞ ; অঙ্গতর্পণ ; প্রেততর্পণ।

হত্যা দেওয়া-, হত্যে দেওয়া-, ধরনা(দে), প্রতিশয়, প্রতিশয়ন ; কৃচ্ছ্রসাধন ; দণ্ডিকাটা-, ধূলট।

বিণ· প্রতিশয়িত।

বি· মানত(ক), মানসিক(ক)।

গৃহপ্রবেশ ; গৃহারম্ভ।

শান্তিস্বস্ত্যয়ন, স্বস্ত্যয়ন, আপৎশান্তি।

[ইসলাম] ইমান ; কলমা ; কিয়ামত ; ফরজ ; ওয়াজেব ; সুন্নত, খতনা ; রোজা ; রমজান ; জাকাত ; কোরবানি ; খয়রাত।

নমাজ, নামাজ, খতবা ; ওয়াক্ত, ওক্ত। জানাজা।

[খ্রিস্ট] ব্যাপটিজম, ক্রিসনিং। উপাসনা।

মাস ; হাইমাস ; লোমাস ; রোজারিমাস ; ড্রাইমাস। রিকুইম।

৫৯৫ পালপার্বণ।

বি· পার্বণ, পরব, পর্ব, পালা, পালপার্বণ, পালাপার্বণ, পালিপার্বণ, পুজো, পূজা, উৎসব [দ্র ৬৪৫] ; বারো মাসে তেরো পার্বণ।

পুণ্যাহ, শুভদিন, পর্বাহ, বছরকার দিন ; পরবের দিন। পৌষপার্বণ, পৌষসংক্রান্তি, পিঠেসংক্রান্তি, পোষড়া। [হিন্দু] অক্ষয়তৃতীয়া। রামনবমী। জামাইষষ্ঠী, অরণ্যষষ্ঠী, শীতলষষ্ঠী। রথযাত্রা ; পুনর্যাত্রা, উল্টোরথ ; রথের মেলা। গঙ্গাপূজা, দশহরা। বাসন্তীপূজা। নাগপঞ্চমী, মনসাপূজা, পদ্মাপূজা [দ্র ৫৭৮·২৩]। ঝুলন, ঝুলনপূর্ণিমা, ঝুলনযাত্রা

হিন্দোলযাত্রা। জন্মাষ্টমী [৫৭৮·৯], নন্দোৎসব। বিশ্বকর্মাপূজা [দ্র ৫৭৮·২২]; অরন্ধন। মহালয়া; দুর্গাপূজা, দুর্গোৎসব, শারদোৎসব [দ্র ৫৭৮·১]। দশেরা। লক্ষ্মীপূজা [দ্র ৫৭৮·৩]। রাসযাত্রা, রাসপূর্ণিমা, রাসোৎসব, রাসলীলা, রাস, রাসপর্ব; বসন্তরাস; শারদরাস। শিবচতুর্দশী, ভূতচর্তুদশী; চৌদ্দবাতি; চৌদ্দশাক। দেওয়ালি [৩৩, ৫৭৮·২]। কালীপূজা, শ্যামাপূজা [দ্র ৫৭৮·২]। ইতুপূজা। ছটপূজা, ছটপরব, সূর্যপূজা। জগদ্ধাত্রীপূজা। গণেশপূজা। সরস্বতীপূজা, শ্রীপঞ্চমী [দ্র ৫৭৮·৪]। শিবরাত্রি [৫৭৮·৭]। চাঁচর, সায়ংবহ্ন্যুৎসব, অগ্ন্যুৎসব, নেড়াপোড়া, হোলাকা। দোলযাত্রা, দোলপূর্ণিমা, হোলি, দোল [১৬০·৬], হোরি, ফল্গুৎসব, গৌরপূর্ণিমা। শীতলাপূজা [৫৭৮·২৪], শীতলাষ্টমী। নীলের পূজা; চড়ক, গাজন; চড়কগাছ। মদনচর্তুদশী, কন্দর্পপূজা।

নববর্ষ; হালখাতা, নতুনখাতা, মহরত, সাহিত।

ভাইফোঁটা, ভ্রাতৃদ্বিতীয়া, ভাইদ্বিতীয়া, যমদ্বিতীয়া।

রাখিবন্ধন, রক্ষাবন্ধন; রাখিপূর্ণিমা।

মেলা; গঙ্গাসাগর মেলা, সাগর মেলা। কুম্ভ মেলা; পূর্ণকুম্ভ; অর্ধকুম্ভ; শিবরাত্রি মেলা; পুষ্কর মেলা; শ্রাবণী পূর্ণিমার মেলা।

গুরুপূর্ণিমা, আষাঢ়ী পূর্ণিমা।

অম্বুবাচী।

অন্নকূট। নবান্ন। কল্পতরু।

ষষ্ঠী [অরণ্যষষ্ঠী; শীতলাষষ্ঠী; অশোকষষ্ঠী; জামাইষষ্ঠী; গৃহষষ্ঠী; দুর্গাষষ্ঠী; মন্থানষষ্ঠী; চর্পটাষষ্ঠী; লুণ্ঠনষষ্ঠী; সূর্যষষ্ঠী; স্কন্দষষ্ঠী; হরিষষ্ঠী]।

স্নান; পুণ্যস্নান; তীর্থস্নান; স্নানযাত্রা; মকরস্নান; সাগরস্নান; রটন্তীচতুর্দশীস্নান; চূড়ামণিযোগ; অর্ধোদয় যোগ; অমৃতযোগ।

ব্রত, ব্রতপালন, মেয়েদের ব্রত [অক্ষয়তৃতীয়া; ষট্‌পঞ্চমী; সীতানবমী; পিপীতকী দ্বাদশী; রুক্মিণীদ্বাদশী; নৃসিংহচতুর্দশী; অক্ষয়া; কেশব; পুণ্যিপুকুর; মঙ্গলচণ্ডী; সাবিত্রীচতুর্দশী; রম্ভাতৃতীয়া; উমাচতুর্থী; চম্পকচতুর্দশী; নবরাত্রিক; কাত্যায়নী ব্রত; দশরথ; মনোরথ দ্বিতীয়া; বিপত্তারিণী; বিবস্বৎসপ্তমী; চাতুর্মাস্য; অশূন্যশয়ানদ্বিতীয়া; জন্মাষ্টমী; দূর্বাষ্টমী; রাধাষ্টমী; অনন্তচতুর্দশী; সুবচনী; মানচতুর্থী; বীরাষ্টমী; কুক্কুটীব্রত; বঞ্জুলী মহাদ্বাদশী; সর্বজয়া; বৈকুণ্ঠ চতুর্দশী; দুর্গানবমী; গৌরী, অক্ষয়নবমী; কার্তিকেয়; কাত্যায়নী; অখণ্ডদ্বাদশী; পাষাণচর্তুদশী; লক্ষ্মী; পাপনাশিনী মহাদ্বাদশী; দধিসংক্রান্তি; বিনায়ক; বিধানসপ্তমী; আরোগ্যসপ্তমী; ভীষ্মপঞ্চক; শিবরাত্রি; আর্মদকী; সৌভাগ্যচর্তুদশী; রামনবমী; ধর্মঘট; জলসংক্রান্তি; অঘোরচর্তুদশী; হরিতালিকা; গোবিন্দদ্বাদশী; অশোকাষ্টমী; অনন্তব্রত; চর্পটাষষ্ঠী; নক্তব্রত, নিশাব্রত; মদনত্রয়োদশী, চৈত্রাবলি; অঙ্গারচর্তুদশী; মদনচর্তুদশী; রটন্তী চর্তুদশী; চম্পক চর্তুদশী; কুক্কুটব্রত; জিতাষ্টমী; জীমূতাষ্টমী; গোপাষ্টমী; আমবারুণী; সৈঁজুতি; সংকটা।]

হরগৌরী পূজা; অক্ষয়ললিতা।

[ব্রাহ্মসমাজ] ভাদ্রোৎসব; মাঘোৎসব; পৌষ উৎসব। ব্রহ্মোৎসব।

[বৌদ্ধ] বুদ্ধপূর্ণিমা, বৈশাখীপূর্ণিমা।

[শিখ] গুরুনানক জন্মোৎসব। গুরুগোবিন্দ জন্মোৎসব। বৈশাখী।

[জৈন] পার্শ্বনাথ জয়ন্তী; মহাবীর জয়ন্তী; পর্যুসন; মহাবীর নির্বাণ।

[ইসলাম] ইদ; ইদ্‌-উল-ফিতর। ইদ উজ্‌জোহা। ফতেহা-দোহাজ-দাম। বকর ইদ। রমজান, রোজা। মহরম, গোঁয়ারা; তাজিয়া উৎসব। চাল্লিশা মহরম। শবেবরাত। আখেরিচাহারশুম্বা। তাজিয়া, তাবুত। দুল দুল।

[খ্রিস্টান] বড়দিন, খ্রিস্টমাস, ক্রিসমাস, খ্রিস্টোৎসব; ক্রিসমাস ইভ; সান্‌টাক্লজ। বক্সিং ডে, নিউইয়ার ইভ; নিউইয়ার, নতুনবছর। ইস্টার; গুডফ্রাইডে, শুভশুক্রবার; ইস্টার স্যাটারডে; ইস্টার সানডে; ইস্টার মানডে; হোলি উইক; প্যাশন উইক। অ্যাস ওয়েড়নেসডে। মন্ডি থার্সডে; হোলি থার্সডে। হোয়াইট সানডে। অল সেন্টস ডে। অল সোল্‌স ডে। মাইকেল মাস ডে।

[ইহুদি] ফাস্ট ডে, উপবাস দিবস। সাবুয়ত। তোরহা। নিউইয়ার। পুরিম। ফিটস অব লটস।

৫৯৬ সংস্কার

বি· সংস্কার, ধর্মীয় সংস্কার, ধর্মসংস্কার; বিশ্বাস।

পূর্বজন্মের সংস্কার; জন্মগত সংস্কার।

দেশাচার [৬০৯, ৫৯৪], দেশব্যবহার, দেশীরীতি, দেশবিধান, দেশধর্ম, লোকাচার, লোকনীতি, জনাচার, লোকানুষ্ঠান, লোকসমাজরীতি।

লোকভয়।

কুসংস্কার, উপধর্ম, অপ্রশস্তধর্ম; অন্ধবিশ্বাস, অন্ধসংস্কার, ভ্রান্তবিশ্বাস, ভ্রান্তধারণা, বিপরীত সংস্কার; ধর্মান্ধতা, গোঁড়ামি, গোঁড়ামো [৬০৬]।

অজ্ঞানতা, অশিক্ষা [দ্র ৩৯৩]।

বিণ·/বি· সংস্কারাচ্ছন্ন, সংস্কারান্ধ।

কুসংস্কারাচ্ছন্ন, কুসংস্কারগ্রস্ত, কুসংস্কারাপন্ন, কুসংস্কারাবদ্ধ; অজ্ঞানাবদ্ধ, অন্ধতমসাচ্ছন্ন, অন্ধতমসাবৃত। অন্ধবিশ্বাসী [৬০৬]।

ধর্মান্ধ, গোঁড়া।

বিণ· কুসংস্কারমূলক, ভ্রান্তবিশ্বাসমূলক।

৫৯৭ স্বর্গ

বি· স্বর্গ [১], স্বর্গলোক, স্বর্গধাম, স্বর্গরাজ্য, স্বর্গপুরী, দেবলোক, দেবপুরী, দেবপুর, দেবভূমি, দেবভবন, দেবালয়. দেবসভা, সুরলোক, সুরপুর, দ্যু, সুরপুরী, সুরসদ্ম, সুরসভা, সুরালয়, স্বর্লোক, স্বঃ, দ্যুলোক, অমর্ত্যলোক, অমর্ত্যভুবন, দ্যো, অমরা, অমরাবতী, অমরালয়, অমরলোক, অমরধাম, অক্ষয়লোক, অক্ষয়ধাম, সুধর্মা, সুধর্মসভা, স্বারাজ্য, নিত্যধাম, ত্রিদিব, ত্রিদশালয়, ত্রিবিষ্টপ, ধ্রুবলোক, দীপ্তক, সুখাধার, আনন্দলোক, দিব্যলোক, দিব্যধাম, ইন্দ্রলোক, ইন্দ্রপুরী, ইন্দ্ররাজ্য, ইন্দ্রসভা, শক্রভবন, ইন্দ্রালয়, পুণ্যলোক,

ঋভুক্ষ, অমৃতলোক, ঊর্ধ্বলোক। দ্যাবাপৃথিবী। বেহস্ত; হেভেন।

পরলোক, পরকাল [দ্র ৫৭]; স্বর্গারোহণ [দ্র ৫৭]।

স্বর্গপথ; মহাপ্রস্থানের পথ; অজবীথি [দ্র ৩]।

স্বর্গরথ, দেবরথ, দেবযান।

সপ্তস্বর্গ [দ্র ১]।

স্বর্গতরু, দেবতরু, দেববৃক্ষ, সুরপাদপ [মন্দার; পারিজাত; সন্তান; কল্পবৃক্ষ; হরিচন্দন]। স্বর্গোদ্যান, দেবারণ্য, নন্দনকানন [৪৬]।

স্বর্গগঙ্গা, স্বর্গঙ্গা, খগঙ্গা, সিদ্ধগঙ্গা, সুরনদী, সুরধুনী, মন্দাকিনী, স্বনদী, সিদ্ধসিন্ধু, সর্বাপী, নভঃসরিৎ।

স্বর্গগিরি, স্বর্গিরি, স্বর্গাচল, সুমেরু, স্বর্ণগিরি, রত্নগিরি, রত্নাচল, কাঞ্চনগিরি, কনকাচল, স্বর্ণকূট, হেমকূট।

স্বর্গধেনু, কামধেনু [দ্র ৬০·৫]।

স্বর্বৈদ্য; অশ্বিনীকুমারদ্বয়।

স্বর্গলোকবাসী, সুরলোকবাসী, সুর [দ্র ৫৭৬]।

স্বর্গবাস(ক), স্বর্গলাভ; অক্ষয়স্বর্গ [৫৯৯]।

স্বর্গবালা, দেববালা, সুরবালা, সুরাঙ্গনা, দেবাঙ্গনা, দিব্যাঙ্গনা, অমরাঙ্গনা, স্বর্বধূ, সুরবধূ, ত্রিদশবধূ, সুরকন্যা, সুরনারী, দিব্যনারী, সুরসুন্দরী, ত্রিদশবনিতা; স্বর্গণিকা, দেবগণিকা; অপ্সরা [ঊর্বশী; মেনকা; রম্ভা; বিদ্যুৎপর্ণা; তিলোত্তমা; পুণ্ডরীকা; সুবাহু; সুরথা; প্রমাথিনী; সুকেশী; রুচিরা; পুঞ্জিকাস্থলা; অলম্বুষা; সুমধ্যা; হেমা; ঘৃতাচী; বিশ্বাচী; মিশ্রকেশী; নাগদত্তা; সোমা; বাসনা; চিত্রলেখা]।

গন্ধর্ব [দ্র ৫৮০]; কিন্নর।

বিণ· স্বর্গীয়, স্বর্গ্য, অমর্ত্য, দিব্য; অপার্থিব; পারলৌকিক, আমুষ্মিক।

৫৯৮ নরক

বি· নরক [৫৭৮], নিরয়।

মৃত্যুপুরী, যমালয়, যমপুরী, যমের বাড়ি, শমনালয়, যমঘর, শমনসদন, শমনভবন।

জাহান্নাম, দোজখ; হেল।

[বিভিন্ন নরক] [পুন্নাম, পুন্নামা, পুন্নমন, পুন্নরক; তামিস্র; অন্ধতামিস্র; রৌরব; মহারৌরব; কুম্ভীপাক; কালসূত্র; অসিপত্রবন; শূকরমুখ; অন্ধকূপ; কৃমিভোজন; সন্দংশ; তপ্তকূর্মি; তপ্তপাষাণ; ঘনবাত; তপ্তকুম্ভ; তপ্তকুণ্ড; তপ্তবালুক; বজ্রকণ্টকশাল্মলী; বৈতরণী; পূয়োদ; প্রাণরোন; বিশসন; লালভক্ষ; সারমেয়ার্দন; অবীচী; অয়ঃপান]।

নরকযন্ত্রণা, যমযন্ত্রণা, নরকাময়।

নরকভোগ, নরকবাস।

নরককুণ্ড [বিষ্ঠাকুণ্ড; অগ্নিকুণ্ড; তপ্তলৌহকুণ্ড]।

নরকা, বৈতরণী [দুর্গন্ধপূর্ণ; রুধিরবহা; উষ্ণতোয়া; মহাবেগা]।

বজ্রকেতু, নরকরাজ।

বিণ· নারকীয়, নারক। নরকস্থ।

বিণ·/বি· নারকী, নরকভোগী; পাতকী, পাপী [দ্র ৫৮৮]।

৫৯৯ নির্বাণ

বি· নির্বাণ [৬৭৩], নির্যাণ, প্রশম, পরপদ, মহানির্বাণ, মুক্তি, কৈবল্য(প্রাপ্তি), অপবর্গ, নিবৃত্তি, মোক্ষ(লাভ ক), পরিনির্বাণ, পরিমোক্ষ, পরিমোক্ষণ, প্রতিমোক্ষ, পরমগতি, পরমাগতি, পরমপদ, পরমার্থ, চিরনিবৃত্তি, মোক্ষপদ, শিবা।

সংসার মুক্তি, সংসারবন্ধন রাহিত্য, সংসার বৈরাগ্য [দ্র ৫৮৩]। পরমার্থচিন্তা।

জীবন্মুক্তি, স্বর্গলাভ, স্বর্গপ্রাপ্তি, অক্ষয়স্বর্গ [দ্র ৫৯৭]।

পঞ্চমুক্তি [সার্ষ্টি; সারূপ্য; সালোক্য; সাযুজ্য; নির্বাণ]।

সিদ্ধি, সিদ্ধিলাভ, আত্মসিদ্ধি; অষ্টঐশ্বর্য, অষ্টসিদ্ধি [অণিমা; লঘিমা; গরিমা; প্রাপ্তি; প্রাকাম্য; মহিমা; ঈশিত্ব; বশিত্ব]।

সমাধি, নির্বিকল্প সমাধি।

ত্রিবর্গ, ত্রিগণ [ধর্ম; অর্থ; কাম]।

পুরুষার্থ, চতুর্বর্গ [ধর্ম; অর্থ; কাম; মোক্ষ]।

মোক্ষধাম, কৈবল্যধাম, মুক্তিস্থান, নির্বাণাস্পদ, মুক্তিপদ; স্বর্গ [দ্র ৫৯৭]।

মোক্ষমার্গ, মোক্ষোপায়, মুক্তিপথ, মোক্ষসাধন, নির্বাণমার্গ, মুক্তিমার্গ।

সিদ্ধিভূমি, সিদ্ধিক্ষেত্র।

পুণ্যফল, পুণ্যের ফল।

বিণ· মোক্ষদ, মোক্ষদায়ক, নির্বাণদায়ক।

বিণ·/বি· মোক্ষপ্রাপ্ত, মুক্ত, মুক্তিপ্রাপ্ত, মোক্ষিত, নিবৃত্ত; চিরনিবৃত্ত।

মোক্ষপরায়ণ, মুক্তিকামী, মুক্তি অভিলাষী, মোক্ষাভিলাষী, নির্বাণকামী, নির্বাণোৎসুক, কৈবল্যপ্রয়াসী, মুক্তিপ্রার্থী, মোক্ষপ্রার্থী, মুমুক্ষু।

[বিপ] অকৈবল্য।

৬০০ অসুর

বি· অসুর, দৈত্য, দানব, দানো, দনুজ, দৈতেয়, দিতিসুত, দেবারি, সুরারি, দেবদ্বেষী, সুরদ্বিট, ইন্দ্রারি, সুররিপু, দেবান্তক, দেবশত্রু, সুরবিরোধী, ত্রিদশারি, নৈর্ঋত।

রাক্ষস, রক্ষঃ, কর্বুর, ক্রব্যাদ, নরাশ, দর্ব, পলঙ্কষ, জাতুধান, পুরুষাদন, নক্তচর, পলাশী, পিশিতাশী, পিশিতাশন, অশ্রপ, অনুশর, বোক্কস, বোকাস।

রাক্ষসী, দানবী।

রাক্ষসখোক্কস, দত্যিদানো, দৈত্যদানব।

রক্ষঃকুল, দানবকুল, দানববংশ, দৈত্যকুল, দেবারিবংশ, অসুরকুল।

রাক্ষসজননী, রক্ষঃজননী; দিতি।

রাবণ [দ্র ৫৮০], দশানন, রক্ষঃপতি, রক্ষোনাথ, রক্ষোরাজ, রাক্ষসেন্দ্র, রাক্ষসশ্রেষ্ঠ, রাক্ষসেশ্বর, কর্বুরপতি, বৈশ্রবণ; লঙ্কেশ, লঙ্কাধিপ, লঙ্কাপতি, লঙ্কাধিপতি।

রক্ষোধাম, রক্ষঃপুরী রাক্ষসপুরী; লঙ্কা।

হিরণ্যকশিপু, দৈত্যপতি, দৈত্যপ্রধান, দৈত্যরাজ।

সুন্দ; উপসুন্দ; মধু; কৈটভ; মহিষাসুর; বৃত্রাসুর; বৃত্র; ধূম্রাক্ষ; গজাসুর; রক্তবীজ; মুর; শম্বর; ধেনুক; অঘাসুর;

বকাসুর ; তারকাসুর ; বৎসাসুর ; লবণাসুর ; শুম্ভ ; নিশুম্ভ ; ভস্মলোচন ; গয় ; বকরাক্ষস ; নিকুম্ভ ; বলি ; প্রহ্লাদ ; খর ; দূষণ ; ত্রিশিরা ; অক্ষয় ; অলায়ুধ ; অলম্বুষ ; কির্মীর ; হিড়িম্ব ; ইন্দ্রজিৎ, মেঘনাদ ; ইল্বল ; বাতাপি ; ঘটোৎকচ ; চার্বাক ; জম্ভ ; জলন্ধর ; কালনেমি ; তৃণাবর্ত ; ধুন্ধু ; ধূম্রলোচন ; নমুচি ; নিবাতকবচ ; প্রলম্ব ; বজ্রনাভ ; বজ্রকেতু ; বিরোচন ; মকরাক্ষ ; ময়দানব ; মারীচ ; মালী ; মাল্যবান ; রাহু ; হয়গ্রীব ; অরিষ্ট, সুবাহু ; চণ্ড ; মুণ্ড ; শঙ্খচূড় ; শম্বর ; সংহ্লাদ ; সুমালী ; হিরণ্যাক্ষ।

তাড়কা ; হিড়িম্বা ; শূর্পনখা, পৌলস্তী ; কুম্ভীনসী ; নিকষা ; কৈকসী ; ত্রিজটা ; পূতনা।

বিণ· রাক্ষুসে ; রাক্ষস ; আসুরিক ; আসুর।

২৪ পরিচিতি-আত্মীয়তা-তত্ত্বাবধান

৬০১ পরিচিতি

বি· পরিচিতি, চেনাজানা, চেনাশোনা, জানাশোনা, জানাচেনা, জানপহচান, চেনাচিনি, পরিচয়(ক, দে), চেনাপরিচয়।

চেনা, জানা- [দ্র ৩৯৭]।

আলাপ(ক, হ), আলাপপরিচয়, আলাপসালাপ, আলাপন ; ভাব(হ), ভাবসাব, ভাবভালোবাসা ; আঁতাত।

প্রসিদ্ধি [দ্র ৩৪৮]। অন্তরঙ্গতা, বন্ধুত্ব [দ্র ৬০৩]। নাম [দ্র ৩৮৬]।

মেলামেশা(ক), আদানপ্রদান(ক), মিলমিশ ; দেখাসাক্ষাৎ [দ্র ৬৪৮]।

চেনানো-, চিনিয়ে দেওয়া-, আলাপ করানো-, পরিচয় করানো-, শনাক্ত(ক), নিশানদিহি।

পরিচয়পত্র, অভিজ্ঞানপত্র, আইডেনটিটি কার্ড, নিদর্শন।

নামধাম, ঠিকানা [৩৮৬]।

চিহ্ন, নিদর্শন, অভিজ্ঞান [দ্র ৪১৩], স্মারক।

বিণ· চেনা, পরিচিত, জ্ঞাত, জানিত ; আলাপী, আলাপকারী, আলাপিত, পরিগত।

বিদিত, সুপরিচিত, চিরপরিচিত, চিরপরিজ্ঞাত, পরিজ্ঞাত ; প্রসিদ্ধ [দ্র ৩৪৮]।

পরিচায়ক ; পরিচয়দানকারী।

আলাপ্য, কথনীয়, পরিচেয়, পরিচয়যোগ্য।

৬০২ পরিচয়াভাব

বি· অপরিচয়, অপরিচিতি, পরিচয়াভাব, চেনা না থাকা-, আলাপ না থাকা- ; না জানা- [দ্র ৩৯৮] ; না চেনাশোনা থাকা-।

সামান্য পরিচয়, সামান্য আলাপ, অল্প পরিচয়।

পরিচয় গোপন(ক) ; নাম ভাঁড়ানো-, ছদ্মনাম, বেনাম।

বিণ·/বি· অপরিচিত, অচেনা, অচেনাঅজানা, অচিন, অচিনা, অবিদিত ; অপরিজ্ঞাত, অজানা [দ্র ৩৯৮] ; অল্প পরিচিত, স্বল্প পরিচিত।

অনামা, বেনামি, নামগোত্রহীন [দ্র ৩৮৭], অজ্ঞাতনামা।

উটকো, আনখা, বেগানা ; পূর্বপরিচয়হীন।

অজ্ঞাতঅখ্যাত, অজ্ঞাতকুলশীল, কুলপরিচয়হীন, বিরানা।

আজেবাজে, কাগাবগা ; যে সে। কোথাকার কে।

অপ্রসিদ্ধনামবিশিষ্ট, অখ্যাতনামা [দ্র ৩৪৯]।

পরদেশী, ভিনদেশী [৬৩৫]।

৬০৩ বন্ধুত্ব

বি· বন্ধুত্ব, বন্ধুতা, বন্ধুভাব, মিত্রতা, মিত্রত্ব, মৈত্রী, মৈত্র্য, সৌহার্দ্য, সখ্য, সখিত্ব, সখাত্ব, সখিতা, সুহৃত্ব, সৌহৃদ্য, মৈত্র, মিল, সাপ্তপদীন, মিতালি, দোস্তি, দহরম।

বন্ধুত্ব করা-, বন্ধুত্ব পাতানো-, বন্ধু পাতানো-।

সঙ্গ, আসঙ্গ, সমভিব্যাহার, সংসর্গ, মিলন, সাহচর্য, সাথ [দ্র ২৫৩]।

ভাব, ভাবসাব, সদ্ভাব, সম্প্রীতি, প্রীতি, পোট।

বন্ধুবাৎসল্য, মিত্রবাৎসল্য, বন্ধুপ্রীতি।

ঘনিষ্ঠতা ; ঢলাঢলি, মাখামাখি, ঢলঢলভাব, সংস্রব, অঙ্গাঙ্গিভাব ; এক সঙ্গে ওঠা বসা(ক) ; দহরম মহরম।

বাল্যবন্ধুত্ব ; ছোটবেলার বন্ধুত্ব, শৈশবমৈত্রী, শৈশববন্ধন। তুই তোকারি সম্পর্ক।

বনিবনা, মিলমিশ, বনাবস্তি, বনাবনি ; আঁতাত, সাঙাতি, পোষানো-।

অন্তরঙ্গতা [৬০১], হৃদ্যতা, সৌহার্দ্য, আন্তরিকতা, সমপ্রাণতা, সহমর্মিতা, সমমর্মিতা, মনের মিল, অনির্বাদ, নির্বিবাদ [দ্র ৬৮৭]।

ভ্রাতৃত্ববোধ, সৌভ্রাত্র, সুভ্রাতৃত্ব ; শৈলিক ; ভাই ভাই।

একাত্মতা, একাত্মবোধ, ঐকাত্ম্য, অভিন্নহৃদয়তা ; নৈকট্য।

প্রণয় [দ্র ৬০৪]। জানাশোনা [দ্র ৬০১]। স্নেহ [দ্র ৬০৫]। সহানুভূতি [দ্র ৬৮৩]। ঐক্য [দ্র ৬৪৮]।

হিতৈষণা ; পৃষ্ঠপোষকতা।

বন্ধুকৃত্য, বন্ধুর কাজ। বন্ধুত্বের বন্ধন। বন্ধুত্বের দাবি।

হরিহর আত্মা ; মানিকজোড় ; কানাই বলাই ; জগাই মাধাই ; কৃষ্ণ বলরাম।

পুনর্মিলন।

বিণ· বন্ধুত্বপূর্ণ, বন্ধুত্বমূলক, সৌহার্দ্যপূর্ণ, হৃদ্যতাপূর্ণ, হার্দিক, হৃদ্‌গত, হৃদ্য, হার্দ্য, হার্দী, সৌহার্দ্যমূলক, মৈত্রীমূলক।

আন্তরিক, অকৃত্রিম।

বন্ধুভাবাপন্ন।

গলায় গলায় ; অভিন্নহৃদয় ; একাত্মা, অন্তরঙ্গ, সমপ্রাণ।

বিণ·/বি· বন্ধু, মিত্র, সুহৃৎ, সখা, মিতা, সুহৃদ্বর, দোস্ত, আলি, ইয়ার।

সখী, বন্ধুনী, বান্ধবী, সই, বঁধু, বঁধুয়া, সজনী, সহচরী ; সাঙাতনী। গঙ্গাজল।

সাঙাত, সহযোগী, দোসর, স্বজন, বান্ধব, সঙ্গীসাথী, সাঙ্গোপাঙ্গ, কমরেড, সঙ্গী, সাথী [২৯৬], সহচর, অনুচর, অনুপ্লব, সহকর্মী ; অংশীদার, পার্টনার।

বন্ধুবান্ধব, মিত্রবর্গ, বন্ধুজন, ইয়ারবকসি, ইয়ারদোস্ত; ব্যধিজন, পরিজন, পরিকর।

হিতৈষী, দরদি, সহমর্মী, সমমর্মী, সহানুভূতিশীল; সৎমিত্র, সন্মিত্র; পৃষ্ঠপোষক [দ্র ৬৮৩]।

অন্তরঙ্গ, ঘনিষ্ঠ, আপন, কাছের লোক, কাছের মানুষ, পেয়ারের লোক, স্বজন [দ্র ৬৩১], প্রিয়, প্রিয়পাত্র; সমপ্রাণ; অভিন্নহৃদয়, হরিহরআত্মা।

পড়শি, প্রতিবেশী, প্রতিবাসী; পাড়াপ্রতিবেশী।

পারিবারিক বন্ধু, কুলমিত্র।

সহপাঠী [দ্র ৩৯৫]।

সমবয়সী, বয়স্য, সমবয়স্ক, তুল্যবয়স্ক, একবয়সী; সমসাময়িক, সমকালিক।

চিরসঙ্গী, চিরসাথী, চিরসখা, চিরমিত্র।

ছোটবেলার বন্ধু, শৈশবসঙ্গী [১৭১], বাল্যবন্ধু [১৭২], বাল্যসখা, বাল্যসুহৃৎ, বাল্যসঙ্গী, বাল্যসহচর, শৈশবসহচর।।

দেশোয়ালি, দেশীভাই।

৬০৪ প্রণয়

বি· প্রণয়, প্রেম, ভালোবাসা [২৩৯], অনুরাগ, পিরিত, পিরিতি, আশক, প্রীতি, প্রিয়ভাব, ব্যসঙ্গ, মহব্বত, মুহব্বত, ইশক, পেয়ার, লাভ। হৃদয়ঘটিত ব্যাপার।

স্নেহ, বাৎসল্য [দ্র ৬০৫]। বন্ধুত্ব [দ্র ৬০৩]।

আসক্তি, অনুরতি, আনুরক্তি, অনুরক্তি, সংসক্তি, প্রসক্তি, অভিরতি, আসঙ্গ, দুর্বলতা, সক্তি, আকর্ষণ [দ্র ২৬৮], টান; মোহ। অত্যাসক্তি, সমাসঙ্গ।

আদর; সোহাগ; কাম; রতি [দ্র ৯২]।

অঙ্গাঙ্গিভাব, অঙ্গাঙ্গিসম্বন্ধ, অঙ্গাঙ্গিত্ব।

প্রেমানুরাগ, হৃদয়দৌর্বল্য, প্রেমানুভব, প্রণয়াসক্তি, প্রেমাসক্তি; প্রেমাগ্নি, প্রেমানল, প্রণয়ানল; প্রণয়াদর, প্রণয়ানুরাগ।

প্রেমে পড়া-; প্রেম নিবেদন করা-, উপসর্পণা; প্রেম করা-; মন দেওয়া নেওয়া-; হৃদয় বিনিময়; মন মজা-; প্রেমে মজা-; প্রেমে হাবুডুবু খাওয়া-।

প্রণয়তৃষা, প্রণয়তৃষ্ণা, প্রেমাকাঙ্ক্ষা, প্রণয়াকাঙ্ক্ষা।

পূর্বরাগ, প্রেমার্চন, প্রেমানুরঞ্জন, কোর্টশিপ।

প্রণয়গ্রন্থি; প্রেমবন্ধন, প্রেমডোর, প্রেমপাশ, প্রেমবন্ধ।

প্রণয়সম্ভাষণ, প্রেমসম্বোধন, প্রণায়াহ্বান।

প্রেমদৃষ্টি। প্রেমালাপ; প্রণয়ালাপ, বিশ্রম্ভালাপ; রসালাপ। প্রেমপত্র, প্রেমলিপিকা। প্রেমাশ্রু, প্রেমবারি, প্রেমধারা। প্রণয়াভিমান।

প্রেমবাণ, মদনের শর। প্রেমের দেবতা, মদন, কন্দর্প [দ্র ৫৭৮·১২]।

অবৈধপ্রণয়, অবৈধপ্রেম; পরকীয়াপ্রেম, পরকীয়ারতি; দ্বিচারণ; আশনাই।

বিণ·/বি· প্রেমিক, প্রেমাস্পদ, প্রণয়াস্পদ, দয়িত, প্রণয়ী, প্রেয়, প্রেমী, প্রেষ্ঠ, প্রিয়, প্রেমপাত্র, দিলদার, আশিক, পিয়ারা, মাশুক; প্রিয়তম; প্রেমাসক্ত, প্রণয়াসক্ত; বল্লভ, কান্ত; মনের মানুষ; প্রাণনাথ, প্রাণকান্ত, প্রাণবল্লভ, প্রাণেশ, প্রাণেশ্বর।

প্রেমিকা [৬৫], প্রণয়িনী, প্রেয়সী, কান্তা, প্রেষ্ঠা, প্রিয়া, পেয়ারা, পিয়ারি; প্রিয়তমা; প্রেমপাত্রী, প্রেমাসক্তা, প্রণয়াসক্তা, দয়িতা।

নায়িকা [প্রোষিতভর্তৃকা; কলহান্তরিতা; খণ্ডিতা; অভিসারিকা; বাসসজ্জা, বাসকসজ্জা, বাসকসজ্জিকা; বিপ্রলব্ধা]; ধীরা, ধীরাধারা। নায়ক [ধীরোদ্ধত; ধীরোদাত্ত]।

প্রমোদসঙ্গিনী, সঙ্গিনী, নর্মসখী, নর্মসহচরী, নর্মসঙ্গিনী। অঙ্গসঙ্গী।

অনুরাগী, অনুরক্ত, সক্ত, সংসক্ত, আসক্ত, আরত, অনুষক্ত, অভিরত, অনুরত, প্রসক্ত, সানুরাগ; ভক্ত; মুগ্ধ; বিমুগ্ধ; বিমোহিত।

অনুরাগিণী, অনুরক্তা, সংসক্তা, আসক্তা; মুগ্ধা, বিমুগ্ধা; বিমোহিতা, বিহ্বলা।

মনোমোহিনী; মনোরমা, মোহিনী; কামিনী; মনচোরা, চিত্তচোর, চিতচোর।

অবৈধপ্রণয়ী, অন্যাসক্ত, ব্যভিচারী, লম্পট [দ্র ৫৬৩]; উপপতি [৬১৮], জার, নাগর, নাঙ; পরপুরুষ, পরপতি, নাগ, নাঙ্গ।

অন্যাসক্তা, অসতী, ব্যভিচারিণী, ভ্রষ্টা, কুলটা, দ্বিচারিণী; স্বৈরিণী। অপতিব্রতা, অসাধ্বী, নষ্টচরিত্রা। উপপত্নী [দ্র ৬২৩]।

৬০৫ স্নেহ

বি· স্নেহ [২৩৯], মমতা, মায়া, টান, দরদ, মায়ামমতা, স্নেহপ্রীতি, অনুলেহ, অনুষঙ্গ, আত্তি, দয়ামায়া। দয়ালুতা [দ্র ২৩৯]।

আদর [২১১], স্নেহাদর, আহ্লাদ(দে); প্রশ্রয়(দে), লাই(দে), নাই(দে), আশকারা(দে); পরমাদর।

বাৎসল্য, বৎসলতা, অপত্যস্নেহ, সন্তানস্নেহ [৬২৫]। পিতৃস্নেহ। মাতৃস্নেহ। স্নেহরস, স্নেহবারি।

মমত্ব, মমত্ববোধ; আন্তরিকতা; আকর্ষণ [দ্র ২৬৮]। করুণা [দ্র ২৩৯]।

স্নেহাশীর্বাদ; স্নেহাশিস; আশীর্বাদ [৬৭৪], আশীর্বচন, আশিস। স্নেহালিঙ্গন। স্নেহপারাবার।

মায়াডোর, মায়াপাশ, মায়ারজ্জু, মায়ার বন্ধন, মায়াজাল, স্নেহবন্ধন, মায়াবন্ধন, স্নেহের বন্ধন, স্নেহজাল; স্নেহছায়া; স্নেহনীড়; স্নেহস্পর্শ।

অষ্টপাশ।

বিণ· সস্নেহ, সাদর, স্নেহপূর্ণ, স্নেহাত্মক, স্নেহভরা, স্নৈহিক, মমতাপূর্ণ, মমতায় ভরা, দরদমাখানো, স্নেহযুক্ত, স্নেহার্দ্র, স্নেহসিক্ত, স্নেহমাখা, প্রীতিমধুর; দরদি, মরমি; মায়াপূর্ণ, মায়াবদ্ধ।

দয়ার্দ্র [দ্র ২৩৯]।

বিণ·/বি· প্রিয়পাত্র, স্নেহপাত্র, স্নেহভাজন, স্নেহাস্পদ, স্নেহধন্য, স্নেহযোগ্য, প্রিয়ভাজন, প্রীতিভাজন, স্নেহের পুত্তলি; প্রিয়, প্রীতিপাত্র, প্রিয়জন, পরমপ্রিয়, সুপ্রিয়।

জীবনাধিক, প্রাণাধিক, প্রাণপ্রিয়।

আদুরে, আদরিণী, আদুরী, আদুরে গোপাল, গোপাল, নন্দদুলাল, আহ্লাদে, দুলাল, দুলালি, দুলারি, আদরের দুলাল;

স্নেহপুত্তলি। কণ্ঠের মণি, কণ্ঠমণি; চোখের মণি, নয়নপুত্তলি।

নেওটা, বাধ্য; গা ঘেঁসা॥

স্নেহযোগ্য, আদরণীয়, আদ্রিয়মাণ।

স্নেহশীল, স্নেহশীলা, স্নেহবৎসল, স্নেহপ্রবণ, স্নেহময়, স্নেহময়ী, স্নেহী, মমতাময়, মমতাময়ী, মমত্বময়, দরদি, দরদিয়া, মায়ী, মায়িক, মায়াবান, স্নেহবান, স্নেহী, মমতাশীল, আত্তিশুভ, আত্তিশু, আত্তিশো, মরমি, মায়াময়, মায়াবতী, বৎসল, বৎসলা; সহানুভূতিশীল [দ্র ২৩৯]।

স্নেহপালিত, বাৎসল্যপুষ্ট।

লাইপ্রাপ্ত, লাইপাওয়া-, প্রশ্রয়প্রাপ্ত, প্রশ্রিত।

আদৃত, স্নেহপ্রাপ্ত, স্নেহসিক্ত, স্নেহবদ্ধ।

ক্রি-বিণ· সাদরে, সস্নেহে; স্নেহে, পরমস্নেহে, স্নেহের ছায়ায়; মমতায়, গভীর মমতায়; মায়ায়; দরদে; আদরে।

৬০৬ প্রবণতা

বি· প্রবণতা, ঝোঁক, স্পৃহা, প্রবৃত্তি, টান, আসক্তি, আসঞ্জন, অবসক্তি, সমাসক্তি, অনুরাগ, পছন্দ [দ্র ২১৫], মতিগতি [২০৮], পক্ষপাত, পক্ষপাতিতা, পক্ষপাতিত্ব [দ্র ২৫৪], একচোখামি।

প্রবল ঝোঁক, জেদ [দ্র ২৩২], রোখ, গোঁ, গোঁয়ার্তুমি, একগুঁয়েমি, একরোখামি, ঠেঁটামি।

বাতিক, বাই, বাতিকগ্রস্ততা; ছিটগ্রস্ততা। ঘোড়ারোগ।

আকর্ষণ [দ্র ২৬৮]। অভ্যাস, স্বভাব [দ্র ২০৯]। নেশা [দ্র ৫৬০]। দক্ষতা, মুনশিয়ানা [দ্র ৩৩৭]। অভিরুচি, অভিলাষ [দ্র ২১২]। আবেগ [দ্র ২৩৭]। উৎসাহ [দ্র ৩৩৫], আগ্রহ।

গোঁড়ামি, অন্ধবিশ্বাস [দ্র ৫৯৬]।

বিণ· প্রবণ।

বিণ·/বি· আসক্ত, সমাসক্ত, অবসক্ত; অনুরাগী [দ্র ৬০৪]; অভ্যস্ত।

পক্ষপাতী, পক্ষপাতগ্রস্ত, একচোখা [দ্র ২৫৪]।

একরোখা, একবগ্গা, গোঁয়ার [২৩২, ২৩০], কাঠগোঁয়ার, একগুঁয়ে; ঠেঁটা, নাই-আঁকড়া।

জেদি [২৩২], জিদ্দি, জিদি, জিদকারী, জিদ্দিবাজ।

গোঁড়া, অন্ধবিশ্বাসী [দ্র ৫৯৬]।

৬০৭ ভদ্রতা

বি· ভদ্রতা [৪০৮], শিষ্টতা, সৌজন্য [৬১২], সুজনতা, সাধুতা, ভব্যতা, সভ্যতা, শালীনতা, সুশীলতা, সৌশীল্য।

বিনয়, নম্রতা [দ্র ২৪৪], অমায়িকতা।

শিষ্টাচার, ভদ্রব্যবহার, ভদ্রতাচরণ, সদাচার [২১০], শীল, সদ্ব্যবহার, সুব্যবহার; সহবত, তাজিম।

আদবকায়দা [৬০৯], আদব, আচার, রীতিনীতি, কেতা, তরিবত, কায়দা, ঠাট, ঠাটবাট; ফ্যাশন; স্টাইল।

শ্লীলতা; শ্লীলতাবোধ।

ভদ্রতাবোধ, সৌজন্যবোধ।

সুরুচি, মার্জিতরুচি।

স্বাগত সম্ভাষণ, সম্ভাষণ; মিষ্টভাষণ [দ্র ১১০]। অভিবাদন [দ্র ৬১৩]। অভিনন্দন [দ্র ৬১০]। আপ্যায়ন [দ্র ৬১২]।

সামাজিকতা, লৌকিকতা [৬৪৪], নৌকতা, লৌকতা।

বিণ· ভদ্র, শিষ্ট; সৌজন্যপূর্ণ, সৌজন্যমূলক; শালীন, শ্লীল, শালীনতাপূর্ণ; সবিনয়; নম্র, বিনীত; অমায়িক [দ্র ২৪৪]।

ভদ্রোচিত, ভদ্রজনোচিত; ভদ্রতামূলক।

বিণ·/বি· ভদ্র, সুভদ্র, সুজন, সজ্জন, শিষ্ট, ভব্য, সভ্যভব্য; বিনম্র, নম্র, বিনত, বিনয়ী [দ্র ২৪৪]। ভদ্রা, সুশীলা।

শিষ্টাচারী, সদাচারী, সদাচারপরায়ণ।

সাধু, সুশীল, সুবোধ, সুবিধ, সুনীথ, শান্ত, ধীর [দ্র ৩৪৩]।

মার্জিত, সংস্কৃত, রুচিসম্পন্ন, মার্জিত রুচিসম্পন্ন, সুরুচিসম্পন্ন [দ্র ৪০৮]। অপ্রগল্‌ভ, অধৃষ্ট। সম্ভ্রান্ত।

সংযত, সংযতচিত্ত। জিতেন্দ্রিয়।

কায়দাদুরস্ত, কেতাদুরস্ত, কেতাসম্পন্ন; কায়দাবাগীশ।

মিষ্টভাষী, সদালাপী [দ্র ১১০]।

সামাজিক; মিশুক, মিশুকে, আলাপপটু, আলাপী।

বশংবদ; কৃতার্থ।

৬০৮ অভদ্রতা

বি· অভদ্রতা(ক), অভব্যতা(ক), অশিষ্টতা, অসভ্যতা(ক), অসৌজন্য, অশীলতা; অশালীনতা, অশোভনতা, অসৌষ্ঠব; অশ্লীলতা [দ্র ৫২৭], নোংরামি(ক)।

অবিনয়, ঔদ্ধত্য [দ্র ২৪৩], ধৃষ্টতা। অশ্রদ্ধা(ক) [দ্র ৬১৪]। অপমান(ক) [দ্র ৩৪৯]।

খারাপ ব্যবহার(ক), দুর্ব্যবহার(ক), অসদাচরণ [৫৬৩], অসদাচার, অসদ্ব্যবহার(ক), কদাচার [২১০], দুরাচার, কদাচরণ, কুচর্যা, অশিষ্টাচরণ, অশিষ্টাচার, দৌর্জন্য; কুচাল, কুদাঁড়া, কুরীতি; রূঢ় ব্যবহার(ক), রুক্ষব্যবহার; অসংযত আচরণ(ক); দৃষ্টিকটু ব্যবহার।

বেয়াড়াপনা [২৩২], বেয়াদবি [২৭৫], গোস্তাকি।

বর্বরতা, নীচতা, ইতরতা, ইতরামি(ক), বাঁদরামি(ক), ছোটলোকি; পশুর মতো ব্যবহার(ক), পশ্বাচার।

মন্দত্ব [দ্র ৫৫৭]।

অসামাজিকতা। রীতিবিরুদ্ধতা।

অপ্রিয়ভাষণ, কটুভাষণ [দ্র ১১২]। গালাগালি(দে) [দ্র ১১২]। মুখে মুখে তর্ক করা-।

ঠাট্টা(ক), ইয়ারকি(ক), চপলতা(ক) [দ্র ২৩৫]।

মুখের ওপর দরজা বন্ধ করা-; রাস্তা দেখানো-। বেলেল্লাপনা [২৪৬, ৫২৭]।

রুচিহীনতা, রুচিবিকৃতি, কুরুচি, খারাপরুচি। গ্রাম্যতা।

বিণ· অভদ্রোচিত, অশালীন, অশোভন, বেয়াড়া; বর্বরোচিত।

অসৌজন্যমূলক [৬১৪], ভদ্রতাবিরুদ্ধ।

ঔদ্ধত্যপূর্ণ [দ্র ২৪৩]।

কুরুচিকর।

রীতিবিরুদ্ধ, বেদস্তুর।

অশ্লীল [দ্র ৫২৭], কুৎসিত, জঘন্য।

বিণ·/বি· অভদ্র, অভব্য, অশিষ্ট, অসভ্য, বেতরিবত; বেতমিজ, বেআদব, বিশীল, অশীল, ব্যাদড়া, বেয়াড়া [২৩২], ছোটলোক।

অমার্জিত, অসংস্কৃত। ইতর, নীচ; বজ্জাত; চোয়াড়, চোয়াড়ে; বর্বর, বুনো।

অসামাজিক, লৌকিকতা বিরোধী; অমিশুক, একাচোরা, ঘরকুনো, একান্তবাসী।

অবিনয়ী, অবিনীত, দুর্বিনীত, উদ্ধত, তেরিয়া, ধৃষ্ট। বেলেল্লা।

দুর্ব্যবহারকারী, অসদাচারী, কদাচারী।

কটুভাষী [দ্র ১১২], অপ্রিয়ভাষী।

বিকৃতরুচি, রুচিহীন, কুরুচিসম্পন্ন।

ফাজিল, ফক্কড়, ফচকে [দ্র ২৩৫]।

ক্রি-বিণ· অভদ্রভাবে, খারাপ ভাবে।

৬০৯ রীতিনীতি

বি· রীতি, ধারা, চল, প্রথা, রীত, দস্তুর, প্রচলন, রেওয়াজ, স্টাইল, ঢং, ফ্যাশন, তরিকা, তরতিব।

আচার; শাস্ত্রীয় আচার; সামাজিক আচার; বিচার; আচারবিচার; বাছাবাছি।

বিধি, নিয়ম, বিধান, আইন [দ্র ৬৬৮]; নির্বন্ধ, অনুশাসন।

রীতিনীতি, ধরনধারণ, হাবভাব, আচারব্যবহার, আচার আচরণ, চালচলন, রীতিচরিত্র; আদবকায়দা [২১০, ৬০৭], কেতা, আদব, কায়দা; আচরণ, ধরন, রকম, শৈলী, ভঙ্গি, প্রকৃতি, হালচাল, ব্যবহার, কেতাকানুন।

প্রণালী, পদ্ধতি, প্রক্রিয়া; অনুষ্ঠান।

সুপ্রণালী, সুপ্রথা, ভালো প্রথা, সুনীতি [দ্র ৬৬৮]।

সংস্কার; ধারণা; কুসংস্কার [৫৯৬], কুপ্রথা, কুরীতি, খারাপ প্রথা, কুনীতি [দ্র ৬৬৮]।

লোকাচার। দেশাচার [দ্র ৫৯৬]। ধর্মাচার। স্ত্রীআচার [দ্র ৬১৭]।

সাহেবিয়ানা, বিলিতিয়ানা। বাঙালি সাহেব; ঘোরতর সাহেব।

প্রথানুগত্য, রীত্যনুসারিতা; আচারনিষ্ঠতা; প্রথাপালন(ক)।

জন্মগত সংস্কার, জন্মগত বিশ্বাস, আজন্ম বিশ্বাস, সহজাত সংস্কার।

সংস্কারবদ্ধতা। নিয়মবদ্ধতা।

বিণ· বিহিত, যথাবিহিত, বিধিঅনুসারী, রীত্যনুসারী, প্রথানুগ, প্রথানুগত, প্রথাগত, প্রথানুসারী, রীতিসিদ্ধ; আনুষ্ঠানিক।

চলিত, চলতি, প্রচলিত; রেওয়াজি। বিধিবৎ।

শাস্ত্রানুগ, শাস্ত্রবিহিত; বিধিসম্মত, প্রথাসম্মত।

সংস্কারবদ্ধ। আচারনিষ্ঠ, প্রথানিষ্ঠ, আচারী।

ক্রি-বিণ· বিধানানুযায়ী, বিধিঅনুযায়ী, বিধিঅনুসারে, বিধিমতে, বিধিমতো, যথাবিধি, প্রথানুযায়ী, প্রথানুসার, প্রথানুসারে, প্রথামাফিক, প্রথামতো, রীত্যনুযায়ী, রীতিমতো, রীতিমাফিক, যথারীতি, রেওয়াজমাফিক, দস্তুরমতো, পুরাদস্তুর, দস্তুরমাফিক, ধারানুযায়ী, ধারাক্রমে, নিয়মানুযায়ী, নিয়মমতো; শাস্ত্রানুযায়ী, শাস্ত্রমতে।

৬১০ অভিনন্দন

বি· অভিনন্দন(দে, জানানো-) [৬০৭], প্রতিনন্দন, অভিবন্দনা; কনগ্র্যাচুলেশন।

অভিবাদন(ক); নমস্কার [দ্র ৬১৩]।

সংবর্ধনা(দে, জানানো-), সংবর্ধন, বরণ(ক), বৃতি।

সম্মাননা [দ্র ৩৪৮], মানদান, শ্রদ্ধা জানানো-, বন্দন, বন্দনা(ক); প্রশস্তি(ক) [দ্র ৩৪৮]; স্তুতি(ক) [দ্র ৩৪৮], স্তবগান(ক), জয়গান(ক)।

অভ্যর্থনা(ক) [দ্র ৬১২]। আপ্যায়ন(ক) [দ্র ৬১২]।

শুভেচ্ছা(জানানো-), শুভকামনা(ক) [দ্র ৬৭৪]।

সংবর্ধনা সভা।

অভিনন্দনপত্র, মানপত্র, সম্মানপত্র; অভিনন্দনবাণী।

উপাধি, খেতাব [দ্র ৩৮৬]।

হাততালি(দে) [৩৪৮], করতালি; হর্ষনাদ, হর্ষরব, হর্ষধ্বনি(ক), উল্লাসধ্বনি; জয়ধ্বনি(দে), জিন্দাবাদ; বাহবা(দে), বাহা, বাঃ, সাধুবাদ(দে); এনকোর; বলিহারি, শাবাশ, বহুতখুব; না জবাব, জবাব নেই; সাধু সাধু; ধন্যবাদ(জানানো-, দে); ধন্য ধন্য। কেয়াবাত।

করমর্দন(ক), হ্যান্ডশেক(ক), হাত ঝাঁকানো-, হাত মেলানো-।

কোলাকুলি(ক), আলিঙ্গন(ক) [৩৬২, ৯২], অভিষঙ্গ, হেলি, অঙ্গপালি, অঙ্কোলিকা; বাহুবন্ধন, ভুজবন্ধন, ভুজপাশ, বাহুডোর, কোলদেওয়া-। গলাগলি(ক)।

সম্ভাষণ, সম্বোধন; সাদর সম্ভাষণ, প্রীতিসম্ভাষণ; সুপ্রভাত, সুপ্রাত, গুড মর্নিং; শুভদিন, গুড ডে; শুভসন্ধ্যা, গুড ইভনিং; শুভরাত্রি, গুডনাইট।

বিণ· অভিনন্দিত(ক), বন্দিত, অভিবন্দিত(ক)।

সংবর্ধিত(ক), সংবর্ধনাপ্রাপ্ত, বৃত।

অভিনন্দনযোগ্য, অভিনন্দনীয়; অভিবাদনযোগ্য, অভিবাদার্হ, অভিবাদ্য।

বরণীয়, বরেণ্য, বৃত্য, বর্য; দেশবরেণ্য।

সম্মানিত(ক) [দ্র ৩৪৮]। সম্মানসূচক।

সম্মানযোগ্য, সম্মাননীয়; প্রণম্য, শ্রদ্ধেয় [দ্র ৬১৩]।

বিণ·/বি· অভিবাদক, অভিবাদনকারী, বন্দনকারী; নমস্কর্তা।

সংবর্ধক, সংবর্ধনাদানকারী; সম্মানকারী।

বরণকর্তা, বরয়িতা, বরক, বরণকারী।

৬১১ ডাকা

বি· ডাকা-, ডাক(দে), ডাকাডাকি(ক), ডাকছাড়া-, হাঁক(পাড়া-, দে), হাঁকা-, হাঁকন, হাঁকডাক, হাঁকার, হাঁকাহাঁকি(ক); ডাকানো-, ডাকিয়ে আনা-; ডেকে পাঠানো-।

আহ্বান(ক), আবাহন(ক), আহূতি, হূতি, আহ্বায়; আবাহনী, আকারণ; অভিমন্ত্রণ, নিমন্ত্রণ(ক), আমন্ত্রণ(ক, জানানো-), নেমন্তন্ন(ক); তলব, তকাজা, সমন, জোর তলব।

সম্বোধন(ক), সম্ভাষ, সম্ভাষণ(ক), আভাষণ।

হাতছানি(দে), হাতের ইশারায় ডাকা, অঙ্গুলি সংকেত(ক) [৯৫, ৩৮৫]।

আজ্ঞান।

আহাব।

দরজায় নাড়া দেওয়া-, দরজা ধাক্কানো-, দ্বার নাড়া(দে), দরজা ঝাঁকানো-, দরজা খট খট করা-, খট খট করা-; কড়া নাড়া-। দ্বারঘণ্টা, দরজার ঘণ্টা, ঘণ্টা; কলিংবেল।

বিণ· আহ্বানীয়, আহ্বানযোগ্য, আমন্ত্রণযোগ্য, আমন্ত্রণীয়, আহূয়, আহ্বয়িতব্য। আহূয়মান, হূয়মান।

সম্বোধনীয়, সম্বোধনযোগ্য, সম্ভাষণীয়।

বিণ·/বি· আহূত, কৃতাহ্বান, আবাহিত, হূত।

নিমন্ত্রিত, আমন্ত্রিত [২৯২], অভিমন্ত্রিত।

সম্ভাষিত, সম্বোধিত।

আহ্বায়ক, আবাহক, আহ্বানকারী, আবাহনকারী।

সম্বোধক, সম্ভাষক, সম্বোধনকারী, সম্ভাষণকারী।

নিমন্ত্রক, নিমন্ত্রয়িতা, নিমন্ত্রণকারী, আমন্ত্রক, আমন্ত্রণকারী।

অব্য· এই, এই যে; ওই; ওহে; ওগো, হ্যাঁগো; ও; অ; ওরে; ওলো; ওহে; অরে; অয়ি।

[**বিপ·**] অনাহূত, অহূত; স্বাহূত; অনিমন্ত্রিত। রবাহূত, রেয়ো।

৬১২ আপ্যায়ন

বি· আপ্যায়ন(ক) [৬০৭]; সমাদর(ক), আদরযত্ন(ক), আদর আপ্যায়ন, আদর(ক), যত্নআত্তি(ক), সেবাযত্ন(ক), যত্ন(ক); সেবা(ক) [দ্র ৮৮]; স্বভাজন, খাতির(ক), খাতিরযত্ন(ক)।

আতিথেয়তা, অতিথিপরায়ণতা, আতিথ্য, অতিথিসেবা, অতিথিপরিচর্যা, অতিথি আপ্যায়ন, অতিথিসৎকার, অতিথিকর্ম, অতিথিক্রিয়া।

আতিথ্য স্বীকার, আতিথ্য গ্রহণ।

সৌজন্য [দ্র ৬০৭]। অভিনন্দন [দ্র ৬১০]। সংবর্ধনা [দ্র ৬১০]। সম্মাননা [দ্র ৩৪৮]। অভিবাদন [দ্র ৬১০]।

ভোজসভা, প্রীতিভোজ; খানাপিনা(ক), খানপান, পানাহার, পানভোজন; পার্টি(দে); ডিনারপার্টি, নৈশভোজ; টিপার্টি, চা-চক্র, চায়ের আসর; ককটেল পার্টি।

অভ্যর্থনা(ক) [৬১০], অভ্যর্থন, স্বাগত জানানো-, সাদর অভ্যর্থনা(জানানো-), কোলানী; এগিয়ে আনা-, প্রত্যুদ্গমন, প্রত্যুদ্গম।

অভ্যর্থনাসভা; অভ্যর্থনাকেন্দ্র; অভ্যর্থনাকমিটি, অভ্যর্থনাসমিতি।

বিণ· আপ্যায়িত, সমাদৃত, আদৃত; সংবর্ধিত [দ্র ৬১০]।

সমপূজিত, অর্চিত [দ্র ৫৮৪]; অভ্যর্হিত, অভ্যর্থিত। অভ্যর্থনীয়।

প্রত্যুদ্গত।

বিণ·/বি· আপ্যায়নকারী; সমাদরকারী।

অতিথিবৎসল, আতিথেয়, অতিথিপরায়ণ, অতিথিপ্রিয়; অতিথিসেবক, অতিথিপূজক।

৬১৩ শ্রদ্ধা

বি· শ্রদ্ধা(ক) [৩৪৮], সম্মান(ক), মান, সম্মাননা [৩৪৮], ভক্তি(ক) [৫৮৪, ৩৪৮], অর্হ, অর্হণ, সমাদর(ক)।

মর্যাদা(দে), সম্ভ্রম(ক), সমীহ(ক), সাধ্বস, কদর(দে)।

তোয়াক্কা(ক) [৬৬২], কেয়ার(ক), রেয়াত(ক), পাত্তা(দে); ইজ্জত, আবরু [দ্র ২৪৫]।

আনুগত্য, বশ্যতা [দ্র ৬৫৮, ২৭১]। আস্থা(স্থাপন ক), বিশ্বাস(ক) [দ্র ৫৪৯]।

ভক্তি জানানো, শ্রদ্ধা জানানো-, শ্রদ্ধাজ্ঞাপন(ক), শ্রদ্ধার্পণ, শ্রদ্ধাপ্রদর্শন(ক), শ্রদ্ধাঞ্জলি(নিবেদন ক), শ্রদ্ধার্ঘ্য(নিবেদন ক), সম্মানপ্রদর্শন(ক)। প্রশস্তি[দ্র ৩৪৮]।

সম্ভ্রমবোধ, মর্যাদাবোধ; আত্মসম্মানজ্ঞান, আত্মমর্যাদাবোধ। শ্রদ্ধা আকর্ষণ(ক), সম্ভ্রম জাগানো-।

গুরুজন, বয়োজ্যেষ্ঠ ব্যক্তি, পূজনীয় ব্যক্তি।

বয়স্কের সম্মান। গুরুভক্তি।

মাথায় করে রাখা-; ঠাকুর সেবা করা-; পরম সমাদর করা-; শিরোধার্য করে রাখা-, মাথায় তুলে রাখা-।

নমস্কার(ক); নমোকরা-, প্রণাম(ক) [৩৪৮, ৫৮৪], নতি, প্রণতি, বিনতি [২৪৪], প্রণিপাত(ক), গড়(ক), দণ্ডবৎ(হ), তসলিম, জোহার; সাষ্টাঙ্গ প্রণাম(ক) [দ্র ৫৮৪]; মাথা নোয়ানো-, নতজানু(হ); পা ছোঁয়া-, পদস্পর্শ করা-, পায়ের ধুলো নেওয়া-, পদধূলি নেওয়া-। প্রতিনমস্কার(ক), প্রত্যভিবাদন।

অভিবাদন(ক) [৬১০], স্যালুট(ক), সেলাম, সালাম(ক), কুরনিশ(ক) [৩৪৮], বন্দেগি।

উঠে দাঁড়ানো-; টুপি খোলা-।

নীরবে দাঁড়ানো-; নীরবতা পালন(ক)।

পূজা [দ্র ৫৮৪]। ঈশ্বরভক্তি [দ্র ৫৯০]।

বিণ· শ্রদ্ধাপূর্ণ, শ্রদ্ধাযুক্ত, ভক্তিপূর্ণ, সভক্তি, সশ্রদ্ধ।

ভক্তিমূলক।

মর্যাদাপূর্ণ, মর্যাদাময়; সমাদরপূর্ণ; সম্ভ্রমপূর্ণ।

নমস্কারী, প্রণামী।

আদৃত, সমাদৃত; সর্বাদৃত।

প্রণত, বিনীত, বিনয়াবনত।

বিণ·/বি· শ্রদ্ধেয় [৬১০], শ্রদ্ধাস্পদ, শ্রদ্ধাভাজন, ভক্তিভাজন, সম্মাননীয়, সম্মানার্হ[৩৪৮]; প্রণম্য, নমস্য, নমস্কার্য, পূজনীয়; সমাদৃত; সর্বজনশ্রদ্ধেয়; প্রাতঃস্মরণীয়।

নমস্কৃত, প্রণমিত, কৃতনমস্কার, নমিত, নতশীল, নতিমান, নমসিত।

নমস্কর্তা, নমস্কারকারী।

অভিবাদনকারী।

ভক্তপ্রাণ, ভক্ত, ভক্তিবিহ্বল; ভক্তবৎসল, ভক্তানুরক্ত; ভক্তপ্রধান, ভক্তাগ্রগণ্য। শ্রদ্ধাবান, শ্রদ্ধাশীল, শ্রদ্ধালু, শ্রদ্ধান্বিত, শ্রদ্দধান, ভক্তিমান।

ক্রি-বিণ· শ্রদ্ধায়, শ্রদ্ধাভরে, ভক্তিভরে, ভক্তিতে; পরমশ্রদ্ধায়, শ্রদ্ধার সঙ্গে; সশ্রদ্ধ চিত্তে।

৬১৪ অশ্রদ্ধা

বি· অবজ্ঞা(ক) [৩৪৪], উপেক্ষা(ক), উপেক্ষণ, অবহেলা(ক), অবমাননা, হেলাফেলা(ক), অনাদর, অযত্ন [৬১৫], অমর্যাদা(ক), অসম্ভ্রম।

অশ্রদ্ধা(ক) [৬০৮], শ্রদ্ধাহীনতা, শ্রদ্ধাশূন্যতা, অভক্তি।

অপ্রীতি, অপ্রেম, অননুরাগ।

ঘৃণা(ক) [দ্র ২২০], অপ্রবৃত্তি; বিতৃষ্ণা।

হেনস্তা(ক), নাকাল(ক), হেয় করা-, ছোট করা-, খাটো করা-, অপদস্থ করা-, অপমান [দ্র ৩৪৯], মুখছোট করা-, মাথা হেঁট করা-।

ব্যঙ্গবিদ্রূপ(ক), ঠাট্টাইয়ার্কি(ক) [৩৪৯], উপহাস(ক) [১১২], বিদ্রূপ(ক), ব্যঙ্গ, টিটকারি(দে), ধিক্কার(দে)।

পাত্তা না দেওয়া-; তৃণজ্ঞান(ক); ভ্রূক্ষেপ না করা-; গ্রাহ্য না করা-; ধর্তব্যের মধ্যে না আনা-; তুচ্ছতাচ্ছল্য করা-; তাচ্ছিল্য করা-।

বক দেখানো-; কলা দেখানো-।

অনাস্থা; অবিশ্বাস [দ্র ৫৫০]। অরুচি, অপছন্দ [দ্র ২১৬]। অখ্যাতি, অসম্মান [দ্র ৩৪৯]। নিন্দা [দ্র ৩৪৯]। অবহেলা [দ্র ৩৪৪, ৬১৫]। অসৌজন্য [দ্র ৬০৮]।

বিণ· অবজ্ঞাপ্রসূত, অবহেলাজাত। অপমানিত [দ্র ৩৪৯], ধিক্কৃত।

অবজ্ঞাত, অনাদৃত, অবহেলিত, উপেক্ষিত।

অবজ্ঞাসূচক, অবজ্ঞাপূর্ণ, অশ্রদ্ধাসূচক, অমর্যাদাকর, অশ্রদ্ধামূলক, অশ্রদ্ধাপূর্ণ, অভক্তিজনক।

হেয়, ঘৃণ্য [দ্র ২২০]।

নিন্দাসূচক, অপমানসূচক [দ্র ৩৪৯]। অসৌজন্যমূলক [দ্র ৬০৮]।

অবজ্ঞেয়, উপেক্ষণীয়; অবরণীয়, অবরেণ্য।

অশ্রদ্ধেয়, অশ্রদ্ধিত, অপূজ্য, অনর্হ; মর্যাদাহীন।

অনাদরণীয়; অপাঙ্‌ক্তেয়।

ধিক্কারপূর্ণ, ধিক্কারজনক; বিদ্রূপমূলক; বিদ্রূপাত্মক [দ্র ২২৫]।

বিণ·/বি· অশ্রদ্ধ, শ্রদ্ধাহীন, ভক্তিহীন, সম্ভ্রমহীন, অভক্ত, অভক্তিমান, অশ্রদ্ধান্বিত, অশ্রদ্ধালু, অশ্রদ্ধধান।

ক্রি-বিণ· অবজ্ঞায়, অবজ্ঞাভরে; অশ্রদ্ধায়, অভক্তিভরে; অনাদরে, অবহেলায়; বিতৃষ্ণায়।

অব্য· ছি; ধিক; দুয়ো।

৬১৫ অনাদর

বি· অনাদর(ক), স্নেহাভাব, অস্নেহ, নিস্নেহ, স্নেহশূন্যতা, স্নেহহীনতা, মায়াভাব, ভালোবাসার অভাব, আদরাভাব, ধীতি, মমত্বহীনতা [৬১৬]।

অযত্ন(ক), যত্নহীনতা, যত্নাভাব [৬১৬], অনতিযত্ন।

দেখতে না পারা-; দু চক্ষে দেখতে না পারা-; চক্ষুশূল হওয়া-; সইতে না পারা-; চোখের বিষ; চোখের বালি; দুয়ো দুয়ো করা-; দেখলে তেড়ে আসা-।

সতীনপুত্র। দুয়োরানী। গলার কাঁটা।

অবহেলা(ক) [দ্র ৩৪৪], অবহেলন। বিরূপতা [দ্র ২২০]। অপছন্দ [দ্র ২১৬]। অশ্রদ্ধা [দ্র ৬১৪]। নির্দয়তা, নিষ্ঠুরতা [দ্র ২৪২]। শত্রুতা [দ্র ৬৮৫]।

বিণ· অনাদৃত [৩৪৪], অকৃতাদর, ধীত।

বিমাতৃসুলভ, বিমাতাসুলভ।

বিণ·/বি· অনাদরণীয়, উপেক্ষণীয়, অবজ্ঞেয়।

অবহেলিত, উপেক্ষিত [দ্র ৩৪৪, ৬১৪], পরাকৃত, অবজ্ঞাত।

অযত্নপালিত, অযত্নলালিত, অযত্নবর্ধিত; সুখসৌভাগ্যহীন; পরের ঘরে মানুষ; স্নেহবঞ্চিত, মমতাবঞ্চিত।

হতভাগ্য, হতভাগা, অনাথ [দ্র ৬৩৯]; বাপে খেদানো মায়ে তাড়ানো। অপ্রিয়ভাজন।

মায়ামমতাহীন, দয়ামায়াহীন, দয়াহীন, মায়াহীন, নিঃস্নেহ, স্নেহহীন, মমতাহীন, মমত্বহীন, দরদহীন, বেদরদি, নির্দয় [দ্র ২৪২], অনাদরকারী; অবৎসল; কুটিল; চশমখোর; চণ্ড; কসাই।

ক্রি-বিণ· অনাদরে, অস্নেহে, অযত্নে, হেলাফেলায়, অবহেলায়।

৬১৬ অসদ্ভাব

বি· অসদ্ভাব, অসৌহার্দ্য, অবন্ধুত্ব, অভাব, অসখ্য, অমৈত্রী; বন্ধুত্ববিচ্ছেদ, বন্ধুবিচ্ছেদ।

অনৈক্য, ঐক্যাভাব, বেমিল; গরমিল, বিরোধ [৬৮৬], অবনিবনা; মনোমালিন্য, মনকষাকষি, মনান্তর।

অপ্রণয়, অননুরাগ, অপ্রীতি, অসম্প্রীতি, অনাসক্তি; অরতি।

বিরাগ, বিরক্তি, বিমুখতা, বৈমুখ্য, বৈরূপ্য, বিরূপতা, অপ্রসন্নতা, অপ্রসাদ, অসন্তোষ, বিদ্বেষ।

অনাদর [দ্র ৬১৫]। অযত্ন, যত্নাভাব [দ্র ৬১৫]। শত্রুতা, বৈরিতা [দ্র ৬৮৫]। ঝগড়া [দ্র ৬৮৬]। মমত্বহীনতা [দ্র ৬১৫]। তালাক, বিবাহবিচ্ছেদ [দ্র ৬১৭]।

দেখতে না পারা-; সুনজরে না থাকা-; কু নজরে পড়া-; কু চোখে দেখা-; বিষ নজরে পড়া-।

সম্পর্ক খারাপ হওয়া-; সম্পর্কে চিড় ধরা-; ভাব চটে যাওয়া-; ছাড়াছাড়ি হওয়া-; সহ্য করতে না পারা-; দেখলে গা জ্বালা করা-।

আদায় কাঁচকলায়; অহিনকুল সম্বন্ধ; দা-কুমড়ো সম্পর্ক; ছায়া না মাড়ানো-।

বিণ· অসদ্ভাবসূচক, অসৌহার্দ্যপূর্ণ, অবন্ধুসুলভ, অবন্ধুচিত।

বিরোধমূলক।

অনাদরণীয়, অপ্রীতিকর, অপ্রীতিপূর্ণ, অপ্রীতিজনক, অসন্তোষজনক।

বিরক্ত(হ) [৬৮৮, ২২০], বিমুখ, বিরূপ, অপ্রসন্ন, বিদ্বিষ্ট।

বিরক্তিকর, বিরক্তিজনক; বিরক্তিকারক।

বিণ·/বি· অবন্ধু, অমিত্র; শত্রু [দ্র ৬৮৫]।

বিরোধী, অননুরাগী; অখুশি, অপ্রসন্ন, বিরক্ত, অসন্তুষ্ট, ক্ষুব্ধ; বীতশ্রদ্ধ, বীতরাগ; অনাসক্ত, বীতস্পৃহ [দ্র ২১৩]; উদাসীন [দ্র ৩৪৫]।

বিরাগভাজন, অপ্রিয়ভাজন; বিদ্বেষভাজন, অপ্রীতিভাজন।

অনাদৃত [দ্র ৬১৫]।

৬১৭ বিবাহ

বি· বিবাহ(ক, দে), বিয়ে(ক, দে), পরিণয়, পরিণয়ন, শাদি, নিকা, নিকাহ্, উঢ়ি, উদ্বাহ, উদ্বাহন, উপযাম; শুভবিবাহ। পাত্রস্থ করা-, পাত্রসাৎ।

দারপরিগ্রহ, দারগ্রহণ(ক), দারপরিগ্রহণ, দারকর্ম, পরিবার পরিগ্রহ। পাণিগ্রহণ(ক), পাণিগ্রহ, পাণিপীড়ন, করগ্রহণ, করগ্রহ, করপীড়ন।

বিয়ের ফুল ফোটা-; প্রজাপতির নির্বন্ধ, বিধির বিধান।

মালাবদল, কণ্ঠিবদল। গাঁটছড়া বাঁধা-। চারিচক্ষুর মিলন। বিয়ের পিড়িতে বসা-।

সংসার পাতা-, সংসারজীবনে প্রবেশ(ক), সংসারজীবন শুরু(ক), সংসারী হওয়া-, সংসারধর্মপালন(ক); ঘর বাঁধা-, ঘর পাওয়া।

বিবাহবন্ধন, পরিণয়বন্ধন, উদ্বাহবন্ধন, পরিণয়সূত্র।

সম্বন্ধ(ক), বিবাহের প্রস্তাব, আলাপ; ঘটকালি(ক), ঘটকতা। ঘটক।

বাগ্‌দান; পাকা কথা; পাটিপত্র(ক), পাতিপত্র, পানপত্র। আশীর্বাদ।

মেয়ে দেখা, কনে দেখা; পাকা দেখা-।

যোটকবিচার(ক); রাজযোটক; যোটক; কুষ্ঠির মিল।

পালটিঘর; সঘর; সবর্ণ। অঘর; কুলভঙ্গ(ক); অসবর্ণবিবাহ। অন্তর্বিবাহ, স্বগোত্রে বিবাহ। কুল করা-, কুলীন করা-।

আইবুড়ো ভাত; অব্যূঢ়ান্ন, অনূঢ়ান্ন।

গায়ে হলুদ, গাত্রহরিদ্রা।

বিয়ের পোশাক; চেলি; জোড়; ভেল; টোপর; মুকুট।

বিয়ের বেনারসি; কনেচন্দন।

যৌতুক [দ্র ৭৪১], পণ, নগদ, বরপণ, পারিণায্য, বরাভরণ; দেনমোহর।

তত্ত্ব(ক); তত্ত্বতালাশ; গায়েহলুদের তত্ত্ব। ফুলশয্যার তত্ত্ব। ননদপুঁটুলি, ননদখেমি। নমস্কারী, প্রণামী।

মালা, বরমাল্য, বরণমালা।

সিঁদুর, সিন্দূর, সৈমন্তিক, সীমন্তক; সিঁদুরকৌটো; সিঁদুরদান।

দর্পণ, কাজললতা, গাছকৌটো।

কন্যাদান(ক), সম্প্রদান(ক), দান(ক)। কন্যাদায়।

বিয়ের দিন; বিয়ের লগ্ন, লগ্ন, লগন, শুভলগ্ন, লগনসা; সুতহিবুক যোগ। শুভদৃষ্টি, মুখচন্দ্রিকা, চতুরাক্ষ।

বিয়ের আসর, ছাঁদনাতলা, ছায়ামণ্ডপ; বিবাহবাসর। বাসর, বাসরঘর; বাসরশয্যা; বাসর জাগা-; বাসর জাগানি। বাসিবিয়ে। শয্যাতুলুনি।

স্ত্রীআচার; কড়িখেলা। কুশণ্ডিকা, ধৃতিহোম। কনকাঞ্জলি। সপ্তপদী। বধূবরণ।

বৌভাত, পাকস্পর্শ। ফুলশয্যা [৪১], শুভরাত্রি, মধুযামিনী, মধুচন্দ্রিমা, মধুচন্দ্রিকা, হনিমুন।

দ্বিরাগমন; অষ্টমঙ্গলা। ধুলো পা; ধুলো পায়ে দিন করা-।

বর, পাত্র, বিবোঢ়া, ছেলে, পরিণায়ক, কন্যাপতি, নওশা; জামাই, জামাতা; সুপাত্র, যোগ্যপাত্র। পাত্রপক্ষ, বরপক্ষ; বরকর্তা; বরযাত্রী, বরানুগমনকারী; বরযাত্র, বরানুগমন(ক); নিতবর, কোলবর, মিত্রবর।

কনে, বিয়ের কনে, কনে বউ, মেয়ে, পাত্রী, বউ; সুপাত্রী; নতুন বউ, নববধূ, বউড়ি, বহুড়ি; নবোঢ়া, নববিবাহিতা, নবকারিকা। কন্যাপক্ষ, পাত্রীপক্ষ, মেয়েপক্ষ; কন্যাকর্তা। কন্যাযাত্র, কন্যাযাত্রী।

নবদম্পতি; নতুন বিয়ে।

বরকনে, বরবউ, পাত্রপাত্রী, বরবধূ, জায়াপতি, দম্পতি, জম্পতি, স্বামীস্ত্রী, কর্তাগিন্নি, মিঞাবিবি; এক দেহ; যুগল, জোড়; মিথুন, দুহু, দুঁহু।

লাভম্যারেজ; সিভিলম্যারেজ; রেজিস্ট্রিবিয়ে। হিন্দুবিবাহ, হিন্দুবিয়ে [ব্রাহ্ম; দৈব; আর্য; প্রাজাপত্য; আসুর; গান্ধর্ব; রাক্ষস; পৈশাচ]। গন্ধর্ববিবাহ।

বিবাহিতজীবন, দাম্পত্যজীবন।

বিধবাবিবাহ। পুনর্বিবাহ, পুনর্ভূ; সাঙা।

বহুবিবাহ, পলিগামি; দুইবিয়ে; অধিবেদন; পরিবেদন; অধিবেত্তা; অধিবিন্না। দ্বিতীয় বিবাহ, পুষ্পোৎসব; দুই বিয়ে।

বাল্যবিবাহ, গৌরীদান, বালিকা বিবাহ।

বিবাহযোগাযোগকেন্দ্র, প্রজাপতিঅফিস; পাত্রপাত্রী-বিজ্ঞাপন।

স্বয়ংবর(সভা), স্বয়ংবরণ; স্বামিত্বে বরণ(ক), স্বামীনির্বাচন।

বিণ·/বি· বিবাহযোগ্য, পরিণেয়, বিবাহার্হ, বিবাহ্য; বিবাহযোগ্যা, উদ্বাহ্যা।

অরক্ষণীয়া।

বাগ্‌দত্তা; অন্যপূর্বা; পরপূর্বা; অন্যপূর্ব। অগ্রেদিধিষু, দিধিষু। স্বয়ংবরা, পতিংবরা।

বিবাহিত, পরিণীত, ঊঢ়, উদ্বাহিত, কৃতদার, কৃতোদ্বাহ; বিবাহিতা, পরিণীতা, ঊঢ়া, অধ্যূঢ়া, উদ্বোঢ়া। দ্বিরূঢ়া।

বিবাহকারী, দার পরিগ্রাহক, উদ্বাহী। বিবাহার্থী, পাণিপ্রার্থী।

সম্প্রদানকারী, সম্প্রদাতা।

বৈবাহিক, ঔদ্বাহিক।

বিয়েপাগল, বিয়েপাগলা। বিয়েপাগলী; ঘরন্তী, বরাকাঙ্ক্ষিণী।

বিণ· বিবাহসম্বন্ধীয়, উদ্বাহিক, বৈবাহিক, ঔদ্বাহিক; দাম্পত্য।

ক্রি-বিণ· দোজবরে; তেজবরে।

[বিবাহ বিচ্ছেদ] বিবাহবিচ্ছেদ(ক), ডাইভোর্স(ক), তালাক(দে); পত্নীত্যাগ(ক); পতিত্যাগ, স্বামীছাড়া-; স্বামিত্যাগিনী; হুড়কো।

ভ্রষ্টলগ্ন, লগ্নভ্রষ্ট; দোপড়া।

৬১৮ স্বামী

বি· স্বামী, পতি, কর্তা, বর, দয়িত, ধবা, খসম, ভর্তা, শৌহর, ভাতার, আর্যপুত্র, পরিণেতা, পাণিগ্রহণকারী, পাণিগ্রাহ, উপযন্তা, ধর্মপতি, পাণিগ্রাহক, পাণিগ্রাহী, কান্ত, ক্ষেত্রী। জীবনসঙ্গী, জীবনসাথী। নর্মকীল, ভরশু, জওজ; শয্যাসহচর।

স্বামিত্ব, পতিত্ব।

স্বামীর ঘর(ক), পতিগৃহ; শ্বশুরবাড়ি, শ্বশুরালয়।

পরভাতার, উপপতি [৬০৪], পাপপতি, রমক, নাগরীট, জার, ঢেমন, গুপ্তপতি, অধর্মপতি।

স্ত্রৈণতা, অঞ্চলপ্রভাব। ভার্যাট, জায়াজীব, জায়ানুজীব, নট।

বিণ· স্ত্রৈণ, স্ত্রীবশ্য, স্ত্রীবশ, ভার্যানুগত, স্ত্রীজিত, স্ত্রীনির্জিত; বউএর আঁচল ধরা; বউআ; আঁচলধরা।

বহুপত্নীক, বহুস্ত্রীক।

৬১৯ স্ত্রী

বি· স্ত্রী [৬৫], পত্নী, ভার্যা, দার, দারা, দয়িতা, জায়া, সহধর্মিণী, ধর্মপত্নী, জানি, ধনিকা, কলত্র, বধূ, বউ, গৃহিণী, গিন্নি, গেহিনি, ঘরনি, পুরন্ধ্রী, কান্তা, ক্ষেত্র, বিবি, জরু, বেগম, বেগমসাহেবা, অর্ধাঙ্গিনী, অর্ধাঙ্গা, অর্ধাঙ্গী, পরিবার, জীবনসঙ্গিনী, আয়তি, গৃহদেবী। শয্যাসহচরী, শয্যাসঙ্গিনী; অঙ্কলক্ষ্মী।

সধবা, এয়ো, এয়তী, সীমন্তিনী, আয়তি, এয়োস্ত্রী, সভর্তৃকা, সিন্দূরতিলকা, নাথবতী, পতিবত্নী।

চিরসধবা, জন্মএয়তী, জন্মএয়স্ত্রী, জন্মায়তী।

স্ত্রীরত্ন, রমণীরত্ন, বরনারী।

কুলবতী, কুলবধূ, কুলবালা, কুলস্ত্রী, কুললক্ষ্মী, কুলনারী, কুলের বউ, গৃহবধূ, ঘরের বউ, পুরনারী [দ্র ৬৫], পুরস্ত্রী, যামী, হরেণু।

পতিব্রতা, পতিপরায়ণা, পতিপ্রাণা, পতিগতপ্রাণা, স্বামীগতজীবনা, সাধ্বী, সতী, সতীসাধ্বী, সতীসাবিত্রী, সতীলক্ষ্মী।

স্বামীসোহাগিনী, সুয়া, সুয়ো, সুভগা। [বিপ] দুয়ো।

সতীত্ব, সতীপনা, পাতিব্রত্য, সতীধর্ম।

পরস্ত্রী, পরদার, পরনারী, পরপত্নী, প্রতিস্ত্রী, পরক্ষেত্র, পরোঢ়া; উপপত্নী [দ্র ৬২৩]।

ক্রি-বিণ· সপত্নীক, সস্ত্রীক, পত্নী সমভিব্যাহারে।

৬২০ কৌমার্য

বি· কৌমার্য, কৌমার, কুমার দশা, অপরিণয়।

কুমারীত্ব, অনূঢ়াত্ব, কন্যকাদশা।

বিণ·/বি· অবিবাহিত, অকৃতদার, অনূঢ়, অব্যূঢ়, আইবুড়ো, অকৃতোদ্বাহ, অস্ত্রীক, অপত্নীক, অকৃতবিবাহ, চিরকুমার, কুমার, কৌমার, অকুমার।

অবিবাহিতা, অনূঢ়া, অধবা, অপাত্রস্থা, অকৃতদারা, অকৃতবিবাহা; অরক্ষণীয়া; কন্যা, কন্যকা, কুমারী, কুমারিকা কৌমারী, অকুণ্ডল, অকুমারী। অক্ষতযোনি।

[বিপ.] অকন্যা, ক্ষতযোনি, অকুমারী।

৬২১ পতিহীনতা

বি· পতিহীনতা; বৈধব্য, বিধবাবস্থা; বালবৈধব্য।

বিণ·/বি· বিধবা, স্বামীহীনা, পতিহীনা, যতী, মৃতভর্তৃকা; রাঁড়ী, রাঁড় বেওয়া।

বালবিধবা, বাল্যবিধবা, কড়েরাঁড়ী।

গতভর্তৃকা; প্রোষিতভর্তৃকা।

[**বিপ·**] বিপত্নীক, মৃতদার, পত্নীহীন।

৬২২ সতিন

বি· সতিন, সপত্নী, সতা; সতিনকাঁটা; অধিবিন্না [৬১৭]।

সতিনের ঘর করা-।

বিণ· সৎ, সতিন সম্পর্কিত।

বৈমাত্র, বৈমাত্রেয় [দ্র ৬২৭]।

৬২৩ উপপত্নী

বি· উপপত্নী [৬০৪, ৬১৯]; অবৈধপ্রণয়িনী, উপস্ত্রী; রক্ষিতা, রাখনি, মাগ; অসতী; ব্যভিচারিণী, ভ্রষ্টা, নষ্টা, কুলটা, স্বৈরিণী, ইত্বরী, দ্বিচারিণী, নাগরী। গণিকা, বেশ্যা, পতিতা, বারাঙ্গনা, বারনারী, বারবনিতা, বারবধূ, বারস্ত্রী, বারবিলাসিনী, বারযোষিৎ, গণেরুকা, গণেরু, কুম্ভা, মঞ্জিকা, কসবি, কুচনি, কুট্টিনী, গস্তানি, দেহোপজীবিনী, বৃপোপজীবিনী, বৃপাজীবা, জনপদবধূ, হট্টবিলাসিনী, স্পর্শা, পণ্যাঙ্গনা, পণাঙ্গনা, অবিদ্যা, কামলেখা, কামরেখা, লজ্জিকা, ধর্ষকারিণী, ধর্ষিণী, পুংশ্চলী, পরপৃষ্টা, পেশাকার, পেশাকর, দারি, নগরনটী, নগরনটিনী, নটিনী, নটীদারি, রাড়, রাণ্ডী, রণ্ডা, বুণ্ডিকা, রেণ্ডি, ক্ষুদ্রা, পুংস্কামা, গোসর্পিকা, বৃণদাসী, অজ্জুকা, লজ্জিকা, রতায়নী, খেরেলি, ঢেমনী, ঢেমনি, লম্পটি, ঘুষ্কি, ধুমড়ি, ছেনাল, ছিনাল, খানকি, সঞ্চারিকা, প্রেষণী, সন্ধিজীবক, বাজারের মেয়ে, মাগি, বন্ধুরা।

প্রধানবেশ্যা, গণিকাশ্রেষ্ঠা, বারমুখ্যা; রাজনটী।

কুটনী, কোটনা, কুটুনী, দূতী; দালাল; কোটনাগিরি, কোটনাপনা, কোটনামি।

গণিকাবৃত্তি, বেশ্যাবৃত্তি, গাণিক্য, বেশ্যাপনা; আদিম ব্যবসা; নাগরালি; খানকিপনা, খানকিগিরি, ছেনালিপনা, ছেনালি।

পারদার্য, পরদারাসক্তি, বারদোষ; খানকিবাজি; পরনারীগমন, পরস্ত্রীগমন, পরদারগমন।

গণিকালয়, বেশ্যালয়, পতিতালয়, মাগিবাড়ি, রাঁড়ের বাড়ি; বেশ্যাপল্লী, বেশ্যাপাড়া, নটীপাড়া; নিষিদ্ধপল্লী, নিষিদ্ধ এলাকা; রেড লাইট এরিয়া; খানকিটোলা।

স্বর্বধূ, স্বর্বেশ্যা; অপ্সরা [দ্র ৫৯৭]।

বিণ· পারদারিক, পরদারাসক্ত, পরস্ত্রীরত, অন্যস্ত্রীগামী, পারজায়িক।

বেশ্যাসক্ত, বেশ্যানুরক্ত, খানকিবাজ, খানকিখোর, বারমুখো।

৬২৪ সংসার

বি· সংসার(ক); সংসারাশ্রম, দ্বিতীয় আশ্রম; সংসারধর্ম; গৃহস্থালি, গেরস্থালি, ঘরগৃহস্থালি, ঘরসংসার(ক); ঘর করা-, গৃহবাস(ক), গৃহী হওয়া-। গৃহস্থজীবন, গার্হস্থ্য জীবন;

গৃহাশ্রম, শ্রেষ্ঠাশ্রম, গার্হস্থ্যাশ্রম, গৃহস্থাশ্রম, আবসথ্য, আবসথিক।

গার্হমেধ [বেদাধ্যয়ন; অগ্নিহোত্র; পিতৃতর্পণ; ভূতবলি; অতিথিপূজা]।

ঘর, গৃহকোণ, গৃহ [দ্র ১৮৮]।

গৃহকর্ম, বাড়ির কাজ, ঘরের কাজ, সংসারের কাজ, গৃহকার্য, ঘরকন্না, পাটি, ঘরকরনা, সংসারযাত্রা। সংসার পাতা-, ঘর গাড়া-।

গিন্নিপনা, গৃহিণীপনা। সংসার চালানো- [দ্র ৭২৮]।

সংসারবন্ধন, সংসারমায়া; সংসারসমুদ্র; সংসারকানন, সংসারঅরণ্য; মায়ার বন্ধন, অবিদ্যাশৃঙ্খল।

বিণ· সাংসারিক, পারিবারিক; সংসার সংক্রান্ত।

বিণ·/বি· সংসারী, সংসারাসক্ত, সংসারমনা, সংসারচিত্ত, ঘোর সংসারী। গৃহস্থ [১৮৮], গেরস্ত, গৃহী, গৃহবাসী, গেহী, শর্মা; গার্হস্থ্য; জ্যেষ্ঠাশ্রম।

গৃহকর্তা, গৃহস্বামী, গৃহপতি, গৃহপাল; সংসারের মাথা, সংসারের কর্তা, কর্তা। সংসারিণী, গৃহিণী, গৃহকর্ত্রী, গৃহস্বামিনী, গৃহাঙ্গনা। কুলনারী [দ্র ৬১৯]। গিন্নি, গিন্নিবান্নি।

গৃহকর্মনিপুণ। গৃহকর্মনিপুণা, ঘরন্তী।

সংসারাবদ্ধ; গৃহাসক্ত, ঘরকুনো, গৃহগতপ্রাণ; গৃহানুরক্ত, গৃহব্রত।

গৃহপালিত [দ্র ৫৯], পোষা-।

৬২৫ সন্তান

বি· সন্তান, সন্ততি, সন্তানসন্ততি [৬৪৩], উদ্বহ, ছেলেমেয়ে, ছেলেপুলে, ছেলেপিলে, অপত্য, শাবক, বাচ্চা, ছানা, কাচ্চাবাচ্চা, আণ্ডাবাচ্চা, বালবাচ্চা, এণ্ডা, এণ্ডাগেণ্ডা, এণ্ডিগেণ্ডি, এঁড়িগেঁড়ি, ছা, ছাও, ছানাপোনা, পোগণ্ড, অপোগণ্ড, আওলাদ। ঔরস্য, উরস্য; আত্মজন্মা, আত্মসম্ভব। কুলজাত [দ্র ৬৪৩], জাদা।

বংশধর [৬২৫], বংশে বাতি দেওয়ার লোক, উত্তরপুরুষ; পরবর্তী প্রজন্ম; উত্তরাধিকারী [দ্র ৭২৩]; কুলতন্তু, কুলধারক, কুলন্ধর, কুলাঙ্কুর।

ধর্মজ, ধর্মপুত্র।

সন্তানস্নেহ, অপত্যস্নেহ [৬০৫]।

পুত্রসন্তান, ছেলে, পুত্র, তনয়, খোকা, নন্দন, দুলাল, আত্মজ, আত্মোদ্ভব, তনূদ্ভব, তনুজ, আত্মসম্ভব, স্বজ, দারক, কুমার, পুত্রক, পুত, সুত, সূনু, লেড়কা, ছেলিয়া, পো, পুলে, পোলা, পোতক, বেটা, ব্যাটা, কোঙার, কোঙর; দায়াদ।

দত্তক, দত্তকপুত্র, পালিতপুত্র, পোষ্যপুত্র।

সাপত্ন, সতিনপুত্র, সৎছেলে, সতিনপো; আগের পক্ষের ছেলে।

সুপুত্র, সুসন্তান; বংশের মুখ উজ্জ্বল করা ছেলে, সোনার টুকরো ছেলে, হীরের টুকরো ছেলে।

কুপুত্র, কুসন্তান; বাপমায়ের লজ্জা; বংশের নাম ডোবানো ছেলে; কুলাঙ্গার। বাপে খেদানো মায়ে তাড়ানো। ত্যাজ্যপুত্র।

জারজ, বেজন্মা [৫৬], কানীন; ক্ষেত্রজপুত্র, পরস্ত্রৈণেয়। সহোঢ়। ধর্মছেলে, ধরমবেটা।

কোলের ছেলে, কোলপোঁছা, কোলমোছা। আদুরেছেলে, আলালের ঘরের দুলাল, আদুরে গোপাল [দ্র ৬০৫]।

একমাত্র পুত্র, একছেলে; শিবরাত্রির সলতে, অন্ধের যষ্টি। কোল জুড়ানো-।

পুত্রবধূ [দ্র ৬৩২·২৭]।

কন্যাসন্তান, মেয়ে, কন্যা, তনয়া, দুহিতা, নন্দিনী, স্বজা, আত্মসম্ভবা, পুত্রী, পুত্রকা, পুত্রিকা, কন্যকা, দারিকা, সুতা, আত্মজা, উদ্বহা, তনূজা, মাইয়া, ঝি, ঝিউড়ি, ঝিয়ারি, লেড়কি; দায়াদী।

পালিতাকন্যা, পালিতামেয়ে। জামাই [দ্র ৬৩২·২৬]।

সৎমেয়ে, সতিনকন্যা; আগের পক্ষের মেয়ে।

বিণ· ছেলের মতো, সন্তানোপম, সন্তানবৎ। সান্তানিক।

বিণ·/বি· সন্তানবতী; পুত্রবতী [দ্র ৬২৭]। সবৎসা; সবৎস।

যমজ, যমজাত, যমল, যমক।

৬২৬ অনপত্যতা

বি· অনপত্যতা, সন্তানহীনতা।

বিণ·/বি· সন্তানহীনা, নিঃসন্তান, অনপত্য, নিরপত্য, অপত্যহীন, সন্তানহীন, অপ্রজ, অসূনু, নিরন্বয়; অপুত্রক, অপুত্র, পুত্রহীন।

বন্ধ্যা, বাঁজা, অফলা, আঁটকুড়ী, আঁটকুড়া, আঁটকুড়, আঁটকুড়ে, অশিম্বী, অশিম্বিকা, আঁড়া, রাঁড়া; বৃষলী।

বিবৎসা। মৃতবৎসা, মৃতাপত্যা, মড়ুঞ্চে; মড়ুঞ্চে পোয়াতি।

৬২৭ মা

বি· মা, মাতা, মাতৃকা, জননী, জনী, অম্বালা, অম্বা, আম্মা, অম্বালিকা, অম্বিকা, মাতৃ, আই, গর্ভধারিণী, জন্মদাত্রী, প্রসূতি, জনয়িত্রী [দ্র ৫৬], জনিকা, প্রজায়িনী, অক্কা, প্রজনিকা।

গর্ভধারণ(ক)।

বিণ·/বি· সন্তানবতী; পুত্রবতী, ছেলের মা, প্রজাবতী।

বিমাতা, সৎমা, সতাই, সতিনমা।

রত্নগর্ভা, সুসন্তানের জননী, সুসন্তানবতী, রত্নপ্রসবিনী, রত্নপ্রসূ, স্বর্ণপ্রসবা, স্বর্ণপ্রসূ, রত্নপ্রসবা, রত্নপ্রসবিত্রী, রত্নপ্রসূতী, রত্নসূ। বীরা।

কুমাতা; সন্তানবাৎসল্যহীনা।

ধর্মমা, মাতৃস্থানীয়া।

বিণ· বৈমাত্র [৬২২], বৈমাত্রেয়, সতাতো, সতাত, সৎ।

মাতৃবৎ, জননীসমা, মাতৃতুল্যা।

[**বিপ·**] মাতৃহীন, অমাতৃক।

৬২৮ বাবা

বি· বাবা, পিতা, জনক, পিতৃ, পিতৃদেব, পিতৃপুরুষ, আব্বা, বাপ, উপধায়ক, উপধায়ী; জনিতা, জন্মদাতা, জন্মদ, জনয়িতা, জনিক; পুত্রবান, সুতী, সুতবান।

বিপিতা, সৎবাবা, সৎবাপ।

পিতৃগৃহ, পিত্রালয়, বাপের বাড়ি, জনকভবন।

পঞ্চপিতা [জন্মদাতা; ভয়ত্রাতা; দীক্ষাদাতা; শ্বশুর; অন্নদাতা]।

বিণ· পৈতৃক, পৈত্র, পৈত্র্য, পৈত্রিক, পিত্র্য, মৌরুসি; পুরুষানুক্রমিক।

পিতৃস্থানীয়, পিতৃসদৃশ, পিতৃকল্প, পিতৃসম, পিতৃতুল্য, পিতৃবৎ, বাবার মতো।

৬২৯ ভাই

বি· ভাই, ভ্রাতা, সহোদর, সোদর্য, একোদর, সগর্ভ, সমানোদর্য, একজ, সোদর, ভ্রাতৃ, ভাইয়া, ভায়া।

ছোটভাই, কনিষ্ঠভ্রাতা, অনুজ, অনুজন্মা, অনুজাত, অনন্তরজ, উপজ।

ভ্রাতৃবধূ [দ্র ৬৩২·২৯]।

বড়ভাই, দাদা, জ্যেষ্ঠভ্রাতা, জ্যেষ্ঠ, অগ্রজ, অগ্রভূ, পুরোজন্মা। বৌদি [দ্র ৬৩২·২৮]।

জ্ঞাতিভাই, ভায়াদ।

গুরুভাই, সতীর্থ। পাতানো ভাই, ধর্মভাই, ধর্মভ্রাতা।

সৎভাই, বৈমাত্রভাই, বৈমাত্রেয় ভাই, বিমাতৃজ।

ভ্রাতৃত্ব; ভ্রাতৃত্ববোধ, ভ্রাতৃভাব, সৌভ্রাত্র. ভাই ভাই।

ভ্রাতৃস্নেহ, ভ্রাতৃপ্রেম, ভ্রাতৃবৎসলতা।

বিণ· ভ্রাত্রীয়, ভ্রাতৃসুলভ, ভ্রাতৃপ্রতিম, ভ্রাতৃসম, সহোদরপ্রতিম, সোদরপ্রতিম।

৬৩০ বোন

বি· বোন, ভগ্নী, ভগিনী, সহোদরা, সোদর্যা, স্বসা, জামি, বইন, বহিন।

ছোটবোন, কনিষ্ঠাভগিনী, অনুজা। ভগিনীপতি [দ্র ৬৩২·৩০]।

বড়বোন, দিদি, জ্যেষ্ঠাভগিনী, অগ্রজা, জ্যেষ্ঠা। জামাইবাবু [৬৩২·৩১]।

সৎবোন, বৈমাত্রেয় বোন।

বোনে বোনে টান, সৌভাগিন্য, সুভগিনীত্ব।

৬৩১ আত্মীয়তা

বি· আত্মীয়তা, স্বজনতা, স্বজনত্ব, রক্তের সম্পর্ক, রক্তের সম্বন্ধ, নাড়ীর টান, আঁতের টান, নাড়ীর যোগ, রক্তের টান; সম্পর্ক [দ্র ২৫৩], ঘনিষ্ঠ সম্পর্ক, ঘনিষ্ঠ সম্বন্ধ; জ্ঞাতিসম্পর্ক, জ্ঞাতিত্ব, কুটুম্বিতা। সাপিণ্ড।

কুল, বংশ, পরিবার [দ্র ৬৪৩]।

পূর্বপুরুষ, পিতৃপুরুষ [দ্র ৬৪৩], পিতৃলোক; উত্তরপুরুষ।

বিণ·/বি· আত্মীয়, স্বজন [৬০৩], আত্মীয়স্বজন, পরিজন, আপনজন, সম্পর্কিত, সম্পর্কযুক্ত, কুটুম্ব, কুটুম, ইষ্টিকুটুম, ইষ্টকুটুম্ব, জ্ঞাতি, অংশক, জ্ঞাতিগোত্র, জ্ঞাতিকুটুম্ব, আত্মজন, স্বগণ, আত্মবর্গ, স্বজনবর্গ, আপ্তবন্ধু, আপ্তবর্গ, গৃহজন; স্বজাতি [৬৪৩], স্বজাতীয়; সগোত্র, সমগোত্রজ, সগোত্রীয়, একবংশজাত, সবর্ণ।

আপন, নিজের, মায়ের পেটের, নিকট, ঘনিষ্ঠ।

নিকটাত্মীয়, কাছের মানুষ; পরমাত্মীয়; সাক্ষাৎকুটুম।

আত্মীয়া; স্বজনী, কুটুম্বিনী।

কুলীয় [দ্র ৬৪৩], সম্প্রদায়ভুক্ত, কুটুম্বী। জাতভাই।

বি· আপনপর; আত্মীয় অনাত্মীয়।

ক্রি-বিণ· সপরিবারে, সবান্ধবে, সবান্ধব।

৬৩২ আত্মীয়স্বজন

বি· আত্মীয়স্বজন, পরিজন, আত্মীয় [দ্র ৬৩১]।

তিনকুল [পিতৃকুল, পিতৃবংশ, বাবার দিক; মাতৃকুল, মাতৃবংশ, মামার বাড়ির দিক; শ্বশুরকুল, শ্বশুরবাড়ির দিক]।

কুল, বংশ [দ্র ৬৪৩]।

আপনপর, আত্মপর, পরাপর। শত্রুমিত্র।

৬৩২·১ জেঠা, জ্যাঠামশাই, জ্যাঠা, জ্যেষ্ঠতাত; তাত, পিতৃব্য।

জেঠিমা, জ্যাঠাইমা, জেঠি, জেঠাই; বড়মা।

জেঠশ্বশুর; জেঠশাশুড়ি।

বিণ· জেঠতুতো, জেঠাতো।

৬৩২·২ কাকা, খুড়ো, খুড়া, খুল্লতাত, চাচা, পিতৃব্য।

কাকিমা, কাকি, খুড়ি, খুড়িমা, চাচি।

খুড়শ্বশুর; খুড়শাশুড়ি।

বিণ· খুড়তুতো, খুড়াতো, চাচাতো।

৬৩২·৩ পিসি, পিসিমা, পিতৃষ্বসা, পিতৃঃস্বসা, ফুফু।

পিসে, পিসেমশাই, পিসা, ফুফা।

পিসশ্বশুর; পিসশাশুড়ি।

বিণ· পিসতুতো, পিসাতো, ফুফাতো।

পিসতুতো ভাই, পৈতৃষ্বসেয়, পৈতৃষ্বস্রীয়, পৈতৃষ্বস্রেয়। পিসতুতো বোন, পৈতৃষ্বসেয়ী, পৈতৃষ্বস্রেয়ী, পৈতৃষ্বস্রীয়ী, পৈতৃষ্বস্রীয়া।

৬৩২·৪ ভাইপো, ভাই এর ছেলে, ভ্রাতুষ্পুত্র, ভ্রাতৃব্য, ভ্রাতৃজ, ভ্রাতৃতনয়, ভাইস্তা, ভ্রাতৃপুত্র, ভাস্তা, ভাতিজা।

ভাইঝি, ভাই এর মেয়ে, ভ্রাতুষ্পুত্রী, ভ্রাতৃজা, ভাস্তি, ভাতিজী, ভ্রাতৃতনয়া, ভ্রাতৃপুত্রী।

৬৩২·৫ পিতামহ, ঠাকুরদাদা, ঠাকুরদা, দাদামশায়, দাদু, দাদা।

পিতামহী, ঠাকুমা, ঠাকরুণদিদি, ঠাকুরমা, ঠানদি, ঠানদিদি, দাদি।

দাদাশ্বশুর; দিদিশাশুড়ী।

৬৩২·৬ নাতিনাতনী; পৌত্র, নাতি, নপ্তা, পোতা।

নাতনী, পৌত্রী, পুতী।

নাতবৌ; নাতজামাই।

৬৩২·৭ প্রপিতামহ।

প্রপিতামহী।

নাতির ঘরের পুতি; প্রপৌত্র, প্রতিনপ্তা, প্রনপ্তা, পড়িনাতি; প্রপৌত্রী।

৬৩২·৮ মামা, মাতুল।

মামি, মামিমা, মাতুলানী, মাতুলী।

মামাশ্বশুর; মামিশাশুড়ি।

মামার বাড়ি, মাতুলালয়।

বিণ· মামাতো।

৬৩২·৯ ভাগনে, ভাগিনেয়, ভাগনা, ভাগিনা, স্বস্রীয়, স্বস্রেয়, জামেয়, যামেয়।

ভাগনী, ভাগিনেয়ী, ভাগিনী, স্বস্রীয়া, স্বস্রেয়ী।

৬৩২·১০ মাসি, মাসিমা, মাতৃষ্বসা, মাতুঃস্বসা, খালী।

মেসো, মেসোমশাই, খালা, খলু, খালু।

মাসশ্বশুর; মাসশাশুড়ি।
বিণ· মাসতুতো, খালাতো।
৬৩২·১১ মাসতুতো ভাই, মাতৃষস্রীয়, মাতৃষসেয়, মাতৃষস্রেয়।
মাসতুতো বোন, মাতৃষস্রীয়ী, মাতৃষস্রীয়া, মাতৃষসেয়ী, মাতৃষসেয়া, মাতৃষস্রেয়ী, মাতৃষস্রেয়া।
৬৩২·১২ বোনপো, বোনের ছেলে।
বোনঝি, বোনের মেয়ে।
বোনপো বউ; বোনঝি জামাই।
৬৩২·১৩ মাতামহ, দাদু, আজা, নানা, আর্যক। প্রমাতামহ।
দিদিমা, মাতামহী, দাদি, দিদা, আজি, আজিমা, আর্যিকা, আইমা, বড়াই, বড়াইবুড়ি, নানি। প্রমাতামহী।
৬৩২·১৪ নাতি, দৌহিত্র, সুতাত্মজ।
নাতনী, দৌহিত্রী, সুতাত্মজা।
নাতবৌ, প্রস্নষা, পৌত্রবধূ, নপ্তৃবধূ; নাতজামাই, নাতিনজামাই।
৬৩২·১৫ শ্বশুর।
শাশুড়ি, আর্যা, শ্বশ্রূ, শ্বশ্রূমাতা।
শ্বশুরবাড়ি, শ্বশুরালয়, শ্বশুরঘর; পতিগৃহ।
৬৩২·১৬ শালা, শ্যালক, সম্বন্ধী।
শালাজ, শালাবৌ।
৬৩২·১৭ শালী, শ্যালিকা, কেলিকুঞ্চিকা।
শালীপতি, ভায়রা, ভায়রাভাই।
৬৩২·১৮ ভাশুর, ভাশুরঠাকুর, শ্বশুর্য।
৬৩২·১৯ ভাশুরপো; ভাশুরঝি।
৬৩২·২০ দেওর, দেবর, ছোটদেওর, ঠাকুরপো, শ্বশুর্য।
৬৩২·২১ দেওরপো, দেওরের ছেলে; দেওরের মেয়ে; জায়ের মেয়ে।
৬৩২·২২ ননদ, ঠাকুরঝি, ননদিনি, ননদি, ননন্দা, নন্দা, ননাস।
নন্দাই, ননদাই, ঠাকুরজামাই।
৬৩২·২৩ জা; ছোট জা; বড় জা।
৬৩২·২৪ বেয়াই, বেহাই, বৈবাহিক। বেয়ান, বেহান, বেহাইন, বেয়াইন।
৬৩২·২৫ [ভাই/বোনের শ্বশুর] তালই, তালুই, তালইমশাই। মাউ-ই, মাউই-মা, মাঐ-মা, আঁবুই, আঁবুই মা।
৬৩২·২৬ জামাই, জামাতা; বাবাজীবন। পুত্রিকাভর্তা, বিট্‌পতি। ঘরজামাই।
৬৩২·২৭ পুত্রবধূ, ছেলের বৌ, বধূ, বধূমাতা, বৌমা।
৬৩২·২৮ বৌদি, বৌদিদি, বৌঠান, ভাবী।
৬৩২·২৯ ভ্রাতৃবধূ, ভাদ্রবধূ, ভ্রাতৃজায়া; ভাজ, ভাইবৌ।
৬৩২·৩০ ভগ্নীপতি, বোনাই, ভামক; দাদাবাবু।
৬৩২·৩১ জামাইবাবু।
৬৩২·৩২ দাদাশ্বশুর।

৬৩৩ অনাত্মীয়তা

বি· অনাত্মীয়তা, সম্পর্কশূন্যতা, পরভাব। অসদ্ভাব [দ্র ৬১৬]। সম্পর্কহীনতা, সম্পর্কভাব।
বিণ·/বি· অনাত্মীয়, পর [৬৩৫], আত্মীয়সম্পর্করহিত, অসম্পর্কিত, অসম্পর্ক, সম্পর্কহীন, অসম্বন্ধ, সম্বন্ধহীন, অসম্পর্কীয়।
ভিন্নগোত্র, অসগোত্র, অজ্ঞাতি। দুঃসম্পর্কীয়, দুঃসম্পর্কের।
মামার শালা পিসের ভাই/তার সঙ্গে সম্পর্ক নাই।

৬৩৪ নিজ

সর্ব· আমি, অহং, আত্মা; আপনি, নিজ, স্বয়ং, স্বতঃ, স্ব; আপ, আত্ম।
আমি; আমরা; আমার, মম; আমাদের, আমাদিগের; আমাকে; আমাদের, আমাদিগকে।
বি· নিজস্বতা, স্বকীয়তা, স্বকীয়ত্ব, স্বাতন্ত্র্য, বৈশিষ্ট্য, বিশিষ্টতা [দ্র ২৬১], মৌলিকতা [দ্র ২৫৬]। ব্যক্তিত্ব [দ্র ৬১], ব্যক্তিতা।
আত্মপরিচয়, নিজপরিচয়।
অস্মিতা, আমিত্ব, অহংবোধ।
মমত্ব।
নিজকীয়তা, ব্যক্তিস্বাতন্ত্র্য। ব্যক্তিজীবন।
আপনকাজ, নিজের কাজ, স্বকর্ম, স্বকার্য, আত্মকর্ম, আত্মকার্য, স্বকাজ [২৭২]।
আত্মপ্রকাশ, আত্মবিকাশ।
আত্মগুণ, নিজগুণ; আত্মোৎকর্ষ, আত্মোন্নতি।
আত্মনিন্দা, আত্মগ্লানি [২২৮]; আত্মনিগ্রহ, আত্মপীড়ন, আত্মপীড়া।
আত্মদ্রোহ, আত্মদ্রোহী; আত্মবঞ্চনা [দ্র ২৫২]।
নিজদোষ, স্বদোষ, আত্মদোষ, আত্মাপরাধ।
আত্মপ্রশংসা, আত্মপূজা, আত্মস্তুতি; স্বনাম, আত্মনাম।
নিজের ইচ্ছা, স্বেচ্ছা, স্বমত [২৭২], স্বাভিলাষ, স্বাভিমত, স্বরস, স্বরুচি।
আত্মপক্ষ, স্বপক্ষ, স্বদল।
স্বোপার্জন [দ্র ২৭২]। আত্মশক্তি, আত্মবিশ্বাস [দ্র ৫৪৯]।
আমি আমি করা-। আত্মম্ভরিতা, অহংকার, গর্ব [দ্র ২৪৩]।
আত্মমুখিতা, আত্মমুখীনতা, আত্মকেন্দ্রিকতা, অন্তর্মুখীনতা, অন্তর্মুখিতা; স্বার্থপরতা [দ্র ২৫১]।
বিণ· আমার, মম, নিজের, নিজ, আত্ম, আপ্ত, স্বক, স্বকীয়, স্বীয়, আপন, আপনার, নিজস্ব, একান্ত। ব্যক্তিগত, ব্যক্তিক; প্রাতিস্বিক। মদীয়, অস্মদ, পরেতর, খোদ, খোস।
আমার মতো, মাদৃশ, মৎসদৃশ।
আত্মমুখী, অন্তর্মুখী; আত্মগত, স্বগত।
আত্মকেন্দ্রিক, কুয়োর ব্যাঙ, কূপমণ্ডূক।
আত্মম্ভরী, অহংকারী [দ্র ২৪৩]।
স্বার্থপর, আপ্তগরজি, আপ্তসার, আত্মসর্বস্ব [দ্র ২৫১]।
স্বয়ম্ভর, স্বয়ম্ভূ।
স্বয়ংপ্রবৃত্ত, স্বতঃপ্রবৃত্ত, স্বতঃ, উপরপড়া, উপযাচক। স্বয়ংক্রিয়, অটোমেটিক [২৭২]।
স্বকৃত, স্বয়ংকৃত [২৭২], আত্মকৃত, স্বারব্ধ, স্বানুষ্ঠিত। স্বরচিত; স্বেচ্ছাকৃত।

ক্রি-বিণ· নিজে; নিজে নিজে, নিজে থেকে। ব্যক্তিগতভাবে।

নিজের গরজে; আপন খেয়ালে, আপনমনে, নিজের মর্জিতে।

স্বেচ্ছায়, স্বমতে [২৭২], স্বেচ্ছাকৃতভাবে।

সাধে, স্বেচ্ছানুযায়ী।

৬৩৫ পর

বিণ· পর, অপর, অন্য, ভিন্ন; ইতর; দোসরা, দুসরা।

অনাত্মীয় [দ্র ৬৩৩], অনাত্ম।

সর্ব· তুমি; তোমরা; তোমার, তব; তোমাদের, তোমাদিগের; তোমাকে, তোমায়; তোমাদিগকে।

সে, ও; তারা, তাহারা; তার, তাহার, ওর,তস্য; তাদের, ওদের, তাহাদিগের, তাহাদের, তদীয়; ওকে, তাকে, তায়; তাহাদিগকে, তাহাদিগে।

তিনি; তাঁরা, তাঁহারা; তাঁর, তাঁহার; তাঁদের, তাঁহাদের, তাঁহাদিগের; তাঁকে, তাঁহাকে; তাঁহাদিগকে, তাঁহাদিগে।

তুই; তোরা; তোর; তোদের; তোকে, তোদেরকে।

উনি, ইনি; এঁরা, ওঁরা; এঁকে, ওঁকে; ওঁদের, ওঁদেরকে।

এটা, ইহা, এইটা, এই; এইগুলি, এতদ্। ওই, ওইটা, উহা, তাহা।

কেউ, কেহ; কে; কারা, কাহারা; কাহার, কার, কস্য, কাদের।

অমুক, তমুক, অমুকতমুক; যে সে; যে কেউ; যে কেহ; ফলনা।

কাকে, কাহাকে, কাউকে।

বিণ· এতদীয়, এতদসংক্রান্ত।

পরের, অপরের, অন্যের, অন্যজনের, অন্যলোকের, পরকীয়, অনিজক, অন্যদীয়।

পরস্পর, অন্য, অন্যোন্য, ইতরেতর। উভয়; উভয়তঃ, পারস্পরিক; অন্যসাপেক্ষ।

বি· পরোপকার, পরার্থপরতা, পরহিতৈষণা, পরহিত [দ্র ২৫২]।

পরদেশ, পরভূম, বিদেশ [দ্র ১৭৮]।

পরমত, ভিন্নমত। পরমতসহিষ্ণুতা। পরমতাসহিষ্ণুতা। পরধর্ম, ভিন্নধর্ম। পরশ্রী।

পরধন, পরস্ব, পরদ্রব্য।

পরচ্ছিদ্রান্বেষণ; পরদ্বেষ। পরনিন্দা [দ্র ৩৪৯], পরচর্চা।

বিণ·/বি· বিদেশী, ভিনদেশী, পরক, পরদেশী, ভিনদেশীয় [দ্র ১৭৮]।

পরোপকারী [দ্র ২৫২]।

পরশ্রীকাতর [দ্র ২৪৯], পরদ্বেষী। পরচ্ছিদ্রান্বেষক। পরচর্চাকারী [দ্র ৩৪৯]।

পরমতসহিষ্ণু। পরমতাসহিষ্ণু।

পরপীড়ক, অত্যাচারী [দ্র ৬৮৮]।

৬৩৬ প্রতিনিধি

বি· প্রতিনিধি, প্রতিভূ, অনুকল্প, এজেন্ট, ডেপুটি; প্রক্সি; বদলি, পরিবর্ত।

দূত, চর, প্রণিধি; রাজদূত, রাজপ্রতিনিধি, রাষ্ট্রদূত, অ্যাম্বাস্যাডর; কনসাল।

জনপ্রতিনিধি; নির্বাচিত প্রতিনিধি, নির্বাচিত সদস্য। বিধায়ক, এম এল এ; এম পি, লোকসভা সদস্য।

উকিল; মোক্তার; অ্যাটর্নি; মুৎসুদ্দি; নায়েব; গোমস্তা।

মুখপাত্র [১০৬, ৪০৪], প্রবক্তা।

ডেলিগেট, সদস্য; ভারপ্রাপ্ত সদস্য।

ক্যাপ্টেন, দলনেতা, দলপতি, দলনায়ক।

প্রতিনিধিত্ব(ক)।

দৌত্য, দূতিয়ালি, দূত্য, দূতালি, দৌত্যগিরি।

আমমোক্তারনামা; ওকালতনামা, পাওয়ার অব অ্যাটর্নি।

ওকালতি(ক), ওকালত; পক্ষসমর্থন(ক), পক্ষ নেওয়া-।

প্রতিনিধিসভা, পার্লামেন্ট, লোকসভা; বিধানসভা।

প্রতিনিধিসংস্থা, এজেন্সি।

প্রতীক, প্রতীকচিহ্ন।

বিণ· প্রতিনিধিত্বমূলক।

বিণ·/বি· সমর্থনকারী, সমর্থক [দ্র ২৫৪]; ধ্বজাধারী।

ক্রি-বিণ· পরিবর্তে, বিকল্পে; স্থানে, জায়গায়।

৬৩৭ তত্ত্বাবধান

বি· অভিভাবকতা, অভিভাবকত্ব, অবধায়ন, অভিভাবন; দায়িত্ব, দায়িত্বভার, দায়; নিগামানি, নিগাবানি।

কর্তব্যজ্ঞান, কর্তব্যপরায়ণতা [৩১৯], দায়িত্বপরায়ণতা, দায়িত্বশীলতা, দায়িত্ববোধ।

প্রতিপালন [দ্র ৬৩৮]।

তত্ত্বাবধান(ক) [১২৮], পরিচালন, পরিচালনা(ক), খবরদারি(ক), দেখাশোনা(ক), দেখভাল(ক); রক্ষণাবেক্ষণ(ক) [দ্র ১২৮], হাওয়াল, হাওয়ালে।

পরিদর্শন(ক), ইনস্‌পেকশন, অধিকর্ম।

ভার নেওয়া, দায়িত্ব নেওয়া-, দায়িত্বে থাকা-; অধিগ্রহণ(ক), ঠিকা(নে), ইজারা(নে); ফুরন; ঘাড়ে নেওয়া-, ঘাড়ে চাপানো-, ঘাড়ে করা-; জিম্মা(নে), হেপাজত; হাওলা, আমানত, বন্ধন।

অছিপরিষদ, ন্যাসসমিতি, ট্রাস্টিবোর্ড।

বিণ· দায়িত্বপূর্ণ।

বিণ·/বি· অভিভাবক, অবধায়ক, প্রতিপালক [দ্র ৬৩৮]; গার্জিয়ান। ধর্মপিতা, ধর্মসাক্ষ্যবাপ।

দায়িত্বশীল, দায়িত্বপরায়ণ, কর্তব্যপরায়ণ; দায়ী।

তত্ত্বাবধায়ক, তত্ত্বাবধানকারী, রক্ষণাবেক্ষণকারী, রক্ষক, কেয়ারটেকার, নিগামান, নিগাবান; হাফিজ, হাফেজ।

অছি, ন্যাসরক্ষক, ন্যাসী, ন্যাসিক, ট্রাস্টি।

ইজারাদার। জিম্মাদার, হাওলাদার; আমানতদার।

দর ইজারাদার, কটকিনাদার।

ভারপ্রাপ্ত; দায়ী; দায়িত্বশীল, দায়িত্ববান।

ঠিকাদার [৭৫০], কনট্রাকটর।

পরিদর্শক, অধিকর্মিক, ইনসপেক্টার।

৬৩৮ প্রতিপালন

বি· প্রতিপালন(ক), পালন(ক), পালা-, লালন(ক), লালনপালন(ক), পোষণ(ক) [৬৮৩], পোষা-; ভরণপোষণ(ক) [দ্র ৭২৯], ভরণ(ক), সম্ভৃতি, পোষকতা, পরিপালন(ক), পরিপোষণ(ক), পরবস্তি, পরওয়ারিস। তত্ত্বাবধান [দ্র ৬৩৭]।

পোষ, পোষমানা-, পোষ মানানো-।

আশ্রয় দেওয়া-[১৮৬]। অন্নদান(ক), খেতে পরতে দেওয়া, অন্নসংস্থান(ক)।

অর্থদান(ক), অর্থসাহায্য করা-; মাসোহারা; বৃত্তি; মাইনে [দ্র ৭২৯]।

অন্নবস্ত্র, গ্রাসাচ্ছাদন, ভাতকাপড়, অশনাচ্ছাদন; খাওয়াপরা।

পদাশ্রয়, চরণাশ্রয়; চরণে স্থান দেওয়া-।

মানুষ করা-, কোলেপিঠে করা-, কোলেপিঠে করে মানুষ করা-।

রক্ষণাবেক্ষণ [দ্র ১২৮]।

পোষ্যপুত্র, পালিতপুত্র; দত্তকপুত্র; পালিতাকন্যা। পুষ্যি, পোষ্যবর্গ।

বিণ· প্রতিপালনযোগ্য, প্রতিপালনীয়, অনুপাল্য, প্রতিপাল্য, পালনীয়, ভরণীয়, ভরণ্য, ভর্তব্য, পোষণীয়, পোষ্য [১৮৬], সম্পোষ্য।

বিণ·/বি· প্রতিপালিত, পালিত, পরিপালিত; ভৃত, ভরিত, বিভৃত; পোষিত, পুষ্যি, পরিপোষিত, অতিভৃত; লালিত, লালিতপালিত।

আশ্রিত [দ্র ১৮৬]; ছায়াশ্রিত।

প্রতিপালনকারী, প্রতিপালক, পালক, পালয়িতা, পোষক, পরিপোষক, পোষণকর্তা, পোষ্টা, পোষ্টবর, অন্যভৃৎ, পরিপালক, গোপ্তা, পরওয়ার, অভ্যাগারিক। অভিভাবক [দ্র ৬৩৭]। রক্ষণাবেক্ষণকারী [দ্র ১২৮]।

দরিদ্রপালক, বান্দা পরওয়ার।

পোষিণী, পালিকা, পালনকারিণী, পালুনি; ধাত্রী [দ্র ৫৬], অঙ্কপালি, অঙ্কপালিকা, অঙ্কপালী; আয়া, ন্যানি, গভর্নেস।

অন্নদাতা। মালিক [দ্র ৭২৩]।

কুপোষ্য, কুপুষ্যি; গলগ্রহ; পরোপজীব্য।

৬৩৯ অনাথ

বিণ·/বি· অনাথ [১৮৭, ৬১৫], এতিম, অশরণ।

পিতৃহীন, অপিতৃক। মাতৃহীন, অমাতৃক, মাওড়, মাওড়া, মা মরা। মাতাপিতাহীন, মাতৃপিতৃহীন।

নিঃসহায়, অসহায় [দ্র ৬৮২]। দরিদ্র [দ্র ৭৩৬]। আশ্রয়হীন, নিরাশ্রয় [দ্র ১৮৭]; সহায়সম্বলহীন, নিঃসম্বল।

পরাশ্রিত, পরপালিত, পরাশ্রয়ী [৩২৫]।

পরান্নজীবী, পরান্নপুষ্ট, পরান্নভোজী, পরভাতুয়া, পরভৃত [দ্র ৬৩৮]।

অন্নদাস, অন্নভোজী, অন্নভৃত, ভাতুড়িয়া, ভাতুয়া, ভাক্তিক, পরোপজীবী, পরভাতি, পরভাতা, পরপুষ্ট, পরভৃত, পরান্নপালিত, পরান্নপ্রতিপালিত, পরের ঘরে মানুষ, অন্যপুষ্ট, অন্যৎপুষ্ট, অন্যবর্ধিত, পরঘরি; পরপিণ্ডাদ।

অনাথশরণ, অনাথনাথ, অনাথের নাথ।

বি· অনাথআশ্রম; অনাথআলয়, অনাথনিবাস; উদ্ধারআশ্রম, উদ্ধারআলয়, অনাথপালন(ক)।

২৫ গোষ্ঠী-সমাজ-জাতি

৬৪০ জাতি

বি· জাতি, অধিজাতি, নেশন।

সম্প্রদায় [দ্র ৬৪৪]। রাষ্ট্র [দ্র ৬৫৬]। সমাজ [দ্র ৬৪৪]।

জাতীয়তা, জাতিত্ব, জাতীয়তাবাদ, জাতীয়তাবোধ, জাত্যভিমান, স্বাজাত্য, স্বাজাত্যবোধ, স্বাজাতিকতা, আধিজাত্য। স্বাদেশিকতা [দ্র ১৭৭]।

স্বজাতি, সমজাতি, সমজাতিত্ব, সমজাতীয়তা, সমজাতীয়ত্ব, একজাতীয়তা, ঐকজাত্য।

জাতীয় ঐক্য, জাতীয় সংহতি; সাম্প্রদায়িক সংহতি, সাম্প্রদায়িক সম্প্রীতি; অখণ্ডতা, অখণ্ডত্ব, একাত্মতা।

জাতীয় চরিত্র, জাতিধর্ম। জাতীয় বৈশিষ্ট্য।

বিণ· জাতীয়, জাতিগত, আধিজাতিক।

রাষ্ট্রীয় [দ্র ৬৫৬]। সামাজিক [দ্র ৬৪৪]।

স্বাজাতিক।

একজাতীয়, সমজাতীয় [৬৪৩]।

অন্তর্জাতীয়।

বিণ·/বি· জাত্যভিমানী।

দেশপ্রেমিক [দ্র ১৭৭]।

ক্রি-বিণ· জাতিগতভাবে।

৬৪১ জাতি, জাত, সম্প্রদায়

৬৪১·১ **বি·** জাতি। প্রজাতি। প্রবংশ, গণ। জাতিতত্ত্ব, বর্ণতত্ত্ব, এথনোলজি।

পৃথিবীর লোক, বিশ্ববাসী, জগজন, জগদ্বাসী, বিশ্বজন, মানবসম্প্রদায়, জগজ্জন, পৃথিবীবাসী; মানবকুল [দ্র ৬১]; মানবজাতি। অ্যামেরিকান ইন্ডিয়ান, রেড ইন্ডিয়ান; পলিনেশিয়ান; মাইক্রোনেশিয়ান; মেলানেশিয়ান; অস্ট্রেলয়েড; মঙ্গোলয়েড; ইন্ডিক; দ্রাবিড়িয়ান; ইউরোপিয়ান, ইউরোপীয়, ককেশিয়ান; নিগ্রোয়েড, অ্যাফ্রিকান। ইউরেশীয়, ইউরেশিয়ান।

আর্য। অনার্য, দ্রাবিড়।

জাতিভেদ, বৈজাত্য, জাতিবৈষম্য, বর্ণবিদ্বেষ, বর্ণভেদ, জাতিবিদ্বেষ, অ্যাপারথিড, কালারবার।

৬৪১·২ **বি·** জাত, কুল [দ্র ৬৪৩]; গোত্র [দ্র ৬৪৩]।

সাদা, সাদাচামড়া, শ্বেতাঙ্গ, শ্বেতকায়। পীত, পীতজাতি।

কৃষ্ণকায়, কৃষ্ণবর্ণ, কৃষ্ণাঙ্গ; নিগ্রো, কাফ্রি। অশ্বেতকায়।
বিণ· বর্ণবিদ্বেষী, বর্ণদ্বেষী।
বর্ণাশ্রম, বর্ণাশ্রমধর্ম, চতুর্বর্ণ [ব্রাহ্মণ, বিপ্র, স্বস্তিমুখ, বর্ণজ্যেষ্ঠ, জ্যেষ্ঠবর্ণ, বর্ণশ্রেষ্ঠ, অগ্রজাত, অগ্রজাতক, অগ্রজাতি, দেবশর্মা, সামগ, সৌত্র, ভূদেব, দ্বিজ, দ্বিজন্ম, শ্রোত্রিয়, বামুন; ব্রাহ্মণবালক, বটুক, বড়ু, ভট্ট, বট্ট; রাঢ়ী; বারেন্দ্র, বঙ্গজ; ভঙ্গ। শূদ্র, বৃষল, দ্বিজদাস। বৈশ্য। ক্ষত্রিয়, ক্ষত্র, ক্ষত্রী; বর্ণক্ষত্রিয়; খেত্রী, ক্ষেত্রী, ছত্রী]।
ব্রাহ্মণী, বামনী, ভট্টিনী।
পতিত ব্রাহ্মণ, ব্রহ্মবন্ধু; অগ্রদানী, আগ্রহারিক; মড়িপোড়া।
কৌলীন্যপ্রথা, কৌলীন্য, বল্লালী; কুলীন।
অব্রাহ্মণ, অশ্রোত্রিয়, শ্রোত্রিয়হীন। পিরালি, পিরিলি।
কায়স্থ, কায়েত। কাপ, নাথ, দেবনাথ।
ক্ষাত্র, ক্ষত্রধর্ম [শৌর্য; তেজ; ধৈর্য; দক্ষতা; যুদ্ধাসক্তি; দান; আধিপত্য]।
মাহিষ্য; সদ্‌গোপ; পোদ, পুণ্ড্র, পৌণ্ড্র; নমঃশূদ্র; হাড়ি, হড্ডি, হড্ডিক, বাগদি; কৈবর্ত; তিলি; কাহার, কাওড়; লোহার, কামার; মুচি, চামার, চর্মকার; ডোম [৫৭]; ধোপা, রজক; দোসাদ; চণ্ডাল, চাঁড়াল, কীকশ; কেয়ট, কেবট; রাজবংশী; হরিজন। বেনে, বেনিয়া, বণিক; স্বর্ণবণিক, সুবর্ণবণিক, সোনার বেনে; গন্ধবণিক, সৌগন্ধিক। নবশাক, নবশায়েক [সদ্‌গোপ; ময়রা; তাঁতি; তিলি; মালী; কামার; কুমার; নাপিত; বাবুই]।
তফসিলি জাতি; তফসিলি উপজাতি।
জাতপাত। জাতপাতের দ্বন্দ্ব। বিজাতীয়তা, বৈজাত্য।
জাত যাওয়া-, জাতিনষ্ট, জাতিনাশ, জাতনষ্ট হওয়া-, জাত দেওয়া-; জাত মারা-।
অস্পৃশ্যতা; স্পর্শদোষ।
বিণ·/বি· অস্পৃশ্য, অস্পর্শনীয়, অস্পর্শ্য; অচ্ছুৎ [দ্র ৬৪৭]; জল অচল।
বেজাত, বিজাতীয়; জাতবেজাত।
বিণ· জাতিবাচক, জাতিনির্ণায়ক, জাতিবোধক।
৬৪১·৩ বি· সম্প্রদায়, গোষ্ঠী [দ্র ৬৪৪]।
ধর্মসম্প্রদায়, ধর্মীয় সম্প্রদায়; ধর্মগোষ্ঠী।
সমাজ [দ্র ৬৪৪]।
সাম্প্রদায়িকতা। আঞ্চলিকতা। প্রাদেশিকতা।
সাম্প্রদায়িক সম্প্রীতি; সাম্প্রদায়িক দাঙ্গা। দাঙ্গা।
বিণ· সাম্প্রদায়িক; সম্প্রদায়ভুক্ত। আঞ্চলিক।
[বিপ·] অসাম্প্রদায়িক।

৬৪২ জাতিবৈভিন্ন্য

বি· উপজাতি; আদিবাসী; ট্রাইব।
পার্বত্যজাতি, পাহাড়ি, পাহাড়িয়া।
বীরহোর; মুণ্ডা; সাঁওতাল; লোধা; ওঁরাও; কুর্মি; কোল, ভীল, শৈলুষ; শবর; কোচ; কাদার; বেদ্দা; চেঞ্চু; টোটা; গোন্দ; ব্রাহুই; অংগে। মিজো; নাগা, অঙ্গামি; খাসি, খাসিয়া; কুকি; গারো; লেপচা; ভুটিয়া; গুরখা; গাড়োয়ালি; ডোগরি; কুমায়ুনি; শেরপা। নেপালি; ভুটানি। কাশ্মিরি; অহমিয়া, অসমিয়া; মণিপুরি; ত্রিপুরি; বাঙালি; ওড়িয়া, উৎকলি; বিহারি, হিন্দুস্থানি, ভোজপুরি; পাঞ্জাবি; মারাঠি, মারাঠা; সিন্ধি; রাজস্থানি; মারোয়াড়ি; গুজরাতি; মাদ্রাজি; কেরালাইট; গোয়ানিজ; কোঙ্কনি; কর্ণাটাক। শক; হূন; মোগল, মুঘল; রাজপুত; পাঠান।
বর্গি।

৬৪৩ বংশ

বি· বংশ, কুল [৬৩১], ঘর; জাত্যংশ।
বর্গ, বর্ণ, গোষ্ঠী। গোত্র [৬৪১]। গণ; প্রজাতি।
পরিবার; জ্ঞাতিগুষ্টি [দ্র ৬৩১], গুষ্টি; শরিক।
পুরুষ, প্রজন্ম, জেনারেশন; বংশানুক্রম।
বংশপরম্পরা, বংশধারা, বংশানুবর্তন, অন্বয়, পুরুষপরম্পরা, পুরুষানুক্রম, পুস্ত। আদিপুরুষ, পূর্বপুরুষ [১৫৪, ৬৩১], কুলপুরুষ, প্রাগ্বংশ, পূর্ববংশ, কুলপ্রবর্তক, উর্ধ্বতনপুরুষ। সাতপুরুষ। চোদ্দপুরুষ, চতুর্দশ পুরুষ। তিনপুরুষ, ত্রিপুরুষ।
তিনকুল, ত্রিকুল [পিতৃকুল; মাতৃকুল; শ্বশুরকুল]।
বংশবিস্তার(ক), বংশবৃদ্ধি(ক), বংশবর্ধন(ক), বংশরক্ষা(ক), বংশস্থিতি; প্রজাবৃদ্ধি(ক), প্রজাবর্ধন। বংশে বাতি দেওয়া-।
বংশধর, উত্তরপুরুষ, পরবর্তী প্রজন্ম; কুলসন্ততি, কুলের সন্তান; সন্তানসন্ততি [দ্র ৬২৫]।
বংশগতি, বংশপরম্পরা, হেরিডিটি।
বংশপরিচয়, কুলপরিচয়; বংশতালিকা, বংশলতা, বংশাবলি, বংশানুচরিত, গোত্রপট; কুলজি, কুলুজি, কুলপঞ্জিকা, কুরচিনামা।
কুলতত্ত্ব, কুলজ্ঞান। কুললক্ষণ, কুলচিহ্ন [আচার; বিনয়; বিদ্যা; প্রতিষ্ঠা; তীর্থদর্শন; নিষ্ঠা; আবৃত্তি; তপঃ; দান]। কুলধর্ম, কুলাচার, কুলক্রিয়া, কুলকর্ম, কুলপ্রথা, বংশের নিয়ম, বংশের ধারা।
কুলপ্রধান, কুলাধিপতি, কুলপতি, কুলশ্রেষ্ঠ, বংশশ্রেষ্ঠ, বংশের প্রধান, বংশের মাথা, গোষ্ঠীপতি, গোষ্ঠীপ্রধান।
কুলগুরু [৫৯৪], কুলাচার্য, বংশগুরু, কুলবিপ্র, কুলপুরোহিত। কুলদেবতা [দ্র ৫৭৬]।
উত্তরাধিকার [দ্র ৭২৩], দায়াদ; উত্তরাধিকার সূত্র।
বংশমর্যাদা [দ্র ৬৪৬]। বংশের গৌরব; বংশের মুখ উজ্জ্বল(ক), বংশের মান বাড়ানো-।
বংশের মুখ ডোবানো-, কুল ডোবানো-, কুলে কালি দেওয়া-, কুলে কলঙ্ক(দে), কুল মজানো-, কুলদূষণ, ঘর নষ্ট করা-।
কুলত্যাগ(ক), বংশত্যাগ(ক), কুল ছাড়া-। ঘরভাঙা-। বংশক্ষয় [দ্র ১৩০]।
বংশবিবাদ, পারিবারিক কলহ, গৃহবিবাদ [৬৯৬], শরিকি ঝগড়া, শরিকি লড়াই, স্বজনবিরোধ, স্বজনবিবাদ, স্বজনদ্বেষ; গৃহচ্ছিদ্র, গৃহবিচ্ছেদ; ঘর ছাড়া-, গৃহত্যাগ(ক), বাড়ি ছাড়া(হ)।
বিণ· বংশীয় [৬৩১], কুলীয়, কৌল, কৌলিক, বংশ্য, গোত্রীয়, পারিবারিক, পরিবারগত, বংশগত, কুলগত; ঘরোয়া; শরিকি [৬৪৮]।

বংশজাত, বংশজ, বংশোদ্ভব, বংশোদ্ভূত, বংশিক, কুলজাত [৬২৫], কুলজ, কুলসম্ভব, কুলোদ্ভূত, কুলোদ্ভব। সপরিবার, পরিবারভুক্ত, সবংশ, বংশভুক্ত।

বিণ·/বি· সকুল্য, সগোত্র, গোত্রজ, একবংশজাত, একবংশ, স্বজাতি, স্বজাত্য, স্বজাতীয়, সমগোত্রীয়, সমগোত্র, সমজাতীয় [৬৪০], সমশ্রেণী, সমশ্রেণীস্থ; সপিণ্ড, একপিণ্ড, সমানোদক; একবর্ণ, সবর্ণ।

বংশধর [দ্র ৬২৫]; উত্তরাধিকারী [দ্র ৭২৩], ওয়ারিশ, ওয়ারিশান।

বংশগৌরব, বংশতিলক, বংশাবতংস, কুলতিলক [৬৪৬], কুলমণি, কুলপ্রদীপ, কুলভূষণ, কুলগৌরব, কুলের ধ্বজা, কুলোজ্জ্বল, কুলধুর্য, কুলচূড়ামণি।

কুলের কলঙ্ক, কুলাঙ্গার, কুলমজানে, কুলকলঙ্ক, কুলকলঙ্কী; কুলকলঙ্কিনী, কুলপাংশুক, কুলপাংশুল, কুলপাংশন, কুলদূষক।

কুলত্যাগী, কুলত্যাগিনী। ঘরভেদী, গৃহভেদী, ঘরভাঙানী।

কুলপালক, কুলোদ্বহ, কুলরক্ষক।

কুলজ্ঞ, কুলবিৎ, কুলতত্ত্বজ্ঞ।

বংশানুক্রমিক, কুলপরম্পরাগত।

ক্রি-বিণ· সবংশে, সকুলে, ঝাড়ে বংশে; সপরিবারে। বংশপরম্পরায়, বংশানুক্রমে, বংশাদিক্রমে, বংশানুক্রমিকভাবে।

৬৪৪ সমাজ

বি· সমাজ [৬৪০], সোসাইটি; মানবসমাজ, মনুষ্যসমাজ।

গোষ্ঠীবদ্ধতা, সমাজবদ্ধতা।

শ্রেণী, কুল [৬৪৩], গণ।

জনগোষ্ঠী, জনগণ, জনসাধারণ, সাধারণ, লোক, লোকজন [দ্র ৬১], কৌম। দল, দলবল।

সামাজিকতা, লৌকিকতা [৬০৭], নৌকতা।

সমাজবিধি, সামাজিক আইন, রীতিনীতি [দ্র ৬০৯]। সমাজশাসন।

হিন্দুসমাজ; মুসলমানসমাজ; খ্রিস্টানসমাজ; ব্রাহ্মসমাজ; শিখসমাজ; জৈনসমাজ; বৌদ্ধসমাজ। ভারতীয় সমাজ। বঙ্গসমাজ। প্রাচীনসমাজ। আধুনিকসমাজ, নব্যসমাজ। সভ্যসমাজ।

সমাজ সংস্কার; সামাজিক ন্যায়বিচার।

সমাজ সচেতনতা। সমাজকল্যাণ [দ্র ২৫২]।

সমাজতত্ত্ব, সমাজবিজ্ঞান, সোসাল সায়েন্স।

সম্প্রদায় [৪৬৩, ৬৪১·৩]; সংঘ, গোষ্ঠী [৪৬৩]; সমিতি [দ্র ৬৫১]।

বিণ· সামাজিক; সাম্প্রদায়িক, গোষ্ঠীগত।

সমাজবদ্ধ, জোটবদ্ধ, গোষ্ঠীবদ্ধ, দলবদ্ধ, সম্বদ্ধ।

সমাজভুক্ত; সম্প্রদায়ভুক্ত, সম্প্রদায়বদ্ধ।

বিণ·/বি· সমাজতাত্ত্বিক, সমাজতত্ত্বজ্ঞ; সমাজবিজ্ঞানী।

সমাজহিতৈষী, সমাজসংস্কারক, সংস্কারক।

সমাজসচেতন।

৬৪৫ উৎসব

বি· উৎসব, আনন্দোৎসব, মহোৎসব, মোচ্ছব, সমারোহ, জাঁকজমক; উল্লাস [দ্র ২২৪]। ফেস্টিভাল। সম্মিলন। উদ্ধর্ষ, সুখোৎসব।

মেলা, কার্নিভাল; ফিয়েস্তা, ফেট; প্রদর্শনী, এগজিবিশন।

অনুষ্ঠান, ফাংশন; সামাজিক অনুষ্ঠান, সোসাল ফাংশন। সাংস্কৃতিক অনুষ্ঠান। সংগীতানুষ্ঠান, জলসা [দ্র ৪৩২]। বিচিত্রানুষ্ঠান।

প্রীতিভোজ; নৈশভোজ, ডিনার; লাঞ্চ, মধ্যাহ্নভোজ; খাওয়াদাওয়া, খানাপিনা। পার্টি(দে); টিপার্টি; ডিনার পার্টি; ককটেল পার্টি। ফিস্ট। বনভোজন, পিকনিক, চড়ুইভাতি, চড়িভাতি। পৌষল্যা।

আচার, আচার অনুষ্ঠান, ক্রিয়া, ক্রিয়াকর্ম; দশকর্ম [দ্র ৫৯৪]। পালপার্বণ [দ্র ৫৯৫]। বিবাহ [দ্র ৬১৭]।

জন্মদিন; জন্মোৎসব, জয়ন্তী, জন্মজয়ন্তী। রজতজয়ন্তী; সুবর্ণজয়ন্তী [দ্র ৫৬]। প্ল্যাটিনাম জয়ন্তী।

বিজয়োৎসব [ড ৬৯৮]।

বহ্ন্যুৎসব; ক্যাম্পফায়ার।

দোল-দুর্গোৎসব।

নাট্যোৎসব। চলচ্চিত্রোৎসব। যাত্রা উৎসব।

উৎসবের দিন, বছরকার দিন।

উৎসব সপ্তাহ; উৎসব পক্ষ।

বিণ· উৎসবমুখর; উৎসবমত্ত।

আনুষ্ঠানিক, আনুষ্ঠিক।

৬৪৬ আভিজাত্য

বি· আভিজাত্য, সম্ভ্রান্ততা, সৌজাত্য, খানদান, বনেদিয়ানা, কৌলীন্য, কুলীনত্ব, আভিজন, শরাফত, কুলীনত্ব, অ্যারিস্টোক্র্যাসি।

উচ্চবংশ, বড়ঘর, উঁচুবংশ, উঁচুজাত, উচ্চঘর, সদ্বংশ, ভালোঘর; উচ্চবর্ণ, গুরুবর্ণ, সাহেবান; নীলরক্ত, ব্লুব্লাড।

কুলগর্ব, বংশমর্যাদা, বংশগৌরব [৩৪৮, ২৪৩], কুলগৌরব, কুলমর্যাদা, কুলমান, জাত্যভিমান, কুলাভিমান, বর্ণাভিমান, কৌলীন্যগর্ব। কুলশীল।

বড়লোক, বড়মানুষ; উঁচুতলার মানুষ, অভিজাত শ্রেণী, অভিজাততন্ত্র; সাহেবসুবো; আমিরওমরাহ্; কেষ্টবিষ্টু; হোমরাচোমরা, মাতব্বর।

কুলপুত্র, কুলপুরুষ; বড়ঘরের ছেলে।

কুলনারী, কুলকন্যা, কুলকামিনী, সৎকুলজাতা; বড়ঘরের মেয়ে।

কুল রাখা-, কৌলীন্য বজায় রাখা-।

বিণ· আভিজাত্যপূর্ণ, আভিজাত্যময়; অভিজাতসুলভ।

বিণ·/বি· অভিজাত, সম্ভ্রান্ত [৩৪৮], অ্যারিস্টোক্র্যাট; সদ্বংশজাত, সদ্বংশীয়, সুজাত, সুজন্মা; আম্বয়িক, অভিজন, কুলীন, কুলজ, কৌলিক, কৌল, কৌলেয়, কৌল্য, উচ্চবংশীয়, খানদানি, আলি, শরিফ, আভিজাতিক, ভদন্ত, বনেদি, বনিয়াদি। মান্যগণ্য, গণ্যমান্য।

কুলতিলক [দ্র ৬৪৩]।
জাত্যভিমানী।

৬৪৭ অকৌলীন্য

বি· অকৌলীন্য, কৌলীন্যহীনতা, আভিজাত্যহীনতা। আপজাত্য।
নীচবংশ, হীনবংশ, নীচঘর, নীচজাতি, অপজাতি।
বিণ·/বি· নীচ, হীন, অধম, পতিত, অন্ত্যবর্ণ, অন্ত্য, অধমাধম, অন্তাবসায়ী, অন্ত্যাবসায়ী, অন্তেবাসী, অন্তুজ, অন্ত্যজ, অন্ত্যজন্মা, নীচকুলোদ্ভব, নীচাশয়, দৌষ্কুলেয়, দুষ্কুল, কমজাত, জাল্ম, পাতি; ছোট। নিচুতলার মানুষ।
অস্পৃশ্য [৬৪২·২], অস্পর্শ্য, অস্পর্শনীয়, ছ্যুত, অচ্ছুৎ; ব্রাত্য, পতিত; অশুচি, অজাত, কুজাত, অজাতকুজাত, পামর; লোয়ারক্লাস, সিডিউল কাস্ট; ছোটজাত।
অপাঙ্‌ক্তেয়।
অকুলীন, অকুল, দুষ্কুলীন, অসম্ভ্রান্ত, অনভিজাত; অঘর।
সাধারণ, আম।
কুলভ্রষ্ট, কুলচ্যুত, বংশচ্যুত, বংশভ্রষ্ট, জাতিচ্যুত, জাতিভ্রষ্ট; সমাজচ্যুত; একঘরে, অপাঙ্‌ক্তেয় [৬৫০]। ধোপা নাপিত বন্ধ।
ক্রি-বিণ· আপামর; উচ্চনীচ অভেদে, জাতিবর্ণনির্বিশেষে।

৬৪৮ ঐক্য

বি· ঐক্য [২৫৮, ৪৬৩], একতা, সংহতি, ঐক্যবদ্ধতা, ঐকাত্ম্য, একাত্মতা, সমন্বয়, মেল, একীভাব, একত্ব, অভেদ; একীভবন।
সাজাত্য, একজাতীয়তা, একধর্মিতা, অবততি।
মিলন, মিলনী, মেলন, মিলমিশ, মেলা, মিলজুল, মেলামেশা, মেশা-, সংসর্গ, সঙ্গ, সমভিব্যাহার, নিগম, উপসত্তি। গা ঘষাঘষি(ক)। জোটা-, এসে জোটা-, জুটে যাওয়া-, জুটে পড়া-, ভেড়া-, ভিড়ে যাওয়া-, দলে ভেড়া-, ভর্তি হওয়া-; নাম লেখানো-, সামিল হওয়া-।
সাক্ষাৎ (ক, হ), দেখাসাক্ষাৎ(হ), দেখা করা-, মেলাকাত(হ), সাক্ষাৎকার, সাক্ষাৎসম্বন্ধ। সৌজন্য সাক্ষাৎ।
সাম্য, সমতা; সমদর্শিতা; সমঝ, সমঝোতা। মিলেমিশে থাকা-, সহাবস্থান।
মৈত্রী, বন্ধুত্ব [দ্র ৬০৩], অবিরোধ [দ্র ৬৮৭]। ভ্রাতৃত্ব, ভ্রাতৃত্বভাব [দ্র ৬২৯]। বিশ্বভ্রাতৃত্ব [দ্র ২৫২]।
দল, জোট, দঙ্গল, পাল [দ্র ৪৬২]। জনগোষ্ঠী [দ্র ৬৪৪]। মোরচা; কৌম; সংগঠন [দ্র ৬৫১]। তন্ত্র।
সমবায়; সমবায় সমিতি, কো-অপারেটিভ সোসাইটি। যৌথপ্রচেষ্টা, যৌথউদ্যোগ, সমবেত প্রচেষ্টা। সর্বজনীনতা।
সাম্যবাদ; সোসালিজম্; কমিউনিজম্।
জমায়েত, ভিড় [দ্র ৪৬৩], জনতা, লোক সমাগম, সমাবেশ।
লোকজন, দলবল, লোকলশকর।
সৎসঙ্গ, ভালোসঙ্গ, সাধুসঙ্গ।
অসৎসঙ্গ, কুসঙ্গ, অসঙ্গ, কুসংসর্গ, অসৎসংস্রব।
বিণ· ঐক্যবদ্ধ, একত্র, এককাট্টা, একাট্টা, একজোট, একতাবদ্ধ; একত্রিত, সমাবিষ্ট, একচাপ, একত্রীকৃত, একত্রীভূত, একীভূত।
দলবদ্ধ, জোটবদ্ধ, সঙ্ঘবদ্ধ, গোষ্ঠীভুক্ত, নিগমবদ্ধ, সংহত, সংহিত, সন্ধিত, সমন্বিত, নিগমিত; দলভুক্ত [৪৬৩], গণাক্রান্ত, গণীভূত; সংগঠিত, সংবদ্ধ, গ্রথিত, ব্যতিষক্ত, সুসংহত। তন্ত্রী, সমাজবদ্ধ [দ্র ৬৪৪]; শ্রেণীবদ্ধ, গণবন্ত দলবর্তী।
যৌথ, মিলিত, সম্মিলিত, সমবেত, সন্নদ্ধ, সম্মেলক, সভূয়, অন্বিত।
এজমালি, শরিকি [৬৪৩]; সাতশরিকের, বারোভূতের; ভাগের; অনেকের, বারোয়ারি।
সর্বজনীন, সার্বজনিক, সার্বজনীন।
সামবায়িক; সাংসর্গিক।
[পারিবারিক গোষ্ঠী] একান্ন, একান্তবর্তী; অপৃথগন্ন।
সর্বজনের, সবার, সবাই-এর, সবাইকার, সবাকার, সকলের, প্রত্যেকের; সরকারি; জনগণের।
বিণ·/বি· সুসংসর্গী, সুসংসর্গকারী।
কুসঙ্গকারী, কুসংসর্গী।
সর্ব· সবাই [দ্র ৪৬৩], সকলে, সবে, সর্বজন, সব্বাই।
ক্রি-বিণ· একত্রে, একসঙ্গে, যৌথভাবে, একজায়, সঙ্ঘবদ্ধভাবে, দলবদ্ধভাবে, ঐক্যবদ্ধভাবে, একচাপে, একলপ্তে, সম্মিলিতভাবে; মিলেমিশে, সবাই মিলে, সমবেত প্রচেষ্টায়; এককাট্টা হয়ে।
সদল, সবান্ধব, সবান্ধবে, সদলে।
[**বিপ·**] **বিণ·** আলাদা, ভাগ; পৃথক। ভিন্নহাঁড়ি, পৃথগন্ন।

৬৪৯ অনৈক্য

বি· অনৈক্য, ঐক্যাভাব, ভেদ, বিভেদ, বিরোধ [দ্র ৬৮৬], অনন্বয়, মিলনাভাব, দূরবর্তিতা।
অমিল, বেমিল।
বিচ্ছেদ, বিচ্ছিত্তি, ছাড়াছাড়ি; চিরবিচ্ছেদ, জন্মের মতো ছাড়াছাড়ি।
বিরহ, বিয়োগ; বিরহবেদনা [দ্র ২২৮]।
মতদ্বৈত, দ্বিমত, মতের অমিল, মতবিরোধ, মতানৈক্য, অন্যমত, ভিন্নমত, মতভেদ, দ্বৈধ, মতান্তর [২৮০, ৬৮৬]। ভুল বোঝাবুঝি, ভুল বোঝা-। বিরোধ, অবনিবনা [দ্র ৬৮৬]; রেষারেষি, রেষারিষি।
অহিনকুল সম্বন্ধ; আদায় কাঁচকলায় [দ্র ৬১৬]।
ভেদবুদ্ধি, বিভেদবুদ্ধি, ভেদজ্ঞান।
বিভেদপন্থা, বিচ্ছিন্নতাবাদ।
বিভেদকামীশক্তি, বিচ্ছেদকামীশক্তি।
আঞ্চলিকতা। প্রাদেশিকতা [১৭৬]। সাম্প্রদায়িক [দ্র ৬৪১·৩]।
একাকিত্ব [দ্র ৬৫০]।
বিণ· একক।
অনন্বিত, অসম্বদ্ধ; অসংগঠিত।
বিভেদাত্মক, বিভেদমূলক, বিচ্ছেদমূলক, বিচ্ছেদাত্মক।
বিণ·/বি· বিভেদপন্থী, বিচ্ছিন্নতাবাদী, বিচ্ছিন্নতাকামী।
বিভেদসৃষ্টিকারী।
ভিন্নমতাবলম্বী।

৬৫০ নিঃসঙ্গতা

বি· নিঃসঙ্গতা, একাকিত্ব, সঙ্গীহীনতা, নিঃসঙ্গিতা; এককত্ব, ঐকল্য।

অসংস্রব। নিজের মনে থাকা-; আত্মভোলাভাব। আত্মমগ্ন থাকা-।

নির্জনতা, বিজনতা। জনহীনতা, জনবিরলতা, লোকাভাব, জনশূন্যতা।

আত্মগোপন(ক), স্বেচ্ছানির্বাসন, অজ্ঞাতবাস, লুকানো [দ্র ৫১৭]। একচর্যা।

নির্বাসন [৫৬৬], বিবাস, বিবাসন। কূপমণ্ডূকতা; সঙ্গবিমুখতা; সংস্রব এড়ানো-; অন্তর্মুখিতা।

অসামাজিকতা। অমিশুকতা।

বিণ· নির্জন, জনহীন, জনবিরল, জনশূন্য, জনমানবশূন্য, জনমানবহীন, উপাংশু; শুনশান, ফাঁকা [দ্র ৪৫২]; বিবিক্ত, নিভৃত; বিজন, নিরিবিলি, নিরালা। একান্ত; খাঁ খাঁ(ক)। পাণ্ডববর্জিত।

বিণ·/বি· নিঃসঙ্গ, সঙ্গীহীন, সঙ্গহীন, একা, একলা, একাকী, অনন্যসহায়, একক, একল, একানিয়া, একানে; বন্ধুহীন, নির্বান্ধব, মিত্রহীন, অবান্ধব গতসঙ্গ।

সঙ্গবিমুখ, একলসেঁড়ে; একচর, একাচোরা; কুনোব্যাঙ, কূপমণ্ডূক। অমিশুক; অসামাজিক।

নির্বাসিত [৫৬৬], বিবাসিত।

একঘরে; অপাঙ্‌ক্তেয় [দ্র ৬৪৭]; সমাজচ্যুত, জাতিভ্রষ্ট; বংশভ্রষ্ট, বংশচ্যুত।

স্বতন্ত্র, আলাদা, পৃথক [দ্র ২০৬]।

দলছাড়া [২৫৯], দলছুট, যূথভ্রষ্ট।

নির্জনস্থানবাসী, বিবিক্তসেবী, বিজনবাসী, একচারী, নির্জনতাপ্রিয়, নিরালাপ্রিয়।

ক্রি-বিণ· একান্তে, নির্জনে, বিজনে; আড়ালে, গোপনে [দ্র ৫১৭]। লোকচক্ষুর অন্তরালে।

৬৫১ সংগঠন

বি· সংগঠন, সংস্থা, প্রতিষ্ঠান, অরগানাইজেশন।

সংসদ, পর্ষদ, পরিষদ, ফেডারেশন, অ্যাসোসিয়েশন, সোসাইটি, ইউনিয়ন, মোরচা, মজলিস, চেম্বার। ফোরাম, মঞ্চ, মণ্ডল, মণ্ডলী, চক্র।

সভা [দ্র ৬৫২]। সমাজ [দ্র ৬৪৪]।

সমিতি; ক্লাব, সংঘ।

দল, পার্টি; গোষ্ঠী, জোট; ব্লক; ফ্রন্ট।

রাজনৈতিক দল, পলিটিকাল পার্টি।

সদস্যপদ, সভ্যপদ, মেম্বারশিপ, সদস্যতা। সদস্য, সভ্য, পারিষদ, পার্ষদ্বল, পার্ষদ, সভাসদ, সভাজন, মেম্বার।

আজীবন সদস্য, লাইফ মেম্বার। সদস্যভুক্তি।

দলবাজি, দলাদলি, দলপাকানো-। দলীয় স্বার্থ। দলগত সংহতি। দলীয় শক্তি

দলনেতা, নেতা [দ্র ৬৬২]।

বিণ· সাংগঠনিক, সাংস্থিক, প্রাতিষ্ঠানিক, সংসদীয়, পরিষদীয়; মজলিসি।

দলীয়, দলগত, গোষ্ঠীগত।

সদস্যভুক্ত।

বিণ·/বি· সংগঠক, সংগঠনকারী, অরগানাইজার।

আহ্বায়ক [দ্র ৬১১], কনভেনার।

৬৫২ সভা

বি· সভা [১০৮, ৪৬৩], মিটিং, জমায়েত [৬৪৮], সংবাস, সম্মেলন, সম্মেলনী, কনফারেন্স; বৈঠক, অধিবেশন, আঞ্জুমান, সেশন; চক্র; সভাসমিতি। মহামণ্ডল, মহাসভা।

সেমিনার, সিমপোসিয়াম, আলোচনাচক্র। আলোচনাসভা। ওয়ার্কশপ।

আসর, মজলিস; মেহ্‌ফিল; হাফ আখড়াই। বাসর।

সভাকক্ষ, সভাগৃহ, সভাতল, সভামণ্ডপ; সভাস্থল।

মিলনী, মিলনোৎসব, মিলনমেলা; রিইউনিয়ন, পুনর্মিলন উৎসব।

স্মরণসভা; শোকসভা। ধর্মসভা। সাহিত্যসভা, কবিসম্মেলন।

আসর গরম করা-; আসর জমানো-, আসরে নামা-, জাঁকানো-, আসর জাঁকানো-।

গোপন বৈঠক, রুদ্ধদ্বার বৈঠক। গুপ্তসমিতি।

সভা পরিচালনা(ক), সভানেতৃত্ব, সভাপতিত্ব(ক), পৌরোহিত্য(ক)।

সভাপতি, চেয়ারম্যান, পরিষদপাল; প্রধান অতিথি; সভানেত্রী।

সভাজন, পরিসভ্য, সভাসদ; সভ্য।

বিণ· সভাসীন, সভাস্থ।

৬৫৩ কমিটি

বি· কমিটি, সমিতি; কাউন্সিল, বোর্ড, সিন্ডিকেট; সিনেট।

কার্যনির্বাহক সমিতি, কার্যকরী সমিতি, এক্সিকিউটিভ কমিটি, এক্সিকিউটিভ কাউন্সিল।

পরিচালক সভা, বোর্ড অব ডিরেকটারস। গভর্নিংবডি; ম্যানেজিং কমিটি।

মন্ত্রণাসভা।

উপসমিতি, উপসভা, উপসংসদ, সাবকমিটি।

কমিশন। তদন্তকমিটি, তদন্তকমিশন।

মন্ত্রীসভা, ক্যাবিনেট।

পরিচালক, ডিরেক্টার।

কাউন্সিলার।

সদস্য, মেম্বার [৬৫১]।

৬৫৪ সভ্যতা

বি· সভ্যতা, সিভিলাইজেসন।

বিবর্তন, ক্রমবিকাশ, অভিব্যক্তি। বিবর্তনবাদ।

প্রাচীন সভ্যতা, আদিম সভ্যতা। আধুনিক সভ্যতা, নব্যসভ্যতা।

সিন্ধুসভ্যতা। মিশরীয় সভ্যতা। ব্যাবিলনীয় সভ্যতা। গ্রিকসভ্যতা। চৈনিক সভ্যতা। আর্যসভ্যতা।

সভ্যতার আলো।
বিণ· সভ্য, সিভিলাইজ্‌ড; সুসভ্য, অনুচান।

৬৫৫ আদিমতা

বি· অসভ্যতা; আদিমতা। বর্বরতা।
প্রাচীনকাল [দ্র ১৫৪]।
আদিম মানব। গুহামানব।
অস্ট্রেলোপিথেকাস; ক্রো-ম্যাগনন; গ্রিমাল্‌ডি; জাভা; মেগান্‌থ্রপাস; নিয়ানডারথাল; পিকিং; পিথেক্যান্‌থ্রপাস; প্লেসিয়ান্‌থ্রপাস; রোডেশিয়ান।
[প্রাগৈতিহাসিক প্রাণী] ডাইনোথেরিয়াম; ম্যামথ; মাস্টোডন; মেগাথেরিয়াম; অরনিথোসর; টেরোড্যাকটিল; টেরোসর; স্টেগাডন; টাইটানোথেরিয়াম। ডাইনোসর; অ্যালোসরাস; ব্রন্টোসরাস; মেগালোসরাস; অরনিথোপড; প্যালেওসর; প্রিডেনটাটা; স্টেগাসরাস।
বিণ· অসভ্য; আদিম; বর্বর।

২৬ রাষ্ট্র-প্রশাসন-রাজনীতি

৬৫৬ রাষ্ট্র

বি· রাষ্ট্র [৬৪০]।
রাজ্য, দেশ; প্রদেশ; অঙ্গরাজ্য, দেশীয় রাজ্য। যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র; ইউনিয়ন; ফেডারেশন। সাম্রাজ্য, অধিরাজ্য; সুলতানত।
অধিকারভুক্ত এলাকা; উপনিবেশ, কলোনি; ডোমিনিয়ন।
জাতি, নেশন। দ্বিজাতিতত্ত্ব।
স্বদেশ [দ্র ১৭৭], স্বরাজ্য, স্বরাষ্ট্র। দেশপ্রেম [দ্র ১৭৭]। রাজত্ব [দ্র ৬৬১]।
জাতীয় পতাকা, রাষ্ট্রীয় পতাকা।
রাষ্ট্রিকতা। নাগরিকত্ব।
সাম্রাজ্যবাদ; সম্প্রসারণবাদ। ঔপনিবেশিকতাবাদ, সাম্রাজ্যিকতা; ঔপনিবেশিকতা।
আন্তর্জাতিকতা।
রাষ্ট্রপ্রধান, রাষ্ট্রপতি।
বিণ· রাষ্ট্রীয়, রাষ্ট্রিক; জাতীয়; দেশীয়, দেশ্য, দেশী।
অন্তঃরাষ্ট্রিক, অন্তঃরাষ্ট্রীয়; আন্তঃপ্রাদেশিক।
আন্তর্জাতিক, ইনটারন্যাশানাল; বহুজাতিক।
ঔপনিবেশিক, উপনিবেশসংক্রান্ত, উপনিবেশ ঘটিত।
সাম্রাজ্যবাদী।
উপনিবেশিত, কৃতোপনিবেশ, উপনিবিষ্ট।

৬৫৭ স্বাধীনতা

বি· স্বাধীনতা [২৭২], স্বাতন্ত্র্য, স্বতন্ত্রতা, অপরাধীনতা, অপরাধীনত্ব; স্বাশ্রয়।
সার্বভৌমত্ব, স্বরাজ, স্বাধিকার, আজাদ, আজাদি; আত্মনিয়ন্ত্রণ, স্বায়ত্তশাসন, স্ববশতা; অনন্যপরতা।
অধিকার, দাবি, হক [দ্র ৭২৪]। নিরপেক্ষতা, অনপেক্ষতা। বন্ধনহীনতা [দ্র ৭০০]। মুক্তি [দ্র ৬৭৩]। স্বাবলম্বন [দ্র ২৭২]। ব্যক্তিস্বাধীনতা [দ্র ৭২৪]।
স্বাধীনতাযুদ্ধ, মুক্তিযুদ্ধ [দ্র ৬৯৬]। স্বাধীনতা আন্দোলন, স্বরাজ আন্দোলন, স্বদেশী আন্দোলন [দ্র ১৭৭]।
স্বাধীন দেশ, স্বাধীন জাতি। স্বাধীনতা দিবস।
বিণ· স্বাধীন, সার্বভৌম, অনধীন, অপরাধীন, আজাদ।
স্ববশ, স্বতন্ত্র, স্বতন্তর, অনন্যপর, আত্মাধীন, আত্মবশ, স্বায়ত্ত।
অনপেক্ষ, নিরপেক্ষ [দ্র ২৫৫]। বন্ধনহীন [দ্র ৭০০]। মুক্ত [দ্র ৬৭৩]। স্বাবলম্বী [দ্র ২৭২]।
একচ্ছত্র, একছত্র, স্বরাট।

৬৫৮ পরাধীনতা

বি· পরাধীনতা, পারবশ্য, পরতন্ত্রতা, পারতন্ত্র্য, পরপ্রেষ্যত্ব, পরবশতা; অস্বাধীনতা, অস্বাতন্ত্র্য, অস্বতন্ত্রতা, স্বাধীনতাহীনতা।
বশ্যতা (স্বীকার ক) [২৭৪], অধীনতা, বশবর্তিতা, বশিতা, বশিত্ব।
আনুগত্য [২৭১], বাধ্যতা [২৭৪], পরাধিকার, তাঁবে থাকা-; তাঁবেদারি(ক)।
পরনির্ভরতা [দ্র ২৭১], পরমুখাপেক্ষিতা। দাসত্ব, গোলামি [দ্র ৩২৫]। পরাজয় [দ্র ৬৯৯]।
পরাধীনতার শৃঙ্খল। পরাধীন জাতি।
উপনিবেশ।
বিণ· পরাধীন, পরবশ [৬৯৯], পরতন্ত্র, পরপ্রেষ্য, অস্বাধীন, অস্বতন্ত্র, পরায়ত্ত; পরশাসিত।
বশীভূত, বশ, বাধ্য, বশবর্তী, বশংবদ, বশী; বশ্য, প্রণেয়, বশানুগ, বশগ।
অধীন; পরনির্ভর [দ্র ২৭১]; অনুগত। পরাজিত [দ্র ৬৯৯]। বন্দী [দ্র ৬৭২]। করায়ত্ত [দ্র ৭১৩]।
ঔপনিবেশিক।
বিণ·/বি· অনুগত [২৭১], পেটোয়া, তাঁবেদার; দাসানুদাস।
মোসাহেব; চামচা [দ্র ২৮২]; পোঁ ধরা-; লেজধরা; হাতধরা; ক্রীড়নক [দ্র ২৭১]।

৬৫৯ দেশের বিভাগ।

বি· রাষ্ট্র [দ্র ৬৫৬]। প্রদেশ, রাজ্য। বিভাগ। জিলা, জেলা [১৮৪·৬]। মহকুমা। থানা। অঞ্চল। ব্লক।
পঞ্চায়েত, গ্রামপঞ্চায়েত। জেলাপরিষদ।
পরগনা, ডিহি। মৌজা। তালুক। মহল।
নির্বাচনক্ষেত্র, নির্বাচনী এলাকা, নির্বাচনকেন্দ্র, কন্‌স্টিটুয়েন্সি।

৬৬০ রাজনীতি

৬৬০·১ **বি·** রাজনীতি, রাষ্ট্রনীতি, পলিটিকস।

কূটনীতি, কূটনৈতিকতা, ডিপ্লোম্যাসি।

রাজনৈতিক চেতনা, রাজনৈতিকতা, রাজনীতিজ্ঞান। রাজনীতি সচেতনতা।

রাজনৈতিক মঞ্চ, রাজনৈতিক ফোরাম।

রাজনৈতিক তৎপরতা; কূটনৈতিক তৎপরতা।

রাজনৈতিক ব্যক্তিত্ব; পেশাদার রাজনীতিক। নেতা [দ্র ৬৬২]; তাত্ত্বিক নেতা। রাজনৈতিক কর্মী; ক্যাডার।

সমাজ ব্যবস্থা। সামাজিক ন্যায় বিচার। শ্রেণীহীন সমাজ।

রাষ্ট্রবিজ্ঞান, পলিটিক্যাল সায়েন্স।

রাজনৈতিক পথ, রাজনৈতিক নীতি। অভ্যন্তরীণ নীতি, স্বদেশনীতি। বৈদেশিক নীতি, বিদেশনীতি।

কূটনৈতিক মিশন; এমব্যাসি, দূতাবাস; হাইকমিশন; কনসুলেট, বাণিজ্য দূতাবাস। রাজদূত, রাষ্ট্রদূত, অ্যাম্বাস্যাডার। হাইকমিশনার। বাণিজ্যদূত, কনসাল।

জনগণ, জনতা, পাব্লিক। জনমত।

বিণ· রাজনৈতিক, পলিটিক্যাল।

কূটনৈতিক, ডিপ্লোম্যাটিক।

বিণ·/বি· রাজনীতিবিদ, রাজনীতিজ্ঞ, রাজনীতিক, রাজজ্ঞ, পলিটিশিয়ান।

কূটনীতিবিদ, কূটনীতিক, কূটনীতিজ্ঞ, ডিপ্লোম্যাট।

৬৬০·২ **বি·** রাজনৈতিক দল, দল, পার্টি, লিগ, সংঘ, ব্লক।

দলবাজি, পার্টিপলিটিকস।

দলীয় স্বার্থ।

দলীয় মত, পার্টিলাইন।

গোষ্ঠীবাদ, গোষ্ঠীতন্ত্র।

কংগ্রেস, পার্টিকংগ্রেস; প্লেনাম। সংগঠন, দলীয় সংগঠন। হাইকমান্ড। পলিটব্যুরো।

বড় দল; সর্বভারতীয় দল; আঞ্চলিক দল; ছোট দল; উপদল। মজদুরপার্টি, শ্রমিকসংগঠন; কিষাণসংগঠন; কিষাণ মজদুর পার্টি; সোসালিস্ট পার্টি; কম্যুনিস্ট পার্টি; বলশেভিক পার্টি; কংগ্রেস পার্টি; মুসলিম লিগ; জনতা পার্টি; অকালি দল।

দলগত সংহতি; দলীয় শক্তি।

দলীয় কোন্দল; অন্তর্দলীয় কলহ।

দলত্যাগ(ক); দল পরিবর্তন(ক)।

৬৬০·৩ **বি·** রাজনৈতিক মতবাদ, রাজনৈতিক দর্শন; রাজনৈতিক মতাদর্শ।

রাজতন্ত্র [দ্র ৬৬১]।

নগররাষ্ট্র, সোফিস্ট চিন্তাধারা।

প্লেটোর রিপাবলিক। অ্যারিস্টোটোলের রাষ্ট্রদর্শন।

রাষ্ট্র ঈশ্বরের রাজত্ব। চার্চ ও পোপের প্রাধান্য।

ধনতন্ত্র, পুঁজিবাদ, ক্যাপিটালিজম। ধনিক শ্রেণী, বুর্জোয়া, পাতি বুর্জোয়া। শোষক শ্রেণী।

অভিজাততন্ত্র। অভিজাত সম্প্রদায়।

সামন্ততন্ত্র, ফিউডালিজম। জমিদারি প্রথা। সামন্ত, সামন্তপ্রভু, ফিউডাল; জমিদার; জোতদার। সামন্তরাজ। ভূমিদাস; সার্ফ।

সামাজিক শোষণ, শোষণ।

ভাববাদ, আদর্শবাদ [কান্ট; ফিক্টে; হেগেল; গ্রিন]।

রক্ষণশীলতা।

কালেক্টিভিজম। সিন্ডিক্যালিজম।

সার্বভৌমিকতা, বহুত্ববাদ। একত্ববাদ। ব্যক্তিতন্ত্র, ব্যক্তিবাদ।

ধ্রুববাদ, পজিটিভিজম।

জাতীয়তাবাদ [দ্র ১৭৭]; উগ্রজাতীয়তাবাদ। রাষ্ট্রীয়তাবাদ।

ফ্যাসিবাদ; নাতসিবাদ। জাতীয়সমাজতন্ত্র, টোটালিটারিয়ানিজ্‌ম।

স্বৈরতন্ত্র।

দক্ষিণপন্থা; প্রতিক্রিয়াশীলতা, প্রতিক্রিয়া। প্রতিবিপ্লব।

অহিংসা, অহিংসাবাদ; গান্ধীবাদ; সর্বোদয়; অন্ত্যোদয়। অহিংসা আন্দোলন। সত্যাগ্রহ; অসহযোগ আন্দোলন। অনশন ধর্মঘট। নিরস্ত্র প্রতিরোধ।

মানবতাবাদ, হিউম্যানিজম; র‍্যাডিক্যাল হিউম্যানিজম।

কৌটিল্য দর্শন। মেকিয়াভেলিবাদ।

উদারনৈতিকতা, উদারপন্থা।

হিতবাদ, ইউটিলিটেরিয়ানিজ্‌ম। বেন্থামিজম। জেমস স্টুয়ার্ট মিল।

র‍্যাডিক্যালিজম।

বস্তুতন্ত্র, জড়বাদ। চার্বাকদর্শন।

প্রগতিশীলতা। বামপন্থা।

লোকতন্ত্রবাদ; গণতন্ত্র [দ্র ৬৬৪]।

সমাজতন্ত্র, সোসালিজম, সাম্যবাদ; বলশেভিজম; কমিউনিজম। মার্কসবাদ, মার্কসীয় দর্শন। লেনিনবাদ। মাওবাদ। নকশালপন্থা। রাষ্ট্রীয় সমাজতন্ত্র। ফেবিয়ান সোসালিজম। সর্বোদয় সমাজতন্ত্র। ইউটোপিয়ান সোসালিজম।

শ্রেণী; সামাজিক শ্রেণী; শ্রেণীচরিত্র; শ্রেণীসংঘাত, শ্রেণীসংগ্রাম, শ্রেণীদ্বন্দ্ব। সর্বহারা, শোষিত শ্রেণী; মেহনতি জনতা, প্রোলেতারিয়েত। বুর্জোয়া শ্রেণী। শ্রেণীসমাজ। শ্রেণীহীনসমাজ।

উগ্রপন্থা, চরমপন্থা।

বিপ্লব, রাষ্ট্রবিপ্লব [৬৯৫]; রাজদ্রোহ [দ্র ১৭৭]। গণজাগরণ; গণবিক্ষোভ, গণআন্দোলন। সামরিক অভ্যুত্থান, কুদেতা, কু [দ্র ৬৯৬]। বিপ্লববাদ। বিপ্লবী চেতনা, বিপ্লবী সত্তা।

যুদ্ধবাদ, জঙ্গিবাদ।

সাম্রাজ্যবাদ। ঔপনিবেশিকতাবাদ। নয়াসাম্রাজ্যবাদ। নয়াঔপনিবেশিকতাবাদ।

নৈরাজ্যবাদ; মাৎস্যন্যায়। নিহিলিজম, নাইহিলিজম।

বিচ্ছিন্নতাবাদ, বিভেদপন্থা। আঞ্চলিকতা।

দ্বৈরাজ্য, ডায়ার্কি।

সাম্প্রদায়িকতা।

ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ; লেসে ফেয়ার।

নিরপেক্ষতা; জোটনিরপেক্ষতা, গোষ্ঠীনিরপেক্ষতা।

আন্তর্জাতিকতাবাদ, ইন্টারন্যাশানালিজম।
ফুরিয়ারিজম।
বিশ্বশান্তি, বিশ্বমৈত্রী। শান্তির দূত; শান্তিপ্রয়াসী, শমার্থী; শান্তির প্রতীক।
বিণ· ধনতান্ত্রিক, ক্যাপিটালিস্ট; পুঁজিবাদী।
অভিজাততান্ত্রিক।
সামন্ততান্ত্রিক, ফিউডাল। জমিদারি; জোতদারি।
সার্বভৌমিক।
স্বৈরতান্ত্রিক, ব্যক্তিকেন্দ্রিক।
অহিংসক, অহিংস্র অহিংস।
স্বৈরাচারী; অগণতান্ত্রিক।
বিণ·/বি· বুর্জোয়া।
সামন্ত; জোতদার; জমিদার।
দক্ষিণপন্থী, অবামপন্থী, প্রতিক্রিয়াশীল। প্রতিবিপ্লবী।
জাতীয়তাবাদী [দ্র ১৭৭], দেশপ্রেমিক, দেশপ্রেমী।
ভাববাদী; আদর্শবাদী।
রক্ষণশীল; গোঁড়া।
ফ্যাসিস্ট, ফ্যাসিবাদী; নাতসি।
স্বৈরতান্ত্রিক, স্বৈরাচারী।
অহিংস, অহিংসাবাদী; গান্ধীবাদী। সত্যাগ্রহী। অনশনব্রতী, অনশনধর্মঘটকারী।
মানবতাবাদী, হিউম্যানিস্ট।
উদারনৈতিক, উদারপন্থী।
র‍্যাডিক্যাল।
বস্তুবাদী, জড়বাদী।
সর্বহারা, মেহনতি; শ্রমজীবী; কৃষিজীবী। প্রোলেতারিয়েত।
প্রগতিশীল। বামপন্থী।
সাম্যবাদী, সোসালিস্ট। কমিউনিস্ট। বলশেভিক। মার্কসবাদী, মার্ক্সিস্ট; লেনিনবাদী; মাওবাদী।
উগ্রপন্থী [৬৯৫], চরমপন্থী। নকশালবাদী, নকশালপন্থী। নিহিলিস্ট, নাইহিলিস্ট।
বিপ্লবী, বিপ্লববাদী, বিপ্লবপন্থী।
যুদ্ধবাদী, জঙ্গি, যুদ্ধবাজ, জিঙ্গোইস্ট।
জিওনিস্ট।
সাম্রাজ্যবাদী, সাম্রাজ্যলোভী; ঔপনিবেশিক; সম্প্রসারণবাদী; রাজ্যলোলুপ; আগ্রাসনবাদী।
নৈরাজ্যবাদী; মাৎস্যন্যায়ী।
বিচ্ছিন্নতাবাদী, বিভেদপন্থী।
সাম্প্রদায়িক।
নিরপেক্ষ, জোটনিরপেক্ষ, গোষ্ঠীনিরপেক্ষ। নির্দল, নির্দলীয়।

৬৬০·৪ **বি·** নির্বাচন, ভোটযুদ্ধ; ভোট, মতদান। ধ্বনিভোট। প্রত্যক্ষ নির্বাচন; পরোক্ষ নির্বাচন; উপনির্বাচন। সাধারণ নির্বাচন। গণভোট।
ভোটাধিকার; বয়স্ক ভোটাধিকার। সার্বিক ভোটাধিকার, অ্যাডাল্ট ফ্র্যান্চাইজ।
নির্বাচনী প্রচার; ক্যানভাস, ক্যাম্পেন, ভোটভিক্ষা, ভোটপ্রার্থনা; ইশতাহার, নির্বাচনী ইশতাহার। নির্বাচনী আঁতাত। নির্বাচনী সমঝোতা। মোর্চা।
ভোটপ্রার্থী, নির্বাচনপ্রার্থী। নির্বাচক মণ্ডলী, ভোটার, নির্বাচক; ভোটার তালিকা, ভোটার লিস্ট।
ব্যালট, ব্যালট পেপার, ভোটপত্র। মনোনয়নপত্র। জামানত।
নির্বাচনী প্রতীক, দলীয় প্রতীক, প্রতীক চিহ্ন।
ভোটগ্রহণকেন্দ্র, পোলিং বুথ। পোলিং অফিসার। রিটার্নিং অফিসার। ভোটগণনা। ইলেকশন কমিশনার।
নির্বাচনী এলাকা।
বিণ· নির্বাচনী।

৬৬০·৫ রাষ্ট্রসংঘ, জাতিসংঘ; সাধারণ পরিষদ; নিরাপত্তা পরিষদ।

৬৬১ রাজা

বি· রাজতন্ত্র [দ্র ৬৬৪]।
রাজা, নৃপতি, নরপতি, নৃপ, নৃপাল, নরেশ, নরাধিপ, নরেন্দ্র, নরদেব, ভূপতি, ভূপ, ক্ষিতীশ, ক্ষৌণীশ, ক্ষিতিনাথ, ক্ষিতিপতি, ক্ষিতিপাল, ক্ষিতিপ, অবনীপতি, অবনীশ, ক্ষিতিক্ষিৎ, অধিপ, অধিপতি, অধিরাজ, অধীশ্বর, অধীশ, অধিভূ, প্রজেশ, প্রজেশ্বর, প্রজানাথ, প্রজাপালক, প্রজাপ, লোকপালক, লোকপাল, দেশাধিপতি, দেশমুখ, দেশপতি, দেশাধিপ, ক্ষ্মাপতি, ক্ষ্মাভৃৎ, ভূমীন্দ্র, ভূমিপ, ছত্রপতি, বিশংপতি, মহীশ, ঔষ্ণীক, মুকুটধারী, চক্রপাল, চারচক্ষু, সামন্তেশ্বর, একজন্মা, রায়, রাজন্য, রাজড়া, রাজ্যেশ্বর, রাজগি, শাহ, বাদশাহ, বাদশা, পাতশা, কইসর, জাঁহাপনা; রানা, মহারানা; নিজাম; পেশোয়া; মহারাজ, মহারাজা, রাজরাজ, রাজাধিরাজ, সম্রাট, রাজেন্দ্র, শাহেনশা, রাজরাজেশ্বর, রাজশেখর, রাজচক্রবর্তী, নৃপবর, নৃপমণি; রাজারাজড়া, রাজরাজড়া, মানবেন্দ্র।
রানী, রাজ্ঞী, মহিষী, রাজরানী, পাটরানী, পটেশ্বরী, পাটেশ্বরী, পট্টমহিষী, পট্টার্হা। সম্রাজ্ঞী, সম্রাজী, সংরাজ্ঞী, সুলতানা; মহারানী, রাজরাজেশ্বরী, রাজেন্দ্রাণী। রাজমহিষী, রাজপত্নী, বেগম; অগ্রমহিষী, সুয়োরানী; দুয়োরানী।
রাজপুত্র, রাজকুমার, রাজনন্দন, নৃপাত্মজ; বাদশাজাদা, শাহজাদা, নবাবজাদা; যুবরাজ, যৌবরাজ্য।
রাজকন্যা, রাজকুমারী, রাজনন্দিনী, রাজদুহিতা, রাজবালা, রাজসুতা, রাজপুত্রী, নৃপাত্মজা, বাদশাজাদি, শাহজাদি, নবাবজাদি।
রাজশক্তি, রাজবল।
রাজকীয়তা; রাজৈশ্বর্য, রাজশ্রী।
রাজবাড়ি, রাজপ্রাসাদ, রাজবাটিকা, রাজবাটী, রাজপুরী, রাজভবন, রাজসদন, রাজগৃহ, পাইতকৃত।
রাজসিংহাসন, সিংহাসন, তক্ত, রাজতক্ত, মসনদ, রাজাসন, গদি, আরশ, নৃপাসন, রাজপাট, রাজপট্ট, রাজগদি, জগতি।
রাজমুকুট। রাজটিকা, রাজতিলক। রাজদণ্ড, ছত্রদণ্ড, আসাসোঁটা। রাজচ্ছত্র, রাজছত্র।
রাজধানী, রাজধানিকা, রাজধানক, ক্যাপিটাল।

রাজসভা, রাজদরবার, দরবার, বার; খাস দরবার; আমদরবার।

রাজত্ব; রাজ্য [দ্র ৬৫৬]।

রাজবেশ, রাজপোশাক।

রাজাজ্ঞা, রাজাদেশ। রাজপ্রসাদ, রাজানুগ্রহ, রাজানুকম্পা।

রাজকুল, রাজবংশ, রাজঘরানা, ডাইনেস্টি; রাজাবলি, রাজনামা।

অভিষেক; সিংহাসনারোহণ।

রাজধর্ম [দেশশাসন; প্রজাপালন]। রাজগুণ।

রাজভৃত্য, রাজসেবক, রাজকর্মচারী; রাজপুরুষ।

রাজপ্রতিনিধি, রাজদূত, দূত, অ্যাম্বাস্যাডর। উপরাজ, ভাইসরয়।

বিণ· রাজকীয়, রাজসিক, বাদশাহি, শাহি।

বিণ/বি· রাজভক্ত, রাজানুরাগী।

অভিষিক্ত, কৃতাভিষেক।

ছড়িবরদার, ছত্রধর, দণ্ডধারী, চোপদার, আসাবরদার, খাসবরদার, আসাসোঁটাধারী।

৬৬২ প্রাধান্য

বি· প্রাধান্য, প্রধানত্ব, প্রধানতা, মুখ্যত্ব, প্রাভব, গুরুত্ব, অগৌণতা; অগ্রগণ্যতা, প্রাথম্য, প্রাথমিকতা।

প্রভুত্ব, স্বামিত্ব, কর্তৃত্ব [৭২২], ঈশন।

নেতৃত্ব, অধিনায়কত্ব, লিডারশিপ।

নেতাগিরি, মুরুব্বিয়ানা, মুরুব্বিতা, মাতব্বরি(ক), মোড়লি, কাপ্তানি, পাণ্ডামি, পাণ্ডাগিরি, লায়েকি, সর্দারি(ক), কর্তাগিরি, কর্তামি। ফোঁপরদালালি, ঠাকুরাল, ঠাকুরালি, সাদালতি, সরফরাজি।

অধ্যক্ষতা(ক), পরিচালন, পরিচালনা(ক)।

আধিপত্য [দ্র ৭২২]। প্রভাব [দ্র ৭২২]।

কর্তৃপক্ষ [৬৬৪], অথরিটি; পরিচালকমণ্ডলী।

পদাধিকার, পদমর্যাদা, পদগৌরব; উঁচুপদ। আমলাতন্ত্র।

জাতে ওঠা-, পাত্তা(পা), তোয়াক্কা [৬১৩], কলকে পাওয়া-।

বিণ· প্রধান, মুখ্য, শ্রেষ্ঠ, জাত্য, অগৌণ।

প্রভুত্বপূর্ণ, কর্তৃত্বপূর্ণ, পাট, পদস্থ।

প্রধানোচিত; নেতাসুলভ, অধিনায়কোচিত।

ঊর্ধ্বতন, উপরিতন; পদমর্যাদাসম্পন্ন, পদমর্যাদাপূর্ণ। আমলাতান্ত্রিক।

বিণ·/বি· প্রধান, চিফ, মাথা, শিরোমণি। মুখ্য; অনবর। আগর।

কর্তা, প্রভু, স্বামী, অর্য; সর্বময়কর্তা, বড়কর্তা; অধিকর্তা; কর্মকর্তা, হোমড়া চোমড়া, গদিয়ান, কেষ্টবিষ্টু, মাতব্বর, মুরুব্বি; হর্তাকর্তা; হর্তাকর্তাবিধাতা; দণ্ডমুণ্ডের কর্তা।

উপরওয়ালা, বস।

অগ্রগণ্য, অগ্রণী, অগ্রনায়ক, অগ্রদূত, অগ্র্য; পথপ্রদর্শক, পথিকৃৎ।

নেতা [৬৫১, ৬৬০], লিডার, নায়ক, অগ্রনেতা।

জাঁহাবাজ, জাঁদরেল; জবরদস্ত। তালেবর। মাস্তান, মস্তান; ফোঁপরদালাল। নাটের গুরু।

অধিনায়ক, ক্যাপ্টেন, কাপ্তান, দলপতি, দলনায়ক, লায়েক; যূথপতি, যূথনাথ, যূথীন।

সর্দার, মোড়ল, সরফরাজ; চাঁই; খুঁটি, স্তম্ভ।

অভিভাবক, তত্ত্বাবধায়ক [দ্র ৬৩৭]।

আমলা, বুরোক্র্যাট।

জননেতা, জননায়ক, গণনায়ক, জনপ্রধান। সমাজনেতা, সমাজপতি। রাজনৈতিক নেতা; রাজনৈতিক দাদা।

[বিভিন্ন প্রধান] [রাষ্ট্র] রাষ্ট্রপতি, প্রেসিডেন্ট; রাজা [দ্র ৬৬১], চ্যান্সেলার। প্রধানমন্ত্রী [৬৬৪]; মুখ্যমন্ত্রী। রাজ্যপাল, গভর্নর, লাট, লাটসাহেব; বড়লাট; ছোটলাট। সুবেদার, সুবাদার, উজির, অমাত্য।

[বিদ্যালয়] আচার্য; উপাচার্য। অধ্যক্ষ, রেক্টর, প্রিন্সিপাল। প্রধানশিক্ষক, হেডমাস্টার; প্রিফেক্ট; প্রোভোস্ট। ডিন। বিভাগীয় প্রধান। নিবন্ধক, রেজিস্ট্রার। মনিটর।

[কার্যালয়] ম্যানেজিং ডিরেকটার; অধিকর্তা, পরিচালক, ডিরেকটার; কার্যাধ্যক্ষ, কর্মাধ্যক্ষ, কার্যাধিপ; ম্যানেজার। অফিসার, আধিকারিক; আফিসার-ইন-চার্জ, ভারপ্রাপ্ত আধিকারিক। সুপারিনটেনডেন্ট; নিয়ামক, নিয়ন্ত্রক। তত্ত্বাবধায়ক [দ্র ৬৩৭]।

ব্যক্তিগতসচিব, দবিরখাস, প্রাইভেট সেক্রেটারি, একান্তসচিব; কর্মসচিব।

চেয়ারম্যান, সভাপতি, প্রেসিডেন্ট। সচিব, সেক্রেটারি; মুখ্যসচিব, মহাসচিব। কমিশনার।

[নগরসভা] মেয়র, প্রধান নাগরিক, পৌরপ্রধান। শেরিফ। পৌরপিতা। অলডারম্যান। পুরাধ্যক্ষ, নগরপ্রধান, নগরাধ্যক্ষ, নগরপাল, পুরপাল, পুরকাইত, পুরকায়স্থ; কমিশনার।

[আরক্ষা] প্রধান পরিদর্শক, ইন্‌সপেকটার জেনারেল; পুলিশ কমিশনার; ডেপুটি কমিশনার; পুলিশ সুপারিনটেনডেন্ট। দারোগা। সারজেন্ট। হাবিলদার। কনস্টবল। সিপাহি, সিপাই। ইনসপেকটার; সাব ইনসপেকটার। জেল সুপারিনটেনডেন্ট। কারাধ্যক্ষ, জেলার।

[বিচার] প্রধান বিচারপতি, বিচারপতি, জজ; ম্যাজিস্ট্রেট। ডেপুটি ম্যাজিস্ট্রেট। সাব জজ। মুন্সেফ; জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট; জেলা শাসক, জেলা সমাহর্তা। এস্ ডি ও; মহকুমা শাসক।

[সেনা] সেনাধ্যক্ষ, সেনাপতি [দ্র ৬৯৭]। জেনারেল; লেফটেন্যান্ট জেনারেল; ব্রিগেডিয়ার জেনারেল; মেজর জেনারেল। মার্শাল; ফিল্ড মার্শাল। ব্রিগেডিয়ার। কর্ণেল, কলোনেল। মেজর। ক্যাপ্টেন। লেফটেন্যান্ট। কর্পোরাল। নায়েক। সুবেদার। মনসবদার। জমাদার, জামেদার।

কমান্ডার, কমান্ডিং অফিসার। কোয়ার্টার মাস্টার।

অ্যাডমিরাল; ভাইস অ্যাডমিরাল; কমোডর। ক্যাপ্টেন; কমান্ডার। ওয়ারেন্ট অফিসার।

এয়ার মার্শাল; এয়ার ভাইসমার্শাল। উইঙ্গ কমান্ডার; ফ্লাইট লেফটেন্যান্ট।

[বিবিধ] পোস্টমাস্টার। স্টেশন মাস্টার। ইয়ার্ড মাস্টার। ওয়ার্ড মাস্টার। অধিকারী। মেট্রন। মোড়ল। সরপঞ্চ, পঞ্চায়েত প্রধান। কুলপতি, কুলপ্রধান। পরিদর্শক, ইনস্‌পেকটার; সুপারভাইজার; সাব ইনস্‌পেকটার।

ডাকাতের সর্দার। চোরের সর্দার; চোর চূড়ামণি।

৬৬৩ অপ্রধান

বি· গৌণতা, অপ্রধানত্ব; অকর্তৃত্ব।

পাত্তা না পাওয়া-, বেপাত্তা হওয়া-, কলকে না পাওয়া-, ফুঁয়ে উড়ে যাওয়া-।

অনুগামিতা, অধীনতা, বশবর্তিতা [দ্র ৬৫৮]। আনুগত্য [দ্র ৬৫৮]। হীনতা [দ্র ৫৫১]।

বিণ· অপ্রধান, গৌণ; তুচ্ছ [দ্র ৫৫১], ভাক্ত।

অধীন, অধীনস্থ; অধঃস্থ, অধস্তন, অধঃস্থিত, নিম্নস্থিত, নিম্নস্থ, অবর, সাব অরডিনেট; পদানত, পদাবনত।

অনুগ, অনুগত; অশ্রেষ্ঠ, অমুখ্য।

অধম [৫৫৭], নীচ; অধরিক। ব্রাত্য [দ্র ৬৪৭]।

বিণ·/বি· অনুচারী, অনুগামী, অনুজীবী, অনুযাত, অনুযাত্র, অনুযাত্রিক; অকর্তা, অপ্রভু।

সহকারী, সহযোগী, অ্যাসিস্ট্যান্ট।

কর্মী, সাধারণ কর্মী, সাধারণ কর্মচারী; ক্যাডার।

হেঁজিপেঁজি; কাগাবগা; চুনোপুঁটি; ঝড়তিপড়তি; উটকো, ছুটকো, ছুটকোছাটকা; রামাশ্যামা। কোথাকার কে।

নিম্নপদস্থ কর্মচারী; অধস্তন কর্মচারী।

অনুচর; পার্শ্বচর। ভৃত্য, চাকর [দ্র ৩২৫], দাস, পরিচারক, খানেজাদ, খানাজাদ; আজ্ঞাবহ। দাসী, পরিচারিকা।

গাঁয়ে মানে না আপনি মোড়ল।

৬৬৪ প্রশাসন

বি· প্রশাসন, শাসনকার্য, শাসন(ক) [৩৪০], শিষ্টি, শাসা-।

আমলাতন্ত্র।

কড়াকড়ি(ক) [৬৬৯], কড়াক্কড়ি, কড়াক্কড়, বাঁধাবাঁধি; রাশটানা-; টেনে ধরা-; চেপে ধরা-। শক্তহাতে দমন(ক); বিধিনিষেধ; কঠোর শাসন।

রাজ্যশাসন, দেশশাসন(ক)। রাজশাসন(ক), ধর্মকীল।

সুশাসন।

শাসনবিধি, শাসনতন্ত্র, প্রশাসনবিধি, তন্ত্র; সংবিধান। আইন [দ্র ৬৬৮]। রাজ্যশাসনবিধি [সাম; দান; দণ্ড; ভেদ]।

সরকার, গভর্নমেন্ট, হুকমত, হুকুমত, রাজ, রাজক।

রাজ্যসরকার; কেন্দ্রীয় সরকার।

[বিভিন্ন ধরনের সরকার] রাজতন্ত্র [৬৬১], রাজকতন্ত্র [অবাধ রাজতন্ত্র; সীমিত রাজতন্ত্র; নিয়মতান্ত্রিক রাজতন্ত্র]। স্বৈরতন্ত্র। অভিজাততন্ত্র। ধনিকতন্ত্র, প্লুটোক্র্যাসি। মুখ্যতন্ত্র, অলিগার্কি। একনায়কতন্ত্র [ব্যক্তিগত; সামরিক; দলগত; শ্রেণীগত]। গণতন্ত্র, সাধারণতন্ত্র, প্রজাতন্ত্র, রিপাব্লিক; জনগণের সরকার। সংসদীয় সরকার, পার্লামেন্টারি সরকার; সংসদীয় গণতন্ত্র। ক্যাবিনেট ব্যবস্থা, মন্ত্রীসভা। রাষ্ট্রপতিচালিত সরকার। এককেন্দ্রিক সরকার, ইউনিটারি গভর্নমেন্ট। যুক্তরাষ্ট্রীয় সরকার, ফেডারেল গভর্নমেন্ট; আমেল, কনফেডারেশন, রাষ্ট্রসমবায়। একদলীয় সরকার; একদলীয় গণতন্ত্র। দ্বৈরাজ্য। দ্বৈতশাসন, কোয়ালিশন সরকার।

জনহিত, প্রজাপালন, লোকপালন, প্রজামঙ্গল।

রাজকার্য, রাজকর্ম, সরকারি কাজ। সরকারি ভাষা, রাষ্ট্রভাষা, রাজভাষা। সরকারি চাকরি।

আইনসভা, বিধানসভা; বিধান পরিষদ। লোকসভা, সংসদ, পার্লামেন্ট; রাজ্যসভা। জনপ্রতিনিধিসভা। অ্যাসেম্বলি।

বিধায়ক, এম এল এ; এম এল সি। সংসদ সদস্য, এম-পি, সাংসদ। স্পিকার, অধ্যক্ষ। মার্শাল। হুইপ, চিফ হুইপ।

প্রশাসনযন্ত্র। অফিস [দ্র ৬৬৬]।

মন্ত্রিত্ব, সাচিব্য, উজিরি, উজিরালি। মন্ত্রীর দপ্তর, মন্ত্রক।

মন্ত্রী, অমাত্য, উজির, ধীসচিব; প্রধান অমাত্য, মহামাত্য, প্রধানমন্ত্রী [৬৬২]; মুখ্যমন্ত্রী। উপমন্ত্রী; রাষ্ট্রমন্ত্রী; পূর্ণমন্ত্রী, ক্যাবিনেট মিনিস্টার।

মন্ত্রীসভা, অমাত্যসভা, ক্যাবিনেট।

আমলা, এক্সিকিউটিভ।

সেক্রেটারিয়েট; বিভাগ। সরকারি দপ্তর, সরকারি অফিস। পৌরসভা [দ্র ১৮৪·৭]।

বিণ· প্রশাসনিক। শাসনীয়, শাস্য। সুশাসিত। রামরাজ্য, ধর্মরাজ্য।

আমলাতান্ত্রিক।

সরকারি। [**বিপ·**] প্রাইভেট, বেসরকারি।

স্বৈরতান্ত্রিক। ধনতান্ত্রিক। গণতান্ত্রিক, প্রজাতান্ত্রিক।

সংসদীয়।

বিণ·/বি· শাসিত, শাসনাধীন; জনগণ, জনসাধারণ, সাধারণ, পাবলিক; প্রজা।

প্রশাসক, প্রশাস্তা, প্রশাসিতা, অ্যাডমিনিস্ট্রেটার। গভর্নর।

শাসক, শাসনকর্তা, শাসনকারী, শাস্তা, শাসিতা।

কর্তা, কর্তৃপক্ষ [দ্র ৬৬২]। পরিচালক [দ্র ৬৬২]।

রাজকর্মচারী, সরকারি চাকুরে।

৬৬৫ অপশাসন

বি· অপশাসন, কুশাসন, দুঃশাসন, অন্যায়শাসন।

শৈথিল্য, আলগা দেওয়া-, ঢিলে দেওয়া-, রাশ ছাড়া-, লাগাম ছাড়া-; আশকারা(দে) [দ্র ৬০৫], প্রশ্রয়(দে); মাথায় তোলা-।

অবৈধতা, অবিধান, অবিধি, অনিয়ম, বেনিয়ম [৩৩১, ৫২৫], অরীতি। নিয়ম ভঙ্গ(ক), বিধিভঙ্গ(ক), নিয়মাতিক্রম(ক), প্রথা ভঙ্গ(ক), প্রথা ভাঙা-, উপাত্যয়।

নৈরাজ্য, অরাজকতা, অরাজক অবস্থা, বিশৃঙ্খলা [দ্র ৬৭০]। গোলমাল, বেহাল অবস্থা।

অবিচার(ক), কুবিচার, নির্বিচার, অন্যায় অবিচার, অনাচার।

অত্যাচার [দ্র ৬৮৮], দমন, পীড়ন, উৎপীড়ন।

প্রজাপীড়ন। দমননীতি, চণ্ডনীতি। কঠোর শাসন; দণ্ডপারুষ্য।

মগের মুলুক। তুঘলকি রাজত্ব। জঙ্গলের রাজত্ব।

বিণ· অপশাসিত, কুশাসিত।

অরাজক, বিশৃঙ্খল [দ্র ৬৭০], উচ্ছৃঙ্খল।

দমনমূলক, পীড়নমূলক [দ্র ৬৮৮]। স্বৈরাচারী, স্বৈর।

অগণতান্ত্রিক। সংবিধান বিরোধী, অসাংবিধানিক, সংবিধান বহির্ভূত; অবিধিবদ্ধ।

নিয়মবহির্ভূত, নিয়মবিরুদ্ধ, বিধিবিরুদ্ধ, আইনবিরুদ্ধ, অবৈধ, বেআইনি [৬৭০], অবিহিত, অবিধেয়, রীতিবিরুদ্ধ, রীতিবিগর্হিত, উৎসূত্র, প্রথাবিরুদ্ধ।

কালাপাহাড়ি।

বিণ·/বি· অপশাসক, কুশাসক; অত্যাচারী শাসক।

অত্যাচারী, পীড়ক [দ্র ৬৮৮]।

কালাপাহাড়।

স্বৈরাচারী।

ক্রি-বিণ· নির্বিচারে, বিনাবিচারে, অবৈধভাবে, বেআইনিভাবে, আইনভেঙে।

৬৬৬ অফিস

বি· অফিস [৩১৯], আপিশ, কার্যালয়, করণ, দপ্তর, সেরেস্তা; গদি; কাছারি। সেক্রেটারিয়েট। রেজিস্টার্ড অফিস। হেড অফিস। সাব অফিস; ব্রাঞ্চ অফিস, শাখা, ব্র্যাঞ্চ।

মহাকরণ।

কেরানিগিরি; কলমপেষা।

ফাইল। লালফিতে।

অফিসটাইম, অফিসের সময়।

বিণ· অফিসিয়াল। উচ্চপদস্থ, উচ্চপদস্থিত। নিম্নপদস্থ।

বিণ·/বি· অফিসার, আধিকারিক, উচ্চকর্মচারী; গেজেটেড অফিসার; আমলা।

পরিচালক, ডিরেক্টার, অধিকর্তা, তত্ত্বাবধায়ক, ম্যানেজার, কর্মাধ্যক্ষ, অধ্যক্ষ [দ্র ৬৬২]।

নিম্নপদস্থ কর্মচারী, সাধারণ কর্মচারী, কর্মচারী। কেরানি, করণিক, ক্লার্ক, নবিসিন্দা; বড়বাবু, হেডক্লার্ক; সেরেস্তাদার; বাবু।

বেয়ারা; আরদালি; পিওন; চাপরাসি।

৬৬৭ বিচারব্যবস্থা

বি· বিচারব্যবস্থা; বিচারপদ্ধতি।

আদালত, বিচারালয়, কোর্ট, বিচারশালা, বিচারস্থান, ন্যায়ালয়, কাছারি, ধর্মাধিকরণ, ন্যায়াধিকরণ, ধর্মাসন, দেয়ান, রাজদ্বার; এজলাস।

সুপ্রিম কোর্ট, উচ্চতম আদালত; হাইকোর্ট, উচ্চ আদালত; নিম্ন আদালত; ফৌজদারি আদালত, ক্রিমিনাল কোর্ট; দায়রা আদালত; দেওয়ানি আদালত; সিভিল কোর্ট; জজ কোর্ট; মুন্সেফি আদালত; শ্রম আদালত; সামরিক আদালত, কোর্ট মার্শাল; ট্রাইবুনাল; করোনার কোর্ট। কাজির বিচার। রাজদরবার; দরবার।

কাঠগড়া, কাটরা। আসামির কাঠগড়া। সাক্ষীর কাঠগড়া।

আইন [দ্র ৬৬৮]। শাস্তি [দ্র ৫৬৬]।

বিচার(ক) [৩৬১], বিচারণ, বিচারকার্য, বিচারণা ইনসাফ, রোয়েদাদ; বিনিশ্চয়, মূল্যায়ন। সুবিচার [২৫৫], সদ্বিবেচনা, সদ্বিচার। শুনানি। পুনর্বিচার, উত্তরবিচার।

বিহিত(ক), মীমাংসা(ক) [১৪৩, ৩৬১], সুরাহা(ক), নিষ্পত্তি(ক), ফয়সালা, রফা(ক), সোলে; মিটমাট(ক), আপোশ(ক); সালিশি, মধ্যস্থতা, মধ্যবর্তিতা, মধ্যস্থালি, মাধ্যস্থ্য, আরবিট্রেশন। আপোশনামা, সুরাহানামা, রফানামা।

রায়(দে) [২৮১], জাজমেন্ট, বিচারফল, ভারডিক্ট আজ্ঞপ্তি, হুকুম, হুকুমনামা; আদেশ [দ্র ২৮১]। বিহিতক [দ্র ২৮১]। অন্তর্বর্তী আদেশ, ইনজাংশন।

জজিয়তি(ক)। ওকালতি(ক), উকিলগিরি। মোক্তারি, মোক্তারগিরি।

ওকালতনামা; আমমোক্তারনামা, মোক্তারনামা। ব্রিফ। পাওয়ার অব অ্যাটর্নি।

মামলা(ক) [২৭৭], মোকদ্দমা, কেস(ক)। বিবাদ [দ্র ৬৮৬], বিরোধ; ফইজত। হকিয়ত। অভিযোগ(ক) [দ্র ২৭৭], নালিশ(ক); আর্জি; আইনের আশ্রয় নেওয়া-; উকিলের চিঠি দেওয়া-; মামলা ঠোকা-; ঠুকে দেওয়া-। আবেদন, পিটিশন; রিট আবেদন। থানায় ডায়েরি করা-, এফ আই আর; থানা-পুলিশ করা-; চার্জ, চার্জশিট। আপিল(ক)।

দায়রা সোপর্দ(ক); চালান(দে)।

ওয়ারেন্ট [৬৭২], গ্রেপ্তারি পরোয়ানা, পরোয়ানা, দস্তক; সমন (জারি ক), সপিনা [২৮১]।

সাক্ষ্য(দে), সাক্ষি(দে); শাহাদত; সুরতহাল; এজাহার, জবানবন্দি। জেরা(ক), জিজ্ঞাসাবাদ(ক) [৩৮১], ক্রস একজামিনেশন। মিথ্যাসাক্ষ্য, কপটসাক্ষ্য, কূটসাক্ষ্য, পরজারি।

এফিডেবিট, শপথনামা, হলফনামা।

অপরাধপ্রমাণ(ক), দোষী সাব্যস্ত(ক)। সাক্ষ্যপ্রমাণ; চাক্ষুষ সাক্ষী; প্রত্যক্ষপ্রমাণ, গোচরপ্রমাণ, সাক্ষাৎ প্রমাণ। শাস্তি [দ্র ৫৬৬], দণ্ডাদেশ, দণ্ডাজ্ঞা। জরিমানা করা-। তিরস্কার(ক) [দ্র ১১২]।

খালাস(দে), রেহাই (দে, পা), অব্যাহতি (দে, পা), নিষ্কৃতি, মুক্তি(পা) [৬৭৩], নির্দোষ প্রমাণ। রাজক্ষমা।

জামিন [২৮৪, ৭৩৩]।

উকিলসভা, বার, বারসমিতি; বার লাইব্রেরি।

বিণ· বিচার্য, বিচারণীয়, বিচারযোগ্য, বিচারসাধ্য।

বিচারাধীন, দরপেশ, আন্ডার ট্রায়াল।

আদালতি, আদালত সম্বন্ধীয়, বিচার সম্বন্ধীয়, ন্যায়িক।

ফৌজদারি; দেওয়ানি।

বিহিতযোগ্য, মীমাংসাসাধ্য, নিষ্পত্তিযোগ্য।

বিচারিত।

দণ্ডনীয় [দ্র ৫৬৬]।

খালাস, মুক্ত; নির্দোষ প্রমাণিত; বেকসুর খালাস।

বিণ·/বি· বাদী, অভিযোগকারী, অভিযোক্তা [দ্র ২৭৭],

ফরিয়াদি; আবেদক, আবেদনকারী।

বিবাদী, প্রতিবাদী, অভিযুক্ত [দ্র ২৭৭], আসামি, অপরাধী।

দণ্ডিত [৫৬৬], দণ্ডপ্রাপ্ত।

মামলাবাজ, মকদ্দমাবাজ, মকদ্দমাপ্রিয়।

সাক্ষী, প্রত্যক্ষদর্শী, শাহিদ, প্রত্যক্ষী, ইশাদি, স্বয়ংদ্রষ্টা, উপদ্রষ্টা, বৃত্তান্তজ্ঞ, প্রত্যক্ষকারী। উত্তরসাক্ষী, কূটসাক্ষী।

বিচারক, জজ, ন্যায়াধীশ [৫৪৫], ন্যায়পাল, লোকপাল, লোকায়োগ, ধর্মাবতার, ব্যবহর্তা, হাকিম, ন্যায়কর্তা, বিচারকর্তা, বিচারপতি, উদ্দণ্ডপাল, আধিকরণিক, অধিকরণিক, ধর্মাধিকরণ, ধর্মাধিকারী, ধর্মাধ্যক্ষ, ধর্মাসন, ন্যায়মূর্তি, অক্ষদর্শক, অক্ষদৃক, আক্ষপাটিক, জাস্টিস; প্রধান বিচারপতি; সেসন জজ, দায়রাজজ; সাবজজ; মুন্সেফ; কাজি। দণ্ডবিধাতা।

জুরি, জুরর।

সুবিচারক; সদ্বিবেচক।

মধ্যস্থ, সালিশ, প্রমাণপুরুষ, আরবিট্রেটর। রেফারি; আম্পায়ার।

আইনজ্ঞ, বিধিজ্ঞ [৬৬৮], বিধিবেত্তা, বিধানজ্ঞ, ব্যবহারজ্ঞ, বিধিনির্দেশক, কৃত্যবিদ্, আইনজীবী, ব্যবহারজীবী; আইনব্যবসায়ী; উকিল, ভোকিল; মোক্তার; ব্যারিস্টার; অ্যাডভোকেট, অধিবক্তা; কৌসুলি; সলিসিটার; অ্যাটর্নি, আমমোক্তার; নোটারি। কেরানি, মুহুরি। পেশকার। নাজির।

মক্কেল।

ডিক্রিদার।

জামিনদার।

৬৬৮ আইন

বি· আইন [৬৬৪], বিধান, কানুন, বিহিতক, ল, অধিনিয়ম, বিধি, অ্যাক্ট, রুল, রেগুলেশন, অনুবিধি, উপবিধি, বাই-ল; স্ট্যাটিউট; ধারা, উপধারা; বিল, বিধেয়ক। রাজনিয়ম, রাজবিধি, সরকারি আইন। ব্যবস্থা; ব্যবহার।

নিয়ম, নিয়মকানুন, বিধিব্যবস্থা, আইনকানুন, নিয়মাবলি, রুলস-রেগুলেশন। বাঁধাবাঁধি, ধরাকাট।

আচরণবিধি, ব্যবহারবিধি, কোড অব কন্ডাক্ট।

লিখিত আইন। অলিখিত আইন; সামাজিক আইন; রীতি, প্রথা [দ্র ৬০৯], রেওয়াজ, দস্তুর, দাঁড়া, ধারা।

আইনশৃঙ্খলা। আইনের শাসন। নিয়মের নিগড়।

আইনসভা [দ্র ৬৬৪]।

সুবিধান, সুবিধি, নীতি, ন্যায় [দ্র ৫৪৫], সুনীতি, সুনিয়ম।

কালাকানুন, ব্ল্যাক অ্যাক্ট, বে-আইন; কুনীতি, দুর্নয়।

সংবিধান, শাসনতন্ত্র, নিয়মতন্ত্র, কনস্টিটিউশন [দ্র ৬৬৪]।

অরডিন্যান্স, অধ্যাদেশ, হুকুমনামা [২৮১], হুকুমানা, ফরমান, নির্দেশনামা, অর্ডার, আদেশ, আদেশনামা, ফতোয়া; আদেশপত্র; রুল জারি(ক)।

আইনপ্রণয়ন, অধিনিয়মন, নিয়মন, ব্যবস্থাপন।

নিয়মপালন(ক), নিয়মানুবর্তিতা, নিয়মানুগত্য, আইন মেনে চলা-, আইন মানা-, আইনমাফিক চলা-; আইনের পথ।

আইনের চোখ, আইনের দৃষ্টি।

বৈধতা, ন্যায্যতা, আইনসংগতি।

বিধিশাস্ত্র, আইনশাস্ত্র, বিধানশাস্ত্র, ব্যবহারতত্ত্ব, ব্যবহারশাস্ত্র, ব্যবহার সংহিতা।

হিন্দু আইন [মিতাক্ষরা; দায়ভাগ; হিন্দুকোড]। মুসলমান আইন [শরিয়ত; হানিফি; মালিকি]। সামরিক আইন। আন্তর্জাতিক আইন। দেওয়ানি আইন। ফৌজদারি আইন।

ফরমুলা; সূত্র। প্রকৃতির নিয়ম, প্রাকৃতিক নিয়ম।

দণ্ডবিধি, পেনালকোড, দণ্ডনীতি।

কারফিউ(জারি ক), সান্ধ্যআইন। ১৪৪ ধারা প্রয়োগ(ক)।

বিণ· আইনসংগত, আইনসম্মত, বিধিসম্মত, আইনানুগ, আইনি, বিধানসম্মত, বিধিসংগত, বৈধ, বিধিগত, আইনানুগত, বিহিত, যথাবিহিত, ন্যায়সংগত, আইনসিদ্ধ, লিগাল; নিয়মাবদ্ধ, বিধিবদ্ধ, আইনবদ্ধ। হালাল, জায়েজ।

সাংবিধানিক, শাসনতন্ত্রসম্মত।

বাধ্যতামূলক, আবশ্যিক, ধরাবাঁধা।

প্রথাগত, দস্তুরমতো [দ্র ৬০৯], রীতিসম্মত।

বিধিসম্বন্ধীয়, বৈধেয়।

বিণ·/বি· আইনজ্ঞ, বিধিবেত্তা, বিধিদর্শী, বিধিজ্ঞ [দ্র ৬৬৭]। আইনজীবী [দ্র ৬৬৭]।

নিয়মনিষ্ঠ, নিয়মানুবর্তী, নৈয়মিক, নিয়মী, নিয়মপালক, নিয়মরক্ষক।

আইনপ্রণয়নকারী, বিধায়ক, বিধায়ী।

ক্রি-বিণ· আইনমাফিক, আইনমোতাবেক, আইনানুযায়ী, নিয়মমাফিক, নিয়মানুসারে, নিয়মানুযায়ী, যথাবিধি, বিধিমতো, বিধিপূর্বক, যথান্যায়, যথারীতি, যথাশাস্ত্র, বিধানানুসারে; আইনত, ন্যায্যত, ন্যায়ত; প্রথামতো, প্রথামাফিক, রীতি অনুযায়ী, দস্তুরমতো।

৬৬৯ শৃঙ্খলা

বি· শৃঙ্খলা, ডিসিপ্লিন [৫২৪], সুশৃঙ্খলা। নিয়ম [দ্র ৬৬৮]।

শৃঙ্খলাপরায়ণতা; নিয়মানুবর্তিতা, নিয়মানুগত্য [দ্র ৬৬৮]।

কড়াকড়ি [দ্র ৬৬৪]। বিধি, আইন [দ্র ৬৬৮]। ধারাবাহিকতা [দ্র ১৩৭]। শাসন [দ্র ৬৬৪]। পারিপাট্য, সুবিন্যাস [দ্র ৫২৪]।

রুটিন, সময়সারণি, টাইমটেবল।

বর্গ, শ্রেণী।

পঙ্‌ক্তি [দ্র ৪৬২], সারি, বিঞ্জোলী, লাইন, কিউ; পাঁতি।

বন্দোবস্ত করা-, সাব্যস্ত করা-।

মিতাচার [দ্র ২২২]।

বিণ· বিন্যস্ত, সুবিন্যস্ত [দ্র ৫২৪]। পরিপাটি [দ্র ৫২৪]।

ধারানিবদ্ধ, প্রণালীবদ্ধ, ধারাবদ্ধ।

সারবন্দী, সারিবদ্ধ, সারিবন্দী, শ্রেণীবদ্ধ, পঙ্‌ক্তিবদ্ধ, পাঙ্‌ক্ত।
ধারাবাহিক [দ্র ১৩৭]। নিয়মানুগ [দ্র ৬৬৮]।
বিণ-/বি· শৃঙ্খলাপরায়ণ।
ক্রি-বিণ· সুশৃঙ্খলভাবে। রুটিনমাফিক।
সারদিয়ে, সারে সারে, সারেসার, সারিবদ্ধভাবে, লাইন দিয়ে; সারি সারি।

৬৭০ বিশৃঙ্খলা

বি· বিশৃঙ্খলা [৩৩১], বিশৃঙ্খল অবস্থা; গোলমাল, গোল, গোলযোগ, ডামাডোল, হট্টগোল, হৈ চৈ, হৈ হল্লা, হল্লা; বিশৃঙ্খলতা [৫২৫]; অশান্তি; বিভ্রান্তি।
বেবন্দোবস্ত, অব্যবস্থা [দ্র ৩৩১], অকটকিনা।
শান্তিভঙ্গ করা-, শান্তি বিঘ্নিত করা-।
অরাজকতা, অরাজক অবস্থা, অনাসন; নৈরাজ্য; মগের মুলুক।
ঘোঁট(পাকানো-); পাক, পাকচক্র; জটিল করা-, জট পাকানো-, জগাখিচুড়ি(পাকানো-), তালগোল(পাকানো-); জলঘোলা করা-; প্যাঁচ, প্যাঁচ হওয়া-, বিভ্রান্তি সৃষ্টি করা-; ঘুরিয়ে নাক দেখানো-।
উচ্ছৃঙ্খলতা [২২৩, ৫৬৩]; যথেচ্ছাচার, স্বেচ্ছাচার, অমিতাচার [দ্র ৫৬৩]।
অসংযম [দ্র ২২৩]। বিক্ষোভ, আন্দোলন [দ্র ৬৯৫]। দাঙ্গা, হাঙ্গামা [দ্র ৬৯৬]।
ফ্যাসাদ [দ্র ৬৮২]। বিরোধ, বিসংবাদ [দ্র ৬৮৬]। সংঘর্ষ [দ্র ৬৯৬]।
সমস্যা, জটিলতা [দ্র ৬৮২]। ধাঁধা, গোলকধাঁধা। অনিয়ন্ত্রণ [দ্র ৩৬৫]।
হরতাল, বন্ধ, বন্‌ধ্‌, স্ট্রাইক [দ্র ৩২৪]। অনশন; অরন্ধন। উৎপাত, উপদ্রব [দ্র ৬৮৮]।
হুটোপাটি(ক), হুড়োহুড়ি(ক), হুড়ুদ্দুম, হুজ্জত, হুজ্জতি। লণ্ডভণ্ড(ক), তছনছ(ক)।
ব্যত্যয়, ব্যতিক্রম [দ্র ২৬১], অন্যথা।
ক্রমভঙ্গ, পর্যায়চ্যুতি, উৎক্রম [২৬৫], অক্রম, প্রতিক্রম; ছত্রভঙ্গ(ক), ছত্রকার, ছোড়ভঙ্গ, ছত্রখান।
অবৈধতা [দ্র ৬৬৫]।
বিণ· বিশৃঙ্খল, শৃঙ্খলাহীন।
গোলমেলে, গোলযোগপূর্ণ; অশান্তিকর, অশান্তিপূর্ণ। বিভ্রান্তিমূলক, বিভ্রান্তিকর।
অরাজক, শাসকহীন; রাজাহীন; অশাসিত, অচ্ছত্র।
অনিয়ন্ত্রিত, নিয়ন্ত্রণহীন।
বেআইনি [দ্র ৬৬৫, ২৭৩]।
অবিন্যস্ত, এলোমেলো [দ্র ৫২৫]। অন্যায় [দ্র ৫৪৬]। অশাসনীয়, অশাস্য।
বিণ-/বি· বিশৃঙ্খল, উচ্ছৃঙ্খল।
যথেচ্ছাচারী, স্বেচ্ছাচারী [৯৬, ৫৬৩]।
আইনঅমান্যকারী, আইনভঙ্গকারী; আইনবিরোধী।
ক্রি-বিণ· গোলমালে, তালেগোলে।

৬৭১ আরক্ষা

বি· আরক্ষা, আরক্ষণ।
রক্ষা(ক), রক্ষণ, সংরক্ষণ [দ্র ১২৮]; রক্ষণাবেক্ষণ(ক), উপরক্ষণ; সামলানো-, আগলানো-; বাঁচানো-।
প্রতিরক্ষা, প্রতিরক্ষণ, দেশরক্ষা, ডিফেন্স; প্রতিরক্ষা বিভাগ। সেনাবাহিনী, সৈন্যবাহিনী [দ্র ৬৯৭]।
প্রহরা, পাহারা(দে) [৩৪১], গার্ড(দে), নজরদারি(ক), চৌকিদারি; দারোয়ানি, প্রাতিহার।
নিরাপত্তা [২৭০], নির্বিঘ্নতা, সুরক্ষা। নিরাপত্তা বিধান(ক)। বিপদমুক্তি; বিপদশূন্যতা। অভেদ্যতা, দুর্ভেদ্যতা। শান্তিরক্ষা(ক), শান্তিরক্ষণ।
রক্ষাকবচ, বর্ম [দ্র ৫৪১]। সতর্কতা, সাবধানতা [দ্র ৩৪১]। তত্ত্বাবধান [দ্র ৬৩৭]। প্রতিরোধ [দ্র ৬৯৪]। কারাগার [দ্র ৬৭২]। সৈন্য, সেনা [দ্র ৬৯৭]।
থানা, কোতোয়ালি, আরক্ষ, পুলিশস্টেশন; ফাঁড়ি। হাজত [দ্র ৬৭২]।
চৌকি, পুলিশচৌকি; পিকেট।
পুলিশ, পুলিশবাহিনী, আরক্ষাবাহিনী; কনস্টবল [৬৬২], আরক্ষী, আরক্ষিক, সিপাই, সিপাহি; ট্রাফিকপুলিশ; পাহারাওয়ালা। দারোগা; বড় দারোগা; ছোট দারোগা। হাবিলদার; সুবেদার; জমাদার; দফাদার।
দুর্গ, কেল্লা, কিল্লা, গড় [৬৯৭], ফোর্ট, কুট, কোট। কুটাগার, অট্টাল, অট্টালক। বুরুজ, কঙ্গুরা। গুমটি, গুমটিঘর।
প্রাকার, দেওয়াল, প্রাচীর [১৯০·১০]; বেড়া [৫১৮, ৫১৩], বেষ্টনী, কাঁটাতারের বেড়া; ব্যারিকেড।
জলদুর্গ, অব্দুর্গ; পরিখা, খাদ, গড়খাই, গড়খাত, গড়খানা, প্রতিকূপ, মুরচা।
ব্যূহ; চক্রব্যূহ; ট্রেঞ্চ; বাংকার। পিলবক্স।
স্ট্রংরুম; ভল্ট, সিন্দুক, মঞ্জুষা। লকার। সেফডিপোজিট ভল্ট। তালা, কুলুপ; চাবি; তালাচাবি; গা তালা; টেপা তালা; নম্বর তালা; ল্যাচ; মরটিস লক।
বেড়ি; হাতকড়া, হাতকড়ি, হ্যান্ডকাফ।
বিণ· সুরক্ষিত, রক্ষিত, সংরক্ষিত [দ্র ১২৮]।
রক্ষণীয়, রক্ষ্য [দ্র ১২৮]।
প্রহরাধীন। নজরবন্দী।
নিরাপদ, নিরুপদ্রব, নির্বিঘ্ন, আপদশূন্য। নিরাপত্তামূলক।
দুর্ভেদ্য, অভেদ্য।
পুলিশি, কোটালি।
বিণ-/বি· রক্ষক, সংরক্ষক [দ্র ১২৮]।
রক্ষী, প্রহরী, আরক্ষী; পাহারাদার, পাহারাওয়ালা, চৌকিদার, প্রাহরিক, নকিবদার, কোতোয়াল, কোটাল, সাহানা; নজরদার, উপদর্শক; দারোয়ান, দ্বারী [১৯০·৬], দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারদর্শক, দ্বারবান, দ্বারিক, দ্বারাধ্যক্ষ, দ্বাররক্ষী, দরোয়ান, গেটকিপার, দৌবারিক, দুয়ারী, গর্বাট; দণ্ডপাল, দণ্ডপালক, প্রতিহার, প্রতিহারী, ক্ষত্তা, সান্ত্রী, গার্ড, সেন্ট্রি; নৈশপ্রহরী, নিশিপালক, নাইটগার্ড, নাইট ওয়াচম্যান।
পুররক্ষ, পুররক্ষক, পুররক্ষী। নিরাপত্তারক্ষী।
শান্তিরক্ষক, শান্তিরক্ষী; শান্তিরক্ষীবাহিনী।

দেহরক্ষী, উপরক্ষ, বডিগার্ড।
পাইক; বরকন্দাজ, পেয়াদা, পিয়াদা।
ন্যাসরক্ষক, ন্যাসপাল; ভাণ্ডারী; হাওলাদার।
অন্তঃপুর রক্ষক, অন্তর্বংশিক; খোজা, খোজাপ্রহরী; চেড়ী, চেটী, অন্তঃপুর রক্ষিকা।
ক্রি-বিণ· প্রহরায়; পুলিশ প্রহরায়।
নিরাপদে, নির্বিঘ্নে।
সুরক্ষিতভাবে।

৬৭২ অবরোধন

বি· অবরোধন, অন্তরণ, অন্তরায়ণ।
অবরোধ(ক), রোধ, বাধা [দ্র ৬৯৪]। আটকানো- [দ্র ৫১৮], নিষ্কুট, রোক।
ঘেরাও(ক), ঘিরে ফেলা। চারদিক থেকে ঘেরা-; পালাবার পথ বন্ধ করা-।
ধরা-, পাকড়াও(ক), গ্রেপ্তার(ক) [৩৬২], অ্যারেস্ট(ক); হাতেনাতে ধরা-; বমাল গ্রেপ্তার(ক), ধরা পড়া-; ধরপাকড়। গ্রেপ্তারি পরোয়ানা [দ্র ৬৬৭], ওয়ারেন্ট, হুলিয়া [২৮১]।
বন্দিত্ব, বন্দীদশা, কয়েদ। হাজতবাস(ক), জেলবাস(ক), কারাবাস; শ্রীঘরবাস; জেলের ভাতখাওয়া-। জেলখাটা [৫৬৬]।
জেলে যাওয়া-, কারাবরণ(ক)। কারাদণ্ড।
হাজতে পোরা-; জেলে পোরা-; গারদে ঢোকানো-।
হাজত; থানাহাজত; জেলহাজত; লকআপ; গারদ; ফাটক; সেল।
জেল, কারাগার, কারা, জেলখানা, হাবুজখানা, কারাবেশ্ম, হরিণবাড়ি; শ্রীঘর; বন্দীশালা; কয়েদখানা, বন্ধনাগার, বন্ধনালয়, বন্ধনশালা, বন্ধনবেশ্ম।
পিঁজরাপোল, খোঁয়াড়। খাঁচা, পিঞ্জর, পিঁজরা।
বিণ· অবরুদ্ধ, অন্তরাবদ্ধ, অন্তরায়িত; আবদ্ধ, আটক(ক) [৫১৮], প্রতিরুদ্ধ, সংরুদ্ধ, নিরুদ্ধ, অমুক্ত।
ধৃত, আটক।
শৃঙ্খলিত [৩৬৩], শৃঙ্খলাবদ্ধ, শৃঙ্খলবদ্ধ।
গ্রেপ্তারি; গ্রেপ্তারযোগ্য।
বিণ·/বি· অবরোধক, অবরোধকারী, রোধী, রোধকারী, রোধক; ঘেরাওকারী।
বন্দী, অন্তরীণ(ক)।
কারারুদ্ধ, কারাবন্দী; কয়েদি।
গৃহবন্দী।
যুদ্ধবন্দী। রাজবন্দী, রাজনৈতিক বন্দী। নজরবন্দী।
ক্রি-বিণ· বমাল (গ্রেপ্তার) [৫৬৪], চোরাইমাল সহ।

৬৭৩ মুক্তি

বি· মুক্তি(দে, পা) [৭০০], অবন্ধন, ছাড়ান, ছাড়া পাওয়া-, নিস্তার(পা), রেহাই(পা), অব্যাহতি(দে, পা); পরিত্রাণ, উদ্ধার, ত্রাণ [দ্র ৬৮০], বাঁচোয়া। হাঁফছাড়া, হাঁফছেড়ে বাঁচা-।
খালাস(দে, পা), মুক্তিদান, রেয়াত, অবমোচন, মোচন, বিমোচন, মোক্ষণ, ছেড়ে দেওয়া-, ডিসচার্জ।
শৃঙ্খলমুক্তি; শিকল ছেঁড়া।
বন্দীমুক্তি; জেল থেকে ছাড়া পাওয়া-; কারামুক্তি, ছুটি।
জামিনে খালাস; জামিন [২৮৪]।
জেলপালানো-, জেল ভাঙা।
অনবরোধ [দ্র ৭০০]। মাপ, ক্ষমা [দ্র ২৪০]। স্বাধীনতা [দ্র ৬৫৭]। মোক্ষ [দ্র ৫৯৯], নির্বাণ।
মুক্তিপত্র, মুক্তিনামা, ইনফসলি; ছাড়পত্র [১৭৮, ২৭৯]।
বিণ· মুক্ত, বিমুক্ত, নির্মুক্ত।
মোচিত, বিমোচিত।
মোচনযোগ্য, মোচ্য, ছেড়ে দেওয়ার মতো।
বিণ·/বি· মুক্তিপ্রাপ্ত, নিস্তারপ্রাপ্ত, অব্যাহতিপ্রাপ্ত, উদ্ধারপ্রাপ্ত।
মুক্তিদাতা [৬৮০], মুক্তিদানকারী, নিস্তারক, নিস্তারকারী।
জামিনদার; জামিনদাতা।

২৭ হিত-সহযোগিতা-সংঘাত

৬৭৪ মঙ্গল

বি· মঙ্গল(ক), শুভ, কল্যাণ, ঋদ্ধি, হিত, ক্ষেম, ভদ্র, ভবিক, অরিষ্ট, অভ্যুদয়, শিব, যোগক্ষেম, নিঃশ্রেয়স, শম; কুশল, সু, ভালো [দ্র ৫৫৬]।
সুফল, সুপরিণাম।
মঙ্গলসাধন(ক), হিতসাধন(ক), কল্যাণসাধন(ক); উপকার [দ্র ৬৮৩]। অনিষ্টনাশ, অনিষ্টনাশন। সাহায্য [দ্র ৬৮৩]। পরোপকার [দ্র ৬৮৩, ৩২০]।
মঙ্গলকামনা(ক), কল্যাণকামনা(ক), কল্যাণেচ্ছা, কল্যাণাকাঙ্ক্ষা। কুশলকামনা(ক), প্রিয়চিকীর্ষা, হিতেচ্ছা, হিতকামনা(ক), আশংসন, হিতাকাঙ্ক্ষা(ক), হিতৈষণা, হিতৈষিতা, হিতৈষা, মঙ্গলাকাঙ্ক্ষা, শুভাকাঙ্ক্ষা; শুভকামনা(ক) [৩৮২], শুভেচ্ছা [৬১০]।
মঙ্গলজিজ্ঞাসা, কুশলপ্রশ্ন, কৌশলিকা। মঙ্গলদৃষ্টি, ধন্যদৃষ্টি।
শুভানুধ্যান, শুভানুধ্যায়িতা।
আশীর্বাদ(ক) [৬০৫], আশিস, শুভাশিস, শুভাশীর্বাদ; আশীর্বাণী, আশীর্বচন, স্বস্তিবচন। ধানদূর্বা।
হিতবচন, হিতকথা, হিতাশংসা, হিতাশংসন, মঙ্গলবচঃ।
সুখ [দ্র ৮৩]। সৌভাগ্য [দ্র ৬৭৭]। সমৃদ্ধি [দ্র ৭৩৪]। উন্নতি, শ্রীবৃদ্ধি, উদ্বর্তন [দ্র ৭৪৭]।
মঙ্গলচিহ্ন, সৌভাগ্যচিহ্ন, শুভচিহ্ন, স্বস্তিক, বসুধারা;

সুলক্ষণ, শুভলক্ষণ [৩৮৫], সুরেখা, সৌলক্ষণ্য। কল্যাণীমূর্তি।

শুভসূচনা, শুভসূচন; সাহিত(ক); মহরত।

শুভানুষ্ঠান, হিতানুষ্ঠান, মঙ্গলকার্য, মাঙ্গলিককর্ম, মঙ্গলোৎসব, মঙ্গলিতা, মঙ্গলন, মঙ্গলাচারণ, মঙ্গলাচার, নান্দী, শুভউৎসব, শুভকর্ম, শুভকাজ, শুভকার্য; প্রশস্তকর্ম, সদনুষ্ঠান, সৎকর্ম, সৎকাজ, সৎকার্য।

শুভচেতনা, শুভবুদ্ধি, শুভবোধ; সুবুদ্ধি; সদিচ্ছা, সদভিপ্রায়।

শুভব্রত, কল্যাণব্রত, হিতব্রত; শুভসংকল্প।

কল্যাণপ্রাপ্তি, শ্রেয়োলাভ, ইষ্টলাভ।

অষ্টমঙ্গল [ব্রাহ্মণ; গো; অগ্নি; সুবর্ণ; ঘৃত; সূর্য; জল; রাজা]।

বিণ· মঙ্গলদায়ক, মঙ্গলকর, হিতকর, মঙ্গলকারক; মঙ্গলযুক্ত, শস্ত, হিতকারী, প্রিয়ংকর।

মাঙ্গলিক, আভ্যুদয়িক।

মাঙ্গল্য, মঙ্গলময়, কল্যাণকর, কল্যাণময়, কল্যাণকরী, কল্যাণপ্রদ, শুভপ্রদ, কল্যাণজনক, শুভকর, শুভংকর, শুভদ, শুভদায়ক; ক্ষেমকার, ক্ষেমকর, ক্ষেমংকর; শিবকর, শিবংকর।

শ্রেয়স্কর, শ্রেয়োজনক।

পয়মন্ত, পয়া। সর্বশুভদ, সর্বমঙ্গল্য।

সমৃদ্ধ [দ্র ৭৩৪]। উন্নত, সমুন্নত [দ্র ৭৪৭]। শ্রীময় [দ্র ৭৪৭]। উপকৃত [দ্র ৬৮৩]।

আশীর্বাদী, আশীর্বাচক; আশীর্বাদীয়।

বিণ·/বি· মঙ্গলকারী, মঙ্গলবিধায়ক, ক্ষেমবান; মঙ্গলময় [দ্র ৫৭৬]।

মঙ্গলাকাঙ্ক্ষী, হিতাকাঙ্ক্ষী, হিতৈষী, হিতাশী, হিতার্থী [দ্র ৬৮৩], শুভার্থী, শুভাকাঙ্ক্ষী, শুভানুধ্যায়ী, মঙ্গলকামী, কল্যাণকামী, প্রিয়চিকীর্ষু, ক্ষেমদর্শী, শুভবাদী।

আশীর্বাদক, আশীর্বাদকারী।

আশীর্বাদপ্রার্থী। আশীর্বাদভাজন; আশীর্বাদধন্য, আশীর্বাদপ্রাপ্ত, আশিসধন্য।

কল্যাণী, কল্যাণবতী, কল্যাণময়ী।

কল্যাণভাজন, কল্যাণাস্পদ।

৬৭৫ অমঙ্গল

বি· অমঙ্গল, অকল্যাণ, অশুভ, অহিত, অকুশল, কু, অশিব, শিবেতর, অক্ষেম; রিষ্ট, রিষ্টি, বালাই, নিছনি, অশাত, অশকুন।

অনিষ্ট(ক), অনর্থ, অত্যনিষ্ট, অত্যহিত, ক্ষতি, ক্ষয়, হানি [দ্র ৭৪৪], অনয়।

কুফল [৩৫০], কুপরিণাম, মন্দফল।

অপকার(ক), অপকৃতি, অপক্রিয়া, বিপ্রকার, অনুপকার, অহিতাচার, অহিতাচরণ, অনিষ্টাচরণ, অনিষ্টপাত।

অমঙ্গলকামনা(ক). [৩৮৯], অশুভাকাঙ্ক্ষা, অশুভকামনা, অপধ্যান; অনিষ্টচিন্তন, অনিষ্টচিন্তা(ক); অপচিকীর্ষা, অপকারেচ্ছা। অভিশাপ [দ্র ১১৩]। কু ডাকা, কু গাওয়া-। অমঙ্গলাশঙ্কা; অসচ্চিন্তা।

অভিসন্ধি [দ্র ৬৮৫]। তুক করা-, তুকতাক করা-; বাণ মারা-।

দুর্গ্রহ [৬৭৮], গ্রহবৈগুণ্য, দুষ্টযোগ, গ্রহবিপাক, দুর্দৈব, দুষ্টগ্রহ, অশুভগ্রহ, পাপগ্রহ, কুগ্রহ, অপগ্রহ; গ্রহদোষ, গ্রহের ফের, দৈবের ফের, দৈবদোষ, ঋষ্টি; শনির দশা, শনির দৃষ্টি [৫৭৮·১৪]; অলক্ষ্মীর দৃষ্টি, অলক্ষ্মীর দশা [দ্র ৬৭৮]। বিপাক, বিপত্তি, বিপদ [দ্র ৬৭৯] গেরো, কুচক্র। দুর্ভাগ্য [দ্র ৬৭৮]।

অভিচার [মারণ; মোহন; স্তম্ভন; বিদ্বেষণ; উচ্চাটন, উচাটন; বশীকরণ]।

অলক্ষণ, কুলক্ষণ, অত্যাহিত, অশুভলক্ষণ, দুর্লক্ষণ, নির্লক্ষণ, দুর্নিমিত্ত, অশুভচিহ্ন [৩৮৯], অজন্য। প্যাঁচা। কাক। কালোবেড়াল।

অযাত্রা, কুযাত্রা, অশুভযাত্রা; কুযোগ; অশুভযোগ, অযোগ; অশ্লেষা; মঘা; শনি; বারবেলা; বৃহস্পতিবারের বারবেলা; দিকশূল, নক্ষত্রশূল; দিনদগ্ধা; মাসদগ্ধা; তিথিদগ্ধা; কালবেলা।

বিণ· অমঙ্গলকর, অমঙ্গলজনক, অমঙ্গলসূচক, অমঙ্গল্য, অশুভ, অশুভসূচক, অশুভকর, অশুভদ্যোতক, ঋষ্ট, অকল্যাণকর, অহিতকর, অশ্রেয়স্কর, অশ্রেয়, অশুভংকর, অস্বস্ত্য।

ক্ষতিকর, অনিষ্টকর, অনিষ্টজনক, অনিষ্টকারক, অনর্থকর, অগুণকারক, অপকারী [৭৪৪], ক্ষতিকারক, হানিকর [৭৪৪]; অপ্রশস্ত [দ্র ৫৪৬]। খারাপ, মন্দ [দ্র ৫৫৭]। সর্বনেশে, মারাত্মক [দ্র ৫৮]। সাংঘাতিক [দ্র ২৩৪]।

অলক্ষণে, অলক্ষুণে, কুলক্ষুণে; অপয়া; অনামুখ, অনামুখো; অশুভদর্শন; অলক্ষ্মী; গ্রহাবিষ্ট, কালকর্ণী, শরারু। মুখ দেখলে হাঁড়ি ফাটে।

বিণ·/বি· অমঙ্গলকারী, অহিতকারী, অনিষ্টকারী।

অপকর্তা, কৃতাপকার, অপকারকারী, অপকারক, অনুপকারী; অপচিকীর্ষু, অপকারার্থী।

অপকৃত, অনুপকৃত; ক্ষতিগ্রস্ত [দ্র ৭৪৪]।

৬৭৬ ভাগ্য

বি· ভাগ্য, অদৃষ্ট, বিধি, দৈব, দিষ্ট, কপাল, ললাট, বরাত, নসিব, তকদির, কিসমত, বখত, ভাগধেয়, প্রাক্তন; নিয়তি, ভবিতব্য, ভবনীয়।

অদৃষ্টাকাশ, ভাগ্যাকাশ।

দৈবযোগ, দৈবগতি, সুরগতি।

সৌভাগ্য [দ্র ৬৭৭]। দুর্ভাগ্য [দ্র ৬৭৮]।

কর্তার ইচ্ছা; ভগবানের ইচ্ছা, আল্লার ইচ্ছা, তাঁর ইচ্ছা, ঈশ্বরেচ্ছা, ওপরওয়ালার ইচ্ছা।

কর্ম, কর্মফল, ক্রিয়াফল, কর্মভোগ [৬৭৮]; কর্মবন্ধ, কর্মবন্ধন, কর্মপাশ; প্রাক্তনকর্ম, প্রাগদৃষ্ট, শুভাশুভকর্ম।

ভাগ্যলিপি, অদৃষ্টলিপি, কপালের লেখা, ললাটলিপি, ললাটলিখন, ভাগ্যের লেখা, বিধিলিপি; বিধির বিধান, ভাগ্যের বিধান, লালটিক।

অদৃষ্টচক্র, ভাগ্যচক্র; দৈবচক্র।

ভাগ্যপরিবর্তন। লটারি, সুরতি।

দৈবক্ষণ, সুসময় [দ্র ১৬১]।

ভাগ্যদেবতা, ভাগ্যবিধাতা, ভাগ্যনিয়ন্তা; অদৃষ্টপুরুষ, বিধাতাপুরুষ [দ্র ৫৭৬]; ভাগ্যদেবী, ভাগ্যবিধাত্রী; ভাগ্যলক্ষ্মী।

ভাগ্যপরীক্ষা(ক), ভাগ্যনির্ণয়, ভাগ্যনিরূপণ, ভাগ্যগণনা(ক), অদৃষ্টবিচার, অদৃষ্টগণনা(ক); অদৃষ্টপরীক্ষা(ক); হাতদেখা-, হস্তরেখাবিচার, হাতগোণা-, করকোষ্ঠীবিচার; কুষ্ঠিবিচার, জ্যোতিষবিচার, জ্যোতিষগণনা; খড়িপাতা-; সামুদ্রিক বিচার।

কররেখা, হস্তরেখা, হাতের রেখা; করকোষ্ঠী, করকুষ্ঠি।

কুষ্টি, কুষ্ঠি, কোষ্ঠী; জন্মপত্রিকা, জন্মপত্র [৫৬], জন্মকুণ্ডলী; ঠিকুজি; ঠিকুজিকুষ্ঠি।

ঈশ্বরাদেশ, ঈশ্বরাজ্ঞা।

দৈববাণী [২৮১], দেববাণী, দেবভাষিত, দৈববাক্য, চিত্রোক্তি; দেবাদেশ, প্রত্যাদেশ; আকাশবাণী, আকাশভাষিত, আকাশবচন, আকাশভারতী, পুষ্পশকটী; অশরীরীবাক, অশরীরীবাণী।

ভাগ্যনির্ভরতা, ভাগ্যবিশ্বাস; অদৃষ্টবাদ।

বিণ· ভাগ্যনির্ভর, ভাগ্যচালিত, অদৃষ্টচালিত, নিয়তিচালিত, নিয়তিনির্ভর, ভাগ্যশাসিত, দৈবচালিত, দৈবশাসিত; বিধিনির্দিষ্ট।

ভাগ্যায়ত্ত, ভাগ্যাধীন, ভাগী, দৈবাধীন, দৈবায়ত্ত, দৈষ্টিক, অদৃষ্টায়ত্ত, কর্মাধীন।

কাকতালীয়, আপতিক।

বিণ·/বি· ভাগ্যবিশ্বাসী, ভাগ্যবাদী, অদৃষ্টকারী, নিয়তিবাদী; প্রাক্তনবাদী।

জ্যোতিষী, গণক, গণকঠাকুর, গণৎকার [১৫৫], ক্ষণদ, গুণিন, গণকার, গণনাকারী; দৈবজ্ঞ, দৈবচিন্তক, দৈবলেখক, গ্রহবিপ্র, কার্তান্তিক, মৌহূর্ত, জান, বর্ষকোষ, গ্রন্থিক; ভাগ্যগণনাকারী; হস্তরেখাবিশারদ; গ্রহাচার্য; নক্ষত্রযাজক; নিমিত্তজ্ঞ, চিহ্নজ্ঞ, শকুনজ্ঞ, শাকুন, শাকুনিক; লাক্ষণ্য, লাক্ষণিক।

ভাগ্যবান [দ্র ৬৭৭]।

ক্রি-বিণ· ভাগ্যক্রমে [১২৬], অদৃষ্টক্রমে, দৈবক্রমে, ভাগ্যবশত, ভাগ্যগুণে, ভাগ্যে, ভাগ্যিস, কপালগুণে, ভাগ্যের জোরে, কপালজোরে, বরাতজোরে, কপালক্রমে, অদৃষ্টবশত। দৈবগুণে, দৈবযোগে, দৈববশত, দৈববশে, দৈবগতিকে; দৈবাৎ। ছুটকা।

সৌভাগ্যক্রমে।

কপালঠুকে।

৬৭৭ সৌভাগ্য

বি· সৌভাগ্য, ভাগ্যগুণ, ভাগ্যবল, শুভাদৃষ্ট, কপালগুণ, কপালজোর, বরাতজোর, কপালের জোর, জোরকপাল, জোরবরাত, ভাগ্য ভালো, বরকত। ভাগ্যলক্ষ্মী [৬৭৬], সৌভাগ্যলক্ষ্মী। সৌভাগ্যসূর্য; সুখরবি, সুখসূর্য। পয়।

ভাগ্যোদয়, পুণ্যোদয়, সৌভাগ্যসঞ্চার, কপাল ফেরা-, সুদিনের মুখ দেখা-, দিন ফেরা-, ভালো দিন আসা-, সময় ভালো যাওয়া-। আকাশ হাতে পাওয়া-। হাতে চাঁদ(পা)।

সৌভাগ্যচিহ্ন, সৌভাগ্যলক্ষণ। সুখ [দ্র ২২৪]।

বিণ· সৌভাগ্যজনক, সৌভাগ্যকর।

বিণ·/বি· ভাগ্যবান [৬৭৬], ভাগ্যবন্ত, ভাগ্যমন্ত, সৌভাগ্যবান, সৌভাগ্যশালী, ভাগ্যিমান, সুভগ, সুভদ্র, অদৃষ্টবান, ভাগ্যজয়ী; লক্ষ্মীমন্ত, পয়মন্ত, পৈয়া; কপালে, কপালিয়া; ক্ষণজন্মা, লগনচাঁদা।

ক্রি-বিণ· সৌভাগ্যক্রমে, সৌভাগ্যবশত, বরাতজোরে [দ্র ৬৭৬]।

৬৭৮ দুর্ভাগ্য

বি· দুর্ভাগ্য, দুরদৃষ্ট, অভাগ্য, মন্দভাগ্য, দৌর্ভাগ্য, নির্ভাগ্য, মন্দকপাল, ভাগ্যহীনতা, ভাগ্যদোষ, পোড়াকপাল, দগ্ধভাগ্য, বদনসিব, বদবখতি, গরদিশ; ভাঙা কপাল, ছাইচাপা কপাল, পাথরচাপা কপাল।

ভাগ্যের ফের, কপালের ফের, ভাগ্যবিড়ম্বনা, কপালের দোষ; অদৃষ্টের পরিহাস, বিধিবাম, বিধিবিড়ম্বনা, অদৃষ্টের ফের।

দুর্গ্রহ [৬৭৫], দুর্দৈব, কুগ্রহ, গ্রহের ফের, শনির দৃষ্টি, অলক্ষ্মীর দৃষ্টি, রাহুর দশা।

শনির দশা, অলক্ষ্মীর দশা; সময় খারাপ যাওয়া-।

নজর লাগা-। নজর দেওয়া-, কু ডাকা-।

ভাগ্যবিপর্যয়, কপালভাঙা-; অবস্থা বিপর্যয়, অবস্থার ফের; দুঃখের দিন, তঙ্কন, দুঃখে পড়া-, কষ্টভোগ(ক), কষ্টপাওয়া-, দুঃখকষ্ট(পা); চিরদুঃখ, জন্মদুঃখ।

ফাঁড়া-, রিষ্টি; বিপদ [দ্র ৬৭৯]। অমঙ্গল [দ্র ৬৭৫]। ক্ষতি [দ্র ৭৪৪]।

অদৃষ্টের বন্ধন, কর্মের ফের, কর্মদোষ, কর্মবিপাক, কর্মফল [৬৭৬], কর্মভোগ। পূর্বজন্মের পাপের ফল, জন্মান্তরের দোষ। স্বখাত সলিল; খালকেটে কুমির আনা-।

পাপের ফল, পাপের শাস্তি [দ্র ৫৮৮], অকর্মণ্য ভোগ।

অশুভকামনা(ক), অমঙ্গলকামনা(ক) [১১৩]; অভিশাপ [দ্র ১১৩]।

অশুভচিহ্ন, অমঙ্গলচিহ্ন; অশুভসংকেত, অমঙ্গলসংকেত। কালোছায়া; অশুভ ইঙ্গিত।

বিণ· দুর্ভাগ্যপীড়িত, দুর্ভাগ্যলাঞ্ছিত, দুর্ভাগ্যজনিত।

বিণ·/বি· দুর্ভাগা, অভাগা, ভাগ্যহীন, হতভাগ্য, মন্দভাগ্য, অভাগ্য, দুরদৃষ্ট, দুর্ভগ, হতভাগা, ভাগ্যচ্যুত, ভাগ্যবিড়ম্বিত, দৈবোপহত, কপালপোড়া, মন্দকপাল, পোড়াকপালে, পোড়াকপালিয়া, আটকপালে [৭৩৬], বদবক্ত, বদবখ্‌ত, কমবক্ত, কমবখ্‌ত, অল্পভাগ্য, উনপাঁজুরে; অভাগী, আবাগি। বেচারা।

হতশ্রী, হতচ্ছাড়া, লক্ষ্মীছাড়া, নষ্টশ্রী।

জন্মদুঃখী, জনমদুখী, চিরদুঃখী।

দুর্গত, দুর্বিপাকগ্রস্ত, দুর্দশাগ্রস্ত; বিপদগ্রস্ত [দ্র ৬৭৯]।

অভিশপ্ত, শাপগ্রস্ত [দ্র ১১৩]। রাহুগ্রস্ত।

দুঃখবাদী, অনর্থবাদী, অনর্থদর্শী।

ক্রি-বিণ· দুর্ভাগ্যবশত, দুরদৃষ্টবশত, ভাগ্যদোষে, ভাগ্যের ফেরে, কপালের ফেরে, ভাগ্যবিড়ম্বনায়, কপালদোষে,

অদৃষ্টের ফেরে।
দুর্গ্রহবশত, গ্রহের ফেরে।
কর্মদোষে, কর্মবিপাকে।

৬৭৯ বিপদ

বি· বিপদ, বিপৎ, সংকট, আপদ, বিপত্তি [৩৫২], বিপাক, আপদবিপদ, বিপদআপদ, খতরা, ফের, আলাই, অভ্যাপাত; উপদ্রব [দ্র ৬৮৮]। ধকল, তাল, বাধা, বিঘ্ন [দ্র ৬৮২]। ভয় [দ্র ২৩৪]।

বিপদপাত, বিপৎপাত, বিপদসংঘটন।

বিপদকাল, বিপৎকাল, সংকটকাল, সংকটসময়, বিপদের সময়, আসন্নকাল, বিপত্তিকাল, দুঃসময়, অসময়।

বিপদ্দশা, বিপন্নঅবস্থা, আপদ্দশা, অসহায়তা, বিপন্নতা।

দুরবস্থা, দুর্দশা, দুঃখকষ্ট, দুর্গতি, বিদশা, দৌর্গত্য, অকষ্টবদ্ধ, আস্রব; হ্যাপা, ধাবকা, বিড়ম্বনা, ঝামেলা; সমস্যা, জটিলতা, দুরূহতা [দ্র ৩৫২]; প্যাঁচে পড়া-; ঠেকায় পড়া-; বেগতিক, গতিক ভালো নয়।

দুর্বিপাক, বিপর্যয়, বিপর্যাস, বিপর্যায়, দুর্দৈব, দুর্যোগ [২০], অন্তরাবর্তন; দৈবদুর্বিপাক, দৈববিড়ম্বনা, বিধিবিড়ম্বনা [দ্র ৬৭৮]।

প্রাকৃতিক বিপর্যয়, নৈসর্গিক দুর্ঘটনা, প্রাকৃতপ্রলয়; সংবর্ত। ধ্বংস [দ্র ১৩০], প্রলয়।

মহাসংকট, সংকটসমুদ্র, বিপৎসাগর, আত্যন্তর, আথান্তর, অথান্তর, অকূলপাথার; সমূহবিপদ, আসন্নবিপদ, শিরেসংক্রান্তি, শিয়রে শমন।

উভয়সংকট, মাচকাফের; শ্যাম রাখি না কুল রাখি; শাঁখের করাত; সাপের ছুঁচো গেলা-।

অন্ধকার দেখা-; পথে বসা-; অকূলে ভাসা-; অকূলে পড়া-; কাদায় পড়া-; জলে পড়া-; বিপদে পড়া-।

বিপদ একা আসে না; যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধ্যা হয়।

প্রাণ ওষ্ঠাগত(হ, ক), কণ্ঠাগত প্রাণ; প্রাণ বার হওয়ার উপক্রম (হ, ক); লেজে গোবরে(হ)।

দুর্ঘটনা, অ্যাকসিডেন্ট, অকু, অঘটন; অনর্থ, অনর্থপাত, অনিষ্টপাত। ইন্দ্রপাত, ইন্দ্রপতন।

দুর্ঘটনাস্থল, অকুস্থল, অকুস্থান, ঘটনাস্থল, সরজমিন, সরেজমিন।

বিপদাশঙ্কা, বিপদের সম্ভাবনা, ঝুঁকি; বিপদসংকুলতা, সংকটময়তা, সমস্যাসংকুলতা।

বিপদসংকেত [দ্র ৩৪১], সাইরেন। বিপদচিহ্ন, সাবধান চিহ্ন; খুলিচিহ্ন। ত্রাহি ত্রাহি করা-, ত্রাহি মধুসূদন ডাক ছাড়া-, পরিত্রাহি ডাক ছাড়া-।

জরুরি বার্তা, এস ও এস।

বিণ· বিপদজনক, বিপজ্জনক, বিপদসংকুল, বিপদাত্মক, বিপদপূর্ণ, বিপদগর্ভ, বিপদবহুল, বিপত্তিবহুল, বিপত্তিকর, সংকটজনক, সংকটপূর্ণ, সংকটময়, বিঘ্নময়, বিঘ্নবহুল, বিঘ্নসংকুল।

কঠিন, গুরুতর, সঙ্গিন, সর্বনাশা; মারাত্মক [৫৮], আত্যয়িক; সাংঘাতিক [দ্র ২৩৪]।

বিপদকালীন, আপদকালীন।

ওষ্ঠাগতপ্রাণ, কণ্ঠাগতপ্রাণ, লবেজান।

আপতিক, দুর্ঘটনাজনিত।

আপদ্ধর্ম, মরণকালে হরিনাম।

বিণ·/বি· বিপদগ্রস্ত, বিপন্ন, বিপদাপন্ন, সংকটাপন্ন, আপন্ন, আপদগ্রস্ত, বিপ্রকৃত, দুরবস্থ, বিপদবিহ্বল, বিপর্যস্ত, বিব্রত, ব্যতিব্যস্ত।

দুর্গত, দুর্দশাগ্রস্ত, দুর্দশাপন্ন, দুরবস্থাপন্ন, উপপ্লুত, অভিপন্ন, বিড়ম্বিত।

নিরুপায়, অগতি, অগতিক, উপায়ান্তরহীন [৬৮২], গত্যন্তরহীন; মরিয়া; নিঃসহায়, অসহায়, সম্বলহীন; হাত পা বাঁধা।

নিরাশ্রয়, আশ্রয়হীন; অনাথ [দ্র ৬৩৯]।

শরণাগত, শরণাপন্ন [৬৮০]।

৬৮০ উদ্ধার

বি· উদ্ধার(ক, পা), রক্ষা(ক, পা), পরিত্রাণ(ক, পা), ত্রাণ(ক, পা), তারণ, রক্ষণ, তর, সমুদ্ধার, উদ্ধরণ, উদ্ধারণ, বাঁচন, বাঁচা-; বেঁচে যাওয়া-, বাঁচোয়া, মোচন।

বাঁচানো-, সঞ্জীবন [দ্র ৫০]।

মুক্তি [৬৭৩], নিষ্কৃতি, নিস্তার, নিস্তরণ, রেহাই, মকুব, অব্যাহতি, নির্বৃতি, লাঘব, আসান, রেয়াত, খালাস, ছাড় পাওয়া-, ছাড়া পাওয়া-, ছুটি পাওয়া-।

মোক্ষ, নির্বাণ [দ্র ৫৯৯]।

তরে যাওয়া-, উতরে যাওয়া-, উতরানো-, ওতরানো-, উত্তরণ, উত্তীর্ণ হওয়া, তরানো-, তরা-; সামলে ওঠা-, সামাল দেওয়া-, সামলানো-, তাল সামলানো-; কাটানো-, কাটিয়ে ওঠা-; পার হওয়া-; উপায় বার করা-; উপায়ান্তর, অন্যগতি, গত্যন্তর।

ফাঁড়া কেটে যাওয়া-, ফাঁড়া কাটা-; বিপদুদ্ধার, বিপদউদ্ধার, বিপন্মুক্তি, সংকটমোচন; অকূলে কূল পাওয়া-, থই পাওয়া-; দিশা পাওয়া-; আলো দেখা-; মাটি পাওয়া-, থই পাওয়া-।

আত্মত্রাণ, আত্মরক্ষা(ক), নিজেকে বাঁচানো-; চাচা আপন প্রাণ বাঁচা-; আপনি বাঁচলে বাপের নাম।

পুনরুদ্ধার(ক), প্রত্যুদ্ধার, নষ্টোদ্ধার; পুনরাবিষ্কার(ক)।

সহায়তা [দ্র ৬৮৩]। উপকার [দ্র ৬৮৩]।

উদ্ধারকার্য, ত্রাণকার্য; ত্রাণসামগ্রী।

কূলকিনারা; উদ্ধারোপায়, মুক্তির পথ, গতি।

বিণ· ত্রাত, মুক্ত, পরিত্রাত, নিষ্কৃত, নিস্তারপ্রাপ্ত, নিষ্কৃতিপ্রাপ্ত, নির্বৃত, বিনির্মুক্ত। প্রত্যুদ্ধৃত, পুনরুদ্ধৃত।

উদ্ধারযোগ্য, রক্ষ্য, রক্ষণযোগ্য, রক্ষণীয়, উদ্ধরণীয়।

দৈবপ্রেরিত, দৈবাগত।

মোচ্য, মোচনযোগ্য, মোচনার্হ।

ত্রায়মাণ। ঔদ্ধারিক।

বিণ·/বি· উদ্ধারপ্রাপ্ত, রক্ষাপ্রাপ্ত, ত্রাণপ্রাপ্ত।

উদ্ধারকারী, উদ্ধারকর্তা, উদ্ধরণকারী, উদ্ধর্তা, উদ্ধারক, ত্রাণকারী, ত্রাণকর্তা, ত্রাতা, তারণ, পরিত্রাতা, পরিত্রাণকারী,

রক্ষক, রক্ষাকর্তা, রক্ষী, সমুদ্ধর্তা, নিস্তারক, প্রপায়ী, পাবন, পরিত্রাণকর্তা; মুশকিল আসান।

অকূলের কূল, অকূলের কাণ্ডারী, অকূলকাণ্ডারী। অন্ধের যষ্টি। অগতির গতি [৬৮৩]।

মুক্তিদাতা [৬৭৩], মুক্তিদায়ক, মুক্তিদ, গতিদায়ী; মোক্ষদাতা, মোক্ষদ।

বিপত্তারণ, বিপদবারণ।

উদ্ধারপ্রার্থী; শরণাপন্ন [দ্র ৬৭৯]।

মুক্তিপ্রার্থী, মুক্তিকামী, মুক্তিলাভেচ্ছু, মোক্ষপ্রার্থী; পরিত্রাণপ্রার্থী, পরিত্রাণলাভেচ্ছু, পরিত্রাণকামী।

[বিপ·] বি· অনুদ্ধরণ, অনুদ্ধার; অপরিত্রাণ, অমুক্তি, অনিস্তার।

৬৮১ সুযোগ

বি· সুযোগ [৩৩২, ৩৫১], সুবিধা, জো, অনুকূলতা, দান, যোত্র, মওকা, দাঁও, জুত।

বাগ, বাগে পাওয়া-।

সুসময়, উপযুক্ত সময়, প্রশস্ত সময় [দ্র ১৬১]।

সহজতা, সহজসাধ্যতা, সুকরতা।

সুবর্ণসুযোগ, মহাসুযোগ, স্বর্ণসুযোগ।

সুযোগের সদ্ব্যবহার(ক), ঝোপবুঝে কোপ(মা); সুযোগের অপেক্ষায় থাকা-, তক্কে তক্কে থাকা- [দ্র ১৫১]।

সুযোগ সন্ধান; সুবিধাবাদ।

সুযোগ পাওয়া-, সুযোগ আসা-; যোগাযোগ হওয়া-।

বিণ· সুযোগপূর্ণ; অনুকূল [৭০০], সানুকূল।

জুতসই [২৫৮, ৩৫১], লাগসই।

সহজ, হালকা; সুবিধাজনক; সুবহ; সুগম [দ্র ৩১৫], সুগম্য; সুকর, অনায়াসসাধ্য, সহজসাধ্য, অনায়াসলভ্য।

অবাধ [দ্র ৭০০]।

বিণ·/বি· সুযোগসন্ধানী, সুবিধাবাদী; ভ্রামরীমিত্র; গাছেরও খাওয়া তলারও কুড়নো-।

সুযোগপ্রার্থী, সুবিধাপ্রার্থী।

সুযোগপ্রাপ্ত, সুবিধাপ্রাপ্ত।

সময়সেবক, সময়সেবী, সুযোগবাদী, সুযোগগ্রাহী, স্বার্থপর [দ্র ২৫১]; সুখের দিনের বন্ধু, বসন্তের কোকিল।

ক্রি-বিণ· সুযোগে; এই সুযোগে, এই মওকায়, ফাঁকতালে।

সহজে, হেলায়, অবলীলাক্রমে [৩৫১]; বিনা বাধায়।

৬৮২ বাধা

বি· বাধা [৩৪০], বিঘ্ন, প্রতিবন্ধ, প্রতিঘ, প্রতিবন্ধক, বন্ধন, অন্তরায়, বিঘাত, ব্যাঘাত, ব্যাহতি, হরকত, বিঘটন, প্রতিষ্টম্ভ, বিষ্টম্ভ, প্রত্যূহ, বিক্ষুব্ধ, বিষ্কম্ভ, ফের, বাধন, ঘাত, পর্যবস্থান, পর্যবস্থা, খলল, সম্বাধ; বাঁধ; বাধাবিঘ্ন, বাধাবন্ধ, রোকটোক; পথের কাঁটা, পথের বাধা; ফেচাং।

ধাক্কা(লা); গুঁতো(লা); হোঁচট(খা), উচোট, ঠোক্কর।

পিছুটান, পেছটান; বন্ধন।

ঠেকে যাওয়া-, আটকে যাওয়া-, ঠেকে পড়া, আটকে পড়া-।

নিরোধ, সংরোধ; থামানো- [দ্র ২৮৮]।

বাধাদান(ক), বাধাসৃষ্টি(ক), প্রতিরোধ [দ্র ৬৯৪], অবরোধ(ক), প্রতিবন্ধকতা সৃষ্টি(ক) [৩৫২], ঘাতপ্রতিঘাত; বাগড়া(দে) [২৭৩]; বাদসাধা-; বাড়াভাতে ছাই(দে)। ভদ্রা পড়া-।

পথজোড়া-, পথ আটকানো, পথ অবরোধ(ক), পথ বন্ধ করা-, পথ আগলানো-।

প্রতিকূলতা, প্রাতিকূল্য, প্রত্যবায়, প্রত্যবস্থান, বিপক্ষতা, বিরুদ্ধাচরণ(ক), প্রতিকূলাচরণ(ক), অভিদ্রোহ; বিরোধ, শত্রুতা [দ্র ৬৮৫]।

অগ্নিপরীক্ষা, কঠোর পরীক্ষা।

অসুবিধা, অসুবিধে, বেজুত, মুশকিল, বিভ্রাট, ধন্দ [৩৭৯], সংকট, সমস্যা [৬৭৯, ৩৫২]; বিপত্তি, ঝামেলা, ঝঞ্ঝাট, ভজকট, ফ্যাসাদ [৬৭০], ফ্যাকড়া; দিকদারি, দিক্‌কত, ল্যাঠা, ঠ্যালা, ঝক্কি, ঝকমারি, গেরো, বখেড়া, হ্যাপা, তাল; জটিলতা, জট, দুরূহতা [দ্র ৩৫২], খিটকেল, নেঞ্জার।

উৎপাত, ব্যতীপাত, উপদ্রব [৬৮৮]; হাঙ্গামা [৬৯৬], হাঙ্গাম, গোলযোগ, গণ্ডগোল, গোলমাল।

হয়রানি(ক), হায়রানি, হয়রান, হায়রান, নাকাল(ক, হ) [৬১৪], হেনস্তা(ক, হ), ভোগান্তি, হালাক, হাল্লাক, হালাকান, নাজেহাল(ক, হ); হিমশিম (খা), নাকানিচোবানি(খা), জেরবার (ক, হ); গাড্ডায় পড়া-; জব্দ হওয়া-; ঘোল খাওয়া-; তাল না পাওয়া-; থৈ না পাওয়া-।

ফাঁসা-, ফেঁসে যাওয়া-; জড়িয়ে পড়া-।

দৌড় করানো-, ঘোড়দৌড় করানো-; ঘোল ঢালা-, মাথায় ঘোল ঢালা-।

বিণ· বাধাপ্রাপ্ত, বিঘ্নিত, প্রত্যাহত, ব্যাহত, অন্তরিত, পরাহত, নিবারিত, প্রতিরুদ্ধ, অবরুদ্ধ, নিরুদ্ধ, সংরুদ্ধ, প্রতিবদ্ধ [দ্র ২৮৮], রুদ্ধ, বিষ্টব্ধ, বিঘটিত।

বাধাপূর্ণ, বাধাযুক্ত, অনিস্তীর্ণ, বিঘ্নময়, বিঘ্নসংকুল, বিপদসংকুল [দ্র ৬৭৯]। দুর্গম [দ্র ৩১৬]।

অসুবিধাজনক; জটিল, দুরূহ [৩৫২]; সমস্যাসংকুল, সমস্যাবহুল, সমস্যাকণ্টকিত, গোলমেলে।

প্রতিকূল, বিরুদ্ধ, বাম, বাম্য, বিলোম, প্রতিলোম, প্রতীপ, বিপরীত, বক্রী, বিপ্রতীপ, অননুকূল, প্রতিসব্য, প্রসব্য, অদক্ষিণ।

দিশেহারা, কিংকর্তব্যবিমূঢ়।

বিণ·/বি· রোধক, রোধী [দ্র ৬৭২], বিঘাতক, বাধক, বাধাদানকারী, পরিপন্থক, বিঘ্নকারী, বিঘ্নসৃষ্টিকারী, বিঘ্নকারক, ব্যাঘাতসৃষ্টিকারী, ব্যাঘাতক, বিঘাতী, প্রতিবন্ধক, প্রতিবন্ধকারী, অবরোধকারী, প্রত্যবস্থাতা, প্রত্যবায়ী, প্রত্যবায়কারী; বাগড়াবাজ, বাগড়াদানকারী।

অসুবিধাকারী, অসুবিধাসৃষ্টিকারী; ঝামেলাবাজ, ঝামেলাসৃষ্টিকারী।

উপদ্রবকারী [৬৮৮]; হাঙ্গামাকারী, গোলযোগকারী, গণ্ডগোলসৃষ্টিকারী, গোলমালকারী, উৎপাতকারী।

হেনস্তাকারী।

অসুবিধাগ্রস্ত; বিপদগ্রস্ত [দ্র ৬৭৯]। নিরুপায়, অনন্যোপায়, অনন্যগতি, গত্যন্তরহীন, উপায়ান্তরহীন [৬৭৯], উপায়হীন, অনুপায়।

নিঃসহায়, অসহায়। সহায়হীন, সহায়সম্বলহীন [দ্র ৬৩৯]; বেচারা।

প্রতিপক্ষ, প্রতিঘ, বিরোধী [দ্র ৬৮৫]।

৬৮৩ সাহায্য

বি· সাহায্য(ক, পা), সহায়তা [৬৭৪], অশ্রুতা।

সহযোগিতা [৬৮৭], সহযোগ, সহকার, সহকারিতা।

সাহায্যশীলতা।

সহানুভূতি [দ্র ২৩৯]। অনুগ্রহ, দাক্ষিণ্য [দ্র ২৩৯]।

পোষকতা, পৃষ্ঠপোষকতা, পৃষ্ঠপোষণ, পোষণ [৬৩৮]।

অনুকূলতা [৬৮১], আনুকূল্য।

আশ্বাস(দে), আশ্বাসন, ভরসা(দে, ক), নির্ভরতা [দ্র ২৭০]; মদত, বলভরসা, আশাভরসা, ধনজন।

উপকার [৬৭৪], উপক্রিয়া, ইষ্টাপত্তি, উপকারসাধন, ইষ্টসাধন, ভালো করা-, অনপকার; মহোপকার। উপকারেচ্ছা, উপচিকীর্ষা।

উপকারিতা [৩২২], উপযোগিতা, গুণাগুণ, অনপকারিতা।

পরহিত, পরোপকার(ক) [৬৭৪, ৭০৬, ৩২০]; পরার্থপরতা, পরার্থিতা, পরহিতৈষণা; জনকল্যাণ, লোকহিত, পরহিতানুষ্ঠান; জনসেবা, সমাজসেবা; সমষ্টিউন্নয়ন, সমাজউন্নয়ন, সামাজিক উন্নয়ন।

প্রত্যুপকার।

হাতমেলানো-; কাঁধে কাঁধ মেলানো-। হাত বাড়ানো-, হাত বাড়িয়ে দেওয়া-, সাহায্যের হাত বাড়ানো-।

মতৈক্য, ঐকমত্য, মতের মিল; চুক্তি, সংবিধা; শর্ত, কড়ার; চুক্তিনামা, সন্ধিপত্র।

যোগসাজশ, সাজশ; বন্দোবস্তি।

বিণ· সাহায্যকর, সাহায্যপূর্ণ, সহায়তাপূর্ণ; সহযোগিতাপূর্ণ, সহানুভূতিপূর্ণ।

অনুকূল [৬৮১], সহায়ক, অবিরুদ্ধ।

আশ্বাসিত, আশ্বস্ত; ভরসাজনক, ভরসাপূর্ণ, নির্ভরযোগ্য [দ্র ২৭০]। আশ্বাসনীয়।

উপকার্য।

জনহিতকর [২৫২], লোকহিতকর, পরহিতকর; জনসেবামূলক, সমাজসেবামূলক, জনকল্যাণমূলক; জনীন।

হিতকর, হিতজনক।

বিণ·/বি· সাহায্যকারী, সহায়তাকারী, সহায়ক, সহকারী [৩২২], সহযোগী, সহযোগিতাকারী, সহায়, হাতনুড়কুৎ; সাহায্যশীল, সহানুভূতিশীল [দ্র ২৩৯]।

পৃষ্ঠপোষক [৬০৩], পরিপোষক, নেবাজ; ধারক, ধারকবাহক; ডানহাত, দক্ষিণহস্ত; অবলম্বন; পৃষ্ঠরক্ষক; সাগরেদ, সাকরেদ।

অগতির গতি [দ্র ৬৮০]। অসময়ের বন্ধু; দুঃখের সাথী।

উপকারী, উপকারক, উপকর্তা, উপকারকারী, হিতকারী।

উপকারেচ্ছু, উপচিকীর্ষু; অনপকারক, অনপকারী।

হিতার্থী [৬৭৪], হিতৈষী, হিতকামী, শুভার্থী [দ্র ৬৭৪]।

পরোপকারী, পরহিতৈষী, পরার্থপর, পরহিতকারী।

জনসেবক, জনগণের সেবক, লোকসেবক; সমাজসেবক, সমাজসেবী, সমাজহিতৈষী, সমাজবন্ধু, সমাজবান্ধব; লোকদরদি, মানবদরদি, মানবপ্রেমিক, মানবপ্রেমী, লোকহিতব্রতী, লোকহিতৈষী, জনহিতৈষী; সমাজপতি, জননায়ক [দ্র ৬৬২]।

প্রত্যুপকারী, প্রত্যুপকর্তা। পালক, প্রতিপালক [দ্র ৬৩৮]।

উপকৃত, উপকারপ্রাপ্ত, সাহায্যপ্রাপ্ত, সহায়তাপ্রাপ্ত।

সাহায্যপ্রার্থী, সাহায্যপ্রার্থনাকারী; দ্বারস্থ(হ)।

৬৮৪ প্রতিযোগিতা

বি· প্রতিযোগিতা(ক) [২৭৮], প্রতিদ্বন্দ্বিতা, প্রতিযোগ, প্রতিদ্বন্দ্ব, প্রতিস্পর্ধা, কম্পিটিশন; পাল্লা(দে), টেক্কা(দে), টক্কর(দে); রেস, দৌড়; আঁটা, এঁটে ওঠা-, জুঝা -, জুঝে ওঠা-।

রেষারেষি, প্রতিপক্ষতা, বিপক্ষতা, লড়াই [দ্র ৬৯৬]। বিরোধিতা [দ্র ২৭৬]। বিবাদ [দ্র ৬৮৬]। প্রতিবাদ [দ্র ২৭৬]। ক্রীড়া প্রতিযোগিতা [দ্র ৭৫৫]; হারজিত, জয়পরাজয়।

সমানে সমানে লড়াই, শেয়ানে শেয়ানে কোলাকুলি।

সুস্থ প্রতিযোগিতা; তীব্র প্রতিদ্বন্দ্বিতা; হাড্ডাহাড্ডি লড়াই।

অসম প্রতিযোগিতা।

অসুস্থ প্রতিযোগিতা; র‍্যাটরেস।

সামাজিক প্রতিযোগিতা; জাতে ওঠার সংগ্রাম।

বিণ· প্রতিযোগিতামূলক, প্রতিদ্বন্দ্বিতা মূলক।

বিণ·/বি· প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী, প্রবলপ্রতিদ্বন্দ্বী, দ্বন্দ্বী, চিরপ্রতিদ্বন্দ্বী, প্রতিস্পর্ধী। সমানে সমান। প্রতিপক্ষ, বিপক্ষ [২৭৬], পক্ষান্তর; শত্রু [দ্র ৬৮৫]।

৬৮৫ শত্রুতা

বি· শত্রুতা, বৈরিতা, বৈর, শাত্রব, সাপত্ন্য, দুশমনি; বৈরভাব, বৈরাচরণ, শত্রুতাচরণ; বৈরসাধন, শত্রুতা করা-।

বিরোধ [দ্র ৬৮৬], দ্বন্দ্ব, বিরোধিতা, বিপক্ষতা, প্রতিপক্ষতা, প্রতিকূলতা, প্রতিকূলাচরণ [৬৮২], বিরোধন, বিরুদ্ধবাদিতা, আদাওত; প্রতিযোগ [৬৮৪]। দ্রোহিতা।

বিদ্রোহ, দ্রোহ [দ্র ৬৯৫]।

দ্বেষ, বিদ্বেষ; রেষারেষি, দ্বেষাদ্বেষি, আঁকচাআঁকচি, হিংসাহিংসি, হিংসা, ঈর্ষা [দ্র ২৪৯], দৌহার্দ।

ষড়যন্ত্র, কুচক্র, চক্রান্ত [৫৪৮], সাট, সড়, সট, অন্ধিসন্ধি, অভিসন্ধি, দুরভিসন্ধি [দ্র ৩৮৯]; জালপাতা-, অন্তর্জাল, সাযোগ; পিছনে লাগা- [৬৮৮]।

বিশ্বাসঘাতকতা(ক) [দ্র ৫৪৮]; পিছন থেকে ছুরি মারা-। ঘর ভাঙানো-।

লেলানো-, লেলিয়ে দেওয়া-।

বিপক্ষ, প্রতিপক্ষ, শত্রুপক্ষ, অরিদল, প্রতিবল, বিপক্ষদল, প্রাতিপক্ষ।

বেগ দেওয়া-, জ্বালানো-, জ্বালাতন(ক), জ্বালিয়ে পুড়িয়ে মারা-, দগ্ধানো-; জীবন দুর্বিষহ করা-; হাড়মাস কালি করা, হাড় জ্বালানো-।

গুপ্তমন্ত্রণা, কুমন্ত্রণা, কুমতলব।

বিবাদ [দ্র ৬৮৬]। অপ্রণয় [দ্র ৬১৬]। অনাদর [দ্র ৬১৫]। শত্রুভয় [দ্র ২৩৪]।

শত্রুবল, অরাতিবিক্রম; বিরোধীশক্তি; শত্রুবাহিনী, শত্রুসেনা, শত্রুসৈন্য, প্রতিভট।

বিণ· শত্রুতাপূর্ণ, অমিত্রসুলভ, শত্রুতাব্যঞ্জক, শত্রুতামূলক। শত্রুভাবাপন্ন, পারিপন্থিক।

শত্রুপক্ষীয়, বিপক্ষীয়।

শত্রুপূর্ণ, অরিসংকুল, শত্রুসংকুল, শত্রুময়, শত্রুবহুল।

বিদ্বেষমূলক।

বিণ·/বি· শত্রু [২৪৯], বৈরী, অরি, অরাতি, গালিম, দুশমন, পারগ্রামিক, পুরঞ্জয়; সপত্ন, মুদ্দই। রিপু। শনৈশ্চর, শনি। প্রত্যরি।

অমিত্র, অবন্ধু, অসুহৃদ, দুর্মিত্র দুর্হৃদ, দুর্বন্ধু।

দ্বিষৎ, দ্বেষ্টা, দ্বেষী, বিদ্বেষ্টা, বিদ্বেষী [দ্র ২৪৯], বিরুদ্ধাচারী, বিরুদ্ধবাদী, বিরোধী, বিদ্বিষ্ট, বিদ্বিষ, বিদ্বেষভাজন, দ্বিষ্ট; বিমুখ, বাম।

চিরশত্রু, চিরবৈরী; অহি-নকুল সম্পর্ক।

বৈরীভাবাপন্ন, শত্রুভাবাপন্ন, পরিপন্থী, পরিপন্থক, পারিপন্থিক, বিপ্রতিপন্ন, দ্বন্দ্বী। বৈরকারী, শত্রুতাকারী, বৈরকার।

দ্রোহী, বিদ্রোহী [দ্র ৬৯৫]।

অন্তঃশত্রু, গৃহশত্রু, গৃহবৈরী, জাতশত্রু, ঘরশত্রু, জাতিশত্রু, জাতিবৈর; ঘরভেদী বিভীষণ [৫৪৮], ঘরের শত্রু বিভীষণ। দেশের শত্রু। সমাজের শত্রু। বহিঃশত্রু, বাইরের শত্রু।

শত্রুপক্ষ, বিপক্ষদল, শত্রুদল, বিপক্ষ, বেদল, প্রতিপক্ষ [দ্র ৬৮৪], পরদল।

বিশ্বাসঘাতক [দ্র ৫৪৮]।

ষড়যন্ত্রী, চক্রান্তকারী, কুচক্রী, কুচুটে, কুচক্কুরে, কুমতলবি।

[**বিপ·**] অজাতশত্রু, শত্রুহীন, অশত্রু, নিঃশত্রু, অসপত্ন, অবিপক্ষ।

৬৮৬ বিবাদ

বি· ঝগড়া(ক), বিবাদ(ক), কলহ(ক), কাজিয়া, বচসা [১০৮], বাদ, বিসংবাদ, কোন্দল; ঝগড়াঝাঁটি, বিবাদবিসংবাদ, কোঁদল, ডমর, আখোটি; কচাল, কোচল; কুঁদুলেপনা, কুঁজড়াপনা, কুঁজড়ামি; ঝগড়ুটেপনা, কলহপরায়ণতা।

দ্বন্দ্ব, সংঘাত, সংঘর্ষ, সংঘর্ষণ [৬৯৬], সম্বাধ; তুলকালাম, তুমুল ঝগড়া; লঙ্কাকাণ্ড, ধুন্ধুমার; চুলোচুলি(ক), খেয়োখেয়ি, খণ্ডাখণ্ডি, আকুণ্ডকুণ্ড।

যুদ্ধ [দ্র ৬৯৬], লড়াই(ক)।

বিরোধ [২৫৯], অনৈক্য, বিভেদ, তফাত, অমিল, ফারাক, ভেদ, দ্বৈধ; দলাদলি, তানাজা; বিরোধিতা, প্রতিপক্ষতা [দ্র ৬৮৪]; প্রতিবাদ [দ্র ২৭৬]।

রেষ, রেষারেষি [২৭৮], বিদ্বেষ; শত্রুতা [দ্র ৬৮৫]।

প্রতিযোগিতা [দ্র ৬৮৪]।

বাদানুবাদ, কথাকাটাকাটি, বাগ্‌বিতণ্ডা, বাদ্‌বিতণ্ডা, তর্কাতর্কি [৩৭৭], বাককলহ, বাগযুদ্ধ, বাদপ্রতিবাদ, তর্কবিতর্ক, বাদবিসংবাদ; কথান্তর, তকরার; বিতণ্ডা; তর্ক(ক) [৩৭৭], বিতর্ক, তর্কজালবিস্তার(ক); কূটকচাল, কূটকচালি, কচকচি, কচকচানি; কথায় কথা বাড়া; কথার মারপ্যাঁচ; পাঁচাপাঁচি।

মতান্তর [২৮০], মতবিরোধ, মতানৈক্য, মতভেদ, মতবিভেদ, মতদ্বৈধ, মতপার্থক্য, নানামত [২৬৩]।

অবনিবনা [২৬৯], আড়াআড়ি, আড়ি, অসম্প্রীতি, অসদ্ভাব [৬১৬], অসাম্য; ঠোকাঠুকি; বিরাগ, বিমুখতা, বৈমুখ্য।

মনান্তর, মনোমালিন্য [৬১৬], মনকষাকষি, মনোবিবাদ, মনোবিচ্ছেদ, অসৌরস, অস্বরস।

খিচখিচ(ক), কিচকিচ(ক), খ্যাঁচখ্যাঁচ(ক), খেঁচাখেঁচি(ক), খিটিমিটি(ক), খিটমিট(ক), খিচিখিচি, খিচিমিচি, খিচমিচ, ঝকঝকি, বকাবকি ঝকাঝকি, কচলাকচলি(ক), কচাকচি, কচায়ন, খিঁচ, ক্যাঁচক্যাঁচানি, ছুঁচোর কেত্তন।

বকুনি, বকা-, ধমক, তিরস্কার [১১২, ২৩০], ধমকানো-; খেঁকিয়ে ওঠা-, খ্যাকানো-, খ্যাঁক করে ওঠা-; তেড়ে ওঠা-, তেড়ে আসা-, তেড়ে ফুঁড়ে আসা, জ্বলে ওঠা-।

মুখ দেখাদেখি বন্ধ(হ), মুখ না দেখা-; অহিনকুল সম্বন্ধ; রামরাবণের যুদ্ধ; সুন্দউপসুন্দের লড়াই; গজকচ্ছপের যুদ্ধ; ভাইয়ে ভাইয়ে লড়াই।

শত্রুতা [দ্র ৬৮৫]। মামলা [দ্র ৬৬৭]। প্রতিবাদ [দ্র ২৭৬]।

বিণ· বিবাদপূর্ণ, কলহপূর্ণ।

বিতর্কিত, বিতর্কযুক্ত, বিবাদিত, বিসংবাদিত, বিরোধিত, তকরারি।

সংঘর্ষপূর্ণ।

বিণ·/বি· ঝগড়াটে, ঝগড়ুটে, কলহপরায়ণ, কলহপ্রিয়, বিবাদপ্রিয়, কোন্দলিয়া, বিবাদার্থী, কুঁদুলে, কল্লা। কচালে, কুঁচুলে, কুঁদুলি, কুঁজড়া, কুঁজড়ো, কেঁয়ে; খ্যাঁচখেঁচে, ক্যাঁককেকে।

বিবাদকারী, বিবাদী, কলহকারী, বিসংবাদী, দ্বন্দ্বী।

বাম, বিমুখ, বিরোধী [২৫৯]; প্রতিবাদী [দ্র ২৭৬]।

তার্কিক [দ্র ৩৭৭], কূটকচালে; কুটিল [দ্র ৫৪৮]। জাঁহাবাজ [২০৩]।

বিবদমান, কলহরত।

৬৮৭ অবিরোধ

বি· অবিরোধ [৬৪৮], অবিবাদ, অবিগ্রহ, বিরোধহীনতা, বিরোধশূন্যতা, বিরোধাভাব, অবিসংবাদ।

মিলন, মিলমিশ।

মীমাংসা(ক) [২৭৯], নিষ্পত্তি(ক), রফা, মিটমাট [দ্র ৬৬৭], আপোশ, সমঝোতা, বোঝাপড়া।

সহযোগিতা [দ্র ৬৮৩]। বন্ধুত্ব [দ্র ৬০৩]। প্রণয় [দ্র ৬০৪]।

শান্তি, শমগুণ, প্রশান্তি; উদ্বেগশূন্যতা [২২৪],

উদ্বেগরাহিত্য; সেলামত, শমতা, শম। স্থিরতা, স্থিতি, সুস্থিতি।

শান্তিপ্রতিষ্ঠা(ক), শান্তিস্থাপন(ক)। ঐক্যস্থাপন।

সন্ধি(ক); সন্ধিপ্রস্তাব, সন্ধিচুক্তি, সন্ধিপত্র। শান্তিচুক্তি। অনাক্রমণ চুক্তি।

মিটানো-, মেটানো-, মিটিয়ে নেওয়া।

অহিংসা। অদ্রোহ; যুদ্ধবিরতি, অবহার; অস্ত্রত্যাগ(ক), অস্ত্রসংবরণ(ক), অস্ত্রনিবারণ।

অনাক্রমণ। সাত চড়ে রা না কাড়া-।

বিণ· বিরোধহীন, বিরোধশূন্য, বিরোধরহিত, অবিসংবাদিত।

অনাক্রম্য, অনাক্রমণীয়, পণবদ্ধ। সন্ধিবদ্ধ।

শান্তিপূর্ণ, শান্তিময়, প্রশান্ত।

নিরুদ্বেগ [দ্র ২৩৩], উদ্বেগহীন, উদ্বেগশূন্য।

স্থির, স্থিত, সুস্থিত।

মীমাংসিত, স্থিরীকৃত, কৃতমীমাংসা।

বিণ·/বি· অবিরোধী, অবিরুদ্ধ, নির্বিরোধ, শমক, অপরিপন্থী; অবিসংবাদী, নির্বিবাদী, অবিবাদী। নির্বিবাদ, নির্দ্বন্দ্ব, নিরীহ; গোবেচারা।

শান্ত, নিরীহ, শান্তস্বভাব, ধীর, স্থির, সুবেল।

ক্রি-বিণ· নির্বিবাদে, অবিসংবাদে, অবিবাদে, নির্বিরোধে, অবিরোধে।

বিনাযুদ্ধে, বিনারক্তপাতে।

আপোশে।

শুভে শুভে; ভালোয় ভালোয়। অবাধে, সহজে।

৬৮৮ অত্যাচার

বি· অত্যাচার(ক), উপদ্রব(ক) [৬৭০], উৎপাত(ক), পীড়ন(ক), উৎপীড়ন(ক), আপীড়ন, নিপীড়ন(ক), নিষ্পীড়ন, নির্যাতন(ক), যন্ত্রণ, যন্ত্রণা দেওয়া-, নিষ্পেষণ, প্রতীবাপ, অভিরোধ, অর্দন, অবমর্দন, অবমর্দ, প্রতিমোচন, উপপ্লব, দৌরাত্ম্য, লাঞ্ছনা, লাঞ্ছন, নিগ্রহ [৫৬৬], জ্বালাতন(ক) [দ্র ৬৮৫], জ্বালানো-, জুলুম(ক), জুলুমবাজি(ক), জোরজুলুম, জবরদস্তি(ক), জোর জবরদস্তি(ক), জোরজার(ক), জোরজারি, জবরানো-, গজব, মশিল, কহর, কষ্ট দেওয়া-, ক্লেশ দেওয়া-, প্রাণ ওষ্ঠাগত করা-।

শোষা-, শোষণ(ক), নিষ্পেষণ(ক); রক্তচোষা-।

হুজ্জতি, হুজ্জত। বিরক্তি উৎপাদন(ক); ঘাটানো-; পিছনে লাগা-[৬৮৫]।

হাঙ্গামা, হাঙ্গাম; দাঙ্গা, দাঙ্গাহাঙ্গামা [দ্র ৬৯৬]।

মারা-, মার(দে, খা), প্রহার(ক, দে) [৫৬৬], পিটুনি(দে, খা), পিট্টি, পেটা-, পেটাও, পেটাই, পিটানো-, পেটানো-, ঠ্যাঙানো-, প্যাঁদানো-; ঘাত, আঘাত(ক), আঘাতন, নির্ঘাতন, নির্ঘাত, ঘাতন, অবঘাত, আহতি, আহনন, অভিঘাত, প্রতিঘাত, তাড়ন, মার লাগানো-, ধোলাই(দে), চোপ, ঘা দেওয়া-, ঘা কতক লাগানো-, উত্তমমধ্যম(দে); হাত চালানো-, গায়ে হাত তোলা-, হাত পা ছোটা-; পিঠের চামড়া তোলা-, গায়ের চামড়া তোলা-; পিটিয়ে লম্বা করা-; হাড় গুঁড়ো করা-, হাড়মাস আলাদা করা-। রামধোলাই(দে), নির্দয়প্রহার, রামঠ্যাঙানি, গোবেড়েন।

মারামারি(ক) [দ্র ৬৯৬], মারপিট(ক); মারধর(ক); ঝটাপটি(ক)।

কিল(মারা-), কিলানো-, কিলিয়ে দেওয়া-; ঘুষি(মা), ঘুষা, ঘুষাঘুষি, ঘুষোঘুষি(ক), মুষ্ট্যাঘাত(ক); মুষ্টিযুদ্ধ, বক্সিং।

চড়(মারা-), থাপ্পড়(মারা-), থাবর, থাবড়া, থাবড়ানো-, চাঁটি(মারা-), চাপড়, চড়ানো-, চাপড়ানো-, চপেট, চপেটা, চপেটিকা, চাঁটা, চর্পট, তলপ্রহার, তলাভিঘাত, চপেটাঘাত(ক), করতলপ্রহার, করাঘাত। রদ্দা(মারা)।

চাবুক মারা-, চাবকানো-, চাবকানি, বেত মারা-, বেত লাগানো-, বেতানো-, বেত্রাঘাত(ক), কশানো-, কশাঘাত(ক); লাঠিমারা-, ডাণ্ডাপেটা করা-, লাঠির বাড়ি(মারা-), লগুড়াঘাত(ক), ঠ্যাঙানো-, লাঠ্যৌষধি-; আচ্ছাসে ঠেঙিয়ে দেওয়া-। চাবুক, কশা, বেত, বেত্র, বেত্রদণ্ড, বেড়েন; লাঠি, ঠ্যাঙা, সোঁটা, লগুড়, যষ্টি।

লাথি(মারা-), লাথ (মারা-), পদাঘাত(ক), পাদক্ষেপ(ক), পদপ্রহার, পাদপ্রহার, চরণাঘাত, পয়জার, লাথানো-।

খোঁচা(মারা-), খোঁচানো-; খামচি(মারা-), খিমচি, খাপচি, খামচানো-; খাবল(দে), খাবলানো-, খুবলানো-, খুবলে নেওয়া; আঁচড়ানো-, আঁচড়(দে), আঁচড়ে দেওয়া-; চিমটি (কাটা-), চিমটানো-।

কামড়(দে), কামড়ানো-, কামড়ে দেওয়া-, দংশন(ক), দংশানো-, দংশা, দন্তাঘাত(ক), দাঁত ফোটানো-, দন্তস্ফুট করা-; কামড়াকামড়ি(ক), দন্তাদন্তি(ক); ছোবল(মারা-); ঠোকর(দে), ঠুকরে দেওয়া-, ঠোকরানো-, ঠুকরানো-।

গুঁতো(লো), গুঁতানো-, ঢুঁ(মারা-), ঢুসানো-।

গাট্টা(মারা-), গাঁট্টা।

কানমলা-, কানটানা-, কানধরা-, কানমোচড়া-; কান ছিঁড়ে দেওয়া-।

চুলটানা-, চুল ধরে টানা-, কেশাকর্ষণ(ক), কেশাবকর্ষণ(ক), কেশগ্রহণ(ক); চুলোচুলি(ক), কেশাকেশি।

ঝাঁটাপেটা(ক), ঝাঁটা মারা-; ঝাঁটা, খেংরা।

জুতোপেটা(ক), জুতানো-; জুতিয়ে লম্বা করা-, জুতো মারা-।

কোপ(মারা-), চোপ(মারা-), চোট।

ঢিলমারা-, ইটমারা-, পাথরছোঁড়া-, লোষ্ট্রাঘাত(ক)।

গলাধাক্কা(দে) [দ্র ১২৯]।

কাটা ঘায়ে নুনের ছিটে(দে); মড়ার ওপর খাঁড়ার ঘা(দে)।

প্রতিঘাত, উদ্ঘাত, প্রত্যাঘাত(ক), প্রতিহতি, প্রতিপ্রহার(ক); বদলা(নে)। ঘাতপ্রতিঘাত।

মারমূর্তি।

বিণ· উপদ্রুত, উপদ্রবান্বিত, ঔৎপাতিক, উৎপাতগ্রস্ত, উপপ্লুত; উত্ত্যক্ত(ক), ব্যতিব্যস্ত(ক), অস্থির(ক), অতিষ্ঠ(ক); বিরক্ত(ক) [৬১৬, ২২০]।

সোপদ্রব, দৌরাত্মিক, উৎপাতী।

ঘাতব্য, ঘাতনীয়।

বিণ·/বি· অত্যাচারিত, উৎপীড়িত, পীড়িত, আপীড়িত, নিপীড়িত, নির্যাতিত, নিষ্পেষিত, নিগৃহীত; অর্দিত; যন্ত্রিত, উপদ্রুত, লাঞ্ছিত।

প্রহৃত, প্রহত, মারিত।

আহত, আঘাতপ্রাপ্ত, অভিহত, উপহত, সমাহত, জখম, ঘায়েল।

শোষিত।

পদাহত, পদদলিত।

দণ্ডাহত, লগুড়াহত; বেত্রাহত।

দংশিত, কৃতদংশন, সন্দষ্ট।

উপদ্রবকারী, অত্যাচারী, অত্যাচারকারী, পীড়ক, নিপীড়ক, উৎপীড়ক, পীড়নকারী, তাড়ক, নিপীড়নকারী, নিগ্রহকারী, নিগ্রাহক, নির্যাতক, নিষ্পেষক, উত্ত্যক্তকারী; জুলুমবাজ, জবরদস্ত, জালিম।

প্রহারকারী, প্রহারক, প্রহর্তা, আঘাতকারী, আঘাতক, প্রহারী, অভিঘাতী, ঘাতকর।

প্রতিঘাতকারী, প্রতিহর্তা, উদ্ঘাতী।

মারমুখো, মারমুখী, মারকুটে, মারকুট্টে, তেড়িয়া। জ্বালানে, জ্বালানিয়া।

৬৮৯ অনাঘাত

বি· অনাঘাত, না মারা-।

অহিংসা, হিংসাভাব।

অস্ত্রসংবরণ(ক)।

গায়ে হাত না তোলা-।

রক্তপাতহীন সংগ্রাম; অহিংস সংগ্রাম। অসহযোগ।

বিণ·/বি· অনাহত। রক্তপাতহীন। অবধ্য, অঘ্ন।

অক্ষত, অক্ষতদেহ, অক্ষতশরীর; অবিক্ষত, অহত, অনুপহত।

ক্রি-বিণ· অক্ষতদেহে, অক্ষতশরীরে।

বিনারক্তপাতে; বিনাযুদ্ধে।

৬৯০ শারীরিক আঘাত

বি· আঘাত(লাগা-, পা), চোট(লাগা-, পা), লাগা-, ঘা লাগা-, ঘা খাওয়া-, চোট খাওয়া-।

ক্ষত [৮৫]; ক্ষতচিহ্ন, কাটাদাগ, আঘাতের চিহ্ন; অস্ত্রচিহ্ন; গুলির দাগ।

ক্ষতস্থান।

কাটা-, কাটাছেঁড়া।

আঁচড়, ছড়া-, ছড়ে যাওয়া-। নখের আঁচড়, কারিকা।

ছাল ওঠা-।

ফোলা-, ফুলে যাওয়া-।

মচকানো-; ভাঙা- [দ্র ৮৫]। ব্যথা [দ্র ৮৫]।

চোট লাগানো-, চোটানো।

কালশিটে, কালশিটা, কালচিটে, কালশিরা।

বিণ· আঘাতপ্রাপ্ত, আহত [দ্র ৬৮৮], জখম, জখমি।

বিক্ষত, ক্ষতবিক্ষত। রক্তাক্ত, রক্তাপ্লুত।

৬৯১ পরাক্রম

বি· পরাক্রম [২৩৩], শৌর্য, বীর্য, বীর্যবত্তা, শৌর্যবীর্য, ওজঃ, শক্তিসামর্থ্য, বিক্রম, বিক্রান্তি, আক্রম, প্রতাপ, পৌরুষ, প্রতিপত্তি, বীরত্ব, বীরতা, ওজস্বিতা, ঔজস্য, তেজস্বিতা, দাপ, দাপট, পুরুষকার; রবরবা।

জোর, বল, ক্ষমতা, বলবত্তা, তাকত; শক্তি, তেজ [দ্র ৫৬৮], কুয়ত। অপ্রতিরোধ [দ্র ৬৯৩]।

বলশালিতা, শক্তিমত্তা, বলিষ্ঠতা, সবলতা, পরাক্রমশালিতা; পালোয়ানি, দব্‌দবা; ভীমপরাক্রম, ভীমবিক্রম।

ক্ষমতা, মুরোদ, সামর্থ্য, সক্ষমতা, হিম্মত, দৌড়, কুদরত, কেরদানি। সাহস [দ্র ২৩৩]।

অক্লীবতা, অক্লীবত্ব।

গায়ের জোর, বাহুবল, ভুজবল, পেশিশক্তি [৫৬৮]। লাঠির জোর। অস্ত্রবল। বন্দুকের জোর।

জনবল, লোকবল, সংঘশক্তি, গণশক্তি।

বলবর্ধন, বলাধান, বলবৃদ্ধি, বলসঞ্চার; শক্তিবর্ধন, শক্তিবৃদ্ধি, শক্তিসঞ্চার।

বলাধিক্য; জোরবাড়া-; তেল হওয়া-, তেলবাড়া-।

বলপ্রয়োগ(ক), জোরখাটানো-, জোর দেখানো, জোর করা-, শক্তিপ্রয়োগ(ক)।

যোগবল; [অলৌকিক ক্ষমতা] সিদ্ধি, যোগলব্ধশক্তি, সিদ্ধাই, দৈবশক্তি, ঐশীশক্তি, ঐশীক্ষমতা, দৈববল, যোগবল, মন্ত্রশক্তি, মন্ত্রবল।

বিণ· বলবর্ধক, শক্তিবর্ধক, বলদায়ক, বলদ, তেজস্কর।

বীরত্বপূর্ণ, বীরত্বব্যঞ্জক, বীরসুলভ, বীরোচিত, শূরোচিত।

বিণ·/বি· পরাক্রমশালী, পরাক্রান্ত, প্রতাপী, প্রতাপান্বিত, প্রতাপশালী, বিক্রমী, বিক্রান্ত, শূর, শৌর্যশালী, তেজী, তেজস্বী, তেজীয়ান, তেজস্বান, তেজিষ্ঠ, তেজোবান, তেজোদীপ্ত, তেজোদৃপ্ত, তেজোগর্ভ, ওজস্বী, ওজস্বল, ঔজসিক, মহৌজা, ওজিষ্ঠ, উদ্দণ্ড, দীপ্তমূর্তি।

অমিততেজা, অমিতবিক্রম, মহাতেজা, মহাতেজস্বী, দোর্দণ্ডপ্রতাপ; অপ্রতিরথ, তেজালো।

বীর; মহাবীর, প্রবীর; বীরশ্রেষ্ঠ, বীরসিংহ, বীরকেশরী; বীর্যবান, বীর্যবন্ত, অনন্তবীর্য।

বলবান [৭৬], বলশালী, বলী, বলবন্ত, বলীয়ান, বলীন্দ্র, বলান্বিত, বলিষ্ঠ, বলদৃপ্ত, বলাধীন, সবল [৫২৬], প্রবল, শক্তিধর, শক্তিময়, শক্তিমান, শক্তিশালী; অণ্ডীর, ধামনিধি, ভট; ডাকাবুকো; পালোয়ান; তাগড়াই, তাগড়া, দশাসই; অংশল, অংসল; দৃঢ়দেহ, উর্জস্বল, উর্জস্বী, উর্জিত; মোটা [দ্র ৭৬, ৪৭০], কেঁদো, মুসকো, হোঁতকা, ধাকড়া। ভীম, ভীমভবানী; হারকিউলিস; স্যামসন।

জোরবার; সাজোয়ান।

ডানপিটে, দামাল; দস্যি।

মহাবলশালী, মহাবল, অতিবল, মহাবাহু, মহাভুজ, মহাসত্ত্ব, মহাবলী, বহুবল।

ক্ষমতাবান, ক্ষমতাশালী, শক্তিসম্পন্ন, হিম্মতওয়ালা।

অক্লীব, পুরুষমানুষ; বীরপুরুষ।

দুর্ধর্ষ, দুর্মদ, দুর্দান্ত [দ্র ৬৯৮], দুর্দমনীয়।

জোর যার মুলুক তার।

ক্রি-বিণ· গায়ের জোরে, জোরে, সবলে; বাহুবলে; বলপূর্বক, জোর করে; ক্ষমতাবলে। লাঠির জোরে। যোগবলে, মন্ত্রবলে।

৬৯২ বলহীনতা

বি· বলহীনতা, শক্তিহীনতা।

দুর্বলতা, দৌর্বল্য, নির্জীবতা [দ্র ২২৭], নিষ্প্রাণতা।

ক্ষীণতা, শীর্ণতা [দ্র ৭৭]; রুগ্ণতা [দ্র ৮৪]।

অপৌরুষ, অবিক্রম, অবীরত্ব, নিষ্পরাক্রম, তেজোহীনতা, তেজাভাব, নিস্তেজতা; নির্বীর্যতা; ক্লীবত্ব, ক্লীবতা।

বলক্ষয়(ক), শক্তিহ্রাস(ক); দুর্বল করা-; ক্ষমতা কেড়ে নেওয়া-, প্রভাব কমানো-, শক্তিহীন করা-; ছেঁটে দেওয়া-, পক্ষচ্ছেদ(ক), পক্ষচ্ছেদন(ক)।

বিণ·/বি· দুর্বল [৭৭, ২২৭], বলহীন, হীনবল, অবল, শক্তিহীন, অশক্ত, অক্ষম, অশক্তি, হতবল, ক্ষীণবল, অল্পশক্তি, অল্পবল, অসবল, অপ্রবল, কমজোর, কমজোরি, অল্পসার।

উনপাঁজুরে, পটকা, রোগা [দ্র ৭৭], রোগাপটকা, পলকা; তালপাতার সেপাই। কাহিল, কাবু, নিস্তেজ, নিস্তেজাঃ, তেজোহীন, নির্জীব [দ্র ২২৭], নিষ্প্রাণ, হতৌজাঃ।

অসমর্থ [দ্র ৩৩৯], অশক্য, অপারগ, অপারক।

অবীর, ক্ষাম, শক্তিবিহীন, ক্ষীণশক্তি; নালায়েক।

নির্বীর্য, বীর্যহীন, হীনবীর্য; পুরুষত্বহীন; মেদা, ভেতো।

সাবুখাওয়া।

ক্ষমতাচ্যুত, হৃতশক্তি।

৬৯৩ অপ্রতিরোধ

বি· অপ্রতিরোধ, অপ্রতিবন্ধকতা, অনবরোধ।

অপ্রতিরোধ্যতা, অপ্রতিরোধনীয়তা; অপ্রতিষেধনীয়তা।

বাধাহীনতা, বিঘ্নহীনতা।

অনিবার্যতা, অবশ্যম্ভাবিতা, অমোঘতা [৩৮৮]।

সহজলভ্যতা, অনায়াসলভ্যতা [দ্র ৭১৩]।

বিণ· বাধাহীন, বিঘ্নহীন, অবাধ [দ্র ৭০০], অসম্বাধ, অপ্রতিহত, নিরবগ্রহ, অনবগ্রহ, নিরঙ্কুশ।

নির্বিঘ্ন [দ্র ৭০০], নিরুপদ্রব, নির্ঝঞ্ঝাট।

অপ্রশমিত, অনিবারিত [৫১৬, ৭০০], অপ্রতিরুদ্ধ, অনিরাকৃত, অব্যাহত, অনবরুদ্ধ, অবারিত।

অনিবার, অনিবার্য, অনিবারণীয়, অবারণীয়, অপ্রতিষেধনীয়, অপ্রতিষেধ্য; অপ্রতিদ্বন্দ্বী, অপ্রতিদ্বন্দ্ব।

অপ্রতিরোধ্য [৩৮৮], দুর্দম, দুর্ধর্ষ [দ্র. ৬৯৮], দুর্নিবার, অবার, দুর্বারণ, দুর্বার, অবার্য, অপ্রতিবন্ধ, অপ্রতিবন্ধ, দুর্মর [৭০০]।

অপ্রতিরোধনীয়, অবশ্যম্ভাবী।

সুলভ, অনায়াসলভ্য [দ্র ৭১৩]।

ক্রি-বিণ· অবাধে, বিনাবাধায় [দ্র ৭০০], অব্যাহতভাবে।

অপ্রতিহতভাবে, অনিবার্যভাবে।

নির্বিঘ্ন [দ্র ৭০০]।

অপ্রতিহতগতিতে।

বিনাযুদ্ধে; বিনা রক্তপাতে।

বিনা প্রতিদ্বন্দ্বিতায়, বিনা বিরোধিতায়।

৬৯৪ প্রতিরোধ

বি· প্রতিরোধ(ক), বাধা(দে) [৫১৮], রোধ, বাধাদান(ক), সংরোধ, নিবারণ(ক), রোধা-, প্রতিহত করা-, ঠেকানো-, থামানো-, আটকানো-, আটকে দেওয়া-; মোকাবিলা(ক); পথ আগলে দাঁড়ানো-; রোখা-, রুখে দাঁড়ানো-; দ্রোহ, বিদ্রোহ [৬৯৫]; সম্মুখীন হওয়া-; এগিয়ে যাওয়া-; তেড়ে যাওয়া-; যুদ্ধংদেহি ভাব।

অবরোধ(ক) [৬৭২]; পরিবেষ্টন(ক), ঘিরে ফেলা-, ঘেরা-, ঘেরাও(ক) [৬৭২]।

সামাল(দে), সামলানো-, সামলে রাখা-।

প্রতিবন্ধকতা, প্রতিবন্ধ, অন্তরায়, বাধা; শৃঙ্খল [দ্র ৩৬৩]।

প্রতিপক্ষতা, বিরোধিতা [২৮০, ৬৮৬, ৬৮৪, ২৭৬], বিরুদ্ধবাদিতা, প্রাতিলোম্য, বিরুদ্ধতা; বনাম। প্রতিবাদ [দ্র ২৭৬]। যুদ্ধ [দ্র ৬৯৬]। বিক্ষোভ [দ্র ৬৯৫]। অবাধ্যতা [দ্র ২৭৫]। নিষেধ [দ্র ২৭৩]।

প্রহরা, পাহারা(দে) [৩৪১, ৬৭১]; আগলানো-, সামলানো-, আগলে রাখা-। সংরক্ষণ [দ্র ১২৮]। সাবধানতা [দ্র ৩৪১]।

আরক্ষা, আরক্ষণ, প্রতিরক্ষা [দ্র ৬৭১]।

বিণ· প্রতিরুদ্ধ, প্রতিরোধিত, নিবারিত, অবরুদ্ধ, সংরুদ্ধ, বাধাপ্রাপ্ত, ব্যাহত, প্রতিবদ্ধ।

প্রতিহত(ক) [২৭৩], প্রতিস্খলিত। পরিবেষ্টিত। আটক। সুরক্ষিত [দ্র ১২৮]।

প্রতিবন্ধক [৫১৮]।

প্রতিরোধমূলক।

প্রতিরোধনীয়, নিবারণীয়, নিবার্য।

বিণ·/বি· প্রতিরোধী, প্রতিরোধকারী, প্রতিরোধক, রোধকারী, রোদ্ধা, রোধক, রোধী।

অবরোধক, অবরোধকারী, অবরোধী।

বিরোধী, বিরুদ্ধবাদী, বিরুদ্ধাচারী, প্রতিসারী, প্রাতীপিক, পরিপন্থী।

নিবারণকারী, নিবারক, নিরোধক।

প্রতিবাদী [দ্র ২৭৬]; তেড়িয়া।

প্রহরী [দ্র ৬৭১]।

৬৯৫ বিক্ষোভ

বি· বিক্ষোভ [৬৭০, ২৭৬, ৩৩১], গণবিক্ষোভ; বিক্ষোভপ্রদর্শন(ক)।

আন্দোলন(ক) [২৭৬], আলোড়ন, গণ আন্দোলন; সার্বিক আন্দোলন; গণতান্ত্রিক আন্দোলন।

গণ অবস্থান, অবস্থান ধর্মঘট। ঘেরাও(ক)। কালো পতাকা দেখানো-; কুশপুত্তলিকা দাহ। বিক্ষোভ মিছিল, প্রতিবাদ মিছিল। বিক্ষোভ সমাবেশ। অহিংস আন্দোলন;

সত্যাগ্রহ। অনশন, অনশন ধর্মঘট; অরন্ধন। আইন অমান্য, আইন ভঙ্গ [২৭৫]; অসহযোগ, বর্জন, বয়কট।

প্রতিবাদ [দ্র ২৭৬]। ধর্মঘট [দ্র ৩২৪], স্ট্রাইক, কর্মবিরতি। পিকেটিং; চাকাবন্ধ। প্রতিরোধ [দ্র ৬৯৪, ২৭৬], সশস্ত্র বিপ্লব।

বিদ্রোহ(ক), দ্রোহ, দ্রোহিতা, মিউটিনি; রাষ্ট্রদ্রোহিতা, রাজদ্রোহিতা, রাজদ্রোহ [৬৬০]।

বিপ্লব [৬৯৬], বিপ্লবন; রাষ্ট্রবিপ্লব, রেভলিউশন। সমাজপরিবর্তন; রাজবদল, জমানা বদল; সমাজতান্ত্রিক বিপ্লব। সর্বাত্মক বিপ্লব। বুর্জোয়া গণতান্ত্রিক বিপ্লব।

অভ্যুত্থান, সমুত্থান, ব্যুত্থান, উপপ্লব; গণ অভ্যুত্থান।

ক্ষমতা দখল, ক্ষমতা দখলের লড়াই।

গৃহযুদ্ধ [দ্র ৬৯৬], সিভিলওয়ার; গণযুদ্ধ [দ্র ৬৯৬], গণসংগ্রাম।

মুক্তিযুদ্ধ, মুক্তি আন্দোলন, স্বাধীনতাসংগ্রাম, স্বাধীনতা আন্দোলন, স্বাধীনতার যুদ্ধ।

সন্ত্রাস [২৩৪], সন্ত্রাসবাদ, আতঙ্কবাদ, বিভীষিকাপন্থা, সন্ত্রাসন; সহিংস আন্দোলন; উগপন্থা, উগ্রবাদ, চরমপন্থা; অগ্নিযুগ।

সন্ত্রাসবাদী আন্দোলন, টেররিস্ট মুভমেন্ট।

বিপ্লবী চেতনা; বিপ্লবীসত্তা।

নাশকতা, অন্তর্ঘাত, সাবোতাজ।

প্রতিবিপ্লব।

বিণ· বিক্ষুব্ধ, আলোড়িত; আন্দোলনমুখর।

সমুত্থিত, উপপ্লবী।

দ্রোহমূলক, বিদ্রোহমূলক, বিদ্রোহাত্মক, দ্রৌহিক।

অন্তর্ঘাতী, নাশকতামূলক, অন্তর্ঘাতমূলক।

বিপ্লবাত্মক, বৈপ্লবিক।

বিণ·/বি· বিক্ষোভকারী, আন্দোলনকারী, আন্দোলনরত।

অনশনকারী, অনশনব্রতী।

ঘেরাওকারী, আটককারী, অবরোধকারী, অবরোধক।

সত্যাগ্রহী।

আইনঅমান্যকারী, আইনভঙ্গকারী।

বিদ্রোহী, দ্রোহী, দ্রুহ, দ্রুহ্য; রাজদ্রোহী; রাষ্ট্রদ্রোহী।

সন্ত্রাসবাদী, আতঙ্কবাদী, টেররিস্ট, চরমপন্থী, উগ্রপন্থী; উগ্রবাদী; হিংসাশ্রয়ী।

বিপ্লবী; বিপ্লবপন্থী, বিপ্লববাদী।

স্বাধীনতা সংগ্রামী; মুক্তিযোদ্ধা।

প্রতিবিপ্লবী।

৬৯৬ যুদ্ধ

বি· যুদ্ধ(ক), রণ, সমর, সংগ্রাম, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, জঙ্গ, সংযুগ, সমীক, প্রঘাত, আয়োধন, সংস্ফোট, প্রতিদারণ, অভ্যামর্দ, সম্মর্দ, সংখ্য, যুঝ।

সংঘর্ষ, লড়াই [৬৮৪], সংঘাত; ঝগড়া [দ্র ৬৮৬]।

সমরানল; যুদ্ধলাগা-; রণদামামা বেজে ওঠা-।

অস্ত্রধারণ(ক); অস্ত্রের সংঘাত।

মারামারি(ক) [৬৮৮], পিটাপিটি, ধস্তাধস্তি(ক), মারমার কাটকাট, হানাহানি(ক), লড়ালড়ি; কাটাকাটি(ক); হাতাহাতি(ক); কিলাকিলি(ক), কিলোকিলি(ক); ঘুষোঘুষি; লাঠালাঠি(ক)। আঘাত [দ্র ৬৮৮]। রক্তারক্তি; রক্তপাত, রক্তগঙ্গা।

সমুত্থান, বিদ্রোহ [দ্র ৬৯৫]; অভ্যুত্থান, সামরিক অভ্যুত্থান, ক্যু [৬৬০·৩]। বিপ্লব [দ্র ৬৯৫]।

আক্রমণ(ক), হানা(দে), হামলা(ক), চড়াও, অভ্যাঘাত, অধিক্রম, অভিক্রম, অভিনির্যাণ, উদ্বেষ্ট, আগ্রাসন, অভিগ্রহ, অভিমর্দ; যুদ্ধাভিযান, রণযাত্রা, রণাভিযান, যুদ্ধযাত্রা, দণ্ডযাত্রা, অভিযান; দিগ্বিজয়, বিজয় অভিযান।

গৃহযুদ্ধ [৬৯৫], গৃহবিবাদ [৬৪৩], ঘরোয়া বিবাদ, অন্তর্বিরোধ, অন্তর্কলহ, আত্মবিরোধ, আত্মবিগ্রহ, আত্মকলহ, অন্তর্বিগ্রহ, অন্তর্বিপ্লব। আত্মঘাতী লড়াই; ভাইয়ে ভাইয়ে লড়াই।

দাঙ্গা, রায়ট, দাঙ্গাহাঙ্গামা [৬৮৮], মারদাঙ্গা, খণ্ডাখণ্ডি, হাঙ্গামা।

স্থলযুদ্ধ। জলযুদ্ধ, নৌযুদ্ধ। আকাশযুদ্ধ, বায়ুযুদ্ধ বিমানযুদ্ধ। নক্ষত্রযুদ্ধ, স্টার ওয়ার।

সম্মুখযুদ্ধ, সম্মুখসমর, সম্মুখসংগ্রাম, সামনাসামনি লড়াই। গেরিলাযুদ্ধ। দ্বন্দ্বযুদ্ধ। দ্বৈরথ, দ্বৈরথযুদ্ধ, দ্বৈরথসমর।

তীব্র লড়াই; হাড্ডাহাড্ডি লড়াই।

ধর্মযুদ্ধ, জিহাদ, জেহাদ; ন্যায়যুদ্ধ, হোলি ওয়ার, ক্রুসেড্। ঠাণ্ডালড়াই। মুক্তিযুদ্ধ [৬৫৭, ৬৯৫]। সীমানাসংঘর্ষ, সীমান্তবিরোধ, সীমাবিবাদ। নিশারণ, নৈশযুদ্ধ, সৌপ্তিক। অন্যায়যুদ্ধ, কূটযুদ্ধ।

মহাযুদ্ধ, বিশ্বযুদ্ধ।

বোমাফেলা-, বোমা আক্রমণ; পরমাণুযুদ্ধ, নিউক্লিয়ার ওয়ার।

যুদ্ধাবস্থা, যুদ্ধপরিস্থিতি।

রণক্ষেত্র, যুদ্ধক্ষেত্র, যুদ্ধস্থল, রণাঙ্গন, সমরাঙ্গন, রণস্থল, রণভূমি, সংগ্রামক্ষেত্র, সমরভূমি, সমরক্ষেত্র।

যুদ্ধের বাজনা, রণবাদ্য [৪৩৩], রণদামামা, রণঢক্কা, সংগ্রামপটহ, রণভেরি, রণতূর্য, গন্ধতূর্য। রণহুংকার; যুদ্ধংদেহি।

যুদ্ধাভিলাষ, যুযুৎসা, সমরেচ্ছা, রণোন্মাদনা, রণোন্মত্ততা, যুদ্ধোন্মাদনা, রণোৎসাহ। রণোদ্যম, যুদ্ধোদ্যম, যুদ্ধোদ্যোগ, প্রত্যুৎক্রম।

রণসজ্জা, সমরসজ্জা, যুদ্ধের আয়োজন। সৈন্যসমাবেশ, সেনানিবেশ। সমরসম্ভার, যুদ্ধসামগ্রী, যুদ্ধোপকরণ। যুদ্ধাস্ত্র, সমরাস্ত্র [দ্র ৫৪০]। যুদ্ধজাহাজ, রণতরী, রণপোত, নৌবল, নৌবাট, নৌবিতান; মানোয়ার, জঙ্গডিঙা। বিমানবাহী জাহাজ; ক্রুজার; ডেসট্রয়ার; ফ্ল্যাগশিপ, পতাকাবাহী জাহাজ; ফ্রিগেট; গানবোট; টর্পেডো বোট; ডুবোজাহাজ, সাবমেরিন।

যুদ্ধবিমান, জঙ্গিবিমান; বোমারুবিমান; ফাইটার প্লেন; হান্টার; ইন্টারসেপ্টার; জেট বম্বার; জেট ফাইটার।

রণসাজ, রণবেশ, যোদ্ধবেশ, সমরসজ্জা।

রণনৈপুণ্য, সংগ্রামপটুতা, সমরদক্ষতা।

যুদ্ধনীতি, রণনীতি, যুদ্ধরীতি, সমরকৌশল, রণকৌশল;

যুদ্ধবিদ্যা, ক্ষত্রবিদ্যা।

বাহিনী, সামরিক বাহিনী [দ্র ৬৯৭]। অগ্রগামী সৈন্য, কেরবাল।

যুদ্ধবন্দী।

সামরিক কায়দা। সামরিক সম্মান। সামরিক আইন, মার্শাল ল।

বিণ· সামরিক, সাংগ্রামিক; সংগ্রামী। **[বিপ·]** অসামরিক, অসৈনিক।

যুদ্ধকালীন; আপৎকালীন।

আক্রান্ত, অভিগ্রস্ত। আক্রমণীয়।

যুদ্ধরত, সমররত, সংগ্রামরত।

বিণ·/বি· যোদ্ধা, সৈন্য [দ্র ৬৯৭], যুদ্ধার্থী, যুদ্ধকারী, যুদ্ধকর্তা, সংগ্রামকারক, সংগ্রামিক, যুধান, যোদ্ধ, যৌধেয়, বাহুল, সৌপ্তিক; যুদ্ধাজীব।

জঙ্গি, যুদ্ধবাজ, যুদ্ধোন্মাদ।

রণেচ্ছু, সমরেচ্ছু, যুদ্ধাভিলাষী, যুযুৎসু, বিজিঘৃক্ষু।

যুদ্ধরত, সমররত, যুধ্যমান, যুযুধান।

যুদ্ধবিশারদ; যুদ্ধনিপুণ, রণনিপুণ, রণকুশল, রণদক্ষ, রণপটু, সংগ্রামদক্ষ, রণপণ্ডিত, সুভট্ট। ন্যায়যোদ্ধা, কূটযোদ্ধা।

আক্রমণকারী, আক্রামক, আগ্রাসী, হানাদার। দাঙ্গাবাজ।

যুদ্ধেনিহত, সমরশায়ী।

বিদ্রোহী [দ্র ৬৯৫], কৃতবিদ্রোহ।

[পৌরা·] রথী; মহারথী। সপ্তরথী [দ্রোণাচার্য; কর্ণ; কৃপ; অশ্বত্থামা; শকুনি; দুর্যোধন; দুঃশাসন]। অতিরথ।

মহাধনুর্ধর, মহেষ্বাস; অতিবল, মহাবল।

[বিপ·] যুদ্ধবিরতি; সন্ধি, সন্ধিচুক্তি। যুদ্ধবিরতি চুক্তি।

অস্ত্র সংবরণ, শস্ত্র সংবরণ।

যুদ্ধথামা-, যুদ্ধাবসান, যুদ্ধশেষ, সংগ্রাম সমাপ্তি, যুদ্ধ থেমে যাওয়া-।

যুদ্ধবিরতি রেখা।

৬৯৬·১ পৌরাণিক যুদ্ধ

দশরাজের যুদ্ধ। কুরুক্ষেত্র যুদ্ধ, ভারতযুদ্ধ। রাম-রাবণের যুদ্ধ। ট্রয়ের যুদ্ধ, ট্রোজান ওয়ার।

৬৯৬·২ ভারতবর্ষের উল্লেখযোগ্য যুদ্ধ।

আলেকজাণ্ডার-পুরু। কলিঙ্গ। তরাইন। পানিপথ। খানোয়া। তালিকোটা। হলদিঘাট। সমুদ্রগড়। ধর্মাত। খাজোয়া। দেওরায়। পলাশি। উদগির। বন্দীবাস। বক্সার। শ্রীরঙ্গপত্তনম। রোহিলা। মারাঠা। মহীশূর। নেপাল, গুর্খা। পিণ্ডারি। বার্মা, ব্রহ্মদেশ। আফগান। শিখ। ভুটান। ইম্ফল। কাশ্মির। হায়দ্রাবাদ। গোয়া অভিযান। পাক-ভারত। চিনযুদ্ধ। বাংলাদেশের যুদ্ধ।

৬৯৬·৩ (ভারতবর্ষ ভিন্ন) উল্লেখযোগ্য যুদ্ধ

বলকান। বুয়োর। ডানকার্ক। লাইপ্‌ৎসিগ। ম্যারাথন। নীলনদী। পার্ল হারবার। কুইবেক। সিঙ্গাপুর। ক্রিমিয়া। ফ্রাংকো প্রাশিয়ান। সাতবছরের যুদ্ধ। শতবর্ষব্যাপী যুদ্ধ। ইতালি। কোরিয়া। নেপোলিয়ানের যুদ্ধ। পিউনিক। রুশ-জাপান। চিন-জাপান। প্রথম বিশ্বযুদ্ধ; দ্বিতীয় বিশ্বযুদ্ধ। স্তালিনগ্রাদ। ট্রাফালগার। ভিয়েনা। ওয়াটারলু। বার্লিন। ভিয়েতনাম। আলেমিন। আলমাহালফা। ফকল্যান্ড। ইজরায়েল-মিশর। ইরান-ইরাক।

৬৯৬·৪ স্বাধীনতা যুদ্ধ

আমেরিকার স্বাধীনতা যুদ্ধ। ইতালির স্বাধীনতা যুদ্ধ। স্পেনের মুক্তিযুদ্ধ। বাংলাদেশের মুক্তিযুদ্ধ। অ্যালজিরিয়ার মুক্তিযুদ্ধ।

৬৯৬·৫ বিপ্লব

ফরাসি বিপ্লব। রুশ বিপ্লব। চিন বিপ্লব। কিউবার বিপ্লব। মেক্সিকো। নিকারাগুয়া।

৬৯৬·৬ গৃহযুদ্ধ

আমেরিকার গৃহযুদ্ধ। স্পেনের গৃহযুদ্ধ। রোমান গৃহযুদ্ধ।

৬৯৬·৭ বিদ্রোহ (ভারতবর্ষের)

সিপাহি বিদ্রোহ। সাঁওতাল বিদ্রোহ। নীল বিদ্রোহ। মুণ্ডা বিদ্রোহ। সন্ন্যাসী-ফকির বিদ্রোহ। আজাদহিন্দ বাহিনী। তেভাগা আন্দোলন। নকশালবাড়ি আন্দোলন।

৬৯৭ সৈন্য

বি· সৈন্য, সেনা, সৈনিক, সিপাহি, যোদ্ধা, যোধ, কটক, জওয়ান।

বল, ফোর্স; মিলিটারি, সৈন্যবল, সামরিক বল।

সেনাবাহিনী, সেনানী, সেনাদল, সৈন্যদল, সামরিক বাহিনী [৬৯৬], ফৌজ, পলটন, লশকর, সশস্ত্র বাহিনী, অনীকিনী, অনীক, স্কন্ধ, চমূ, পৃতনা, পতাকিনী।

স্থলবাহিনী, স্থলসেনা, আর্মি। পদাতিক, পদাতি, পত্তি, পদিক, পাইক, ইনফ্যান্ট্রি। অশ্বারোহী বাহিনী, রিসালা। গোলন্দাজ বাহিনী, সাঁজোয়া বাহিনী।

জলবাহিনী, নৌবাহিনী, নৌসেনা, নেভি।

বিমানবাহিনী, বায়ুসেনা, বিমানসেনা, এয়ারফোর্স; ছত্রীসৈন্য, প্যারাসুটবাহিনী, প্যারাট্রুপার।

গেরিলা সৈন্য, গেরিলাবাহিনী; কমান্ডো, কমান্ডোবাহিনী।

সেনাদলে ভর্তি, রিক্রুট, রংরুট।

ধর্মযোদ্ধা; গাজি; মুজাহিদ।

সংশপ্তক।

ভাড়াটে সৈন্য।

ডিভিশন; ব্রিগেড, রেজিমেন্ট; গ্যারিসন; কোম্পানি; স্কোয়াড্রন; স্কোয়াড; প্লেটুন, পলটন।

সেনাপতি [৬৬২], বাহিনীপতি, বলাধ্যক্ষ, সেনাধ্যক্ষ, সৈন্যাধ্যক্ষ, সেনানায়ক, সৈনানীক, সৈন্যপতি, সৈন্যনায়ক, সৈন্যপাল, চম্পতি, চমচর, চমূনাথ; ফৌজদার, সিপাহসলার।

নৌসেনাধ্যক্ষ, নাবাধ্যক্ষ। রিসালদার, রিসালাদার।

সৈনাপত্য, সৈন্যাধ্যক্ষতা। সৈন্যপরিচালনা(ক)।

কমান্ডার, সমরাধিনায়ক; সেনাপ্রধান [দ্র ৬৬২]।

সেনানিবাস, সেনানিবেশ, সৈন্যশিবির, কটক, স্কন্ধাবার, অবস্কন্দ, বলস্থিতি, ব্যারাক, ক্যানটনমেন্ট, লাইনস; ছাউনি, ক্যাম্প।

যোদ্ধবেশ [৬৯৬], উর্দি।

দুর্গ, কেল্লা, গড় [দ্র ৬৭১], কোট। গুমটি। দুর্গাধিপতি, দুর্গদার, দুর্গেশ, দুর্গপতি, দুর্গাধীশ, গড়নায়ক।

[পৌরা·] চতুরঙ্গ, চতুরঙ্গসেনা [পদাতি; অশ্ব; হস্তী, গজানীক; রথ]।

অক্ষৌহিণী [১০৯৩৫০ পদাতি; ৬৫৬১০ অশ্ব; ২১৮৭০ হস্তী; ২১৮৭০ রথ]।

বিণ· সসৈন্য, সবল। মিলিটারি, ফৌজি।

বিণ·/বি· সাস্ত্রী; অস্ত্রী, অস্ত্রধারী; যোদ্ধা।

ক্রি-বিণ· সসৈন্যে, সবলে।

৬৯৮ জয়

বি· জয়(ক), বিজয়(ক), জেতা-, জিত, জিতে নেওয়া-, জিন, জিনা, জয়লাভ(ক), ফতে, কিল্লাফতে(ক), মাত(ক), বাজিমাত।

দিগ্বিজয় [৩৪৭]; বিশ্ববিজয়(ক), বিশ্বজয়(ক), ভুবনজয়(ক), জগজ্জয়।

যুদ্ধজয়(ক), রণজয়(ক), সমরসাফল্য।

অপরাজয়, অনভিভবন।

কৃতকার্যতা, সফলতা, সাফল্য, সার্থকতা [দ্র ৩৪৭]।

জেতানো-, জিতিয়ে দেওয়া-।

হারানো-, হারিয়ে দেওয়া-, পরাজিত করা-, বিজিত করা-; বিপর্যস্ত করা-, বিদলন, পর্যুদস্ত করা-, বিধ্বস্ত করা-, পরাস্ত করা-, পরাভূত করা-; গো হারান হারানো-।

দমন(ক), দাব, অবদমন(ক), বিনয়ন।

দমানো- [৩৪০], দাবানো-, দাবিয়ে রাখা-, বাগে আনা-, বাগানো-, বাগ মানানো-; নিবারণ(ক) [দ্র ২৭৩], প্রশমন(ক)।

শায়েস্তা(ক) [৫৬৬], টিট(ক), কব্জা(ক), কাবু করা-, কোণঠাসা করা-।

অধীনে আনা-, বশীভূত করা-, বশ(ক), বশে আনা- [৩৬২, ৭২৪], আয়ত্ত করা-, আয়ত্তে আনা-, বাধ্য করা-; হাতে আনা-, হাত করা-, হাতে রাখা-; বশীকরণ, বশিতা, বশিত্ব।

পারা-, আঁটা-, এঁটে ওঠা-, পেরে ওঠা-।

শত্রুদমন(ক), শত্রুজয়(ক), শত্রুনাশ(ক), শত্রুবিনাশ(ক), শত্রুমর্দন(ক), বৈরীসংহার, বৈরীদমন(ক), অরাতিদমন, কণ্টকোদ্ধার(ক)।

অধৃষ্যতা, অজেয়তা, অদম্যতা; অনমনীয়তা, অবশ্যতা, অবাধ্যতা।

পরাক্রম [দ্র ৬৯১]।

জয়ের ইচ্ছা, বিজয়াভিলাষ, জিগীষা, বিজিগীষা।

বিজয়োৎসব [৬৪৫], জয়োৎসব।

জয়দর্প, জয়গর্ব, বিজয়গর্ব।

জয়ধ্বনি, জয়োল্লাস, জয়জয়কার, জয়কার।

জয়স্তম্ভ, বিজয়স্তম্ভ। রণস্তম্ভ।

জয়শঙ্খ; জয়ভেরি, বিজয়দুন্দুভি, জয়ঢাক [৪৩৩], বিজয়মর্দল। জয়মাল্য, বিজয়মাল্য, জয়মালা।

বিজয়লক্ষ্মী, জয়লক্ষ্মী; জয়শ্রী।

জয়পতাকা, জয়ধ্বজা, জয়ধ্বজ, বিজয়কেতন, জয়জয়ন্তী, জয়কেতু।

জয়লেখ, জয়পত্র।

বিণ· অপরাজিত, অজিত, অপরাভূত, অপরাহত, অদমিত, অপরাস্ত।

অদমনীয়, অদম্য, অনমনীয়, অজেয়, অপরাজেয়, অজেতব্য, অবশ্য, অধৃষ্য, অযোধ্য, অজয্য, দুষ্পরাজেয়, অনাধৃষ্য, অনভিভবনীয়, দুরাক্রম্য, দুর্যোধ, বৈজয়িক।

দুর্জয়, দুর্দম, দুর্দমনীয়, দুর্দম্য, দোর্দণ্ড, দুর্ধর, অদান্ত, দুঃশ্বাস, দুর্দান্ত [৬৯১], দুর্ধর্ষ [৪৫৪, ৬৯১]; দুর্বার, দুর্নিবার্য, দুর্বিনেয়, দুরাধর্ষ, দুরাসদ, অপ্রধৃষ্য, দুষ্প্রধর্ষ।

অবশ, অবশীভূত, অনায়ত্ত, অবাধ্য। দুর্বধ্য, দুরত্যয়, দুর্বিনাশ্য।

পরাক্রান্ত [দ্র ৬৯১]।

বিণ·/বি· জয়ী, বিজয়ী, বিজেতা, জিষ্ণু, জেতা, জয়যুক্ত, জয়শীল, জিৎ, জয়কারী, জৈত্র, জিত্বর, বিজয়কারী, জয়লাভকারী; দমী, দমনকারী, দময়িতা, দমক; বশকারী, বশী; বিপদনাশক; সফল [দ্র ৩৪৭]।

জয়েষ্ণু, জিগীষু, বিজিগীষু, বিজিগ্রাহয়িষু।

বিশ্ববিজয়ী, বিশ্বজয়ী, ভুবনজয়ী, বিশ্ববিজেতা, জগজ্জয়ী, দিগ্বিজয়ী; যুদ্ধজয়ী, সমরজয়ী, জিতাহব।

বিজয়োন্মত্ত, জয়োল্লসিত।

শত্রুনাশকারী, শত্রুজয়ী, শত্রুঘ্ন, অরিজিৎ, জিতারি, জিতামিত্র, অরিমর্দ, অরিন্দম, অরিমর্দন, অরাতিদমন, শত্রুজিৎ, শত্রুন্তপ, শত্রুজয়, অরিন্দমী, অরিহা, পরন্তপ, পরঞ্জয়। শত্রুহ, শত্রুঘাত, শত্রুঘাতী, শত্রুনাশক।

জয়দ, জয়দাতা।

৬৯৯ পরাজয়

বি· পরাজয় [৬৫৮], হার, হারা-, হেরে যাওয়া-, পরাভব, পরিভব, অভিভব, অভিভাব, অভিভূতি, অনুগতি, কুপা, হারি, পর্যুদাস; অজয়, অপজয়, অবজয়, অবজিতি।

পরাজয়স্বীকার(ক), হারমানা- [দ্র ৩৫০], হারস্বীকার।

আত্মসমর্পণ(ক), সারেন্ডার(ক), আনুগত্যস্বীকার(ক), বশ্যতাস্বীকার(ক); ধরা দেওয়া-; রণে ভঙ্গ(দে), লেজ গুটানো-, পিঠটান(দে), পিছিয়ে আসা-, পশ্চাদপসারণ(ক), পিছনে হটা-, হটে যাওয়া-, পিছু হটা-, হটে আসা।

নাকাল হওয়া- [৬৮], নাস্তানাবুদ হওয়া-; অবস্থা কাহিল, অবস্থা সঙ্গিন।

বশ্যতা, পরাধীনতা [দ্র ৬৫৮]; বশীভবন।

দমা-, দমে যাওয়া-; উৎসাহে ভাটা পড়া-।

অস্ত্র সংবরণ(ক), হাতিয়ার নামানো-, প্রত্যবহার।

বিণ· পরাজেয়, জেয়, বিজেয়, ধৃষ্য, জেতব্য, জয়সাধ্য, অভিভাব্য, সুজয়, সুজেয়, জিত্য, প্রধৃষ্য।

বশ্য, দমনীয়, দম্য, দমনসাধ্য।

নাকাল(হ), নাজেহাল(হ), হয়রান(হ), নাস্তানাবুদ(হ), জেরবার(হ); কাহিল(হ)। হেঁট(হ)। কোণঠাসা(হ)।

বিণ·/বি· পরাজিত(হ), বিজিত(হ), হারিত, পরাভূত(হ),

পরাহত(হ), পরাস্ত(হ), নির্জিত, বিনির্জিত, অবজিত, পর্যুদস্ত, বিদলিত, পরজিত; কুপোকাত, হেরো।
বশীভূত(হ) [২৭১]।
অবদমিত, দমিত, প্রদমিত।
দমনশীল, দমী।
রাজ্যভ্রষ্ট, রাজ্যচ্যুত।

৭০০ অনবরোধ

বি· অনবরোধ, বাধাশূন্যতা, অবরোধহীনতা, অপ্রতিবন্ধকতা, অব্যাহতি, অব্যাঘাত; অনুকূলতা [দ্র ৬৮৩]।
মুক্তি [দ্র ৬৭৩]। স্বাধীনতা [দ্র ৬৫৭]।
খোলা- [দ্র ৫১২], খোলামেলাভাব।
বাধা দূর করা-, বাধা হটানো-, বাধা সরানো-।
বিণ· অবাধ [৬৫৭, ৬৯৩], বাধাহীন, বাধাশূন্য, অসম্বাধ, অপ্রতিবন্ধ, অনন্তরায়, নিরবগ্রহ, নিরঙ্কুশ, অবাধিত, অপ্রতিহত, অপ্রতিবন্ধক, অপ্রাপ্তবাধা, অব্যাহত।
মুক্ত [৬৭৩], উন্মুক্ত, অনর্গল, অর্গলহীন, অবারিত, খোলা [দ্র ৫১২], অনবরুদ্ধ, অনাবদ্ধ, অরুদ্ধ, অনিরুদ্ধ, অযন্ত্রিত, নিরাবাধ।
বল্গাহীন, লাগামছাড়া-, বাধাবন্ধহারা, নির্বাধ, উদ্দাম; উৎপিঞ্জর, পিঞ্জরমুক্ত।
অনিষিদ্ধ, অনিবারিত [৬৯৩, ৫১৬], অপ্রতিষিদ্ধ।
নিষ্কণ্টক, অকণ্টক, নিরুপদ্রব, অপ্রতিষেধ, অপ্রতিষেধনীয়, বিঘ্নহীন [৬৯৩], অবিঘ্ন, নির্বিঘ্ন; নির্ঝঞ্ঝাট, ঝামেলাহীন।
অনুকূল [দ্র ৬৮১]।
অধরা, ধরাছোঁয়ার বাইরে।
ক্রি-বিণ· অবাধে, অবলীলায়, বিনাবাধায়; নির্বিঘ্নে, অকণ্টকে।
অবহেলে, অক্লেশে, অনায়াসে, সহজে [দ্র ৩৫১]।

২৮ দেওয়া-নেওয়া-চাহিদা

৭০১ রাখা

বি· রাখা-, রক্ষণ, রেখে দেওয়া-, রাখন, রাখনি; স্থাপন(ক) [১৪২], স্থাপনা(ক), অবস্থাপন, সংস্থাপন(ক), সন্নিবেশ, আধান, থোওয়া-; গচ্ছিত রাখা-, ডিপজিট(ক)।
আরোপ(ক), আরোপণ, অর্পণ [দ্র ৭০৪], ন্যাস, উপনিধান। না দেওয়া-, অসমর্পণ, রেখে দেওয়া-।
সংরক্ষণ [দ্র ১২৮]। প্রতিষ্ঠা [দ্র ১৪২]।
পেশ(ক), দাখিল(ক), উপস্থাপন(ক), উত্থাপন(ক), তোলা-; আনা-, নিয়ে আসা-, আনয়ন(ক)।
গছানো-, গছিয়ে দেওয়া-; ঘাড়ে চাপানো-; চাপানো-, চাপিয়ে দেওয়া-; হাতে ধরানো-; ধরিয়ে দেওয়া-।
রাখার জায়গা; সংরক্ষণস্থান; রক্ষণাগার [দ্র ১২৮]। পাত্র, আধার [দ্র ৫৩৯]।
বিণ· রক্ষিত, সংরক্ষিত [দ্র ১২৮]।
রক্ষণীয়, রক্ষ্য, রক্ষণযোগ্য, সংরক্ষণীয়, রক্ষণার্হ; আধেয়।
গচ্ছিত, ন্যস্ত, নিহিত, উপনিহিত, উপন্যস্ত, সবিকল্প; সন্নিবিষ্ট, সন্নিবেশিত।
স্থাপিত, সংস্থাপিত, অবস্থাপিত; আরোপিত।
স্থাপনীয়; স্থাপ্য।
আহিত, অর্পিত [দ্র ৭০৪]।
উত্থিত, উপস্থাপিত।
চয়িত [দ্র ৭০২]। অপ্রদত্ত, অসমর্পিত।
নীয়মান। আনয়নীয়।
আনীত, নীত।
বিণ·/বি· রক্ষক, সংরক্ষক [দ্র ১২৮], রক্ষণকারী; ন্যাসরক্ষক, উপনিধি।
স্থাপক, সংস্থাপক, সংস্থাপয়িতা, সংস্থাপনকারী, স্থাপয়িতা, স্থাপনকারী, অবস্থাপক, অবস্থাপয়িতা।
উপস্থাপক, উত্থাপক, উত্থাপনকারী, উপস্থাপয়িতা।
আনয়নকারী, আনেতা।
পেশকার, পেশকারী।

৭০২ সংগ্রহ

বি· সংগ্রহ(ক), সংগ্রহণ, যোগাড়(ক), সংহৃতি, সংগ্রাহ, সংগ্রহণী।
আদায়(ক) [দ্র ৭১৫], উশুল(ক)।
সংকলন, সমাহরণ(ক), সমাহৃতি, সমাহার।
চয়ন(ক), বিচয়ন, বিচয়, আচয়, আহরণ(ক), আহৃতি, প্রচয়, প্রচায়, উচ্চয়, উচ্চায়।
বাছা-, বাছাই(ক), বেছে নেওয়া-, বিচয়ন।
সঞ্চয়(ক), সঞ্চয়ন, সঞ্চয়করণ, জমানো-, জমা(ক), অবচয়, জমিয়ে তোলা-, জমে ওঠা; সংস্থান।
মজুত(ক), পুঁজি [৭৩৪], জমিয়ে রাখা-; ঘরে তোলা-, তোলা-। পুঁজীকরণ, মজুতদারি।
আনা-, আনয়ন; আনানো-; আমদানি(ক)।
একত্র করা-, একত্রীকরণ, তাংড়ানো-; ভুর(ক); ডাঁই(ক); জড়ো করা-; গাদা(ক); স্তূপ [দ্র ৪৬২]।
উদ্ধৃতি; উদাহরণ।
সংগ্রহালয়, সংগ্রহশালা; যাদুঘর, মিউজিয়াম [দ্র ১২৮]।
গোলা [৪৮], মরাই, মায়ামঘর; আড়ত; আড়ং; গুদাম [১২৮, ৭৩৮], মালখানা; হামার।
সঞ্চয়সংস্থা; সঞ্চয়ব্যবস্থা; ব্যাংক; সেভিংস ব্যাংক; বিমা; জীবনবিমা; প্রভিডেন্ট ফান্ড।
বিণ· সংগৃহীত, সংহৃত, উপাহৃত, সংহিত।
সংগ্রহণীয়, আহর্তব্য, আহরণীয়, চয়নীয়, চেয়, প্রচেয়, বিচেয়।

সংকলিত, সমাহৃত; চয়িত, আহরিত, আহৃত, বিচিত, চিত, প্রচিত।

সঞ্চিত, অবচয়িত, অবচিত, সংস্থিত। গোলাজাত(ক); সিন্দুকজাত(ক)। বাক্সবন্দী(ক)।

সঞ্চেয়; সঞ্চীয়মান।

একত্রীকৃত, একত্রিত(ক), পুঞ্জিত, পুঞ্জীভূত, রাশীকৃত, স্তূপীকৃত [দ্র ৪৬২]।

আনীত, নীত; আমদানীকৃত।

উদ্ধৃত, গৃহীত [দ্র ৭১৫]; উৎকলিত; উদাহৃত, উল্লেখিত।

বিণ·/বি· সংগ্রাহক, সংগ্রহকারী, সংগ্রহকার, সংগ্রহকর্তা, সংগ্রহীতা, সংগ্রাহী; যোগাড়ে, যোগাড়িয়া।

সংকলক, সংকলয়িতা, সংকলনকারী, আহরণকারী, সমাহর্তৃ, আহর্তা, আহরক।

আনয়নকারী, আনেতা; আমদানিকারক।

সঞ্চয়ী, সঞ্চয়কারী।

গোলদার, আড়তদার; মজুতদার, মজুতকারী।

পুঁজিবাদী।

৭০৩ আরোপ

বি· আরোপ(ক), আরোপণ, ন্যাস [৭০১], অধ্যাস, অধ্যাসন, অধ্যারোপ, অধ্যারোপণ, অতিদেশ, অবভাস।

চাপানো-; ঘাড়ে চাপানো-; বর্তানো-; গছানো- [দ্র ৭০১]।

রুজু(ক), বলবত(ক), কায়েম(ক), জারি(ক), দায়ের(ক); বহাল।

উপস্থাপন [দ্র ৭০১], স্থাপন, সংস্থাপন।

বিণ· আরোপিত, স্থাপিত, ন্যস্ত, অবভাসিত, অধ্যস্থ, আবসিত, সংস্থাপিত, উপাহিত।

আরোপ্য, উপাধেয়।

আরোপ্যমাণ, অবভাসমান, স্থাপ্যমান।

বিণ·/বি· আরোপক, আরোপণকারী।

৭০৪ দেওয়া

বি· দেওয়া-, প্রদান(ক), অর্পণ(ক) [৭০১], সমর্পণ(ক), সঁপা-, সঁপে দেওয়া-, দেওন, দেওয়ানো-, দাপন।

দান(ক), সম্প্রদান(ক), দিয়ে দেওয়া-, দানখয়রাত [দ্র ৭০৬]। স্বত্বত্যাগ (ক)।

উৎসর্গ(ক) [দ্র ৭০৭]। ত্যাগ [দ্র ৭১৬]। বিতরণ(ক) [দ্র ৭০৫]। দানশীলতা [দ্র ৭০৬]।

সরবরাহ(ক), যোগান(দে), যোগানো-, সাপ্লাই(দে), যুগিয়ে যাওয়া-, যোগাড়(ক); চাহিদা পূরণ(ক), চাহিদা মেটানো-, অভাবপূরণ(ক), অভাব নিবারণ(ক), অভাব মেটানো-, অভাবমোচন(ক); আঞ্জাম, বন্দোবস্ত [দ্র ৩৩০]।

প্রতিদান(দে), প্রতিপ্রদান। হস্তান্তর, হাতবদল(ক), হাতফিরি(হ)।

ফেরত(দে), ফিরত(দে), শোধ(দে, ক), পরিশোধ(দে), প্রত্যর্পণ(ক), শোধা-, ফিরিয়ে দেওয়া-, ফিরানো-, ওয়াপস; মিটিয়ে দেওয়া-, মেটানো-, মিটানো-, শোধবোধ, চুকানো- [১৪৩], চুকিয়ে দেওয়া-; ঋণমুক্তি, আনৃণ্য, বাকি শোধ, ধার শোধ, ঋণ শোধ(ক), ঋণ পরিশোধ(ক), ধার চোকানো-; রোক শোধ; হিসাব মিটানো-, হিসাব চুকানো-।

দিৎসা, দানেচ্ছা, দানাভিলাষ; বদান্যতা [দ্র ৭০৬]।

দীয়মানতা।

পরকীকরণ।

বিণ· দত্ত, প্রদত্ত, অর্পিত, ন্যস্ত, নিসৃষ্ট, আহিত, সন্ন্যস্ত।

প্রত্যর্পিত, পরিশোধিত, প্রতিদত্ত, প্রদিষ্ট। হস্তান্তরিত।

দেয়, প্রদেয়, দানযোগ্য, দেনো, দানীয়, অর্পণীয়, অর্প্য, দাতব্য, প্রতিদেয়।

শোধ্য, পরিশোধ্য, পরিশোধনীয়, ফেরতযোগ্য। বাকি, বকেয়া, পাওনা [দ্র ৭৩৩]।

উৎসর্গীকৃত [দ্র ৭০৭]; ইচ্ছাদত্ত, স্বেচ্ছাদত্ত। ত্যাজ্য [দ্র ৭১৬]। বিতরিত [দ্র ৭০৫]।

দীয়মান।

বিণ·/বি· দায়ক, দাতা [৭০৬], প্রদাতা, দানকারী, প্রদায়ক, প্রদায়ী, প্রদায়িকা, অর্পয়িতা, প্রদ, প্রদা, দাত্রী, প্রদাত্রী; প্রদায়িনী। সম্প্রদানকারী, সম্প্রদাতা।

দিৎসু।

শোধকারী, প্রত্যর্পণকারী, পরিশোধকারী।

সরবরাহকারী, সরবরাহক, সাপ্লায়ার, যোগাড়ে, যোগানদার, যোগানদাতা।

৭০৫ বিতরণ

বি· বিতরণ(ক), বিলনো-, বিলানো-, বিলিয়ে দেওয়া-, বণ্টন(ক), বাঁটা, বাঁটন, বাটোয়ারা, বিলি(ক), তকসিম।

পরিবেশন(ক); ভোজ্যবণ্টন; অন্নবণ্টন।

ভাগ(ক), ভাগবাটোয়ারা(ক), ভাগাভাগি(ক) [৪৫৩], বেঁটে দেওয়া-; অংশাংশীকরণ, ভাগ করে দেওয়া-, অংশ করা-, বিভাগ করা-, অংশ নিরূপণ(ক), বিভাজন(ক), ভাগকরণ, অংশীকরণ, অংশন, হারাহারি(ক)।

অংশাংশি। আধাআধি, সমান সমান, অর্ধার্ধি, অর্ধেক অর্ধেক। দশ আনা ছ আনা।

হরির লুট।

বিতরণ কেন্দ্র। সত্র, ছত্র। জলসত্র [১১], জলছত্র, জলপ্রপা। অন্নক্ষেত্র, অন্নকূট, অন্নছত্র, অন্নসত্র, ভাতশালা, ভাণ্ডারা; বাড়া-, ভাত বাড়া; লঙ্গর, লঙ্গরখানা। দাতব্য চিকিৎসালয়।

বিণ· বিতরিত, বণ্টিত, পরিবেশিত; অংশিত, বিভক্ত(ক)।

অংশনীয়, অংশিতব্য, অংশয়িতব্য, বিতরণীয়, বণ্টনীয়, বিভাজনীয়, বিভাজ্য।

অংশ্যমান।

বিণ·/বি· বিতরণকারী, বিতরক, বণ্টক, বণ্টনকারী, বিভাজক; পরিবেশক, পরিবেশনকারী।

ভাগীদার [দ্র ৭২৩]।

৭০৬ দানশীলতা

বি· দানশীলতা [৩২০], বদান্যতা, দানধ্যান(ক), দানধর্ম, দাতৃত্ব; দয়াদাক্ষিণ্য, উদারতা, অকাতর্য।

দান(ক), খয়রাত, দত্তি, অতিদান; পরাদান; বিতরণ(ক) [দ্র ৭০৫]। উৎসর্গ [দ্র ৭০৭]।

অকার্পণ্য, অকৃপণতা। পরোপকার [দ্র ৬৮৩]। মহানুভবতা [দ্র ২৩৮]।
দানপত্র, অর্পণনামা, দানলিপি, হিবানামা, ওয়াকফনামা।
দানসামগ্রী, দানসজ্জা।
দানসত্র, দানছত্র, দানশালা।
দানের মহিমা, দানের গৌরব।
তুলাদান, তুলট।
বিণ· দত্ত [৭০৪], দেনো, দানুয়া, দানু; নিবেদিত [দ্র ৭০৭]।
দানযোগ্য, দাতব্য, দানীয়; খয়রাতি।
বিণ·/বি· দাতা, দানশীল, দানী, দানবীর, বদান্য [২৩৮, ২৩৯], সুদাম, সুদক্ষিণ, দাশ্ব, দেষ্ঠ, দানপতি, দানশৌণ্ড।
অকৃপণ, উদার, মুক্তহস্ত, অকাতর, দরাজ, বহুদ।
দানে অকাতর, দিলদরিয়া, দানসাগর। দাতাকর্ণ। ধনদাতা, অর্থদাতা, ধনদায়ক।
দাপক, দাপয়িতা।
ক্রি-বিণ· অকাতরে, মুক্তহস্তে, অকৃপণভাবে; ঢেলে, ঢালাও, দরাজহস্তে, দরাজহাতে।

৭০৭ উৎসর্গ

বি·- উৎসর্গ(ক), উৎসর্জন, উৎসৃজন, অতিসর্গ, নিবেদন(ক)। বলি [দ্র ৫৮], কুরবানি; দান [৭০৬]; ত্যাগ(ক), ত্যজন, অতিসর্জন, পরিত্যাগ(ক) [দ্র ৭১৬]।
সমর্পণ(ক), সঁপে দেওয়া-, বিসর্জন(দে), উদ্বাসন, সর্জন।
সম্প্রদান [দ্র ৭০৪]। আহুতি [দ্র ৫৮৫]।
আত্মত্যাগ, আত্মবিসর্জন, আত্মাহুতি, আত্মোৎসর্গ, আত্মদান [দ্র ৫৮, ২৫২], আত্মনিবেদন, আত্মবলি, আত্মবলিদান।
পাঁঠা বলি(দে), ছাগবলি(দে), পাঁঠা কাটা-; বলি; মহিষবলি। গোদান; বৃষোৎসর্গ।
বিণ· উৎসৃষ্ট, উৎসর্গীকৃত, উৎসর্গিত, নিবেদিত, কৃতনিবেদন, সমর্পিত, সংন্যস্ত।
নিবেদনীয়, নৈবেদ্য, নিবেদ্য, সমর্পণীয়, ঔৎসর্গিক।
বিণ·/বি· উৎসর্জক, নিবেদক, উৎসর্গকারী।
আত্মত্যাগী, আত্মোৎসর্গকারী, আত্মনিবেদনকারী।
শহিদ। সংশপ্তক।

৭০৮ উপহার

বি· উপহার (দে, পা), উপঢৌকন, সওগাত, উপায়ন, ভেট, ডালি, উপগ্রাহ, প্রীতিউপহার, উপহরণ, ডারি, প্রেজেন্ট, গিফ্‌ট।
পুরস্কার, পারিতোষিক, প্রাইজ, নিছনি; প্রদেশন, পুরস্ক্রিয়া।
বকশিশ, ইনাম, পার্বণী।
নজরানা, উপদা, সম্মানদক্ষিণা, সম্মানমূল্য; দক্ষিণা [৭২৯]। দর্শনী।
ইচ্ছাপূরণ(ক), অভীষ্টদান, কাম্যদান, বর, বরদান, প্রবার।
বোনাস [দ্র ৭২৯]। আশীর্বাদ [দ্র ৬০৫]।
বিণ· উপহৃত, উপহিত। বরপ্রদ।
বিণ·/বি· পুরস্কারপ্রাপ্ত, উপহারপ্রাপ্ত, পুরস্কৃত।
উপহর্তা, উপহারী, উপহারদাতা।
আশীর্বাদক। বরদ, বরদা, বরদাতা, বরদানকারী।

৭০৯ কার্পণ্য

বি· কৃপণতা(ক), কার্পণ্য(ক), ব্যয়কুণ্ঠা, ব্যয়কুণ্ঠতা, কিপটেমি, বখিলি, কষামি, বিত্তশাঠ্য; উঞ্ছবৃত্তি, ছ্যাঁচড়ামো।
ব্যয়সংকোচ, মিতব্যয়িতা, মিতব্যয়।
হাতদিয়ে জল না গলা-; হাতটান, হাতভারী।
না দেওয়া-, অসমর্পণ [৭০১], অদান, অপ্রদান।
বিণ· অপ্রদত্ত, অদত্ত, অসমর্পিত।
বিণ·/বি· কৃপণ, ব্যয়কুণ্ঠ, অর্থকাতর, কিপটে, কেপ্‌পন, কঞ্জুস, বখিল, ধনসর্বস্ব, তদ্ধন, হাড়কিপটে, কেঁয়ে; ক্ষুদ্র, অনুদার, ক্ষুদ্রাশয়, হীনচেতা, নীচ, সংকীর্ণমনা, অদাতা, রেজলা।
উঞ্ছজীবী, ছ্যাঁচড়া।

৭১০ চাওয়া

বি· চাওয়া-, যাচনা(ক), যাচা-, যাচন, প্রার্থনা(ক), প্রার্থন, যাচ্ঞা, মাগন, মাগা-; মার্গণ, অর্থিতা, অর্থিত্ব; অধ্যেষণ; বাঞ্ছা-, বাঞ্ছন।
দাবি(ক), চাহিদা, দাওয়া; দাবিদাওয়া, টান, প্রয়োজন [দ্র ৭১৭]। আবদার [দ্র ২৮২]।
আবেদন(ক), নিবেদন, আর্জি।
ভিক্ষা(ক) [দ্র ৭২১]। কামনা(ক), ঈপ্সা(ক), আকাঙ্ক্ষা(ক) [২১২], বাসনা(ক), অভিলাষ [দ্র ২১২]। অনুরোধ [দ্র ২৮২]। কাড়াকাড়ি(ক)।
লোভ [দ্র ৭১২]। প্রয়োজনীয়তা [দ্র ৭১৭]।
আবেদনপত্র, দরখাস্ত, পিটিশন।
দাবিপত্র, দাবিসনদ, চাহিদাপত্র।
বিণ· যাচিত, প্রার্থিত, অভিযাচিত, উপযাচিত, ঈপ্সিত [দ্র ২১২], কাম্য, কামনীয়, অর্থিত, বাঞ্ছিত, ইষ্ট, অভীষ্ট, অভিপ্রেত, কাঙ্ক্ষিত, আকাঙ্ক্ষিত [২১২, ২১৫], কামিত, বনিত।
যাচ্য, যাচনীয়, যাচিতব্য, প্রার্থনীয়, স্পৃহণীয়, আকাঙ্ক্ষণীয়, বাঞ্ছনীয় [৭১১]।
আবশ্যকীয়, প্রয়োজনীয় [দ্র ৭১৭]।
আবেদনীয়।
বিণ·/বি· প্রার্থী [২১২], যাচক, অর্থী, যাচ্ঞাকারী, প্রার্থনাকারী, প্রত্যাশী, আকাঙ্ক্ষী, প্রার্থক, অর্থিক, প্রার্থনয়িতা, ঈপ্সু।
উপযাচক, অভিযাচক।
যাচমান, কাম্যমান, যাচ্যমান, প্রার্থ্যমান; আশাবান।
আবেদক, আবেদনকারী, দরখাস্তকারী।
দাবিদার, দাওয়াদার; অংশভাক [দ্র ৭১৩], অংশপ্রার্থী।

৭১১ না চাওয়া

বি· না চাওয়া-, অযাচন, অপ্রত্যাশা [৩৩৩, ২১৩, ৩৭০], অনাকাঙ্ক্ষা [দ্র ২১৪], অনপেক্ষতা।

বিণ· অযাচিত, অপ্রার্থিত; অপ্রত্যাশিত, অপ্রতীক্ষিত, অসম্ভাবনীয়, অসম্ভাবিত, অভাবিত [দ্র ৩৭০]।

উপযাচিত, ওপর পড়া-।

হঠাৎ পাওয়া-।

অযাচ্য, অযাচনীয়, অপ্রার্থনীয়।

অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত [দ্র ২১৪], অবাঞ্ছিত।

মেঘ না চাইতে জল।

বিণ·/বি· অযাচক, অপ্রার্থী।

ক্রি-বিণ· অযাচিতভাবে, না চাইতেই, অপ্রত্যাশিতভাবে, হঠাৎ [দ্র ১৫৭]।

৭১২ লোভ

বি· লোভ(ক) [৭১০], লোলুপতা, লিপ্সা, লালসা, গৃধ্নুতা, জিঘৃক্ষা, লুব্ধতা, প্রলোভ, প্রলোভন; লোভন, বিলোভন।

অতিলোভ, অতিস্পৃহা, অত্যাকাঙ্ক্ষা, অনুকাঙ্ক্ষা।

স্পৃহা, স্পৃহণীয়তা, ঈপ্সা, বাঞ্ছা [৭১০]; আশা(ক) [দ্র ২১২]। চাহিদা [দ্র ৭১০]।

লৌল্য, হ্যাংলামি(ক), লালচ, হ্যাংলাপনা(ক), আদেখলামি(ক), আদেখলাপনা, ল্যালঠামো, ল্যালঠামি(ক), আড়চা, ছোঁক ছোঁক(ক)।

লোলপড়া-, লালঝরা-, জিভে জল আসা-, লোলজিহ্বা।

কাঙালিপনা, কাঙালপনা।

অর্থলোভ [দ্র ৭৩৪]।

লুব্ধদৃষ্টি, লুব্ধনয়ন, লুব্ধনেত্র, লুব্ধলোচন, লোলুপদৃষ্টি।

লোভানি, লোভাত্তি, টোপ।

বিণ· লোভনীয়, স্পৃহণীয়, লোভ্য।

বিলোল, লোল, লালসাযুক্ত; সতৃষ্ণ; স্পৃহাযুক্ত।

লুব্ধ(ক, হ), প্রলুব্ধ(ক, হ), প্রলোভিত(ক, হ), লোভিত(ক, হ), আকৃষ্ট।

তৃষ্য, কাম্য, বাঞ্ছনীয় [দ্র ৭১০]।

আকাঙ্ক্ষিত, বাঞ্ছিত, লিপ্সিত, ঈপ্সিত [দ্র ২১২, ৭১০]।

লোভ উৎপাদক, লালসাবর্ধক।

বিণ·/বি· লোভী, লোভাতুর, লোলুপ, লিপ্সু, লুব্ধ, লুব্ধমতি, লালসার্ত, লুব্ধচিত্ত, লুব্ধাশয়, সস্পৃহ, লালস, গৃধ্নু, জিঘৃক্ষু, লালসান্বিত, লালায়িত, লোভা, লোভাত্তে, লুভিষ্টি, স্পৃহয়ালু, স্পৃহাবান, বাসনাকুল।

হ্যাংলা, আদেখলা, লালচি, ল্যালঠা, ছোঁচা; হাভাতে, হাড়হাভাতে।

আকাঙ্ক্ষী, ঈপ্সু, অভীপ্সু [দ্র ২১২], সাকাঙ্ক্ষ; আগ্রহান্বিত।

ক্রি-বিণ· লোভে পড়ে, লালসাবশত। অতিলোভে। লুব্ধদৃষ্টিতে, সতৃষ্ণনয়নে।

৭১৩ পাওয়া

বি· পাওয়া-, প্রাপ্তি, পাওন, প্রাপণ, প্রাপ্তিযোগ, লব্ধি, উপালম্ভ, আপ্তি; মেলা-, মিলে যাওয়া-, লাভ(ক) [দ্র ৭৪৩], লভন, জোটা-, যোগাড়(ক), অধিগম।

আয়(ক), উপার্জন [দ্র ৭২৯]।

ইষ্টাপত্তি, পাওয়া থোওয়া, পাওনা থোওনা।

পাওয়ানো-, পাইয়ে দেওয়া-।

বর্তানো-, বর্তা-, অর্শানো-, অর্শা-, অংশানো-।

পাওনা, প্রাপ্য, বখরা, ভাগা, হক, হকের ধন, পাওনাগণ্ডা, দেনাপাওনা; শেয়ার; ভাগ, অংশ; হিস্যা, হিস্যে; রিক্থ, রিক্থভাগ, উত্তরাধিকার [৭২৩]।

অংশীদারিতা, অংশানি, শরাকৎ।

সহজলভ্যতা, সুলভতা [৬৯৩], অনায়াসলভ্যতা।

প্রাপ্তিস্বীকার(ক); প্রাপ্তিসংবাদ; রসিদ, রিসিপ্ট; হাতচিটে, খত, কবজ, দাখিলা, ফারখত।

প্রাপ্তিস্থান।

বিণ· প্রাপ্ত, লব্ধ, লভিত, প্রাপিত, আপ্ত, আত্ত, উপলব্ধ, গমিত, সম্প্রাপ্ত, সমালব্ধ; অধিগত, করায়ত্ত [৬৫৮], হস্তগত [৭২৪]।

লভ্য, প্রাপ্তব্য, প্রাপণীয়, প্রাপ্য [৭১৫], প্রাপ্তিযোগ্য, প্রাপ্যব্য, উপলভ্য; অধিগম্য।

সহজলভ্য, সুপ্রাপ্য, অনায়াসলব্ধ, অনায়াসলভ্য।

বিণ·/বি· প্রাপক, গ্রাহক [দ্র ৭১৫], উপনেতা।

অংশভাক, অংশভাগী, অংশগ্রাহী, অংশহর, অংশমান, অংশী, অংশীদার, হিস্যাদার।

উত্তরাধিকারী [দ্র ৭২৩]। শরিক [দ্র ৬৪৩]।

পাওনাদার [দ্র ৭৩৩], উত্তমর্ণ, পাওনিয়া; দাবিদার।

৭১৪ অপ্রাপ্তি

বি· অপ্রাপ্তি, অনাদায়, না পাওয়া-; অপরিশোধ, অশোধন, বাকি রাখা- [দ্র ৭৩৩]। হারা-।

দুষ্প্রাপ্যতা, দুর্লভতা, অপ্রাপ্যতা, অপ্রাপণীয়তা, অভাব [দ্র ৭৩৬], টানাটানি, পাওয়া না যাওয়া-; কম পড়া-, টান, কমতি, খামতি, ঘাটতি [দ্র ৪৪৭], বাড়ন্ত।

বাজার থেকে উধাও(হ); উবে যাওয়া-।

স্বত্বাভাব, অস্বত্ব।

বিণ· অলব্ধ, অনাদায়ী, অনাদেয়, অপ্রাপ্ত, বাকি [দ্র ৭৩৩], অনাপন্ন, অনধিগত, অনাপ্ত; অদত্ত।

অদেয়, অপরিশোধ্য, অপরিশোধনীয়, অপরিশোধিত।

অপ্রাপ্য, দুষ্প্রাপ্য, দুর্লভ, সুদুর্লভ, অলভ্য, অমিল, অপ্রাপণীয়, আক্রা, অনাপ্য, বিরল, দুষ্প্রাপণীয়, দুরাপ, অসুলভ; আয়াসলভ্য, কষ্টলভ্য; দেবদুর্লভ।

বিণ·/বি· অপ্রাপক; স্বত্বহীন, নিঃস্বত্ব; অনধিকারী, অস্বামী।

৭১৫ নেওয়া

বি· নেওয়া-, গ্রহণ(ক), গ্রাহ, লওয়া-, লওয়ন, নিয়ে নেওয়া-, আদান, সাৎ।

পরিগ্রহ, পরিগ্রহণ(ক)।

প্রতিগ্রহ, প্রতিগ্রহণ, দানগ্রহণ। উদ্‌গ্রাহ, অপ্রত্যাখ্যান, অনপক্ষেপ।

আদায়(ক) [৭০২], উশুল(ক), মহশিল, ওয়াশিল; তোলা-, তুলে নেওয়া-।

আহরণ(ক), সংগ্রহ(ক), চয়ন(ক) [দ্র ৭০২], যোগাড় [৭০২, ৭১৩], জোটানো-।

আত্মসাৎ(ক), স্বায়ত্তীকরণ, মেরে দেওয়া-, মারা- [দ্র ৫৬৪], ঝেঁপে দেওয়া-, ঝাঁপা-, পকেটে পোরা, পকেটস্থ(ক); হাতিয়ে নেওয়া-, হস্তগত করা-, হাত করা-, হাতানো-, বাগানো-, বগলদাবা করা-; জক(দে), ঘাড় ভাঙা-, গাপ(ক), হাম করা-।

কুড়ানো-, কুড়িয়ে নেওয়া-; খোঁটা-, খুঁটন, খুঁটে নেওয়া-।

ফিরত(নে), ফেরত (নে), ফিরতি; প্রত্যাহার(ক), ফিরিয়ে নেওয়া-, প্রত্যাহরণ; ফিরিয়ে আনা-, প্রত্যানয়ন।

গ্রহণেচ্ছা, আদিৎসা।

দখল(ক) [দ্র ৭২৪], কবজা করা-; কাড়া-, কেড়ে নেওয়া-, ছিনানো- [দ্র ৫৬৪], ছোঁ(মারা-, দে)।

বিণ· গৃহীত [৭০২], সংগৃহীত, উপাত্ত, আধৃত, পরিগৃহীত; প্রতিগ্রাহিত, গ্রহিত, আদত্ত।

লব্ধ, প্রাপ্ত [৭১৩]।

আদায়ীকৃত।

আহৃত, আহরিত [দ্র ৭০২]।

প্রত্যাহৃত, প্রত্যানীত, পুনরানীত।

আত্মসাৎকৃত, স্বায়ত্তীকৃত।

কবলিত, দখলিত [দ্র ৭২৪]।

গ্রহণীয়, গ্রাহ্য, গ্রহণযোগ্য, গৃহ্য, অত্যাজ্য, অপরিত্যাজ্য, অবর্জনীয়, অবর্জ্য, প্রাপ্য [দ্র ৭১৩], পরিগৃহ্য, প্রতিগ্রাহ্য, প্রতিগ্রহণীয়, অনপক্ষেপ্য, অপ্রত্যাখ্যানীয়, দুষ্পরিহর, দুষ্পরিহার্য।

বিণ·/বি· গ্রহীতা, গ্রাহক [৭১৩], গ্রাহী, গ্রহণকারী, গৃহয়ালু।

পরিগ্রাহক; সংগ্রাহক [দ্র ৭০২]।

প্রাপক [দ্র ৭১৩]।

আদায়কারী, মহশিলদার; উশুলকারী।

আত্মসাৎকারী।

প্রত্যাহারকারী, পুনর্গ্রহণকারী, প্রতিগ্রাহী।

গ্রহণেচ্ছু, প্রেপ্সু, আদিৎসু।

৭১৬ অগ্রহণ

বি· অগ্রহণ, না নেওয়া-, অপরিগ্রহ।

ত্যাগ(ক), পরিত্যাগ(ক), বর্জন(ক), ত্যজন, ত্যজা-, পরিত্যজন, পরিহার(ক) [৩২৯], পরিহরণ, আবর্জন, পরিতেজন, ছাড়া-, ছেড়ে দেওয়া-, ছাড়ান(দে), ছাড়ন, অভিসর্জন, অপসর্জন, অপবারণ, অপবর্জন, দস্তবরদারি।

বিসর্জন(দে), বিসর্গ।

প্রত্যাখ্যান(ক) [২৭৬, ২১৬, ২৬৯, ২৮০], ফিরিয়ে দেওয়া-, ব্যপনয়ন, অগ্রাহ্যকরণ, অস্বীকার(ক) [দ্র ২৮০], অপক্ষেপ, প্রোজ্ঝন। নামঞ্জুর [দ্র ২৮০]; ইনকার।

ফেরত(দে) [দ্র ৭১৫]; ফেরত পাঠানো-।

এড়ানো-, এড়িয়ে যাওয়া-, কাটিয়ে যাওয়া-, কাটানো-, পাশ কাটানো-, জড়িয়ে না পড়া-। নাম কাটা যাওয়া-।

লোভহীনতা; বৈরাগ্য [দ্র ৫৮৩], বিরাগ।

হাতের লক্ষ্মী পায়ে ঠেলা-।

বিণ· ত্যক্ত [৪৫২], পরিত্যক্ত, বর্জিত, পরিবর্জিত, বিসৃষ্ট, অভিসৃষ্ট, আবর্জিত, সন্ন্যস্ত, আমুক্ত, প্রতিমুক্ত, প্রোজ্ঝিত। ত্যজ্যমান।

প্রত্যাখ্যাত, পরিহৃত, ব্যপনীত, প্রতিদিষ্ট, অপবিদ্ধ, বাতিল [১৩০, ২৭৩], খারিজ, অগ্রাহ্য; অস্বীকৃত [দ্র ২৮০]।

অগ্রহণীয়, বর্জনীয়, বর্জ্য, ত্যাজ্য, পরিত্যাজ্য, পরিহার্য, পরিহরণীয়, পরিহর্তব্য, অপক্ষেপ্য, প্রত্যাখ্যেয়।

বিসর্জিত; বিসর্জনীয়।

বিণ·/বি· ত্যাগী, ত্যাগশীল, পরিত্যাগী, দস্তবরদার।

পরিহারক, বর্জক, বর্জনকারী।

নির্লোভ [দ্র ২১৪], লোভহীন; বিরাগী [দ্র ৫৮৩]।

দানশীল, বদান্য [দ্র ৭০৬]।

বিসর্জনকারী।

৭১৭ প্রয়োজন

বি· প্রয়োজন(হ, থাকা-) [৩২৮], প্রয়োজনীয়তা [৭১৮], দরকার(হ), জরুরত, সমাযোগ, আবশ্যক, আবশ্যকতা, আবশ্যিকতা, ঠেকা, দায়।

নিমিত্ত; গরজ, বাবদ, হেতু, তাড়না, চাপ।

অপরিহার্যতা। উপযোগিতা, উপকারিতা [দ্র ৬৮৩]।

চাহিদা [দ্র ৭১০], খাঁকতি, খাঁই, চাড়।

বিণ· প্রয়োজনীয়, দরকারি, আবশ্যক, আবশ্যিক, প্রয়োজনার্হ, প্রয়োজনার্থক, নৈমিত্তিক।

অবশ্যপ্রয়োজনীয়, অত্যাবশ্যক, অপরিহার্য, অপরিহরণীয়; অত্যাজ্য; অপরিত্যক্ত, অসমবায়ী, অহেয়; না হলেই নয়।

জরুরি; বিশেষ জরুরি।

প্রয়োগযোগ্য, প্রযোজ্য, প্রয়োজ্য।

নিত্যনৈমিত্তিক, নিত্যপ্রয়োজনীয়।

ক্রি-বিণ· প্রয়োজনে, দরকারে; ঠেকায়।

বাবদে। প্রয়োজনানুরূপ।

৭১৮ গুরুত্ব

বি· গুরুত্ব, গুরুতা; ভার।

আমল(দে), পাত্তা(দে); ভ্রূক্ষেপ (ক); গ্রাহ্য(ক), গা করা-, গায়ে মাখা-; কানে নেওয়া-।

জোর দেওয়া-, ঝোঁক দেওয়া-, উদ্ঘাক্তি।

প্রতিপত্তি [দ্র ৭২২]। তাৎপর্য [দ্র ৩৯৯]। প্রয়োজনীয়তা [দ্র ৭১৭]। পালন [দ্র ২৭৪]।

গুরুত্ব পাওয়া-; পাত্তা (পাওয়া-), কলকে পাওয়া-।

বিণ· গুরুত্বপূর্ণ, তাৎপর্যপূর্ণ, জরুরি, দরকারি [৭১৭]; গুরু; মূল্যবান।

আসল, মোদ্দা। মুখ্য [দ্র ৬৬২]।

উদ্ঘাক্ত।

৭১৯ অপ্রয়োজন

বি· অপ্রয়োজন [৩২৯], অনাবশ্যকতা, বিনাপ্রয়োজন, প্রয়োজনরাহিত্য, বিনা দরকার, অদরকার।

গুরুত্বহীনতা, তাৎপর্যহীনতা, মূল্যহীনতা।

গৌণতা [৬৬৩]; সামান্যতা, তুচ্ছতা, নগণ্যতা, অকিঞ্চিৎকরতা [দ্র ৪৪৭]।

বাজে জিনিস, আজেবাজে জিনিস, তুচ্ছবস্তু; খোলামকুচি, খোলাকুচি, ঘটকর্পর।

বিণ· অপ্রয়োজনীয়, অপ্রয়োজন, অদরকারি, বেদরকারি, নিষ্প্রয়োজন, নির্নিমিত্ত; অবান্তর।

গুরুত্বহীন, মূল্যহীন, তাৎপর্যহীন, সামান্য, তুচ্ছ, অকিঞ্চিৎকর [দ্র ৪৪৭]। উপেক্ষণীয় [দ্র ৩৪৪]।

বাজে, ফালতু, নগণ্য [৪৪৭, ৫৫১], ফেলনা, খেলো; মামুলি, চলনসই।

বাড়তি, অতিরিক্ত, ফাউ, প্রয়োজনাতীত; খুঁটিনাটি, অধিকন্তু; ঝড়তিপড়তি; ছুটকোছাটকা। লেজুড়।

গৌণ, অপ্রধান [দ্র ৬৬৩], অবগণন, অবগণিত, অপরিগণিত।

ক্রি-বিণ· অপ্রয়োজনে, বিনাপ্রয়োজনে, অদরকারে, নিষ্প্রয়োজনে; বিনা কাজে; এমনি এমনি, শুধু শুধু, মিছিমিছি, খামোখা, অনর্থক।

৭২০ বিনিময়

বি· বিনিময়(ক), বদলাবদলি, পালটাপালটি, এওজ, এওয়াজ।

বদল(ক), পরিবর্তন [দ্র ২৬৬]।

দেওয়ানেওয়া-, আদানপ্রদান(ক)।

বিণ· বিনিমিত, বিনিময়গত, কৃতবিনিময়; বিনিময়লব্ধ; আপমিত্যক; বদলি; এওজি, এওয়াজি।

বিনিময়যোগ্য।

ক্রি-বিণ· বিনিময়ে, বদলে, পরিবর্তে।

৭২১ ভিক্ষা

বি· ভিক্ষা(ক, দে) [৭১০], ভিখ, মাগন, মাগা-, প্রার্থনা(ক), চাওয়া- [দ্র ৭১০], অর্থনা, যাচ্ঞা-, যাচা-, ভিখ মাগা-।

ভিক্ষাবৃত্তি, ভিক্ষাচর্যা, ভিক্ষুকবৃত্তি, ভিক্ষাব্যবসায়, ভিক্ষাশিত্ব; মাধুকরী, মধুকরবৃত্তি।

কাঙালিপনা, কাঙালপনা।

ভিক্ষান্ন।

ভিক্ষাপাত্র, ভিক্ষাভাণ্ড, করঙ্ক, টুক্‌নি; ভিক্ষার ঝুলি।

বিণ· ভিক্ষিত, ভিক্ষালব্ধ, যাচিত, ভিক্ষাপ্রাপ্ত।

বিণ·/বি· ভিক্ষুক, ভিখিরি, ভিখারি, ভিক্ষার্থী, ভিক্ষাপ্রার্থী, ভিক্ষাশী, ভিক্ষাচর, ভিক্ষু, ভিক্ষাপাত্রধারী, বসুকীট, কর্পটিক, নয়দুয়ারি; যাচ্ঞাকারী, যাচক।

ভিক্ষাজীবী, ভিক্ষোপজীবী; পরান্নজীবী, পরান্ন।

কাঙাল, কাঙালি, পথের কাঙাল।

হাঘরে, হাভাতে; গরিবদুঃখী, দীনদুঃখী, দীনহীন, গরিবগুরবো, অভাবগ্রস্ত, দীনদরিদ্র, নিঃস্ব [দ্র ৭৩৬]।

ফকির, দরবেশ, মিশকিন।

ক্রি-বিণ· দরজায় দরজায়, দ্বারে দ্বারে।

৭২২ কর্তৃত্ব

বি· কর্তৃত্ব [৬৬২], আধিপত্য, অধিকার [৭২৩], আধিরাজ্য, অধিকর্ম, প্রভুত্ব, কেরামত।

নেতৃত্ব [৬৬২]; অধিনায়কত্ব।

সার্বভৌমত্ব, সার্বভৌমতা; একাধিপত্য, অখণ্ডদণ্ড, একাধিকার, ঐকপত্য, ঐকরাজ্য, চক্রবর্তিত্ব।

গুরুত্ব [দ্র ৭১৮]; প্রাধান্য [দ্র ৬৬২], অগ্রগণ্যতা। মালিকানা [দ্র ৭২৩]। শাসন [দ্র ৬৬৪]।

প্রভাব (বিস্তার ক), প্রতিপত্তি [৩৪৮, ৭১৮], প্রতিষ্ঠা; ক্ষমতা, প্রতাপ, দাপ, দাপট; শক্তি, পরাক্রম [দ্র ৬৯১]; গরিমা, মহিমা।

প্রভাবশালিতা, প্রভবিষ্ণুতা। খুঁটির জোর; মামার জোর; মুরুব্বির জোর। মেড়া লড়ে খুঁটির জোরে।

বিণ· কর্তৃত্বপূর্ণ, আধিপত্যমূলক; কর্তৃত্বব্যঞ্জক।

বিণ·/বি· কর্তা, প্রধান [দ্র ৬৬২]; বড়কর্তা; মনিব, মালিক [দ্র ৭২৩], প্রভু, স্বামী; হুজুর।

অধিনায়ক, ক্যাপ্টেন; দলনেতা, দলপতি।

একাধিপতি, সর্বেসর্বা, সার্বভৌম।

প্রভাবশালী, প্রভাবান্বিত, প্রভাবযুক্ত, প্রতিপত্তিশীল, প্রতাপী, প্রভবিষ্ণু, ক্ষমতাসম্পন্ন, ক্ষমতাপন্ন, ক্ষমতাবান, ক্ষমতাশীল। ক্ষমতাসীন।

মান্য [দ্র ৩৪৮], ভদন্ত; ডাকসাইটে।

অগ্রগণ্য; চূড়ামণি; নেতা [দ্র ৬৬২]।

মাতব্বর, মস্তান [দ্র ৬৬২], মাস্তান।

৭২৩ মালিকানা

বি· মালিকানা [৭২২], মালিকি, মালিকত্ব; মালিকানাস্বত্ব, মালিকিয়ত।

স্বত্ব, স্বত্বাধিকার; অংশিত্ব, অংশ; যৌথ মালিকানা, অংশীদারি, ভাগীদারি। অর্থাধিকার, ধনাধিকার।

অধিকার [দ্র ৭২৪], স্বামিত্ব, প্রভুত্ব, কর্তৃত্ব [দ্র ৭২২]।

অবাধ অধিকার, নির্ব্যূঢ়স্বত্ব, অবাধিত অধিকার; খাসদখল।

উত্তরাধিকার [৬২৫, ৬৪৩, ৭১৩], রিক্‌থভাগ।

মালিকপক্ষ; কর্তৃপক্ষ, কর্তৃবর্গ, কর্মাধিকারীগণ।

বিণ·/বি· মালিক, মনিব, ভর্তৃক, খোদাবন্দ।

স্বত্বাধিকারী, স্বত্ববান, স্বত্বভোগী।

অধিকারী, স্বামী, অধিপতি; প্রভু।

অংশীদার, ভাগীদার, ভাক, ভাগারী, রিক্‌থভাগী, রিক্‌থগ্রাহী; ধনভাগী, ধনহারী, ধনাধিকারী, অর্থহর।

উত্তরাধিকারী, ওয়ারিস, ওয়ারিসান, হকদার।

অর্ধাংশভাগী, অর্ধী।

[**বিপ·**] মালিকহীন, বেওয়ারিস, অস্বামিক।

৭২৪ অধিকার

বি· অধিকার(ক) [৬৫৭, ৭২৩], অধিকরণ; দখল(ক) [৭১৫]; দাবি, হক।

আধিপত্য, কর্তৃত্ব [দ্র ৭২২], ক্ষমতা।

আয়ত্তি, আয়ত্ততা, দখলতি।

দখলে আনা-, আয়ত্তে আনা-, কর্তৃত্বে আনা-; বশ করা-, বশে আনা- [দ্র ৬৯৮], অধীনে আনা-; গ্রাস(ক), গ্রসন, গণ্ডোল, কবল(ক); হাতে আনা-, হাতানো-, বাগানো-, বাগে আনা-।

জবরদখল(ক), অধিগ্রহণ(ক)। আত্মসাৎ(ক) [দ্র ৭১৫]। চেপে বসা-, ভর করা-, এসে জোটা-, জমিয়ে বসা-, জাঁকিয়ে বসা-, গেঁড়ে বসা-; কাঁধে চাপা-, কাঁধে ভর করা-।

স্বত্বাধিকার, স্বামিত্ব, মালিকানা [দ্র ৭২৩]; শাসন [দ্র ৬৬৪]। আদায়(ক) [দ্র ৭১৫]।

পুনর্দখল(ক), পুনরাধিকার(ক), পুনরুদ্ধার(ক)।

দখলতি, একতিয়ার, একতার। অধিরাজ্য, অধিক্ষেত্র। অধিকারভুক্ত এলাকা; হুদ্দা, হুদ্দো; এলাকা, জুরিসডিকশন; রাজ্যসীমা।

দখলিস্বত্ব; ভোগাধিকার; উত্তরাধিকার [৬২৫], জন্মাধিকার।

দখলনামা [২৮১]; ক্রোক(ক)।

সমানাধিকার, সমস্বামিত্ব; তুল্যস্বত্ব।

ব্যক্তিস্বাতন্ত্র্য, ব্যক্তিস্বাধীনতা; মানবাধিকার। বাকস্বাধীনতা, মতপ্রকাশের অধিকার। প্রবেশাধিকার। ভোটাধিকার [দ্র ৬৬০·৪]। নারীর অধিকার। নারীমুক্তি আন্দোলন।

অনধিকার প্রবেশ, অনুপ্রবেশ।

জায়গায় বসা-, স্থলাভিষিক্ত হওয়া-।

বিণ· অধিকৃত, অধিগত, আয়ত্ত, অধিকারগত; দখলি।

অধিকারভুক্ত; কর্তৃত্বাধীন, অধিকারস্থ, অধীন, আয়ত্তাধীন।

অধিগৃহীত।

আদায়ীকৃত [দ্র ৭১৫]।

হস্তগত(ক), করায়ত্ত(ক), করকবলিত(ক), করতলগত(ক), কুক্ষিগত(ক), কুক্ষীকৃত, আয়ত্তীকৃত, বশীকৃত; দখলীকৃত; কবলিত, কবলীকৃত [৫৬৪]। গ্রস্ত, গ্রসিত, অভিগ্রস্ত। গ্রসমান।

ক্রোকি।

বিণ·/বি· অধিকারী।

স্বত্বাধিকারী [দ্র ৭২৩]।

দখলদার, দখলকারী, দখলকার, গ্রাসকারী, গিল।

অনুপ্রবেশকারী; অনধিকারপ্রবিষ্ট।

৭২৫ হারানো

বি· হারানো-, হারিয়ে ফেলা-, হারিয়ে যাওয়া-, খোয়ানো-, খুইয়ে বসা-, খুইয়ে ফেলা-, খোয়া যাওয়া-, হাতছাড়া(হ), হস্তচ্যুতি; বেহাত হওয়া; হাতের বাইরে চলে যাওয়া-; বেদখল(ক, হ)।

অতিপত্তি, বিনষ্টি [দ্র ১৩০]।

তামাদি।

অদখল, অনধিকার।

বিণ· হস্তচ্যুত, বেহাত(হ)।

সবকিছু হারানো-, সর্বস্বান্ত [দ্র ৭৩৬]।

বেদখলি, অনধিকৃত, অনায়ত্ত, অকবজ।

অধিকারচ্যুত, চ্যুতাধিকার।

৭২৬ নিবৃত্তি

বি· নিবৃত্তি, আরতি, ক্ষান্তি, উপশম।

নির্বাণ, পরিনির্বাণ [দ্র ৫৯৯]।

চাহিদা মেটা-, সাধ মেটা-, আশ মেটা-; সখ মেটা-, সাধপূর্ণ হওয়া-।

পরিতৃপ্তি [দ্র ২২৪]; চরিতার্থতা [দ্র ৩৪৭]।

বিণ· নিবৃত্ত, বিনির্বৃত্ত, চরিতার্থ, চরিতার্থিত, কৃতার্থ; ক্ষান্ত, বিরত। তুষ্ট, পরিতৃপ্ত [দ্র ২২৪]।

ক্রি-বিণ· মনের সাধে, সাধ মিটিয়ে, আশ মিটিয়ে, মনের সুখে, চুটিয়ে, যথেচ্ছ।

যার পর নাই।

২৯ অর্থ-বিত্ত-জীবিকা

৭২৭ অর্থ

বি· অর্থ, ধন, লক্ষ্মী, ধনদৌলত, টাকাপয়সা, পয়সাকড়ি, টাকাকড়ি, কড়ি; কড়িপাতি, ধনপত্র।

ঐশ্বর্য, দৌলত; ধনদৌলত, ধনরত্ন, তোষা।

সম্পদ [৭৩৪], বিত্ত, সংগতি, বেশাত; সম্বল, পুঁজি, পুঁজিপাটা, সঞ্চয়, সংস্থান [২৭০]। সম্পত্তি, বিষয়, বিষয়সম্পত্তি, বিষয়বৈভব, বিষয়আশয়, মালিয়ত; ঋদ্ধি।

ধনপ্রাণ; ধনমান। সর্বস্ব, যথাসর্বস্ব, সহায়সম্বল, সবকিছু, সকল সম্পত্তি।

ধনসম্পদ, ধনসম্পত্তি। ভূসম্পত্তি [দ্র ৭৫১]।

মণি, মাণিক, মাণিক্য, হীরেজহরত, মণিমাণিক্য। হীরা, হীরে, হীরক [দ্র ৫০৪]; কোহিনুর। [পৌরা] কৌস্তুভ। সোনা [দ্র ৪৭৯·৭৯]; বুলিয়ান। রূপা [দ্র ৪৭৯·৪৭]। সোনাদানা।

মুদ্রা; ধাতুমুদ্রা; স্বর্ণমুদ্রা, মোহর, বিস্ত, আশরফি, গিনি; রৌপ্যমুদ্রা, রজতমুদ্রা, তঙ্ক, টঙ্কা, তনকা, দরহাম, রূপচাঁদ, রৌপ্যচক্র, রুপোর চাকতি, রুপোরটাকা, চাঁদির টাকা। নোট; কারেন্সি নোট, টঙ্ক।

টাকা, রুপিয়া; পয়সা; আনা, আনি; দোআনি; সিকি, সিকা, সিক্কা; আধুলি, আটানি; কড়া, কড়ি, কপর্দক, কপর্দ, পণাদি, বরাটী, বরাটক, বরাটিকা; পাই; ক্রান্তি; কানাকড়ি।

পাউন্ড, স্টার্লিং; শিলিং; পেন্স; পেনি; ফারদিং। ডলার, সেন্ট। রুবল, কোপেক। ইয়েন, সেন। মার্ক। ফ্রাঁ। দিনার। ক্রোনা। ক্রোন। লিরা।

টাকা ভাঙানো-, খুচরো করা-। খুচরো পয়সা, খুচরো, রেজগি, রেজকি।

চেক; ব্যাঙ্কড্রাফ্‌ট; পে অর্ডার; ক্যাশ সার্টিফিকেট। ট্রাভেলার্স চেক। হুন্ডি, হ্যান্ড নোট; খাড়াহুণ্ডি; দর্শনীহুণ্ডি।

মনি অর্ডার। পোস্টাল অর্ডার। মেল ট্রান্সফার।

টোকেন; কুপন; টিকিট।

বিল। ভাউচার, পরচা।

মূলধন; আসল। ফান্ড, রেস্ত। সুদ [দ্র ৭৩৩]।

থোক টাকা, নগদ টাকা, নগদ, রোক, কাঁচাটাকা, ক্যাশ। পেটি ক্যাশ। হাতখরচ। বাকি টাকা, বাকি, বকেয়া টাকা।

ধনাগম, উপার্জন [দ্র ৭২৯]।

অর্থবরাদ্দ(ক), বরাদ্দ অর্থ, ব্যয়বরাদ্দ।

অনেকটাকা, মোটাটাকা।

ধনাগার, ধনভাণ্ডার, ধনাধার, অর্থভাণ্ডার, কোষ, তহবিল [৫৩৯], কোষাগার, তসিল, তোশাখানা [১২৮], খাজাঞ্চিখানা, খাজনাখানা, মালখানা, বসুস্থলী, দৌলতখানা; রত্নভাণ্ডার, মণিকোঠা, মণিমণ্ডপ, মণিকুট্টিম, রত্নহর্ম্য। রাজকোষ; ট্রেজারি।

ব্যাঙ্ক; রিজার্ভ ব্যাঙ্ক।

টাঁকশাল, টঙ্কশালা, মিন্ট।

মনিব্যাগ, পার্স, টাকার থলি। ট্যাঁক, গেঁজ।

টাকা পয়সার হিসাব [দ্র ৭৪৫]। বাজেট, ব্যয়বরাদ্দ।

অচল টাকা, মেকি টাকা, কূটমুদ্রা; জালনোট।

অর্থগৌরব, অর্থকৌলীন্য, ঐশ্বর্যমত্ততা, ধনগরিমা, টাকার গরম, টাকার গর্ব [দ্র ৭৩৪]।

অর্থনীতি, অর্থশাস্ত্র, অর্থতত্ত্ব, অর্থবিদ্যা, ধনবিজ্ঞান, অর্থবিজ্ঞান, ইকনমিক্‌স।

ধনদেবতা, কুবের [দ্র ৫৭৮·২১]। ধনের অধিষ্ঠাত্রী দেবী, লক্ষ্মী [দ্র ৫৭৮·৩]।

কুবেরের ধন, অষ্টনিধি [পদ্ম; মহাপদ্ম; শঙ্খ; মকর; কচ্ছপ; মুকুন্দ; কুন্দ; নীল ও খর্ব]।

বিণ· আর্থিক, আর্থ, বৈষয়িক, সাংস্থানিক।

অর্থনৈতিক, আর্থনীতিক।

অর্থকরী [দ্র ৭৪৩]।

বিণ·/বি· ধনবান [দ্র ৭৩৪]।

খাজাঞ্চি, মুনিম, রোকড়িয়া, কারকুন, ক্যাশিয়ার, তহবিলদার, তবিলদার, ধনপাল, ভাণ্ডারী, ভৌরিক, মুদ্রারক্ষক, কোষপাল, কোষরক্ষক, কোষাধ্যক্ষ, ধনাধ্যক্ষ, ট্রেজারার।

অর্থনীতিবিদ, ইকনমিস্ট, অর্থনীতিবিশারদ, অর্থনীতিক, ধনবিজ্ঞানী, অর্থতত্ত্বজ্ঞ, ধনবৈজ্ঞানিক।

ধনদাতা, বসুদ, ধনদ, ধনদানকারী।

ক্রি-বিণ· নগদে, নগদানগদি।

বাকিতে, ধারে [দ্র ৭৩৩]।

৭২৮· জীবিকা

বি· জীবিকা [৩১৯], জীবনোপায়, উপজীবক, উপজীবন, উপজীবিকা, আজীব, আজীবন, উপজীব্য, আজীব্য, অবলম্বন।

খেটে খাওয়া-, গতর খাটিয়ে খাওয়া-। কথা বেচে খাওয়া-।

পেশা, বৃত্তি, বর্তন। পেশাদারি। পারিবারিক পেশা; জাতব্যাবসা, জাতি ব্যবসায়।

চাকুরি, চাকরি, নোকরি, উপসেবা, কাজ, নিযুক্তি, সার্ভিস; চাকরিবাকরি, কাজকর্ম; দাস্যবৃত্তি।

কর্মকাল, কার্যকাল। চাকুরিস্থান, কর্মস্থল, কর্মস্থান [দ্র ৩১৯]।

স্বনিযুক্তি।

সরকারি চাকরি, কৃত্যক। বেসরকারি চাকরি। বদলির চাকরি। বদলি, ট্রানসফার।

জীবিকার্জন(ক), জীবিকা অর্জন(ক), জীবিকা নির্বাহ(ক), রুজি রোজগার, সংসার চালানো-, চালানো-, অন্নসংস্থান(ক), পেট চালানো-, খাওয়াপরা-, গ্রাসাচ্ছাদন, খেয়ে পরে থাকা-, ঘর চালানো-।

কর্মসংস্থান; চাকরি খোঁজা-, চাকরি পাওয়া-; চাকরিতে ঢোকা-। নিয়োগপত্র, অ্যাপয়েন্টমেন্ট লেটার। কর্মসংস্থান কেন্দ্র, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ।

বিণ·/বি· চাকুরিজীবী, চাকুরে, চাকরিয়া; উপজীবী।

চাকুরিপ্রার্থী।

চাকুরিরত।

বেতনভোগী [দ্র ৭২৯]; বৃত্তিভোগী, বৃত্তিজীবী।

পেশাদার।

ক্রি-বিণ· চাকরিসূত্রে, চাকরি উপলক্ষে, কর্মসূত্রে, কর্মোপলক্ষে, কর্মব্যপদেশে।

পেশায়, পেশাগতভাবে।

৭২৯ উপার্জন

বি· উপার্জন(ক) [৭২৭], অর্জন(ক) [৭১৩], ফল্গুন, আয়(ক), রোজগার(ক), উপায়(ক), কামানো-, কামাই(ক), রুজি, আগম, রুজি রোজগার।

অর্থোপার্জন(ক), ধনার্জন(ক); অর্থসংগ্রহ(ক), অর্থসংস্থিতি, অর্থলাভ(ক), অর্থাগম(হ), টাকা রোজগার, ধনাগম, অর্থপ্রাপ্তি, বিত্তলাভ, লাভ [দ্র ৭৪৩]।

অর্থচেষ্টা, টাকার জোগাড়, অর্থসংস্থান, টাকা জোগানো-; অর্থচিন্তা, টাকার ভাবনা।

বেতন, মাইনে, মাহিনা, পরিভৃতি, ভৃতি, রোকা, হস্তসিদ্ধি, নিষ্ক্রয়; মজুরি [৭৪১], পারিশ্রমিক, ব্রাত, অজুরা, আজুরা, ফি; চার্জ; বানি। কাটাই। পারানি [দ্র ৭৪১]। ধোলাই।

ভাতা, অ্যালাউএন্স, উপস্বত্ব, তনখা, দরমাহা; মাগ্‌গি ভাতা, মহার্ঘ ভাতা, দুর্মূল্য ভাতা, ডিয়ারনেস অ্যালাউএন্স।

দিনমজুরি, দিনিকা, রোজ। হপ্তা।

মাসমাইনে, মাসমাহিনা, মাসোহারা; মাসিক বৃত্তি। মোটা মাইনে, উচ্চবেতন, মোটা বেতন; কম মাইনে, নিম্নবেতন।

দক্ষিণা [৭০৮]; গুরুদক্ষিণা; পেলা। প্রণামী, সম্মানমূল্য।

বোনাস [৭০৮], অধিবৃত্তি, অনুদান; ভরতুকি।

অর্থভাগ্য, কড়িকপাল।

পুরস্কার, পারিতোষিক, আনুতোষিক [দ্র ৭০৮]। দান [দ্র ৭০৬]।

বৃত্তি, স্কলারশিপ, জলপানি; স্টাইপেন্ড, অধিবৃত্তি; গবেষণাবৃত্তি; অনুশীলনবৃত্তি।

পেনশন, অবসরভাতা, উত্তরবেতন [৩৩৪], অবসরবৃত্তি, গ্র্যাচুইটি। লভ্যাংশ, রয়ালটি।

খোরপোশ; ভরণপোষণ(ক) [৬৩৮]; অজিফা; অ্যালিমনি।

হাতখরচ; জমাবন্দি, হস্তবুদ। থাকা খাওয়া-; ভাতকাপড়।

[বিপ·] নির্ভৃতি, বিনাবেতন; বেগারি, বেগার ঠেলা-, বেগার টানা-, বেগার খাটা-, আজুর।

বিণ· উপার্জিত, অর্জিত, লব্ধ, প্রাপ্ত, উপাত্ত, অবাপ্ত।

বিণ·/বি· বেতনভোগী [৭২৮], মাইনে করা, অজুরদার [দ্র ৩২৫], বেতনগ্রাহী, মাইনাদার, বেতনভুক, ভৃতক, বেতনধারী, বৈতনিক, বৃত্তিধারী, বৃত্তিভুক।

উপার্জনকারী, ভৃতিভুক, অর্জক, অর্জয়িতা, উপার্জক, রোজগেরে, উপায়ী, অর্জনকারী, রোজগারি। সৈরিন্ধ্রী।

উপার্জনক্ষম, উপায়ক্ষম, কামানেওয়ালা। দিনমজুর, খাটুয়া, খাটুয়ালোক।

উচ্চবেতনভোগী। নিম্নবেতনভোগী।

বৃত্তিভোগী, বৃত্তিজীবী।

[বিপ·] নির্ভৃতি, বেগার, আজু, অজীবিক, বেঠা।

অপেশাদার, অবৈতনিক, অ্যামেচার।

৭৩০ ঘুষ

বি· ঘুষ(দে, নে, খা), উৎকোচ,(দে, নে, গ্রহণ ক), উপদানক, উপপ্রদান, কোশলিক, রিসবত, ঘুষঘাস; বাঁহাতি রোজগার, উপরি, উপরি পাওনা; টাকা খাওয়া-; প্রিমিয়াম।

দুহাতে কামানো-।

বিণ·/বি· উৎকোচদাতা, উৎকোচক। উৎকোচগ্রাহী, ঘুষখোর, উৎকোচজীবী।

৭৩১ খরচ

বি· খরচ(ক), ব্যয়(ক), খরচা(ক), খরচপত্তর, খরচাপাতি(ক), খরচখরচা, খরচপত্র, ব্যয়ন, অর্থব্যয়(ক)।

অপচয়(ক) [৩২৯, ৭৪৪], অপব্যয়(ক), উপক্ষয়, বাজে খরচ(ক), অমিতব্যয়, হানি; ফুঁকে দেওয়া-, ওড়ানো-, উড়িয়ে দেওয়া-, ত খরচ, জলে যাওয়া-, জলে দেওয়া-, জলে ফেলা-, জলাঞ্জলি দেওয়া-; বৃথা যাওয়া-; অনর্থক ব্যয়, বৃথা ব্যয়; ভস্মে ঘি ঢালা-।

ব্যয়বাহুল্য, ব্যয়াধিক্য, ব্যয়বহুলতা; ব্যয়ের বহর, খরচের বহর। লোকসান [দ্র ৭৪৪]।

হাতখরচ, হাতখরচা; সংসারখরচ, ঘরখরচ; খাইখরচ; রাহাখরচ।

উজাড়(ক), আজাড়, নিঃশেষ, ফুরানো- [দ্র ৪৫২]।

অমিতব্যয়িতা, অপব্যয়িতা, বেহিসেব, অপচিতি, অপব্যয়িত্ব; ছিনিমিনি (খেলা-, ক); ঘোড়ারোগ, গরিবের ঘোড়ারোগ। জুয়া, দ্যূতক্রীড়া, দ্যূত [দ্র ৭৫৪·৫০]।

মিতব্যয়; মিতব্যয়িতা [দ্র ৭৩২]।

কপোতবৃত্তি, আকাশবৃত্তি।

বিণ· ব্যয়িত, ক্ষয়িত।

অপব্যয়িত, অপচিত, অপচায়িত।

ব্যয়বহুল, ব্যয়সাধ্য, ব্যয়সাপেক্ষ, খরচসাপেক্ষ।

অপচীয়মান, ক্ষীয়মাণ [১৩০]।

হাতখালি, রিক্তহস্ত।

বিণ·/বি· ব্যয়ী, খরচে, ব্যয়শীল, খরচিয়া।

অপব্যয়ী, অমিতব্যয়ী, বেহিসেবি, অপচয়ী, ব্যয়শৌণ্ড, আককুটে, অযথাব্যয়ী, বৃথাব্যয়ী, অপচেতা, অপচয়কারী।

উড়নচড়ে, উড়নচণ্ডে, উড়নচণ্ডী, উড়ঞ্চড়ে, উড়ানিয়া, উড়নপেকে।

৭৩২ মিতব্যয়িতা

বি· মিতব্যয়িতা [৭৩১]। সঞ্চয় [দ্র ৭০২]; সঞ্চয় প্রবণতা, সঞ্চয়স্পৃহা।

মিতব্যয়, ব্যয়হ্রাস, ব্যয়সংকোচ(ক), ব্যয় সংকোচন, খরচ কমানো-, খরচ বাঁচানো-, পরিমিত ব্যয়, সাশ্রয়(ক), ব্যয় লাঘব(ক), টেনে চলা-, বাঁচিয়ে চলা-, বুঝে শুনে চলা-, অনপচয়, অক্ষতি, কিফায়ত।

ব্যয়কুণ্ঠা, ব্যয়কুণ্ঠতা; কৃপণতা [দ্র ৭০৯]।

বিণ· অনপচিত।

বিণ·/বি· মিতব্যয়ী; হিসেবি, হিসাবি, পরিমিত ব্যয়ী।

সঞ্চয়ী [দ্র ৭০২]। ব্যয়কুণ্ঠ, কৃপণ [দ্র ৭০৯]।

৭৩৩ ঋণ

বি· ঋণ(ক, দে), ধার(ক, দে), কর্জ, দেনা(ক), হাওলাত(ক, দে), লোন; ধারদেনা, ধারকর্জ, ধারধোর, দেনাপত্র।

বাকি, পাওনা, বকেয়া [৭০৪], বাকিবকেয়া।

আগাম(নে, দে), দাদন [৭৪১]; বায়না।

টাকা খাটানো-, লগ্নির কারবার, চোটা খাটানো-; তেজারতি, তেজারত।

বন্ধক(দে), বাঁধা(দে, রাখা-), মর্টগেজ; জামিন [২৮৪], জমানত, জামানত, লগ্নক, রেহেন, রেহান, গিরবি।

ঋণপত্র, তমসুক, খত, বন্ধকি তমসুক, বন্ধকনামা, বন্ধকি খত, ধারখত, কট, কট-কবালা, বন্ধকিকবালা, রেহাননামা; ডিবেঞ্চার; হাতচিটে, হ্যান্ডনোট।

ঋণদায়, ঋণজাল, ঋণপাশ, দেনার দায়; ধারা-, ধার ধারা-, ঋণে ডুবে থাকা-; ঋণিতা, ঋণগ্রস্ততা।

সুদ [৭২৭], কুসীদ, বাড়ি, কলন্তর; সুদের কারবার; কুসীদব্যবসায়, বার্ধুষ্য, বৃদ্ধিজীবিকা; মহাজনি, সাহুকারি; তেজারত, তেজারতি; সুদকষা; কুসীদ ব্যবহার। সরল সুদ; চক্রবৃদ্ধি সুদ।

[বিপ·] ঋণরাহিত্য, ঋণহীনতা, আনৃণ্য [দ্র ৭০৪]।

বিণ· হাওলাতি; বন্ধকি।

সুদি; সুদসহ।

ঋণবদ্ধ, ঋণদায়বদ্ধ। রেহানাবদ্ধ, আধীকৃত।

মাহাজনিক।

বিণ·/বি· ঋণী, ঋণগ্রস্ত, ঋণমগ্ন, ঋণাভিভূত, দায়িক, খাতক,

অধমর্ণ, দেনদার, দেনাদার, ধারী, ধারক; ঋণদাস।
ঋণকারী, ঋণকর্তা, ঋণগ্রাহী, ঋণগ্রহীতা।
বন্ধকদাতা, রাহেন।
দেউলিয়া, দেউলে [৭৩৬]; ইনসলভেন্ট।
ঋণদাতা, ঋণদ, ঋণদায়ক, কর্জদাতা; পাওনাদার [৭১৩], পাওনিয়া, উত্তমর্ণ, উত্তমর্ণিক, উত্তমর্ণী, মহাজন।
সুদখোর, কুসীদজীবী, কুসীদিক, কৌসীদ, কুসীদ ব্যবসায়ী, বৃদ্ধিজীবী, বৃদ্ধ্যাজীব, বার্ধুষিক।
[বিপ·] অঋণী, অঋণ। ঋণমুক্ত, দেনামুক্ত, অনৃণ, অনৃণী। ঋণহীন।
ক্রি-বিণ· ধারে [৭২৭], বাকিতে।
সুদে আসলে, সবৃদ্ধিক।

৭৩৪ সচ্ছলতা

বি· সচ্ছলতা, সচ্ছল অবস্থা, আর্থিক স্বাচ্ছন্দ্য, আর্থিক সচ্ছলতা; ধনশালিতা, ধনবত্তা, ধনাঢ্যতা; ঐশ্বর্যশালিতা, সমৃদ্ধিশালিতা, সমৃদ্ধিমত্তা, বৈভবশালিতা।
অর্থবল, ধনবল, অর্থসামর্থ্য, টাকার জোর, পয়সার জোর, পকেটের জোর; বিত্ত, সংগতি [৭২৭], সাংগত্য, সাধ্য, সংস্থান; পুঁজি, সঞ্চয় [দ্র ৭০২]; সম্পত্তি [দ্র ৭২৭]; পরিসম্পৎ; ব্যবস্থা [দ্র ৩৩০]; সম্বল, সহায়, যোত্র, পাথেয়।
সমৃদ্ধি, সুখসমৃদ্ধি; সুখসম্পদ, ভোগৈশ্বর্য, সুখৈশ্বর্য; সম্পদ, ঐশ্বর্য, বৈভব, বিভব, ময়াল; সুসার, প্রাচুর্য [দ্র ৪৪৫]; রমরমা; দুধেভাতে থাকা-।
বড়লোকি, বড়লোকপনা, বড়মানুষি, বড়লোকি চাল, বড়লোকি মেজাজ; দৌলতদারি, আমিরি, আমিরি চাল।
টাকার গরম [৭২৭], টাকার গর্ব, টাকার দেমাক, অর্থগৌরব, অর্থগরিমা, অর্থদর্প, ধনদর্প, ধনগর্ব, ধনমদ, ধনগৌরব, ধনগরিমা, ঐশ্বর্যগর্ব।
টাকার লোভ, ধনলোভ, ধনলালসা, ধনলিপ্সা, ধনাকাঙ্ক্ষা, ধনপিপাসা, ধনতৃষা, ধনাশা, ধনতৃষ্ণা, অর্থলোভ, অর্থলিপ্সা, অর্থলালসা, অর্থগৃধ্নুতা, অর্থপিপাসা, অর্থস্পৃহা, অর্থকাম।
ধনীসম্প্রদায়, ধনিকশ্রেণী, ধনিক সম্প্রদায়, ধনিকগোষ্ঠী, সচ্ছল সম্প্রদায়; আমির উমরাহ।
উচ্চমধ্যবিত্ত সমাজ; মধ্যবিত্ত সমাজ।
বিণ· সমৃদ্ধিসাধক, আভ্যুদয়িক।
বিণ·/বি· সচ্ছল; ধনী, ধনবান [৭২৭], ধনাঢ্য, ধনশালী, ধনপতি, ধনিষ্ঠ, ধনিক, ধনস্বামী, অর্থবান, অর্থশালী, অর্থী, অর্থান্বিত, আঢ্য, আণ্ডিল, সার্থ।
বড়লোক, বড়মানুষ, অবস্থাপন্ন, অবস্থাবান, অবস্থাসম্পন্ন, আলাল, অস্তিমান, মালদার।
বিত্তশালী, বিত্তবান, সম্পদশালী, ঐশ্বর্যশালী, ঐশ্বর্যবান, ঐশ্বর্যান্বিত, দৌলতদার, সংগতিপন্ন, সমৃদ্ধ, সমৃদ্ধিশালী, সুসমৃদ্ধ, সম্পন্ন, যোত্রবান, যোত্রসম্পন্ন, বিষয়ী, ঋদ্ধ, ঋদ্ধিমান, সম্পত্তিশালী, বৈভবশালী, অধিকর্ধি, অধ্যূঢ়, পুরুবসু; আমির, উমরাহ, ওমরাহ।
ধনকুবের, ধনেশ্বর, ধনেশ, বিত্তেশ, ধন্নাশেঠ, মহাঢ্য; টাকার কুমির, টাকাওয়ালা, পয়সাওয়ালা, কড়িয়াল, কড়িআলা; লাখপতি, লাখোপতি, লক্ষপতি, লক্ষেশ; কোটিপতি, কোটীশ্বর, ক্রোড়পতি, ক্রোরপতি, ক্রোরিয়াল, ক্রোরীয়ান।
ঐশ্বর্যগর্বিত, ঐশ্বর্যমত্ত, ধনগর্বী, ধনগর্বিত, ধনদৃপ্ত; আঙুল ফুলে কলাগাছ।
অর্থগৃধ্নু [৭৪৩], অর্থলুব্ধ, অর্থপিপাসু, অর্থেপ্সু, অর্থকামী, অর্থলিপ্সু, অর্থলালস, অর্থপিশাচ, অর্থপরায়ণ, অর্থপর, অর্থলোভী, অর্থলোলুপ, ধনকামী, ধনার্থী, ধনকাম, ধনচিত্ত, ধনগৃধ্নু, ধনলুব্ধ, ধনলোভী; ধনদাস, ধনপ্রিয়; অর্থপিশাচ, ধনপিশাচ, কড়িচণ্ডাল।
নতুন ধনী, উঠতি বড়লোক, আধানী।
উচ্চবিত্ত, উপরতলার লোক, ওপরতলার লোক, নিহাল।
উচ্চমধ্যবিত্ত; মধ্যবিত্ত; নিম্নমধ্যবিত্ত।

৭৩৫ ভোগ, বিলাস

বি· ভোগ(ক), উপভোগ(ক) [২২৪], উপসেবন, উপসেবা, ভোগবিলাস, আধিভোগ, পরিভোগ, সম্ভোগ, সুখভোগ(ক)।
বিলাস, বিলসন, বিলাসিতা, বিলাসব্যসন।
বাবুগিরি(ক), বাবুয়ানি; ফুটানি।
বিলাসপ্রিয়তা, বিলাসপরায়ণতা, ভোগাসক্তি।
বিলাসবহুলতা, বিলাসবাহুল্য।
শৌখিনতা, শখশৌখিনতা।
ভোগবাসনা, ভোগাকাঙ্ক্ষা, ভোগপিপাসা, ভোগতৃষ্ণা, ভোগস্পৃহা, বিলাসবাসনা, ভোগাভিলাষ, সুখাভিলাষ। ভোগলালসা; সুখান্বেষণ(ক), ভোগাসক্তি, ভোগান্বেষিতা; ঐহিকদর্শিতা।
বিষয়ানুরাগ, বিষয়াসক্তি, বৈষয়িকতা।
আরাম [দ্র ৮৩], আরামপ্রিয়তা; আরামভোগ(ক)। সুখ; মহাসুখ, স্বর্গসুখ [দ্র ২২৪]; সুখোপভোগ। আমোদপ্রমোদ [দ্র ২২৪]; প্রমোদভবন [দ্র ২২৪]।
বিলাসদ্রব্য, বিলাসসামগ্রী; ভোগসামগ্রী, ভোগদ্রব্য, ভোগ্যপণ্য।
বিণ· ভোগ্য, ভোগার্হ, উপভোগ্য, উপসেব্য, উপসেবনীয়।
উপভুক্ত।
বিলাসবহুল, বিলাসিতাপূর্ণ, ভোগবিলাসময়; আরামপ্রদ [দ্র ৮৩], সুখদায়ক, সুখকারক, সুখদায়ী, সুখজনক, সুখকর, সুখপ্রদ, সুখদ, সুখাবহ, সুখসেব্য, সুখভোগ্য।
শৌখিন।
বিণ·/বি· ভোগী, ভোক্তা, উপভোক্তা, উপসেবী, সম্ভোগী, ভোগাসক্ত, ভোগবান, উপসেবক, ভোগান্বেষী, পরিভুক্ত।
বিলাসী, বিলাসাসক্ত, বিলাসপর, লসিত, বিলসিত, বিলাসপ্রিয়, বিলাসপরায়ণ, বিলাসব্যসনপ্রিয়।
বৈষয়িক, বিষয়ী, বিষয়াসক্ত, বিষয়ানুরক্ত।
ভোগাকাঙ্ক্ষী, ভোগাভিলাষী।
আরামপ্রিয় [দ্র ৮৩]। সুখী [দ্র ২২৪]।
বাবু; ফুলবাবু; শৌখিনবাবু। লক্কা।
ঐহিকদর্শী, ঐহিকবাদী।

৭৩৬ অভাব

বি· অভাব [৭১৪], অনটন, অনাটন, টানাটানি, অপ্রতুল, অপ্রাচুর্য, অপর্যাপ্ততা [দ্র ৪৪৭], রিক্ততা।

অর্থকষ্ট, অর্থাভাব, অর্থসংকট, অর্থসমস্যা, অর্থকৃচ্ছ্র, নির্ধনতা, ধনকষ্ট।

অকুলন [৪৪৭], অকুলান, অসংস্থান, অসংকুলান।

দুরবস্থা, দুস্থিতি, হীনাবস্থা; অসচ্ছলতা; অভাবগ্রস্ততা।

দারিদ্র্য, দরিদ্রতা, গরিবি, গরিবানা, গরিবিয়ানা, দীনতা, দৈন্য, দৈন্যদশা, দরিদ্রত্ব; মন্যু, অকিঞ্চনত্ব, অকিঞ্চনতা, আকিঞ্চন।

নিঃস্বতা, নৈঃস্ব, নিঃসহায়তা, নিঃসম্বলতা, সম্পদহীনতা।

ট্যাকখালি, পকেটখালি, শূন্যহাত, খালিহাত, হাতখালি। হাঁড়ির হাল। ভাঁড়ে মা ভবানী। অলক্ষ্মীর দশা। হাঁড়ি না চড়া। ডাইনে আনতে বাঁয়ে না কুলানো-। নুন আনতে পান্তা ফুরনো-।

উঞ্ছ, উঞ্ছবৃত্তি, উঞ্ছজীবিতা; কাঙালপনা। ভিক্ষাবৃত্তি [দ্র ৭২১]। অন্নাভাব, পেটের দায়।

সর্বহারা। সর্বহারাসমাজ; দরিদ্রসমাজ, দরিদ্রজন।

দারিদ্র্যসীমা। চিরদৈন্য, চিরদারিদ্র্য।

বিণ· দরিদ্রিত, দুর্দশাগ্রস্ত।

বিণ·/বি· অভাবগ্রস্ত, অভাবী, অসচ্ছল।

নিঃস্ব [৭২১], সম্পদহীন, নিঃসহায়, নিঃসম্বল, অসহায়, সম্বলহীন, সংগতিহীন, যোত্রহীন, অযোত্র, অনাঢ্য, দুস্থ, দুস্থিত, অবস্থাহীন, সংগতিশূন্য, সহায়সম্বলহীন, মুফলিস, বিত্তহীন, অবিত্ত, সংস্থানহীন, অনির্বিণ্ণ, নকিঞ্চন, অকিঞ্চন। সর্বস্বান্ত [৭২৫], সর্বস্বহারা, হৃতসর্বস্ব, ফতুর; দেউলিয়া [৭৩৩]।

নির্ধন, রিক্তহস্ত, কপর্দকহীন, কপর্দকশূন্য, ধনহীন, অধন, নিকড়িয়া, নিকড়ে, কড়িফটকা, অকড়িয়া; অর্থাভাবগ্রস্ত, রঙ্ক।

গরিব, দরিদ্র [৬৩৯], দীন, দীনহীন, গরিবদুঃখী, গরিবগুরবো, দীনদরিদ্র, দীনদুঃখী, হতদরিদ্র। চিরদরিদ্র, চিরদীন।

হা ঘরে; হা ভাতে। কষ্টজীবী। কালিনী। আটকপালে [৬৭৮], অষ্টকপাল।

কাঙাল, কাঙালি; ভিক্ষুক [দ্র ৭২১]। অনাথ [দ্র ৬৩৯], আতুর। দুর্গত [দ্র ৬৭৯]। দুর্ভাগা [দ্র ৬৭৮]। নিরন্ন, অন্নহীন, ভুখা [দ্র ৭৫]। বঞ্চিত, শোষিত।

উঞ্ছজীবী, উঞ্ছশীল। কুড়ানি; পাতকুড়ানি।

দুরবস্থ, হীনাবস্থ। দরিদ্রিত, নির্ধনীকৃত। নিম্নবিত্ত।

পথের ভিখারি। কম্বলসম্বল।

ক্রি-বিণ· কষ্টেসৃষ্টে; কায়ক্লেশে; কোনও মতে। টেনেটুনে।

৭৩৭ বাহুল্যহীনতা

বি· বাহুল্যহীনতা, অবাহুল্য, বাহুল্যবর্জন(ক)।

আড়ম্বরবিহীনতা, আড়ম্বরহীনতা।

অসম্ভোগ, অনুপভোগ, অভোগ; অবিলাসিতা, বিলাসাভাব, অবিলাস, বিলাসবিহীনতা, বিলাসব্যসনহীনতা।

সাধারণ জীবন যাপন(ক), অনাড়ম্বর জীবন যাপন(ক)।

কষ্ট(ক), কৃচ্ছ্র, কৃচ্ছ্রসাধনা।

ব্যয়সংকোচ [দ্র ৭৩২]।

বিণ· বাহুল্যহীন, বাহুল্যবিহীন, বাহুল্যবর্জিত।

অনাড়ম্বর [৪৪৭], আড়ম্বরহীন, আড়ম্বরশূন্য, আড়ম্বরবিহীন; সাদামাটা, সাদাসিধা, আটপৌরে।

অবিলাসী; বিলাসহীন; বিলাসব্যসনহীন।

ভোগাকাঙ্ক্ষাহীন।

কষ্টকর, কষ্টযুক্ত।

কৃচ্ছ্রসাধ্য, কষ্টসাধ্য।

বিণ·/বি· বাহুল্যবর্জনকারী।

কৃচ্ছ্রসাধনকারী।

৭৩৮ ব্যাবসা

বি· ব্যাবসা(ক), ব্যবসায়, বাণিজ্য(ক), কারবার, বেসাত, বেসাতি, বিজনেস, ব্যাপার।

বণিগ্‌বৃত্তি, ব্যাবসাদারি, সওদাগিরি, সাউকারি, পোদ্দারি; দোকানদারি [দ্র ৭৩৯]।

বিক্রয় [দ্র ৭৩৯]। ক্রয় [দ্র ৭৪০]।

কেনাবেচা, বেচাকেনা, ক্রয়বিক্রয়(ক), বিকিকিনি, আদানপ্রদান, লেনদেন। সওদাপত্র, সওদাসুলুপ, খরিদপত্র।

খুচরো কারবার। পাইকারি ব্যবসা; হোল সেল; ডিলারশিপ। এজেন্সি; মহাজনি কারবার।

অন্তর্বাণিজ্য, দেশীয় বাণিজ্য, অন্তর্দেশীয় বাণিজ্য। বহির্বাণিজ্য, বৈদেশিক বাণিজ্য। নৌ বাণিজ্য।

আমদানি(ক); আমদানি বাণিজ্য(ক)। রপ্তানি(ক) [৩১০]; রপ্তানি বাণিজ্য। চালান দেওয়া-।

বিনিময় [দ্র ৭২০]; দ্রব্যবিনিময়, বার্টার।

একচেটিয়া ব্যাবসা, একচেটে ব্যাবসা, মনোপলি।

ব্যবসায় প্রতিষ্ঠান, ব্যাবসা প্রতিষ্ঠান, সওদাগরি প্রতিষ্ঠান, বাণিজ্যালয়, বাণিজ্যশালা, বাণিজ্যাগার, ক্রয়বিক্রয়ালয়; ফার্ম, বিজনেস হাউস; কোম্পানি; করপোরেশন। লিমিটেড কোম্পানি। প্রাইভেট লিমিটেড কোম্পানি। অংশীদারি কারবার; সম্ভূয় সমুত্থান।

ব্যাবসাকেন্দ্র, ব্যবসায় কেন্দ্র, বিজনেস সেন্টার। গঞ্জ, আড়ঙ্গ; পোস্তা, নগরচত্বর।

বাজার, মার্কেট; সুপারমার্কেট, সুপারবাজার; পণ্যবীথি, পণ্যবীথিকা, পণ্যশালা। হাট, হট্ট; হট্টমন্দির, হাটচালা, হাটবাজার; বাজারহাট, দোকানপশার। মেলা।

আড়ত, গোলা, ডিপো; কুঠি; গুদাম [১২৮]। গদি।

দোকান [দ্র ৭৩৯]। নিলামঘর [দ্র ৭৩৯]।

কালোবাজারি। কালোবাজার, ব্ল্যাকমার্কেট। চোরাবাজার। চোরাচালান; চোরাকারবার, স্মাগলিং।

বণিকসংঘ, নিগম, গিল্ড।

বিণ· ব্যবসায়িক, বাণিজ্যিক, ব্যাবসাসংক্রান্ত, কারবারি, ব্যাবসাদারি, সওদাগরি।

পাইকারি। খুচরা, খুচরো, রেজা।

বাজারি।

রপ্তানীকৃত। আমদানীকৃত, চালানি।

বিণ·/বি· ব্যবসায়ী, ব্যবসিক, ব্যাবসাদার, বণিক, বানিয়া,

বেনে, বণিজ, বেসাতি, সওদাগর, ব্যাপারী, কারবারি, সাধু, সাহুকার, সাউকার, সাহু, সাউ, সার্থ, সার্থবাহ, কেঁয়ে; বিজনেসম্যান। শেঠ, শ্রেষ্ঠী।

পণ্যজীবী, পণ্যাজীব। বাজারি, বাজারিয়া। বাজারিক। হাট্য, হাটুয়া, হেটো, হাটুরে, হাটুরিয়া।

বেনিয়ান; মুৎসুদ্দি; পোদ্দার; দালাল।

মহাজন; পাইকার, হোলসেলার; পরিবেশক, ডিস্ট্রিবিউটার; এজেন্ট, সরবরাহকারী; ডিলার, স্টকিস্ট। খুচরা কারবারি, রিটেলার।

মজুতদার, আড়তদার; গোলদার। কুঠিয়াল, কুঠিওয়ালা, কুঠেল।

দোকানদার [দ্র ৭৩৯]। ক্রেতা [দ্র ৭৪০]।

আমদানিকারক, আমদানিকারী।

রপ্তানিকারক, রপ্তানিকারী, রপ্তানিকার।

নৌবাণিজ্যকারী, সাংযাত্রিক।

অর্ডার সাপ্লায়ার।

ছোট ব্যবসাদার; আদার ব্যাপারী।

৭৩৯ বিক্রয়

বি· বিক্রি(ক), বেচা-, বেচন, বিক্রয়(ক), বিকি, বয়, পণন, বিপণন, নিষ্ক্রয়; ফিরি(ক), ফেরি(ক)।

কাটতি, বিক্রিবাট্টা, কাটা-, পণ্যতা; বিকানো-, বিকনো-, বিকিয়ে যাওয়া-।

বউনি(ক), সাহিত।

নিলাম(ক), নিলামে বিক্রয়(ক), নিলামে তোলা-; অকশন, নিলামি কারবার।

বিক্রয়কেন্দ্র; দোকান, দোকানঘর, বিপণি [৭৩৮], নিষদ্যা, পসার, আপণ, আপণি, পাণি, পণ্যশালা, পণ্যবিপণি, পণ্যাগার, স্টোর; স্টল, শোরুম; সেলসকাউন্টার, কাউন্টার; ডিপার্টমেন্ট স্টোর, বিভাগীয় বিপণি। বাণিজপথ, বাজার [দ্র ৭৩৮]। হকার্স কর্নার। মিনাবাজার।

দোকানদারি(ক); আড়তদারি। ফিরিওয়ালাগিরি, হকারি।

বিক্রয়নামা, বয়নামা, বিক্রয়পত্র, কবালা, ক্রয়লেখ্য, খোশকবালা। চালান। ক্যাশমেমো।

পণ্য, পণ্যদ্রব্য, পণ্যসম্ভার, পণ্যসামগ্রী, পণ্যভার, পসারা, পশরা, সওদা, বেসাত, বেসাতি, ক্রয্য, মাল। ভোগ্যপণ্য [দ্র ৭৩৫]।

মুদির দোকান, মুদিখানা। মনিহারি দোকান, স্টেশনারি দোকান। লোহার দোকান। ইমারতি দোকান, হার্ডওয়ার স্টোর। দশকর্মের দোকান, দশকর্মভাণ্ডার। মদের দোকান; শুঁড়িখানা, ভাঁটিখানা, আবগারি দোকান; খোলাভাঁটি; বার, আপান। ওষুধের দোকান, ডিসপেন্সারি, দাওয়াখানা। মিষ্টির দোকান। মাংসের দোকান। কাপড়ের দোকান; বস্ত্রালয়, বস্ত্রাগার।

বিক্রয়মূল্য [দ্র ৭৪১]।

বিণ· বিক্রেয়, বিক্রয়যোগ্য, বিক্রিতব্য, বিক্রয়সাধ্য, পণিতব্য।

বিক্রিত, পণিত, পণায়িত।

বিক্রয়লব্ধ।

নিলামি।

[**বিপ·**] অবিক্রেয়। অবিক্রীত, পড়ে থাকা-, বিক্রি না হওয়া-।

বিণ·/বি· বিক্রেতা, বিক্রয়ী, বিক্রয়িক, বিক্রয়কারী, ব্যাপারী; সেলসম্যান; সেলসগার্ল।

দোকানদার [৭৩৮], দোকানি, প্রাপণিক, আপণিক; পসারি, বেসাতি।

ফিরিওয়ালা, ফেরিওয়ালা, হকার; বঞ্জারা; ভেণ্ডার।

বাজারি [দ্র ৭৩৮]। ব্যবসায়ী [দ্র ৭৩৮]।

নিলামদার।

মুদি। স্টেশনার্স। কালোয়ার, লোহার। মদ্যব্যবসায়ী, শুঁড়ি; আবগার। ময়রা, খাণ্ডবিক, খাণ্ডিক। বস্ত্রব্যবসায়ী [দ্র ৫০৭]। কসাই। গন্ধবণিক।

৭৪০ ক্রয়

বি· কেনা-, ক্রয়(ক), খরিদ(ক), সওদা করা-, কেনাকাটা(ক); বাজার করা-; দোকান করা-, দোকানপাট(ক), দোকানহাট(ক); মারকেটিং।

নগদ কেনা-, নগদে কেনা-, নগদক্রয়, নগদানগদি, রোক।

ধারে কেনা-, বাকিতে কেনা-; কিস্তিতে কেনা-, হায়ার পারচেজ।

কেনার ক্ষমতা, ক্রয়ক্ষমতা, ক্রয়সাধ্যতা, ক্রয়সীমা।

ক্রয়মূল্য [দ্র ৭৪১]।

জাঁকড়, ফেরতযোগ্যক্রয়।

বিণ· ক্রেয়, ক্রেতব্য, ক্রয়যোগ্য, ক্রয়সাধ্য। ক্রীত।

বিণ·/বি· ক্রেতা [৭৩৮], খরিদ্দার, খদ্দের, ক্রয়ী, ক্রয়কারী, ক্রায়ক, ক্রয়িক, গ্রাহক, গাহেক, গাহক।

ক্রয়ক্ষম।

ক্রয়েচ্ছু।

[**বিপ·**] অক্রীত।

৭৪১ দাম

